সূচীপত্র

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির্ রাহ্‌মা-নির রাহীম্
পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

সূরা ফাতিহা

মক্কায় অবতীর্ণ, রুকূ ঃ ১, আয়াত ঃ ৭

اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ ۙ﴿۱﴾ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ۙ﴿۲﴾

১। আল্‌হামদু লিল্লা-হি রাব্বিল্ 'আ-লামীন। ২। আর্‌রাহ্‌মা-নির রাহিম।
(১) সকল প্রশংসা আল্লাহর জন্য, যিনি সকল সৃষ্টি জগতের মহান পালনকর্তা (২) যিনি পরাম করুণাময় ও অসীম দয়ালু।

مٰلِكِ يَوْمِ الدِّيْنِ ؕ﴿۳﴾ اِيَّاكَ نَعْبُدُ وَاِيَّاكَ نَسْتَعِيْنُ ؕ﴿۴﴾

৩। মা-লিকি ইয়াওমিদ্ দীন। ৪। ইয়্যা-কা না'বুদু ওয়া ইয়্যা-কা নাস্তা'ঈন।
(৩) যিনি কর্মফল দিবসের মালিক। (৪) আমরা কেবল আপনারই ইবাদত করি এবং আপনারই সাহায্য প্রার্থনা করি।

اِهْدِنَا الصِّرَاطَ الْمُسْتَقِيْمَ ۙ﴿۵﴾ صِرَاطَ الَّذِيْنَ اَنْعَمْتَ

৫। ইহ্‌দিনাছ্ ছিরা-ত্বাল্ মুস্তাক্বীম। ৬। ছিরা-ত্বাল্ লাযীনা আন্-'আম্‌তা
(৫) আমাদেরকে সরল পথ প্রদর্শন করুন (৬) সে সকল লোকের পথে, যাদেরকে আপনি নেয়ামত দান

عَلَيْهِمْ ۙ﴿۶﴾ غَيْرِ الْمَغْضُوْبِ عَلَيْهِمْ وَلَا الضَّآلِّيْنَ ﴿۷﴾

'আলাইহিম। ৭। গাইরিল্ মাগদূবি 'আলাইহিম ওয়া লাদ্ব দ্বা-ল্লীন।
করেছেন। (৭) তাদের পথে নয়, যারা আপনার গজবে নিপতিত ও পথভ্রষ্ট।

শানেনুযূল ঃ আবু মাইসারা থেকে বর্ণিত, নবুওয়ত প্রাপ্তির প্রথম যুগে রাসূল (স) যখন উন্মুক্ত ময়দানে যেতেন, তখন হঠাৎ করেই তাঁকে 'হে মুহাম্মদ' বলে কে যেন ডেকে উঠতেন। তখন ওয়ারাকা ইবনে নওফেল (তাওরাতের বড় আলেম) রাসূল (স)-কে বললেন, এমনটি আরেকবার শুনলে আপনি সেখানে নির্ভয়ে দাঁড়িয়ে থাকবেন। এরপর রাসূল (স) আরেকদিন এভাবে এক উন্মুক্ত ময়দানে বের হলে তাঁকে 'হে মুহাম্মদ' বলে ডেকে উঠলে তিনি জবাবে বলেন, 'লাব্বাইক'। তখনই এই সূরা নাযিল হয়।- (দালাইনুল বায়হাকী, রুহুল মাআনী)
ফযীলত ঃ একবার হযরত উবাই ইবনে কা'আব (রা) রাসূল (স)-এর কাছে সূরা ফাতিহা পাঠ করলে রাসূল (স) বলেন, সেই সত্তার কসম! যার হাতে আমার প্রাণ, তাওরাত, ইঞ্জীল, যাবূর এবং স্বয়ং কুরআনেও এই সূরার দ্বিতীয় আরেকটি দৃষ্টান্ত নেই। হযরত আনাস (রা) থেকে বর্ণিত, রাসূল (স) বলেছেন, সমস্ত কুরআনের সর্বাধিক গুরুত্বপূর্ণ সূরা হল 'আলহামদু'।- (বুখারী)

বিসমিল্লা-হির্ রাহ্‌মা-নির রাহীম্
পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

সূরা বাক্বারাহ্

মদীনায় অবতীর্ণ, রুকূ ঃ ৪০, আয়াত ঃ ২৮৬

الٓمّٓ ۚ﴿۱﴾ ذٰلِكَ الْكِتٰبُ لَا رَيْبَ ۛۚ فِيْهِ ۛۚ هُدًى

আলিফ্ লা- ম মী-ম। ২। যা-লিকাল্ কিতা-বু লা-রাইবা ফীহি, হুদাল্
(১) আলিফ্ লা-ম-মী। (২) এটি সেই কিতাব, যাতে কোন সন্দেহ নেই, মুত্তাক্বীদের জন্য রয়েছে (এতে) পথ নির্দেশ।

لِّلْمُتَّقِيْنَ ۙ﴿۲﴾ الَّذِيْنَ يُؤْمِنُوْنَ بِالْغَيْبِ وَيُقِيْمُوْنَ الصَّلٰوةَ

লিল্‌মুত্তাক্বীন। ৩। আল্লাযীনা ইউ'মিনূনা বিল্‌গাইবি ওয়া ইউক্বীমূনাছ্ ছলা-তা
(৩) (তাদের জন্য পথ প্রদর্শক) যারা অদৃশ্যের প্রতি ঈমান আনে, সালাত কায়েম করে, আর আমি তাদেরকে যে

وَمِمَّا رَزَقْنٰهُمْ يُنْفِقُوْنَ ۙ﴿۳﴾ وَالَّذِيْنَ يُؤْمِنُوْنَ بِمَآ اُنْزِلَ

ওয়া মিম্মা-রাযাক্বনা হুম ইউন্‌ফিক্বূন। ৪। ওয়াল্লাযীনা ইউ'মীনূনা বিমা- উন্‌যিলা
রিযিক দিয়েছি তা থেকে ব্যয় করে। (৪) আর যারা আপনার প্রতি যা নাযিল হয়েছে এবং

اِلَيْكَ وَمَآ اُنْزِلَ مِنْ قَبْلِكَ ۚ وَبِالْاٰخِرَةِ هُمْ يُوْقِنُوْنَ ؕ﴿۴﴾

ইলাইকা ওয়ামা -উন্‌যিলা মিন ক্বাব্‌লিক, ওয়া বিল্‌আ-খিরাতি হুম ইউক্বিনূন।
পূর্বে যা নাযিল হয়েছে তাতে ঈমান রাখে, আর আখেরাতের প্রতি নিশ্চিত বিশ্বাস রাখে।

শানেনুযূল ঃ মালিক ইবনে সায়ফী নামক এক ইহুদি মুসলমানদেরকে বিভ্রান্ত করার জন্য বলত, পূর্ববর্তী কিতাবে যে কিতাবের প্রতিশ্রুতি দেয়া হয়েছে আল কোরআন সেই প্রতিশ্রুত কিতাব নয়। এ পরিপ্রেক্ষিতে আল্লাহতাআলা এই সূরার প্রথম আয়াত নাজিল করে তার দাবি খণ্ডন করেছেন। তার পর চার আয়াতে মুসলমানদের প্রশংসা এবং পরবর্তী আয়াতে মুনাফিকদের নিন্দা করা হয়েছে। (লুবাব)
আলিফ লাম মীম ঃ পবিত্র কোরআনে বিভিন্ন সূরার শুরু কতিপয় বর্ণগুচ্ছ দিয়ে করা হয়েছে, যেগুলো স্পষ্ট অর্থপূর্ণ শব্দ নয়। এ ধরণের বর্ণগুচ্ছকে বলা হয়, হুরুফে মুক্বাত্তা আত'। 'হুরুফে মুক্বাত্তা আত'-এর অর্থ প্রসঙ্গে সাহাবায়ে কেরাম, তাবেয়ীন, তাবে'তাবেয়ীন ও মুফাসসিরীনদের মধ্যে মতবিরোধ রয়েছে। কেউ বলেছেন, এগুলো কোরআন শরীফের রহস্য, কেউ বলেছেন কোরআন শরীফের নির্যাস। তবে অধিকাংশ আলেম এগুলোর অর্থ অনুসন্ধানে অনুৎসাহিত করেছেন। কারণ, এগুলোর গূঢ় অর্থ শুধু আল্লাহ পাকই সম্যক অবগত। যেহেতু 'আলিফ লাম মীম' এ ধরনের রহস্যপূর্ণ 'হুরুফে মুক্বাত্তা আত' সে জন্য এগুলোর অর্থ অনুসন্ধান না করাই শ্রেয়। (আবুসউদ, সফওয়াতুত্তাফাসীর)

(৫) اُولٰٓئِكَ عَلٰى هُدًى مِّنْ رَّبِّهِمْ ۗ وَاُولٰٓئِكَ هُمُ الْمُفْلِحُوْنَ (৬) اِنَّ الَّذِيْنَ

৫। উলা—ইকা 'আলা- হুদাম্ মির রাব্বিহিম ; ওয়া উলা—ইকা হুমুল মুফ্লিহূন। ৬। ইন্নাল্লাযীনা
(৫) তারা তাদের প্রতিপালকের পক্ষ থেকে প্রদত্ত হিদায়াতের উপর রয়েছে এবং তারাই সফলকাম। (৬) নিশ্চয় যারা

كَفَرُوْا سَوَآءٌ عَلَيْهِمْ ءَاَنْذَرْتَهُمْ اَمْ لَمْ تُنْذِرْهُمْ لَا يُؤْمِنُوْنَ (৭) خَتَمَ اللّٰهُ

কাফারূ সাওয়া—উন 'আলাইহিম আআন্যার্তাহুম আম্ লাম তুন্যির্হুম লা-ইয়ু'মিনূন। ৭। খাতামাল্লা-হু
কুফরী করেছে, আপনি তাদেরকে সতর্ক করুন আর নাই করুন উভয়ই সমান। তারা ঈমান আনবে না। ৭। আল্লাহ তাদের

عَلٰى قُلُوْبِهِمْ وَعَلٰى سَمْعِهِمْ ؕ وَعَلٰٓى اَبْصَارِهِمْ غِشَاوَةٌ ؗ وَّلَهُمْ عَذَابٌ

'আলা- কুলূবিহিম্; ওয়া 'আলা- সাম্'ইহিম্; ওয়া 'আলা—আব্সা-রিহিম গিশা-ওয়াতুওঁ, ওয়া লাহুম 'আযা-বুন
অন্তর ও কর্ণকুহরে মোহর লাগিয়ে দিয়েছেন এবং তাদের চোখে পর্দা পড়েছে। আর তাদের জন্য মহাশাস্তি

عَظِيْمٌ (৮) وَمِنَ النَّاسِ مَنْ يَّقُوْلُ اٰمَنَّا بِاللّٰهِ وَبِالْيَوْمِ الْاٰخِرِ وَمَا هُمْ

'আযীম। ৮। ওয়া মিনান্ না-সি মাই ইয়াকূলু আ-মান্না- বিল্লা-হি ওয়া বিল্ ইয়াওমিল্ আ-খিরি ওয়ামা-হুম
রয়েছে। (৮) মানুষের মধ্যে কিছু লোক এমনও আছে যারা বলে, আমরা আল্লাহ ও আখিরাতের উপর ঈমান এনেছি, অথচ

بِمُؤْمِنِيْنَ (৯) يُخٰدِعُوْنَ اللّٰهَ وَالَّذِيْنَ اٰمَنُوْا ۚ وَمَا يَخْدَعُوْنَ اِلَّآ

বিমু'মিনীন। ৯। ইয়ুখা-দি'উনাল্লা-হা ওয়াল্লাযীনা আ-মানূ, ওয়ামা- ইয়াখ্দা'উনা ইল্লা-
তারা মোটেই ঈমানদার নয়। (৯) তারা আল্লাহ ও মুমিনদের ধোঁকা দিতে চায়, মূলতঃ তারা নিজেদেরকে ধোঁকা দিচ্ছে,

اَنْفُسَهُمْ وَمَا يَشْعُرُوْنَ (১০) فِيْ قُلُوْبِهِمْ مَّرَضٌ ۙ فَزَادَهُمُ اللّٰهُ مَرَضًا ۚ

আনফুসাহুম্ ওয়ামা- ইয়াশ'উরূন। ১০। ফী কুলূবিহিম মারাদ্বুন ফাযা-দাহুমুল্লা-হু মারাদ্বান,
অথচ তারা সেটা উপলব্ধি করতে পারে না। (১০) তাদের অন্তর ব্যাধিগ্রস্ত, আল্লাহ তাদের ব্যাধি আরো বাড়িয়ে দিলেন,

وَلَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ۢ ۙ بِمَا كَانُوْا يَكْذِبُوْنَ (১১) وَاِذَا قِيْلَ لَهُمْ لَا تُفْسِدُوْا

ওয়া লাহুম্ 'আযা-বুন 'আলীমুম্ বিমা- কা-নূ ইয়াক্যিবূন। ১১। ওয়া ইযা- ক্বীলা লাহুম লা- তুফসিদূ
আর তাদের জন্য রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি, কারণ তারা মিথ্যা বলত। (১১) আর যখন তাদেরকে বলা হত, তোমরা পৃথিবীতে

فِي الْاَرْضِ ۙ قَالُوْٓا اِنَّمَا نَحْنُ مُصْلِحُوْنَ (১২) اَلَآ اِنَّهُمْ هُمُ الْمُفْسِدُوْنَ وَلٰكِنْ

ফিল আর্দ্বি ক্বা-লূ-ইন্নামা- নাহ্নু মুস্বলিহূন। ১২। আলা~ইন্নাহুম হুমুল মুফ্সিদূনা ওয়ালা- কিল্
ফাসাদ সৃষ্টি করো না, তারা বলে আমরাতো সংশোধনকারী। (১২) খবরদার! নিশ্চিতভাবে তারাই ফাসাদ সৃষ্টিকারী, কিন্তু

শানেনুযুল (আঃ ৬) ঃ (ইন্নাল্লাযীনা কাফারু ছাওয়াউন.....) এ আয়াত ওয়ালীদ ইবনে মুগীরাহ, ওতবা আবু জাহল ইত্যাদি কাফিরদের সম্পর্কে অবতীর্ণ হয়েছে। যাদের মৃত্যু আল্লাহর জ্ঞানে কুফরী অবস্থায়ই নির্ধারিত ছিল। (নূরুল কুলুব)

শানেনুযুল (আঃ ৮) ঃ (ওয়ামিনান্ নাসি.....) একবার হযরত আলী (রা) মুনাফিক আব্দুল্লাহ ইবনে উবাঈ এবং তার বন্ধুদেরকে বললেন, তোমরা আল্লাহকে ভয় কর এবং মুনাফিক্বী বর্জন কর। প্রকাশ্যে মুসলমান এবং গোপনে কাফির এটা খুবই খারাপ কাজ। তখন তারা বলল, আশ্চর্য! আমরা মুসলমান, আমাদেরকে তুমি কাফির বলছ? তখন তাদের মূল চরিত্র প্রকাশের জন্য এ আয়াত অবতীর্ণ হয়। (নূরুল কুলুব)

لَا يَشْعُرُوْنَ (১৩) وَاِذَا قِيْلَ لَهُمْ اٰمِنُوْا كَمَآ اٰمَنَ النَّاسُ قَالُوْٓا اَنُؤْمِنُ

লা- ইয়াশ'উরূন। ১৩। ওয়া ইযা- ক্বীলা লাহুম আ-মিনূ কামা~আ-মানান্ না-সু ক্বা-লূ~আনু'মিনু
তারা তা বুঝে না। (১৩) আর যখন তাদেরকে বলা হয়, অন্যান্য লোকদের মত তোমরাও ঈমান আন। তারা বলে, আমরা কি

كَمَآ اٰمَنَ السُّفَهَآءُ ؕ اَلَآ اِنَّهُمْ هُمُ السُّفَهَآءُ وَلٰكِنْ لَّا يَعْلَمُوْنَ ۝

কামা~আ-মানাস সুফাহা—উ ; আলা~ইন্নাহুম হুমুস্ সুফাহা—উ ওয়ালা-কিল্ লা- ইয়া'লামূন।
ঈমান আনব যেভাবে ঈমান এনেছে নির্বোধরা? জেনে রেখ! তারাই নির্বোধ, কিন্তু তারা বুঝতে পারছে না।

(১৪) وَاِذَا لَقُوا الَّذِيْنَ اٰمَنُوْا قَالُوْٓا اٰمَنَّا ۚ وَاِذَا خَلَوْا اِلٰى شَيٰطِيْنِهِمْ ۙ قَالُوْٓا

১৪। ওয়া ইযা- লাকূল্ লাযীনা আ-মানূ ক্বা-লূ~আ-মান্না, ওয়া ইযা- খালাও ইলা-শায়া-ত্বীনিহিম ক্বা-লূ~
(১৪) যখন তারা মুমিনদের সাথে মিলিত হয় তখন তারা বলে, আমরা ঈমান এনেছি, আর যখন তারা তাদের শয়তান (কাফির নেতৃবৃন্দ) দের সাথে মিলিত হয়, তখন বলে,

اِنَّا مَعَكُمْ ۙ اِنَّمَا نَحْنُ مُسْتَهْزِءُوْنَ (১৫) اَللّٰهُ يَسْتَهْزِئُ بِهِمْ وَيَمُدُّهُمْ

ইন্না- মা'আকুম ইন্নামা- নাহ্নু মুস্তাহ্যিউন। ১৫। আল্লা-হু ইয়াস্তাহযিউ বিহিম ওয়া ইয়ামুদ্দুহুম
নিশ্চয়ই আমরা তোমাদের সাথেই রয়েছি। আমরা কেবল উপহাস করছি। (১৫) আল্লাহও তাদের সাথে উপহাস করছেন এবং তাদের

فِيْ طُغْيَانِهِمْ يَعْمَهُوْنَ (১৬) اُولٰٓئِكَ الَّذِيْنَ اشْتَرَوُا الضَّلٰلَةَ بِالْهُدٰى ۪

ফী তুগইয়া-নিহিম ইয়া'মাহূন। ১৬। উলা—ইকাল্লাযীনাশতারাউদ্ব দ্বালা-লাতা বিলহুদা-
নাফরমানীর কাজে ঢিল দিচ্ছেন যেন তারা বিভ্রান্ত হয়ে ঘুরপাক খায়। (১৬) তারা সেসব লোক যারা হেদায়াতের বিনিময়ে

فَمَا رَبِحَتْ تِّجَارَتُهُمْ وَمَا كَانُوْا مُهْتَدِيْنَ (১৭) مَثَلُهُمْ كَمَثَلِ الَّذِى

ফামা- রাবিহ্বাত তিজ্বা-রাতুহুম ওয়ামা- কা-নূ মুহ্তাদীন। ১৭। মাছালুহুম কামাছালিল্ লাযিস্
গোমরাহী ক্রয় করেছে। তাই তাদের ব্যবসা লাভজনক হয়নি এবং না তারা সঠিক পথপ্রাপ্ত। (১৭) তাদের দৃষ্টান্ত হল ঐ ব্যক্তির মত

اسْتَوْقَدَ نَارًا ۚ فَلَمَّآ اَضَآءَتْ مَا حَوْلَهٗ ذَهَبَ اللّٰهُ بِنُوْرِهِمْ وَتَرَكَهُمْ

তাওক্বাদা না-রা, ফালাম্মা~আদ্বা—আত মা- হাওলাহূ যাহাবাল্লা-হু বিনূরিহিম ওয়া তারাকাহুম
যে ব্যক্তি আগুন জ্বালাল অতঃপর যখন তা তার চারদিক আলোকিত করল; তখন আল্লাহ তাদের সে আলো তুলে নিলেন এবং তাদেরকে

فِيْ ظُلُمٰتٍ لَّا يُبْصِرُوْنَ (১৮) صُمٌّ ۢ بُكْمٌ عُمْيٌ فَهُمْ لَا يَرْجِعُوْنَ (১৯) اَوْ كَصَيِّبٍ

ফী য্বুলুমা-তিল লা-ইয়ুবস্বিরূন। ১৮। ছুম্মুম বুকমুন 'উমইয়ুন ফাহুম লা-ইয়ার্জ্বি'ঊন। ১৯। আও কাছাইয়্যিবিম
অন্ধকারে ছেড়ে দিলেন। তারা কিছুই দেখতে পায় না। (১৮) তারা বধির, বোবা ও অন্ধ; সুতরাং তারা ফিরতেও পারবে না। (১৯) অথবা, তাদের দৃষ্টান্ত যেমন,

○ টীকা (আঃ ১৪) ঃ شَيٰطِيْنِهِمْ (শাইয়া-ত্বীনিহিম)-এর অর্থ, ইয়াহুদী ও মুশরিক সর্দার অথবা, কাফির নেতৃবৃন্দ অথবা, মুনাফিক, মুশরিক সহচর বৃন্দ। (ইব্‌নে কাসীর) ; "হেদায়াতের বিনিময়ে গোমরাহী ক্রয় করার" অর্থ– ঈমানের পরিবর্তে কুফরকে গ্রহণ করা।

○ টীকা (আঃ ১৫) ঃ আল্লাহ্ পাকের উপহাস এই যে, তাদেরকে তৎক্ষণাৎ শাস্তি না দিয়ে সময় প্রদান করেছেন। উদ্দেশ্য, কুফরীর চরম সীমায় পৌছলে অর্থাৎ, অপরাধ গুরুতর হলে অকস্মাৎ তাদেরকে পাকড়াও করবেন ও যথোচিৎ শাস্তি দেবেন। উপহাসের প্রতিবিধান হিসেবেই তাকে উপহাস বলা হয়েছে। অন্যথায় প্রকৃত প্রস্তাবে আল্লাহ তা'আলার এই কার্য উপহাস নয়। (বঃ কোঃ)

مِنَ السَّمَاءِ فِيهِ ظُلُمٰتٌ وَّرَعْدٌ وَّبَرْقٌ ۚ يَجْعَلُوْنَ اَصَابِعَهُمْ فِيْٓ اٰذَانِهِمْ

মিনাস্ সামা—ই ফীহি যুলুমা-তুওঁ ওয়া রা'দুওঁ ওয়া বারক্ব, ইয়াজ্'আলূনা আস্বা-বি'আহুম ফী~আ-যা-নিহিম

আকাশের বর্ষণ মুখর ঘন মেঘ, যাতে রয়েছে অন্ধকার, বজ্র ও বিদ্যুৎ চমক। তারা বজ্রধ্বনির কারণে মৃত্যুর ভয়ে আঙ্গুল

مِّنَ الصَّوَاعِقِ حَذَرَ الْمَوْتِ ۗ وَاللّٰهُ مُحِيْطٌۢ بِالْكٰفِرِيْنَ ﴿١٩﴾ يَكَادُ الْبَرْقُ

মিনাস্ব স্বাওয়া-'ইক্বি হ্বাযারাল মাওত ; ওয়াল্লা-হু মুহ্বীতুম বিল কা-ফিরীন। ২০। ইয়াকা-দুল বারক্ব

প্রবেশ করায় তাদের কানে। আল্লাহ কাফেরদের বেষ্টন করে আছেন। (২০) বিদ্যুৎ চমক মনে হয় যেন তাদের

يَخْطَفُ اَبْصَارَهُمْ ۗ كُلَّمَآ اَضَاءَ لَهُمْ مَّشَوْا فِيْهِ ۙ وَاِذَآ اَظْلَمَ عَلَيْهِمْ قَامُوْا ۗ

ইয়াখ্ত্বাফু আব্স্বা-রাহুম ; কুল্লামা~আদ্বা—আ লাহুম্ মাশাও ফীহ, ওয়া ইযা~আয্বলামা 'আলাইহিম ক্বা-মূ ;

চোখের জ্যোতি কেড়ে নিয়ে যাবে। যখনই বিদ্যুৎ আলোক তাদের (সামনে) উদ্ভাসিত হয় তখন তারা সে আলোতে চলে। আর যখনই আঁধার হয়ে যায় তখন তারা

وَلَوْ شَاءَ اللّٰهُ لَذَهَبَ بِسَمْعِهِمْ وَاَبْصَارِهِمْ ۗ اِنَّ اللّٰهَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ﴿٢٠﴾

ওয়া লাও শা—আল্লা-হু লাযাহাবা বিসাম'ইহিম ওয়া আবস্বা-রিহিম ; ইন্নাল্লা-হা 'আলা- কুল্লি শাইয়িন ক্বাদীর।

দাঁড়িয়ে যায়। আল্লাহ যদি ইচ্ছা করতেন, তবে তাদের শ্রবণ ও দৃষ্টি শক্তি হরণ করে নিতে পারতেন। নিশ্চয়ই আল্লাহ্ সকল কিছুর উপর ক্ষমতাবান।

﴿٢١﴾ يٰٓاَيُّهَا النَّاسُ اعْبُدُوْا رَبَّكُمُ الَّذِيْ خَلَقَكُمْ وَالَّذِيْنَ مِنْ قَبْلِكُمْ لَعَلَّكُمْ

২১। ইয়া আয়্যুহান্ না-সু' বুদূ রাব্বাকুমুল্লাযী খালাক্বাকুম, ওয়াল্লাযীনা মিন ক্বাবলিকুম লা'আল্লাকুম

(২১) হে মানবকুল! তোমরা ইবাদত কর তোমাদের প্রতিপালকের যিনি তোমাদেরকে ও তোমাদের পূর্ব পুরুষদেরকে সৃষ্টি করেছেন, হয়ত তোমরা

تَتَّقُوْنَ ﴿٢١﴾ الَّذِيْ جَعَلَ لَكُمُ الْاَرْضَ فِرَاشًا وَّالسَّمَاءَ بِنَاءً ۖ وَّاَنْزَلَ مِنَ

তাত্তাক্বূন। ২২। আল্লাযী জ্বা'আলা লাকুমুল আরদ্বা ফিরা-শাওঁ ওয়াস্সামা—আ বিনা—আওঁ ওয়া আন্যালা মিনাস্

মুত্তাকী হতে পারবে। (২২) যিনি যমীনকে তোমাদের জন্য বিছানা ও আকাশকে ছাদ স্বরূপ করেছেন এবং

السَّمَاءِ مَاءً فَاَخْرَجَ بِهٖ مِنَ الثَّمَرٰتِ رِزْقًا لَّكُمْ ۚ فَلَا تَجْعَلُوْا لِلّٰهِ اَنْدَادًا

সামা—ই মা—আন ফাআখ্রাজ্বা বিহী মিনাছ্ ছামারা-তি রিযক্বাল্লাকুম, ফালা-তাজ্'আলূ লিল্লা-হি আন্দা-দাওঁ

আকাশ থেকে বারি বর্ষণ করেন ও তদ্দ্বারা তোমাদের জীবিকার জন্য ফল-মূল উৎপাদন করেন। সুতরাং জেনে-শুনে কাউকে আল্লাহর

وَّاَنْتُمْ تَعْلَمُوْنَ ﴿٢٢﴾ وَاِنْ كُنْتُمْ فِيْ رَيْبٍ مِّمَّا نَزَّلْنَا عَلٰى عَبْدِنَا فَاْتُوْا بِسُوْرَةٍ مِّنْ

ওয়া আন্তুম 'তালামূন। ২৩। ওয়া ইন কুন্তুম ফী রাইবিম মিম্ মা-নাযযালনা- 'আলা- 'আব্দিনা- ফা'তূ বিসূরাতিম মিম্

সমকক্ষ দাঁড় করো না। (২৩) আমার বান্দার (মুহাম্মদ সঃ) উপর অবতীর্ণ বিষয়ে তোমাদের যদি কোন সন্দেহ থাকে তবে উহার অনুরূপ কোন সূরা

مِّثْلِهٖ ۖ وَادْعُوْا شُهَدَاءَكُمْ مِّنْ دُوْنِ اللّٰهِ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٢٣﴾ فَاِنْ لَّمْ

মিছ্লিহ, ওয়াদ'উ শুহাদা—আকুম মিন্ দূনিল্লা-হি ইন কুন্তুম স্বা-দিক্বীন। ২৪। ফাইল্লাম

নিয়ে আস এবং ডাক তোমাদের সহায়তাকারীদেরকে আল্লাহ ব্যতীত, যদি তোমরা সত্যবাদী হও। (২৪) তারপরও যদি

تَفْعَلُوْا وَلَنْ تَفْعَلُوْا فَاتَّقُوا النَّارَ الَّتِيْ وَقُوْدُهَا النَّاسُ وَالْحِجَارَةُ ۚ

তাফ'আলূ ওয়া লান্তাফ'আলূ ফাত্তাক্বুন্ না-রাল্ লাতী ওয়াক্বূদুহান্ না-সু ওয়াল হিজ্বা-রাহ ;

না পার এবং কখনই তা পারবে না, তাহলে সে আগুনকে ভয় কর যার ইন্ধন হবে মানব ও পাথর। যা কাফিরদের

اُعِدَّتْ لِلْكٰفِرِيْنَ ﴿٢٤﴾ وَبَشِّرِ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ اَنَّ لَهُمْ

উ'ইদ্দাত লিল কা-ফিরীন। ২৫। ওয়া বাশ্শিরিল্ লাযীনা আ-মানূ ওয়া'আমিলুস্ব স্বা-লিহ্বা-তি আন্না লাহুম

জন্যই প্রস্তুত করা হয়েছে। (২৫) এবং সুসংবাদ দিন যারা ঈমান এনেছে ও নেক কাজ করেছে, তাদের জন্য রয়েছে

جَنّٰتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ ۗ كُلَّمَا رُزِقُوْا مِنْهَا مِنْ ثَمَرَةٍ رِّزْقًا ۙ

জ্বান্না-তিন তাজ্বরী মিন তাহ্বতিহাল আনহা-র ; কুল্লামা- রুযিক্বূ মিনহা- মিন ছামারাতির রিযক্বান

জান্নাত; যার তলদেশে ঝর্ণাধারা প্রবাহমান, যখন তাদেরকে খেতে দেয়া হবে ঐ জান্নাত থেকে ফলমূল, তখন তারা

قَالُوْا هٰذَا الَّذِيْ رُزِقْنَا مِنْ قَبْلُ ۙ وَاُتُوْا بِهٖ مُتَشَابِهًا ۗ وَلَهُمْ فِيْهَآ اَزْوَاجٌ

ক্বা-লূ হা-যাল্লাযী রুযিক্বনা- মিন ক্বাব্লু ওয়া উতূ বিহী মুতাশা-বিহা ; ওয়া লাহুম ফীহা~আযওয়া-জুম

বলবে, এতো সেই খাদ্য যা পূর্বে আমাদেরকে জীবিকা রূপে দেয়া হয়েছিল, দৃশ্যত তাদেরকে অনুরূপ ফলই দেয়া হবে এবং তাদের জন্য সেখানে রয়েছে

مُّطَهَّرَةٌ ۙ وَّهُمْ فِيْهَا خٰلِدُوْنَ ﴿٢٥﴾ اِنَّ اللّٰهَ لَا يَسْتَحْيٖٓ اَنْ يَّضْرِبَ مَثَلًا مَّا

মুত্বাহ্হারাতুওঁ ওয়া হুম ফীহা- খা-লিদূন। ২৬। ইন্নাল্লা-হা লা-ইয়াস্তাহ্বঈ~আইঁ ইয়াদ্বরিবা মাছালাম্ মা-

পূত-পবিত্রা স্ত্রীগণ এবং তারা সেখানে স্থায়ীভাবে অবস্থান করবে। (২৬) নিশ্চয়ই আল্লাহ্ লজ্জাবোধ করেন না মশা কিংবা

بَعُوْضَةً فَمَا فَوْقَهَا ۗ فَاَمَّا الَّذِيْنَ اٰمَنُوْا فَيَعْلَمُوْنَ اَنَّهُ الْحَقُّ مِنْ رَّبِّهِمْ ۚ

বা'উদ্বাতান ফামা- ফাওক্বাহা ; ফাআম্মাল্ লাযীনা আ-মানূ ফাইয়া'লামূনা আন্নাহুল হ্বাক্কু মির রাব্বিহিম,

তদূর্ধ কিছু দ্বারা উদাহরণ দিতে। সুতরাং যারা ঈমানদার তারা জানে যে, এটা তাদের প্রতিপালকের পক্ষ থেকে সত্য;

وَاَمَّا الَّذِيْنَ كَفَرُوْا فَيَقُوْلُوْنَ مَاذَآ اَرَادَ اللّٰهُ بِهٰذَا مَثَلًا ۘ يُضِلُّ بِهٖ

ওয়া আম্মাল্লাযীনা কাফারূ ফাইয়াক্বূলূনা মা-যা~আরা-দাল্লা-হু বিহা-যা- মাছালা। ইয়ুদ্বিল্লু বিহী

আর যারা কাফির তারা বলে, এ ধরনের (তুচ্ছতম) উদাহরণ দ্বারা আল্লাহর উদ্দেশ্য কি? আল্লাহ এর দ্বারা অনেককে পথভ্রষ্ট

كَثِيْرًا ۙ وَّيَهْدِيْ بِهٖ كَثِيْرًا ۗ وَمَا يُضِلُّ بِهٖٓ اِلَّا الْفٰسِقِيْنَ ﴿٢٦﴾ الَّذِيْنَ يَنْقُضُوْنَ

কাছীরাওঁ ওয়া ইয়াহ্দী বিহী কাছীরা ; ওয়ামা- ইয়ুদ্বিল্লু বিহী~ইল্লাল ফা-সিক্বীন। ২৭। আল্লাযীনা ইয়ানকুদ্বূনা

করেন এবং অনেককে সৎপথ প্রদর্শন করেন। মূলতঃ ফাসিকগণ ব্যতীত কাউকে পথভ্রষ্ট করেন না। (২৭) যারা আল্লাহর সাথে অঙ্গীকার করে ভংগ

○ টীকা (আঃ ২৫) ঃ واتوابه متشابها (ওয়া উতূবিহী মুতাশাবিহা) জান্নাতীগণকে খাদ্যপূর্ণ আহার্য দান করা হলে তা ভক্ষণ করবে। অতঃপর অন্য আহার্য প্রদান করা হলে তারা বলবে, এ বস্তুই আমাদেরকে পূর্বে দেয়া হয়েছিল। তখন ফিরিশতাগণ বলবেন, আকার আকৃতি একইরূপ হলেও স্বাদ ও প্রকৃতি ভিন্ন। ○ টীকা (আঃ ২৫) ঃ ازواج مطهرة (আয্ওয়াজুম মুত্বাহ্হারাতুন) আয়াতাংশ প্রসঙ্গে হযরত ইবনে আব্বাসের (রাঃ) বরাত দিয়ে ইব্ন আবূ তালহা বলেন, জান্নাতের দম্পতি সর্বপ্রকার অপবিত্রতা ও কষ্ট হতে মুক্ত থাকবে। মুজাহিদ বলেন- তারা ঋতুস্রাব, মলমূত্র, সর্দি, কাশী, বীর্য ইত্যাকার সকল হতে মুক্ত থাকবেন। (ইবনে কাসীর)

عَهْدَ اللّٰهِ مِنْ بَعْدِ مِيْثَاقِهٖ ۪ وَيَقْطَعُوْنَ مَآ اَمَرَ اللّٰهُ بِهٖٓ اَنْ يُّوْصَلَ وَيُفْسِدُوْنَ

'আহ্দাল্লা-হি মিম্ বা'দি মীছা-ক্বিহী, ওয়া ইয়াক্বত্বা'উনা মা ~আমারাল্লা-হু বিহী ~আঁই ইয়ূস্বালা ওয়া ইয়ুফসিদূনা
করেছে, দৃঢ় অঙ্গীকার করার পর এবং আল্লাহ যে (সম্পর্ক) অক্ষুন্ন রাখতে নির্দেশ দিয়েছেন তা ছিন্ন করে এবং পৃথিবীতে ফাসাদ সৃষ্টি

فِى الْاَرْضِ ؕ اُولٰٓئِكَ هُمُ الْخٰسِرُوْنَ ﴿٢٧﴾ كَيْفَ تَكْفُرُوْنَ بِاللّٰهِ وَكُنْتُمْ اَمْوَاتًا

ফিল আর্দ্ব ; উলা—ইকা হুমুল খা-সিরূন। ২৮। কাইফা তাক্ফুরূনা বিল্লা-হি ওয়া কুন্তুম আমওয়া-তান্
করে, তারাই নিশ্চিত ক্ষতিগ্রস্ত। (২৮) তোমরা কিভাবে আল্লাহ্কে অস্বীকার করবে? অথচ তোমরা মৃত ছিলে, তিনি তোমাদেরকে

فَاَحْيَاكُمْ ۚ ثُمَّ يُمِيْتُكُمْ ثُمَّ يُحْيِيْكُمْ ثُمَّ اِلَيْهِ تُرْجَعُوْنَ ﴿٢٨﴾ هُوَ الَّذِىْ

ফাআহ্ইয়া-কুম, ছুম্মা ইয়ুমীতুকুম ছুম্মা ইয়ুহ্য়ীকুম ছুম্মা ইলাইহি তুরজ্বা'উন। ২৯। হুওয়াল্লাযী
জীবন দান করেছেন, তিনিই আবার তোমাদেরকে মৃত করবেন এবং পুনরায় জীবিত করবেন, পুনরায় তাঁর কাছেই তোমরা প্রত্যাবর্তন করবে। (২৯) তিনিই

خَلَقَ لَكُمْ مَّا فِى الْاَرْضِ جَمِيْعًا ۗ ثُمَّ اسْتَوٰٓى اِلَى السَّمَآءِ فَسَوّٰىهُنَّ سَبْعَ

খালাক্বা লাকুম মা-ফিল আর্দ্বি জ্বামী'আ, ছুম্মাস্ তাওয়া~ইলাস্ সামা—ই ফাসাওয়্যা-হুন্না সাব'আ
তোমাদের জন্য পৃথিবীর সবকিছু সৃষ্টি করেছেন, অতঃপর তিনি আকাশের দিকে মনোনিবেশ করলেন এবং তাকে সাত

سَمٰوٰتٍ ؕ وَهُوَ بِكُلِّ شَىْءٍ عَلِيْمٌ ﴿٢٩﴾ وَاِذْ قَالَ رَبُّكَ لِلْمَلٰٓئِكَةِ اِنِّىْ جَاعِلٌ فِى

সামা-ওয়া-ত ; ওয়া হুওয়া বিকুল্লি শাইয়িন 'আলীম। ৩০। ওয়া ইয্ ক্বা-লা রাব্বুকা লিলমালা—ইকাতি ইন্নী জ্বা— 'ইলুন ফিল
আকাশে বিন্যস্ত করেন, এবং তিনি সর্ব বিষয়ে জ্ঞাত। (৩০) আর যখন আপনার প্রতিপালক ফিরিশতাদেরকে বললেন, নিশ্চয়ই আমি

الْاَرْضِ خَلِيْفَةً ؕ قَالُوْٓا اَتَجْعَلُ فِيْهَا مَنْ يُّفْسِدُ فِيْهَا وَيَسْفِكُ الدِّمَآءَ ۚ

আর্দ্বি খালীফাহ, ক্বা-লূ~আতাজ্ব'আলু ফীহা- মাঁই ইয়ুফসিদু ফীহা- ওয়া ইয়াসফিকুদ্ দিমা—আ,
পৃথিবীতে খলিফা সৃষ্টি করতে যাচ্ছি, তারা বলল, আপনি কি সৃষ্টি করবেন সেখানে এমন কাউকে, যারা পৃথিবীতে ফিতনা-ফাসাদ সৃষ্টি

وَنَحْنُ نُسَبِّحُ بِحَمْدِكَ وَنُقَدِّسُ لَكَ ؕ قَالَ اِنِّىْٓ اَعْلَمُ مَا لَا تَعْلَمُوْنَ ○

ওয়া নাহ্নু নুসাব্বিহু বিহাম্দিকা ওয়া নুক্বাদ্দিসু লাক ; ক্বা-লা ইন্নী~আ'লামু মা-লা- তা'লামূন।
করবে ও রক্তপাত ঘটাবে? অথচ আমরাই তো আপনার প্রশংসা ও পবিত্রতা বর্ণনা করছি (আল্লাহ বললেন,) নিশ্চয়ই আমি যা জানি তোমরা তা জান না।

﴿٣٠﴾ وَعَلَّمَ اٰدَمَ الْاَسْمَآءَ كُلَّهَا ثُمَّ عَرَضَهُمْ عَلَى الْمَلٰٓئِكَةِ فَقَالَ اَنْۢبِئُوْنِىْ بِاَسْمَآءِ

৩১। ওয়া 'আল্লামা আ-দামাল আসমা—আ কুল্লাহা- ছুম্মা 'আরাদ্বাহুম 'আলাল মালা—ইকাতি ফাক্বা-লা আম্বি'উনী বিআসমা—ই
(৩১) এবং তিনি আদমকে সবকিছুর নাম শেখালেন, অতঃপর সেগুলো ফিরিশতাদের সামনে পেশ করলেন এবং বললেন, আমাকে এগুলোর নাম বল,

○ টীকা (আঃ ২৭) ঃ الذين ينقضون ...... ميثاقه -কোরআনের বিধি-নিষেধ পাঠ করা এবং তা সত্য বলে জানার পর তাকে অস্বীকার ও অমান্য করাই হচ্ছে অঙ্গীকার ভঙ্গ করা। (ইবনে কাসীর) ○ টীকা (আঃ ২৭) ঃ ويقطعون ...... ان يوصل আয়াতাংশের মর্ম হচ্ছে রক্ত সম্পর্কের নিকটাত্মীয়দের সাথে সম্পর্ক ছিন্ন করা, যা রক্ষা করার নির্দেশ রয়েছে। (ইবনে কাসীর) ○ টীকা (আঃ ২৮) ঃ وكنتم امواتا ...... ثم يميتكم হযরত ইবনে আব্বাস (রা) আয়াতাংশের ব্যাখ্যায় বলেন– যখন তোমরা তোমার পিতার পৃষ্ঠদেশে মৃতবৎ ছিলে, তখন তোমরা কোন বস্তুই ছিলে না। অতঃপর আল্লাহ তায়ালা তোমাদেরকে সৃষ্টি করলেন, তারপর আবার মৃত করবেন, পুনরায় পুনরুত্থান দিবসে জীবিত করবেন।

هٰٓؤُلَآءِ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٣١﴾ قَالُوْا سُبْحٰنَكَ لَا عِلْمَ لَنَآ اِلَّا مَا عَلَّمْتَنَا ؕ اِنَّكَ

হা~উলা—ই ইন্ কুন্তুম স্বা-দিক্বীন। ৩২। ক্বা-লূ সুবহ্বা-নাকা লা- 'ইলমা লানা~ইল্লা- মা- 'আল্লাম্তানা; ইন্নাকা
যদি তোমরা সত্যবাদি হও। (৩২) তারা বলল, আপনি পবিত্র; আপনি যতটুকু জ্ঞান দান করেছেন তাছাড়া তো আমাদের কোন জ্ঞান নেই। নিশ্চয়ই

اَنْتَ الْعَلِيْمُ الْحَكِيْمُ ﴿٣٢﴾ قَالَ يٰٓاٰدَمُ اَنْۢبِئْهُمْ بِاَسْمَآئِهِمْ ۚ فَلَمَّآ اَنْۢبَاَهُمْ

আন্তাল 'আলীমুল হ্বাকীম। ৩৩। ক্বা-লা ইয়া~আ-দামু আম্বি'হুম বিআস্মা—ইহিম, ফালাম্মা~আম্বাআহুম
আপনি সর্বজ্ঞ ও শ্রেষ্ঠতম কুশলী। (৩৩) তিনি বললেন, হে আদম! তাদেরকে এগুলোর নাম বলে দাও। যখন তিনি তাদেরকে এগুলোর

بِاَسْمَآئِهِمْ ۙ قَالَ اَلَمْ اَقُلْ لَّكُمْ اِنِّىْٓ اَعْلَمُ غَيْبَ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۙ

বিআস্মা—ইহিম ক্বা-লা আলাম আকুল লাকুম ইন্নী~আ'লামু গাইবাস্ সামা-ওয়া-তি ওয়াল আর্দ্ব,
নাম বলে দিলেন, (আল্লাহ) বললেন, আমি কি তোমাদেরকে বলিনি যে, নিশ্চয়ই আমি আকাশ ও যমীনের সকল অদৃশ্য বস্তুর খবর রাখি।

وَاَعْلَمُ مَا تُبْدُوْنَ وَمَا كُنْتُمْ تَكْتُمُوْنَ ﴿٣٣﴾ وَاِذْ قُلْنَا لِلْمَلٰٓئِكَةِ اسْجُدُوْا لِاٰدَمَ

ওয়া আ'লামু মা- তুব্দূনা ওয়ামা- কুন্তুম তাক্তুমূন। ৩৪। ওয়া ইয্ কুল্না- লিল মালা—ইকাতিস জুদূ লিআ-দামা
এবং তোমরা যা প্রকাশ কর এবং যা গোপন কর তাও আমি জানি। (৩৪) অতঃপর যখন আমি ফিরিশতাদেরকে বললাম, আদমকে সিজদা কর,

فَسَجَدُوْٓا اِلَّآ اِبْلِيْسَ ؕ اَبٰى وَاسْتَكْبَرَ ۫ وَكَانَ مِنَ الْكٰفِرِيْنَ ﴿٣٤﴾ وَقُلْنَا يٰٓاٰدَمُ

ফাসাজ্বাদূ~ইল্লা~ইব্লীস ; আবা-ওয়াস্তাক্বারা ওয়া কা-না মিনাল কা-ফিরীন। ৩৫। ওয়া কুল্না- ইয়া~আ-দামুস
তখন ইবলিস ছাড়া সকলেই সিজদা করল। সে দম্ভভরে অস্বীকার করল এবং কাফিরদের অন্তর্ভুক্ত হল। (৩৫) আমি বললাম, হে আদম!

اسْكُنْ اَنْتَ وَزَوْجُكَ الْجَنَّةَ وَكُلَا مِنْهَا رَغَدًا حَيْثُ شِئْتُمَا ۪ وَلَا تَقْرَبَا هٰذِهِ

কুন আন্তা ওয়াযাওজুকাল জ্বান্নাতা ওয়া কুলা-মিনহা-রাগাদান হ্বাইছু শি'তুমা ওয়ালা-তাক্বরাবা- হা-যিহিশ
তুমি এবং তোমার স্ত্রী জান্নাতে বসবাস কর এবং সেখান হতে যা ইচ্ছা ভক্ষণ কর। কিন্তু এই গাছটির কাছেও যেও না; অন্যথা

الشَّجَرَةَ فَتَكُوْنَا مِنَ الظّٰلِمِيْنَ ﴿٣٥﴾ فَاَزَلَّهُمَا الشَّيْطٰنُ عَنْهَا فَاَخْرَجَهُمَا مِمَّا كَانَا

শাজ্বারাতা ফাতাকূনা- মিনায্ যা-লিমীন। ৩৬। ফাআযাল্লাহুমাশ্ শাইত্বা-নু 'আনহা- ফাআখরাজ্বাহুমা- মিম্মা- কা-না-
তোমরা অন্যায়কারীদের অন্তর্ভুক্ত হবে। (৩৬) অতঃপর শয়তান তাদের পদস্খলন ঘটাল এবং তারা যেখানে ছিল সেখান থেকে

فِيْهِ ۪ وَقُلْنَا اهْبِطُوْا بَعْضُكُمْ لِبَعْضٍ عَدُوٌّ ۚ وَلَكُمْ فِى الْاَرْضِ مُسْتَقَرٌّ

ফীহ, ওয়া কুলনাহ্বিত্বূ বা'দ্বুকুম লিবা'দ্বিন আদুব্বু, ওয়া লাকুম ফিল আর্দ্বি মুস্তাক্বাররুওঁ
বের করে দিল। আমি বললাম, তোমরা সকলেই পরস্পর শত্রুরূপে অবতরণ কর। পৃথিবীতে তোমাদের কিছু কালের জন্য অবস্থান ও সম্পদ ভোগ

وَّمَتَاعٌ اِلٰى حِيْنٍ ﴿٣٦﴾ فَتَلَقّٰٓى اٰدَمُ مِنْ رَّبِّهٖ كَلِمٰتٍ فَتَابَ عَلَيْهِ ؕ اِنَّهٗ هُوَ التَّوَّابُ

ওয়ামাতা- 'উন ইলা-হ্বীন। ৩৭। ফাতালাক্বক্বা~আ-দামু মির রাব্বিহী কালিমা-তিন ফাতা-বা 'আলাইহ ; ইন্নাহূ হুওয়াত্ তাওয়্যা-বুর
নির্ধারিত হল। (৩৭) অতঃপর আদম (আ) তার প্রতিপালকের নিকট হতে কয়েকটি কথা শিখে নিল, তারপর আল্লাহ তার তওবা কবুল করলেন। নিশ্চয়ই তিনি অত্যন্ত

الرحيم ۝ قلنا اهبطوا منها جميعا ۚ فاما ياتينكم مني هدى فمن تبع

রাহ্বীম। ৩৮। কুলনাহ্‌বিত্বূ মিনহা-জ্বামী'আ, ফাইম্মা- ইয়া'তিইয়ান্নাকুম মিন্নী হুদান ফামান তাবি'আ
ক্ষমাশীল ও পরম দয়ালু। (৩৮) আমি বললাম, তোমরা নেমে যাও এখান (বেহেশ্‌ত) হতে সকলেই। অতঃপর তোমাদের কাছে আমার হেদায়াত পৌছবে। অনন্তর

هداي فلا خوف عليهم ولا هم يحزنون ۝ والذين كفروا وكذبوا

হুদা-ইয়া ফালা- খাওফুন 'আলাইহিম ওয়ালা-হুম ইয়াহ্‌যানূন। ৩৯। ওয়াল্লাযীনা কাফারূ ওয়াকায্‌যাবূ
যারা আমার হেদায়াতের অনুসরণ করবে, তাদের কোন ভয় নেই এবং তারা দুশ্চিন্তা গ্রস্তও হবে না। (৩৯) যারা কুফরী করল এবং আমার

باياتنا اولئك اصحب النار ۚ هم فيها خلدون ۝ يبني اسراءيل اذكروا

বিআ-ইয়া-তিনা~উলা—ইকা আস্বহা-বুন্ না-র, হুম ফীহা- খা-লিদূন। ৪০। ইয়া- বানী~ইস্রা—ঈলায্ কুরূ
বাণীসমূহ মিথ্যা বলল, তারাই জাহান্নামী, তারাই হবে সেখানের চির অধিবাসী। (৪০) হে বনী ইসরাঈল! আমি তোমাদেরকে যেসব

نعمتي التي انعمت عليكم واوفوا بعهدي اوف بعهدكم ۚ واياي

নি'মাতিয়াল্লাতী~আন'আমতু 'আলাইকুম ওয়া আওফূ বি'আহদি~উফি বি'আহ্‌দিকুম, ওয়া ইয়্যা-ইয়া
নিয়ামত প্রদান করেছি তা স্মরণ কর আর পূর্ণ কর আমার সাথে প্রদত্ত অংগীকার, আমিও তোমাদেরকে প্রদত্ত অঙ্গীকার পূর্ণ করব এবং তোমরা শুধু আমাকেই

فارهبون ۝ وامنوا بما انزلت مصدقا لما معكم ولا تكونوا اول

ফারহাবূন। ৪১। ওয়া আ-মিনূ বিমা~আন্‌যালতু মুস্বাদ্দিক্বাল্ লিমা- মা'আকুম ওয়ালা- তাকূনূ~আওয়্যালা
ভয় কর। (৪১) আর তোমরা ঈমান আন আমার অবতীর্ণ কিতাবের উপর, যা প্রত্যয়নকারী তোমাদের সাথে যা আছে তার (তাওরাত)। তোমরা এর প্রথম

كافر به ۖ ولا تشتروا بايتي ثمنا قليلا ۖ واياي فاتقون ۝ ولا تلبسوا

কা-ফিরিম্ বিহ, ওয়ালা-তাশতারূ বিআ-ইয়া-তী ছামানান ক্বালীলাওঁ ওয়া ইয়্যা-ইয়া ফাত্তাকূন। ৪২। ওয়ালা- তালবিসুল
অবিশ্বাসী হয়ো না। আর আমার আয়াতকে তোমরা নগণ্যমূল্যে বিক্রি কর না এবং তোমরা শুধু আমাকেই ভয় কর, (৪২) আর তোমরা

الحق بالباطل وتكتموا الحق وانتم تعلمون ۝ واقيموا الصلوة واتوا

হ্বাক্ক্বা বিলবা-ত্বিলি ওয়া তাক্‌তুমুল হ্বাক্ক্বা ওয়া আন্‌তুম তা'লামূন। ৪৩। ওয়া আক্বীমুস্ব স্বালা-তা ওয়া আ-তুয
সত্যকে মিথ্যার সাথে সংমিশ্রণ কর না এবং যেনে শুনে তোমরা সত্য গোপন কর না। (৪৩) তোমরা সালাত কায়েম কর ও

الزكوة واركعوا مع الركعين ۝ اتامرون الناس بالبر وتنسون انفسكم

যাকা-তা ওয়ারকা'উ মা'আর রা-কি'ঈন। ৪৪। আতা'মুরূনান্ না-সা বিল্‌বির্‌রি ওয়া তান্‌সাওনা আন্‌ফুসাকুম
যাকাত দাও এবং রুকূকারীদের সাথে রুকূ কর। (৪৪) তোমরা মানুষকে সৎ কাজের নির্দেশ দিচ্ছে আর ভুলে যাও তোমাদের

✪ টীকা (আঃ ৪০) ঃ বনি-ইসরাঈল হল হযরত ইয়াকুবের বংশধর। তাদেরকে আল্লাহ নবুওয়াত ও পার্থিব ধন-সম্পদ এবং জীবন ধারণের বিভিন্ন উপকরণ দ্বারা সম্মানিত করেছেন। কিন্তু তারা আল্লাহ প্রদত্ত নেয়ামতের না-শোকরী করেছিল। নবীগণকে হত্যা করেছিল। নানা প্রকার অপরাধমূলক কাজ এবং পাপ ও পঙ্কে নিমজ্জিত হয়েছিল। সুতরাং পরিশেষে তাদের উপর আল্লাহর গজব আপতিত হয়। তারা রাজ্যহারা, গৃহহারা ও কাঙ্গাল অবস্থায় বহুকাল যাবত অধঃপতিতভাবে জীবনযাপন করেছিল। এমন কি কিবৃতী শাসকদের আমলে তারা ক্রীতদাসরূপে বিবেচিত হত। এই বনি-ইসরাইলগণকেই ইহুদী বলা হয়। এই ইহুদী জাতি পৃথিবীর মধ্যে সবচেয়ে বেশী হিংসুক ও ইসলাম বিদ্বেষী। নবী হযরত মুহাম্মদ (সা)-এর প্রতিও তারা সদ্ব্যবহার প্রদর্শন করে নি। এ জন্য আজও তাদের উপর আল্লাহর লা'নত বর্ষিত হচ্ছে। (মাদারিক ও খাজিন)

وانتم تتلون الكتب ۖ افلا تعقلون ۝ واستعينوا بالصبر والصلوة ۖ

ওয়া আন্‌তুম তাতলূনাল কিতা-ব ; আফালা- তা'ক্বিলূন। ৪৫। ওয়াস্‌তা'ঈনূ বিস্বস্বাবরি ওয়াস্ব স্বালা-হ ;
নিজেদেরকে। অথচ তোমরা কিতাব পাঠ করতেছ; তবে তোমরা কি বুঝতেছ না? (৪৫) তোমরা সাহায্য কামনা কর ধৈর্য ও সালাতের মাধ্যমে এবং

وانها لكبيرة الا على الخشعين ۝ الذين يظنون انهم ملقوا ربهم وانهم

ওয়া ইন্নাহা- লাকাবীরাতুন ইল্লা- 'আলাল খা-শি'ঈন। ৪৬। আল্লাযীনা ইয়াযুন্নূনা আন্নাহুম মুলা-কূ রাব্বিহিম ওয়া আন্নাহুম
নিশ্চয়ই ইহা খোদাভীরু ছাড়া অন্য সকলের নিকট অবশ্যই কঠিনতম কাজ। (৪৬) যারা মনে করে, নিশ্চয়ই তারা তাদের প্রতিপালকের সাথে মিলিত হবে এবং

اليه رجعون ۝ يبني اسراءيل اذكروا نعمتي التي انعمت عليكم واني

ইলাইহি রা-জ্বি'উন। ৪৭। ইয়া-বানী~ইস্রা—ঈলায কুরূ নি'মাতিইয়াল্লাতী~আন'আমতু 'আলাইকুম ওয়া আন্নী
তাঁর কাছেই ফিরে যাবে। (৪৭) হে বনী ইস্রাঈল সম্প্রদায়! তোমাদের উপর আমার অবতীর্ণ নিয়ামতের কথা স্মরণ কর। আর নিশ্চয়ই আমি

فضلتكم على العلمين ۝ واتقوا يوما لا تجزي نفس عن نفس شيئا ولا

ফাদ্বদ্বাল্‌তুকুম 'আলাল 'আ-লামীন। ৪৮। ওয়াত্তাকূ ইয়াওমাল্ লা-তাজ্‌যী নাফ্‌সুন 'আন্ নাফসিন শাইআওঁ ওয়ালা-
তোমাদের শ্রেষ্ঠত্ব দান করেছি সারা বিশ্বের উপর। (৪৮) আর সেদিনকে ভয় কর যেদিন কেউ কারো কাজে আসবে না এবং

يقبل منها شفاعة ولا يؤخذ منها عدل ولا هم ينصرون ۝ واذ نجينكم من

ইয়ুক্ববালু মিনহা- শাফা-'আতুওঁ ওয়ালা-ইয়ু'খাযু মিনহা- 'আদলুওঁ ওয়ালা-হুম ইয়ুনস্বারূন। ৪৯। ওয়া ইয্ নাজ্জ্বাইনা-কুম মিন
কারো কোন সুপারিশ কবুল হবে না ও কারো হতে কোনরূপ বিনিময় গৃহীত হবে না। আর তারা কোন প্রকার সাহায্য পাবে না। (৪৯) (স্মরণ কর) যখন আমি

ال فرعون يسومونكم سوء العذاب يذبحون ابناءكم ويستحيون

আ-লি ফির'আওনা ইয়াসূমূনাকুম সূ—আল 'আযা-বি ইয়ুযাব্বিহূনা আবনা—আকুম ওয়াইয়াস্তাহ্‌ইয়ূনা
তোমাদেরকে ফিরাউন সম্প্রদায় হতে মুক্তি দিলাম। যারা তোমাদেরকে কঠোর শাস্তি দিত, তোমাদের পুত্রগণকে হত্যা করতো

نساءكم ۖ وفي ذلكم بلاء من ربكم عظيم ۝ واذ فرقنا بكم البحر

নিসা—আকুম; ওয়া ফী যা-লিকুম বালা—উম মির্ রাব্বিকুম 'আযীম। ৫০। ওয়া ইয্ ফারাকূনা- বিকুমুল বাহ্বরা
এবং কন্যাদেরকে জীবিত রাখতো। এতে তোমাদের জন্য তোমাদের প্রতিপালকের পক্ষ থেকে বিরাট পরীক্ষা ছিল। (৫০) যখন আমি তোমাদের জন্য সমুদ্রকে

فانجينكم واغرقنا ال فرعون وانتم تنظرون ۝ واذ وعدنا موسى

ফাআন্‌জ্বাইনা-কুম ওয়া আগ্‌রাকুনা~আ-লা ফির্'আওনা ওয়া আন্‌তুম তান্‌যুরূন। ৫১। ওয়া ইয্ ওয়া-'আদনা- মূসা~
বিভক্ত করে তোমাদেরকে উদ্ধার করলাম এবং নিমজ্জিত করলাম ফিরাউন গোষ্ঠিকে, তখন তা তোমরা প্রত্যক্ষ করছিলে। (৫১) আর যখন মূসাকে

✪ টীকা (আঃ ৫০) ঃ জ্যোতিষীরা ফেরাউনকে বলল, বনী-ইসরাঈল বংশে এক ছেলে জন্মিবে, যার দ্বারা তোমার রাজ্য ধ্বংস হবে। এ জন্য ফেরাউন বনী-ইসরাঈলদের সমস্ত নবজাত পুত্র-সন্তানদেরকে হত্যা করে ফেলত এবং কন্যা-সন্তানদেরকে জীবিত রাখত।

✪ টীকা (আঃ ৫১) ঃ ফেরাউনের জুলুম হতে আত্মরক্ষার জন্য আল্লাহর আদেশে বনী ইসরাঈলসহ মূসা (আ) গোপনে মিসর হতে রওয়ানা হলেন। পথে সাগর পড়ল। আল্লাহর আদেশে সাগরের পানি ফাঁক হয়ে রাস্তা হয়ে গেল। মূসা (আ) সদলে পার হয়ে গেলেন। তাদের পশ্চাদ্ধাবন করে ফেরাউনও সদলে উক্ত পথে নেমে পড়লে উভয় দিক থেকে পানি এসে তাদের সলিল সমাধি ঘটাল।

اربعين ليلة ثم اتخذتم العجل من بعده وانتم ظلمون ۝ ثم عفونا

আরবা'ঈনা লাইলাতান ছুম্মাত্ তাখায্তুমুল 'ইজ্লা মিম্ বা'দিহী ওয়া আন্তুম য্বা-লিমূন। ৫২। ছুম্মা 'আফাওনা-

চল্লিশ রজনীর প্রতিশ্রুতি দিয়েছিলাম, অতঃপর তোমরা তাঁর প্রস্থানের পর, গোবৎসকে উপাস্য রূপে গ্রহণ করেছিলে বস্তুতঃ তোমরা ছিলে অত্যাচারী। (৫২) এরপরও আমি

عنكم من بعد ذلك لعلكم تشكرون ۝ واذ اتينا موسى الكتب و

'আনকুম মিম্ বা'দি যা-লিকা লা'আল্লাকুম তাশ্কুরূন। ৫৩। ওয়া ইয্ আ-তাইনা- মূসাল কিতা-বা ওয়াল

তোমাদেরকে ক্ষমা করেছি, যেন তোমরা কৃতজ্ঞ হও। (৫৩) আর যখন আমি প্রদান করেছি মূসাকে কিতাব ও

الفرقان لعلكم تهتدون ۝ واذ قال موسى لقومه يقوم انكم ظلمتم

ফুরক্বা-না লা'আল্লাকুম তাহ্তাদূন। ৫৪। ওয়া ইয্ ক্বা-লা মূসা- লিক্বাওমিহী ইয়া-ক্বাওমি ইন্নাকুম য্বালাম্তুম

ফুরকান যেন তোমরা পথপ্রাপ্ত হও। (৫৪) আর যখন মূসা তার সম্প্রদায়কে বলল, হে সম্প্রদায়! নিশ্চয়ই তোমরা গোবৎসকে

انفسكم باتخاذكم العجل فتوبوا الى بارئكم فاقتلوا انفسكم ذلكم

আনফুসাকুম বিত্তিখা-যিকুমুল 'ইজ্লা ফাতূবূ~ইলা- বা-রিইকুম ফাক্বতুলূ~আনফুসাকুম ; যা-লিকুম

উপাস্য রূপে গ্রহণ করে নিজেদের প্রতি অত্যাচার করেছ। সুতরাং তোমরা তোমাদের স্রষ্টার কাছে তওবা কর এবং তোমরা পরস্পরকে হত্যা কর। তোমাদের

خير لكم عند بارئكم فتاب عليكم انه هو التواب الرحيم ۝ واذ قلتم

খাইরুল্ লাকুম 'ইন্দা বা-রিইকুম ; ফাতা-বা 'আলাইকুম ; ইন্নাহূ হুওয়াত তাওয়্যা-বুর রাহ্বীম। ৫৫। ওয়া ইয্ ক্বুল্তুম

স্রষ্টার নিকট এটাই তোমাদের জন্য কল্যাণকর। অতঃপর তিনি তোমাদের তওবা কবুল করলেন। নিশ্চয় তিনি সর্বাধিক ক্ষমাশীল ও বড়ই মেহেরবান। (৫৫) আর যখন

يموسى لن نؤمن لك حتى نرى الله جهرة فاخذتكم الصعقة وانتم

ইয়া-মূসা- লান নু'মিনা লাকা হ্বাত্তা- নারাল্লা-হা জ্বাহ্রাতান ফাআখাযাতকুমুস্ব স্বা-ইক্বাতু ওয়া আন্তুম

তোমরা বললে, হে মূসা, আল্লাহকে প্রকাশ্যে না দেখে আমরা কিছুতেই ঈমান আনব না; তখন তোমাদের উপর বজ্রপাত হল এবং তোমরা

تنظرون ۝ ثم بعثنكم من بعد موتكم لعلكم تشكرون ۝ وظللنا عليكم

তান্যুরূন। ৫৬। ছুম্মা বা'আছ্না-কুম মিম বা'দি মাওতিকুম লা'আল্লাকুম তাশ্কুরূন। ৫৭। ওয়া য্বাল্লালনা- 'আলাইকুমুল

তা প্রত্যক্ষ করতেছিলে। (৫৬) মৃত্যুর পর তোমাদেরকে পুনর্জীবিত করলাম যেন তোমরা কৃতজ্ঞ হও। (৫৭) আমি তোমাদের উপর ছায়া প্রদান করেছিলাম

الغمام وانزلنا عليكم المن والسلوى كلوا من طيبت ما رزقنكم وما

গামা-মা ওয়া আন্যালনা-'আলাইকুমুল মান্না ওয়াস্সালওয়া ; কুলূ মিন ত্বায়্যিবা-তি মা-রাযাক্বনা-কুম ; ওয়া মা-

মেঘ দ্বারা এবং মান্না ও ছালওয়া অবতীর্ণ করেছিলাম। তোমাদেরকে আমি যে পবিত্র রিযিক প্রদান করেছি তা ভক্ষণ কর। তারা আমার প্রতি কোন

○ টীকা (আঃ ৫৭) ঃ المن والسلوى -(মান্না ওয়াছ ছাল্ওয়া) ঃ মান্না কি বস্তু এ সম্পর্কে তাফসীরকারগণ বিভিন্ন অভিমত ব্যক্ত করেছেন। হযরত আব্বাস (রা) হতে আলী ইবনে আবু তালহা বর্ণনা করেছেন, المن (আল্ মান্না) হচ্ছে এক প্রকার বস্তু যা বনী ইসরাঈলের জন্য রাতে বৃক্ষপত্রে পতিত হত। তারা সকাল বেলায় তার থেকে যতটুকু ইচ্ছা খেয়ে নিত। কেউ বলেন— মান্না হচ্ছে মধুর ন্যায় এক প্রকার পানীয়। السلوى (আছ্ছালওয়া) ঃ হযরত ইবনে আব্বাস হতে আলী ইবনে আবু তালহা বর্ণনা করেছেন— السلوى (আছছালওয়া) হচ্ছে ভরত পক্ষীর (চড়ুই) ন্যায় এক প্রকারের পক্ষী, বনী ইসরাঈলগণ তার গোশ্ত ভক্ষণ করত।

সূরা বাক্বারাহ্ ঃ ২ নূরানী বাংলা উচ্চারণ ক্বোরআন শরীফ আলিফ লা—ম মী—ম ঃ ১

ظلمونا ولكن كانوا انفسهم يظلمون ۝ واذ قلنا ادخلوا هذه القرية فكلوا منها

য্বালামূনা- ওয়ালা-কিন কা-নূ~আনফুসাহুম ইয়ায্বলিমূন। ৫৮। ওয়া ইয্ ক্বুলনাদখুলূ হা-যিহিল ক্বারইয়াতা ফাকুলূ মিনহা-

অত্যাচার করেনি বরং তারা নিজেদের উপর অত্যাচার করেছিল। (৫৮) আর যখন বললাম, এ জনপদে প্রবেশ কর এবং এখান থেকে খাও

حيث شئتم رغدا وادخلوا الباب سجدا وقولوا حطة نغفر لكم خطيكم

হ্বাইছু শি'তুম রাগাদাওঁ ওয়াদখুলুল বা-বা সুজ্জাদাওঁ ওয়া ক্বূলূ হ্বিত্ত্বাতুন্ নাগ্ফির্লাকুম খাত্বা-ইয়া-কুম ;

যা ইচ্ছা। আর সিজদাবনত হয়ে এর দরজা দিয়ে প্রবেশ কর আর বল, ক্ষমা চাই। আমি তোমাদের অপরাধ ক্ষমা করব।

وسنزيد المحسنين ۝ فبدل الذين ظلموا قولا غير الذي قيل لهم

ওয়া সানাযীদুল মুহ্বসিনীন। ৫৯। ফাবাদ্দালাল্ লাযীনা য্বালামূ ক্বাওলান গাইরাল্লাযী ক্বীলা লাহুম

আর অতিসত্তরই বাড়িয়ে দেব (আমার) কৃতজ্ঞ বান্দাদেরকে। (৫৯) তারপর যালিমগণ আদিষ্ট কথাটি পরিবর্তন করল। ফলে

فانزلنا على الذين ظلموا رجزا من السماء بما كانوا يفسقون ۝ واذ

ফাআন্যাল্না- 'আলাল্ লাযীনা য্বালামূ রিজ্যাম মিনাস্ সামা—ই বিমা- কা-নূ ইয়াফসুক্বূন। ৬০। ওয়া ইযি

আমি অবতীর্ণ করলাম জালিমদের উপর আসমান থেকে শাস্তি, কারণ তারা হুকুম অমান্য করতেছিল। (৬০) আর স্মরণ কর,

استسقى موسى لقومه فقلنا اضرب بعصاك الحجر فانفجرت منه

স্তাসক্বা- মূসা- লিকাওমিহী ফাক্বুলনাদ্বরিব বি'আস্বা-কাল হাজ্বার, ফানফাজ্বারাত মিনহুছ

যখন মূসা তাঁর সম্প্রদায়ের জন্য পানি প্রার্থনা করল, তখন আমি বললাম, তোমার লাঠি দ্বারা এ পাথরে আঘাত কর। ফলে তা

اثنتا عشرة عينا قد علم كل اناس مشربهم كلوا واشربوا من رزق الله

নাতা- 'আশ্রাতা 'আইনা ; ক্বাদ 'আলিমা কুল্লু উনা-সিম্ মাশ্রাবাহুম ; কুলূ ওয়াশরাবূ মির রিযক্বিল্লা-হি

থেকে বারটি ফোয়ারা নির্গত হল। চিনে নিল প্রত্যেক গোত্রই তাদের পান করার স্থান। তোমরা আল্লাহর দেয়া রুযী খাও ও পান কর।

ولا تعثوا في الارض مفسدين ۝ واذ قلتم يموسى لن نصبر على طعام

ওয়ালা- তা'ছাও ফিল আর্দ্বি মুফসিদীন। ৬১। ওয়া ইয্ ক্বুল্তুম ইয়া- মূসা- লান্ নাস্ববিরা 'আলা- ত্বা'আ-মিওঁ

আর পৃথিবীতে অনাচার সৃষ্টি করে ফের না। (৬১) আর যখন তোমরা বললে, হে মূসা, আমরা কিছুতেই একই ধরনের খাদ্য খাওয়ায় ধৈর্য ধরব না।

واحد فادع لنا ربك يخرج لنا مما تنبت الارض من بقلها وقثائها

ওয়া-হ্বিদিন ফাদ'উ লানা- রাব্বাকা ইয়ুখ্রিজ্ব লানা- মিম্মা- তুম্বিতুল আরদ্বু মিম্ বাক্বলিহা- ওয়াক্বিছ্ ছা—ইহা-

তাই আপনি আপনার প্রভুর নিকট প্রার্থনা করুন, আমাদের জন্য তিনি যেন উৎপন্ন করেন মাটি হতে বিভিন্ন তরকারী, শস্য জাতীয়

وفومها وعدسها وبصلها قال اتستبدلون الذي هو ادنى بالذي هو

ওয়া ফূমিহা- ওয়া'আদাসিহা- ওয়া বাস্বালিহা; ক্বা-লা আতাস্তাব্দিলূনাল্ লাযী হুওয়া আদনা- বিল্লাযী হুওয়া

ফলমূল, গম, ডাল ও পিঁয়াজ। মূসা বললেন, তোমরা কি বদল করতে চাও উৎকৃষ্ট বস্তুকে নিকৃষ্ট বস্তুর সাথে?

خَيْرٌ ۭ اِهْبِطُوْا مِصْرًا فَاِنَّ لَكُمْ مَّا سَاَلْتُمْ ۭ وَضُرِبَتْ عَلَيْهِمُ الذِّلَّةُ وَالْمَسْكَنَةُ ق

খাইর, ইহ্বিতূ মিস্‌রান ফাইন্না লাকুম মা- সাআল্‌তুম; ওয়া দুরিবাত 'আলাইহিমুয্ যিল্লাতু ওয়াল মাস্‌কানাতু

তাহলে কোন শহরে চলে যাও, সেখানে তোমরা যা চাচ্ছ তা নিশ্চয়ই পাবে। আর তাদের জন্য নির্ধারিত হল লাঞ্ছনা ও দারিদ্রতা এবং

وَبَاۗءُوْ بِغَضَبٍ مِّنَ اللّٰهِ ۭ ذٰلِكَ بِاَنَّهُمْ كَانُوْا يَكْفُرُوْنَ بِاٰيٰتِ اللّٰهِ وَيَقْتُلُوْنَ

ওয়াবা—উ বিগাদ্বাবিম্ মিনাল্লা-হ ; যা-লিকা বিআন্নাহুম ক্বা-নূ ইয়াকফুরূনা বিআ-ইয়া-তিল্লা-হি ওয়া ইয়াক্বতুলূনান্

তারা আল্লাহর গযবের পাত্র হয়ে গেল। তার কারণ এই যে, তারা অস্বীকার করতো আল্লাহর আয়াতকে এবং (তারা) অন্যায়ভাবে

النَّبِيّٖنَ بِغَيْرِ الْحَقِّ ۭ ذٰلِكَ بِمَا عَصَوْا وَّكَانُوْا يَعْتَدُوْنَ ﴿٦١﴾ اِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا

নাবিইয়্যীনা বিগাইরিল হাক্কক্ব ; যা-লিকা বিমা-'আস্বাও ওয়া কা-নূ ইয়া'তাদূন। ৬২। ইন্নাল্লাযীনা আ-মানূ

নবীগণকে হত্যা করতো। এটা এ কারণে যে, তারা নাফরমানী ও সীমালংঘনের পথ অনুসরণ করতেছিল। (৬২) নিশ্চয়ই যারা মুমিন,

وَالَّذِيْنَ هَادُوْا وَالنَّصٰرٰى وَالصّٰبِـــِٕيْنَ مَنْ اٰمَنَ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ وَعَمِلَ

ওয়াল্লাযীনা হা-দূ ওয়ান্নাস্বা-রা- ওয়াস্ব স্বা-বিঈনা মান আ-মানা বিল্লা- হি ওয়াল ইয়াওমিল আ-খিরি ওয়া'আমিলা

ইয়াহুদী, নাসারা ও সাবিয়ীন এবং (তাদের মধ্য) হতে যারা আল্লাহ্ ও আখিরাতের উপর ঈমান এনেছে এবং নেক আমল করেছে,

صَالِحًا فَلَهُمْ اَجْرُھُمْ عِنْدَ رَبِّهِمْ ۚ وَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا ھُمْ يَحْزَنُوْنَ ﴿٦٢﴾ وَ

স্বা-লিহান ফালাহুম আজ্‌রুহুম 'ইন্দা রাব্বিহিম ওয়ালা- খাওফুন 'আলাইহিম ওয়ালা-হুম ইয়াহ্যানূন। ৬৩। ওয়া

তাদের জন্য পুরস্কার রয়েছে তাদের প্রতিপালকের কাছে এবং তাদের কোন ভয় নেই এবং তারা দুঃখিতও হবে না। (৬৩) আর

اِذْ اَخَذْنَا مِيْثَاقَكُمْ وَرَفَعْنَا فَوْقَكُمُ الطُّوْرَ ۭ خُذُوْا مَآ اٰتَيْنٰكُمْ بِقُوَّةٍ وَّاذْكُرُوْا مَا

ইয্ আখায্‌না- মীছা-ক্বাকুম ওয়া রাফা'না- ফাওক্বাকুমুত্ব তূর ; খুযূ মা~আ-তাইনা-কুম বিকুওয়্যাতিওঁ ওয়াযকুরূ মা-

যখন তোমাদের থেকে অংগীকার নিয়েছিলাম এবং তোমাদের উপর তূর-কে তুলে ধরে (বলেছিলাম) আমি যা দিলাম তা দৃঢ়ভাবে ধর এবং তাতে যা কিছু

فِيْهِ لَعَلَّكُمْ تَتَّقُوْنَ ﴿٦٣﴾ ثُمَّ تَوَلَّيْتُمْ مِّنْۢ بَعْدِ ذٰلِكَ ۚ فَلَوْلَا فَضْلُ اللّٰهِ عَلَيْكُمْ وَ

ফীহি লা'আল্লাকুম তাত্তাকূন্। ৬৪। ছুম্মা তাওয়াল্লাইতুম মিম্ বা'দি যা-লিক, ফালাও লা-ফাদ্বলুল্লা-হি 'আলাইকুম ওয়া

আছে তা মনে রেখো, তাহলে হয়ত তোমরা পরিত্রাণ পাবে। অতঃপর তোমরা এ অংগীকার হতে ফিরে গিয়েছ। যদি তোমাদের উপর আল্লাহ তায়ালার অনুগ্রহ

رَحْمَتُهٗ لَكُنْتُمْ مِّنَ الْخٰسِرِيْنَ ﴿٦٤﴾ وَلَقَدْ عَلِمْتُمُ الَّذِيْنَ اعْتَدَوْا مِنْكُمْ فِي السَّبْتِ

রাহ্‌মাতুহূ লাকুন্‌তুম মিনাল খা-সিরীন। ৬৫। ওয়া লাক্বাদ 'আলিমতুমুল্ লাযীনা'তাদাও মিনকুম ফিস্ সাব্‌তি

ও অনুকম্পা না হতো তাহলে অবশ্যই তোমরা ক্ষতিগ্রস্ত হতে। (৬৫) তোমাদের মধ্যে শনিবার সম্পর্কে যারা বাড়াবাড়ি করেছিল তাদেরকে তোমরা অবশ্যই জান।

○ টীকা (আঃ ৬৫) ঃ ইহুদীদের জন্য বরকত ও ইবাদতের দিন হিসেবে শনিবার নির্দিষ্ট ছিল। তৌরাত কিতাবে নির্দেশ ছিল যে, এই দিন কোন শিকার বা অন্য পার্থিব কাজ করা যাবে না। এই শনিবার দিন অসংখ্য মাছ পানির উপর ভেসে উঠত এবং নানা রকম খেলা করত। ইহুদীরা ছিল মৎস্য শিকারী। তারা এই মাছের লোভ সামলাতে পারল না। সুতরাং তারা শুক্রবার দিন নদী সংলগ্ন নহর কেটে জোয়ারের সময় তাতে মাছ ও পানি আটকিয়ে রাখত এবং ভাটার সময় পানি ছেড়ে দিয়ে শনিবার দিন মাছ মারত। তারা বলত যে, এই মাছ শনিবারের নয়; বরং তা শুক্রবারের আটকানো মাছ। বনি-ইসরাঈলের অদৃশ্য আচরণে তাদের উপর আল্লাহর গজব পতিত হল। তারা আল্লাহর নির্দেশে নিকৃষ্ট বানরে পরিণত হল এবং ধ্বংস হয়ে গেল। (মাদারিক)

فَقُلْنَا لَهُمْ كُوْنُوْا قِرَدَةً خٰسِـــِٕيْنَ ﴿٦٥﴾ فَجَعَلْنٰهَا نَكَالًا لِّمَا بَيْنَ يَدَيْهَا وَمَا خَلْفَهَا وَمَوْعِظَةً

ফাকুলনা-লাহুম কূনূ ক্বিরাদাতান খা-সিঈন। ৬৬। ফাজ্বা'আলনা-হা- নাকা-লাল্ লিমা-বাইনা ইয়াদাইহা- ওয়ামা- খাল্‌ফাহা- ওয়া মাও'ইযাতাল্

আমি তাদেরকে বললাম, তোমরা নিকৃষ্ট বানর হয়ে যাও। (৬৬) অতঃপর আমি এটাকে সমসাময়িক ও পরবর্তি লোকদের জন্য দৃষ্টান্ত ও মুত্তাকীদের জন্য

لِّلْمُتَّقِيْنَ ﴿٦٦﴾ وَاِذْ قَالَ مُوْسٰى لِقَوْمِهٖٓ اِنَّ اللّٰهَ يَاْمُرُكُمْ اَنْ تَذْبَحُوْا بَقَرَةً ۭ قَالُوْٓا

লিল মুত্তাক্বীন। ৬৭। ওয়া ইয্ ক্বা-লা মূসা- লিক্বাওমিহী ~ইন্নাল্লা-হা ইয়া'মুরুকুম আন্ তাযবাহূ বাক্বারাহ ; ক্বা-লূ~

উপদেশ স্বরূপ বানিয়েছি। (৬৭) আর মূসা যখন তার সম্প্রদায়কে বলল, নিশ্চয়ই আল্লাহ্ তোমাদেরকে একটি গাভী যবেহ্ করতে আদেশ করতেছেন। তারা বলল,

اَتَتَّخِذُنَا ھُزُوًا ۭ قَالَ اَعُوْذُ بِاللّٰهِ اَنْ اَكُوْنَ مِنَ الْجٰهِلِيْنَ ﴿٦٧﴾ قَالُوا ادْعُ لَنَا رَبَّكَ

আতাত্তাখিযুনা হুযুওয়া ; ক্বা-লা আ'ঊযুবিল্লা-হি আন আকূনা মিনাল জ্বা-হিলীন। ৬৮। ক্বা-লুদ'উ লানা- রাব্বাকা

তুমি কি আমাদের সাথে তামাশা করতেছ? মূসা বলল, আমি মূর্খদের অন্তর্ভুক্ত হওয়া থেকে আল্লাহর নিকট আশ্রয় চাই। (৬৮) তারা বলল, আমাদের জন্য তোমার রবের

يُبَيِّنْ لَّنَا مَا هِىَ ۭ قَالَ اِنَّهٗ يَقُوْلُ اِنَّهَا بَقَرَةٌ لَّا فَارِضٌ وَّلَا بِكْرٌ ۭ عَوَانٌۢ بَيْنَ

ইয়ুবায়্যিললানা- মা-হিয় ; ক্বা-লা ইন্নাহূ ইয়াক্বূলু ইন্নাহা- বাক্বারাতুল লা-ফা-রিদ্বুওঁ ওয়ালা-বিক্‌র ; 'আওয়া-নুম্ বাইনা

নিকট প্রার্থনা কর, যেন তিনি জানিয়ে দেন সেটি কিরূপ হবে? সে বলল, নিশ্চয়ই তিনি বলেছেন, গাভীটি না বৃদ্ধা, না যুবতী বরং তা মধ্য বয়সী। সুতরাং তোমরা

ذٰلِكَ ۭ فَافْعَلُوْا مَا تُؤْمَرُوْنَ ﴿٦٨﴾ قَالُوا ادْعُ لَنَا رَبَّكَ يُبَيِّنْ لَّنَا مَا لَوْنُهَا ۭ قَالَ اِنَّهٗ

যা-লিক ; ফাফ'আলূ মা- তু'মারূন। ৬৯। ক্বালুদ'উ লানা- রাব্বাকা ইয়ুবায়্যিললানা- মা- লাওনুহা ; ক্বা-লা ইন্নাহূ

সম্পন্ন কর যা আদিষ্ট হয়েছ। (৬৯) তারা বলল, তোমার প্রতিপালককে বল, তিনি যেন আমাদেরকে তার (গাভীর) রং বলে দেন। মূসা বললেন, নিশ্চয়ই

يَقُوْلُ اِنَّهَا بَقَرَةٌ صَفْرَاۗءُ ۙ فَاقِعٌ لَّوْنُهَا تَسُرُّ النّٰظِرِيْنَ ﴿٦٩﴾ قَالُوا ادْعُ لَنَا رَبَّكَ

ইয়াক্বূলু ইন্নাহা- বাক্বারাতুন ছাফরা—উ, ফা-ক্বি'উল্ লাওনুহা- তাসুররুন না-যিরীন। ৭০। ক্বা-লুদ'উ লানা-রাব্বাকা

আল্লাহ বলেছেন, তা হবে হলুদ বর্ণের গাভী। অতি গাঢ় তার বর্ণ, যা দর্শকদের আনন্দ দেয়। (৭০) তারা বলল, আমাদের জন্য তোমার রবকে বল, তিনি যেন

يُبَيِّنْ لَّنَا مَا هِىَ ۙ اِنَّ الْبَقَرَ تَشٰبَهَ عَلَيْنَا ۭ وَاِنَّآ اِنْ شَاۗءَ اللّٰهُ لَمُهْتَدُوْنَ ﴿٧٠﴾ قَالَ اِنَّهٗ

ইয়ুবায়্যিল্ লানা- মা- হিয়া ইন্নাল বাক্বারা তাশা-বাহা 'আলাইনা; ওয়া ইন্না~ইন শা—আল্লা-হু লামুহ্‌তাদূন। ৭১। ক্বা-লা ইন্নাহূ

গাভীটির (পূর্ণ) পরিচয় প্রদান করেন, নিশ্চয়ই গাভিটি আমাদের কাছে অস্পষ্ট (রয়েছে)। অতঃপর আল্লাহ্ ইচ্ছা করলে নিশ্চয়ই আমরা সঠিক পথ পাব। (৭১) মূসা বললেন

يَقُوْلُ اِنَّهَا بَقَرَةٌ لَّا ذَلُوْلٌ تُثِيْرُ الْاَرْضَ وَلَا تَسْقِي الْحَرْثَ ۚ مُسَلَّمَةٌ لَّا شِيَةَ

ইয়াক্বূলু ইন্নাহা-বাক্বারাতুল্ লা-যালূলুন তুছীরুল আর্‌দ্বা ওয়ালা- তাস্‌ক্বিল হার্‌ছা ; মুসাল্লামাতুল লা-শিয়াতা

নিশ্চয়ই তিনি বলতেছেন, গাভীটি অবশ্যই কৃষিকাজে এবং সেচ কার্যে ব্যবহৃত নয়, সেটি সুস্থ সবল ও

○ টীকা (আঃ ৬৭) ঃ একবার বনী ইসরাঈলের মধ্যে এক ধনাঢ্য ব্যক্তি নিহত হয়, কিন্তু হত্যাকারীর কোন সন্ধান পাওয়া যাচ্ছিল না। অবশেষে সন্দেহ অপবাদের রূপ ধারণ করল এবং পারস্পরিক অপবাদের দরুন এক ভয়ংকর অবস্থার সৃষ্টি হলো। ঘটনাটি হযরত মূসা (আ)-এর নিকট উপস্থাপিত হলে তিনি আল্লাহর নিকট এর মীমাংসার জন্য দু'আ করলেন। আল্লাহ তা'আলা হযরত মূসা (আ)-কে বললেন, তাদেরকে একটি গাভী যবেহ করতে বল, অতঃপর যবেহকৃত গাভীর কোন এক অংশ দ্বারা মৃত ব্যক্তির শরীরে আঘাত করলে, সে আল্লাহর নির্দেশে জীবিত হয়ে, তার হত্যাকারীর নাম বলে দিবে। হযরত মূসা (আ) তাদেরকে গাভী যবেহ্ করতে বললে, তারা তাদের স্বভাব অনুযায়ী বিতর্ক আরম্ভ করে বলল, মূসা! তুমি কি আমাদের সাথে বিদ্রূপ করছ? নিহত ব্যক্তির ঘটনার সাথে গাভী যবেহের কি সম্পর্ক? আচ্ছা যদি বাস্তবিকই এটা আল্লাহ তা'য়ালার আদেশ হয়ে থাকে, তবে বল, সে গাভীটি কিরূপ হতে হবে? কিছু বিস্তারিত বিবরণ জানা আবশ্যক। কেননা, উহা যথাযথ নিরূপণ করণ প্রসঙ্গে অস্পষ্ট ও সন্দেহজনক অবস্থার মধ্যে রয়েছি।

فِيهَا ؕ قَالُوا الْـٰٔنَ جِئْتَ بِالْحَقِّ ؕ فَذَبَحُوهَا وَمَا كَادُوا يَفْعَلُونَ ﴿٧١﴾ وَاِذْ قَتَلْتُمْ

ফীহা; ক্বা-লুল আ-না জি'তা বিল হাক্বক্ব ; ফাযাবাহুহা- ওয়ামা- কা-দূ ইয়াফ'আলূন । ৭২ । ওয়া ইয ক্বাতালতুম
নির্খুঁত। তারা বলল, এখন তুমি সঠিক তথ্য এনেছ। অতঃপর তারা তা যবেহ করল; অথচ তারা তা (যবেহ) করার চিন্তা-ও করছিল না। (৭২) আর যখন তোমরা একটি

نَفْسًا فَادّٰرَءْتُمْ فِيهَا ؕ وَاللّٰهُ مُخْرِجٌ مَّا كُنْتُمْ تَكْتُمُونَ ﴿٧٢﴾ فَقُلْنَا اضْرِبُوهُ بِبَعْضِهَا ؕ

নাফ্সান ফাদ্দা-রা'তুম ফীহা; ওয়াল্লা-হু মুখরিজুম মা-কুনতুম তাকতুমূন । ৭৩ । ফাকুলনাদ্ব রিবূহু বিবা'দিহা;
লোক হত্যা করে পরস্পরের প্রতি দোষারোপ করতেছিলে। যা তোমরা গোপন করছিলে তা প্রকাশ করাটাই আল্লাহর ইচ্ছা ছিল। (৭৩) অতঃপর আমি বললাম, তাকে (মৃতকে)

كَذٰلِكَ يُحْيِ اللّٰهُ الْمَوْتٰى ۙ وَيُرِيكُمْ اٰيٰتِهٖ لَعَلَّكُمْ تَعْقِلُونَ ﴿٧٣﴾ ثُمَّ قَسَتْ قُلُوبُكُمْ

কাযা-লিকা ইয়ুহ্‌ইল্লা-হুল মাওতা- ওয়া ইয়ুরীকুম আ-ইয়া-তিহী লা'আল্লাকুম তা'ক্বিলূন । ৭৪ । ছুম্মা ক্বাসাত কুলূবুকুম
এর কোন একটি অংশ দিয়ে আঘাত কর। এভাবে আল্লাহ মৃতকে জীবিত করেন এবং তার নিদর্শন তোমাদের প্রদর্শন করেন, যেন তোমরা বুঝতে পার। (৭৪) এরপরও

مِّنْ بَعْدِ ذٰلِكَ فَهِيَ كَالْحِجَارَةِ اَوْ اَشَدُّ قَسْوَةً ؕ وَاِنَّ مِنَ الْحِجَارَةِ لَمَا يَتَفَجَّرُ

মিম্ বা'দি যা-লিকা ফাহিয়া কাল হিজ্বা-রাতি আও আশাদ্দু ক্বাসওয়াহ্ ; ওয়া ইন্না মিনাল হিজ্বা-রাতি লামা-ইয়াতাফাজ্জারু
তোমাদের অন্তর পাথরের মত কঠিন হয়ে গেল। অথবা, পাথরের চেয়েও কঠিন। কারণ, কতক পাথর এমনও আছে যে, তা থেকে ঝরণা

مِنْهُ الْاَنْهٰرُ ؕ وَاِنَّ مِنْهَا لَمَا يَشَّقَّقُ فَيَخْرُجُ مِنْهُ الْمَآءُ ؕ وَاِنَّ مِنْهَا لَمَا يَهْبِطُ

মিনহুল আনহা-র ; ওয়া ইন্না মিনহা- লামা- ইয়াশশাক্কাক্বু ফাইয়াখরুজু মিনহুল মা—উ ; ওয়া ইন্না মিনহা- লামা- ইয়াহ্‌বিতু
ধারা প্রবাহিত হয়, আর কতক এরূপ যে, যা ফেটে পানি বের হয়। আর কতক এমনও আছে যা আল্লাহর ভয়ে ধসে পড়ে।

مِنْ خَشْيَةِ اللّٰهِ ؕ وَمَا اللّٰهُ بِغَافِلٍ عَمَّا تَعْمَلُونَ ﴿٧٤﴾ اَفَتَطْمَعُونَ اَنْ يُّؤْمِنُوا لَكُمْ وَقَدْ

মিন খাশয়াতিল্লা-হ ; ওয়ামাল্লা-হু বিগা-ফিলিন 'আম্মা-তা'মালূন । ৭৫ । আফাতাত্বমা'উনা আঁই ইয়ু'মিনূ লাকুম ওয়া ক্বাদ
আর তোমরা যা করছ সে সম্বন্ধে আল্লাহ বেখবর নহেন। (৭৫) (হে ঈমানদারগণ) তোমরা কি আশা করছ যে, তারা তোমাদের কথায় ঈমান আনবে?

كَانَ فَرِيقٌ مِّنْهُمْ يَسْمَعُونَ كَلٰمَ اللّٰهِ ثُمَّ يُحَرِّفُونَهُ مِنْ بَعْدِ مَا عَقَلُوهُ وَهُمْ

কা-না ফারীকুম্ মিনহুম ইয়াসমা'উনা কালা-মাল্লা-হি ছুম্মা ইয়ুহাররিফূনাহূ মিম্ বা'দি মা- 'আক্বালূহু ওয়া হুম
অথচ তাদের ভিতরে তো এমনও একদল ছিল যারা আল্লাহর কালাম শ্রবণ করত, অতঃপর বুঝার পর জেনে-শুনে তা বিকৃত

يَعْلَمُونَ ﴿٧٥﴾ وَاِذَا لَقُوا الَّذِينَ اٰمَنُوا قَالُوٓا اٰمَنَّا ۚ وَاِذَا خَلَا بَعْضُهُمْ اِلٰى بَعْضٍ

ইয়া'লামূন । ৭৬ । ওয়া ইযা- লাক্বুল লাযীনা আ-মানূ কা-লূ~আ-মান্না- ওয়া ইযা-খালা- বা'দুহুম ইলা-বা'দ্বিন
করত। (৭৬) আর যখন তারা মুমিনদের সাথে মিলিত হয়, তখন বলে, আমরা ঈমান এনেছি। আর যখন তারা নিজেরা একে অন্যের সাথে নিভৃতে মেলামেশা

○ টীকা (আঃ ৭২) ঃ হযরত মূসা (আ)-এর সময়ে ইহুদীগণের মধ্যে কোন এক ব্যক্তি অপরব্যক্তির কন্যাকে বিবাহের প্রস্তাব দিলে তা প্রত্যাখ্যাত হয়। প্রস্তাবকারী কন্যার পিতাকে হত্যা করে এবং হযরত মূসার নিকট উক্ত হত্যার সন্ধান দাবী করে। কিন্তু উক্ত নিহত ব্যক্তির হত্যাকারী যে সে নিজেই, এটা স্বীকার করতে ছিল না। এ হত্যাকাণ্ড নিয়ে বিরাট কোন্দলের সৃষ্টি হয়। পরিশেষে জবেহকৃত গরুর মাংসের এক টুকরা নিহত ব্যক্তির শরীরের সাথে লাগালে সে তৎক্ষণাৎ জীবিত হয়ে হত্যাকারীকে সনাক্ত করে। ফলে উক্ত হত্যকারী সে ব্যক্তির উত্তরাধিকার হতে বঞ্চিত হয়ে যায়। (মাওয়াহিব)

قَالُوٓا اَتُحَدِّثُونَهُمْ بِمَا فَتَحَ اللّٰهُ عَلَيْكُمْ لِيُحَآجُّوكُمْ بِهٖ عِنْدَ رَبِّكُمْ ؕ اَفَلَا تَعْقِلُونَ ۝

ক্বা-লূ~আতুহাদ্দিছূনাহুম বিমা- ফাতাহাল্লা-হু 'আলাইকুম লিইয়ুহা—জ্জূকুম বিহী 'ইন্দা রাব্বিকুম ; আফালা- তা'ক্বিলূন।
করে তখন বলে, আল্লাহ তোমাদের কাছে যা ব্যক্ত করেছেন তা কি তাদেরকে তোমরা বলে দাও? এর দ্বারা তারা তোমাদের বিরুদ্ধে দলীল পেশ করবে, তোমাদের প্রতিপালকের সামনে। তোমরা কি তা বুঝতেছ না?

﴿٧٦﴾ اَوَلَا يَعْلَمُونَ اَنَّ اللّٰهَ يَعْلَمُ مَا يُسِرُّونَ وَمَا يُعْلِنُونَ ﴿٧٧﴾ وَمِنْهُمْ اُمِّيُّونَ لَا يَعْلَمُونَ

৭৭। আওয়ালা- ইয়া'লামূনা আন্নাল্লা-হা ইয়া'লামু মা- ইয়ুসিররূনা ওয়ামা- ইয়ু'লিনূন। ৭৮। ওয়া মিনহুম উম্মিইয়্যূনা লা-ইয়া'লামূনাল
(৭৭) তারা কি জানে না যে, তারা যা গোপন রাখে বা প্রকাশ করে আল্লাহ তা সবই জানেন (৭৮) তাদের কিছু নিরক্ষর লোক আছে যাদের

الْكِتٰبَ اِلَّآ اَمَانِيَّ وَاِنْ هُمْ اِلَّا يَظُنُّونَ ﴿٧٨﴾ فَوَيْلٌ لِّلَّذِينَ يَكْتُبُونَ الْكِتٰبَ

কিতা-বা ইল্লা~আমা-নিইয়্যা ওয়া ইনহুম ইল্লা-ইয়াযুন্নূন। ৭৯। ফাওয়াইলুল্ লিল্লাযীনা ইয়াকতুবূনাল কিতা-বা
কিতাব সম্বন্ধে কোন জ্ঞান নেই, শুধু কিছু মিথ্যা আশাবাদ ও ভ্রান্ত ধারণায় নিমগ্ন, (৭৯) সুতরাং দুর্ভাগ্য তাদের জন্য, যারা স্বহস্তে কিতাব

بِاَيْدِيهِمْ ۗ ثُمَّ يَقُولُونَ هٰذَا مِنْ عِنْدِ اللّٰهِ لِيَشْتَرُوا بِهٖ ثَمَنًا قَلِيلًا ؕ فَوَيْلٌ لَّهُمْ

বিআইদীহিম ছুম্মা ইয়াকূলূনা হা-যা- মিন 'ইন্দিল্লা-হি লিইয়াশতারূ বিহী ছামানান ক্বালীলা; ফাওয়াইলুল্ লাহুম
লিখে বলে, এটা আল্লাহর কালাম, যাতে বিক্রয় করতে পারে তুচ্ছ মূল্যে। তারা যা স্বহস্তে লিখল

مِّمَّا كَتَبَتْ اَيْدِيهِمْ وَوَيْلٌ لَّهُمْ مِّمَّا يَكْسِبُونَ ﴿٧٩﴾ وَقَالُوا لَنْ تَمَسَّنَا النَّارُ اِلَّآ

মিম্মা- কাতাবাত আইদীহিম ওয়া ওয়াইলুল্ লাহুম মিম্মা- ইয়াকসিবূন। ৮০। ওয়াক্বা-লূ লান তামাস্‌সানান্ না-রু ইল্লা~
আর উপার্জন করল, তা তাদের সর্বনাশ ডেকে আনল। (৮০) আর তারা বলে, কখনও অগ্নি আমাদেরকে স্পর্শ করবে না,

اَيَّامًا مَّعْدُودَةً ؕ قُلْ اَتَّخَذْتُمْ عِنْدَ اللّٰهِ عَهْدًا فَلَنْ يُّخْلِفَ اللّٰهُ عَهْدَهٗٓ اَمْ

আয়্যা-মাম্ মা'দূদাহ ; কুল আত্তাখাযতুম 'ইন্দাল্লা-হি 'আহ্‌দান ফালাঁই ইয়ুখলিফাল্লা-হু 'আহ্‌দাহূ~আম
নির্দিষ্ট কয়েকদিন ছাড়া। আপনি বলুন, তোমরা কি আল্লাহর থেকে প্রতিশ্রুতি পেয়েছ যে, কখনও আল্লাহ্ তাঁর প্রতিশ্রুতি ভংগ করবে না?

تَقُولُونَ عَلَى اللّٰهِ مَا لَا تَعْلَمُونَ ﴿٨٠﴾ بَلٰى مَنْ كَسَبَ سَيِّئَةً وَّاَحَاطَتْ بِهٖ خَطِيٓـَٔتُهٗ

তাকূলূনা 'আলাল্লা-হি মা-লা-তা'লামূন। ৮১। বালা-মান কাসাবা সায়্যিআতাওঁ ওয়া আহা-ত্বাত বিহী খাত্বী—আতুহূ
বা, তোমরা আল্লাহর ব্যাপারে এমন কিছু বলছ যা তোমরা জান না? (৮১) হাঁ যে ব্যক্তি পাপ কার্য করে আর তার পাপসমূহ তাকে ঘিরে ফেলে

فَاُولٰٓئِكَ اَصْحٰبُ النَّارِ ۚ هُمْ فِيهَا خٰلِدُونَ ﴿٨١﴾ وَالَّذِينَ اٰمَنُوا وَعَمِلُوا الصّٰلِحٰتِ

ফাউলা—ইকা আস্বহা-বুন না-র, হুম ফীহা-খা-লিদূন। ৮২। ওয়াল্লাযীনা আ-মানূ ওয়া'আমিলুস্ব স্বা-লিহা-তি
এরূপ লোকই জাহান্নামবাসী। তথায় তারা চিরকাল থাকবে। (৮২) আর যারা ঈমান আনে এবং নেক আমল করে তারাই

اُولٰٓئِكَ اَصْحٰبُ الْجَنَّةِ ۚ هُمْ فِيهَا خٰلِدُونَ ﴿٨٢﴾ وَاِذْ اَخَذْنَا مِيثَاقَ بَنِيٓ اِسْرَآءِيلَ لَا

উলা—ইকা আস্বহা-বুল জান্নাহ ; হুম ফীহা- খা-লিদূন। ৮৩। ওয়া ইয আখাযনা-মীছা-ক্বা বানী~ইস্রা—ঈলা লা-
জান্নাতবাসী। তথায় তারা চিরকাল থাকবে। (৮৩) আর যখন আমি প্রতিশ্রুতি নিয়েছিলাম বনী ঈসরাইল হতে যে, তোমরা

تَعْبُدُوْنَ اِلَّا اللّٰهَ وَبِالْوَالِدَيْنِ اِحْسَانًا وَّذِى الْقُرْبٰى وَالْيَتٰمٰى وَالْمَسٰكِيْنِ

তা'বুদূনা ইল্লাল্লা-হ, ওয়া বিলওয়া-লিদাইনি ইহ্সা-নাওঁ ওয়া যিলকুরবা ওয়াল ইয়াতা-মা- ওয়াল মাসা-কীনি

আল্লাহ্ ছাড়া আর কারো ইবাদাত করবে না আর তোমরা সদয় ব্যবহার করবে বাপ, মা, আত্মীয়-স্বজন, এতিম ও মিসকীনদের প্রতি,

وَقُوْلُوْا لِلنَّاسِ حُسْنًا وَّاَقِيْمُوا الصَّلٰوةَ وَاٰتُوا الزَّكٰوةَ ؕ ثُمَّ تَوَلَّيْتُمْ اِلَّا قَلِيْلًا مِّنْكُمْ

ওয়া ক্বূলূ লিন্না-সি হুস্নাওঁ ওয়া আক্বীমুস্ব স্বালা-তা ওয়া আ-তুয যাকা-হ; ছুম্মা তাওয়াল্লাইতুম ইল্লা- ক্বালীলাম্ মিনকুম

এবং মানুষকে ভাল কথা বলবে, আর সালাত কায়েম করবে ও যাকাত দিবে। অতঃপর তোমরা মুখ ফিরিয়ে নিয়েছিলে অল্প সংখ্যক লোক ব্যতীত।

وَاَنْتُمْ مُّعْرِضُوْنَ ﴿٨٣﴾ وَاِذْ اَخَذْنَا مِيْثَاقَكُمْ لَا تَسْفِكُوْنَ دِمَآءَكُمْ وَلَا تُخْرِجُوْنَ

ওয়া আন্তুম মু'রিদ্বূন। ৮৪। ওয়া ইয্ আখায্না-মীছা-ক্বাকুম লা-তাসফিকূনা দিমা—আকুম ওয়ালা- তুখ্রিজূনা

বস্তুত তোমরাই উপেক্ষাকারী। (৮৪) আর যখন আমি তোমাদের থেকে প্রতিশ্রুতি নিলাম যে, তোমরা পরস্পরে রক্তপাত করবে না

اَنْفُسَكُمْ مِّنْ دِيَارِكُمْ ثُمَّ اَقْرَرْتُمْ وَاَنْتُمْ تَشْهَدُوْنَ ﴿٨٤﴾ ثُمَّ اَنْتُمْ هٰٓؤُلَآءِ

আনফুসাকুম মিন দিয়া-রিকুম ছুম্মা আক্বরার্তুম ওয়া আন্তুম তাশ্হাদূন। ৮৫। ছুম্মা আন্তুম হা~উলা—ই

এবং আপনজনদেরকে স্বদেশ থেকে বহিষ্কার করবে না। তোমরা তা স্বীকার করে নিয়েছিলে এবং তোমরাই এর সাক্ষী। (৮৫) অতঃপর তোমরাই

تَقْتُلُوْنَ اَنْفُسَكُمْ وَتُخْرِجُوْنَ فَرِيْقًا مِّنْكُمْ مِّنْ دِيَارِهِمْ ز تَظٰهَرُوْنَ

তাক্বতুলূনা আনফুসাকুম ওয়া তুখ্রিজূনা ফারীক্বাম্ মিনকুম মিন দিয়া-রিহিম তাস্বা-হারূনা

পরস্পরকে হত্যা করেছ এবং তোমাদের এক দলকে দেশ থেকে বহিষ্কার করতেছ এবং তাদের বিরুদ্ধে সহায়তা করতেছ,

عَلَيْهِمْ بِالْاِثْمِ وَالْعُدْوَانِ ؕ وَاِنْ يَّاْتُوْكُمْ اُسٰرٰى تُفٰدُوْهُمْ وَهُوَ مُحَرَّمٌ

'আলাইহিম বিলইছমি ওয়াল 'উদওয়া-ন ; ওয়া ইইঁয়া'তূকুম উসা-রা- তুফা-দূহুম ওয়া হুওয়া মুহ্বার্রামুন

পাপ ও অন্যায়মূলক। আবার তাদের কেউ যদি বন্দীরূপে তোমাদের নিকট আসে, তাহলে মুক্তিপণ দিয়ে তাদের

عَلَيْكُمْ اِخْرَاجُهُمْ ؕ اَفَتُؤْمِنُوْنَ بِبَعْضِ الْكِتٰبِ وَتَكْفُرُوْنَ بِبَعْضٍ ۚ فَمَا جَزَآءُ

'আলাইকুম ইখ্রা-জুহুম ; আফাতু'মিনূনা বিবা'দ্বিল কিতা-বি ওয়া তাকফুরূনা বিবা'দ্ব, ফামা-জ্বায়া—উ

মুক্ত কর। অথচ তাদের বহিষ্কার করা তোমাদের জন্য অবৈধ ছিল। তবে কি তোমরা কিতাবের কিছু অংশ মানতেছ ও কিছু অস্বীকার করতেছ? তোমাদের

مَنْ يَّفْعَلُ ذٰلِكَ مِنْكُمْ اِلَّا خِزْىٌ فِى الْحَيٰوةِ الدُّنْيَا ۚ وَيَوْمَ الْقِيٰمَةِ يُرَدُّوْنَ

মাইঁ ইয়াফ'আলু যা-লিকা মিন্কুম ইল্লা- খিযইয়ুন ফিল হ্বায়া-তিদ্ দুনইয়া, ওয়া ইয়াওমাল ক্বিয়া-মাতি ইয়ুরাদ্দূনা

মধ্য থেকে যারা এরূপ করে তার শাস্তি হল ইহকালের লাঞ্ছিত জীবন ও পরকালে তারা কঠিনতম শাস্তির

টীকা (আঃ ৮৫) ঃ মদীনাবাসীদের মধ্যে আওস ও খায্রাজ নামে দুইটি প্রতিমা পূজক এবং কুরায়যা ও বনু নাযীর নামে দুটি ইহুদী সম্প্রদায় ছিল। আওস এবং খায্রাজের মধ্যে পরস্পর যুদ্ধবিগ্রহ লেগেই থাকত। আওসের সাথে বনু কুরায়যা এবং খায্রাজের সাথে বনু নাযীর গোত্র বন্ধুত্ব চুক্তিতে আবদ্ধ ছিল। ইহুদীদের উভয় সম্প্রদায়ই নিজ নিজ বন্ধু সম্প্রদায়কে যুদ্ধবিগ্রহে সাহায্য করত। অতএব, ইহুদীদের লোক এসমস্ত যুদ্ধে নিহত, দেশান্তর বা বন্দী হত। অবশ্য ইহুদীদের মধ্যে কেউ বন্দী হলে প্রত্যেক সম্প্রদায় নিজ নিজ বন্ধু গোত্রকে অর্থ দ্বারা রাজী করিয়ে উক্ত বন্দীকে মুক্ত করে দিত। কেউ জিজ্ঞাসা করলে বলত, বন্দীকে মুক্ত করা ধর্মীয় কর্তব্য। কিন্তু হত্যা ও দেশান্তর সম্বন্ধে জিজ্ঞাসা করলে বলত, বিপদে বন্ধুর সাহায্য না করে পারি না। এখানে এরই নিন্দা করা হয়েছে। (বঃ কোঃ)

اِلٰٓى اَشَدِّ الْعَذَابِ ؕ وَمَا اللّٰهُ بِغَافِلٍ عَمَّا تَعْمَلُوْنَ ﴿٨٥﴾ اُولٰٓئِكَ الَّذِيْنَ اشْتَرَوُا

ইলা~আশাদ্দিল 'আযা-ব ; ওয়ামাল্লা-হু বিগা-ফিলিন 'আম্মা-তা'মালূন। ৮৬। উলা—ইকাল্লাযীনাশ্ তারাউল

يَعْرِفُوْنَ اَبْنَآءَهُمْ ؕ وَاِنَّ فَرِيْقًا مِّنْهُمْ لَيَكْتُمُوْنَ الْحَقَّ وَهُمْ يَعْلَمُوْنَ ۘ

ইয়া'রিফূনা আব্‌না—আহুম; ওয়া ইন্না ফারীক্বাম্ মিন্‌হুম্ লাইয়াক্‌তুমূনাল্ হ্বাক্কা ওয়াহুম্ ইয়া'লামূন্।

চিনে নিজের সন্তানদেরকে। নিশ্চয়ই তাঁদের মধ্যে একদল জেনে-শুনে সত্য গোপন করে।

اَلْحَقُّ مِنْ رَّبِّكَ فَلَا تَكُوْنَنَّ مِنَ الْمُمْتَرِيْنَ ﴿١٤٧﴾ وَلِكُلٍّ وِّجْهَةٌ هُوَ

১৪৭। আল্‌হ্বাক্কু মির রাব্বিকা ফালা- তাকূনান্না মিনাল্ মুম্‌তারীন্। ১৪৮। ওয়া লিকুল্লিওঁ ওয়িজ্‌হাতুন্ হুওয়া

(১৪৭) আপনার প্রতিপালকের তরফ থেকে এটাই প্রকৃত সত্য। কাজেই আপনি কখনো সন্দেহকারীদের অন্তর্ভুক্ত হবেন না। (১৪৮) আর প্রত্যেকেরই নির্দিষ্ট দিক (কিবলা)

مُوَلِّيْهَا فَاسْتَبِقُوا الْخَيْرٰتِ ؕ اَيْنَ مَا تَكُوْنُوْا يَاْتِ بِكُمُ اللّٰهُ جَمِيْعًا ؕ اِنَّ اللّٰهَ

মুওয়াল্লীহা- ফাস্‌তাবিকুল্ খাইরা-ত ; আইনা মা-তাকূনূ ইয়া'তি বিকুমুল্লা-হু জ্বামী'আ ; ইন্নাল্লা-হা

আছে, যেদিকে সে মুখ করে। তাই তোমরা সৎ কাজের ক্ষেত্রে অগ্রগামী হও। তোমরা যেখানেই থাক না কেন; আল্লাহ তোমাদের সকলকে সমবেত করবেন। নিশ্চয়ই

১৭ ৬ ১ রুকূ

عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ﴿١٤٨﴾ وَمِنْ حَيْثُ خَرَجْتَ فَوَلِّ وَجْهَكَ شَطْرَ الْمَسْجِدِ الْحَرَامِ ؕ

'আলা- কুল্লি শাইয়িন্ ক্বাদীর। ১৪৯। ওয়ামিন্ হ্বাইছু খারাজ্‌তা ফাওয়াল্লি ওয়াজ্‌হাকা শাত্বরাল্ মাস্‌জিদিল্ হ্বারা-ম ;

আল্লাহ সব কিছুই করতে সক্ষম। (১৪৯) আর আপনি যেখান হতেই বের হন না কেন আপনার মুখমন্ডল মসজিদুল হারামের দিকে ফিরাবেন।

وَاِنَّهٗ لَلْحَقُّ مِنْ رَّبِّكَ ؕ وَمَا اللّٰهُ بِغَافِلٍ عَمَّا تَعْمَلُوْنَ ﴿١٤٩﴾ وَمِنْ حَيْثُ

ওয়া ইন্নাহূ লাল্‌হ্বাক্কু মির রাব্বিক ; ওয়ামাল্লা-হু বিগা-ফিলিন 'আম্‌মা-তা'মালূন্। ১৫০। ওয়ামিন্ হ্বাইছু

নিশ্চয়ই আপনার প্রতিপালকের তরফ হতে এটাই সত্য। আর আল্লাহ তোমাদের কার্যকলাপ সম্পর্কে মোটেই বেখবর নন। (১৫০) আর যেখান

خَرَجْتَ فَوَلِّ وَجْهَكَ شَطْرَ الْمَسْجِدِ الْحَرَامِ ؕ وَحَيْثُ مَا كُنْتُمْ فَوَلُّوْا

খারাজ্‌তা ফাওয়াল্লি ওয়াজ্‌হাকা শাত্বরাল্ মাস্‌জিদিল হ্বারাম; ওয়া হ্বাইছু মা-কুন্‌তুম্ ফাওয়াল্‌লূ

থেকেই আপনি বের হন না কেন আপনার মুখমন্ডল মসজিদুল হারামের দিকে ফিরান আর তোমরা যেখানেই থাক তোমাদের মুখমন্ডল

وُجُوْهَكُمْ شَطْرَهٗ ۙ لِئَلَّا يَكُوْنَ لِلنَّاسِ عَلَيْكُمْ حُجَّةٌ ۙ اِلَّا الَّذِيْنَ ظَلَمُوْا مِنْهُمْ ۚ

উজূহাকুম্ শাত্বরাহূ লিআল্লা-ইয়াকূনা লিন্না-সি 'আলাইকুম্ হুজ্জ্বাহ, ইল্লাল্লাযীনা যালামূ মিন্‌হুম্

তার দিকে ফেরাও। যাতে তোমাদের ব্যাপারে লোকের জন্য কোন সমালোচনা করার সুযোগ না থাকে। অবশ্য তাদের মধ্যে যারা জালিম তাদের কথা ভিন্ন। কাজেই

فَلَا تَخْشَوْهُمْ وَاخْشَوْنِيْ ۚ وَلِاُتِمَّ نِعْمَتِيْ عَلَيْكُمْ وَلَعَلَّكُمْ تَهْتَدُوْنَ ۙ

ফালা- তাখ্‌শাওহুম্ ওয়াখ্‌শাওনী ; ওয়ালিউতিম্মা নি'মাতী 'আলাইকুম্ ওয়া লা'আল্লাকুম্ তাহ্‌তাদূন।

তোমরা তাদেরকে ভয় কর না, শুধু আমাকেই ভয় কর। তাহলে আমি আমার নেয়ামত তোমাদের উপর পূর্ণ করব, আর তোমরা হয়ত পথপ্রাপ্ত হবে।

﴿١٥٠﴾ كَمَاۤ اَرْسَلْنَا فِيْكُمْ رَسُوْلًا مِّنْكُمْ يَتْلُوْا عَلَيْكُمْ اٰيٰتِنَا وَيُزَكِّيْكُمْ وَيُعَلِّمُكُمُ

১৫১। কামা~আর্‌সাল্‌না- ফীকুম্ রাসূলাম্ মিন্‌কুম্ ইয়াত্‌লূ 'আলাইকুম্ আ-য়া-তিনা-ওয়া ইয়ুযাক্কীকুম্ ওয়া ইয়ু'আল্লিমুকুমুল

(১৫১) যেমন আমি তোমাদের মধ্য হতে তোমাদের নিকট রাসূল প্রেরণ করেছি, যিনি তোমাদের নিকট আমার আয়াত তিলাওয়াত করেন ও তোমাদেরকে পবিত্র

الْكِتٰبَ وَالْحِكْمَةَ وَيُعَلِّمُكُمْ مَّا لَمْ تَكُوْنُوْا تَعْلَمُوْنَ ﴿١٥١﴾ فَاذْكُرُوْنِيْۤ

কিতা-বা ওয়াল্ হ্বিক্‌মাতা ওয়া ইয়ু'আল্লিমুকুম্ মা-লাম্ তাকূনূ তা'লামূন্। ১৫২। ফায্‌কুরূনী~

করেন এবং তোমাদেরকে শিখায় কিতাব ও হিকমত আর তোমরা যা জানতে না, তা শিক্ষা দেন। (১৫২) অতএব তোমরা আমাকে

اَذْكُرْكُمْ وَاشْكُرُوْا لِيْ وَلَا تَكْفُرُوْنِ ﴿١٥٢﴾ يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا اسْتَعِيْنُوْا

আয্‌কুর্‌কুম্ ওয়াশ্‌কুরূলী ওয়ালা- তাক্‌ফুরূন। ১৫৩। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানুস্ তা'ঈনূ

স্মরণ কর, আমিও তোমাদেরকে স্মরণ করব এবং আমার কৃতজ্ঞতা স্বীকার কর এবং অকৃতজ্ঞ হয়ো না। (১৫৩) হে মুমিনগণ! তোমরা

✪ টীকা (আঃ ১৫১) ঃ যে সমস্ত বিষয়ে জ্ঞান লাভ করার জন্য প্রাচীন কিতাবসমূহ ও বিবেক-বুদ্ধি যথেষ্ট নয়, তা শিখাবার জন্য একজন মহাজ্ঞানী নবী প্রেরণের জন্য হযরত ইবরাহীম (আ) আল্লাহ্‌র নিকট দো'আ করেছিলেন। দো'আ কবুল করেই আল্লাহ্ রাসূল (সা)-কে প্রেরণ করেন। (বঃ কোঃ)

✪ টীকা (আঃ ১৫৩) ঃ استعينوا بالصبر والصلوة – রাসূলুল্লাহ (সা) যখন কোন কঠিন অবস্থার সম্মুখীন হতেন তখন নামায পড়তেন। সবর দু' প্রকার। (এক) হারাম ও পাপকার্য বর্জনের সবর। (দুই) ইবাদাত ও নৈকট্য লাভের কার্য সম্পাদনের সবর। দ্বিতীয় সবরে সওয়াব বেশী। কারণ এটাই জীবনের উদ্দেশ্য। তৃতীয় সবর হল– বিপদাপদে সবর।–(তা ঃ ইবনে কাছীর)

১৮ ৫ ২ রুকূ

بِالصَّبْرِ وَالصَّلٰوةِ ط اِنَّ اللّٰهَ مَعَ الصّٰبِرِيْنَ ﴿١٥٣﴾ وَلَا تَقُوْلُوْا لِمَنْ يُّقْتَلُ فِيْ

বিস্বস্বাব্রি ওয়াস্বস্বালা-হ ; ইন্নাল্লা-হা মা'আস্ব স্বা-বিরীন্। ১৫৪। ওয়ালা- তাকূলূ লিমাইঁ ইয়ুক্বতালু ফী
ধৈর্য ও সালাতের মাধ্যমে আল্লাহর সাহায্য কামনা কর। নিশ্চয়ই আল্লাহ ধৈর্যশীলদের সাথে আছেন। (১৫৪) আর যারা আল্লাহর

سَبِيْلِ اللّٰهِ اَمْوَاتٌ ط بَلْ اَحْيَآءٌ وَّلٰكِنْ لَّا تَشْعُرُوْنَ ﴿١٥٤﴾ وَلَنَبْلُوَنَّكُمْ بِشَيْءٍ

সাবীলিল্লা-হি আম্ওয়া-ত ; বাল্ আহ্ইয়া—উওঁ ওয়ালা- কিল্ লা-তাশ্'উরূন্। ১৫৫। ওয়ালা নাব্লুওয়ান্নাকুম্ বিশাইয়িম
রাস্তায় নিহত হয় তাদেরকে মৃত বল না; বরং তারা জীবিত, কিন্তু তোমরা তা বুঝতেছ না। (১৫৫) আর নিশ্চয়ই আমি তোমাদেরকে

مِّنَ الْخَوْفِ وَالْجُوْعِ وَنَقْصٍ مِّنَ الْاَمْوَالِ وَالْاَنْفُسِ وَالثَّمَرٰتِ ط

মিনাল্ খাওফি ওয়াল্জূ'ই ওয়ানাক্বস্বিম্ মিনাল্ আম্ওয়া-লি ওয়াল্ আন্ফুসি ওয়াছ ছামারা-ত ;
পরীক্ষা করব ভয়-ভীতি দ্বারা, ক্ষুধা দ্বারা এবং ধন-সম্পদ, জীবন এবং ফল ফসলাদি ক্ষতি সাধান করে আর সুসংবাদ দাও সে সব ধৈর্যশীলগণকে,

وَبَشِّرِ الصّٰبِرِيْنَ ﴿١٥٥﴾ الَّذِيْنَ اِذَآ اَصَابَتْهُمْ مُّصِيْبَةٌ لا قَالُوْٓا اِنَّا لِلّٰهِ وَاِنَّآ اِلَيْهِ

ওয়া বাশ্শিরিস্ব স্বা-বিরীন্। ১৫৬। আল্লাযীনা ইযা~আস্বা-বাতহুম মুস্বীবাতুন্ ক্বা-লূ~ইন্না- লিল্লা-হি ওয়া ইন্না~ইলাইহি
(১৫৬) যাদের উপর কোন প্রকার বিপদ আপতিত হলে তখন বলে, নিশ্চয়ই আমরা তো আল্লাহরই এবং নিশ্চিতভাবে আমরা তাঁরই দিকে

رٰجِعُوْنَ ﴿١٥٦﴾ اُولٰٓئِكَ عَلَيْهِمْ صَلَوٰتٌ مِّنْ رَّبِّهِمْ وَرَحْمَةٌ قف وَاُولٰٓئِكَ هُمُ

রা-জ্বি'উন। ১৫৭। উলা—ইকা 'আলাইহিম স্বালাওয়া-তুম্ মির রাব্বিহিম্ ওয়ারাহ্মাহ ; ওয়া উলা—ইকা হুমুল্
প্রত্যাবর্তনকারী। (১৫৭) তাদের উপরই রয়েছে তাদের পতিপালকের তরফ থেকে করুণা ও অনুগ্রহ। আর তারাই সঠিক

الْمُهْتَدُوْنَ ﴿١٥٧﴾ اِنَّ الصَّفَا وَالْمَرْوَةَ مِنْ شَعَآئِرِ اللّٰهِ ج فَمَنْ حَجَّ الْبَيْتَ

মুহ্তাদূন। ১৫৮। ইন্নাস্ব স্বাফা-ওয়াল্ মার্ওয়াতা মিন্ শা'আ—ইরিল্লা-হ, ফামান্ হাজ্জ্বাল্ বাইতা
পথ প্রাপ্ত। (১৫৮) নিশ্চয়ই সাফা ও মারওয়া আল্লাহর নিদর্শনাবলীর অন্তর্ভুক্ত। তাই যে ব্যক্তি বাইতুল্লাহর হজ্জ করল অথবা

اَوِ اعْتَمَرَ فَلَا جُنَاحَ عَلَيْهِ اَنْ يَّطَّوَّفَ بِهِمَا ط وَمَنْ تَطَوَّعَ خَيْرًا لا فَاِنَّ اللّٰهَ

আবি' তামারা ফালা-জুনা-হা 'আলাইহি আইঁ ইয়াত্ত্বাওয়্যাফা বিহিমা; ওয়ামান্ তাত্বাওয়্যা'আ খাইরান্ ফাইন্নাল্লা-হা
ওমরা করল তার জন্য এ দুটোর তাওয়াফ করলে কোন গুনাহ নেই। আর যে ব্যক্তি স্বেচ্ছায় সৎ কাজ করে নিশ্চয়ই আল্লাহ

شَاكِرٌ عَلِيْمٌ ﴿١٥٨﴾ اِنَّ الَّذِيْنَ يَكْتُمُوْنَ مَآ اَنْزَلْنَا مِنَ الْبَيِّنٰتِ وَالْهُدٰى

শা-কিরুন্ 'আলীম। ১৫৯। ইন্নাল্লাযীনা ইয়াক্তুমূনা মা~আন্যাল্না- মিনাল্ বাইয়্যিনা-তি ওয়াল্ হুদা-
তার মূল্যায়ক এবং সর্বজ্ঞ। (১৫৯) যারা আমার অবতারিত দলীলসমূহ ও হিদায়াতকে গোপন করে, আমি তা

○ [illegible].কা (আঃ ১৫৫) ঃ শত্রু-সৈন্যের সাথে মুকাবেলা করার ভয়; দুর্ভিক্ষ ও দারিদ্র্যজনিত অনাহার; যাকাত, ছদকা প্রভৃতি কার্যে ব্যয় করে মালের হ্রাসকরণ, যুদ্ধে মৃত্যুবরণ; বার্ধক্যের দুর্বলতা ও রোগ; বাগানের ও ক্ষেতের ফল নষ্ট এবং সন্তানের মৃত্যু ইত্যাদি বিপদ দ্বারা আমি তোমাদের খোদাভক্তি ধৈর্যের পরীক্ষা করব। (মুঃ কোঃ) ○ শানে নুযূল (আঃ ১৫৮) ঃ ان الصفا والمروة – সাফা ও মারওয়া পাহাড়দ্বয়ের মাঝখানে বহু মূর্তি ছিল। শয়তানরা সারারাত সেখানে চক্কর দিত। ইসলামের আবির্ভাবের পর রাসূলাল্লাহকে (স) এ পাহাড়দ্বয়ের মাঝে তাওয়াফের ব্যাপারে প্রশ্ন করা হলে অতঃপর এ আয়াত অবতীর্ণ হয়।–(তাঃ ইবনে কাছীর)

مِنْ بَعْدِ مَا بَيَّنّٰهُ لِلنَّاسِ فِي الْكِتٰبِ لا اُولٰٓئِكَ يَلْعَنُهُمُ اللّٰهُ وَيَلْعَنُهُمُ

মিম্ বা'দি মা-বাইয়ান্না-হু লিন্না-সি ফিল্ কিতা-বি উলা—ইকা ইয়াল্'আনুহুমুল্লা-হু ওয়া ইয়াল্'আনু হুমুল
মানুষের জন্য কিতাবে স্পষ্টভাবে বর্ণনা করে দেয়ার পরও; আল্লাহ তাদের উপর লা'নত করেন এবং লা'নতদাতারাও তাদের উপর

اللّٰعِنُوْنَ ﴿١٥٩﴾ اِلَّا الَّذِيْنَ تَابُوْا وَاَصْلَحُوْا وَبَيَّنُوْا فَاُولٰٓئِكَ اَتُوْبُ عَلَيْهِمْ ج

লা'ইনূন। ১৬০। ইল্লাল লাযীনা তা-বূ ওয়া আস্বলাহূ ওয়া বাইয়্যানূ ফাউলা—ইকা আতূবু 'আলাইহিম্,
লা'নত করেন। (১৬০) কেবল যারা তওবা করে এবং নিজেদেরকে সংশোধন করে এবং (সত্যকে) প্রকাশ্যে বর্ণনা করে, আমি তাদের তওবা কবুল করব।

وَاَنَا التَّوَّابُ الرَّحِيْمُ ﴿١٦٠﴾ اِنَّ الَّذِيْنَ كَفَرُوْا وَمَاتُوْا وَهُمْ كُفَّارٌ اُولٰٓئِكَ عَلَيْهِمْ

ওয়া আনাত্ তাওয়্যা-বুর রাহ্বীম। ১৬১। ইন্নাল্লাযীনা কাফারূ ওয়া মা-তূ ওয়াহুম্ কুফ্ফা-রুন্ উলা—ইকা 'আলাইহিম
আমি তওবা কবুলকারী ও পরম দয়ালু। (১৬১) নিশ্চয়ই যারা কুফরী করেছে এবং কাফির অবস্থায়ই মারা গিয়েছে, তাদের উপর

لَعْنَةُ اللّٰهِ وَالْمَلٰٓئِكَةِ وَالنَّاسِ اَجْمَعِيْنَ ﴿١٦١﴾ خٰلِدِيْنَ فِيْهَا ج لَا يُخَفَّفُ

লা'নাতুল্লা-হি ওয়াল্ মালা—ইকাতি ওয়ান্না-সি আজ্বমা'ঈন্। ১৬২। খা-লিদীনা ফীহা, লা-ইয়ুখাফ্ফাফু
আল্লাহ, ফিরিশতাগণ এবং সকল মানুষের লা'নত। (১৬২) তারা সর্বদা সে লা'নতের মধ্যে থাকবে। তাদের

عَنْهُمُ الْعَذَابُ وَلَا هُمْ يُنْظَرُوْنَ ﴿١٦٢﴾ وَاِلٰهُكُمْ اِلٰهٌ وَّاحِدٌ ج لَآ اِلٰهَ اِلَّا

'আনহুমুল্ 'আযা-বু ওয়ালা-হুম্ ইয়ুন্যারূন্। ১৬৩। ওয়া ইলা-হুকুম্ ইলা-হুওঁ ওয়া-হিদ, লা~ইলা-হা ইল্লা-
শাস্তি হালকা করা হবে না এবং তাদেরকে কোন অবকাশও দেয়া হবে না। (১৬৩) আর তোমাদের মা'বুদ একই আল্লাহ। তিনি ছাড়া আর কোন মা'বুদ নেই।

১৯ ع ২১ ৩ রুকূ

هُوَ الرَّحْمٰنُ الرَّحِيْمُ ﴿١٦٣﴾ اِنَّ فِيْ خَلْقِ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَاخْتِلَافِ الَّيْلِ

হুওয়ার রাহ্মা-নুর রাহ্বীম। ১৬৪। ইন্না ফী খাল্ক্বিস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্দ্বি ওয়াখ্তিলা-ফিল্ লাইলি
তিনি অত্যন্ত দয়ালু ও করুণাময়। (১৬৪) নিশ্চয়ই আসমান ও যমীন সৃষ্টিতে, দিবস

وَالنَّهَارِ وَالْفُلْكِ الَّتِيْ تَجْرِيْ فِي الْبَحْرِ بِمَا يَنْفَعُ النَّاسَ وَمَآ اَنْزَلَ

ওয়ান্নাহা-রি ওয়াল ফুল্কিল্ লাতী তাজ্বরী ফিল বাহ্বরি বিমা- ইয়ানফা'উন্না-সা ওয়ামা~আন্যালাল্
ও রজনীর আবর্তনে এবং সে জলযানে যা মানুষের কল্যাণ সাধনে সমুদ্রে চলাচল করে আর সে

اللّٰهُ مِنَ السَّمَآءِ مِنْ مَّآءٍ فَاَحْيَا بِهِ الْاَرْضَ بَعْدَ مَوْتِهَا وَبَثَّ فِيْهَا مِنْ

লা-হু মিনাস্ সামা—ই মিম্ মা—ইন্ ফাআহ্ইয়া-বিহিল আর্দ্বা বা'দা মাওতিহা-ওয়া বাছ্ছা ফীহা-মিন
পানিতে যা আসমান থেকে বর্ষণ করে যমীনকে মৃত্যুর পরে পুনর্জীবিত করে এবং তাতে বিস্তার করে

○ শানে নুযূল (আঃ ১৬৩) ঃ এ আয়াত নাযিল হওয়ার পর মক্কার কাফেররা বলত, আমরা তিনশ ষাটটি দেব-দেবীর উপাসনা করে থাকি। এদের দ্বারা একটি শহরের শৃঙ্খলা বিধানই সুচারুরূপে হয়ে উঠছে না। আর রাসূলে কারীম (সা) বলেছেন, পৃথিবীর সকলেরই মা'বুদ একমাত্র আল্লাহ তা'আলা, যিনি সমগ্র পৃথিবীর যাবতীয় কার্য নির্বাহ করে থাকেন, এটা কেমন করে সম্ভব? তাঁর এ দাবী সত্য হলে তিনি এর প্রমাণ আনয়ন করুন। অতএব, আল্লাহ তা'আলা পরবর্তী আয়াতে নিজের অসীম ক্ষমতার নিদর্শনসমূহ বর্ণনা করেছেন। (মুঃ কোঃ)

كُلِّ دَآبَّةٍ ۪ وَّتَصْرِيْفِ الرِّيٰحِ وَالسَّحَابِ الْمُسَخَّرِ بَيْنَ السَّمَآءِ وَالْاَرْضِ

কুল্লি দা—ব্বাতিওঁ ওয়া তাস্বরীফির রিয়া-হি ওয়াস্সাহা-বিল্ মুসাখ্খারি বাইনাস্ সামা—ই ওয়াল্ আরদ্বি
সব ধরনের জীব জন্তু, বায়ুর দিক পরিবর্তনে এবং আকাশ ও পৃথিবীর মধ্য পথে নিয়ন্ত্রিত মেঘ মালাতে

لَاٰيٰتٍ لِّقَوْمٍ يَّعْقِلُوْنَ ۝ وَمِنَ النَّاسِ مَنْ يَّتَّخِذُ مِنْ دُوْنِ اللّٰهِ اَنْدَادًا

লাআ-য়া-তিল লিক্বাওমিইঁ ইয়া'ক্বিলূন। ১৬৫। ওয়া মিনান্ না-সি মাইঁ ইয়াত্তাখিযু মিন্ দূনিল্লা-হি আন্দা-দাইঁ
অবশ্যই জ্ঞানীদের জন্য নিদর্শন রয়েছে। (১৬৫) মানুষের মধ্যে এমন কতিপয় লোকও আছে, যারা আল্লাহ ভিন্ন অন্যকে তাঁর

يُّحِبُّوْنَهُمْ كَحُبِّ اللّٰهِ ؕ وَالَّذِيْنَ اٰمَنُوْٓا اَشَدُّ حُبًّا لِّلّٰهِ ؕ وَلَوْ يَرَى الَّذِيْنَ

ইয়ুহিব্বূনাহুম কাহুব্বিল্লা-হ ; ওয়াল্লাযীনা আ-মানূ~আশাদ্দু হুব্বাল্ লিল্লা-হ ; ওয়া লাও ইয়ারাল্লাযীনা
সমকক্ষ মনে করে তাকে আল্লাহর মতই ভালবাসে। কিন্তু যারা মুমিন তাদের ভালবাসা আল্লাহর প্রতি আরো সুদৃঢ়। হায়!

ظَلَمُوْٓا اِذْ يَرَوْنَ الْعَذَابَ ۙ اَنَّ الْقُوَّةَ لِلّٰهِ جَمِيْعًا ۙ وَّاَنَّ اللّٰهَ شَدِيْدُ

যালামূ~ইয্ ইয়ারাওনাল্ 'আযা-বা আন্নাল্ কুওয়্যাতা লিল্লা-হি জ্বামী-'আওঁ ওয়া আন্নাল্লা-হা শাদীদুল্
এ জালিমরা যখন কোন শাস্তি দেখতে পায় তখনই যদি এটা বুঝতো যে, সকল শক্তি একমাত্র আল্লাহরই এবং আল্লাহর শাস্তি

الْعَذَابِ ۝ اِذْ تَبَرَّاَ الَّذِيْنَ اتُّبِعُوْا مِنَ الَّذِيْنَ اتَّبَعُوْا وَرَاَوُا الْعَذَابَ

'আযা-ব। ১৬৬। ইয্ তাবার্রাআল লাযীনাত্ তুবি'উ মিনাল্লাযীনাত্তাবা'উ ওয়ারাআউল্ 'আযা-বা
অত্যন্ত কঠিন। (১৬৬) যখন অনুসৃতগণ তাদের অনুসারীদের দায়িত্ব থেকে বিমুখ হয়ে যাবে এবং তারা শাস্তিসমূহ স্বচক্ষে দেখতে

وَتَقَطَّعَتْ بِهِمُ الْاَسْبَابُ ۝ وَقَالَ الَّذِيْنَ اتَّبَعُوْا لَوْ اَنَّ لَنَا كَرَّةً فَنَتَبَرَّاَ

ওয়া তাক্বাত্ত্বা'আত্ বিহিমুল্ আস্বা-ব। ১৬৭। ওয়া ক্বা-লাল্ লাযীনাত্তাবা'উ লাও আন্না লানা- কার্রাতান্ ফানাতাবার্রাআ
পাবে এবং তাদের পরস্পর সম্পর্ক ছিন্ন হয়ে যাবে (১৬৭) এবং অনুসারীগণ বলবে; হায়! যদি আমরা দুনিয়ায় আবার ফিরে যেতে পারতাম তা হলে আমরাও

مِنْهُمْ كَمَا تَبَرَّءُوْا مِنَّا ؕ كَذٰلِكَ يُرِيْهِمُ اللّٰهُ اَعْمَالَهُمْ حَسَرٰتٍ عَلَيْهِمْ ؕ

মিন্হুম্ কামা- তাবার্রাউ মিন্না ; কাযা-লিকা ইয়ুরীহিমুল্লা-হু আ'মা-লাহুম্ হাসারা-তিন্ 'আলাইহিম্ ;
তাদের থেকে বিমুখ হয়ে যেতাম যেভাবে তারা আমাদের থেকে বিমুখ হয়েছে। এভাবেই আল্লাহ তায়ালা তাদের কার্যাবলী তাদেরকে

وَمَا هُمْ بِخٰرِجِيْنَ مِنَ النَّارِ ۝ يٰٓاَيُّهَا النَّاسُ كُلُوْا مِمَّا فِي الْاَرْضِ

২০ ع ৪ রুকূ

ওয়ামা-হুম্ বিখা-রিজ্বীনা মিনান্ না-র। ১৬৮। ইয়া~আইয়্যুহান্ না-সু কুলূ মিম্মা-ফিল্ আরদ্বি
তাদের অনুতাপরূপে দেখাবেন, আর তারা কখনো জাহান্নাম থেকে বের হবে না। (১৬৮) হে মানবজাতি! পৃথিবীতে যা

✪ টীকা (আঃ ১৬৫) ঃ এ সব বিষয় এরূপে চিন্তা করলে কাল্পনিক দেব-দেবীর অক্ষমতা এবং আল্লাহর শক্তি ও মহিমা তাদের হৃদয়ে বিকশিত হত, ফলে একত্ববাদে আস্থা স্থাপন ও ঈমান আনয়ন করত। (বঃ কোঃ)

✪ শানে নুযূল (আঃ ১৬৮) ঃ কোন কোন মুশরেক, প্রস্তরমূর্তির নামে গৃহপালিত চতুষ্পদ জন্তু ছেড়ে দিত এবং তার সম্মানার্থে তা থেকে কোন প্রকার স্বার্থ ভোগ করা নিষিদ্ধ বলে মনে করত এবং তাদের এ অপকর্মকে আল্লাহর আদেশ, আল্লাহর সন্তোষ লাভের কারণ এবং মূর্তির সুপারিশের মধ্যস্থতায় আল্লাহর নৈকট্য লাভের উপায় মনে করত। এ সম্বন্ধে সম্বোধন করে আল্লাহ বলেছেন। (বঃ কোঃ)

حَلٰلًا طَيِّبًا ۖ٘ وَّلَا تَتَّبِعُوْا خُطُوٰتِ الشَّيْطٰنِ ؕ اِنَّهٗ لَكُمْ عَدُوٌّ مُّبِيْنٌ ○

হালা-লান্ ত্বাইয়্যিবাওঁ ওয়ালা- তাত্তাবি'উ খুতুওয়া-তিশ্ শাইত্বা-ন্ ; ইন্নাহূ লাকুম্ 'আদুওউম্ মুবীন।
হালাল ও পবিত্র খাদ্য আছে তা থেকে তোমরা আহার কর। আর শয়তানের পদাংক অনুসরণ কর না। নিশ্চয়ই সে তোমাদের প্রকাশ্য শত্রু।

۝ اِنَّمَا يَاْمُرُكُمْ بِالسُّوْٓءِ وَالْفَحْشَآءِ وَاَنْ تَقُوْلُوْا عَلَى اللّٰهِ مَا لَا تَعْلَمُوْنَ ○

১৬৯। ইন্নামা-ইয়া'মুরুকুম বিস্সূ—ই ওয়াল্ ফাহ্শা—ই ওয়া আন্ তাকূলূ 'আলাল্লা-হি মা-লা- তা'লামূন্।
(১৬৯) সে তোমাদেরকে নির্দেশ দেয় মন্দ ও অশ্লীল কাজ করার এবং আল্লাহ সম্পর্কে এমন উক্তি করতে বলে যা তোমরা জান না।

۝ وَاِذَا قِيْلَ لَهُمُ اتَّبِعُوْا مَآ اَنْزَلَ اللّٰهُ قَالُوْا بَلْ نَتَّبِعُ مَآ اَلْفَيْنَا عَلَيْهِ اٰبَآءَنَا ؕ

১৭০। ওয়া ইযা-ক্বীলা লাহুমুত্ তাবি'উ মা~আনযালাল্লা-হু ক্বা-লূ বাল্ নাত্তাবি'উ মা~ আল্ফাইনা- 'আলাইহি আ-বা—আনা;
(১৭০) এবং যখন তাদেরকে বলা হয়, আল্লাহ যা অবতীর্ণ করেছেন তা তোমরা অনুসরণ কর, তখন তারা বলে, আমরা তো অনুসরণ করব

اَوَلَوْ كَانَ اٰبَآؤُهُمْ لَا يَعْقِلُوْنَ شَيْـًٔا وَّلَا يَهْتَدُوْنَ ۝ وَمَثَلُ الَّذِيْنَ كَفَرُوْا

আওয়া লাও কা-না আ-বা—উহুম্ লা-ইয়া'ক্বিলূনা শাইআওঁ ওয়ালা- ইয়াহ্তাদূন্। ১৭১। ওয়া মাছালুল্ লাযীনা কাফারূ
যার উপর আমাদের বাপ-দাদাদেরকে আমরা পেয়েছি। যদিও তাদের বাপ দাদা কিছুই বুঝত না এবং তারা সৎপথেও ছিল না। (১৭১) আর কাফিরদের দৃষ্টান্ত

كَمَثَلِ الَّذِيْ يَنْعِقُ بِمَا لَا يَسْمَعُ اِلَّا دُعَآءً وَّنِدَآءً ؕ صُمٌّۢ بُكْمٌ عُمْيٌ فَهُمْ

কামাছালিল্ লাযী ইয়ান্'ইকু বিমা- লা- ইয়াসমা'উ ইল্লা- দু'আ—আওঁ ওয়া নিদা—আ ; ছুম্মুম্ বুকমুন্ 'উমইয়ুন্ ফাহুম
এমন, যেমন কোন ব্যক্তি এমন কোন জন্তুকে ডাকে যে শুধু আহ্বান ও চিৎকার ব্যতীত আর কিছুই শোনতে পায় না। তারা বধির, বোবা, অন্ধ। সুতরাং তারা

لَا يَعْقِلُوْنَ ۝ يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا كُلُوْا مِنْ طَيِّبٰتِ مَا رَزَقْنٰكُمْ وَاشْكُرُوْا لِلّٰهِ

লা-ইয়া'ক্বিলূন। ১৭২। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ কুলূ মিন্ ত্বাইয়্যিবা-তি মা-রাযাক্বনা-কুম্ ওয়াশ্কুরূ লিল্লা-হি
কিছুই বুঝে না। (১৭২) হে মুমিনগণ! আমি তোমাদেরকে যে পবিত্র রিযিক দান করেছি তা থেকে আহার কর এবং আল্লাহর কৃতজ্ঞতা প্রকাশ কর,

اِنْ كُنْتُمْ اِيَّاهُ تَعْبُدُوْنَ ۝ اِنَّمَا حَرَّمَ عَلَيْكُمُ الْمَيْتَةَ وَالدَّمَ وَلَحْمَ الْخِنْزِيْرِ

ইন্ কুন্তুম্ ইয়্যা-হু তা'বুদূন্। ১৭৩। ইন্নামা- হার্রামা 'আলাইকুমুল মাইতাতা ওয়াদ্দামা ওয়া লাহ্মাল্ খিন্যীরি
যদি তোমরা একমাত্র তাঁরই ইবাদাত করে থাক। (১৭৩) তিনি তো (আল্লাহ) তোমাদের জন্য হারাম করে দিয়েছেন মৃত জন্তু, রক্ত, শূকরের গোশত এবং

وَمَآ اُهِلَّ بِهٖ لِغَيْرِ اللّٰهِ ۚ فَمَنِ اضْطُرَّ غَيْرَ بَاغٍ وَّلَا عَادٍ فَلَآ اِثْمَ عَلَيْهِ ؕ

ওয়ামা~উহিল্লা বিহী লিগাইরিল্লা-হ, ফামানিদ্বত্বুর্রা গাইরা বা-গিওঁ ওয়ালা- 'আ-দিন্ ফালা~ইছমা 'আলাইহ ;
যা আল্লাহ ব্যতীত অন্যের নামে উৎসর্গ করা হয়েছে। তবে যে অনন্যোপায় হয়ে যায় অথচ সে নাফরমান নয় এবং সীমালংঘনকারীও নয় তার জন্য কোন পাপ নেই।

اِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ۝ اِنَّ الَّذِيْنَ يَكْتُمُوْنَ مَآ اَنْزَلَ اللّٰهُ مِنَ الْكِتٰبِ وَيَشْتَرُوْنَ

ইন্নাল্লা-হা গাফূরুর্ রাহীম। ১৭৪। ইন্নাল্ লাযীনা ইয়াকতুমূনা মা~আন্যালাল্লা-হু মিনাল্ কিতা-বি ওয়া ইয়াশ্তারূনা
নিশ্চয়ই আল্লাহ বড় ক্ষমাশীল ও দয়ালু। (১৭৪) নিশ্চয়ই যারা আল্লাহ তায়ালার অবতারিত কিতাব গোপন করে এবং তা বিক্রয়

بِهٖ ثَمَنًا قَلِيلًا اُولٰٓئِكَ مَا يَاْكُلُوْنَ فِيْ بُطُوْنِهِمْ اِلَّا النَّارَ وَلَا يُكَلِّمُهُمُ اللّٰهُ

বিহী ছামানান্ ক্বালীলান্ উলা—ইকা মা-ইয়া'কুলূনা ফী বুতুনিহিম্ ইল্লান্ না-রা ওয়ালা- ইয়ুকাল্লিমুহুমুল্লা-হু
করে সামান্য মূল্যে, তারা নিজেদের পেটে আগুন ছাড়া আর কিছুই পুরে না। আল্লাহ তাদের সাথে কথা বলবেন না

يَوْمَ الْقِيٰمَةِ وَلَا يُزَكِّيْهِمْ ۚ وَلَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ﴿١٧٤﴾ اُولٰٓئِكَ الَّذِيْنَ اشْتَرَوُا

ইয়াওমাল্ ক্বিয়া-মাতি ওয়া লা- ইয়ুযাক্কীহিম্, ওয়া লাহুম্ 'আযা-বুন্ আলীম্। ১৭৫। উলা—ইকাললাযীনাশ তারাউদ্ব
কিয়ামতের দিন। আর তাদের পবিত্রও করবেন না। আর তাদের জন্য রয়েছে মর্মন্তুদ শাস্তি। (১৭৫) তারাই ক্রয় করেছে গোমরাহীকে

الضَّلٰلَةَ بِالْهُدٰى وَالْعَذَابَ بِالْمَغْفِرَةِ ۚ فَمَآ اَصْبَرَهُمْ عَلَى النَّارِ ﴿١٧٥﴾ ذٰلِكَ

দ্বালা-লাতা বিল্ হুদা- ওয়াল্ 'আযা-বা বিল্ মাগ্ফিরাহ্, ফামা~আস্বারাহুম্ 'আলান্ না-র। ১৭৬। যা-লিকা
হিদায়াতের বিনিময়ে এবং শাস্তিকে ক্ষমার বিনিময়ে। জাহান্নামের আগুনে তারা কতইনা ধৈর্যশীল। (১৭৬) এর কারণ এই যে,

بِاَنَّ اللّٰهَ نَزَّلَ الْكِتٰبَ بِالْحَقِّ ۗ وَاِنَّ الَّذِيْنَ اخْتَلَفُوْا فِي الْكِتٰبِ لَفِيْ

বিআন্নাল্লা-হা নায্যালাল্ কিতা-বা বিল্হাক্ক্ব ; ওয়া ইন্নাল্লাযীনাখতালাফূ ফিল্ কিতা-বি লাফী
আল্লাহ্ সত্যসহকারে কিতাব অবতীর্ণ করেছেন। আর যারা এ কিতাব সমন্ধে মতভেদ সৃষ্টি করেছে নিশ্চয়ই তারা সুদূর প্রসারী

شِقَاقٍ بَعِيْدٍ ﴿١٧٦﴾ لَيْسَ الْبِرَّ اَنْ تُوَلُّوْا وُجُوْهَكُمْ قِبَلَ الْمَشْرِقِ وَالْمَغْرِبِ

শিক্বা-ক্বিম্ বা'ঈদ্। ১৭৭। লাইসাল্ বির্রা আন তুওয়াল্লূ উজূহাকুম্ ক্বিবালাল্ মাশ্রিক্বি ওয়াল্ মাগ্রিবি
মতভেদে রয়েছে। (১৭৭) পূর্ব ও পশ্চিম দিকে তোমাদের মুখ ফিরানোর মধ্যে কোনই পূণ্য নেই বরং

وَلٰكِنَّ الْبِرَّ مَنْ اٰمَنَ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ وَالْمَلٰٓئِكَةِ وَالْكِتٰبِ وَالنَّبِيّٖنَ ۚ

ওয়ালা-কিন্নাল্ বির্রা মান আ-মানা বিল্লা-হি ওয়াল্ ইয়াওমিল আ-খিরি ওয়াল্ মালা—ইকাতি ওয়াল্ কিতা-বি ওয়ান্নাবিয়্যীন,
প্রকৃত পূণ্য হল, যে ঈমান আনবে আল্লাহর উপর, আখিরাতের উপর, ফিরিশতাদের উপর, কিতাবসমূহের উপর এবং নবীগণের

وَاٰتَى الْمَالَ عَلٰى حُبِّهٖ ذَوِي الْقُرْبٰى وَالْيَتٰمٰى وَالْمَسٰكِيْنَ وَابْنَ السَّبِيْلِ ۙ

ওয়া আ-তাল্ মা-লা 'আলা- হুব্বিহী যাবিল্ কুরবা- ওয়াল্ ইয়াতা-মা- ওয়াল্ মাসা-কীনা ওয়াব্নাস্ সাবীলি
উপর এবং আল্লাহর মহব্বতে যে সম্পদ ব্যয় করে আত্মীয়-স্বজন, অভাবগ্রস্ত, পথিক, ভিক্ষুকগণ

وَالسَّآئِلِيْنَ وَفِي الرِّقَابِ ۚ وَاَقَامَ الصَّلٰوةَ وَاٰتَى الزَّكٰوةَ ۚ وَالْمُوْفُوْنَ بِعَهْدِهِمْ

ওয়াস্ সা—ইলীনা ওয়াফির রিক্বা-ব, ওয়া আক্বা-মাস্ব স্বালা-তা ওয়া আ-তায যাকা-হ, ওয়াল্ মূফূনা বি'আহ্দিহিম্
এবং দাস মুক্তির জন্য আর সালাত কায়েম করে ও যাকাত প্রদান করে এবং প্রতিশ্রুতি দিয়ে

✪ টীকা (আঃ ১৭৭) ঃ وابن السبيل – অর্থাৎ এমন পথিক যার রাহ্ খরচ নেই। তাকে এ পরিমাণ দান করতে হবে যার সাহায্যে সে নিরাপদে ঘরে ফিরতে পারে। তেমনি যে ব্যক্তি দ্বীনের কাজে বের হয়, তার রাহ্ খরচ না থাকলেও তার যাতায়াত খরচ দিতে হবে।

✪ টীকা (আঃ ১৭৭) ঃ والسائلين – সাহায্য প্রার্থী– অর্থাৎ যারা নিজের অভাব প্রকাশ করে মানুষের কাছে কিছু চেয়ে বেড়ায়। তাদেরকে ভিক্ষুক বলা হয়, যাকাত ও সদকা তারাও প্রাপ্য। রাসূলুল্লাহ (স) বলেছেন– "ভিক্ষুক অশ্বারোহণে আসলেও ভিক্ষা পাবার অধিকারী।

✪ টীকা (আঃ ১৭৭) ঃ وفى الرقاب – অর্থাৎ কারো দাস মুক্তির জন্য দান করা। যেসব ক্রীতদাস এ শর্তে দাসত্ব করতেছে যে নির্দিষ্ট পরিমাণ অর্থ সে মালিককে দিলে মুক্তি পাবে, অথচ সে তা সংগ্রহ করতে পারতেছে না। তাকে সে পরিমাণ অর্থ দান করা।

اِذَا عٰهَدُوْا ۚ وَالصّٰبِرِيْنَ فِي الْبَاْسَآءِ وَالضَّرَّآءِ وَحِيْنَ الْبَاْسِ ۗ اُولٰٓئِكَ

ইযা- 'আ-হাদূ, ওয়াস্বস্বা-বিরীনা ফিল্বা'সা—ই ওয়াদ্বদ্বার্রা—ই ওয়া হ্বীনাল্ বা'স ; উলা—ইকাল্
তা পূর্ণ করে এবং ধৈর্যধারণ করে দুঃখ-কষ্ট ও যুদ্ধের সংকটময় মুহূর্তে। এসব লোকই সত্য

الَّذِيْنَ صَدَقُوْا ۗ وَاُولٰٓئِكَ هُمُ الْمُتَّقُوْنَ ﴿١٧٧﴾ يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا كُتِبَ

লাযীনা স্বাদাক্বূ ; ওয়া উলা—ইকা হুমুল মুত্তাকূন্। ১৭৮। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ কুতিবা
পরায়ন এবং এরাই মুত্তাকী। (১৭৮) হে ঈমানদারগণ! নিহতদের ব্যাপারে তোমাদের উপর কিসাস

عَلَيْكُمُ الْقِصَاصُ فِي الْقَتْلٰى ۗ اَلْحُرُّ بِالْحُرِّ وَالْعَبْدُ بِالْعَبْدِ وَالْاُنْثٰى بِالْاُنْثٰى ۗ

'আলাইকুমুল্ ক্বিস্বা-স্বু ফিল্ ক্বাত্লা ; আল্ হুর্রু বিলহুর্রি ওয়াল্ 'আব্দু বিল্ 'আব্দি ওয়াল্ উন্ছা- বিল্ উন্ছা-;
ফরয করা হল। আযাদ ব্যক্তির পরিবর্তে আযাদ ব্যক্তি এবং গোলামের পরিবর্তে গোলাম, নারীর পরিবর্তে নারী।

فَمَنْ عُفِيَ لَهٗ مِنْ اَخِيْهِ شَيْءٌ فَاتِّبَاعٌ بِالْمَعْرُوْفِ وَاَدَآءٌ اِلَيْهِ بِاِحْسَانٍ ۗ

ফামান্ 'উফিয়া লাহূ মিন্ আখীহি শাইউন্ ফাত্তিবা-'উম্ বিল্ মা'রূফি ওয়া আদা—উন ইলাইহি বিইহ্সা-ন
কিন্তু যাকে তার ভাইয়ের তরফ থেকে কিছুটা ক্ষমা করা হয়, তবে বিধি অনুযায়ী তা মেনে নিয়ে সততার সাথে তার প্রাপ্য আদায় করা উচিত।

ذٰلِكَ تَخْفِيْفٌ مِّنْ رَّبِّكُمْ وَرَحْمَةٌ ۗ فَمَنِ اعْتَدٰى بَعْدَ ذٰلِكَ فَلَهٗ عَذَابٌ اَلِيْمٌ

যা-লিকা তাখ্ফীফুম্ মির্ রাব্বিকুম ওয়া রাহ্মাহ্ ; ফামানি' তাদা-বা'দা যা-লিকা ফালাহূ 'আযা-বুন আলীম্।
এটা তোমদের প্রতিপালকের তরফ থেকে লঘু দন্ড ও অনুগ্রহ। যে ব্যক্তি এরপর সীমালংঘন করবে তার জন্য রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি।

﴿١٧٨﴾ وَلَكُمْ فِي الْقِصَاصِ حَيٰوةٌ يّٰٓاُولِي الْاَلْبَابِ لَعَلَّكُمْ تَتَّقُوْنَ ﴿١٧٩﴾ كُتِبَ

১৭৯। ওয়ালাকুম্ ফিল ক্বিস্বা-স্বি হায়া-তুঁই ইয়া~উলিল্ আল্বা-বি লা'আল্লাকুম তাত্তাকূন। ১৮০। কুতিবা
(১৭৯) হে জ্ঞানীগণ! কিসাসের মধ্যে রয়েছে তোমাদের জীবন। যাতে তোমরা (অন্যায়ভাবে হত্যা কার্য থেকে) সাবধান হতে পার। (১৮০) তোমাদের

عَلَيْكُمْ اِذَا حَضَرَ اَحَدَكُمُ الْمَوْتُ اِنْ تَرَكَ خَيْرًا ۚ ۖ الْوَصِيَّةُ لِلْوَالِدَيْنِ

'আলাইকুম্ ইযা-হ্বাদ্বারা আহ্বাদাকুমুল মাওতু ইন্ তারাকা খাইরা- নিল্ ওয়াস্বিয়্যাতু লিল্ ওয়া-লিদাইনি
মধ্যে কারো মৃত্যুর সময় উপস্থিত হলে, তখন সে যদি কোন সম্পদ রেখে যায়, (এ ব্যাপারে) তোমাদের উপর ফরয করা হল যে, ওসিয়ত করে

وَالْاَقْرَبِيْنَ بِالْمَعْرُوْفِ ۚ حَقًّا عَلَى الْمُتَّقِيْنَ ﴿١٨٠﴾ فَمَنْ بَدَّلَهٗ بَعْدَمَا سَمِعَهٗ

ওয়াল্ আক্বরাবীনা বিল্ মা'রূফ, হ্বাক্ক্বান 'আলাল্ মুত্তাক্বীন। ১৮১। ফামাম্ বাদ্দালাহূ বা'দা মা-সামি'আহূ
যাওয়া, পিতা-মাতা ও আত্মীয়-স্বজনের জন্য ন্যায়ানুগভাবে। মুত্তাকীদের এটা করা অবশ্য কর্তব্য। (১৮১) এ (ওসিয়ত) শোনার পর যে ব্যক্তি এর মধ্যে

✪ শানে নুযূল (আঃ ১৭৮) ঃ يايها الذين امنوا كتب عليكم القصاص – জাহেলী যুগে বনু নজীর ও বনু কুরায়জার মধ্যে যুদ্ধ সংঘটিত হয়েছিল। সে যুদ্ধে বনু কুরায়জার পরাজয় ঘটে এবং বনু নজীরগণ তাদের উপর আধিপত্য বিস্তার করে। অতঃপর বনু নজীরের কেউ যদি বনু কুরায়জার কাউকে হত্যা করত, তাহলে হত্যাকারীকে হত্যা না করে তার বিনিময় একশত ওয়াসাক খেজুর দেয়া হত। অথবা, বনু নজীরের হত্যাকারীর দ্বিগুণ বিনিময় মূল্য দিতে হত। তাই আল্লাহ তায়ালা কিসাসের ক্ষেত্রে ইনসাফ কায়েমের নির্দেশ দিলেন। (তা ঃ ইবনে কাছীর)

فَاِنَّمَآ اِثْمُهٗ عَلَى الَّذِيْنَ يُبَدِّلُوْنَهٗ ؕ اِنَّ اللّٰهَ سَمِيْعٌ عَلِيْمٌ ﴿١٨٢﴾ فَمَنْ خَافَ مِنْ

ফাইন্নামা~ইছমুহূ 'আলাল্লাযীনা ইয়ুবাদ্দিলূনাহ ; ইন্নাল্লা-হা সামী'উন্ 'আলীম্ । ১৮২ । ফামান্ খা-ফা মিম্

পরিবর্তন ঘটাবে; তবে যারা পরিবর্তন করবে, এর পাপ তাদেরই হবে। নিশ্চয়ই আল্লাহ সর্বশ্রোতা ও সর্বজ্ঞ। (১৮২) তবে কেউ যদি ওসিয়তকারীর পক্ষপাতিত্বের

مُّوْصٍ جَنَفًا اَوْ اِثْمًا فَاَصْلَحَ بَيْنَهُمْ فَلَآ اِثْمَ عَلَيْهِ ؕ اِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ۝

২২ ع ৬ ৬ রুকূ

মূস্বিন্ জ্বানাফান আও ইছমান ফাআস্বলাহ্বা বাইনাহুম ফালা~ইছমা 'আলাইহ ; ইন্নাল্লা-হা গাফূরুর রাহ্বীম।

অথবা অন্যায়ের আশংকা করে, তারপর সে তাদের মধ্যে আপোস মিমাংসা করে দেয়, তাতে কোন পাপ হবে না। নিশ্চয়ই আল্লাহ ক্ষমাশীল ও অসীম দয়ালু।

﴿١٨٣﴾ يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا كُتِبَ عَلَيْكُمُ الصِّيَامُ كَمَا كُتِبَ عَلَى الَّذِيْنَ مِنْ

১৮৩। ইয়া~আইয়্যুহাল্লাযীনা আ-মানূ কুতিবা 'আলাইকুমুস্ব স্বিয়া-মু কামা- কুতিবা 'আলাল্লাযীনা মিন্

(১৮৩) হে ঈমানদারগণ! তোমাদের উপর রোযা ফরয করা হল যেভাবে ফরয করা হয়েছিল, তোমাদের পূর্ববর্তীদের উপর।

قَبْلِكُمْ لَعَلَّكُمْ تَتَّقُوْنَ ﴿١٨٤﴾ اَيَّامًا مَّعْدُوْدٰتٍ ؕ فَمَنْ كَانَ مِنْكُمْ مَّرِيْضًا اَوْ عَلٰى

ক্বাব্লিকুম্ লা'আল্লাকুম্ তাত্তাকূন্। ১৮৪। আইয়্যা-মাম মা'দূদা-ত ; ফামান্ কা-না মিন্কুম্ মারীদ্বান্ আও 'আলা-

যাতে তোমরা মুত্তাকী হতে পার। (১৮৪) তা সীমিত কয়েকদিনের জন্য। তোমাদের মধ্যে কেউ অসুস্থ হলে অথবা, সফরে থাকলে, অন্য

سَفَرٍ فَعِدَّةٌ مِّنْ اَيَّامٍ اُخَرَ ؕ وَعَلَى الَّذِيْنَ يُطِيْقُوْنَهٗ فِدْيَةٌ طَعَامُ مِسْكِيْنٍ ؕ

সাফারিন্ ফা'ইদ্দাতুম্ মিন্ আয়্যা-মিন্ উখার ; ওয়া 'আলাল্লাযীনা ইয়ুত্বীকূনাহূ ফিদ্ইয়াতুন ত্বা'আ-মু মিস্কীন ;

দিনগুলোতে এ রোযা পূরণ করে নিতে হবে। আর যারা রোযা রাখতে অক্ষম তাদের কর্তব্য হল এর পরিবর্তে ফিদিয়া হিসাবে একজন মিসকীনকে

فَمَنْ تَطَوَّعَ خَيْرًا فَهُوَ خَيْرٌ لَّهٗ ؕ وَاَنْ تَصُوْمُوْا خَيْرٌ لَّكُمْ اِنْ كُنْتُمْ تَعْلَمُوْنَ ۝

ফামান্ তাত্বাওয়্যা'আ খাইরান ফাহুওয়া খাইরুল্লাহ; ওয়া আন্ তাস্বূমূ খাইরুল্লাকুম ইন্ কুনতুম তা'লামূন্।

খাদ্য খাওয়ান। যদি কেউ স্বতঃ স্ফুর্তভাবে ভাল কাজ করে সেটা তার জন্য উত্তম।

﴿١٨٥﴾ شَهْرُ رَمَضَانَ الَّذِيْٓ اُنْزِلَ فِيْهِ الْقُرْاٰنُ هُدًى لِّلنَّاسِ وَبَيِّنٰتٍ مِّنَ

১৮৫। শাহ্রু রামাদ্বা-নাল লাযী~উন্যিলা ফীহিল্ কুরআ-নু হুদাল্ লিন্না-সি ওয়া বাইয়্যিনা-তিম্ মিনাল্

(১৮৫) তোমাদের জন্য রোযা রাখাই উত্তম। যদি তোমরা উপলব্ধি করতে, রমযান মাস হল সে মাস, যাতে কুরআন মজীদ অবতীর্ণ করা হয়েছে, যা মানব জাতির জন্য

الْهُدٰى وَالْفُرْقَانِ ۚ فَمَنْ شَهِدَ مِنْكُمُ الشَّهْرَ فَلْيَصُمْهُ ؕ وَمَنْ كَانَ مَرِيْضًا

হুদা- ওয়াল ফুরক্বা-ন, ফামান্ শাহিদা মিন্কুমুশ্ শাহ্রা ফাল্ইয়াস্বুমহু ; ওয়া মান্ কা-না মারীদ্বান্

পথ প্রদর্শক এবং হেদায়াতের সুস্পষ্ট নিদর্শন ও সত্য-মিথ্যার পার্থক্যকারী। তোমাদের মধ্যে যে ব্যক্তি এ মাস পাবে সে যেন অবশ্যই এর রোযা রাখে। আর কেউ অসুস্থ

✪ টীকা (আঃ ১৮৩) ঃ কেননা, রোযা রাখলে প্রবৃত্তিকে এর বিভিন্ন কামনা হতে বিরত রাখার অভ্যাস হবে। অভ্যাসের দৃঢ়তাই মুত্তাকী হওয়ার ভিত্তি। (বঃ কোঃ) ✪ টীকা (আঃ ১৮৩) ঃ সক্ষম ব্যক্তিরও রোযা রাখতে মনে না চাইলে ফিদ্য়া দেয়ার বিধান ইসলামের প্রথম যুগে ছিল। পরে তা রহিত হয়ে গেছে। ✪ টীকা (আঃ ১৮৫) ঃ انزل فيه القران -(যে মাসে কুরআন অবতীর্ণ করা হয়েছে) বর্ণিত আছে যে, এ পবিত্র কুরআন মাহে রমযানের লাইলাতুল কদরে লাওহে মাহ্ফুয থেকে দুনিয়ার নিকটতম আসমানে অবতীর্ণ হয়েছিল। তারপর এ কুরআন মজীদ হযরত মুহাম্মাদের (সা) উপর আল্লাহ তায়ালার ইচ্ছা মাফিক অবতীর্ণ হয়েছে। (তা ঃ তাবারী শরীফ)

اَوْ عَلٰى سَفَرٍ فَعِدَّةٌ مِّنْ اَيَّامٍ اُخَرَ ؕ يُرِيْدُ اللّٰهُ بِكُمُ الْيُسْرَ وَلَا يُرِيْدُ بِكُمُ

আও 'আলা- সাফারিন্ ফা'ইদ্দাতুম্ মিন্ আইয়্যা-মিন্ উখার ; ইয়ুরীদুল্লা-হু বিকুমুল্ ইয়ুস্রা ওয়ালা- ইয়ুরীদু বিকুমুল

হলে, অথবা, সফর অবস্থায় থাকলে সে তা অন্য দিনগুলোতে পূর্ণ করবে, আল্লাহ তোমাদের ব্যাপারে সহজটাই চান এবং তোমাদের জন্য যা কষ্টকর তিনি তা

الْعُسْرَ ۫ وَلِتُكْمِلُوا الْعِدَّةَ وَلِتُكَبِّرُوا اللّٰهَ عَلٰى مَا هَدٰىكُمْ وَلَعَلَّكُمْ

'উসর, ওয়া লিতুক্মিলুল্ 'ইদ্দাতা ওয়া লিতুকাব্বিরুল্লা-হা 'আলা-মা- হাদা-কুম্ ওয়া লা'আল্লাকুম্

চান না। এজন্য যে, তোমরা সংখ্যা পূর্ণ করবে আর তোমাদেরকে সৎপথ প্রদর্শন করার কারণে তোমরা তাঁর (আল্লাহর) শ্রেষ্ঠত্ব ঘোষণা করবে এবং যাতে তোমরা

تَشْكُرُوْنَ ﴿١٨٦﴾ وَاِذَا سَاَلَكَ عِبَادِيْ عَنِّيْ فَاِنِّيْ قَرِيْبٌ ؕ اُجِيْبُ دَعْوَةَ

তাশকুরূন্। ১৮৬। ওয়া ইযা- সাআলাকা 'ইবা-দী 'আন্নী ফাইন্নী ক্বারীব ; উজ্বীবু দা'ওয়াতাদ্

কৃতজ্ঞতা প্রকাশ কর। (১৮৬) আমার বান্দাগণ যখন আমার সম্পর্কে আপনার কাছে প্রশ্ন করে, (তখন আপনি বলুন) আমি তো খুবই নিকটে। যখন কোন আহ্বানকারী

الدَّاعِ اِذَا دَعَانِ ۙ فَلْيَسْتَجِيْبُوْا لِيْ وَلْيُؤْمِنُوْا بِيْ لَعَلَّهُمْ يَرْشُدُوْنَ ۝

দা-'ই ইযা-দা'আ-নি ফাল্ ইয়াস্তাজ্বীবূ লী ওয়াল্ ইয়ু'মিনূ বী লা'আল্লাহুম্ ইয়ারশুদূন্।

আমাকে আহ্বান করে তখন আমি তার আহ্বানে সাড়া দেই। সুতরাং তাদের উচিত আমার ডাকে সাড়া দেয়া এবং আমার প্রতি ঈমান আনা, যাতে তারা সুপথ প্রাপ্ত হয়।

﴿١٨٧﴾ اُحِلَّ لَكُمْ لَيْلَةَ الصِّيَامِ الرَّفَثُ اِلٰى نِسَآئِكُمْ ؕ هُنَّ لِبَاسٌ لَّكُمْ وَاَنْتُمْ

১৮৭। উহ্বিল্লা লাকুম লাইলাতাস্ব স্বিয়া-মির্ রাফাছু ইলা- নিসা—ইকুম; হুন্না লিবা-সুল্ লাকুম্ ওয়া আন্তুম্

(১৮৭) রোযার রাতে তোমাদের জন্য স্ত্রী সহবাস বৈধ করা হয়েছে। তারা তোমাদের ভূষণ এবং তোমরা তাদের ভূষণ;

لِبَاسٌ لَّهُنَّ ؕ عَلِمَ اللّٰهُ اَنَّكُمْ كُنْتُمْ تَخْتَانُوْنَ اَنْفُسَكُمْ فَتَابَ

লিবা-সুল্ লাহুন্না ; 'আলিমাল্লা-হু আন্নাকুম্ কুন্তুম্ তাখ্তা-নূনা আন্ফুসাকুম্ ফাতা-বা

আল্লাহ জানতেন যে, তোমরা নিজেদের প্রতি খেয়ানত করতেছিলে। তারপর তিনি তোমাদের তওবা কবুল করলেন এবং তোমাদেরকে

عَلَيْكُمْ وَعَفَا عَنْكُمْ ۚ فَالْـٰٔنَ بَاشِرُوْهُنَّ وَابْتَغُوْا مَا كَتَبَ اللّٰهُ لَكُمْ ص

'আলাইকুম ওয়া 'আফা- 'আন্কুম্, ফাল্আ-না বা-শিরূহুন্না ওয়াব্তাগূ মা- কাতাবাল্লা-হু লাকুম্

ক্ষমা করে দিলেন। এখন তোমরা তাদের (নিজ স্ত্রী) সাথে মেলা মেশা কর এবং সন্ধান কর আল্লাহ তোমাদের জন্য যা নির্ধারণ করেছেন।

وَكُلُوْا وَاشْرَبُوْا حَتّٰى يَتَبَيَّنَ لَكُمُ الْخَيْطُ الْاَبْيَضُ مِنَ الْخَيْطِ الْاَسْوَدِ

ওয়া কুলূ ওয়াশ্রাবূ হাত্তা- ইয়াতাবাইয়্যানা লাকুমুল্ খাইত্বুল্ আব্ইয়াদ্বু মিনাল্ খাইত্বিল আসওয়াদি

আর তোমরা পানাহার কর যতক্ষণ না রাতের কালো রেখা হতে উষার শুভ্র রেখা স্পষ্টরূপে তোমাদের নিকট প্রকাশিত হয়

✪ শানে নুযূল (আঃ ১৮৬) ঃ واذا سألك عبادى - জনৈক আরব হুজুর (সা)-এর নিকট জিজ্ঞাসা করল, ইয়া রাসূলাল্লাহ! আমাদের প্রভূ কি আমাদের নিকটে আছেন না দূরে আছেন? যদি নিকটে থেকে থাকেন, তবে আমরা তাঁর সাথে গোপনে কথা বলব। আর যদি দূরে থেকে থাকেন তবে আমরা তাঁকে উচ্চঃস্বরে আহ্বান করব। এতদশ্রবণে নবী করীম (সা) চুপ হয়ে রইলেন, তখন এ আয়াত নাযিল হল। (তাঃ ইবনে কাসীর)

✪ টীকা (আঃ ১৮৭) ঃ وابتغوا ما كتب الله - অর্থাৎ তোমাদের জন্য যে সন্তান-সন্ততি আল্লাহ তায়ালা লাওহে মাহফুযে স্থিরীকৃত করেছেন স্ত্রী গমন দ্বারা তোমাদের তাই কাম্য হওয়া উচিত। কেবল যৌন চাহিদা পূরণই যেন সার না হয়। (তা ঃ উসমানী)

مِنَ الْفَجْرِ ثُمَّ أَتِمُّوا الصِّيَامَ إِلَى الَّيْلِ وَلَا تُبَاشِرُوهُنَّ وَأَنْتُمْ عٰكِفُونَ

মিনাল ফাজ্বর, ছুম্মা আতিমমুস্ব স্বিয়া-মা ইলাল্ লাইল, ওয়ালা- তুবা-শিরূহুন্না ওয়া আন্তুম্ 'আ-কিফূনা
অতঃপর রাত পর্যন্ত রোযা পূর্ণ কর এবং তোমরা স্ত্রী সংসর্গে যেওনা যখন তোমরা মসজিদে ই'তিকাফ অবস্থায় থাকবে।

فِي الْمَسٰجِدِ تِلْكَ حُدُودُ اللّٰهِ فَلَا تَقْرَبُوهَا كَذٰلِكَ يُبَيِّنُ اللّٰهُ

ফিল্ মাসা-জ্বিদ ; তিল্কা হুদূদুল্লা-হি ফালা-তাক্বরাবূহা, কাযা-লিকা ইয়ুবাইয়্যিনুল্লা-হু
এই হল আল্লাহর সীমারেখা, কাজেই এগুলোর নিকটবর্তী হয়ো না। এভাবেই আল্লাহ তার আয়াতগুলো মানুষদের জন সুস্পষ্টভাবে

اٰيٰتِهٖ لِلنَّاسِ لَعَلَّهُمْ يَتَّقُونَ ﴿١٨٧﴾ وَلَا تَأْكُلُوٓا أَمْوٰلَكُمْ بَيْنَكُمْ بِالْبٰطِلِ

আ-য়া-তিহী লিন্না-সি লা'আল্লাহুম ইয়াত্তাকূন্। ১৮৭। ওয়ালা- তা'কুলূ~আম্ওয়া- লাকুম্ বাইনাকুম্ বিল্ বা-ত্বিলি
বর্ণনা করেন। যাতে তারা সাবধান হয়ে চলতে পারে। (১৮৭) তোমরা একে অপরের ধন সম্পদ অন্যায়ভাবে ভক্ষণ করো না।

وَتُدْلُوا بِهَآ إِلَى الْحُكَّامِ لِتَأْكُلُوا فَرِيقًا مِّنْ أَمْوٰلِ النَّاسِ بِالْإِثْمِ

ওয়া তুদ্লূ বিহা~ইলাল্ হুক্কা-মি লিতা'কুলূ ফারীক্বাম্ মিন্ আম্ওয়া-লিন্ না-সি বিল্ ইছমি
এবং মানুষের সম্পদের কিয়দাংশ অন্যায়ভাবে গ্রাস করার উদ্দেশ্যে বিচারকদের নিকট পেশ করো না। অথচ তোমরা

২৩ ع ৬ ৭ রুকূ

وَأَنْتُمْ تَعْلَمُونَ ﴿١٨٨﴾ يَسْـَٔلُونَكَ عَنِ الْأَهِلَّةِ قُلْ هِيَ مَوٰقِيتُ لِلنَّاسِ

ওয়া আন্তুম তা'লামূন্। ১৮৮। ইয়াস্আলূনাকা 'আনিল আহিল্লাহ ; কুল হিয়া মাওয়া-ক্বীতু লিন্না-সি
তা জান। (১৮৮) (হে নবী)! লোকেরা আপনাকে নূতন চাঁদ সম্পর্কে প্রশ্ন করবে, আপনি বলুন, এটা মানুষের জন্য সময় নির্ণয়

وَالْحَجِّ وَلَيْسَ الْبِرُّ بِأَنْ تَأْتُوا الْبُيُوتَ مِنْ ظُهُورِهَا وَلٰكِنَّ الْبِرَّ

ওয়ালহাজ্জ্ব ; ওয়া লাইসাল্ বির্রু বিআন্ তা'তুল্ বুয়ূতা মিন্ যুহূরিহা- ওয়ালা- কিন্নাল বির্রা
ও হজ্জের মাস নির্ণয়ের মাধ্যম এবং পেছন দিক দিয়ে তোমাদের গৃহে প্রবেশ করার মধ্যে কোনই পুণ্য নেই। কিন্তু পুণ্য আছে কেউ পরহেজগারী

مَنِ اتَّقٰى وَأْتُوا الْبُيُوتَ مِنْ أَبْوٰبِهَا وَاتَّقُوا اللّٰهَ لَعَلَّكُمْ تُفْلِحُونَ

মানিত্তাক্বা, ওয়া'তুল্ বুয়ূতা মিন্ আব্ওয়া-বিহা- ওয়াত্তাকুল্লা-হা লা'আল্লাকুম্ তুফ্লিহূন্।
অবলম্বন করলে। অতএব তোমরা গৃহে সদর দ্বার দিয়ে প্রবেশ কর, আর আল্লাহকে ভয় কর, যাতে তোমরা সফলকাম হতে পার।

﴿١٨٩﴾ وَقٰتِلُوا فِي سَبِيلِ اللّٰهِ الَّذِينَ يُقٰتِلُونَكُمْ وَلَا تَعْتَدُوا إِنَّ اللّٰهَ

১৯০। ওয়া ক্বা-তিলূ ফী সাবীলিল্লা-হিল লাযীনা ইয়ুক্বা-তিলূনাকুম্ ওয়ালা- তা'তাদূ; ইন্নাল্লা-হা
(১৯০) আর তোমরা আল্লাহর রাস্তায় যুদ্ধ কর তাদের সাথে, যারা তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করে, কিন্তু (যুদ্ধে) সীমালংঘন করো না। নিশ্চয়ই আল্লাহ

✪ **শানে নুযূল (আঃ ১৯০) ঃ** হিজরী ষষ্ঠ সালে রাসূল (সা) সাহাবাগণসহ ওমরার উদ্দেশ্যে মক্কায় রওয়ানা হলেন, কিন্তু কাফেররা রাসূল (সা)-কে মক্কায় প্রবেশে বাধা দিল। পরিশেষে স্থিরিকৃত হল যে, পরবর্তী বছর তিন দিনের জন্য মক্কাকে রাসূলের জন্য মুক্ত করে দেবে। পরবর্তী বছর যিলকদ মাসে রাসূল সদলবলে মক্কা রওয়ানা হলেন। যিলকদ, যিলহজ্জ, মহররম ও রজব এ চারি মাস সম্মানিত মাস। এ মাসগুলিতে যুদ্ধ করা হারাম। কাজেই মুসলমানরা ইতস্ততঃ করতে লাগল, যদি কাফেররা ওয়াদা ভঙ্গ করে যুদ্ধে প্রবৃত্ত হয়, তবে আমরা আত্মরক্ষা করব কিরূপে? তখন আল্লাহ্ এ আয়াত নাযিল করেন। (বঃ কোঃ)

لَا يُحِبُّ الْمُعْتَدِينَ ﴿١٩٠﴾ وَاقْتُلُوهُمْ حَيْثُ ثَقِفْتُمُوهُمْ وَأَخْرِجُوهُمْ مِنْ

লা-ইয়ুহিব্বুল্ মু'তাদীন্। ১৯১। ওয়াক্বতুলূহুম্ হাইছু ছাক্বিফ্তুমূহুম ওয়া আখরিজূহুম মিন
সীমালংঘনকারীদের ভালবাসেন না। (১৯১) আর তোমরা তাদেরকে যেখানেই পাবে হত্যা করবে এবং যে স্থান থেকে তারা তোমাদেরকে

حَيْثُ أَخْرَجُوكُمْ وَالْفِتْنَةُ أَشَدُّ مِنَ الْقَتْلِ وَلَا تُقٰتِلُوهُمْ عِنْدَ

হাইছু আখরাজূকুম্ ওয়াল্ ফিত্নাতু আশাদ্দু মিনাল্ ক্বাত্ল, ওয়ালা- তুক্বা-তিলূহুম্ 'ইন্দাল
বহিষ্কার করেছে, তোমরাও তাদেরকে সে স্থান হতে বহিষ্কার করবে। আর ফিতনা (বিশৃংখলা) হত্যা অপেক্ষা গুরুতর অপরাধ। আর

الْمَسْجِدِ الْحَرَامِ حَتّٰى يُقٰتِلُوكُمْ فِيهِ فَإِنْ قٰتَلُوكُمْ فَاقْتُلُوهُمْ

মাস্জ্বিদিল্ হারা-মি হাত্তা- ইয়ুক্বা-তিলূকুম্ ফীহ, ফাইন্ ক্বা-তালূকুম্ ফাক্বতুলূহুম্ ;
মসজিদুল হারামের নিকটে তোমরা তাদের সাথে যুদ্ধ কর না যতক্ষণ না তারা সেথায় তোমাদের সাথে যুদ্ধ করে, যদি তারা তোমাদের সাথে যুদ্ধ করে; তবে

كَذٰلِكَ جَزَآءُ الْكٰفِرِينَ ﴿١٩١﴾ فَإِنِ انْتَهَوْا فَإِنَّ اللّٰهَ غَفُورٌ رَّحِيمٌ ﴿١٩٢﴾ وَقٰتِلُوهُمْ

কাযা-লিকা জ্বাযা—উল্ কা-ফিরীন্। ১৯২। ফাইনিন্ তাহাও ফাইন্নাল্লা-হা গাফূরুর্ রাহীম্। ১৯৩। ওয়া ক্বা-তিলূহুম্
তোমরা তাদের হত্যা করবে। এটাই কাফিরদের শাস্তি। (১৯২) তারপর যদি তারা বিরত হয়, নিশ্চয়ই আল্লাহ ক্ষমাশীল ও পরম দয়ালু। (১৯৩) তাদের সাথে

حَتّٰى لَا تَكُونَ فِتْنَةٌ وَيَكُونَ الدِّينُ لِلّٰهِ فَإِنِ انْتَهَوْا فَلَا عُدْوٰنَ

হাত্তা- লা-তাকূনা ফিত্নাতুওঁ ওয়া ইয়াকূনাদ্ দীনু লিল্লা-হ ; ফাইনিন তাহাও ফালা-'উদ্ওয়া-না
ততক্ষণ যুদ্ধ করতে থাক যতক্ষণ ফিৎনা-ফাসাদ দূরীভূত হয়ে আল্লাহর দ্বীন প্রতিষ্ঠিত না হয়। অতঃপর তারা যদি বিরত হয়, তবে

إِلَّا عَلَى الظّٰلِمِينَ ﴿١٩٣﴾ الشَّهْرُ الْحَرَامُ بِالشَّهْرِ الْحَرَامِ وَالْحُرُمٰتُ قِصَاصٌ

ইল্লা- 'আলায্ যা-লিমীন্। ১৯৪। আশ্ শাহ্রুল্ হারা-মু বিশ্ শাহ্রিল্ হারা-মি ওয়াল্ হুরুমা-তু ক্বিস্বা-স্ব ;
জালিমদের ছাড়া আর কারো উপর বাড়াবাড়ি চলবে না। (১৯৪) সম্মানিত মাসই সম্মানিত মাসের বিনিময়ে। আর সম্মান রক্ষায়ও কিসাস (বদলা) রয়েছে।

فَمَنِ اعْتَدٰى عَلَيْكُمْ فَاعْتَدُوا عَلَيْهِ بِمِثْلِ مَا اعْتَدٰى عَلَيْكُمْ وَاتَّقُوا اللّٰهَ

ফামানি'তাদা- 'আলাইকুম্ ফা'তাদূ 'আলাইহি বিমিছলি মা'তাদা- 'আলাইকুম্, ওয়াত্তাকুল্লা-হা
সুতরাং যে কেউ তোমাদের উপর বাড়াবাড়ি করবে তোমরাও সমপরিমাণে তার উপর বাড়াবাড়ি করবে। আর তোমরা আল্লাহকে ভয় কর

وَاعْلَمُوٓا أَنَّ اللّٰهَ مَعَ الْمُتَّقِينَ ﴿١٩٤﴾ وَأَنْفِقُوا فِي سَبِيلِ اللّٰهِ وَلَا تُلْقُوا بِأَيْدِيكُمْ

ওয়া'লামু~আন্নাল্লা-হা মা'আল মুত্তাক্বীন্। ১৯৫। ওয়া আন্ফিকূ ফী সাবীলিল্লা-হি ওয়ালা- তুল্কূ বিআইদীকুম
এবং জেনে রাখো, আল্লাহ মুত্তাকীদের সাথে আছেন। (১৯৫) আর আল্লাহর পথে ব্যয় কর এবং তোমরা নিজেরা নিজেদেরকে ধ্বংসের

إِلَى التَّهْلُكَةِ وَأَحْسِنُوٓا إِنَّ اللّٰهَ يُحِبُّ الْمُحْسِنِينَ ﴿١٩٥﴾ وَأَتِمُّوا الْحَجَّ

ইলাত্ তাহ্লুকাতি ওয়া আহ্সিনূ, ইন্নাল্লা-হা ইয়ুহিব্বুল্ মুহ্সিনীন। ১৯৬। ওয়া আতিম্মুল্ হাজ্জ্বা
মুখে নিক্ষেপ কর না। আর তোমরা সৎকর্ম কর নিশ্চয়ই আল্লাহ সৎকর্মশীলদের ভালবাসেন। (১৯৬) তোমরা আল্লাহর জন্য হজ্

وَالْعُمْرَةَ لِلّٰهِ ۗ فَاِنْ اُحْصِرْتُمْ فَمَا اسْتَيْسَرَ مِنَ الْهَدْيِ ۚ وَلَا تَحْلِقُوْا

ওয়াল্ 'উম্‌রাতা লিল্লা-হ ; ফাইন্ উহ্বস্বির্‌তুম্ ফামাস্‌তাইসারা মিনাল্ হাদ্‌য়ি, ওয়ালা- তাহ্বলিক্বু
ও ওমরা পূর্ণ কর। অতঃপর যদি তোমরা বাধা প্রাপ্ত হও; তবে সহজলভ্য কুরবানী কর। আর তোমাদের মাথা

رُءُوْسَكُمْ حَتّٰى يَبْلُغَ الْهَدْيُ مَحِلَّهٗ ۗ فَمَنْ كَانَ مِنْكُمْ مَّرِيْضًا اَوْ بِهٖٓ اَذًى

রুঊসাকুম্ হ্বাত্তা-ইয়াব্‌লুগাল হাদইয়ু মাহ্বিল্লা-হ ; ফামান্ কা-না মিন্‌কুম্ মারীদ্বান্ আও বিহী~আযাম্
মুন্ডন করো না যতক্ষণ না কুরবানীর পশু যথাস্থানে পৌঁছে। তোমাদের মধ্যে কেউ যদি অসুস্থ হয়ে পড়ে অথবা মাথায় যদি কোন

مِّنْ رَّاْسِهٖ فَفِدْيَةٌ مِّنْ صِيَامٍ اَوْ صَدَقَةٍ اَوْ نُسُكٍ ۚ فَاِذَآ اَمِنْتُمْ ۥ فَمَنْ تَمَتَّعَ

মির্ রা'সিহী ফাফিদ্‌ইয়াতুম্ মিন স্বিয়া-মিন্ আও স্বাদাক্বাতিন আও নুসুক্, ফাইযা~আমিন্‌তুম ফামান তামাত্তা'আ
ব্যাধি থাকে, তবে তার জন্য রোযা, সদকা অথবা, কুরবানী দ্বারা ফেদিয়া দিবে। অতঃপর যখন তোমরা নিরাপদে থাক, তখন যদি কেউ

بِالْعُمْرَةِ اِلَى الْحَجِّ فَمَا اسْتَيْسَرَ مِنَ الْهَدْيِ ۚ فَمَنْ لَّمْ يَجِدْ فَصِيَامُ ثَلٰثَةِ

বিল 'উম্‌রাতি ইলাল্ হ্বাজ্বজ্বি ফামাস্ তাইসারা মিনাল্ হাদ্‌য়ি, ফামাল্ লাম ইয়াজ্বিদ্ ফাস্বিয়া-মু ছালা-ছাতি
হজ্ব ও ওমরা একত্রে করে লাভবান হতে চায় তবে সহজসাধ্য কুরবানী করবে। আর যে ব্যক্তি তা (কুরবানী) না পায় সে হজ্জের সময় তিনদিন

اَيَّامٍ فِى الْحَجِّ وَسَبْعَةٍ اِذَا رَجَعْتُمْ ۗ تِلْكَ عَشَرَةٌ كَامِلَةٌ ۗ ذٰلِكَ لِمَنْ

আইয়্যা-মিন্ ফিল্ হ্বাজ্বজ্বি ওয়া সাব্'আতিন ইযা-রাজ্বা'তুম্ ; তিল্‌কা 'আশারাতুন্ কা-মিলাহ ; যা-লিকা লিমাল্
রোযা রাখবে আর প্রত্যাবর্তনের পর সাতদিন এ পূর্ণ দশদিন রোযা রাখবে। এটা তার জন্য যার, পরিজন

لَّمْ يَكُنْ اَهْلُهٗ حَاضِرِى الْمَسْجِدِ الْحَرَامِ ۗ وَاتَّقُوا اللّٰهَ وَاعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ

লাম্ ইয়াকুন্ আহ্‌লুহু হ্বা-দ্বিরিল্ মাস্‌জ্বিদিল্ হ্বারা-ম ; ওয়াত্তাক্বুল্লা-হা ওয়া'লামূ~আন্নাল্লা-হা
মসজিদুল হারামের বাসিন্দা নয়। আর আল্লাহকে ভয়কর এবং জেনে রেখ নিশ্চয়ই আল্লাহ কঠিন

شَدِيْدُ الْعِقَابِ ﴿١٩٦﴾ اَلْحَجُّ اَشْهُرٌ مَّعْلُوْمٰتٌ ۚ فَمَنْ فَرَضَ فِيْهِنَّ الْحَجَّ فَلَا

শাদীদুল 'ইক্বা-ব্। ১৯৭। আল্‌হ্বাজ্বজ্বু আশ্‌হুরুম্ মা'লূমা-ত, ফামান্ ফারাদ্বা ফীহিন্নাল্ হ্বাজ্বজ্বা ফালা-
শাস্তিদাতা। (১৯৭) হজ্বের মাসগুলো সুবিদিত, অতএব যে কেউ এ মাসগুলোতে হজ্ব করা স্থির করে নেয়, তার জন্য হজ্বের

২৪ ع ৮ রুকূ

رَفَثَ وَلَا فُسُوْقَ ۙ وَلَا جِدَالَ فِى الْحَجِّ ۗ وَمَا تَفْعَلُوْا مِنْ خَيْرٍ يَّعْلَمْهُ اللّٰهُ ۗ

রাফাছা ওয়ালা- ফুসূক্বা ওয়ালা- জ্বিদা-লা ফিল্ হ্বাজ্বজ্ব ; ওয়ামা- তাফ্'আলূ মিন খাইরিঁই ইয়া'লাম্ হুল্লা-হ।
সময় স্ত্রী সম্ভোগ, পাপকার্য, ঝগড়া-বিবাদ করা বৈধ নয়। আর তোমরা যে সকল উত্তম কাজ কর তা আল্লাহ জানেন।

وَتَزَوَّدُوْا فَاِنَّ خَيْرَ الزَّادِ التَّقْوٰى ۫ وَاتَّقُوْنِ يٰٓاُولِى الْاَلْبَابِ ۝

ওয়া তাযাওয়্যাদূ ফাইন্না খাইরায যা-দিত্ তাক্বওয়া-, ওয়াত্তাক্বুনি ইয়া~উলিল্ আল্‌বা-ব্।
আর তোমরা পাথেয়ের ব্যবস্থা কর। বস্তুতঃ তাকওয়া হল সর্বোত্তম পাথেয়। হে জ্ঞানীগণ! তোমরা আমাকেই ভয় কর।

لَيْسَ عَلَيْكُمْ جُنَاحٌ اَنْ تَبْتَغُوْا فَضْلًا مِّنْ رَّبِّكُمْ ۗ فَاِذَآ اَفَضْتُمْ مِّنْ ﴿١٩٨﴾

১৯৮। লাইসা 'আলাইকুম্ জুনা-হুন্ আন্ তাব্‌তাগূ ফাদ্বলাম্ মির্ রাব্বিকুম্ ; ফাইযা~আফাদ্বতুম্ মিন্
(১৯৮) তোমাদের প্রতিপালকের প্রদত্ত অনুগ্রহ অন্বেষণ করাতে তোমাদের কোন পাপ নেই। অতঃপর তোমরা যখন আরাফাত হতে

عَرَفٰتٍ فَاذْكُرُوا اللّٰهَ عِنْدَ الْمَشْعَرِ الْحَرَامِ ۠ وَاذْكُرُوْهُ كَمَا هَدٰىكُمْ ۚ

'আরাফা-তিন্ ফায্‌কুরুল্লা-হা 'ইন্‌দাল্ মাশ্'আরিল্ হ্বারা-মি ওয়ায্‌কুরূহু কামা-হাদা-কুম্,
(তাওয়াফের জন্য) প্রত্যাবর্তন করবে তখন মাশআরিল হারামের নিকট পৌছে আল্লাহকে স্মরণ করবে। আর আল্লাহকে স্মরণ কর, যেভাবে তিনি নির্দেশ দিয়েছেন।

وَاِنْ كُنْتُمْ مِّنْ قَبْلِهٖ لَمِنَ الضَّآلِّيْنَ ﴿١٩٨﴾ ثُمَّ اَفِيْضُوْا مِنْ حَيْثُ اَفَاضَ

ওয়া ইন্ কুন্‌তুম্ মিন্ ক্বাব্‌লিহী লামিনাদ্ব দ্বা—ল্লীন্। ১৯৯। ছুম্মা আফীদ্বূ মিন্ হ্বাইছু আফা-দ্বান্
যদিও ইতিপূর্বে তোমরা এ ব্যাপারে পথভ্রষ্টদের অন্তর্ভুক্ত ছিলে। (১৯৯) অতঃপর মানুষ যেখান থেকে প্রত্যাবর্তন করে তোমরাও সেখান থেকে

النَّاسُ وَاسْتَغْفِرُوا اللّٰهَ ۗ اِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿١٩٩﴾ فَاِذَا قَضَيْتُمْ مَّنَا

না-সু ওয়াস্‌তাগ্‌ফিরুল্লা-হ ; ইন্নাল্লা-হা গাফূরুর্ রাহ্বীম্। ২০০। ফাইযা-ক্বাদ্বাইতুম্ মানা-
(তাওয়াফের জন্য) প্রত্যাবর্তন কর। আর আল্লাহর নিকট ক্ষমা প্রার্থনা কর। নিশ্চয়ই আল্লাহ ক্ষমাশীল ও পরম দয়ালু। (২০০) অতঃপর যখন তোমরা হজ্বের

سِكَكُمْ فَاذْكُرُوا اللّٰهَ كَذِكْرِكُمْ اٰبَآءَكُمْ اَوْ اَشَدَّ ذِكْرًا ۗ فَمِنَ النَّاسِ

সিকাকুম ফায্‌কুরুল্লা-হা কাযিক্‌রিকুম্ আ-বা—আকুম্ আও আশাদ্দা যিক্‌রা ; ফামিনান না-সি
অনুষ্ঠানাদি পূর্ণ করবে তখন আল্লাহকে তোমরা এভাবে স্মরণ করবে যেমনিভাবে তোমরা তোমাদের পিতৃপুরুষকে স্মরণ করতে অথবা, তার চেয়ে বেশী

مَنْ يَّقُوْلُ رَبَّنَآ اٰتِنَا فِى الدُّنْيَا وَمَا لَهٗ فِى الْاٰخِرَةِ مِنْ خَلَاقٍ ﴿٢٠٠﴾ وَمِنْهُمْ مَّنْ

মাইঁয়াক্বূলু রাব্বানা~আ-তিনা- ফিদ্ দুন্‌ইঁয়া- ওয়ামা-লাহূ ফিল আ-খিরাতি মিন্ খালা-ক্ব। ২০১। ওয়া মিন্‌হুম্ মাইঁ
আল্লাহকে স্মরণ কর। মানুষের মধ্যে যারা বলে, হে আমাদের প্রতিপালক! আমাদেরকে পৃথিবীতেই দাও। বস্তুত তাদের জন্য পরকালে কোন অংশ নেই। (২০১) আর

يَّقُوْلُ رَبَّنَآ اٰتِنَا فِى الدُّنْيَا حَسَنَةً وَّفِى الْاٰخِرَةِ حَسَنَةً وَّقِنَا عَذَابَ النَّارِ ۝

ইয়াক্বূলু রাব্বানা~আ-তিনা- ফিদ্ দুন্‌ইয়া- হ্বাসানাতাওঁ ওয়া' ফিল্ আ-খিরাতি হ্বাসানাতাওঁ ওয়া ক্বিনা- 'আযা-বান্ না-র।
তাদের মধ্যে যারা বলে, হে আমাদের প্রতিপালক! আমাদেরকে পৃথিবীতে কল্যাণ দান কর এবং পরকালেও কল্যাণ দান কর এবং জাহান্নামের আগুন থেকে বাঁচাও।

﴿٢٠١﴾ اُولٰٓئِكَ لَهُمْ نَصِيْبٌ مِّمَّا كَسَبُوْا ۗ وَاللّٰهُ سَرِيْعُ الْحِسَابِ ﴿٢٠٢﴾ وَاذْكُرُوا اللّٰهَ

২০২। উলা—ইকা লাহুম্ নাস্বীবুম্ মিম্মা- কাসাবূ ; ওয়াল্লা-হু সারী'উল্ হ্বিসা-ব। ২০৩। ওয়ায্ কুরুল্লা-হা
(২০২) তাদের জন্যই রয়েছে প্রাপ্য অংশ যা তারা অর্জন করেছে। আর আল্লাহ দ্রুত হিসাব গ্রহণকারী। (২০৩) তোমরা নির্দিষ্ট দিনগুলোতে (আইয়ামে তাশরীক)

✪ দোয়া (আঃ ২০০) ঃ রাসূলুল্লাহ (সা) এক রোগাক্রান্ত অসুস্থ মুসলমানকে পরিদর্শন করতে গিয়ে দেখেন যে, রুগিটি একেবারে হাড্ডিসার হয়ে গেছে। অতঃপর রাসূলুল্লাহ (সা) তাকে বললেন, তুমি কি আল্লাহর নিকট কোন প্রার্থনা করেছ? সে বলল, হ্যাঁ। আমি এ প্রার্থনা করেছিলাম, হে আল্লাহ! আপনি পরকালে আমাকে যে শাস্তি দিবেন সে শাস্তি আমাকে দুনিয়াতে ভোগ করিয়ে নিন। একথা শুনে রাসূলুল্লাহ (সা) আশ্চর্যান্বিত হয়ে বললেন, সুবহানাল্লাহ! কারো কি যন্ত্রণাদায়ক শাস্তি সহ্য করার ক্ষমতা আছে? এখন তুমি ربنا اتنا فى الدنيا حسنة وفى الاخرة حسنة وقنا عذاب النار এ দোয়াটি পড়। অতঃপর রুগ্ন ব্যক্তি তখন থেকে এ দোয়াটি পড়তে থাকে এবং আল্লাহ তায়ালা তাকে আরোগ্য দান করেন। (ইবনে কাছীর)

فِيْ أَيَّامٍ مَّعْدُودَاتٍ فَمَن تَعَجَّلَ فِي يَوْمَيْنِ فَلَا إِثْمَ عَلَيْهِ وَمَن تَأَخَّرَ

ফী~আইয়্যা-মিম্ মা'দূদা-ত; ফামান্ তা'আজ্জালা ফী ইয়াওমাইনি ফালা~ইছমা 'আলাইহ, ওয়ামান তাআখ্খারা

আল্লাহ স্মরণ কর, অতঃপর যে ব্যক্তি দু' দিনে সম্পন্ন করে তাড়াতাড়ি চলে আসে, তবে তার কোন পাপ নেই। আর যদি কেউ বিলম্ব করে তাতেও তার কোন

فَلَا إِثْمَ عَلَيْهِ لِمَنِ اتَّقَىٰ وَاتَّقُوا اللَّهَ وَاعْلَمُوا أَنَّكُمْ إِلَيْهِ تُحْشَرُونَ ০

ফালা~ইছমা 'আলাইহি লিমানিত্তাক্বা ; ওয়াত্তাক্বুল্লা-হা ওয়া'লামূ~আন্নাকুম্ ইলাইহি তুহ্শারূন্।

পাপ নেই। অবশ্য এটা তার জন্য যে তাকওয়া অবলম্বন করে। আর তোমরা আল্লাহকে ভয় কর এবং জেনে রেখ নিশ্চয়ই তোমাদেরকে তাঁর নিকট সমবেত করা হবে।

وَمِنَ النَّاسِ مَن يُعْجِبُكَ قَوْلُهُ فِي الْحَيَاةِ الدُّنْيَا وَيُشْهِدُ اللَّهَ عَلَىٰ مَا فِي

২০৪। ওয়া মিনান্ না-সি মাই ইয়ু'জিবুকা ক্বাওলুহূ ফিল্ হায়া-তিদ্ দুন্ইয়া- ওয়া ইয়ুশ্হিদুল্লা-হা 'আলা- মা- ফী

(২০৪) মানুষের মধ্যে এমন লোকও আছে যার পার্থিব জীবনের কথাবার্তা আপনাকে মুগ্ধ করবে। আর তার অন্তরে

قَلْبِهِ وَهُوَ أَلَدُّ الْخِصَامِ وَإِذَا تَوَلَّىٰ سَعَىٰ فِي الْأَرْضِ لِيُفْسِدَ فِيهَا

ক্বালবিহী ওয়া হুওয়া আলাদ্দুল্ খিস্বা-ম। ২০৫। ওয়া ইযা- তাওয়াল্লা- সা'আ- ফিল্ আরদ্বি লিইয়ুফ্সিদা ফীহা-

যা আছে সে সম্পর্কে আল্লাহকে সাক্ষী বানায়। মূলতঃ সে ভীষণ ঝগড়াটে। (২০৫) আর যখন সে ফিরে যায়, তখন সে পৃথিবীতে বিশৃংখলা সৃষ্টির চেষ্টা করে

وَيُهْلِكَ الْحَرْثَ وَالنَّسْلَ وَاللَّهُ لَا يُحِبُّ الْفَسَادَ وَإِذَا قِيلَ لَهُ

ওয়া ইয়ুহলিকাল হার্ছা ওয়ান্নাসলা ; ওয়াল্লা-হু লা-ইয়ুহিব্বুল্ ফাসা-দ। ২০৬। ওয়াইযা- ক্বীলা লাহুত্

এবং ফসলাদি ও জীব জন্তুর বংশাবলী ধ্বংস করার চেষ্টা করে। কিন্তু আল্লাহ ফাসাদ পছন্দ করেন না। (২০৬) আর যখন তাকে বলা হয়

اتَّقِ اللَّهَ أَخَذَتْهُ الْعِزَّةُ بِالْإِثْمِ فَحَسْبُهُ جَهَنَّمُ وَلَبِئْسَ الْمِهَادُ وَمِنَ

তাক্বিল্লা-হা আখাযাতহুল্ 'ইয্যাতু বিল্ ইছমি ফাহাসবুহু জ্বাহান্নাম ; ওয়ালা বি'সাল মিহা-দ। ২০৭। ওয়া মিনান্

আল্লাহকে ভয় কর, তখন তার আত্ম অহংকার তাকে পাপকর্মে উদ্বুদ্ধ করে। সুতরাং জাহান্নামই তার জন্য যথেষ্ট। আর তা কতইনা নিকৃষ্ট স্থান। (২০৭) মানুষের

النَّاسِ مَن يَشْرِي نَفْسَهُ ابْتِغَاءَ مَرْضَاتِ اللَّهِ وَاللَّهُ رَءُوفٌ بِالْعِبَادِ ০

না-সি মাই ইয়াশ্রী নাফ্সাহুব্তিগা—আ মারদ্বা-তিল্লা-হ ; ওয়াল্লা-হু রাউফুম্ বিল্'ইবা-দ।

মধ্যে এমন লোকও আছে, যে আল্লাহর সন্তুষ্টির জন্য নিজেকে বিলিয়ে দিয়েছে। আর আল্লাহ তাঁর বান্দাহদের প্রতি অত্যন্ত দয়ালু।

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا ادْخُلُوا فِي السِّلْمِ كَافَّةً وَلَا تَتَّبِعُوا خُطُوَاتِ

২০৮। ইয়া~আইয়্যুহাল্লাযীনা আ-মানুদ্ খুলূ ফিস্ সিল্মি কা—ফ্ফাহ, ওয়ালা- তাত্তাবি'উ খুত্বুওয়া-তিশ্

(২০৮) হে ঈমানদারগণ! তোমরা ইসলামে পূর্ণভাবে প্রবেশ কর এবং শয়তানের পদাংক অনুসরণ কর না।

○ টীকা (আঃ ২০৩) ঃ ایاما معدودت – নির্দিষ্ট দিনগুলোর অর্থ আইয়ামে তাশরীকের দিনগুলো। কুরবানীর জন্তু যবেহ করার দিন এবং তার পরবর্তী তিন দিনকে আইয়ামে তাশরীক বলে।

○ শানে নুযূল (আঃ ২০৫) ঃ واذا تولى – আখনাস ইবনে শুরাইক নামে এক মুনাফিক অত্যন্ত বাকপটু ও মুখর ছিল। সে যখন রাসূলুল্লাহ (স)-এর নিকট আসত, তখন চরম নিষ্ঠা ও ইসলাম প্রীতি প্রকাশ করত। আর যখন ফিরে যেত তখন কারো ক্ষেতের ফসল জ্বালিয়ে দিত। কারো পশুর পা কেটে ফেলত। এ প্রেক্ষিতে অত্র আয়াত অবতীর্ণ হয়। (তাঃ উসমানী)

الشَّيْطَانِ إِنَّهُ لَكُمْ عَدُوٌّ مُّبِينٌ فَإِن زَلَلْتُم مِّن بَعْدِ مَا جَاءَتْكُمُ

শাইত্বা-ন ; ইন্নাহূ লাকুম্ 'আদুওউম্ মুবীন্। ২০৯। ফাইন্ যালাল্তুম্ মিম্ বা'দি মা- জ্বা—আত্কুমুল্

নিশ্চয়ই শয়তান তোমাদের প্রকাশ্য শত্রু। (২০৯) তোমাদের কাছে সুস্পষ্ট প্রমাণাদি আসার পরও যদি তোমরা বিচ্যুত হও;

الْبَيِّنَاتُ فَاعْلَمُوا أَنَّ اللَّهَ عَزِيزٌ حَكِيمٌ هَلْ يَنظُرُونَ إِلَّا أَن يَأْتِيَهُمُ اللَّهُ

বাইয়্যি না-তু ফা'লামূ~আন্নাল্লা-হা 'আযীযন্ হাকীম্। ২১০। হাল ইয়ান্যুরূনা ইল্লা~আইঁয়া'তিয়া হুমুল্লা-হু

তবে জেনে রেখ নিশ্চয়ই আল্লাহ পরাক্রমশালী, প্রজ্ঞাময়। (২১০) তারা কি শুধু এর প্রতীক্ষায় রয়েছে যে, আল্লাহ তায়ালা

فِي ظُلَلٍ مِّنَ الْغَمَامِ وَالْمَلَائِكَةُ وَقُضِيَ الْأَمْرُ وَإِلَى اللَّهِ تُرْجَعُ الْأُمُورُ ০

ফী যুলালিম্ মিনাল্ গামা-মি ওয়াল্ মালা—ইকাতু ওয়া কুদ্বিয়াল্ আমর ; ওয়া ইলাল্লা-হি তুরজ্বা'উল্ উমূর।

ও ফিরিশতাগণ মেঘের ছায়ায় তাদের নিকট উপস্থিত হবেন, তৎপর সব কিছুর মীমাংসা হয়ে যাবে? সকল বিষয় তো আল্লাহর দিকেই প্রত্যাবর্তিত হবে।

سَلْ بَنِي إِسْرَائِيلَ كَمْ آتَيْنَاهُم مِّنْ آيَةٍ بَيِّنَةٍ وَمَن يُبَدِّلْ نِعْمَةَ اللَّهِ

২১১। সাল্ বানী~ইসরা—ঈলা কাম্ আ-তাইনা-হুম মিন্ আ- য়াতিম্ বাইয়্যিনাহ ; ওয়া মাই ইয়ুবাদ্দিল নি'মাতাল্লা-হি

(২১১) বনী ইসরাঈলগণকে জিজ্ঞাসা করুন, তাদেরকে আমি কত সুস্পষ্ট নিদর্শন প্রদান করেছি। আল্লাহর অনুগ্রহ কারো কাছে

مِن بَعْدِ مَا جَاءَتْهُ فَإِنَّ اللَّهَ شَدِيدُ الْعِقَابِ زُيِّنَ لِلَّذِينَ كَفَرُوا

মিম্ বা'দি মা-জ্বা—আতহু ফাইন্নাল্লা-হা শাদীদুল্ 'ইক্বা-ব। ২১২। যুইয়্যিনা লিল্লাযীনা কাফারুল্

আসার পর যে ব্যক্তি তা পরিবর্তন করবে; (সে জেনে রাখুক) আল্লাহ অবশ্যই কঠিন শাস্তিদাতা। (২১২) কাফিরদের নিকট এ

الْحَيَاةُ الدُّنْيَا وَيَسْخَرُونَ مِنَ الَّذِينَ آمَنُوا وَالَّذِينَ اتَّقَوْا فَوْقَهُمْ

হায়া-তুদ্ দুন্ইয়া- ওয়া ইয়াস্খারূনা মিনাল্লাযীনা আমানূ। ওয়াল্লাযীনাত্তাক্বাও ফাওক্বাহুম্

পার্থিব জীবন খুবই সুশোভিত করে দেয়া হয়েছে; তারা মুমিনদেরকে ঠাট্টা উপহাস করে থাকে। অথচ যারা তাকওয়া অবলম্বন করে তারা

يَوْمَ الْقِيَامَةِ وَاللَّهُ يَرْزُقُ مَن يَشَاءُ بِغَيْرِ حِسَابٍ كَانَ النَّاسُ أُمَّةً

ইয়াওমাল ক্বিয়া-মাহ ; ওয়াল্লা-হু ইয়ারযুকু মাই ইয়াশা—উ বিগাইরি হিসা-ব্। ২১৩। কা-নান্ না-সু উম্মাতাওঁ

কিয়ামতের দিন তাদের চেয়ে উর্ধ্বে থাকবে। আল্লাহ যাকে ইচ্ছা করেন তাকে অগণিত রিযিক দান করেন। (২১৩) সকল মানুষ ছিল একই জাতিভুক্ত।

وَاحِدَةً فَبَعَثَ اللَّهُ النَّبِيِّينَ مُبَشِّرِينَ وَمُنذِرِينَ وَأَنزَلَ مَعَهُمُ الْكِتَابَ

ওয়া-হিদাতান্ ফাবা'আছাল্লা-হুন্ নাবিইয়্যীনা মুবাশ্শিরীনা ওয়া মুন্যিরীনা ওয়া আন্যালা মা'আহুমুল্ কিতা-বা

অতঃপর আল্লাহ নবীগণকে সুসংবাদ দাতা ও ভীতি প্রদর্শনকারী হিসাবে প্রেরণ করেন এবং তাদের সাথে অবতীর্ণ করেন সত্যসহ কিতাব।

بِالْحَقِّ لِيَحْكُمَ بَيْنَ النَّاسِ فِيمَا اخْتَلَفُوا فِيهِ وَمَا اخْتَلَفَ فِيهِ إِلَّا

বিল্হাক্বক্বি লিইয়াহ্কুমা বাইনান্ না-সি ফীমাখ্তালাফূ ফীহ ; ওয়ামাখ্তালাফা ফীহি ইল্লাল্

যাতে তা দ্বারা মানুষ তাদের পারস্পরিক মতভেদগুলো ফয়সালা করে নেয়। আর যাদেরকে তা (কিতাব)

الَّذِينَ أُوتُوهُ مِنْ بَعْدِ مَا جَاءَتْهُمُ الْبَيِّنَاتُ بَغْيًا بَيْنَهُمْ ۖ فَهَدَى اللَّهُ

লাযীনা উতূহু মিম্ বা'দি মা-জ্বা—আত্হুমুল বাইয়্যিনা-তু বাগ্ইয়াম্ বাইনাহুম্, ফাহাদাল্লা-হুল্

দেয়া হল তাদের কাছে সুস্পষ্ট প্রমাণ আসার পরও তারা পরস্পরিক বিদ্বেষ ও হিংসা বশতঃ তার বিরোধিতা করে। আল্লাহ তায়ালা

الَّذِينَ آمَنُوا لِمَا اخْتَلَفُوا فِيهِ مِنَ الْحَقِّ بِإِذْنِهِ ۗ وَاللَّهُ يَهْدِي مَنْ يَشَاءُ

লাযীনা আ-মানূ লিমাখ্তালাফূ ফীহি মিনাল্ হাক্বক্বি বিইয্নিহ ; ওয়াল্লা-হু ইয়াহ্দী মাইঁ ইয়াশা—উ

ঈমানদারগণকে সে সত্য বিষয়ে হেদায়াত দান করেন, যা নিয়ে তারা মতভেদ করতেছিলে। আল্লাহ যাকে চান তাকে সত্য ও সরল পথ প্রদর্শন করেন।

إِلَىٰ صِرَاطٍ مُسْتَقِيمٍ (٢١٣) أَمْ حَسِبْتُمْ أَنْ تَدْخُلُوا الْجَنَّةَ وَلَمَّا يَأْتِكُمْ مَثَلُ

ইলা- স্বিরা-ত্বিম্ মুস্তাক্বীম্। ২১৪। আম্- হাসিব্তুম্ আন্ তাদ্খুলুল্ জান্নাতা ওয়া লাম্মা- ইয়া'তিকুম্ মাছালুল্

(২১৪) তোমরা কি ধারণা করেছ যে, তোমরা (সোজা সুজি) জান্নাতে চলে যাবে? অথচ তোমাদের নিকট এখনও

الَّذِينَ خَلَوْا مِنْ قَبْلِكُمْ ۖ مَسَّتْهُمُ الْبَأْسَاءُ وَالضَّرَّاءُ وَزُلْزِلُوا حَتَّىٰ يَقُولَ

লাযীনা খালাও মিন্ ক্বাব্লিকুম্ ; মাস্সাত্হুমুল বা'সা—উ ওয়াদ্ব দ্বার্রা—উ ওয়া যুল্যিলূ হাত্তা- ইয়াকূলার

পূর্ববর্তীদের অবস্থা আসেনি। তাদের উপর অর্থ সংকট, দুঃখ-কষ্ট ও মসিবত এসেছিল, এমনকি

الرَّسُولُ وَالَّذِينَ آمَنُوا مَعَهُ مَتَىٰ نَصْرُ اللَّهِ ۗ أَلَا إِنَّ نَصْرَ اللَّهِ قَرِيبٌ

রাসূলু ওয়াল্লাযীনা আ-মানূ মা'আহু মাতা- নাস্বরুল্লা-হ ; আলা~ইন্না নাস্বরাল্লা-হি ক্বারীব্।

রাসূল ও তাঁর ঈমানদার সাথীরা বলে উঠেছিল, আল্লাহর সাহায্য কখন আসবে? শোন! আল্লাহর সাহায্য খুবই নিকটে।

(٢١٤) يَسْأَلُونَكَ مَاذَا يُنْفِقُونَ ۖ قُلْ مَا أَنْفَقْتُمْ مِنْ خَيْرٍ فَلِلْوَالِدَيْنِ

২১৫। ইয়াস্আলূনাকা মা-যা- ইয়ুন্ফিকূন ; কুল্ মা~আন্ফাক্তুম্ মিন্ খাইরিন্ ফালিল্ ওয়া-লিদাইনি

(২১৫) লোকেরা আপনাকে প্রশ্ন করে, তারা কি ব্যয় করবে? আপনি বলুন, যে মাল তোমরা ব্যয় করবে তা পিতা-মাতা,

وَالْأَقْرَبِينَ وَالْيَتَامَىٰ وَالْمَسَاكِينِ وَابْنِ السَّبِيلِ ۗ وَمَا تَفْعَلُوا مِنْ خَيْرٍ

ওয়াল্ আক্বরাবীনা ওয়াল্ ইয়াতা-মা- ওয়াল্ মাসা-কীনি ওয়াব্নিস্ সাবীল ; ওয়ামা- তাফ্'আলূ মিন্ খাইরিন্

আত্মীয়-স্বজন, ইয়াতীম, মিসকীন এবং মুসাফিরদের জন্য ব্যয় করবে। আর তোমরা কল্যাণমূলক যে কাজই কর না কেন, নিশ্চয়ই

فَإِنَّ اللَّهَ بِهِ عَلِيمٌ (٢١٥) كُتِبَ عَلَيْكُمُ الْقِتَالُ وَهُوَ كُرْهٌ لَكُمْ ۖ وَعَسَىٰ

ফাইন্নাল্লা-হা বিহী 'আলীম্। ২১৬। কুতিবা 'আলাইকুমুল্ ক্বিতা-লু ওয়া হুওয়া কুরহুল্লাকুম্, ওয়া 'আসা~

আল্লাহ সে সম্পর্কে সম্যক অবহিত। (২১৬) তোমাদের উপর জেহাদ ফরয করা হল, যদিও তোমাদের কাছে তা অপছন্দনীয়। হয়ত কোন বিষয় তোমরা

أَنْ تَكْرَهُوا شَيْئًا وَهُوَ خَيْرٌ لَكُمْ ۖ وَعَسَىٰ أَنْ تُحِبُّوا شَيْئًا وَهُوَ شَرٌّ لَكُمْ ۗ

আন্ তাকরাহূ শাইআওঁ ওয়া হুওয়া খাইরুল্লাকুম্, ওয়া 'আসা~আন্ তুহিব্বূ শাইআওঁ ওয়া হুওয়া শার্রুল্লাকুম্ ;

অপছন্দ কর, অথচ সেটা তোমাদের জন্য কল্যাণকর। এটাও হতে পারে, যে বিষয় তোমরা পছন্দ কর সেটা তোমাদের জন্য অকল্যাণকর।

২৬ ع ১০ রুকূ

وَاللَّهُ يَعْلَمُ وَأَنْتُمْ لَا تَعْلَمُونَ (٢١٦) يَسْأَلُونَكَ عَنِ الشَّهْرِ الْحَرَامِ قِتَالٍ فِيهِ ۖ

ওয়াল্লা-হু ইয়া'লামু ওয়া আন্তুম্ লা- তা'লামূন। ২১৭। ইয়াস্আলূনাকা 'আনিশ্ শাহ্রিল্ হারা-মি ক্বিতা-লিন্ ফীহ্ ;

মূলতঃ আল্লাহ (যা) জানেন, তোমরা (তা) জান না। (২১৭) লোকেরা আপনাকে প্রশ্ন করে, পবিত্র মাসসমূহে যুদ্ধ করা সম্পর্কে।

قُلْ قِتَالٌ فِيهِ كَبِيرٌ ۖ وَصَدٌّ عَنْ سَبِيلِ اللَّهِ وَكُفْرٌ بِهِ وَالْمَسْجِدِ الْحَرَامِ

কুল্ ক্বিতা-লুন্ ফীহি কাবীর ; ওয়া স্বাদ্দুন্ 'আন্ সাবীলিল্লা-হি ওয়া কুফরুম্ বিহী ওয়াল্ মাস্জিদিল্ হারা-ম,

আপনি বলুন, এতে যুদ্ধ করা বড় অপরাধ। তবে আল্লাহর পথে বাধা দান আর আল্লাহর সাথে কুফরী করা, মসজিদুল হারামে যেতে বাধা দেয়া

وَإِخْرَاجُ أَهْلِهِ مِنْهُ أَكْبَرُ عِنْدَ اللَّهِ ۚ وَالْفِتْنَةُ أَكْبَرُ مِنَ الْقَتْلِ ۗ وَلَا يَزَالُونَ

ওয়া ইখ্রা-জু আহ্লিহী মিন্হু আক্বারু 'ইন্দাল্লা-হ, ওয়াল্ ফিত্নাতু আক্বারু মিনাল্ ক্বাত্ল ; ওয়ালা- ইয়াযা-লূনা

এবং অধিবাসীদেরকে সেখান থেকে বের করে দেয়া, আল্লাহর নিকট তার চেয়েও গুরুতর অপরাধ। ফিতনা সৃষ্টি করা হত্যার চেয়েও জঘন্য। তারা

يُقَاتِلُونَكُمْ حَتَّىٰ يَرُدُّوكُمْ عَنْ دِينِكُمْ إِنِ اسْتَطَاعُوا ۚ وَمَنْ يَرْتَدِدْ

ইয়ুক্বা-তিলূনাকুম্ হাত্তা- ইয়ারুদ্দূকুম্ 'আন্ দীনিকুম্ ইনিস্তাত্বা-'উ; ওয়া মাইঁ ইয়ারতাদিদ্

সর্বদা তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করতেই থাকবে যে পর্যন্ত না তোমাদেরকে তোমাদের দ্বীন থেকে ফিরিয়ে দেয়, যদি তারা সক্ষম হয়।

مِنْكُمْ عَنْ دِينِهِ فَيَمُتْ وَهُوَ كَافِرٌ فَأُولَٰئِكَ حَبِطَتْ أَعْمَالُهُمْ فِي الدُّنْيَا

মিন্কুম্ 'আন্ দীনিহী ফাইয়ামুত্ ওয়া হুওয়া কা-ফিরুন ফাউলা—ইকা হাবিত্বাত্ আ'মা-লুহুম ফিদ্ দুন্ইয়া-

আর তোমাদের মধ্যে যে লোক তার দ্বীন থেকে ফিরে গেল, অতঃপর সে কুফরী অবস্থায় মারা গেল, তার দুনিয়া ও আখেরাতে তাদের যাবতীয় আমল বরবাদ

وَالْآخِرَةِ ۖ وَأُولَٰئِكَ أَصْحَابُ النَّارِ ۖ هُمْ فِيهَا خَالِدُونَ (٢١٧) إِنَّ الَّذِينَ آمَنُوا

ওয়াল্ আ-খিরা, ওয়া উলা—ইকা আস্বহা-বুন্ না-রি, হুম্ ফীহা- খা-লিদূন। ২১৮। ইন্নাল্লাযীনা আ-মানূ

হয়ে যাবে। আর তারা হবে জাহান্নামী এবং সর্বদা জাহান্নামেই অবস্থান করবে। (২১৮) যারা ঈমান এনেছে

وَالَّذِينَ هَاجَرُوا وَجَاهَدُوا فِي سَبِيلِ اللَّهِ أُولَٰئِكَ يَرْجُونَ رَحْمَتَ اللَّهِ ۚ

ওয়াল্লাযীনা হা-জ্বারূ ওয়া জ্বা-হাদূ ফী সাবীলিল্লা-হি উলা—ইকা ইয়ারজুনা রাহ্মাতাল্লা-হ ;

এবং যারা হিজরত করেছে এবং আল্লাহর পথে জিহাদ করেছে তারাই আল্লাহর রহমতের প্রত্যাশা করে।

وَاللَّهُ غَفُورٌ رَحِيمٌ (٢١٨) يَسْأَلُونَكَ عَنِ الْخَمْرِ وَالْمَيْسِرِ ۖ قُلْ فِيهِمَا إِثْمٌ كَبِيرٌ

ওয়াল্লা-হু গাফূরুর রাহীম। ২১৯। ইয়াস্আলূনাকা 'আনিল খাম্রি ওয়াল্ মাইসির ; কুল্ ফীহিমা~ইছ্মুন্ কাবীরুওঁ

আল্লাহ ক্ষমাশীল ও পরম দয়ালু। (২১৯) লোকেরা আপনাকে মদ ও জুয়ার বিধান সম্পর্কে প্রশ্ন করছে। আপনি বলুন, উভয়ের মধ্যে রয়েছে মহা পাপ

○ **টীকা (আঃ ২১৭) ঃ** মুরতাদদের পার্থিব কর্মের ব্যর্থতা ঃ মুরতাদ হলে স্ত্রীর সাথে বিবাহ-বিচ্ছেদ ঘটবে, তার কোন নিকট-আত্মীয়ের মৃত্যু হলে সে মৃত ব্যক্তির ওয়ারিস হবে না, মুসলমান থাকা কালে যত নেক আমল করেছিল সমস্ত বিনষ্ট হবে, মৃত্যু হলে তার জানাযার নামায পড়া যাবে না, মুসলমানদের কবরস্থানে তাকে দাফন করা যাবে না। ○ **শানে নুযূল (আঃ ২১৭) ঃ** وصد عن سبيل الله ..... اكبر عند الله – মুশরিকরা নিষিদ্ধ মাসেই রাসূলুল্লাহ (সা)-কে মসজিদুল হারামে যেতে বাধা দেয় ও তাঁকে বিরত রাখে। তাই আল্লাহ তায়ালা তার নবীর জন্য পরবর্তী বছর হতে নিষিদ্ধ মাসসমূহকে উন্মুক্ত করে দেন। ফলে মুশরিকরা রাসূলুল্লাহ (সা)-কে এ বলে দোষারোপ করতে লাগল যে, তিনি নিষিদ্ধ মাসে হত্যাকাণ্ড বৈধ করেছেন। এ প্রেক্ষিতে আল্লাহ এ আয়াত অবতীর্ণ করেন।

وَمَنَافِعُ لِلنَّاسِ ۡ وَإِثْمُهُمَآ أَكْبَرُ مِن نَّفْعِهِمَا ۗ وَيَسْـَٔلُونَكَ مَاذَا يُنفِقُونَ ۖ

ওয়া মানা- ফি'উ লিন্না-সি ওয়া ইছমুহুমা~আক্বারু মিন্ নাফ্'ইহিমা ; ওয়া ইয়াস্আলূনাকা মা-যা-ইয়ুন্ফিকূন ;

এবং মানুষের জন্য (পার্থিব) উপকারও রয়েছে। কিন্তু তাদের পাপ, উপকার হতে অনেক বেশী। লোকেরা আপনাকে প্রশ্ন করে, তারা আল্লাহর পথে কি ব্যয় করবে?

قُلِ الْعَفْوَ ۗ كَذَٰلِكَ يُبَيِّنُ اللَّهُ لَكُمُ الْآيَاتِ لَعَلَّكُمْ تَتَفَكَّرُونَ ﴿٢٢٠﴾ فِي الدُّنْيَا

কুলিল্ 'আফ্ওয়া ; কাযা-লিকা ইয়ুবাইয়্যিনুল্লা-হু লাকুমুল্ আ-য়া-তি লা'আল্লাকুম্ তাতাফাক্কারূন। ২২০। ফিদ্ দুন্ইয়া-

আপনি বলুন, প্রয়োজনীয় খরচের পর যা উদ্বৃত্ত থাকে তা খরচ করবে। এভাবে আল্লাহ তোমাদের জন্য তাঁর আহকাম সুস্পষ্টভাবে বর্ণনা করেন। (২২০) যাতে তোমরা

وَالْآخِرَةِ ۗ وَيَسْـَٔلُونَكَ عَنِ الْيَتَامَىٰ ۖ قُلْ إِصْلَاحٌ لَّهُمْ خَيْرٌ ۖ وَإِن

ওয়াল্ আ-খিরাহ্; ওয়া ইয়াস্আলূনাকা 'আনিল্ ইয়াতা-মা ; কুল্ ইস্বলা-হুল্ লাহুম্ খাইর ; ওয়া ইন্

ইহকাল ও পরকাল সম্পর্কে চিন্তা করতে পার; আর তারা আপনাকে ইয়াতীমদের সম্পর্কে প্রশ্ন করছে। আপনি বলুন, তাদের কল্যাণ করাই উত্তম। যদি তাদের মাল

تُخَالِطُوهُمْ فَإِخْوَانُكُمْ ۚ وَاللَّهُ يَعْلَمُ الْمُفْسِدَ مِنَ الْمُصْلِحِ ۚ وَلَوْ شَاءَ اللَّهُ

তুখা-লিত্বুহুম্ ফাইখওয়া-নুকুম্ ; ওয়াল্লা-হু ইয়া'লামুল্ মুফ্সিদা মিনাল্ মুস্বলিহ্ ; ওয়ালাও শা—আল্লা-হু

তোমাদের মালের সাথে মিলিয়ে দাও, তবে তারা তো তোমাদেরই ভাই। আল্লাহ জানেন, কে অনিষ্টকারী আর কে কল্যাণকারী। আল্লাহ ইচ্ছা করলে

لَأَعْنَتَكُمْ ۚ إِنَّ اللَّهَ عَزِيزٌ حَكِيمٌ ﴿٢٢١﴾ وَلَا تَنكِحُوا الْمُشْرِكَاتِ حَتَّىٰ يُؤْمِنَّ ۚ

লাআ'নাতাকুম ; ইন্নাল্লা-হা 'আযীযুন্ হাকীম্। ২২১। ওয়া লা-তান্কিহুল্ মুশ্রিকা-তি হাত্তা- ইয়ু'মিন্না ;

তোমাদেরকে এ ব্যাপারে কষ্টে ফেলতে পারতেন। নিশ্চয়ই আল্লাহ পরাক্রান্ত, প্রজ্ঞাময়। (২২১) মুশরিক মহিলাদেরকে ঈমান না আনা পর্যন্ত

وَلَأَمَةٌ مُّؤْمِنَةٌ خَيْرٌ مِّن مُّشْرِكَةٍ وَلَوْ أَعْجَبَتْكُمْ ۗ وَلَا تُنكِحُوا الْمُشْرِكِينَ

ওয়ালাআমাতুম মু'মিনাতুন্ খাইরুম্ মিম্ মুশ্রিকাতিওঁ ওয়ালাও আ'জাবাত্কুম, ওয়ালা-তুন্কিহুল্ মুশ্রিকীনা

বিবাহ কর না। ঈমানদার দাসী মুশরিক নারী হতে উত্তম। যদিও মুশরিক নারী তোমাদের কাছে মনপুতঃ। আর ঈমান না আনা পর্যন্ত মুশরিক

حَتَّىٰ يُؤْمِنُوا ۚ وَلَعَبْدٌ مُّؤْمِنٌ خَيْرٌ مِّن مُّشْرِكٍ وَلَوْ أَعْجَبَكُمْ ۗ أُولَٰئِكَ

হাত্তা- ইয়ু'মিনূ ; ওয়ালা 'আবদুম্ মু'মিনুন্ খাইরুম্ মিম্ মুশ্রিকিওঁ ওয়া লাও আ'জাবাকুম ; উলা—ইকা

পুরুষের সাথে তোমরা বিবাহ দিও না। মুমিন ক্রীতদাস মুশরিক পুরুষ অপেক্ষা উত্তম, যদিও তোমাদের মুগ্ধ করে। তারা তোমাদেরকে

يَدْعُونَ إِلَى النَّارِ ۖ وَاللَّهُ يَدْعُو إِلَى الْجَنَّةِ وَالْمَغْفِرَةِ بِإِذْنِهِ ۖ وَيُبَيِّنُ

ইয়াদ'উনা ইলান্ না-র, ওয়াল্লা-হু ইয়াদ্'উ~ইলাল্ জান্নাতি ওয়াল্ মাগ্ফিরাতি বিইয্নিহ, ওয়া ইয়ুবাইয়্যিনু

জাহান্নামের দিকে ডাকে আর আল্লাহ তায়ালা তাঁর অনুগ্রহে জান্নাত ও ক্ষমার দিকে ডাকেন। আর তিনি মানুষদেরকে

آيَاتِهِ لِلنَّاسِ لَعَلَّهُمْ يَتَذَكَّرُونَ ﴿٢٢١﴾ وَيَسْـَٔلُونَكَ عَنِ الْمَحِيضِ ۖ قُلْ هُوَ أَذًى

আ-য়া-তিহী লিন্না-সি লা'আল্লাহুম্ ইয়াতাযাক্কারূন। ২২২। ওয়া ইয়াস্আলূনাকা 'আনিল্ মাহ্বীদ্ব ; কুল্ হুওয়া আযান্

তাঁর আয়াতসমূহ সুস্পষ্টভাবে বর্ণনা করেন যাতে তারা উপদেশ গ্রহণ করে। (২২২) লোকেরা আপনাকে হায়েয (মহিলাদের ঋতু) সম্পর্কে প্রশ্ন করে। আপনি বলুন,

২৭ ع ৫ ১১ রুকূ

فَاعْتَزِلُوا النِّسَاءَ فِي الْمَحِيضِ ۖ وَلَا تَقْرَبُوهُنَّ حَتَّىٰ يَطْهُرْنَ ۖ فَإِذَا تَطَهَّرْنَ

ফা'তাযিলুন্ নিসা—আ ফিল্ মাহীদ্বি ওয়ালা-তাক্বরাবূহুন্না হাত্তা-ইয়াত্বহুর্না, ফাইযা-তাত্বাহ্হার্না-

তা অপবিত্র। সুতরাং তোমরা হায়েয অবস্থায় মহিলাদের থেকে আলাদা থাক এবং পবিত্র না হওয়া পর্যন্ত তাদের নিকটবর্তী হয়ো না। যখন তারা পবিত্র হবে

فَأْتُوهُنَّ مِنْ حَيْثُ أَمَرَكُمُ اللَّهُ ۚ إِنَّ اللَّهَ يُحِبُّ التَّوَّابِينَ وَيُحِبُّ

ফা'তূহুন্না মিন্ হাইছু আমারাকুমুল্লা-হ ; ইন্নাল্লা-হা ইয়ুহিব্বুত্ তাওয়্যা-বীনা ওয়া ইয়ুহিব্বুল

তখন তাদের কাছে যাও, যেভাবে আল্লাহ নির্দেশ দিয়েছেন, নিশ্চয়ই আল্লাহ তওবাকারীদেরকে আর পবিত্রতা অর্জনকারীদেরকে

الْمُتَطَهِّرِينَ ﴿٢٢٢﴾ نِسَاؤُكُمْ حَرْثٌ لَّكُمْ فَأْتُوا حَرْثَكُمْ أَنَّىٰ شِئْتُمْ ۖ

মুতাত্বাহ্হিরীন্। ২২৩। নিসা—উকুম হারছুল্ লাকুম্ ফা'তূ হারছাকুম আন্না-শি'তুম্

ভালবাসেন। (২২৩) তোমাদের স্ত্রীগণ তোমাদের জন্য শস্যক্ষেত্র স্বরূপ। সুতরাং তোমরা তোমাদের শস্যক্ষেত্রে যেভাবে ইচ্ছা গমন কর। আর

وَقَدِّمُوا لِأَنفُسِكُمْ ۚ وَاتَّقُوا اللَّهَ وَاعْلَمُوا أَنَّكُم مُّلَاقُوهُ ۗ وَبَشِّرِ الْمُؤْمِنِينَ ۝

ওয়া ক্বাদ্দিমূ লিআন্ফুসিকুম ; ওয়াত্তাকুল্লা-হা ওয়া'লামূ~আন্নাকুম্ মুলা-কূহ ; ওয়া বাশ্শিরিল্ মু'মিনীন্।

তোমরা নিজেদের জন্য পূর্বেই কিছু কর এবং আল্লাহকে ভয় কর। আর জেনে রেখ, নিশ্চয়ই তোমরা তাঁর সাক্ষাৎ লাভ করবে এবং মুমিনগণকে সুসংবাদ দাও।

﴿٢٢٣﴾ وَلَا تَجْعَلُوا اللَّهَ عُرْضَةً لِّأَيْمَانِكُمْ أَن تَبَرُّوا وَتَتَّقُوا وَتُصْلِحُوا بَيْنَ

২২৪। ওয়ালা- তাজ্'আলুল্লা-হা 'উর্দ্বাতাল লিআইমা-নিকুম্ আন্ তাবাররূ ওয়াতাত্তাকূ ওয়া তুস্বলিহূ বাইনান্

(২২৪) তোমরা শপথের দ্বারা আল্লাহর নামকে প্রতিবন্ধক বানিয়ো না কল্যাণমূলক কাজ, পরহেজগারী ও মানুষের মধ্যে আপোস

النَّاسِ ۗ وَاللَّهُ سَمِيعٌ عَلِيمٌ ﴿٢٢٤﴾ لَّا يُؤَاخِذُكُمُ اللَّهُ بِاللَّغْوِ فِي أَيْمَانِكُمْ

না-স ; ওয়াল্লা-হু সামী'উন্ 'আলীম্। ২২৫। লা-ইয়ুআ-খিযুকুমুল্লা-হু বিল্লাগ্ওয়ি ফী~আইমা-নিকুম

ব্যাপারে বিরত থাকার উদ্দেশ্যে। আল্লাহ সর্বশ্রোতা ও সর্বজ্ঞ। (২২৫) আল্লাহ তোমাদেরকে অর্থহীন শপথের জন্য পাকড়াও করবেন না।

وَلَٰكِن يُؤَاخِذُكُم بِمَا كَسَبَتْ قُلُوبُكُمْ ۗ وَاللَّهُ غَفُورٌ حَلِيمٌ ۝

ওয়ালা-কিঁই ইয়ুআ-খিযুকুম্ বিমা- কাসাবাত্ কুলূবুকুম্, ওয়াল্লা-হু গাফূরুন্ হালীম্।

কিন্তু আল্লাহ তোমাদের অন্তরের কৃতসংকল্পের জন্য পাকড়াও করবেন। আল্লাহ ক্ষমাশীল ও মহা ধৈর্যশীল।

﴿٢٢٦﴾ لِّلَّذِينَ يُؤْلُونَ مِن نِّسَائِهِمْ تَرَبُّصُ أَرْبَعَةِ أَشْهُرٍ ۖ فَإِن فَاءُوا فَإِنَّ اللَّهَ

২২৬। লিল্লাযীনা ইয়ু'লূনা মিন্ নিসা—ইহিম্ তারাব্বুস্বু আরবা'আতি আশ্হুর, ফাইন্ ফা—উ ফাইন্নাল্লা-হা

(২২৬) যারা নিজ স্ত্রীদের কাছে গমন না করার কসম করে বসে, তাদের জন্য চার মাসের সুযোগ রয়েছে। অতঃপর তারা যদি প্রত্যাবর্তন করে, তবে নিশ্চয়ই আল্লাহ

✪ টীকা (আঃ ২২২) ঃ হায়যের বিধান ঃ যৌবন প্রাপ্তা স্ত্রীলোকের মাসিক রক্তস্রাবকে হায়েয বলে। এ সময় সহবাস, রোযা, নামায সব কিছু নিষিদ্ধ। সাধারণ নিয়মের বাইরে যে রক্তস্রাব হয়, সেটা রোগ বিশেষ। তখন সহবাস ও নামায, রোযা বৈধ। ইয়াহুদী ও অগ্নিপূজকরা রক্তস্রাবকালে স্ত্রীলোকের সাথে পানাহার ও এক ঘরে বসবাস অবৈধ মনে করত। অপর দিকে খ্রিস্টান সম্প্রদায় সহবাসও পরিহার করত না। এ বিষয়ে রাসূলুল্লাহ (সা)-কে জিজ্ঞাসা করলে এ আয়াত নাযিল হয়। তিনি এ সম্পর্কে দ্ব্যর্থহীন ভাষায় বলেছেন– রক্তস্রাবকালে স্ত্রী গমন হারাম। তবে তাদের সাথে পানাহার ও একত্রে বসবাস জায়েয। ইয়াহুদীদের বাড়াবাড়ি ও খ্রিস্টানদের শৈথিল্য উভয় প্রকার প্রান্তিকতা পরিত্যাজ্য। (তা ঃ উসমানী)

غَفُورٌ رَّحِيمٌ ﴿٢٢٦﴾ وَإِنْ عَزَمُوا الطَّلَاقَ فَإِنَّ اللَّهَ سَمِيعٌ عَلِيمٌ ﴿٢٢٧﴾ وَالْمُطَلَّقَاتُ

গাফূরুর্ রাহ্বীম্ । ২২৭ । ওয়া ইন্ 'আযামুত্ব ত্বালা-ক্বা ফাইন্নাল্লা-হা সামী'উন্ 'আলীম । ২২৮ । ওয়াল্ মুত্বাল্লাক্বা-তু

ক্ষমাশীল ও দয়ালু । (২২৭) আর যদি তালাক দেয়ারই সিদ্ধান্ত নেয়, নিশ্চয়ই আল্লাহ্ সর্বশ্রোতা ও সর্বজ্ঞ । (২২৮) তালাক প্রাপ্তা

يَتَرَبَّصْنَ بِأَنفُسِهِنَّ ثَلَاثَةَ قُرُوءٍ ۚ وَلَا يَحِلُّ لَهُنَّ أَن يَكْتُمْنَ مَا خَلَقَ اللَّهُ

ইয়াতারাব্বাস্বনা বিআন্ফুসিহিন্না ছালা-ছাতা কুরূ—ই; ওয়ালা- ইয়াহ্বিল্লু লাহুন্না আইঁইয়াক্তুম্না মা- খালাক্বাল্লা-হু

স্ত্রীগণ তিন হায়েয পর্যন্ত অপেক্ষায় থাকবে । আর তাদের জন্য বৈধ হবে না আল্লাহ যা তাদের গর্ভে সৃষ্টি করেছেন তা গোপন করা ।

فِي أَرْحَامِهِنَّ إِن كُنَّ يُؤْمِنَّ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ ۚ وَبُعُولَتُهُنَّ أَحَقُّ

ফী~আর্হ্বা-মিহিন্না ইন্ কুন্না ইয়ু'মিন্না বিল্লা-হি ওয়াল্ ইয়াওমিল্ আ-খির ; ওয়া বু'উলাতুহুন্না আহ্বাক্কু

যদি তারা আল্লাহর প্রতি এবং পরকালের প্রতি ঈমান রাখে । আর তবে যদি তারা সংশোধনের ইচ্ছা পোষণ করে তাদের স্বামীগণই এ সময়ের মধ্যে তাদের ফিরিয়ে আনার

بِرَدِّهِنَّ فِي ذَٰلِكَ إِنْ أَرَادُوا إِصْلَاحًا ۚ وَلَهُنَّ مِثْلُ الَّذِي عَلَيْهِنَّ

বিরাদ্দিহিন্না ফী যা-লিকা ইন্ আরা-দূ~ইস্বলা-হ্বা ; ওয়া লাহুন্না মিছ্লুল্লাযী 'আলাইহিন্না

অধিক হকদার । স্ত্রীদের উপর পুরুষের যেমন অধিকার রয়েছে তেমনি স্ত্রীদেরও অধিকার রয়েছে পুরুষের উপর

بِالْمَعْرُوفِ ۚ وَلِلرِّجَالِ عَلَيْهِنَّ دَرَجَةٌ ۗ وَاللَّهُ عَزِيزٌ حَكِيمٌ ﴿٢٢٨﴾ الطَّلَاقُ

বিল্মা'রূফি ওয়া লিররিজ্বা-লি 'আলাইহিন্না দারাজ্বাহ ; ওয়াল্লা-হু 'আযীযুন্ হ্বাকীম্ । ২২৯ । আত্ত্বালা-ক্বু

ন্যায়সংগত । তবে তাদের (স্ত্রীদের) উপর পুরুষদের শ্রেষ্ঠত্ব রয়েছে । আল্লাহ তায়ালা মহা পরাক্রমশালী ও বিজ্ঞ । (২২৯) তালাক (রেজঈ)

مَرَّتَانِ ۖ فَإِمْسَاكٌ بِمَعْرُوفٍ أَوْ تَسْرِيحٌ بِإِحْسَانٍ ۗ وَلَا يَحِلُّ لَكُمْ أَن

মার্রাতা-নি ফাইম্সা-কুম্ বিমা'রূফিন আও তাস্রীহুম্ বি ইহ্বসা-ন ; ওয়ালা- ইয়াহ্বিল্লু লাকুম্ আন্

দু' বার । অতঃপর হয় তাকে ন্যায়সংগতভাবে রেখে দিবে অথবা, সদয়ভাবে বর্জন করবে । আর তোমাদের জন্য বৈধ হবে না তোমরা

تَأْخُذُوا مِمَّا آتَيْتُمُوهُنَّ شَيْئًا إِلَّا أَن يَخَافَا أَلَّا يُقِيمَا حُدُودَ اللَّهِ ۖ

তা'খুযূ মিম্মা~আ-তাইতুমূহুন্না শাইআন্ ইল্লা~আইঁ ইয়াখা-ফা~আল্লা-ইয়ুক্বীমা হুদুদাল্লা-হ ;

যা কিছু স্ত্রীদেরকে দিয়েছ তা থেকে কিছুগ্রহণ করা । হাঁ, তবে যদি তারা উভয় আল্লাহর সীমারেখা কায়েম রাখতে না পারার আশংকা করে ।

فَإِنْ خِفْتُمْ أَلَّا يُقِيمَا حُدُودَ اللَّهِ فَلَا جُنَاحَ عَلَيْهِمَا فِيمَا افْتَدَتْ بِهِ ۗ

ফাইন্ খিফ্তুম্ আল্লা- ইয়ুক্বীমা- হুদূদাল্লা-হি ফালা-জুনা-হ্বা 'আলাইহিমা- ফীমাফ্ তাদাত্ বিহ;

অতএব তোমরা যদি আশংকা কর যে, তারা (উভয়) আল্লাহর সীমারেখা কায়েম রাখতে পারবে না । তাহলে স্ত্রী অব্যাহতি পাওয়ার জন্য কিছু প্রদান করলে

تِلْكَ حُدُودُ اللَّهِ فَلَا تَعْتَدُوهَا ۚ وَمَن يَتَعَدَّ حُدُودَ اللَّهِ فَأُولَٰئِكَ هُمُ

তিল্কা হুদূদুল্লা-হি ফালা-তা'তাদূহা, ওয়া মাইঁ ইয়াতা'আদ্দা হুদূদাল্লা-হি ফাউলা—ইকা হুমুয্

তাতে উভয়ের কোন পাপ হবে না । এটা হচ্ছে আল্লাহ তায়ালার সীমারেখা । খবরদার! সীমা অতিক্রম কর না । আর যারা আল্লাহর সীমা অতিক্রম করে, তারাই

২৭
ع ৫
১১
রুকূ

الظَّالِمُونَ ﴿٢٢٩﴾ فَإِن طَلَّقَهَا فَلَا تَحِلُّ لَهُ مِن بَعْدُ حَتَّىٰ تَنكِحَ زَوْجًا غَيْرَهُ ۗ

যা-লিমূন্ । ২৩০ । ফাইন্ ত্বাল্লাক্বাহা- ফালা- তাহ্বিল্লু লাহূ মিম্ বা'দু হ্বাত্তা- তান্কিহ্বা যাওজ্বান্ গাইরাহ ;

জালিম । (২৩০) অতঃপর যদি তাকে (তৃতীয়বার) তালাক দেয়া হয়, তবে সে স্ত্রী অন্য স্বামীকে বিবাহ না করা পর্যন্ত তার জন্য হালাল হবে না । অতঃপর যদি

فَإِن طَلَّقَهَا فَلَا جُنَاحَ عَلَيْهِمَا أَن يَتَرَاجَعَا إِن ظَنَّا أَن يُقِيمَا حُدُودَ اللَّهِ ۗ

ফাইন্ ত্বাল্লাক্বাহা- ফালা- জুনা-হ্বা 'আলাইহিমা~আইঁ ইয়াতারাজ্বা'আ~ইন্ যান্না~আইঁ ইয়ুক্বীমা- হুদূদাল্লা-হ ;

সে স্বামী তাকে তালাক দেয় আর তারা যদি উভয়ে মনে করে যে, আল্লাহর সীমারেখা কায়েম রাখতে পারবে, তবে তাদের পুনর্মিলনে কোন গুনাহ নেই ।

وَتِلْكَ حُدُودُ اللَّهِ يُبَيِّنُهَا لِقَوْمٍ يَعْلَمُونَ ﴿٢٣٠﴾ وَإِذَا طَلَّقْتُمُ النِّسَاءَ فَبَلَغْنَ

ওয়া তিল্কা হুদূদুল্লা-হি ইয়ুবাইয়্যিনুহা- লিক্বাওমিঁই ইয়া'লামূন্ । ২৩১ । ওয়া ইযা- ত্বাল্লাক্বতুমুন্ নিসা—আ ফাবালাগ্না

এগুলো হচ্ছে আল্লাহ তায়ালার সীমারেখা, যা তিনি জ্ঞানী সম্প্রদায়ের জন্য বর্ণনা করেন । (২৩১) যখন তোমরা স্ত্রীদেরকে তালাক দাও অতঃপর তারা সমাপ্ত

أَجَلَهُنَّ فَأَمْسِكُوهُنَّ بِمَعْرُوفٍ أَوْ سَرِّحُوهُنَّ بِمَعْرُوفٍ ۚ وَلَا تُمْسِكُوهُنَّ

আজ্বালাহুন্না ফাআম্সিকূহুন্না বিমা'রূফিন আও সার্রিহূহুন্না বিমা'রূফ, ওয়ালা- তুম্সিকূহুন্না

করে নেয় তাদের ইদ্দতকাল । তখন হয় তোমরা ন্যায়সংগতভাবে তাদের রেখে দাও অথবা, শালীনতার সাথে বর্জন কর । আর ক্ষতি

ضِرَارًا لِّتَعْتَدُوا ۚ وَمَن يَفْعَلْ ذَٰلِكَ فَقَدْ ظَلَمَ نَفْسَهُ ۚ وَلَا تَتَّخِذُوا آيَاتِ اللَّهِ

দ্বিরা-রাল্ লিতা'তাদূ, ওয়া মাইঁ ইয়াফ'আল যা-লিকা ফাক্বাদ্ যালামা নাফ্সাহ ; ওয়ালা- তাত্তাখিযূ~আ- য়া-তিল্লা-হি

করে বাড়াবাড়ির উদ্দেশ্যে তাদেরকে আটকে রেখ না । আর যে এরূপ করবে সে নিজের প্রতিই জুলুম করবে । আর তোমরা বানিয়ো না আল্লাহর নির্দেশকে

هُزُوًا ۚ وَاذْكُرُوا نِعْمَتَ اللَّهِ عَلَيْكُمْ وَمَا أَنزَلَ عَلَيْكُم مِّنَ الْكِتَابِ

হুযুওয়াওঁ ওয়ায্কুরূ নি'মাতাল্লা-হি 'আলাইকুম ওয়ামা~আন্যালা 'আলাইকুম্ মিনাল্ কিতা-বি

তামাশার বস্তু । তোমরা স্মরণ কর, আল্লাহ যে নিয়ামত তোমাদেরকে দান করেছেন সেগুলো । আর তোমাদের উপর যে কিতাব ও হিকমত নাযিল করেছেন,

وَالْحِكْمَةِ يَعِظُكُم بِهِ ۚ وَاتَّقُوا اللَّهَ وَاعْلَمُوا أَنَّ اللَّهَ بِكُلِّ شَيْءٍ عَلِيمٌ ﴿٢٣١﴾

ওয়াল্ হ্বিক্মাতি ইয়া'ইযুকুম্ বিহ ; ওয়াত্তাক্বুল্লা-হা ওয়া'লামূ~আন্নাল্লা-হা বিকুল্লি শাই ইন্ 'আলীম্ ।

যা দ্বারা তিনি তোমাদেরকে উপদেশ দেন । আর তোমরা আল্লাহকে ভয় কর । জেনে রেখ! নিশ্চয়ই আল্লাহ প্রতিটি বিষয় ভালভাবে জানেন ।

তিন চতুর্থাংশ
২৯
ع ৩
১৩
রুকূ

وَإِذَا طَلَّقْتُمُ النِّسَاءَ فَبَلَغْنَ أَجَلَهُنَّ فَلَا تَعْضُلُوهُنَّ أَن يَنكِحْنَ

২৩২ । ওয়া ইযা- ত্বাল্লাক্বতুমুন্ নিসা—আ ফাবালাগ্না আজ্বালাহুন্না ফালা- তা'দ্বুলূহুন্না আইঁ ইয়ান্কিহ্বনা

(২৩২) তোমরা যখন স্ত্রীদের তালাক দাও, অতঃপর তারা যখন তাদের ইদ্দতকাল সমাপ্ত করে, তখন তাদের বাধা দিও না তাদের পূর্ব

أَزْوَاجَهُنَّ إِذَا تَرَاضَوْا بَيْنَهُم بِالْمَعْرُوفِ ۗ ذَٰلِكَ يُوعَظُ بِهِ مَن كَانَ

আযওয়া-জ্বাহুন্না ইযা-তারা-দ্বাও বাইনাহুম্ বিলমা'রূফ ; যা-লিকা ইয়ু'আযু বিহী মান্ কা-না

স্বামীর সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হতে । যদি তারা ন্যায়সংগতভাবে উভয়ে রাজী থাকে । এর দ্বারা উপদেশ প্রদান করা হল তাকে, যে

مِنكُمْ يُؤْمِنُ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ ۗ ذَٰلِكُمْ أَزْكَىٰ لَكُمْ وَأَطْهَرُ ۗ وَاللَّهُ

মিনকুম্ ইয়ু'মিনু বিল্লা-হি ওয়াল্ ইয়াওমিল্ আ-খির ; যা-লিকুম্ আযকা- লাকুম্ ওয়া আত্বহার ; ওয়াল্লা-হু
তোমাদের মধ্য হতে আল্লাহ ও আখিরাতের উপর ঈমান রাখে। এতে রয়েছে তোমাদের জন্য অধিক পরিশুদ্ধতা ও পবিত্রতা। আল্লাহ

يَعْلَمُ وَأَنتُمْ لَا تَعْلَمُونَ ﴿٢٣٢﴾ وَالْوَالِدَاتُ يُرْضِعْنَ أَوْلَادَهُنَّ حَوْلَيْنِ كَامِلَيْنِ

ইয়া'লামু ওয়া আন্তুম্ লা-তা'লামূন্। ২৩৩। ওয়াল্ ওয়া-লিদা-তু ইয়ুরদ্বি'না আওলা-দাহুন্না হ্বাওলাইনি কা-মিলাইনি
যা জানেন, তোমরা তা জান না। (২৩৩) জননীগণ স্বীয় সন্তানদেরকে দুধ পান করাবে পূর্ণ দু' বছর,

لِمَنْ أَرَادَ أَن يُتِمَّ الرَّضَاعَةَ ۚ وَعَلَى الْمَوْلُودِ لَهُ رِزْقُهُنَّ وَكِسْوَتُهُنَّ

লিমান্ আরা-দা আই ইয়ুত্বিম্মার্ রাদ্বা-'আহ ; ওয়া 'আলাল মাওলূদি লাহূ রিযকুহুন্না ওয়া কিস্ওয়াতুহুন্না
যে দুধ পান করানোর মুদ্দত পূর্ণ করাতে চায়। আর জনকের উপর দায়িত্ব হলো সে জননীর খোর-পোষের যথাযথ

بِالْمَعْرُوفِ ۚ لَا تُكَلَّفُ نَفْسٌ إِلَّا وُسْعَهَا ۚ لَا تُضَارَّ وَالِدَةٌ بِوَلَدِهَا

বিল্মা'রূফ ; লা-তুকাল্লাফু নাফসুন্ ইল্লা- উস'আহা-, লা- তুদ্বা—ররা ওয়া-লিদাতুম্ বিওয়ালাদিহা-
ব্যবস্থা করবে। কাউকেই সাধ্যাতীত কষ্ট দেয়া যাবে না। মাকে তার সন্তানের জন্য ক্ষতিগ্রস্ত করা যাবে না এবং

وَلَا مَوْلُودٌ لَّهُ بِوَلَدِهِ ۚ وَعَلَى الْوَارِثِ مِثْلُ ذَٰلِكَ ۗ فَإِنْ أَرَادَا فِصَالًا

ওয়ালা- মাওলূদুল্ লাহূ বিওয়ালাদিহী ওয়া 'আলাল্ ওয়া-রিছি মিছ্লু যা-লিক, ফাইন্ আরা-দা- ফিস্বা-লান্
পিতাকেও তার সন্তানের জন্য ক্ষতিগ্রস্ত করা যাবে না। আর উত্তরাধিকারীগণের উপরও অনুরূপ দায়িত্ব। যদি পিতা-মাতা

عَن تَرَاضٍ مِّنْهُمَا وَتَشَاوُرٍ فَلَا جُنَاحَ عَلَيْهِمَا ۗ وَإِنْ أَرَدتُّمْ أَن تَسْتَرْضِعُوا

'আন্ তারা-দ্বিম্ মিন্হুমা- ওয়া তাশা-উরিন্ ফালা-জুনা-হ্বা 'আলাইহিমা; ওয়া ইন্ আরাদ্তুম্ আন্ তাস্তারদ্বি'উ~
উভয় পারস্পরিক সম্মতি ও পরামর্শক্রমে দু' বছরের মধ্যেই দুধ ছাড়াতে ইচ্ছা করে, তাতে উভয়ের কোন পাপ হবে না। আর তোমরা যদি চাও যে,

أَوْلَادَكُمْ فَلَا جُنَاحَ عَلَيْكُمْ إِذَا سَلَّمْتُم مَّا آتَيْتُم بِالْمَعْرُوفِ ۗ

আওলা-দাকুম্ ফালা- জুনা-হ্বা 'আলাইকুম্ ইযা- সাল্লাম্তুম্ মা~আ-তাইতুম্ বিল্ মা'রূফ ;
তোমাদের সন্তানদেরকে কোন ধাত্রীর দ্বারা দুধ পান করাবে, তাতে কোন দোষ নেই, যদি তোমরা অর্পণ কর চুক্তিকৃত পাওনা বিধি মোতাবেক।

وَاتَّقُوا اللَّهَ وَاعْلَمُوا أَنَّ اللَّهَ بِمَا تَعْمَلُونَ بَصِيرٌ ﴿٢٣٣﴾ وَالَّذِينَ يُتَوَفَّوْنَ

ওয়াত্তাকুল্লা-হা ওয়া'লামূ~আন্নাল্লা-হা বিমা- তা'মালূনা বাস্বীর। ২৩৪। ওয়াল্লাযীনা ইয়ুতাওয়াফ্ফাওনা
আল্লাহকে ভয় কর এবং জেনে রেখ, নিশ্চয়ই আল্লাহ তোমাদের কৃতকর্মসমূহ প্রত্যক্ষ করছেন। (২৩৪) তোমাদের মধ্য হতে যারা মৃত্যুবরণ করে

مِنكُمْ وَيَذَرُونَ أَزْوَاجًا يَتَرَبَّصْنَ بِأَنفُسِهِنَّ أَرْبَعَةَ أَشْهُرٍ وَعَشْرًا ۖ

মিনকুম্ ওয়া ইয়াযারূনা আযওয়া-জাঁই ইয়াতারাব্বাস্না বি আনফুসিহিন্না আরবা'আতা আশ্হুরিঁও ওয়া 'আশ্রা,
এ অবস্থায় যে, তারা স্ত্রী রেখে যায়, সে স্ত্রীগণ নিজেকে বিরত রাখবে চার মাস দশদিন।

فَإِذَا بَلَغْنَ أَجَلَهُنَّ فَلَا جُنَاحَ عَلَيْكُمْ فِيمَا فَعَلْنَ فِي أَنفُسِهِنَّ بِالْمَعْرُوفِ ۗ

ফাইযা- বালাগ্না আজ্বালাহুন্না ফালা- জুনা-হ্বা 'আলাইকুম ফীমা- ফা'আল্না ফী~আনফুসিহিন্না বিল্ মা'রূফ ;
যখন তাদের ইদ্দতকাল পূর্ণ হবে তখন তাদের নিজেদের জন্য ন্যায়-নীতি ভাবে কোন ব্যবস্থা গ্রহণ করলে তাতে কোন পাপ নেই।

وَاللَّهُ بِمَا تَعْمَلُونَ خَبِيرٌ ﴿٢٣٤﴾ وَلَا جُنَاحَ عَلَيْكُمْ فِيمَا عَرَّضْتُم بِهِ مِنْ خِطْبَةِ

ওয়াল্লা-হু বিমা- তা'মালূনা খাবীর। ২৩৫। ওয়ালা- জুনা-হ্বা 'আলাইকুম্ ফীমা- 'আররাদ্বতুম বিহী মিন্ খিত্ববাতিন্
তোমরা যা কর আল্লাহ তায়ালা সে সম্পর্কে অবহিত। (২৩৫) তোমাদের কোন পাপ নেই, যদি তোমরা ইশারা ইংগিতে সে নারীদের বিবাহের প্রস্তাব দাও

النِّسَاءِ أَوْ أَكْنَنتُمْ فِي أَنفُسِكُمْ ۚ عَلِمَ اللَّهُ أَنَّكُمْ سَتَذْكُرُونَهُنَّ

নিসা—ই আও আকনানতুম ফী~আনফুসিকুম্; 'আলিমাল্লা-হু আন্নাকুম্ সাতায্কুরূনাহুন্না
অথবা নিজের অন্তরে গোপনে বিবাহের ইচ্ছা পোষণ কর। আল্লাহ জানেন যে, নিশ্চয় তোমরা অতিশীঘ্র স্মরণ করবে সে নারীদেরকে।

وَلَٰكِن لَّا تُوَاعِدُوهُنَّ سِرًّا إِلَّا أَن تَقُولُوا قَوْلًا مَّعْرُوفًا ۚ وَلَا تَعْزِمُوا

ওয়ালা- কিল্ লা-তুওয়া-'ইদূহুন্না সির্রান্ ইল্লা~আন্ তাকূলূ ক্বাওলাম মা'রূফা; ওয়ালা- তা'যিমূ
কিন্তু তোমরা গোপনে তাদের সাথে (বিবাহের) অঙ্গীকার কর না; হাঁ বিধি সম্মত কথাবার্তা বলতে পার। আর ইদ্দত শেষ হয়ে

عُقْدَةَ النِّكَاحِ حَتَّىٰ يَبْلُغَ الْكِتَابُ أَجَلَهُ ۚ وَاعْلَمُوا أَنَّ اللَّهَ يَعْلَمُ مَا فِي

'উক্বদাতান্ নিকা-হ্বি হ্বাত্তা-ইয়াব্লুগাল্ কিতা-বু আজ্বালাহ ; ওয়া'লামূ~আন্নাল্লা-হা ইয়া'লামু মা-ফী~
না যাওয়া পর্যন্ত বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার ইচ্ছা কর না। জেনে রাখ, নিশ্চয়ই আল্লাহ তায়ালা তোমাদের অন্তরে যা আছে তা জানেন।

৩০ ع ৪ ১৪ রুকূ

أَنفُسِكُمْ فَاحْذَرُوهُ ۚ وَاعْلَمُوا أَنَّ اللَّهَ غَفُورٌ حَلِيمٌ ﴿٢٣٥﴾ لَّا جُنَاحَ عَلَيْكُمْ إِن

আনফুসিকুম্ ফাহ্যারূহ, ওয়া'লামূ~আন্নাল্লা-হা গাফূরুন্ হ্বালীম্। ২৩৬। লা-জুনা-হ্বা 'আলাইকুম ইন
সুতরাং তাঁকে ভয় কর। আর একথাও জেনে রেখ যে, নিশ্চয় আল্লাহ ক্ষমাশীল এবং ধৈর্যশীল। (২৩৬) তোমাদের কোন অপরাধ নেই যদি

طَلَّقْتُمُ النِّسَاءَ مَا لَمْ تَمَسُّوهُنَّ أَوْ تَفْرِضُوا لَهُنَّ فَرِيضَةً ۚ وَمَتِّعُوهُنَّ عَلَى

ত্বাল্লাক্বতুমুন্ নিসা—আ মা-লাম্ তামাস্সূহুন্না আও তাফরিদ্বূ লাহুন্না ফারীদ্বাতাওঁ ওয়া মাত্তি'উহুন্না, 'আলাল্
তোমরা তালাক দাও সে সকল স্ত্রীদেরকে যাদের তোমরা স্পর্শ করনি অথবা কোন মহর সাব্যস্ত করনি। আর তাদেরকে কিছু খরচ দিয়ে দিবে

الْمُوسِعِ قَدَرُهُ وَعَلَى الْمُقْتِرِ قَدَرُهُ مَتَاعًا بِالْمَعْرُوفِ ۖ حَقًّا عَلَى الْمُحْسِنِينَ

মূসি'ই ক্বাদারুহু ওয়া 'আলাল্ মুক্বতিরি ক্বাদারুহু, মাতা-'আম্ বিল্ মা'রূফ, হ্বাক্বক্বান্ 'আলাল্ মুহ্সিনীন্।
বিত্তবান তার শক্তি অনুযায়ী আর বিত্তহীন তার অবস্থানুযায়ী। আর এ খরচ হবে ন্যায়সংগত। আর এটা সৎকর্মশীলদের জন্য কর্তব্য।

﴿٢٣٦﴾ وَإِن طَلَّقْتُمُوهُنَّ مِن قَبْلِ أَن تَمَسُّوهُنَّ وَقَدْ فَرَضْتُمْ لَهُنَّ فَرِيضَةً

২৩৭। ওয়া ইন্ ত্বাল্লাক্বতুমূহুন্না মিন্ ক্বাবলি আন্ তামাস্সূহুন্না ওয়াক্বাদ্ ফারাদ্বতুম্ লাহুন্না ফারীদ্বাতান্
(২৩৭) আর যদি তোমরা স্ত্রীদের স্পর্শ করার পূর্বে তালাক দাও আর ধার্য করে থাক তাদের মহর। তখন নির্ধারিত মহরের

فنصف ما فرضتم الا ان يعفون او يعفوا الذي بيده عقدة النكاح

ফানিস্বফু মা-ফারাদ্বতুম্ ইল্লা~আঁই ইয়া'ফুনা আও ইয়া'ফুওয়াল্লাযী বিইয়াদিহী 'উক্বদাতুন নিকা-হ্ ;
অর্ধেক দিয়ে দিবে। হ্যাঁ, তবে যদি স্ত্রী ক্ষমা করে দেয় অথবা, বিবাহ বন্ধন যার হাতে রয়েছে (অর্থাৎ স্বামী) সে যদি ক্ষমা করে দেয়

وان تعفوا اقرب للتقوى ولا تنسوا الفضل بينكم ان الله بما

ওয়া আন্ তা'ফূ~আক্বরাবু লিত্তাক্বওয়া; ওয়ালা- তানসাউল ফাদ্বলা বাইনাকুম্ ; ইন্নাল্লা-হা বিমা-
তা আলাদা কথা। আর ক্ষমা করে দেয়া হল পরহেজগারীর নিকটবর্তী। আর তোমরা পারস্পরিক সহানুভূতির কথা ভুল না। নিশ্চয়ই আল্লাহ তোমাদের যাবতীয়

تعملون بصير ﴿٢٣٧﴾ حفظوا على الصلوت والصلوة الوسطى وقوموا لله

তা'মালূনা বাস্বীর। ২৩৮। হা-ফিজূ 'আলাস্ব স্বালাওয়া-তি ওয়াস্ব স্বালা-তিল্ উস্‌ত্বা- ওয়াকূমূ লিল্লা-হি
কাজ কর্ম দেখেন। (২৩৮) তোমরা নামাযের প্রতি যত্নবান হও, বিশেষ করে মধ্যবর্তী নামাযের প্রতি এবং আল্লাহর সম্মুখে তোমরা বিনীতভাবে

قنتين ﴿٢٣٨﴾ فان خفتم فرجالا او ركبانا فاذا امنتم فاذكروا الله كما

ক্বা-নিতীন্। ২৩৯। ফাইন্ খিফ্‌তুম্ ফারিজা-লান্ আও রুক্‌বা-না, ফাইযা~আমিনতুম্ ফাযকুরুল্ লা-হা কামা-
দণ্ডায়মান হও। (২৩৯) আর যদি তোমরা আশংকা বোধ কর, তবে পদচারী অথবা সওয়ারী অবস্থায় (নামায পড়)। যখন তোমরা নিরাপদ হও তখন স্মরণ কর

علمكم ما لم تكونوا تعلمون ﴿٢٣٩﴾ والذين يتوفون منكم ويذرون

'আল্লামাকুম মা-লাম্ তাকূনূ তা'লামূন্। ২৪০। ওয়াল্লাযীনা ইয়ুতাওয়াফ্‌ফাওনা মিন্‌কুম্ ওয়া ইয়াযারূনা
আল্লাহকে। যেভাবে তিনি তোমাদেরকে শিক্ষা দিয়েছেন, যা তোমরা জানতে না। (২৪০) তোমাদের মধ্যে যারা স্ত্রী রেখে মৃত্যুবরণ করবে,

ازواجا وصية لازواجهم متاعا الى الحول غير اخراج فان خرجن

আযওয়াজাওঁ ওয়াস্বিয়্যাতাল্ লিআযওয়া-জিহিম্ মাতা-'আন্ ইলাল্ হ্বাওলি গাইরা ইখ্‌রা-জ্, ফাইন্ খারাজ্‌না
তারা যেন (মৃত্যু আসন্ন অবস্থায়) অসিয়ত করে যায় স্ত্রীদের ঘর থেকে বের না করে এক বছর পর্যন্ত তাদের খোর-পোষের ব্যবস্থা করার জন্য।

فلا جناح عليكم في ما فعلن في انفسهن من معروف والله عزيز

ফালা-জুনা-হ্বা 'আলাইকুম ফী মা- ফা'আলনা ফী~আনফুসিহিন্না মিম্ মা'রূফ ; ওয়াল্লা-হু 'আযীযুন্
তবে যদি তারা (স্ত্রীগণ) নিজে দায়িত্বে বের হয়ে যায়, তবে ন্যায়সংগত ভাবে নিজেদের ব্যাপারে তারা যা ব্যবস্থা নিবে তাতে তোমাদের কোন গুনাহ নেই। আল্লাহ

حكيم ﴿٢٤٠﴾ وللمطلقت متاع بالمعروف حقا على المتقين ﴿٢٤١﴾ كذلك

হ্বাকীম। ২৪১। ওয়া লিল্ মুত্বাল্লাক্বা-তি মাতা-'উম্ বিল্ মা'রূফ ; হ্বাক্বক্বান্ 'আলাল্ মুত্তাক্বীন্। ২৪২। কাযা-লিকা
পরাক্রমশালী, প্রজ্ঞাময়। (২৪১) তালাক প্রাপ্তাদেরকে প্রচলিত বিধি মোতাবেক খরচ দেয়া মুত্তাকীদের দায়িত্ব। (২৪২) এভাবে

يبين الله لكم ايته لعلكم تعقلون ﴿٢٤٢﴾ الم تر الى الذين خرجوا

ইয়ুবাইয়িনুল্লা-হু লাকুম আ-ইয়া-তিহী লা'আল্লাকুম্ তা'ক্বিলূন্। ২৪৩। আলাম্ তারা ইলাল্ লাযীনা খারাজূ
আল্লাহ তায়ালা তোমাদের জন্য তার বিধানসমূহ স্পষ্টভাবে বর্ণনা করেন, যাতে তোমরা বুঝতে পার। (২৪৩) আপনি কি তাদেরকে দেখেননি যারা মৃত্যু ভয়ে

৩১ ১৫ রুকূ

من ديارهم وهم الوف حذر الموت فقال لهم الله موتوا ثم

মিন দিয়া-রিহিম্ ওয়া হুম্ উলূফুন্ হ্বাযারাল্ মাওত, ফাক্বা-লা লাহুমুল্লা-হু মূতূ, ছুম্মা
বেরিয়ে গিয়েছিল তাদের ঘর থেকে অথচ তারা (সংখ্যায় ছিল) হাজার হাজার, অতঃপর আল্লাহ তায়ালা তাদেরকে বললেন, মরে যাও। অতঃপর আল্লাহ

احياهم ان الله لذو فضل على الناس ولكن اكثر الناس لا يشكرون

আহ্বইয়া-হুম্ ; ইন্নাল্লা-হা লাযূ ফাদ্বলিন্ 'আলা-ন্ না-সি ওয়ালা-কিন্না আকছারান্ না-সি লা-ইয়াশকুরূন্।
তাদের জীবিত করলেন, নিশ্চয়ই আল্লাহ তায়ালা মানুষের উপর অনুগ্রহশীল, কিন্তু অধিকাংশ লোক শোকর আদায় করে না।

﴿٢٤٣﴾ وقاتلوا في سبيل الله واعلموا ان الله سميع عليم ﴿٢٤٤﴾ من ذا الذي

২৪৪। ওয়াক্বা-তিলূ ফী সাবীলিল্লা-হি ওয়া'লামূ~আন্নাল্লা-হা সামী'উন্ 'আলীম্। ২৪৫। মান্ যাল্লাযী
(২৪৪) তোমরা লড়াই কর আল্লাহর পথে এবং জেনে রেখ নিশ্চয়ই আল্লাহ সর্বশ্রোতা ও সর্বজ্ঞ। (২৪৫) এমন কে আছে যে

يقرض الله قرضا حسنا فيضعفه له اضعافا كثيرة والله يقبض

ইয়ুক্বরিদ্বুল্লা-হা ক্বার্‌দ্বান্ হ্বাসানান্ ফাইয়ুদ্বা-'ইফাহু লাহূ~আদ্ব'আ-ফান্ কাছীরাহ ; ওয়াল্লা-হু ইয়াক্ববিদ্বু
আল্লাহকে উত্তম ঋণ প্রদান করবে? তাহলে আল্লাহ তাকে তা বহুগুণে বাড়িয়ে দিবেন। আল্লাহই কমান এবং প্রশস্ত করেন

ويبصط واليه ترجعون ﴿٢٤٥﴾ الم تر الى الملا من بني اسراءيل من

ওয়া ইয়াবস্বুত্বু, ওয়া-ইলাইহি তুরজ্বা'উন্। ২৪৬। আলাম্ তারা ইলাল্ মালাই মিম্ বানী~ইসরা—ঈলা মিম্
এবং (মৃত্যুর পর) তোমরা তাঁরই দিকে প্রত্যাবর্তিত হবে। (২৪৬) আপনি কি মূসার পরবর্তী সময়ে বনী ইসরাঈলের একটি দলকে দেখেন নি?

بعد موسى اذ قالوا لنبي لهم ابعث لنا ملكا نقاتل في سبيل الله

বা'দি মূসা। ইয্ ক্বা-লূ লিনাবিয়্যিল্ লাহুমুব্ 'আছ লানা- মালিকান্ নুক্বা-তিল্ ফী সাবীলিল্লা-হ্ ;
যখন তারা তাদের নবীকে বলেছিল, আমাদের জন্য একজন বাদশাহ নিযুক্ত করুন, যাতে আমরা আল্লাহর পথে লড়াই করতে পারি।

قال هل عسيتم ان كتب عليكم القتال الا تقاتلوا قالوا وما

ক্বা-লা হাল্ 'আসাইতুম্ ইন কুতিবা 'আলাইকুমুল্ ক্বিতা-লু আল্লা-তুক্বা-তিলূ ; ক্বা-লূ ওয়া মা-
তিনি বললেন, তোমাদের থেকে এ সম্ভাবনা আছে কি? যখন তোমাদেরকে হুকুম দেয়া হবে লড়াই করার জন্য; তখন তোমরা লড়াই করবে না? তারা বলল, আমরা

لنا الا نقاتل في سبيل الله وقد اخرجنا من ديارنا وابنائنا فلما

লানা~আল্লা- নুক্বা-তিলা ফী সাবীলিল্লা-হি ওয়া ক্বাদ্ উখরিজ্‌না- মিন্ দিয়া-রিনা- ওয়া আব্‌না—ইনা; ফালাম্মা-
কেন আল্লাহর পথে লড়াই করব না? অথচ আমাদেরকে বের করে দেয়া হয়েছে আমাদের আবাসভূমি এবং আমাদের সন্তান সন্ততির কাছ থেকে। অতঃপর যখন

كتب عليهم القتال تولوا الا قليلا منهم والله عليم بالظلمين

কুতিবা 'আলাইহিমুল্ ক্বিতা-লু তাওয়াল্লাও ইল্লা- ক্বালীলাম্ মিন্‌হুম্ ; ওয়াল্লা-হু 'আলীমুম্ বিয্‌যা-লিমীন্।
তাদেরকে লড়াই করার হুকুম দেয়া হয়েছিল, তখন তাদের অল্পসংখ্যক লোক ছাড়া সকলেই পৃষ্ঠ প্রদর্শন করল। আল্লাহ জালেমদেরকে ভালভাবেই জানেন।

وقال لهم نبيهم ان الله قد بعث لكم طالوت ملكا ؕ قالوا انى

২৪৭। ওয়া ক্বা-লা লাহুম্ নাবিইয়্যুহুম্ ইন্নাল্লা-হা ক্বাদ্ বা'আছা লাকুম্ ত্বা-লূতা মালিকা ; ক্বা-লূ~আন্না-
(২৪৭) তাদের কাছে তাদের নবী বললেন, নিশ্চয়ই আল্লাহ তায়ালা তোমাদের জন্য তালূতকে বাদশাহ নিযুক্ত করেছেন। তারা বলল,

يكون له الملك علينا ونحن احق بالملك منه ولم يؤت سعة

ইয়াকূনু লাহুল্ মুল্কু 'আলাইনা- ওয়া নাহ্নু আহ্বাক্বকু বিল্ মুল্কি মিন্হু ওয়ালাম্ ইয়ু'তা সা'আতাম
তার বাদশাহী আমাদের উপর কিভাবে হবে? বাদশাহ হবার অধিকার তার চেয়ে আমাদের বেশী। তাকে তো আর্থিক সচ্ছলতাও

من المال ؕ قال ان الله اصطفه عليكم وزاده بسطة فى العلم

মিনাল্ মা-ল ; ক্বা-লা ইন্নাল্লা-হাস্বত্বাফা-হু 'আলাইকুম ওয়াযা-দাহূ বাসত্বাতান ফিল্ 'ইল্মি
দেয়া হয়নি; নবী বললেন, আল্লাহ তায়ালা তাকে তোমাদের জন্য মনোনীত করেছেন এবং আধিক্য দান করেছেন জ্ঞান ও দেহের

والجسم ؕ والله يؤتى ملكه من يشاء ؕ والله واسع عليم ﴿٢٤٨﴾ وقال

ওয়াল্ জিস্ম ; ওয়াল্লা-হু ইয়ু'তী মুল্কাহূ মাইঁ ইয়াশা—উ, ওয়াল্লা-হু ওয়া-সি'উন্ 'আলীম। ২৪৮। ওয়াক্বা-লা
দিক থেকে। আল্লাহ তায়ালা যাকে ইচ্ছা করেন তাকে বাদশাহী দান করেন। আল্লাহ প্রশস্ততা দানকারী ও সর্বজ্ঞ। (২৪৮) আর তাদের

لهم نبيهم ان اية ملكه ان ياتيكم التابوت فيه سكينة من

লাহুম্ নাবিইয়্যুহুম্ ইন্না আ-ইয়াতা মুল্কিহী~আইঁ ইয়া'তিয়াকুমুত্ তা-বূতু ফীহি সাকীনাতুম্ মির
নবী তাদেরকে বললেন, তার বাদশাহ হওয়ার নিদর্শন এই যে, তোমাদের কাছে একটি সিন্দুক আসবে, যার মধ্যে রয়েছে তোমাদের

ربكم وبقية مما ترك ال موسى وال هرون تحمله الملئكة ؕ ان

রাব্বিকুম্ ওয়া বাক্বিয়্যাতুম্ মিম্মা- তারাকা আ-লু মূসা- ওয়া আ-লু হা-রূনা তাহ্মিলুহুল্ মালা—ইকাহ ; ইন্না
রবের তরফ থেকে প্রশান্তি ; আর মূসা ও হারুনের বংশধরদের পরিত্যক্ত কিছু জিনিস। ফিরিশতারা সেটি বহন করে আনবে। যদি তোমরা মুমিন হও তবে নিশ্চয়ই

৩২ ع ৬ ১৬ রুকূ

فى ذلك لاية لكم ان كنتم مؤمنين ﴿٢٤٩﴾ فلما فصل طالوت بالجنود

ফী যা-লিকা লাআ-ইয়াতাল্ লাকুম্ ইন্ কুন্তুম্ মু'মিনীন্। ২৪৯। ফালাম্মা- ফাস্বালা ত্বা-লূতু বিল্ জুনূদি
এর মধ্যে রয়েছে তোমাদের জন্য নিদর্শন। (২৪৯) অতঃপর যখন তালূত সৈন্যসহ বের হল, তখন সে

قال ان الله مبتليكم بنهر ج فمن شرب منه فليس منى ج ومن لم

ক্বা-লা ইন্নাল্লা-হা মুব্তালীকুম্ বিনাহার, ফামান্ শারিবা মিন্হু ফালাইসা মিন্নী, ওয়া মাল্ লাম্
বলল, নিশ্চয়ই আল্লাহ তায়ালা তোমাদেরকে একটি নহর দ্বারা তোমাদের পরীক্ষা করবেন। যে ব্যক্তি তা থেকে পান করবে সে আমার দলভুক্ত নয়।

✪ টীকা (আঃ ২৪৮) ঃ তাবূত (সিন্দুক) ঃ বনী ইসরাঈলগণের পুরুষানুক্রমে একটি সিন্দুক চলে আসছিল। তার ভিতর হযরত মূসা (আ) ও অন্যান্য নবীর স্মৃতি চিহ্ন রক্ষিত ছিল। বনী ঈসরাইল যুদ্ধ-বিগ্রহ কালে সিন্দুকটি সামনে রাখত। আল্লাহ তায়ালা তার বরকতে তাদেরকে বিজয় দান করতেন। জালূত যখন তাদের উপর বিজয়ী হয়; তখন সে এ সিন্দুকটিও সাথে নিয়ে যায়। তারপর আল্লাহ তায়ালা যখন ইচ্ছা করলেন যে, এ সিন্দুকটি বনী ঈসরাইলের নিকট পৌঁছে দিবেন। তখন জালূত সেটি যেখানেই রাখত সেখানেই মহা-মারীসহ বিভিন্ন বিপদ দেখা দিত ; এভাবে পাঁচটি নগর জনশূন্য হয়ে গেল। নিরুপায় হয়ে সে দু'টি গরুর উপর সেটি চাপিয়ে দিল এবং গরু দু'টি হাঁকিয়ে দিল। ফিরিশতারা সে দু'টি হাঁকাতে হাঁকাতে তালুতের বাড়ীর দরজায় পৌঁছে দিল। বনী ঈসরাইল সেটি দেখে তালুতের রাজত্বে বিশ্বাস স্থাপন করল।

يطعمه فانه منى الا من اغترف غرفة بيده ج فشربوا منه الا

ইয়াত্ব'আম্হু ফাইন্নাহূ মিন্নী~ইল্লা- মানিগ্তারাফা গুরফাতাম বিইয়াদিহ, ফাশারিবূ মিন্হু ইল্লা-
আর যে ব্যক্তি তার স্বাদ গ্রহণ করবে না সে আমার দলভুক্ত। তবে যে ব্যক্তি তার হাত দ্বারা এক কোষ পান করবে সে অবশ্য দোষী হবে না। অতঃপর

قليلا منهم ؕ فلما جاوزه هو والذين امنوا معه قالوا لا طاقة لنا اليوم

ক্বালীলাম্ মিন্হুম্, ফালাম্মা- জা-ওয়াযাহূ হুওয়া ওয়াল্লাযীনা আ-মানূ মা'আহূ ক্বা-লূ লা- ত্বা-ক্বাতা লানাল ইয়াওমা
অল্পসংখ্যক লোক ব্যতীত সবাই সে পানি পান করল। যখন তালূত এবং তার ঈমানদার সাথিরা নহর অতিক্রম করল, তখন তারা বলল,

بجالوت وجنوده ؕ قال الذين يظنون انهم ملقوا الله لا كم من فئة

বিজ্বা-লূতা ওয়া জুনূদিহ ; ক্বালাল্ লাযীনা ইয়াযুন্নূনা আন্নাহুম্ মুলা-ক্বুল্লা-হি কাম্ মিন্ ফিআতিন্
জালূত ও তার সৈন্য বাহিনীর সাথে লড়াই করার ক্ষমতা আজ আমাদের নেই। কিন্তু যাদের আল্লাহর সাথে সাক্ষাতের দৃঢ় ধারণা রয়েছে

قليلة غلبت فئة كثيرة باذن الله ؕ والله مع الصبرين ﴿٢٥٠﴾ ولما

ক্বালীলাতিন গালাবাত্ ফিআতান্ কাছীরাতাম্ বিইয্নিল্লা-হ ; ওয়াল্লা-হু মা'আস্ব স্বা-বিরীন্। ২৫০। ওয়া লাম্মা-
তারা বলল, বহু ছোট ছোট দল বড় বড় দলের উপর আল্লাহর হুকুমে বিজয়ী হয়েছে। আর আল্লাহ ধৈর্যশীলদের সাথে রয়েছেন। (২৫০) যখন তারা জালূত ও তার

برزوا لجالوت وجنوده قالوا ربنا افرغ علينا صبرا وثبت اقدامنا

বারাযূ লিজ্বা-লূতা ওয়া জুনূদিহী ক্বা-লূ রাব্বানা~'আফ্রিগ্ 'আলাইনা- স্বাব্রাওঁ ওয়া ছাব্বিত্ আক্বদা-মানা-
সৈন্য বাহিনীর মোকাবেলায় ময়দানে আসল, তখন তারা বলল, হে আমাদের প্রতিপালক, আমাদেরকে ধৈর্য ধরার তাওফীক দান কর এবং আমাদের পা দৃঢ় রাখ

وانصرنا على القوم الكفرين ﴿٢٥١﴾ فهزموهم باذن الله وقتل داود جالوت

ওয়ানস্বুরনা- 'আলাল ক্বাওমিল্ কা-ফিরীন্। ২৫১। ফাহাযামূহুম্ বিইয্নিল্লা-হি ওয়া ক্বাতালা দা-উদু জ্বা-লূতা
এবং কাফিরদের মোকাবেলায় আমাদেরকে সাহায্য কর। (২৫১) অতঃপর তারা জালূত বাহিনীকে আল্লাহর হুকুমে পরাভূত করল এবং দাউদ জালূতকে

واته الله الملك والحكمة وعلمه مما يشاء ؕ ولولا دفع الله الناس

ওয়া আ-তা-হুল্লা-হুল্ মুল্কা ওয়াল্ হিক্মাতা ওয়া 'আল্লামাহূ মিম্মা- ইয়াশা—উ ; ওয়া লাওলা- দাফ'উল্লা-হিন্ না-সা
হত্যা করল। আল্লাহ তাঁকে [দাউদ (আ)-কে] রাজত্ব ও হিকমত দান করলেন এবং তাকে নিজ ইচ্ছা অনুযায়ী শিক্ষা দিলেন। যদি আল্লাহ মানুষদের

بعضهم ببعض لفسدت الارض ولكن الله ذو فضل على العلمين ○

বা'দ্বাহুম্ বিবা'দ্বিল্ লাফাসাদাতিল্ আরদ্বু ওয়া লা-কিন্নাল্লা-হা যূ ফাদ্বলিন্ 'আলাল্ 'আ-লামীন।
একদলকে অন্য দল দ্বারা প্রতিহত না করতেন; তবে গোটা পৃথিবী অবশ্যই বিপর্যস্ত হয়ে পড়ত। কিন্তু আল্লাহ তায়ালা বিশ্ববাসীর উপর অত্যন্ত অনুগ্রহশীল।

﴿٢٥٢﴾ تلك ايت الله نتلوها عليك بالحق ؕ وانك لمن المرسلين ○

২৫২। তিল্কা আ-ইয়া-তুল্লা-হি নাত্লূহা- 'আলাইকা বিল্ হাক্বক্ব ; ওয়া ইন্নাকা লামিনাল মুর্সালীন।
(২৫২) এসমুদয় আল্লাহর নিদর্শন যা আমি যথাযথভাবে আপনার প্রতি পেশ করছি। নিশ্চয়ই আপনি রাসূলগণের অন্তর্ভুক্ত।

﴿٢٥٣﴾ تلك الرسل فضلنا بعضهم على بعض منهم من كلم الله ورفع

২৫৩। তিলকার রুসুলু ফাদ্বদ্বালনা- বা'দ্বাহুম 'আলা-বা'দ্ব। মিন্হুম্ মান্ কাল্লামাল্লা-হু ওয়া রাফা'আ
(২৫৩) এই রাসূলগণ এমন যে, আমি তাদের কাউকে কারো উপর মর্যাদা দান করেছি। তাদের মধ্যে এমন কেউ আছেন যাঁর সাথে আল্লাহ

بعضهم درجت وآتينا عيسى ابن مريم البينت وايدنه بروح

বা'দ্বাহুম দারাজা-ত ; ওয়া আ-তাইনা- 'ঈসাব্না মারইয়ামাল বাইয়্যিনা-তি ওয়া আইয়্যাদ্না-হু বিরূহিল
কথা বলেছেন এবং কাউকে উন্নীত করেছেন সুউচ্চ মর্যাদায়; আমি মারইয়ামের পুত্র ঈসাকে স্পষ্ট নিদর্শন দিয়েছি এবং আমি তাকে

القدس ولو شاء الله ما اقتتل الذين من بعدهم من بعد ما جاءتهم

কুদুস ; ওয়া লাও শা—আল্লা-হু মাক্বতাতা লাল্লাযীনা মিম্ বা'দিহিম্ মিম্ বা'দি মা- জ্বা—আত্ হুমুল
রূহুলকুদুস (জিবরাঈল) দ্বারা সাহায্য করেছি। আল্লাহ তায়ালা যদি ইচ্ছা করতেন তবে এসব নবীর পরবর্তী উম্মতরা তাদের কাছে সুস্পষ্ট নিদর্শনাবলী আসার

البينت ولكن اختلفوا فمنهم من امن ومنهم من كفر ولو شاء الله

বাইয়্যিনা-তু ওয়া লা-কিনিখ্ তালাফূ ফামিন্হুম্ মান আ-মানা ওয়া মিন্হুম্ মান কাফার ; ওয়া লাও শা—আল্লা-হু
পরও পরস্পরে লড়াই করত না; কিন্তু তাদের মধ্যে মতানৈক্যের সৃষ্টি হল। সুতরাং তাদের মধ্যে কতক ঈমান আনল আর কতক কুফরী করল; আল্লাহ

ما اقتتلوا ولكن الله يفعل ما يريد ﴿٢٥٤﴾ يايها الذين امنوا انفقوا مما

মাক্বতাতালূ ; ওয়া লা- কিন্নাল্লা-হা ইয়াফ'আলু মা- ইয়ুরীদ। ২৫৪। ইয়া~আইয়্যুহাল্লাযীনা আ-মানূ~আন্ফিকূ মিম্মা-
যদি ইচ্ছা করতেন তবে তারা পরস্পরে লড়াই করত না; কিন্তু আল্লাহ তা-ই করেন যা তিনি ইচ্ছা করেন। (২৫৪) হে ঈমানদারগণ! আমি তোমাদেরকে

رزقنكم من قبل ان ياتي يوم لا بيع فيه ولا خلة ولا شفاعة و

রাযাক্বনা-কুম্ মিন ক্বাব্লি আইঁ ইয়া'তিইয়া ইয়াওমুল্ লা-বাই'য়ুন ফীহি ওয়ালা- খুল্লাতুওঁ ওয়ালা- শাফা-'আহ ; ওয়াল
যে রিযিক দিয়েছি তা থেকে খরচ কর সেদিন আসার পূর্বেই, যেদিন কোন বেচা-কেনা চলবেনা, বন্ধুত্ব থাকবে না এবং কোন সুপারিশও চলবে না। আর

الكفرون هم الظلمون ﴿٢٥٥﴾ الله لا اله الا هو الحي القيوم لا تاخذه سنة

কা-ফিরূনা হুমুয্ যা-লিমূন। ২৫৫। আল্লা-হু লা~ইলা-হা ইল্লা- হুও, আল হাইয়্যুল ক্বাইয়্যূম, লা- তা'খুযুহূ সিনাতুওঁ
কাফিররাই হল অত্যাচারী। (২৫৫) আল্লাহ এমন যে, তিনি ছাড়া কোন মা'বুদ নেই, তিনি চিরঞ্জীব এবং সংরক্ষণকারী। তাঁকে স্পর্শ

ولا نوم له ما في السموت وما في الارض من ذا الذي يشفع عنده

ওয়া লা-নাওম ; লাহূ মা- ফিস্ সামা-ওয়া-তি ওয়ামা- ফিল্ আরদ্ব ; মান্ যাল্লাযী ইয়াশ্ফা'উ 'ইন্দাহূ~
করতে পারে না, তন্দ্রা ও নিদ্রা। আসমানে ও যমিনে যা কিছু রয়েছে সব তাঁরই; এমন কে আছে যে, তাঁর অনুমতি ছাড়া তাঁর কাছে সুপারিশ

✪ টীকা (আঃ ২৫৫) ঃ আয়াতুল কুরছীর ফযীলত ঃ পবিত্র কুরআন মজীদের ৬৬৬৬ আয়াতের মধ্যে এ আয়াতটি (الله لا اله .... وهو العلى العظيم) সর্বাধিক ফযীলতময় ও গুরুত্বপূর্ণ। এ আয়াতটি হল আয়াতুল কুরছী। * যে ব্যক্তি প্রত্যেক নামাযের পর আয়াতুল কুরছী পাঠ করবে তার জন্য একমাত্র মওত ব্যতীত বেহেশতে প্রবেশ করার অন্য কোন বাধা থাকবে না। যথারীতি আয়াতুল কুরছী সে ব্যক্তিই পাঠ করে থাকে যে ব্যক্তি সৎ ও কল্যাণকামী এবং ইবাদাত গোজার। * যে ব্যক্তি শয়নকালে আয়াতুল কুরছী পাঠ করে আল্লাহ পাক তাকে, তার প্রতিবেশীকে ও তার প্রতিবেশীর প্রতিবেশীকে এবং তাদের আশে-পাশের সকল বসতি লোকদেরকে সহীহ সালামতে ও নিরাপদে রাখেন। * নিয়মিত আয়াতুর কুরছী পাঠ করলে জ্বিন-ভূতের আক্রমণ থেকে রক্ষা পাওয়া যায়। (আজিঃ ছালেহীন)

৩ পারা ৯ ৩৩ ع ১ রুকূ

الا باذنه يعلم ما بين ايديهم وما خلفهم ولا يحيطون بشيء من

ইল্লা- বিইয্নিহ ; ইয়া'লামু মা- বাইনা আইদীহিম ওয়ামা- খালফাহুম, ওয়ালা- ইয়ুহীতূনা বিশাইইম মিন
করবে? তাদের সামনে ও পশ্চাতে যা কিছু আছে তা তিনি জানেন এবং তারা তাঁর জ্ঞানের কোন কিছুই আয়ত্ত করতে পারে না,

علمه الا بما شاء وسع كرسيه السموت والارض ولا يئوده

'ইলমিহী~ইল্লা- বিমা- শা—আ, ওয়া সি'আ কুরসিইয়্যুহুস্ সামা-ওয়া-তি ওয়াল আরদ্ব ; ওয়ালা- ইয়াউদুহূ
কিন্তু যে পরিমাণ তিনি ইচ্ছা করেন। তাঁর আসন গোটা আসমান ও যমিন পরিবেষ্টিত করে আছে। এ দু'টির (আসমান ও যমিন)

حفظهما وهو العلي العظيم ﴿٢٥٦﴾ لا اكراه في الدين قد تبين الرشد

হিফ্যুহুমা, ওয়া হুওয়াল্ 'আলিইয়্যুল 'আযীম। ২৫৬। লা~ইক্রা-হা ফিদ্ দীনি ক্বাত্ তাবাইয়্যানার রুশ্দু
রক্ষণা-বেক্ষণ তাঁর জন্য কষ্টকর নয়। তিনি সর্বোচ্চ ও সুমহান। (২৫৬) দ্বীনের ব্যাপারে কোন জবরদস্তি নেই। নিশ্চয়ই সঠিক পথ

من الغي فمن يكفر بالطاغوت ويؤمن بالله فقد استمسك بالعروة

মিনাল গাইয়্যি, ফামাইঁ ইয়াক্ফুর বিত্ত্বা-গূতি ওয়াইয়ু'মিম বিল্লা-হি ফাক্বাদিস্ তামসাকা বিল 'উরওয়াতিল
ভ্রান্ত পথ হতে সুস্পষ্ট হয়ে গেছে। যে ব্যক্তি শয়তানকে অস্বীকার করবে এবং আল্লাহর প্রতি বিশ্বাস রাখবে সে এমন এক শক্ত

الوثقى لا انفصام لها والله سميع عليم ﴿٢٥٧﴾ الله ولي الذين امنوا

উছ্ক্বা- লানফিস্বা-মা লাহা-; ওয়াল্লা-হু সামী'উন 'আলীম। ২৫৭। আল্লা-হু ওয়ালিইয়্যুল্লাযীনা আ-মানূ
হাতল ধরল, যা কখনো ভাংগবার নয়; আল্লাহ সর্বশ্রোতা, সর্বজ্ঞ। (২৫৭) আল্লাহ মুমিনদের বন্ধু। তিনি তাদেরকে (কুফরীর)

يخرجهم من الظلمت الى النور والذين كفروا اولئهم الطاغوت

ইয়ুখরিজুহুম মিনায্ যুলুমা-তি ইলান্ নূর ; ওয়াল্লাযীনা কাফারূ~আওলিয়া—উহুমুত্ত্বা-গূতু
অন্ধকার হতে বের করে আলোর (ইসলামের) দিকে নিয়ে আসেন। আর যারা কাফির তাদের বন্ধু শয়তান। এরা তাদেরকে

يخرجونهم من النور الى الظلمت اولئك اصحب النار هم فيها

ইয়ুখরিজূনাহুম মিনান নূরি ইলায্যুলুমা-ত; উলা—ইকা আস্হা-বুন্ না-র, হুম ফীহা-
আলো (ইসলাম) থেকে বের করে (কুফরীর) অন্ধকারে নিয়ে যায়। এরাই জাহান্নামের অধিবাসী। তারা সেখানে অনন্তকাল

خلدون ﴿٢٥٨﴾ الم تر الى الذي حاج ابرهم في ربه ان اته الله

খা-লিদূন। ২৫৮। আলাম্ তারা ইলাল্লাযী হা—জ্জা ইব্রা-হীমা ফী রাব্বিহী~আন আ-তা-হুল্লা-হুল
থাকবে। (২৫৮) আপনি কি সে ব্যক্তিকে দেখেননি, যে হযরত ইব্রাহীমের সাথে তার প্রভু সম্পর্কে বিতর্কে লিপ্ত হয়েছিল; যেহেতু আল্লাহ

✪ শানে নুযূল (আঃ ২৫৬) ঃ لا اكراه فى الدين - ইবনে আব্বাস (রা) বলেন, বন্ধ্যা স্ত্রীরা সন্তান প্রার্থনা করে বলত যে, যদি ছেলে পেলে হয়; তবে তা ইয়াহুদীদের হাতে সমর্পণ করব। এভাবে ইয়াহুদীদের বনু নযীর গোত্রের নিকট অনেক সন্তান জমা হয়ে যায়। অতঃপর মদীনাবাসীরা মুসলমান হয়ে গেলে বনূ নযীরদের নিকট হতে তাদের সন্তানদেরকে এনে মুসলমান করার ইচ্ছা করে। তখন তাদেরকে এর থেকে বিরত থাকার জন্য বলা হয়েছিল। অতঃপর আল্লাহ তায়ালাও এ আয়াত অবতীর্ণ করেন। (তাঃ ইবনে কাছীর)

৩৪ ع ৪ ২ রুকূ

الْمُلْكَ ۘ إِذْ قَالَ إِبْرٰهِيمُ رَبِّيَ الَّذِي يُحْيِي وَيُمِيتُ ۙ قَالَ أَنَا أُحْيِي

মুল্ক। ইয্ ক্বা-লা ইব্রা-হীমু রাব্বিইয়াল্লাযী ইয়ুহ্য়ী ওয়া ইয়ুমীতু ক্বা-লা আনা উহ্য়ী

তাকে রাজত্ব দান করেছিলেন। যখন ইবরাহীম বললেন, আমার প্রতিপালক এমন যে, তিনি জীবন দান করেন এবং মৃত্যু ঘটান; সে (নমরূদ) বলল, আমিও

وَأُمِيتُ ۖ قَالَ إِبْرٰهِيمُ فَإِنَّ اللّٰهَ يَأْتِي بِالشَّمْسِ مِنَ الْمَشْرِقِ فَأْتِ بِهَا

ওয়া উমীত ; ক্বা-লা ইব্রা-হীমু ফাইন্নাল্লা-হা ইয়া'তী বিশ্ শামসি মিনাল মাশ্রিক্বি ফা'তি বিহা-

জীবন দান করি এবং মৃত্যু ঘটাই। ইবরাহীম বললেন, নিশ্চয়ই আল্লাহ তায়ালা সূর্যকে (দৈনিক) পূর্ব দিক থেকে উদিত করেন, তুমি তাকে

مِنَ الْمَغْرِبِ فَبُهِتَ الَّذِي كَفَرَ ۗ وَاللّٰهُ لَا يَهْدِي الْقَوْمَ الظّٰلِمِينَ ۚ

মিনাল মাগরিবি ফাবুহিতাল্লাযী কাফার ; ওয়াল্লা-হু লা-ইয়াহ্দিল ক্বাওমায্ যা-লিমীন।

পশ্চিম দিক থেকে উদয় কর। তখন সে কাফির হতবুদ্ধি হয়ে গেল। আর আল্লাহ তায়ালা জালিম সম্প্রদায়কে হেদায়াত করেন না।

أَوْ كَالَّذِي مَرَّ عَلٰى قَرْيَةٍ وَهِيَ خَاوِيَةٌ عَلٰى عُرُوشِهَا ۚ قَالَ أَنّٰى يُحْيِي

২৫৯। আও কাল্লাযী মার্রা 'আলা- ক্বারইয়াতিওঁ ওয়া হিয়া খা-ওয়িয়াতুন 'আলা- 'উরূশিহা, ক্বা-লা আন্না- ইয়ুহ্য়ী

(২৫৯) বা আপনি কি সে ব্যক্তিকে দেখেননি, যে ব্যক্তি এমন একটি জনপদ অতিক্রম করছিল যে, সেখানকার বাড়িঘরগুলো ধ্বংসস্তূপে পরিণত হয়েছিল। সে বলল,

هٰذِهِ اللّٰهُ بَعْدَ مَوْتِهَا ۚ فَأَمَاتَهُ اللّٰهُ مِائَةَ عَامٍ ثُمَّ بَعَثَهُ ۖ قَالَ كَمْ لَبِثْتَ ۖ

হা-যিহিল্লা-হু বা'দা মাওতিহা-, ফা আমা-তাহুল্লা-হু মিআতা 'আ-মিন ছুম্মা বা'আছাহ ; ক্বা-লা কাম লাবিছ্তা ;

মৃত্যুর পর কিভাবে আল্লাহ তায়ালা একে জীবিত করবেন? অতঃপর আল্লাহ তায়ালা তাকে একশ' বছর মৃত রাখলেন। অতঃপর তাকে পুনর্জীবিত করলেন।

قَالَ لَبِثْتُ يَوْمًا أَوْ بَعْضَ يَوْمٍ ۖ قَالَ بَلْ لَبِثْتَ مِائَةَ عَامٍ فَانْظُرْ إِلٰى

ক্বা-লা লাবিছ্তু ইয়াওমান আও বা'দ্বা ইয়াওম ; ক্বা-লা 'বাল্ লাবিছ্তা মিআতা 'আ-মিন ফান্যুর ইলা-

আল্লাহ বললেন, তুমি এ অবস্থায় কতদিন ছিলে? সে বলল, আমি একদিন অথবা তার চেয়ে কিছু কম সময়। তিনি বললেন, না, বরং তুমি একশ' বছর এ অবস্থায়

طَعَامِكَ وَشَرَابِكَ لَمْ يَتَسَنَّهْ ۚ وَانْظُرْ إِلٰى حِمَارِكَ وَلِنَجْعَلَكَ آيَةً لِلنَّاسِ

ত্বা'আ-মিকা ওয়াশারা-বিকা লাম ইয়াতাসান্নাহ, ওয়ানযুর ইলা- হ্বিমা-রিকা ওয়া লিনাজ্'আলাকা আ-ইয়াতাল্ লিন্না-সি

কাটিয়েছ। তুমি তোমার খাদ্য ও পানীয়ের দিকে তাকাও, সেগুলো নষ্ট হয়নি। আর তোমার গাধার প্রতি নজর কর, কারণ, আমি তোমাকে মানব জাতির জন্য নিদর্শন

وَانْظُرْ إِلَى الْعِظَامِ كَيْفَ نُنْشِزُهَا ثُمَّ نَكْسُوهَا لَحْمًا ۚ فَلَمَّا تَبَيَّنَ لَهُ ۙ قَالَ

ওয়ানযুর ইলাল 'ইজ্বা-মি কাইফা নুন্শিযুহা- ছুম্মা নাক্সূহা- লাহ্মা- ; ফালাম্মা- তাবাইয়্যানা লাহূ ক্বা-লা

স্বরূপ বানাব। আর (গাধার) হাড্ডিগুলোর দিকে নজর কর, আমি এগুলোকে কিভাবে সংযোজন করি এবং তার উপর গোশত দিয়ে আবৃত করি। যখন তার নিকট এটা

أَعْلَمُ أَنَّ اللّٰهَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيرٌ ۝ وَإِذْ قَالَ إِبْرٰهِيمُ رَبِّ أَرِنِي

আ'লামু আন্নাল্লা-হা 'আলা- কুল্লি শাইইন ক্বাদীর। ২৬০। ওয়া ইয্ ক্বা-লা ইব্রা-হীমু রাব্বি আরিনী

সুস্পষ্ট হল, তখন সে বলল, আমি জানি নিশ্চয়ই আল্লাহ সব কিছুর উপর ক্ষমতাবান। (২৬০) যখন ইবরাহীম (আ) বললেন, হে আমার রব!

كَيْفَ تُحْيِي الْمَوْتٰى ۖ قَالَ أَوَلَمْ تُؤْمِنْ ۖ قَالَ بَلٰى وَلٰكِنْ لِيَطْمَئِنَّ

কাইফা তুহ্য়িল মাওতা-; ক্বা-লা আওয়ালাম তু'মিন্ ; ক্বা-লা বালা- ওয়ালা-কিল্ লিইয়াত্বমাইন্না

কিভাবে তুমি মৃতকে জীবিত কর তা আমাকে দেখাও। আল্লাহ বললেন, তুমি কি এর প্রতি বিশ্বাস কর না? সে বলল, হাঁ অবশ্যই বিশ্বাস করি– তবে এটা দেখতে

قَلْبِي ۖ قَالَ فَخُذْ أَرْبَعَةً مِنَ الطَّيْرِ فَصُرْهُنَّ إِلَيْكَ ثُمَّ اجْعَلْ عَلٰى كُلِّ

ক্বালবী ; ক্বা-লা ফাখুয্ আরবা'আতাম মিনাত্বত্বাইরি ফাস্বুর্হুন্না ইলাইকা ছুম্মাজ্'আল 'আলা- কুল্লি

চাই শুধু আমার আত্মার তৃপ্তির জন্য। আল্লাহ বললেন, তুমি চারটি পাখী লও এবং সেগুলো পোষ মানিয়ে নাও। অতঃপর সেগুলোর এক

جَبَلٍ مِنْهُنَّ جُزْءًا ثُمَّ ادْعُهُنَّ يَأْتِينَكَ سَعْيًا ۚ وَاعْلَمْ أَنَّ اللّٰهَ عَزِيزٌ

জ্বাবালিম্ মিনহুন্না জুয্আন্ ছুম্মাদ'উহুন্না ইয়া'তীনাকা সা'ইয়া- ; ওয়া'লাম আন্নাল্লা-হা 'আযীযুন

একটি টুকরা এক এক পাহাড়ে রেখে আস। অতঃপর সেগুলোকে ডাক, তারা তোমার নিকট ছুটে চলে আসবে। জেনে রাখ আল্লাহ

حَكِيمٌ ۝ مَثَلُ الَّذِينَ يُنْفِقُونَ أَمْوَالَهُمْ فِي سَبِيلِ اللّٰهِ كَمَثَلِ حَبَّةٍ

হাকীম। ২৬১। মাছালুল্ লাযীনা ইয়ুন্ফিক্বূনা আমওয়া-লাহুম ফী সাবীলিল্লা-হি কামাছালি হ্বাব্বাতিন

পরাক্রমশালী, প্রজ্ঞাময়। (২৬১) যারা আল্লাহর পথে স্বীয় ধন-সম্পদ ব্যয় করে তাদের দৃষ্টান্ত হল একটি শস্য বীজের মত,

৩৫ ৪৩ ৩ রুকূ

أَنْبَتَتْ سَبْعَ سَنَابِلَ فِي كُلِّ سُنْبُلَةٍ مِائَةُ حَبَّةٍ ۗ وَاللّٰهُ يُضَاعِفُ لِمَنْ يَشَاءُ ۗ

আম্বাতাত সাব'আ সানা-বিলা ফী কুল্লি সুম্বুলাতিম্ মিআতু হ্বাব্বাহ ; ওয়াল্লা-হু ইয়ুদ্বা-'ইফু লিমাই ইয়াশা—উ;

যা সাতটি শীষ জন্ম দেয়। প্রতিটি শীষে একশটি শস্য দানা হয়। আর আল্লাহ যাকে চান বহুগুণে বাড়িয়ে দেন।

وَاللّٰهُ وَاسِعٌ عَلِيمٌ ۝ الَّذِينَ يُنْفِقُونَ أَمْوَالَهُمْ فِي سَبِيلِ اللّٰهِ ثُمَّ لَا يُتْبِعُونَ

ওয়াল্লা-হু ওয়া-সি'উন 'আলীম। ২৬২। আল্লাযীনা ইয়ুন্ফিক্বূনা আমওয়া-লাহুম ফী সাবীলিল্লা-হি ছুম্মা লা-ইয়ুত্বি'ঊনা

আল্লাহ প্রশস্ততা দানকারী, সর্বজ্ঞ। (২৬২) যারা আল্লাহর পথে স্বীয় ধন-সম্পদ ব্যয় করে এবং ব্যয় করার পর সে অনুগ্রহের কথা বলে

مَا أَنْفَقُوا مَنًّا وَلَا أَذًى ۙ لَهُمْ أَجْرُهُمْ عِنْدَ رَبِّهِمْ ۚ وَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ

মা~আনফাক্বূ মান্নাওঁ ওয়ালা ~আযাল্ লাহুম আজ্রুহুম 'ইন্দা রাব্বিহিম, ওয়ালা- খাওফুন 'আলাইহিম ওয়ালা-হুম

বেড়ায় না এবং কষ্টও দেয় না, তাদের জন্য তাদের প্রতিপালকের নিকট রয়েছে প্রতিদান (সওয়াব) এবং তাদের কোন ভয় নেই এবং তারা

يَحْزَنُونَ ۝ قَوْلٌ مَعْرُوفٌ وَمَغْفِرَةٌ خَيْرٌ مِنْ صَدَقَةٍ يَتْبَعُهَا أَذًى ۗ

ইয়াহ্যানূন। ২৬৩। ক্বাওলুম মা'রূফুওঁ ওয়া মাগ্ফিরাতুন খাইরুম্ মিন স্বাদাক্বাতিঈঁ ইয়াতবা'উহা~আযা- ;

চিন্তিতও হবে না। (২৬৩) সুন্দর কথা বলে দেয়া ও ক্ষমা প্রদর্শন সে দান অপেক্ষা উত্তম যে দানের পর কষ্ট দেয়া হয়।

وَاللّٰهُ غَنِيٌّ حَلِيمٌ ۝ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تُبْطِلُوا صَدَقَاتِكُمْ بِالْمَنِّ

ওয়াল্লা-হু গানিইয়্যুন হ্বালীম। ২৬৪। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ লা—তুব্ত্বিলূ স্বাদাক্বা-তিকুম্ বিল মান্নি

আল্লাহ মহাবিত্তশালী ও ধৈর্যশীল। (২৬৪) হে মুমিনগণ! তোমরা অনুগ্রহের কথা প্রকাশ করে এবং কষ্ট দিয়ে তোমাদের দানকে

وَالْاَذٰى لا كَالَّذِىْ يُنْفِقُ مَالَهٗ رِئَاءَ النَّاسِ وَلَا يُؤْمِنُ بِاللّٰهِ وَالْيَوْمِ

ওয়াল আযা- কাল্লাযী ইয়ুন্‌ফিক্ব মা- লাহূ রিআ—আন্ না-সি ওয়ালা- ইয়ু'মিনু বিল্লা-হি ওয়াল ইয়াওমিল

সে ব্যক্তির মত নষ্ট কর না, যে শুধু মানুষদেরকে দেখানোর জন্য নিজের সম্পদ ব্যয় করে এবং আল্লাহর প্রতি ও পরকালের প্রতি

الْاٰخِرِ ط فَمَثَلُهٗ كَمَثَلِ صَفْوَانٍ عَلَيْهِ تُرَابٌ فَاَصَابَهٗ وَابِلٌ فَتَرَكَهٗ صَلْدًا ط

আ-খির ; ফামাছালুহূ কামাছালি স্বাফ্‌ওয়া-নিন 'আলাইহি তুরা-বুন ফাআস্বা-বাহূ ওয়া-বিলুন্ ফাতারাকাহূ স্বালদা- ;

বিশ্বাস রাখে না, তার দৃষ্টান্ত একটি মসৃণ পাথরের মত, যার উপর কিছু মাটি পড়ে আছে। অতঃপর তার উপর প্রবল বৃষ্টি বর্ষিত হল,

لَا يَقْدِرُوْنَ عَلٰى شَىْءٍ مِّمَّا كَسَبُوْا ط وَاللّٰهُ لَا يَهْدِى الْقَوْمَ الْكٰفِرِيْنَ ۝

লা- ইয়াক্বদিরূনা 'আলা- শাইইম মিম্মা- কাসাবূ ; ওয়াল্লা-হু লা- ইয়াহ্‌দিল ক্বাওমাল কা-ফিরীন।

অতঃপর তাকে সম্পূর্ণ পরিষ্কার করে দিল। তারা যা উপার্জন করেছে কিছুই হস্তগত হবে না। আল্লাহ কাফির সম্প্রদায়কে সঠিক পথ প্রদর্শন করেন না।

۝٢٦٥ وَمَثَلُ الَّذِيْنَ يُنْفِقُوْنَ اَمْوَالَهُمُ ابْتِغَاءَ مَرْضَاتِ اللّٰهِ وَتَثْبِيْتًا مِّنْ

২৬৫। ওয়া মাছালুল্ লাযীনা ইয়ুনফিকূনা আমওয়া-লাহুমুব্‌তিগা—আ মারদ্বা-তিল্লা-হি ওয়াতাছ্‌বীতাম্ মিন

(২৬৫) আর যারা স্বীয় সম্পদ আল্লাহর সন্তুষ্টি এবং নিজ আত্মাকে সুপ্রতিষ্ঠিত করার জন্য ব্যয় করে তাদের উদাহরণ হল,

اَنْفُسِهِمْ كَمَثَلِ جَنَّةٍ بِرَبْوَةٍ اَصَابَهَا وَابِلٌ فَاٰتَتْ اُكُلَهَا ضِعْفَيْنِ ج فَاِنْ لَّمْ

আন্‌ফুসিহিম কামাছালি জ্বান্নাতিম্ বিরাব্‌ওয়াতিন্ আস্বা-বাহা- ওয়া-বিলুন্ ফাআ-তাত্ উকুলাহা- দ্বি'ফাইন, ফাইল্লাম

কোন উঁচু জায়গায় একটি বাগান, যাতে প্রবল বৃষ্টি হল, ফলে সে বাগান দ্বিগুণ ফলমূল দান করে। আর যদি প্রবল বৃষ্টি নাও

يُصِبْهَا وَابِلٌ فَطَلٌّ ط وَاللّٰهُ بِمَا تَعْمَلُوْنَ بَصِيْرٌ ۝٢٦٦ اَيَوَدُّ اَحَدُكُمْ اَنْ تَكُوْنَ

ইয়ুস্বিব্‌হা- ওয়া-বিলুন্ ফাত্বাল্‌ল ; ওয়াল্লা-হু বিমা- তা'মালূনা বাস্বীর। ২৬৬। আইয়াওয়াদ্দু আহাদুকুম আন্ তাকূনা

হয়, তবে হালকা বৃষ্টিই যথেষ্ট। তোমরা যা কর আল্লাহ সব কিছু ভালভাবে দেখেন। (২৬৬) তোমাদের মধ্যে কেউ কি পছন্দ করে যে,

لَهٗ جَنَّةٌ مِّنْ نَّخِيْلٍ وَّاَعْنَابٍ تَجْرِىْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ لا لَهٗ فِيْهَا مِنْ كُلِّ

লাহূ জ্বান্নাতুম্ মিন নাখীলিওঁ ওয়া আ'না-বিন তাজ্বরী মিন তাহ্‌তিহাল আনহা-রু লাহূ ফীহা- মিন কুল্লিছ্

তার খেজুর ও আংগুরের একটি বাগান হবে, যার তলদেশে নদী প্রবাহিত এবং সে বাগানে সব ধরনের ফলমূল থাকবে এবং সে

الثَّمَرٰتِ لا وَاَصَابَهُ الْكِبَرُ وَلَهٗ ذُرِّيَّةٌ ضُعَفَاءُ صلے فَاَصَابَهَا اِعْصَارٌ فِيْهِ

ছামারা-তি ওয়া আস্বা-বাহুল কিবারু ওয়া লাহূ যুররিইয়্যাতুন দ্বু'আফা—উ, ফাআস্বা-বাহা~ই'স্বারুন ফীহি

বার্ধক্যে উপনীত হবে এবং তার সন্তান-সন্ততি দুর্বল (আয় করতে অক্ষম), অতঃপর সে বাগানে একটি ঘূর্ণিঝড় আপতিত হবে যাতে

✪ টীকা (আঃ ২৬৫) ঃ প্রবল বৃষ্টি বলতে প্রচুর দান এবং হাল্কা বৃষ্টি বলতে সামান্য দান বুঝান হয়েছে। ফলকথা, জমি উর্বর হলে যেমন কোন অবস্থাতেই শস্য নষ্ট হয় না তদ্রূপ এখলাছ থাকলে অর্থাৎ, লোক দেখানো উদ্দেশ্য না থাকলে দান নষ্ট হয় না। (মুঃ কোঃ)

✪ শানে নুযূল (আঃ ২৬৬) ঃ যারা লোক দেখানো উদ্দেশ্যে দান করে কিংবা দান করে দানের খোটা বা অনুযোগ দিয়ে প্রার্থীর মনে কষ্ট দেয়, তাদের দৃষ্টান্ত সে ব্যক্তির ন্যায় যে ব্যক্তি যৌবনকালে বাগান রচনা করেছে বার্ধক্যে ভোগ করার উদ্দেশ্যে। কিন্তু ফল খাওয়ার সময় আসলে দেখা গেল, বাগান জ্বলে ভষ্মিভূত হয়ে গিয়েছে। অর্থাৎ, উপরোক্তরূপ দাতাও দানের ফল আখেরাতে ভোগ করবে বলে আশায় রয়েছে। কিন্তু নিয়ত ভাল না থাকায় তার দানের সওয়াব নষ্ট হয়ে গিয়েছে। আখেরাতে ফল ভোগ করার সময় কিছুই পাবে না। (মুঃ কোঃ)

সূরা বাক্বারাহ্ ঃ ২ নূরানী বাংলা উচ্চারণ ক্বোরআন শরীফ তিলকার রুসুলু ঃ ৩

৩৬ ع ৬ 8 রুকূ

نَارٌ فَاحْتَرَقَتْ ط كَذٰلِكَ يُبَيِّنُ اللّٰهُ لَكُمُ الْاٰيٰتِ لَعَلَّكُمْ تَتَفَكَّرُوْنَ ۝

না-রুন ফাহ্‌তারাক্বাত ; কাযা-লিকা ইয়ুবাইয়্যিনুল্লা-হু লাকুমুল আ-ইয়া-তি লা'আল্লাকুম তাতাফাক্কারূন।

আগুন রয়েছে, ফলে বাগানটি জ্বলে যাবে? এভাবেই আল্লাহ তায়ালা তোমাদের জন্য তাঁর নিদর্শনাবলী বর্ণনা করেন। যাতে তোমরা চিন্তা ভাবনা করতে পার।

۝٢٦٧ يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْۤا اَنْفِقُوْا مِنْ طَيِّبٰتِ مَا كَسَبْتُمْ وَمِمَّاۤ اَخْرَجْنَا لَكُمْ

২৬৭। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ~আন্‌ফিকূ মিন ত্বাইয়্যিবা-তি মা-কাসাবতুম ওয়া মিম্মা~আখ্‌রাজ্বনা- লাকুম

(২৬৭) হে মুমিনগণ! তোমরা যা উপার্জন কর এবং আমি তোমাদের জন্য যমীন থেকে যা উৎপন্ন করি, তা থেকে যা উৎকৃষ্ট

مِّنَ الْاَرْضِ ص وَلَا تَيَمَّمُوا الْخَبِيْثَ مِنْهُ تُنْفِقُوْنَ وَلَسْتُمْ بِاٰخِذِيْهِ اِلَّاۤ

মিনাল আরদ্বি, ওয়া লা- তাইয়াম্মামুল খাবীছা মিন্‌হু তুন্‌ফিকূনা ওয়া লাস্‌তুম বিআ-খিযীহি ইল্লা~

তা ব্যয় কর। আর নিকৃষ্ট বস্তু ব্যয়ের সংকল্প কর না। অথচ তোমরা তা কখনো গ্রহণ করবে না, চোখ বন্ধ করা

اَنْ تُغْمِضُوْا فِيْهِ ط وَاعْلَمُوْۤا اَنَّ اللّٰهَ غَنِىٌّ حَمِيْدٌ ۝٢٦٨ اَلشَّيْطٰنُ يَعِدُكُمُ الْفَقْرَ

আন তুগমিদ্বূ ফীহ ; ওয়া'লামূ~আন্নাল্লা-হা গানিইয়্যুন হ্বামীদ। ২৬৮। আশ্ শাইত্বা-নু ইয়া'ইদুকুমুল ফাক্বরা

ব্যতীত। আর জেনে রাখ, আল্লাহ অভাবমুক্ত, প্রশংসিত। (২৬৮) শয়তান তোমাদেরকে দারিদ্র্যের ভয় দেখায় এবং

وَيَاْمُرُكُمْ بِالْفَحْشَاءِ ج وَاللّٰهُ يَعِدُكُمْ مَّغْفِرَةً مِّنْهُ وَفَضْلًا ط وَاللّٰهُ وَاسِعٌ عَلِيْمٌ ۝

ওয়া ইয়া'মুরুকুম বিল ফাহশা—ই, ওয়াল্লা-হু ইয়া'ইদুকুম মাগফিরাতাম্ মিনহু ওয়া ফাদ্বলা- ; ওয়াল্লা-হু ওয়া-সি'উন 'আলীম।

অশ্লীল কাজের নির্দেশ দেয়। আর আল্লাহ তোমাদেরকে প্রতিশ্রুতি প্রদান করেন তাঁর ক্ষমা ও অনুগ্রহের। আর আল্লাহ প্রাচুর্যময়, সর্বজ্ঞ।

۝٢٦٩ يُؤْتِى الْحِكْمَةَ مَنْ يَّشَاءُ ج وَمَنْ يُّؤْتَ الْحِكْمَةَ فَقَدْ اُوْتِىَ خَيْرًا كَثِيْرًا ط

২৬৯। ইয়ু'তিল হ্বিক্‌মাতা মাইঁ ইয়াশা—উ, ওয়া মাইঁ ইয়ু'তাল হ্বিকমাতা ফাক্বাদ উতিয়া খাইরান কাছীরা-;

(২৬৯) আল্লাহ যাকে চান তাকে হিকমত দান করেন আর যাকে হিকমত প্রদান করা হল তাকে অশেষ কল্যাণ দান করা হল।

وَمَا يَذَّكَّرُ اِلَّاۤ اُولُوا الْاَلْبَابِ ۝٢٧٠ وَمَاۤ اَنْفَقْتُمْ مِّنْ نَّفَقَةٍ اَوْ نَذَرْتُمْ مِّنْ

ওয়া মা- ইয়ায্‌যাক্‌কারু ইল্লা~উলুল আলবা-ব। ২৭০। ওয়া মা~আন্‌ফাক্বতুম্ মিন্ নাফাক্বাতিন্ আও নাযার্‌তুম্ মিন্

এবং জ্ঞানীগণ ব্যতীত কেউ উপদেশ গ্রহণ করে না। (২৭০) আর তোমরা যা কিছু ব্যয় কর অথবা মানত কর

نَّذْرٍ فَاِنَّ اللّٰهَ يَعْلَمُهٗ ط وَمَا لِلظّٰلِمِيْنَ مِنْ اَنْصَارٍ ۝٢٧١ اِنْ تُبْدُوا الصَّدَقٰتِ

নায্‌রিন্ ফাইন্নাল্লা-হা ইয়া'লামুহ ; ওয়া মা- লিয্ব যা-লিমীনা মিন্ আনস্বা-র। ২৭১। ইন্ তুব্‌দুস্ব স্বাদাক্বা-তি

নিশ্চয়ই আল্লাহ সে বিষয় অবগত আছেন। আর জালিমদের জন্য কোন সাহায্যকারী নেই। (২৭১) যদি তোমরা প্রকাশ্যে দান কর তবে তা উত্তম, আর

فَنِعِمَّا هِىَ ج وَاِنْ تُخْفُوْهَا وَتُؤْتُوْهَا الْفُقَرَاءَ فَهُوَ خَيْرٌ لَّكُمْ ط وَيُكَفِّرُ عَنْكُمْ

ফা নি'ইম্‌মা- হিয়, ওয়া ইন তুখ্‌ফূহা- ওয়া তু'তূহাল ফুক্বারা—আ ফাহুওয়া খাইরুল্‌লাকুম; ওয়া ইয়ুকাফ্‌ফিরু 'আনকুম

যদি তা গোপনে দান কর এবং দরিদ্রদের দাও; তবে তা তোমাদের জন্য অতি উত্তম। আল্লাহ (এর দ্বারা) মিটিয়ে দিবেন তোমাদের

مِنْ سَيِّاٰتِكُمْ ؕ وَاللّٰهُ بِمَا تَعْمَلُوْنَ خَبِيْرٌ ﴿٢٧١﴾ لَيْسَ عَلَيْكَ هُدٰىهُمْ وَلٰكِنَّ اللّٰهَ

মিন্ সাইয়্যিআ-তিকুম ; ওয়াল্লা-হু বিমা- তা'মালূনা খাবীর। ২৭২। লাইসা 'আলাইকা হুদা-হুম ওয়া লা-কিন্নাল্লা-হা

কিছু গুনাহ। আল্লাহ তোমাদের কৃতকর্মের খবর রাখেন। (২৭২) তাদের হিদায়াতের দায়িত্ব আপনার উপর নয় বরং আল্লাহ যাকে ইচ্ছা করেন

يَهْدِيْ مَنْ يَّشَآءُ ؕ وَمَا تُنْفِقُوْا مِنْ خَيْرٍ فَلِاَنْفُسِكُمْ ؕ وَمَا تُنْفِقُوْنَ اِلَّا ابْتِغَآءَ

ইয়াহ্দী মাইঁ ইয়াশা—উ ; ওয়া মা- তুন্‌ফিক্বূ মিন খাইরিন ফালিআন্‌ফুসিকুম ; ওয়া মা- তুন্‌ফিক্বূনা ইল্লাব্‌তিগা—আ

তাকে হিদায়াত দান করেন। আর তোমরা উত্তম বস্তু থেকে যা কিছু ব্যয় কর তা তোমাদের নিজের জন্যই। আর তোমরা আল্লাহর সন্তুষ্টির উদ্দেশ্য ছাড়া ব্যয়

وَجْهِ اللّٰهِ ؕ وَمَا تُنْفِقُوْا مِنْ خَيْرٍ يُّوَفَّ اِلَيْكُمْ وَاَنْتُمْ لَا تُظْلَمُوْنَ ﴿٢٧٢﴾ لِلْفُقَرَآءِ

ওয়াজ্‌হিল্লা-হ্ ; ওয়া মা- তুন্‌ফিক্বূ মিন খাইরিঁই ইয়ুওয়াফ্‌ফা ইলাইকুম ওয়া আন্তুম লা-তুয্‌লামূন। ২৭৩। লিল্ ফুক্বারা—ইল্

কর না। আর উত্তম বস্তু হতে যা তোমরা ব্যয় করবে তার সওয়াব পুরাপুরি তোমাদেরকে দেয়া হবে। তোমাদের প্রতি জুলুম করা হবে না। (২৭৩) দান প্রকৃত

الَّذِيْنَ اُحْصِرُوْا فِيْ سَبِيْلِ اللّٰهِ لَا يَسْتَطِيْعُوْنَ ضَرْبًا فِي الْاَرْضِ ۫ يَحْسَبُهُمُ

লাযীনা উহ্‌স্বিরূ ফী সাবীলিল্লা-হি লা-ইয়াস্তাত্বী'উনা দ্বার্‌বান ফিল্ আরদ্বি ইয়াহ্‌সাবুহুমুল

সে সব অভাবীদের জন্য, যারা নিজেদেরকে আবদ্ধ করেছে আল্লাহর পথে যারা দেশময় (জীবিকা উপার্জনের জন্য) ঘুরাফিরা করতে সক্ষম হয় না, আর কারো কাছে

الْجَاهِلُ اَغْنِيَآءَ مِنَ التَّعَفُّفِ ۚ تَعْرِفُهُمْ بِسِيْمٰهُمْ ۚ لَا يَسْـَٔلُوْنَ النَّاسَ اِلْحَافًا ؕ

জ্বা-হিলু আগ্‌নিইয়া—আ মিনাত্ তা'আফ্‌ফুফ, তা'রিফুহুম বিসীমা-হুম, লা-ইয়াস্‌আলূনান্ না-সা ইলহ্বা-ফা,

কিছু না চাওয়ার কারণে অজ্ঞ লোকেরা তাদেরকে ধনী মনে করে। অবশ্য আপনি তাদের চেহারা দেখে চিনতে পারবেন। তারা মানুষদেরকে আকড়িয়ে ধরে কিছু চায় না।

وَمَا تُنْفِقُوْا مِنْ خَيْرٍ فَاِنَّ اللّٰهَ بِهٖ عَلِيْمٌ ﴿٢٧٣﴾ اَلَّذِيْنَ يُنْفِقُوْنَ اَمْوَالَهُمْ بِالَّيْلِ

ওয়া মা- তুন্‌ফিক্বূ মিন খাইরিন ফাইন্নাল্‌লা-হা বিহী 'আলীম। ২৭৪। আল্লাযীনা ইয়ুন্‌ফিক্বূনা আমওয়া-লাহুম বিল্ লাইলি

আর তোমরা উত্তম বস্তু থেকে যা ব্যয় কর, আল্লাহ অবশ্য সে সম্পর্কে অবগত আছেন। (২৭৪) যারা তাদের ধন-সম্পদ ব্যয়

وَالنَّهَارِ سِرًّا وَّعَلَانِيَةً فَلَهُمْ اَجْرُهُمْ عِنْدَ رَبِّهِمْ ۚ وَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ

ওয়ান্নাহা-রি সির্‌রাওঁ ওয়া 'আলা-নিইয়াতান ফালাহুম আজ্‌রুহুম 'ইন্দা রাব্বিহিম, ওয়া লা- খাওফুন 'আলাইহিম ওয়া লা-হুম

করে রাতে ও দিনে, প্রকাশ্যে ও গোপনে, তাদের জন্য রয়েছে সওয়াব তাদের প্রতিপালকের নিকট। তাদের কোন ভয় নেই

يَحْزَنُوْنَ ﴿٢٧٤﴾ اَلَّذِيْنَ يَاْكُلُوْنَ الرِّبٰوا لَا يَقُوْمُوْنَ اِلَّا كَمَا يَقُوْمُ الَّذِيْ

ইয়াহ্‌যানূন। ২৭৫। আল্লাযীনা ইয়া'কুলূনার্ রিবা- লা-ইয়াক্বূমূনা ইল্লা- কামা-ইয়াক্বূমুল্ লাযী

এবং তারা চিন্তিতও হবে না। (২৭৫) যারা সুদ গ্রহণ করে, তারা (কিয়ামতে) সে ব্যক্তির ন্যায় দণ্ডায়মান হবে, যাকে

✪ টীকা (আঃ ২৭৩) ঃ রাসূলে কারীম (সা) যখন হিজরত করে মক্কা থেকে মদীনায় গেলেন, তখন কতক মুসলমান দ্বীনি তা'লীমের উদ্দেশ্যে আর কতক মুসলমান কাফেরদের ভয়ে তাঁর খেদমতে হাজির হন। তারা নিঃসম্বল নিরাশ্রয় অবস্থায় "মসজিদে নববী" অর্থাৎ রাসূলের তৈরী মদীনার মসজিদে অবস্থান করতেন এবং মদীনার আনছার সমাজের দান খয়রাতের উপর তাদের দিনগুজরান হত। তারা পরদেশী ছিলেন বলে অন্নবস্ত্রের অসহনীয় কষ্ট ছিল। কিন্তু তারা কারো কাছে মুখ ফুটিয়ে কিছু চাইতেন না। তারাই "আছহাবে ছুফ্‌ফাহ" নামে অভিহিত। ছুফ্‌ফা অর্থ– "চবুতরা" (চাতাল)। তাদের জন্য মসজিদে নববীর একদিকে কাঁচা চবুতরার ন্যায় তৈরী করে খেজুরের পাতা দ্বারা ছায়াযুক্ত করে দেয়া হয়। এতেই তারা উঠা-বসা করতেন।

সূরা বাক্বারাহ্ ঃ ২ নূরানী বাংলা উচ্চারণ ক্বোরআন শরীফ তিলকার্ রুসুলু ঃ ৩

يَتَخَبَّطُهُ الشَّيْطٰنُ مِنَ الْمَسِّ ؕ ذٰلِكَ بِاَنَّهُمْ قَالُوْۤا اِنَّمَا الْبَيْعُ مِثْلُ الرِّبٰوا ۘ

ইয়াতাখাব্বাত্বুহুশ্ শাইত্বা-নু মিনাল মাস্‌স; যা-লিকা বিআন্নাহুম ক্বা-লূ~ইন্নামাল বাই'উ মিছ্‌লুর্ রিবা-,

শয়তান স্পর্শ (আসর) করার দ্বারা পাগল করে দিয়েছে। কারণ, তারা বলে, ক্রয়-বিক্রয় তো সুদের মতই।

وَاَحَلَّ اللّٰهُ الْبَيْعَ وَحَرَّمَ الرِّبٰوا ؕ فَمَنْ جَآءَهٗ مَوْعِظَةٌ مِّنْ رَّبِّهٖ فَانْتَهٰى

ওয়া আহাল্‌লাল্লা-হুল বাই'আ ওয়া হার্‌রামার্ রিবা; ফামান জ্বা—আহূ মাও'ইযাতুম্ মির্ রাব্বিহী ফান্তাহা-

অথচ আল্লাহ ক্রয়-বিক্রয় হালাল ও সুদকে হারাম করে দিয়েছেন। যার নিকট তার প্রতিপালকের পক্ষ থেকে উপদেশ এসেছে অনন্তর সে বিরত রয়েছে,

فَلَهٗ مَا سَلَفَ ؕ وَاَمْرُهٗۤ اِلَى اللّٰهِ ؕ وَمَنْ عَادَ فَاُولٰٓئِكَ اَصْحٰبُ النَّارِ ۚ هُمْ فِيْهَا

ফালাহূ মা-সালাফ ; ওয়া আমরুহূ~ইলাল্লা-হ্; ওয়া মান 'আ-দা ফাউলা—ইকা আস্বহা-বুন্ না-র; হুম ফীহা-

তবে পূর্বে যা হয়ে গেছে তা তার, এবং তার ব্যাপারটি আল্লাহর উপর ন্যস্ত। আর যারা তা পুনরায় করবে, তারাই জাহান্নামী হবে,

خٰلِدُوْنَ ﴿٢٧٥﴾ يَمْحَقُ اللّٰهُ الرِّبٰوا وَيُرْبِي الصَّدَقٰتِ ؕ وَاللّٰهُ لَا يُحِبُّ كُلَّ

খা-লিদূন। ২৭৬। ইয়াম্‌হাক্বুল্লা-হুর্ রিবা- ওয়া ইয়ুর্‌বিস্ব স্বাদাক্বা-ত ; ওয়াল্লা-হু লা-ইয়ুহ্বিব্বু কুল্লা-

সেখানে তারা চিরকাল থাকবে। (২৭৬) আল্লাহ সুদকে মিটিয়ে দেন এবং সাদকাকে বৃদ্ধি করেন; আর আল্লাহ ভালবাসেন না

كَفَّارٍ اَثِيْمٍ ﴿٢٧٦﴾ اِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ وَاَقَامُوا الصَّلٰوةَ وَاٰتَوُا

কাফ্‌ফা-রিন আছীম। ২৭৭। ইন্নাল্ লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুস্ব স্বা-লিহা-তি ওয়া আক্বা-মুস্ব স্বালা-তা ওয়া আ-তাউয

কোন অবিশ্বাসী পাপীকে। (২৭৭) যারা ঈমান এনেছে ও নেক কাজ করেছে, সালাত কায়েম করেছে এবং

الزَّكٰوةَ لَهُمْ اَجْرُهُمْ عِنْدَ رَبِّهِمْ ۚ وَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُوْنَ ۝

যাকা-তা লাহুম আজ্‌রুহুম 'ইন্দা রাব্বিহিম, ওয়ালা- খাওফুন 'আলাইহিম ওয়ালা-হুম ইয়াহ্‌যানূন।

যাকাত আদায় করেছে তাদের সওয়াব তাদের প্রতিপালকের নিকট রয়েছে; তাদের কোন ভয় নেই, তারা চিন্তিতও হবে না।

﴿٢٧٧﴾ يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا اتَّقُوا اللّٰهَ وَذَرُوْا مَا بَقِيَ مِنَ الرِّبٰوۤا اِنْ كُنْتُمْ

২৭৮। ইয়া~আইয়্যুহাল্লাযীনা আ-মানুত্‌তাক্বুল্লা-হা ওয়া যারূ মা- বাক্বিয়া মিনার রিবা~ইন কুন্তুম

(২৭৮) হে ঈমানদারগণ। আল্লাহকে ভয় কর। আর সুদের যা বকেয়া রয়েছে তা ছেড়ে দাও, যদি তোমরা ঈমানদার

مُّؤْمِنِيْنَ ﴿٢٧٨﴾ فَاِنْ لَّمْ تَفْعَلُوْا فَاْذَنُوْا بِحَرْبٍ مِّنَ اللّٰهِ وَرَسُوْلِهٖ ۚ وَاِنْ تُبْتُمْ

মু'মিনীন। ২৭৯। ফাইল্‌লাম তাফ'আলূ ফা'যানূ বিহ্বার্‌বিম্ মিনাল্লা-হি ওয়া রাসূলিহ, ওয়া ইন্ তুব্‌তুম

হও। (২৭৯) যদি তোমরা ছেড়ে না দাও, তবে তোমরা আল্লাহ ও আল্লাহর রাসূলের সাথে যুদ্ধ করতে প্রস্তুত হয়ে যাও। আর যদি তোমরা তওবা কর, তবে

فَلَكُمْ رُءُوْسُ اَمْوَالِكُمْ ۚ لَا تَظْلِمُوْنَ وَلَا تُظْلَمُوْنَ ﴿٢٧٩﴾ وَاِنْ كَانَ ذُوْ عُسْرَةٍ

ফালাকুম রুউসু আমওয়া-লিকুম, লা- তায্বলিমূনা ওয়ালা-তুয্বলামূন। ২৮০। ওয়া ইন্ কা-না যূ 'উস্‌রাতিন্

তোমাদের মূলধন তোমরা পেয়ে যাবে। তোমরা কারো প্রতি জুলুম কর না এবং তোমাদের প্রতিও জুলুম করা হবে না। (২৮০) আর যদি সে অভাবগ্রস্ত হয়, তবে তাকে

فَنَظِرَةٌ إِلَىٰ مَيْسَرَةٍ ۚ وَأَنْ تَصَدَّقُوا خَيْرٌ لَكُمْ ۖ إِنْ كُنْتُمْ تَعْلَمُونَ ﴿٢٨١﴾ وَاتَّقُوا

ফানাযিরাতুন ইলা- মাইসারাহ ; ওয়া আন্ তাস্বাদ্দাক্বূ খাইরুল্লাকুম ইন কুন্তুম তা'লামূন । ২৮১ । ওয়াত্তাক্বূ
সচ্ছলতা আসা পর্যন্ত সুযোগ দেয়া উচিত। আর যদি তাদের মাফ করে দাও তবে তা তোমার জন্য উত্তম। যদি তোমরা জানতে পারতে। (২৮১) আর সে দিনকে ভয়

৩৮ ع ৮ ৬ রুকূ

يَوْمًا تُرْجَعُونَ فِيهِ إِلَى اللَّهِ ۖ ثُمَّ تُوَفَّىٰ كُلُّ نَفْسٍ مَا كَسَبَتْ وَهُمْ لَا يُظْلَمُونَ ۝

ইয়াওমান্ তুরজা'উনা ফীহি ইলাল্লা-হ; ছুম্মা তুওয়াফ্ফা- কুল্লু নাফসিম্ মা- কাসাবাত ওয়া হুম লা- ইয়ুয্বলামূন।
কর যেদিন তোমরা আল্লাহর কাছে প্রত্যাবর্তিত হবে এবং প্রত্যেককে তার কৃতকর্মের পুরাপুরি বিনিময় প্রদান করা হবে এবং তাদের প্রতি কোন প্রকার জুলুম করা হবে না।

﴿٢٨٢﴾ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِذَا تَدَايَنْتُمْ بِدَيْنٍ إِلَىٰ أَجَلٍ مُسَمًّى فَاكْتُبُوهُ ۚ

২৮২। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আমানূ~ইযা- তাদা-ইয়ান্তুম বিদাইনিন ইলা~আজ্বালিম মুসাম্মান্ ফাক্তুবূহ ;
(২৮২) হে ঈমানদারগণ! যখন তোমরা একে অপরের সাথে ঋণের নির্ধারিত সময়ের জন্য লেনদেন কর তখন তা লিখে রাখ।

وَلْيَكْتُبْ بَيْنَكُمْ كَاتِبٌ بِالْعَدْلِ ۚ وَلَا يَأْبَ كَاتِبٌ أَنْ يَكْتُبَ كَمَا عَلَّمَهُ اللَّهُ

ওয়াল্ ইয়াকতুব্ বাইনাকুম কা-তিবুম্ বিল 'আদলি ওয়া লা- ইয়া'বা কা-তিবুন আঁই ইয়াক্তুবা কামা- 'আল্লামাহু ল্লা-হু
তোমাদের মধ্যে লেখক যেন যথাযথভাবে লিখে দেয়। আর লেখক যেন লিখে দিতে অস্বীকার না করে। যেরূপ আল্লাহ তাকে (লিখা) শিক্ষা

فَلْيَكْتُبْ وَلْيُمْلِلِ الَّذِي عَلَيْهِ الْحَقُّ وَلْيَتَّقِ اللَّهَ رَبَّهُ وَلَا يَبْخَسْ

ফালইয়াকতুব্, ওয়াল্ ইয়ুম্লিলিল্লাযী 'আলাইহিল হ্বাক্কু ওয়াল ইয়াত্তাক্বিল্লা-হা রাব্বাহূ ওয়া লা- ইয়াব্খাস
দিয়েছেন, তার উচিত সে যেন লিখে দেয়। আর ঋণগ্রহীতা যেন লেখার বিষয়বস্তু বলে দেয় এবং সে যেন তার প্রভু আল্লাহকে ভয় করে এবং

مِنْهُ شَيْئًا ۚ فَإِنْ كَانَ الَّذِي عَلَيْهِ الْحَقُّ سَفِيهًا أَوْ ضَعِيفًا أَوْ لَا يَسْتَطِيعُ أَنْ

মিনহু শাইআ ; ফাইন্ কা-নাল্লাযী 'আলাইহিল হ্বাক্কু সাফীহান আও দ্বা'ঈফান আও লা- ইয়াস্তাত্বী'উ আঁই
সে যেন তা থেকে বিন্দুমাত্রও না কমায়। ঋণগ্রহীতা যদি বোকা অথবা, দুর্বল অথবা, লিখার বিষয়বস্তু বলে দিতে অক্ষম হয়,

يُمِلَّ هُوَ فَلْيُمْلِلْ وَلِيُّهُ بِالْعَدْلِ ۚ وَاسْتَشْهِدُوا شَهِيدَيْنِ مِنْ رِجَالِكُمْ ۖ

ইয়ুমিল্লা হুওয়া ফালইয়ুমলিল্ ওয়া লিইয়্যুহূ বিল 'আদল ; ওয়াস্তাশ্হিদূ শাহীদাইনি মির রিজ্বা-লিকুম,
তখন তার অভিভাবক ন্যায্যভাবে তা লিখাবে। আর পুরুষদের মধ্য থেকে দু'জনকে সাক্ষী রাখবে। যদি দু'জন পুরুষ না হয়,

فَإِنْ لَمْ يَكُونَا رَجُلَيْنِ فَرَجُلٌ وَامْرَأَتَانِ مِمَّنْ تَرْضَوْنَ مِنَ الشُّهَدَاءِ أَنْ تَضِلَّ

ফাইল্ লাম ইয়াকূনা- রাজুলাইনি ফারাজুলুঁও ওয়াম্‌রাআতা-নি মিম্মান তারদ্বাওনা মিনাশ্ শুহাদা—ই আন্ তাদ্বিল্লা
তবে একজন পুরুষ এবং দু'জন স্ত্রীলোক। ঐ সাক্ষীদের মধ্য হতে যাদেরকে তোমরা পছন্দ কর। স্ত্রীলোকের মধ্যে

إِحْدَاهُمَا فَتُذَكِّرَ إِحْدَاهُمَا الْأُخْرَىٰ ۚ وَلَا يَأْبَ الشُّهَدَاءُ إِذَا مَا دُعُوا ۚ

ইহ্বদা-হুমা ফাতুযাক্কিরা ইহ্বদা-হুমাল উখরা ; ওয়ালা- ইয়া'বাশ্ শুহাদা—উ ইযা- মা- দু'উ ;
কোন একজন ভুলে গেলে; অন্যজন তা স্মরণ করিয়ে দিবে এবং স্বাক্ষীগণকে যখন ডাকা হবে তখন তারা যেন অস্বীকার না করে।

সূরা বাক্বারাহ্ ঃ ২ নূরানী বাংলা উচ্চারণ ক্বোরআন শরীফ তিলকার রুসুলু ঃ ৩

وَلَا تَسْأَمُوا أَنْ تَكْتُبُوهُ صَغِيرًا أَوْ كَبِيرًا إِلَىٰ أَجَلِهِ ۚ ذَٰلِكُمْ أَقْسَطُ

ওয়া লা- তাস্আমূ~আন্ তাক্তুবূহু স্বাগীরান্ আও কাবীরান ইলা~আজ্বালিহ্ ; যা-লিকুম আক্বসাত্বু
(লেনদেন) ছোট হোক বা বড় হোক, তার নির্ধারিত সময় পর্যন্ত তা লিখতে অলসতা কর না। আল্লাহর নিকট এটা অতি ন্যায়

عِنْدَ اللَّهِ وَأَقْوَمُ لِلشَّهَادَةِ وَأَدْنَىٰ أَلَّا تَرْتَابُوا ۖ إِلَّا أَنْ تَكُونَ تِجَارَةً حَاضِرَةً

'ইন্দাল্লা-হি ওয়া আক্বওয়ামু লিশ্শাহা-দাতি ওয়া আদনা~আল্লা- তারতাবূ~ইল্লা~আন তাকূনা তিজ্বা-রাতান হ্বা-দ্বিরাতান
সংগত এবং সাক্ষ্যের জন্য দৃঢ়তর এবং পারস্পরিক সন্দেহ থেকে মুক্ত থাকার এটাই ন্যূনতম পথ। কিন্তু যদি কারবার নগদ

تُدِيرُونَهَا بَيْنَكُمْ فَلَيْسَ عَلَيْكُمْ جُنَاحٌ أَلَّا تَكْتُبُوهَا ۗ وَأَشْهِدُوا إِذَا

তুদীরূনাহা- বাইনাকুম ফালাইসা 'আলাইকুম জুনা-হুন আল্লা- তাকতুবূহা ; ওয়া আশহিদূ~ইযা-
হয় পরস্পরে হাতে হাতে আদান-প্রদান কর, তবে তা না লিখলে তোমাদের কোন অপরাধ নেই। তোমরা পারস্পরিক ক্রয়-বিক্রয়ের সময় সাক্ষী রাখবে

تَبَايَعْتُمْ ۚ وَلَا يُضَارَّ كَاتِبٌ وَلَا شَهِيدٌ ۚ وَإِنْ تَفْعَلُوا فَإِنَّهُ فُسُوقٌ بِكُمْ ۗ

তাবা-ইয়া'তুম, ওয়া লা- ইয়ুদ্বা—র্রা কা-তিবুঁও ওয়া লা- শাহীদ ; ওয়া ইন্ তাফ'আলূ ফাইন্নাহূ ফুসূকুম্ বিকুম ;
এবং ক্ষতিগ্রস্ত কর না কোন লিখককে এবং সাক্ষীকে। যদি তোমরা এরূপ কর, তবে তা তোমাদের জন্য অবশ্যই পাপ হবে।

وَاتَّقُوا اللَّهَ ۖ وَيُعَلِّمُكُمُ اللَّهُ ۗ وَاللَّهُ بِكُلِّ شَيْءٍ عَلِيمٌ ﴿٢٨٣﴾ وَإِنْ كُنْتُمْ عَلَىٰ سَفَرٍ

ওয়াত্তাক্বুল্লা-হ ; ওয়াইয়ু'আল্লিমুকুমুল্লা-হ ; ওয়াল্লা-হু বিকুল্লি শাইইন 'আলীম। ২৮৩। ওয়া ইন কুন্তুম 'আলা- সাফারিওঁ
আর আল্লাহকে ভয় কর। তিনিই তোমাদেরকে শিক্ষা দিচ্ছেন। আল্লাহ সর্ব বিষয়ে জানেন। (২৮৩) আর যদি তোমরা সফরে থাক

وَلَمْ تَجِدُوا كَاتِبًا فَرِهَانٌ مَقْبُوضَةٌ ۖ فَإِنْ أَمِنَ بَعْضُكُمْ بَعْضًا فَلْيُؤَدِّ الَّذِي

ওয়া লাম তাজ্বিদূ কা-তিবান্ ফারিহা-নুম্ মাক্ববূদ্বাহ ; ফাইন আমিনা বা'দ্বুকুম বা'দ্বান ফাল্ ইয়ুআদ্দিল্ লাযী'
এবং সেখানে কোন লেখক না পাও; তবে বন্ধকী বস্তু নিয়ন্ত্রণে রাখা উচিত, যদি একে অন্যকে বিশ্বাস কর। তবে যাকে বিশ্বাস করা হয় তার

اؤْتُمِنَ أَمَانَتَهُ وَلْيَتَّقِ اللَّهَ رَبَّهُ ۗ وَلَا تَكْتُمُوا الشَّهَادَةَ ۚ وَمَنْ يَكْتُمْهَا

তুমিনা আমা-নাতাহূ ওয়াল্ ইয়াত্তাক্বিল্লা-হা রাব্বাহ ; ওয়া লা-তাক্তুমুশ্ শাহা-দাহ ; ওয়া মাইঁ ইয়াক্তুম্হা-
উচিত, সে যেন আমানত ফেরৎ দেয় এবং স্বীয় প্রতিপালক আল্লাহকে ভয় করে। আর তোমরা সাক্ষ্য গোপন কর না। যে ব্যক্তি তা

৩৯ ع ২ ৭ রুকূ

فَإِنَّهُ آثِمٌ قَلْبُهُ ۗ وَاللَّهُ بِمَا تَعْمَلُونَ عَلِيمٌ ﴿٢٨٤﴾ لِلَّهِ مَا فِي السَّمَاوَاتِ وَمَا فِي

ফাইন্নাহূ~আ-ছিমুন ক্বালবুহ ; ওয়াল্লা-হু বিমা- তা'মালূনা 'আলীম। ২৮৪। লিল্লা-হি মা- ফিস্ সামা-ওয়া-তি ওয়া মা-ফিল
গোপন করবে তার অন্তর হবে পাপপূর্ণ। তোমরা যা কর সে বিষয়ে আল্লাহ সম্যক অবগত। (২৮৪) আসমানে এবং যমিনে যা কিছু

✪ **টীকা (আঃ ২৮৩) ঃ** এ আয়াত থেকে এ বিধান নির্গত করা হয়েছে যে, যে ব্যক্তি ঋণ পরিশোধে অসমর্থ হবে তাকে ঋণ আদায়ের জন্যে যথেষ্ট সময় দেয়ার জন্যে ইসলামী আদালত ঋণ দাতাকে বাধ্য করবে। কোন কোন অবস্থায় আদালত সম্পূর্ণ ঋণ কিংবা তার অংশবিশেষ একেবারে মাফ করে দেয়ারও অধিকারী হবে। ফিকহবিদগণ সুস্পষ্টভাবে বলেছেন- ব্যক্তির থাকার ঘর, খাবারের পাত্র, পরণের কাপড় এবং যেসব হাতিয়ার ও যন্ত্রপাতি দ্বারা সে জীবিকা উপার্জন করে, কোন অবস্থাতেই তা ক্রোক করা যাবে না। ✪ **টীকা (আঃ ২৮৩) ঃ** এ প্রকারের কর্জকে কর্জদাতার 'আমানত' বলে উল্লেখ করা হয়েছে। কারণ কর্জদাতা কর্জ গ্রহীতার প্রতি আস্থা স্থাপন করেই যখন কর্জ দিয়েছে, তদবস্থায় তা যেন তার কাছে আমানতই রাখা হয়েছে।

الأرض وإن تبدوا ما في أنفسكم أو تخفوه يحاسبكم به الله

আরদ্ব ; ওয়া ইন তুব্দূ মা-ফী~আন্ফুসিকুম আও তুখ্ফূহু ইয়ুহা-সিব্কুম বিহিল্লা-হ ;

আছে সবই আল্লাহর। তোমাদের অন্তরে যা কিছু আছে তা যদি প্রকাশ কর অথবা তা গোপন কর, আল্লাহ তোমাদের নিকট থেকে তার

فيغفر لمن يشاء ويعذب من يشاء والله على كل شيء قدير ۝

ফাইয়াগ্ফিরু লিমাইঁ ইয়াশা—উ ওয়া ইয়ু'আয্যিবু মাইঁ ইয়াশা—উ ; ওয়াল্লা-হু 'আলা- কুল্লি শাইয়িন্ ক্বাদীর।

হিসাব নিবেন। আল্লাহ যাকে ইচ্ছা ক্ষমা করবেন এবং যাকে ইচ্ছা শাস্তি দিবেন। আল্লাহ সর্ব বিষয়ে পূর্ণ ক্ষমতাবান।

۝٢٨٥ آمن الرسول بما أنزل إليه من ربه والمؤمنون كل آمن بالله

২৮৫। আ-মানার্ রাসূলু বিমা~উন্যিলা ইলাইহি মির্ রাব্বিহী ওয়াল্ মু'মিনূন ; কুল্লুন আ-মানা বিল্লা-হি

(২৮৫) রাসূল বিশ্বাস রাখেন তাঁর প্রতিপালকের পক্ষ থেকে যা অবতীর্ণ হয়েছে তার উপর। আর মুমিনগণও সকলেই বিশ্বাস রাখে আল্লাহর প্রতি এবং

وملائكته وكتبه ورسله لا نفرق بين أحد من رسله وقالوا

ওয়া মালা—ইকাতিহী ওয়া কুতুবিহী ওয়া রুসুলিহ; লা-নুফার্রিকু বাইনা আহ্বাদিম্ মির রুসুলিহ ; ওয়া ক্বা-লূ

তাঁর ফিরিশতাগণের প্রতি, তাঁর কিতাবসমূহ এবং তাঁর রাসূলগণের প্রতি। এ মর্মে যে, আমরা রাসূলগণের মধ্যে কাউকে পার্থক্য করি না এবং তারা বলে

سمعنا وأطعنا غفرانك ربنا وإليك المصير ۝٢٨٦ لا يكلف الله نفسا

সামি'না- ওয়া আত্বা'না, গুফ্রা-নাকা রাব্বানা- ওয়া ইলাইকাল মাস্বীর। ২৮৬। লা-ইয়ুকাল্লিফুল্লা-হু নাফ্সান

আমরা শুনেছি এবং মেনে নিয়েছি। হে আমাদের প্রতিপালক! তোমার নিকট ক্ষমা চাচ্ছি এবং তোমার দিকেই প্রত্যাবর্তন করতে হবে। (২৮৬) আল্লাহ কাউকে

إلا وسعها لها ما كسبت وعليها ما اكتسبت ربنا لا تؤاخذنا إن نسينا

ইল্লা- উস'আহা-; লাহা- মা- কাসাবাত ওয়া 'আলাইহা- মাকতাসাবাত ; রাব্বানা- লা-তুআ-খিয্না~ইন্ নাসীনা~

তার সাধ্যাতীত আদেশ চাপিয়ে দেন না। সে যা কিছুই উপার্জন করবে তা তারই; এবং সে যা কিছু মন্দ উপার্জন করবে তা তার উপরই বর্তাবে। হে আমাদের প্রতিপালক!

أو أخطأنا ربنا ولا تحمل علينا إصرا كما حملته على الذين من قبلنا

আও আখ্ত্বা'না- রাব্বানা- ওয়ালা- তাহ্মিল 'আলাইনা~ইস্বরান কামা- হ্বামাল্তাহূ 'আলাল্ লাযীনা মিন ক্বাব্লিনা-,

যদি ভুলে যাই অথবা ভুল করি, তুমি আমাদেরকে পাকড়াও কর না। হে আমাদের প্রতিপালক! আমাদের উপর এমন বোঝা অর্পণ কর না যেমন অর্পণ করেছিলে

ربنا ولا تحملنا ما لا طاقة لنا به واعف عنا واغفر لنا

রাব্বানা- ওয়া লা- তুহ্বাম্মিলনা- মা-লা- ত্বা-ক্বাতা লানা- বিহ্, ওয়া'ফু 'আন্না-; ওয়াগ্ফিরলানা-;

আমাদের পূর্ববর্তীদের উপর। হে আমাদের প্রতিপালক! আমাদের উপর এমন দায়িত্ব ভার দিও না, যে ভার বইতে শক্তি আমাদের নেই। আমাদের অপরাধ মার্জনা

وارحمنا أنت مولانا فانصرنا على القوم الكافرين ۝

ওয়ার্হামনা-; আন্তা মাওলা-না- ফানস্বুর্না- 'আলাল ক্বাওমিল কা-ফিরীন।

কর এবং আমাদের ক্ষমা কর এবং আমাদের প্রতি দয়া কর। তুমিই আমাদের বন্ধু। সুতরাং তুমি আমাদের কাফির সম্প্রদায়ের উপর জয়যুক্ত কর।

৪০ ع ৮ রুকূ

সূরা আ-লে 'ইমরান
মাদানী

بسم الله الرحمن الرحيم

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি

আয়াত ঃ ২০০
রুকূ ঃ ২০

۝١ الم ۝٢ الله لا إله إلا هو الحي القيوم ۝٣ نزل عليك الكتاب

১। আলিফ লা—ম মী—ম। ২। আল্লা-হু লা ~ ইলা-হা ইল্লা- হুওয়াল হ্বাইয়্যুল ক্বাইয়্যুম। ৩। নায্যালা 'আলাইকাল কিতা-বা

(১) আলিফ, লা-ম, মী-ম। (২) আল্লাহ তিনি ছাড়া কোন মা'বুদ নেই, তিনি চিরঞ্জীব ও চিরস্থায়ী। (৩) তিনি আপনার প্রতি সত্যসহ কিতাব (কুরআন)

بالحق مصدقا لما بين يديه وأنزل التوراة والإنجيل ۝٤ من قبل

বিল হ্বাক্বক্বি মুস্বাদ্দিক্বাল্ লিমা- বাইনা ইয়াদাইহি ওয়া আন্যালাত তাওরা-তা ওয়াল ইনজ্বীল। ৪। মিন ক্বাবলু

অবতীর্ণ করেছেন যা সত্যায়নকারী তার পূর্ববর্তী কিতাবসমূহের এবং তিনি অবতীর্ণ করেছেন তাওরাত এবং ইনজীল, (৪) এ কিতাবের পূর্বে

هدى للناس وأنزل الفرقان إن الذين كفروا بآيات الله لهم

হুদাল্ লিন্না-সি ওয়া আন্যালাল ফুরক্বা-ন ; ইন্নাল্লাযীনা কাফারূ বিআ-ইয়া-তিল্লা-হি লাহুম

মানব জাতির হিদায়াতের জন্য; তিনি ফোরকান (সত্য ও অসত্যের মধ্যে পার্থক্যকারী অর্থাৎ কুরআন) অবতীর্ণ করেছেন। যারা আল্লাহর নিদর্শনসমূহ

عذاب شديد والله عزيز ذو انتقام ۝٥ إن الله لا يخفى عليه شيء

'আযা-বুন শাদীদ ; ওয়াল্লা-হু 'আযীযুন্ যুন্তিক্বা-ম। ৫। ইন্নাল্লা-হা লা- ইয়াখ্ফা- 'আলাইহি শাইউন

অস্বীকার করে তাদের জন্য রয়েছে কঠিন শাস্তি। আল্লাহ মহা পরাক্রমশালী ও প্রতিশোধ গ্রহণকারী। (৫) নিশ্চয় আসমান ও

في الأرض ولا في السماء ۝٦ هو الذي يصوركم في الأرحام كيف يشاء

ফিল আরদ্বি ওয়া লা- ফিস সামা—ই। ৬। হুওয়াল্ লাযী ইয়ুস্বাওয়িরুকুম ফিল আর্হ্বা-মি কাইফা ইয়াশা—উ ;

যমিনের কোন কিছুই আল্লাহর কাছে গোপন নয়। (৬) তিনিই মাতৃগর্ভে যেভাবে ইচ্ছা তোমাদের আকৃতি গঠন করেন।

لا إله إلا هو العزيز الحكيم ۝٧ هو الذي أنزل عليك الكتاب منه

লা~ইলা-হা ইল্লা- হুওয়াল 'আযীযুল হ্বাকীম। ৭। হুওয়াল্লাযী~আন্যালা 'আলাইকাল কিতা-বা মিন্হু

তিনি ছাড়া কোন মা'বুদ নেই। তিনি মহা পরাক্রমশালী ও প্রজ্ঞাময়। (৭) তিনিই আপনার উপর কিতাব অবতীর্ণ করেছেন।

آيات محكمات هن أم الكتاب وأخر متشابهات فأما الذين في قلوبهم

আ-ইয়া-তুম্ মুহ্বকামা-তুন হুন্না উম্মুল কিতা-বি ওয়া উখারু মুতাশা-বিহা-ত ; ফাআম্মাল্ লাযীনা ফী ক্বুলূবিহিম

যার কিছু আয়াত সুস্পষ্ট। সেগুলোই কিতাবের মৌল বিষয়। আর অন্যগুলো মুতাশাবিহ অর্থাৎ তার অর্থ জ্ঞাত নয়। সুতরাং যাদের অন্তরে

✪ টীকা (আঃ ৭) ঃ ...... ربنا لا تزغ قلوبنا – আসমা বিনতে ইয়াযীদ বলেন, একদিন আমি রাসূলুল্লাহকে (স) জিজ্ঞাসা করলাম যে, ইয়া রাসূলাল্লাহ! অন্তরে কি পরিবর্তন হয়? তিনি বললেন, হাঁ, প্রত্যেক মানুষের অন্তর আল্লাহ তায়ালার দু'টি কুদরতী অংগুলির মধ্যে বিদ্যমান। তিনি ইচ্ছা করলে উহা স্থির রাখেন আর ইচ্ছা করলে উহা পরিবর্তন করে দেন। আর আমরা আল্লাহর দরবারে প্রার্থনা করি যে, হে আল্লাহ! একবার যখন আমাদেরকে হিদায়াতের আলো দান করেছ, এরপর আমাদের অন্তর আর সত্য বিমুখ কর না। আমরা তোমার দয়া প্রার্থনা করি। তুমি যে পরম দাতা। (তাঃ ইবনে কাছীর)

زيغ فيتبعون ما تشابه منه ابتغاء الفتنة وابتغاء تاويله ج وما يعلم

যাইগুন্ ফাইয়াত্তাবি'ঊনা মা- তাশা-বাহা মিনহুব্ তিগা—আল ফিত্নাতি ওয়াব্তিগা—আ তা'বীলিহ, ওয়া মা- ইয়া'লামু

বক্রতা আছে তারা বিপর্যয় সৃষ্টি এবং ভুল ব্যাখ্যা সন্ধানের উদ্দেশ্যে অস্পষ্ট আয়াতসমূহের অনুসরণ করে। অথচ তার ব্যাখ্যা

تاويله الا الله م والرسخون في العلم يقولون امنا به لا كل من

তা'বীলাহূ~ইল্লাল্লা-হ। ওয়ার্ রা-সিখূনা ফিল 'ইলমি ইয়াকূলূনা আ-মান্না- বিহী কুল্লুম্ মিন

আল্লাহ ছাড়া আর কেউ জানে না। আর যারা (ধর্মীয়) জ্ঞানে পরিপক্ক তারা বলে, আমরা এর উপরে ঈমান এনেছি। এসবই আমাদের

عند ربنا ج وما يذكر الا اولوا الالباب ⑦ ربنا لا تزغ قلوبنا بعد

'ইন্দি রাব্বিনা-, ওয়া মা- ইয়ায্যাক্কারু ইল্লা~উলুল আল্বা-ব। ৮। রাব্বানা- লা- তুযিগ্ কুলূবানা- বা'দা

প্রতিপালকের পক্ষ হতে আগত। আর জ্ঞানীগণ ছাড়া অন্য কেউ উপদেশ গ্রহণ করে না। (৮) হে আমাদের প্রতিপালক! তুমি আমাদের হিদায়াত দানের পর

اذ هديتنا وهب لنا من لدنك رحمة ج انك انت الوهاب ⑧ ربنا انك

ইয্ হাদাইতানা- ওয়া হাব্লানা- মিল্লাদুনকা রাহ্মাহ, ইন্নাকা আন্তাল ওয়াহ্হা-ব। ৯। রাব্বানা~ইন্নাকা

আমাদের অন্তরসমূহে বক্রতা সৃষ্টি কর না এবং আমাদের উপর তোমার তরফ থেকে রহমত দান কর। নিশ্চয় তুমি মহা দাতা। (৯) হে আমাদের প্রতিপালক!

جامع الناس ليوم لا ريب فيه ط ان الله لا يخلف الميعاد ⑨ ان الذين

জ্বা-মি'উন্ না-সি লিইয়াওমিল লা-রাইবা ফীহ ; ইন্নাল্লা-হা লা-ইয়ুখ্লিফুল মী'আ-দ। ১০। ইন্নাল্ লাযীনা

নিশ্চয়ই তুমি সকল মানুষকে একদিন একত্রিত করবে, যাতে কোন সন্দেহ নেই (হাশরের দিন)। নিশ্চয় আল্লাহ ভংগ করেন না অঙ্গীকার, (১০) যারা কুফরী

كفروا لن تغني عنهم اموالهم ولا اولادهم من الله شيئا ط واولئك هم

কাফারূ লান্ তুগ্নিয়া 'আনহুম আম্ওয়া-লুহুম ওয়া লা~আওলা-দুহুম্ মিনাল্লা-হি শাইআ- ; ওয়া উলা—ইকা হুম

করে তাদের ধন-সম্পদ এবং তাদের সন্তান-সন্ততি কোন কিছুই উপকারে আসবে না আল্লাহর নিকট এবং তারাই হবে

وقود النار ⑩ كداب ال فرعون لا والذين من قبلهم ط كذبوا باياتنا ج

ওয়া কূদুন্ না-র। ১১। কাদা'বি আ-লি ফির'আওনা ওয়াল্লাযীনা মিন্ ক্বাব্লিহিম ; কায্যাবূ বিআ-ইয়া-তিনা-,

জাহান্নামের ইন্ধন। (১১) এদের স্বভাব ফেরআউন বংশধর এবং তাদের পূর্ববর্তী লোকদের ন্যায়। তারা আমার আয়াতকে মিথ্যা প্রতিপন্ন করেছে।

فاخذهم الله بذنوبهم ط والله شديد العقاب ⑪ قل للذين كفروا

ফাআখাযাহুমুল্লা-হু বিযুনূবিহিম ; ওয়াল্লা-হু শাদীদুল 'ইক্বা-ব। ১২। কুল্ লিল্লাযীনা কাফারূ

অতঃপর আল্লাহ তাদের গুনাহের কারণে তাদের পাকড়াও করলেন। আল্লাহ কঠিন শাস্তি দাতা। (১২) হে নবী! আপনি কাফিরদেরকে বলে দিন, অতিশীঘ্র তোমরা

ستغلبون وتحشرون الى جهنم ط وبئس المهاد ⑫ قد كان لكم اية

সাতুগ্লাবূনা ওয়া তুহ্শারূনা ইলা- জ্বাহান্নাম ; ওয়া বি'সাল মিহা-দ। ১৩। ক্বাদ কা-না লাকুম আ-ইয়াতুন্

(মুসলমানদের হাতে) পরাভূত হবে এবং জাহান্নামে তোমাদেরকে একত্র করা হবে, আর সেটি (জাহান্নাম) কতই নিকৃষ্ট স্থান। (১৩) নিশ্চয়ই তোমাদের জন্য

في فئتين التقتا ط فئة تقاتل في سبيل الله واخرى كافرة يرونهم

ফী ফিআতাইনিল তাক্বাতা-; ফিআতুন্ তুক্বা-তিলু ফী সাবীলিল্লা-হি ওয়া উখ্রা- কা-ফিরাতুই ইয়ারাওনাহুম

নিদর্শন রয়েছে সে দু'টি দলের মধ্যে, যারা পরস্পর সম্মুখীন হয়েছিল, একটি দল আল্লাহর পথে যুদ্ধ করছিল (মুসলমান), আর অন্য দল ছিল কাফির। তারা

مثليهم راي العين ط والله يؤيد بنصره من يشاء ط ان في ذلك لعبرة

মিছ্লাইহিম রা'ইয়াল 'আইন ; ওয়াল্লা-হু ইয়ুআইয়্যিদু বিনাস্বরিহী মাইঁ ইয়াশা—উ ; ইন্না ফী যা-লিকা লা'ইব্রাতাল

তাদেরকে চাক্ষুষ দৃষ্টিতে নিজেদের দ্বিগুণ দেখতে ছিল। আল্লাহ যাকে ইচ্ছা করেন তাকে স্বীয় সাহায্য দ্বারা শক্তিশালী করেন। নিশ্চয়ই এতে

لاولي الابصار ⑬ زين للناس حب الشهوت من النساء والبنين

লিউলিল আব্স্বা-র। ১৪। যুইয়্যিনা লিন্না-সি হুব্বুশ্ শাহাওয়া-তি মিনান্ নিসা—ই ওয়াল্ বানীনা

চক্ষুষ্মানদের জন্য রয়েছে উপদেশ। (১৪) মানুষের নিকট সুশোভিত করা হয়েছে প্রবৃত্তির কাম্য বস্তুসামগ্রী। যেমন– নারী, সন্তানাদী,

والقناطير المقنطرة من الذهب والفضة والخيل المسومة والانعام

ওয়াল্ ক্বানা-ত্বীরিল মুক্বান্ত্বারাতি মিনায্ যাহাবি ওয়াল্ ফিদ্বদ্বাতি ওয়াল খাইলিল মুসাওয়্যামাতি ওয়াল আন'আ-মি

রাশিকৃত স্বর্ণ, রৌপ্য, চিহ্নিত ঘোড়া, গবাদি পশু এবং ক্ষেত-খামার।

والحرث ط ذلك متاع الحيوة الدنيا ج والله عنده حسن الماب ○

ওয়াল হ্বার্ছ ; যা-লিকা মাতা-'উল হ্বায়া-তিদ্ দুন্ইয়া, ওয়াল্লা-হু 'ইন্দাহূ হুস্নুল মাআ-ব।

এগুলো পার্থিব জীবনের ভোগ্য সামগ্রী এবং আল্লাহর নিকট রয়েছে উত্তম আশ্রয়স্থল।

⑭ قل اؤنبئكم بخير من ذلكم ط للذين اتقوا عند ربهم جنت تجري

১৫। কুল আউনাব্বিউকুম বিখাইরিম্ মিন্ যা-লিকুম ; লিল্লাযীনাত্ তাক্বাও 'ইন্দা রাব্বিহিম জ্বান্না-তুন তাজ্বরী

(১৫) হে নবী! আপনি বলুন, আমি কি তোমাদেরকে সংবাদ দিব এগুলোর চেয়েও উত্তম বস্তুর? (তবে শুন) যারা আল্লাহকে ভয় করে তাদের জন্য রয়েছে তাদের

من تحتها الانهر خلدين فيها وازواج مطهرة ورضوان من الله ط

মিন্ তাহ্তিহাল আন্হা-রু খা-লিদীনা ফীহা- ওয়া আয্ওয়া-জুম মুত্বাহ্হারাতুওঁ ওয়া রিদ্বওয়া-নুম্ মিনাল্লা-হ ;

প্রতিপালকের নিকট জান্নাত, যার তলদেশে নহর প্রবাহিত। সেখানে তারা সর্বদা থাকবে। আর তাদের জন্য রয়েছে পবিত্রা স্ত্রীগণ এবং আল্লাহর সন্তুষ্টি।

والله بصير بالعباد ⑮ الذين يقولون ربنا اننا امنا فاغفر لنا ذنوبنا

ওয়াল্লা-হু বাস্বীরুম্ বিল'ইবা-দ। ১৬। আল্লাযীনা ইয়াকূলূনা রাব্বানা~ইন্নানা~আ-মান্না- ফাগ্ফিরলানা- যুনূবানা-

আর আল্লাহ তাঁর বান্দাদের প্রতি সুদৃষ্টি রাখেন। (১৬) যারা বলে, হে আমাদের প্রতিপালক! নিশ্চয় আমরা ঈমান এনেছি, আমাদের গুনাহসমূহ ক্ষমা কর

وقنا عذاب النار ⑯ الصبرين والصدقين والقنتين والمنفقين

ওয়া ক্বিনা- 'আযা-বান্ না-র। ১৭। আস্বস্বা-বিরীনা ওয়াস্বস্বা-দিক্বীনা ওয়াল্ ক্বা-নিতীনা ওয়াল মুন্ফিক্বীনা

এবং জাহান্নামের আগুন থেকে আমাদেরকে বাঁচাও। (১৭) তারাই ধৈর্যশীল, সত্যবাদী, অনুগত, (আল্লাহর পথে) ব্যয়কারী এবং

والمستغفرين بالاسحار ﴿١٨﴾ شهد الله انه لا اله الا هو والملئكة واولوا

ওয়াল মুস্তাগ্‌ফিরীনা বিল আসহ্বা-র। ১৮। শাহিদাল্লা-হু আন্নাহূ লা~ইলা-হা ইল্লা- হুওয়া ওয়াল মালা—ইকাতু ওয়া উলুল

শেষ রাতে ক্ষমা প্রার্থনাকারী। (১৮) আল্লাহ সাক্ষ্য দিচ্ছেন যে, তিনি ছাড়া আর কোন মা'বুদ নেই। ফিরিশতাগণও এবং ন্যায়-নিষ্ঠ

العلم قائما بالقسط لا اله الا هو العزيز الحكيم ﴿١٩﴾ ان الدين عند الله

'ইলমি ক্বা—ইমাম্ বিল ক্বিস্‌ত্ব ; লা~ইলা-হা ইল্লা- হুওয়াল 'আযীযুল হ্বাকীম। ১৯। ইন্নাদ্ দীনা 'ইন্দাল্লা-হিল

জ্ঞানীগণও সাক্ষ্য দিচ্ছেন যে, আল্লাহ ছাড়া কোন মা'বুদ নেই। তিনি পরাক্রমশালী, প্রজ্ঞাময়। (১৯) নিশ্চয়ই আল্লাহর নিকট মনোনীত

الاسلام وما اختلف الذين اوتوا الكتب الا من بعد ما جاءهم

ইসলা-ম ; ওয়া মাখ্‌তালাফাল্ লাযীনা উতুল কিতা-বা ইল্লা- মিম্ বা'দি মা- জ্বা—আহুমুল

দ্বীন হচ্ছে ইসলাম। আহলে কিতাবগণ তাদের নিকট প্রমাণ আসার পরও ইসলাম সম্পর্কে মতভেদ করেছে। আর এটা শুধু

العلم بغيا بينهم ومن يكفر بايت الله فان الله سريع الحساب

'ইল্‌মু বাগ্‌ইয়াম্ বাইনাহুম; ওয়া মাইঁ ইয়াক্‌ফুর বিআ-ইয়া-তিল্লা-হি ফাইন্নাল্লা-হা সারী'উল হ্বিসা-ব।

(মুসলমানদের প্রতি) তাদের পারস্পরিক বিদ্বেষ বশতঃ। আর যে আল্লাহর আয়াতকে অস্বীকার করবে, নিশ্চয়ই আল্লাহ খুব দ্রুত হিসাব গ্রহণকারী।

فان حاجوك فقل اسلمت وجهي لله ومن اتبعن وقل للذين اوتوا ﴿٢٠﴾

২০। ফাইন হ্বা—জ্জূকা ফাক্বুল আস্‌লামতু ওয়াজ্‌হিয়া লিল্লা-হি ওয়া মানিত্ তাবা'আন ; ওয়া ক্বুল্ লিল্লাযীনা উতুল

(২০) এরপরও যদি তারা আপনার সাথে বিতর্ক করে; তবে আপনি বলে দিন, আমি এবং আমার অনুসারীগণ আল্লাহর নিকট আত্মসমর্পণ করেছি। আর যাদের

الكتب والاميين ءاسلمتم فان اسلموا فقد اهتدوا وان تولوا فانما

কিতা-বা ওয়াল্ উম্মিইয়্যীনা আআস্‌লামতুম ; ফাইন আস্‌লামূ ফাক্বাদিহ্ তাদাও, ওয়া ইন তাওয়াল্লাও ফাইন্নামা-

কিতাব দেয়া হয়েছে তাদেরকে এবং নিরক্ষরদেরকে বলে দিন, তোমরাও কি আত্মসমর্পণ করেছ? যদি তারা আত্মসমর্পণ করে, তবে তারা হিদায়াতের পথ পাবে;

عليك البلغ والله بصير بالعباد ﴿٢١﴾ ان الذين يكفرون بايت الله

'আলাইকাল বালা-গ ; ওয়াল্লা-হু বাস্বীরুম বিল 'ইবা-দ। ২১। ইন্নাল্ লাযীনা ইয়াক্‌ফুরূনা বিআ-ইয়া-তিল্লা-হি

আর যদি তারা মুখ ফিরিয়ে নেয়, তবে আপনার দায়িত্ব শুধু (আল্লাহর বাণী সকলের কাছে) পৌছে দেয়া। আর আল্লাহ বান্দাদের প্রতি সুদৃষ্টি রাখেন। (২১) নিশ্চয়ই যারা

ويقتلون النبين بغير حق ويقتلون الذين يامرون بالقسط من الناس

ওয়া ইয়াক্বতুলূনান্ নাবিইয়্যনা বিগাইরি হ্বাক্বক্বিওঁ ওয়া ইয়াক্বতুলূনাল্‌লাযীনা ইয়া'মুরূনা বিল্ ক্বিসত্বি মিনান্ না-সি

আল্লাহর আয়াতকে অস্বীকার করে, এবং অন্যায়ভাবে নবীগণকে হত্যা করে এবং এমন মানুষদেরকে হত্যা করে, যারা ন্যায় পরায়ণতার নির্দেশ দেয়

✪ শানে নুযূল (আঃ ১৯) ঃ কালবী (র) থেকে বর্ণিত, রাসূল (স) যখন মদীনায় গিয়ে স্থায়ী হন, তখন শাম দেশ থেকে দুজন পন্ডিত ব্যক্তি মদীনায় আগমন করে। তারা মদীনায় এসে রাসূল (স)-এর বিভিন্ন বৈশিষ্ট্য ও গুণাগুণ সম্পর্কে অবগত হয়ে রাসূল (স)-এর কাছে এসে প্রশ্ন করে, 'আপনি কি মুহাম্মাদ (স)! রাসূল (স) বলেন, হ্যাঁ। তারা আবার জিজ্ঞেস করে, আপনিই কি আহমদ? রাসূল (স) বলেন, হ্যাঁ, তারপর তারা বলে. আমরা আপনাকে 'সাক্ষ্য' সম্পর্কে জিজ্ঞেস করব।' আপনি আমাদেরকে সে সম্পর্কে অবগত করতে পরলে আমরা আপনার প্রতি ঈমান এনে আপনাকে সত্যায়ন করব। রাসূল (স) বলেন, তোমরা আমাকে জিজ্ঞেস কর। তারা বলল, বলূন দেখি সবচেয়ে বড় সাক্ষ্য কি? তখনই এ আয়াত নাযিল হলে তারা মুসলমান হয়ে যায়। (কুরতুবী)

فبشرهم بعذاب اليم ﴿٢١﴾ اولئك الذين حبطت اعمالهم في الدنيا

ফাবাশ্‌শিরহুম্ বি'আযা-বিন আলীম। ২২। উলা—ইকাল্ লাযীনা হ্বাবিত্বাত্ আ'মা-লুহুম ফিদ্ দুনইয়া-

আপনি তাদেরকে যন্ত্রণাদায়ক শাস্তির সুসংবাদ দিন। (২২) এসব লোক (এমন যে), তাদের সমস্ত আমল নিষ্ফল হবে ইহ ও পরকালে

والاخرة وما لهم من نصرين ﴿٢٢﴾ الم تر الى الذين اوتوا نصيبا من

ওয়াল আ-খিরাহ; ওয়া মা- লাহুম মিন্ না-স্বিরীন। ২৩। আলাম্ তারা ইলাল লাযীনা উতূ নাস্বীবাম্ মিনাল্

এবং তাদের কোন সাহায্যকারী হবে না। (২৩) [হে মুহাম্মদ (স)] আপনি কি দেখেননি, এসব লোকদেরকে? যাদেরকে কিতাবের কিছু অংশ দেয়া হয়েছিল

الكتب يدعون الى كتب الله ليحكم بينهم ثم يتولى فريق منهم

কিতা-বি ইয়ুদ'আওনা ইলা- কিতা-বিল্লা-হি লিয়াহ্বকুমা বাইনাহুম ছুম্মা ইয়াতাওয়াল্লা- ফারীকুম্ মিনহুম

এবং তাদেরকে আল্লাহর কিতাবের দিকে আহ্বান করা হয়েছিল, যাতে কিতাব তাদের মাঝে মীমাংসা করে দেয়। অতঃপর তাদের মধ্যে একটি দল তা অস্বীকার করে মুখ

وهم معرضون ﴿٢٣﴾ ذلك بانهم قالوا لن تمسنا النار الا اياما معدودت

ওয়া হুম্ মু'রিদ্বূন। ২৪। যা-লিকা বিআন্নাহুম ক্বা-লূ লান্ তামাস্‌সানান্ না-রু ইল্লা~আইঁ ইয়্যা-মাম্ মা'দূদা-ত,

ফিরিয়ে নেয়। (২৪) তা এ কারণে যে, তারা বলে, জাহান্নামের আগুন আমাদের স্পর্শ করবে না, তবে হাতে গোণা কয়েকটি দিন (স্পর্শ করতে পারে)। তাদের মনগড়া

وغرهم في دينهم ما كانوا يفترون ﴿٢٤﴾ فكيف اذا جمعنهم ليوم لا ريب

ওয়া গার্‌রাহুম্ ফী দীনিহিম্ মা- কা-নূ ইয়াফ্‌তারূন। ২৫। ফাকাইফা ইযা- জ্বামা'না-হুম লিইয়াওমিল্ লা-রাইবা

ধারণা দ্বীনের ব্যাপারে তাদেরকে ধোকায় ফেলেছে। (২৫) তাদের অবস্থা কেমন হবে? যেদিন আমি তাদেরকে একত্রিত করব, যে দিনের ব্যাপারে কোন

فيه ووفيت كل نفس ما كسبت وهم لا يظلمون ﴿٢٥﴾ قل اللهم ملك

ফীহ, ওয়া উফ্‌ফিয়াত কুল্লু নাফ্‌সিম্ মা- কাসাবাত ওয়া হুম লা- ইয়ুয্বলামূন। ২৬। কুলিল্লা-হুম্মা মা-লিকাল

প্রকার সন্দেহ নেই এবং (সেদিন) প্রত্যেককে তাদের (পার্থিব জীবনের) কৃত কর্মের পূর্ণ প্রতিদান দেয়া হবে এবং তাদের প্রতি কোন জুলুম করা হবে না। (২৬) [হে মুহাম্মদ (স)]

الملك تؤتي الملك من تشاء وتنزع الملك ممن تشاء وتعز من تشاء

মুল্‌কি তু'তিল মুলকা মান তাশা—উ ওয়া তান্‌যি'উল মুলকা মিম্ মান্ তাশা—উ, ওয়া তু'ইযযু মান্ তাশা—উ

আপনি বলুন, হে আল্লাহ! তুমিই সমগ্র জগতের মালিক। তুমি যাকে ইচ্ছা রাজত্ব দান কর। আর যার থেকে ইচ্ছা রাজত্ব কেড়ে নাও।

وتذل من تشاء بيدك الخير انك على كل شيء قدير ﴿٢٦﴾ تولج اليل

ওয়া তুযিল্‌লু মান্ তাশা—উ ; বিইয়াদিকাল খাইর ; ইন্নাকা 'আলা- কুল্লি শাইয়িন্ ক্বাদীর। ২৭। তূলিজুল্ লাইলা

যাকে ইচ্ছা তুমি সম্মান দাও, যাকে ইচ্ছা লাঞ্ছিত কর। তোমার (কুদরতী) হাতেই কল্যাণ, নিশ্চয়ই তুমি সকল ব্যাপারে সর্ব ক্ষমতার অধিকারী। (২৭) এবং রাতকে

✪ শানে নুযূল (আঃ ২৩) ঃ একদা হুযূর (সা) ইহুদীদিগকে বললেন, তোমরা ঈমান আন। ইহুদীরা বলল, আমরা স্বীয় সম্প্রদায়ের আলেমদেরকে নিয়ে ধর্ম সম্বন্ধে আপনার সঙ্গে বাহাছ করব। হুযূর (সা) বললেন, তাহলে সে আয়াতগুলোও নিয়ে এসো যাতে আমার সম্বন্ধে বিবরণ রয়েছে। কিন্তু তারা সেই আয়াতগুলোও আনল না এবং ঈমানও আনল না। এ সম্বন্ধেই আয়াতটি নাযিল হয়েছে। (মুঃ কোঃ)

✪ শানে নুযূল (আঃ ২৫) ঃ ইহুদীরা তওরাত অনুযায়ী আমল করত না এবং নির্ভয়ে গুনাহের কাজ করত। কেননা, তাদের পূর্ব-পুরুষগণ বলে গেছে যে, 'আমরা শত দিনের বেশী দোযখের শাস্তি ভোগ করব না। আমাদের পূর্বপুরুষ হযরত ইয়াকুব (আ), তাঁর পিতা ও দাদা আমাদিগকে দোযখ হতে মুক্ত করে নিবেন,' এরা তাই বিশ্বাস করত। আল্লাহ তা'আলা এ প্রেক্ষিতে এ আয়াত অবতীর্ণ করেন।

فِي النَّهَارِ وَتُولِجُ النَّهَارَ فِي الَّيْلِ وَتُخْرِجُ الْحَيَّ مِنَ الْمَيِّتِ

ফিন্ নাহা-রি ওয়া তূলিজুন্নাহা-রা ফিল্লাইল, ওয়া তুখ্রিজুল হ্বাইয়্যা মিনাল মাইয়্যিতি
প্রবিষ্ট কর দিনের মাঝে এবং দিনকে প্রবিষ্ট করাও রাতের মাঝে। তুমি মৃত হতে বের কর জীবিতকে (যেমন ডিম থেকে বাচ্চা)

وَتُخْرِجُ الْمَيِّتَ مِنَ الْحَيِّ وَتَرْزُقُ مَنْ تَشَاءُ بِغَيْرِ حِسَابٍ ﴿٢٧﴾ لَا يَتَّخِذِ

ওয়া তুখ্রিজুল মাইয়্যিতা মিনাল হ্বাইয়্যি, ওয়া তার্যুকু মান্ তাশা—উ বিগাইরি হ্বিসা-ব। ২৮। লা ইয়াত্তাখিযিল্
মৃতকে বের কর জীবিত থেকে। (যেমন পাখী থেকে ডিম)। তুমি যাকে ইচ্ছা অপরিমিত জীবিকা দান কর। (২৮) মুমিনগণ যেন গ্রহণ

الْمُؤْمِنُونَ الْكَافِرِينَ أَوْلِيَاءَ مِنْ دُونِ الْمُؤْمِنِينَ ۖ وَمَنْ يَفْعَلْ ذَٰلِكَ فَلَيْسَ

মু'মিনূনাল কা-ফিরীনা আওলিয়া—আ মিন দূনিল মু'মিনীন, ওয়া মাইঁ ইয়াফ'আল যা-লিকা ফালাইসা
না করে মুমিনদের ব্যতীত কাফিদেরকে বন্ধু হিসেবে। আর যে এরূপ করবে, তাদের সাথে আল্লাহর কোন সম্পর্ক থাকবে না। কিন্তু

مِنَ اللَّهِ فِي شَيْءٍ إِلَّا أَنْ تَتَّقُوا مِنْهُمْ تُقَاةً ۗ وَيُحَذِّرُكُمُ اللَّهُ نَفْسَهُ ۗ

মিনাল্লা-হি ফী শাইইন ইল্লা~আন্ তাত্তাক্বু মিনহুম তুক্বা-হ্ ; ওয়া ইয়ুহ্বায্যিরুকুমুল্লাহু নাফসাহ ;
যদি তোমরা তাদের অনিষ্টতা হতে বাঁচতে চাও তবে তা ভিন্ন কথা; এবং আল্লাহ তোমাদেরকে তার নিজের সম্পর্কে সাবধান করছেন

وَإِلَى اللَّهِ الْمَصِيرُ ﴿٢٨﴾ قُلْ إِنْ تُخْفُوا مَا فِي صُدُورِكُمْ أَوْ تُبْدُوهُ يَعْلَمْهُ اللَّهُ ۗ

ওয়া ইলাল্লা-হিল মাস্বীর। ২৯। কুল ইন তুখ্ফূ মা ফী স্বুদূরিকুম আও তুব্দূহু ইয়া'লাম হুল্লা-হ ;
এবং আল্লাহর দিকেই ফিরে যেতে হবে। (২৯) আপনি বলুন, তোমাদের অন্তরে যা আছে যদি তা তোমরা গোপন কর অথবা, প্রকাশ কর আল্লাহ তা

وَيَعْلَمُ مَا فِي السَّمَاوَاتِ وَمَا فِي الْأَرْضِ ۗ وَاللَّهُ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ ﴿٢٩﴾ يَوْمَ

ওয়া ইয়া'লামু মা- ফিস্ সামা-ওয়া-তি ওয়ামা- ফিল আরদ্ব ; ওয়াল্লা-হু 'আলা- কুল্লি শাইয়িন ক্বাদীর। ৩০। ইয়াওমা
(সর্ব অবস্থায়) অবগত আছেন এবং তিনি আসমান ও যমিনের সব কিছুই জানেন। আল্লাহ সর্ব বিষয়ে সর্ব শক্তিমান। (৩০) যেদিন

تَجِدُ كُلُّ نَفْسٍ مَا عَمِلَتْ مِنْ خَيْرٍ مُحْضَرًا وَمَا عَمِلَتْ مِنْ سُوءٍ تَوَدُّ لَوْ

তাজ্বিদু কুল্লু নাফসিম মা- 'আমিলাত মিন খাইরিম মুহ্দ্বারা- ; ওয়ামা- 'আমিলাত মিন সু—ই, তাওয়াদ্দু লাও
প্রত্যেকটি লোক তার ভাল আমলগুলো এবং মন্দ আমলগুলো সামনে উপস্থিত (সেদনি) সে কামনা করবে হায়! তার ও

أَنَّ بَيْنَهَا وَبَيْنَهُ أَمَدًا بَعِيدًا ۗ وَيُحَذِّرُكُمُ اللَّهُ نَفْسَهُ ۗ وَاللَّهُ رَءُوفٌ بِالْعِبَادِ

আন্না বাইনাহা- ওয়াবাইনাহূ~আমাদাম্ বা'ঈদা ; ওয়া ইয়ুহ্বায্যিরুকুমুল্লা-হু নাফ্সাহ ; ওয়াল্লা-হু রাঊফুম্ বিল 'ইবা-দ।
এ মন্দ কাজগুলোর মধ্যে যদি বিরাট ব্যবধান থাকত। আল্লাহ তাঁর নিজের সম্পর্কে তোমাদেরকে সতর্ক করে দিয়েছেন। আল্লাহ বান্দাদের প্রতি পরম দয়ালু।

﴿٣٠﴾ قُلْ إِنْ كُنْتُمْ تُحِبُّونَ اللَّهَ فَاتَّبِعُونِي يُحْبِبْكُمُ اللَّهُ وَيَغْفِرْ لَكُمْ

৩১। কুল ইন্ কুন্তুম তুহ্বিব্বূনাল্লা-হা ফাত্তাবি'উনী ইয়ুহ্বিব্কুমুল্লা-হু ওয়া ইয়াগ্ফির লাকুম
(৩১) (হে নবী!) আপনি বলুন, যদি তোমরা আল্লাহকে ভালবাস, তবে তোমরা আমার অনুসরণ কর, তবে আল্লাহ তোমাদেরকে ভালবাসবেন এবং তোমাদের

ذُنُوبَكُمْ ۗ وَاللَّهُ غَفُورٌ رَحِيمٌ ﴿٣١﴾ قُلْ أَطِيعُوا اللَّهَ وَالرَّسُولَ ۖ فَإِنْ تَوَلَّوْا

যুনূবাকুম; ওয়াল্লা-হু গাফূরুর রাহ্বীম। ৩২। কুল আত্বী'উল্লা-হা ওয়ার্ রাসূল, ফাইন্ তাওয়াল্লাও
গুনাহসমূহ ক্ষমা করে দিবেন। আল্লাহ ক্ষমাশীল ও দয়ালু। (৩২) আপনি বলুন, তোমরা আল্লাহ ও রাসূলের আনুগত্য স্বীকার কর। অতঃপর যদি তারা

فَإِنَّ اللَّهَ لَا يُحِبُّ الْكَافِرِينَ ﴿٣٢﴾ إِنَّ اللَّهَ اصْطَفَىٰ آدَمَ وَنُوحًا وَآلَ إِبْرَاهِيمَ

ফাইন্নাল্লা-হা লা-ইয়ুহ্বিব্বুল কা-ফিরীন। ৩৩। ইন্নাল্লা-হাস্ব ত্বাফা~আ-দামা ওয়ানূহ্বাওঁ ওয়া আ-লা ইবরা-হীমা
উপেক্ষা করে, তবে জেনে রেখ নিশ্চয়ই আল্লাহ কাফিরদেরকে ভালবাসেন না। (৩৩) নিশ্চয়ই আল্লাহ সমগ্র বিশ্বের জন্য আদম, নূহ, ইব্রাহীমের পরিবার

وَآلَ عِمْرَانَ عَلَى الْعَالَمِينَ ﴿٣٣﴾ ذُرِّيَّةً بَعْضُهَا مِنْ بَعْضٍ ۗ وَاللَّهُ سَمِيعٌ عَلِيمٌ

ওয়া আ-লা 'ইম্‌রা-না 'আলাল 'আ-লামীন। ৩৪। যুর্‌রিইয়্যাতাম্ বা'দ্বুহা- মিম্ বা'দ্ব ; ওয়াল্লা-হু সামী'উন 'আলীম।
ও ইমরানের পরিবারকে মনোনীত করেছেন। (৩৪) তাঁরা একে অন্যের বংশধর। আর আল্লাহ সর্বশ্রোতা, সর্বজ্ঞ।

﴿٣٤﴾ إِذْ قَالَتِ امْرَأَتُ عِمْرَانَ رَبِّ إِنِّي نَذَرْتُ لَكَ مَا فِي بَطْنِي

৩৫। ইয্ ক্বা-লাতিমরাআতু 'ইমরা-না রাব্বি ইন্নী নাযার্‌তু লাকা মা ফী বাত্বনী
(৩৫) ইমরানের স্ত্রী যখন বলল, হে আমার প্রতিপালক! নিশ্চয়ই আমি তোমার জন্য আমার গর্ভস্থিত সন্তানকে মানত করেছি, তাকে স্বাধীন রাখা হবে।

مُحَرَّرًا فَتَقَبَّلْ مِنِّي ۖ إِنَّكَ أَنْتَ السَّمِيعُ الْعَلِيمُ ﴿٣٥﴾ فَلَمَّا وَضَعَتْهَا قَالَتْ

মুহ্বার্‌রারান্ ফাতাক্বাব্বাল মিন্নী, ইন্নাকা আন্তাস্ সামী'উল 'আলীম। ৩৬। ফালাম্মা- ওয়াদ্বা'আত্‌হা- ক্বা-লাত্
সুতরাং তুমি আমার এ মানত কবুল কর। নিশ্চয়ই তুমি সর্বশ্রোতা, সর্বজ্ঞ। (৩৬) অতঃপর সে যখন কন্যা সন্তান প্রসব করল, তখন (সে আক্ষেপে) বলল,

رَبِّ إِنِّي وَضَعْتُهَا أُنْثَىٰ وَاللَّهُ أَعْلَمُ بِمَا وَضَعَتْ وَلَيْسَ الذَّكَرُ كَالْأُنْثَىٰ ۖ

রাব্বি ইন্নী ওয়াদ্বা'তুহা~উন্‌ছা; ওয়াল্লা-হু আ'লামু বিমা- ওয়াদ্বা'আত; ওয়া লাইসায্ যাকারু কাল উন্‌ছা,
হে আমার প্রতিপালক! নিশ্চয়ই আমি কন্যাসন্তান প্রসব করেছি। সে যা প্রসব করেছে সে সম্পর্কে আল্লাহ ভালরূপেই জানেন। আর ছেলে (যা তার কামনা ছিল)

وَإِنِّي سَمَّيْتُهَا مَرْيَمَ وَإِنِّي أُعِيذُهَا بِكَ وَذُرِّيَّتَهَا مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ

ওয়া ইন্নী সাম্মাইতুহা- মারইয়ামা ওয়া ইন্নী~উ'ঈযুহা- বিকা ওয়া যুর্‌রিয়্যাতাহা- মিনাশ্ শাইত্বা-নির রাজ্বীম।
মেয়ের মত নয়। আর আমি তার নাম রেখেছি মারইয়াম। আমি তাঁকে এবং তাঁর সন্তানদেরকে অভিশপ্ত শয়তান হতে তোমার আশ্রয়ে অর্পণ করলাম।

﴿٣٦﴾ فَتَقَبَّلَهَا رَبُّهَا بِقَبُولٍ حَسَنٍ وَأَنْبَتَهَا نَبَاتًا حَسَنًا وَكَفَّلَهَا زَكَرِيَّا ۖ كُلَّمَا

৩৭। ফাতাক্বাব্বালাহা- রাব্বুহা- বিক্বাবূলিন হ্বাসানিওঁ ওয়া আম্বাতাহা- নাবা-তান হ্বাসানাওঁ ওয়া কাফ্ফালাহা- যাকারিইয়্যা ; কুল্লামা-
(৩৭) অতঃপর তাঁর প্রতিপালক তাঁকে উত্তমভাবে গ্রহণ করলেন এবং তাকে উত্তমরূপে প্রতিপালন করলেন আর যাকারিয়াকে (আ) তাঁর অভিভাবক বানিয়েদিলেন।

✪ টীকা (আঃ ৩৪) ঃ সেকালে পুত্র সন্তানকে পার্থিব কাজ হতে মুক্ত রেখে বায়তুল মুকাদ্দাসের জন্য মান্নত করা জায়েয ছিল। হান্নাও তার গর্ভস্থ শিশুকে তদ্রূপ মান্নত করলেন। আশা ছিল– এ উসীলায় আল্লাহ পুত্র সন্তান দান করবেন। (বঃ কোঃ)

✪ টীকা (আঃ ৩৬) ঃ মারইয়াম ভূমিষ্ঠ হলে তাঁর মা ধারণা করলেন, তাঁর মান্নত কবুল হয় নি। কেননা, বায়তুল মুকাদ্দাসের খেদমতের জন্য মেয়ে সন্তান কবুল করা হত না। অবশেষে বিবি হান্না স্বপ্নযোগে অবগত হলেন, মারইয়ামকে কবুল করা হয়েছে। তাই তিনি মারইয়ামকে মসজিদে উপস্থিত করে স্বপ্ন বৃত্তান্ত জানালেন। এতে সকলে তাঁকে মসজিদে রাখতে সম্মত হলেন। তাঁর খালু হযরত যাকারিয়া (আ) তাঁকে লালন-পালন করতে লাগলেন। (বঃ কোঃ)

دَخَلَ عَلَيْهَا زَكَرِيَّا الْمِحْرَابَ وَجَدَ عِنْدَهَا رِزْقًا ۚ قَالَ يٰمَرْيَمُ أَنّٰى

দাখালা 'আলাইহা- যাকারিইয়্যাল মিহ্বরা-বা ওয়াজ্বাদা 'ইন্দাহা- রিয্ক্বা, ক্বা-লা ইয়া-মারইয়ামু আন্না-
যখনই যাকারিয়া (আ) তাঁর নিকট তার কক্ষে প্রবেশ করতেন, তখনই তার কাছে খাদ্য সামগ্রী দেখতে পেতেন। (তা দেখে) বললেন, হে মারইয়াম! এগুলো

لَكِ هٰذَا ۖ قَالَتْ هُوَ مِنْ عِنْدِ اللّٰهِ ۖ إِنَّ اللّٰهَ يَرْزُقُ مَنْ يَشَاءُ بِغَيْرِ حِسَابٍ ۝

লাকি হা-যা; ক্বা-লাত হুওয়া মিন 'ইন্দিল্লা-হ ; ইন্নাল্লা-হা ইয়ার্যুক্বু মাইঁ ইয়াশা—উ বিগাইরি হ্বিসা-ব।
তোমার কাছে কোথা থেকে এসেছে? সে বলল, এগুলো (আসছে) আল্লাহর তরফ থেকে। নিশ্চয়ই আল্লাহ যাকে ইচ্ছা করেন তাকে অগণিত রিয্‌ক দান করেন।

﴿٣٨﴾ هُنَالِكَ دَعَا زَكَرِيَّا رَبَّهُ ۚ قَالَ رَبِّ هَبْ لِي مِنْ لَدُنْكَ ذُرِّيَّةً طَيِّبَةً ۚ

৩৮। হুনা-লিকা দা'আ- যাকারিইয়্যা- রাব্বাহু, ক্বা-লা রাব্বি হাব্লী মিল্ লাদুন্কা যুর্‌রিইয়্যাতান্ ত্বাইয়্যিবাহ্,
(৩৮) সেখানেই যাকারিয়া (আ) তার প্রতিপালকের নিকট দু'আ করলেন। তিনি (দুয়ায়) বললেন, হে আমার প্রতিপালক! আপনার তরফ থেকে আমাকে একটি

إِنَّكَ سَمِيعُ الدُّعَاءِ ﴿٣٩﴾ فَنَادَتْهُ الْمَلٰئِكَةُ وَهُوَ قَائِمٌ يُصَلِّي فِي الْمِحْرَابِ ۙ

ইন্নাকা সামী'উদ্ দু'আ—ই। ৩৯। ফানা-দাত্হুল মালা—ইকাতু ওয়াহু ওয়া ক্বা—ইমুঁই ইয়ুস্বাল্লী ফিল মিহ্বরা-বি
পবিত্র সন্তান দান করুন। নিশ্চয়ই আপনি দু'আ কবুলকারী। (৩৯) অতঃপর যখন তিনি তাঁর কক্ষে নামাযে রত ছিলেন, ফিরিশতাগণ তাঁকে ডেকে বললেন,

أَنَّ اللّٰهَ يُبَشِّرُكَ بِيَحْيٰى مُصَدِّقًا بِكَلِمَةٍ مِنَ اللّٰهِ وَسَيِّدًا وَحَصُورًا وَنَبِيًّا

আন্নাল্লা-হা ইয়ুবাশ্‌শিরুকা বিইয়াহ্বইয়া- মুস্বাদ্দিক্বাম্ বিকালিমাতিম্ মিনাল্লা-হি ওয়াসাইয়্যিদাওঁ ওয়া হ্বাস্বূরাওঁ ওয়া নাবিইয়্যাম
নিশ্চয়ই আল্লাহ আপনাকে ইয়াহইয়ার সুসংবাদ দিচ্ছেন। তিনি হবেন আল্লাহর কালামের সত্যায়নকারী। তিনি হবেন নেতা এবং স্বীয় প্রবৃত্তির দমনকারী ও

مِنَ الصّٰلِحِينَ ﴿٤٠﴾ قَالَ رَبِّ أَنّٰى يَكُونُ لِي غُلٰمٌ وَقَدْ بَلَغَنِيَ الْكِبَرُ وَ

মিনাস্ব স্বা-লিহ্বীন। ৪০। ক্বা-লা রাব্বি আন্না- ইয়াকূনু লী গুলা-মুওঁ ওয়াক্বাদ্ বালাগানিয়াল্ কিবারু ওয়া
সৎকর্মশীল একজন নবী। (৪০) যাকারিয়া (আ) বললেন, হে আমার প্রতিপালক! কিভাবে হবে আমার পুত্র সন্তান? অথচ আমার বার্ধক্য পৌঁছে গেছে এবং

امْرَأَتِي عَاقِرٌ ۖ قَالَ كَذٰلِكَ اللّٰهُ يَفْعَلُ مَا يَشَاءُ ﴿٤١﴾ قَالَ رَبِّ اجْعَلْ لِي آيَةً ۖ

ম্‌রাআতী 'আ-ক্বির ; ক্বা-লা কাযা-লিকাল্লা-হু ইয়াফ'আলু মা-ইয়াশা—উ। ৪১। ক্বা-লা রাব্বিজ্ব 'আল্লী~আ-ইয়াহ ;
আমার স্ত্রী বন্ধ্যা। আল্লাহ বললেন, এভাবেই আল্লাহ যা চান তা করেন। (৪১) যাকারিয়া বললেন, হে আমার প্রতিপালক! আমার জন্য কিছু নিদর্শন দান করুন।

قَالَ آيَتُكَ أَلَّا تُكَلِّمَ النَّاسَ ثَلٰثَةَ أَيَّامٍ إِلَّا رَمْزًا ۗ وَاذْكُرْ رَبَّكَ كَثِيرًا

ক্বা-লা আ-ইয়াতুকা আল্লা- তুকাল্লিমান্ না-সা ছালা-ছাতা আইয়্যা-মিন ইল্লা- রামযা; ওয়ায্‌কুর রাব্বাকা কাছীরাওঁ
আল্লাহ বললেন, তোমার নিদর্শন হল, তুমি তিনদিন মানুষের সাথে ইশারা-ইঙ্গিত ছাড়া কথা বলতে পারবে না। আর তুমি তোমার প্রতিপালককে অধিক পরিমাণে

وَسَبِّحْ بِالْعَشِيِّ وَالْإِبْكَارِ ﴿٤٢﴾ وَإِذْ قَالَتِ الْمَلٰئِكَةُ يٰمَرْيَمُ إِنَّ اللّٰهَ اصْطَفٰكِ

ওয়া সাব্বিহ্ব বিল 'আশিইয়্যি ওয়াল ইব্কা-র। ৪২। ওয়া ইয্ ক্বা-লাতিল মালা—ইকাতু ইয়া-মারইয়ামু ইন্নাল্লা-হাস্বত্বাফা-কি
স্মরণ করতে থাক এবং সকাল-সন্ধ্যা তার পবিত্রতা ঘোষণা কর। (৪২) স্মরণ কর, যখন ফিরিশতারা বলেছিল, হে মারইয়াম! নিশ্চয়ই আল্লাহ তোমাকে মনোনীত করেছেন

৪ ১২ রুকু

وَطَهَّرَكِ وَاصْطَفٰكِ عَلٰى نِسَاءِ الْعٰلَمِينَ ﴿٤٣﴾ يٰمَرْيَمُ اقْنُتِي لِرَبِّكِ وَاسْجُدِي

ওয়া ত্বাহ্হারাকি ওয়াস্বত্বাফা-কি 'আলা- নিসা—ইল 'আ-লামীন। ৪৩। ইয়া-মারইয়ামুক্বনুত্বী লিরাব্বিকি ওয়াস্‌জুদী
এবং পবিত্র করেছেন এবং সারা বিশ্বের নারীদের মধ্যে তোমাকে নির্বাচিত করেছেন। (৪৩) হে মারইয়াম! আপনার প্রভুর আনুগত্য করুন এবং আমাকে সিজদা

وَارْكَعِي مَعَ الرّٰكِعِينَ ﴿٤٤﴾ ذٰلِكَ مِنْ أَنْبَاءِ الْغَيْبِ نُوحِيهِ إِلَيْكَ ۚ وَمَا كُنْتَ

ওয়ারকা'ঈ মা'আর রা-কি'ঈন। ৪৪। যা-লিকা মিন্ আম্‌বা—ইল গাইবি নূহ্বীহি ইলাইক ; ওয়ামা- কুন্তা
করুন। আর রুকূকারীগণের সাথে রুকূ করুন। (৪৪) এ অদৃশ্য সংবাদ যা আমি আপনার নিকট প্রেরণ করছি এবং আপনি ছিলেন না সে সময় তাদের নিকট,

لَدَيْهِمْ إِذْ يُلْقُونَ أَقْلَامَهُمْ أَيُّهُمْ يَكْفُلُ مَرْيَمَ ۖ وَمَا كُنْتَ لَدَيْهِمْ

লাদাইহিম ইয্ ইয়ুল্‌ক্বূনা আক্বলা-মাহুম আইয়্যুহুম ইয়াক্‌ফুলু মারইয়াম, ওয়ামা- কুন্তা লাদাইহিম
যখন মারইয়ামকে (আ) লালন-পালনের দায়িত্ব কে নিবে এর জন্য কলমগুলো নিক্ষেপ করেছিল। আর যখন তারা ঝগড়া করতেছিল তখনও আপনি তাদের

إِذْ يَخْتَصِمُونَ ﴿٤٥﴾ إِذْ قَالَتِ الْمَلٰئِكَةُ يٰمَرْيَمُ إِنَّ اللّٰهَ يُبَشِّرُكِ بِكَلِمَةٍ مِنْهُ ق

ইয্ ইয়াখ্‌তাস্বিমূন। ৪৫। ইয্ ক্বা-লাতিল মালা—ইকাতু ইয়া-মারইয়ামু ইন্নাল্লা-হা ইয়ুবাশ্‌শিরুকি বিকালিমাতিম্ মিন্হুস্
নিকট ছিলেন না (৪৫) স্মরণ করুন! যখন ফিরিশতাগণ বলল, হে মারইয়াম! নিশ্চয় আল্লাহ আপনাকে তার পক্ষ থেকে একটি "কালেমার" সুসংবাদ দিচ্ছেন

اسْمُهُ الْمَسِيحُ عِيسَى ابْنُ مَرْيَمَ وَجِيهًا فِي الدُّنْيَا وَالْآخِرَةِ وَمِنَ

মুহুল মাসীহু 'ঈসাবনু মারইয়ামা ওয়াজ্বীহান ফিদ্‌দুন্‌ইয়া- ওয়াল্ আ-খিরাতি ওয়া মিনাল
তার নাম হচ্ছে মসীহ ঈসা ইবনে মারইয়াম। তিনি হবেন ইহকাল ও পরকালে অত্যন্ত সম্মানিত এবং নৈকট্য প্রাপ্তগণের

الْمُقَرَّبِينَ ﴿٤٦﴾ وَيُكَلِّمُ النَّاسَ فِي الْمَهْدِ وَكَهْلًا وَمِنَ الصّٰلِحِينَ ۝

মুক্বাররাবীন। ৪৬। ওয়া ইয়ুকাল্লিমুন্ না-সা ফিল মাহ্‌দি ওয়া কাহলাওঁ ওয়া মিনাস্ব স্বা-লিহ্বীন।
অন্তর্ভুক্ত। (৪৬) তিনি মানুষের সাথে কথা বলবেন দোলনায় থাকা অবস্থায় এবং পরিণত বয়সে এবং তিনি হবেন পুণ্যবানগণের একজন।

﴿٤٧﴾ قَالَتْ رَبِّ أَنّٰى يَكُونُ لِي وَلَدٌ وَلَمْ يَمْسَسْنِي بَشَرٌ ۖ قَالَ كَذٰلِكِ اللّٰهُ

৪৭। ক্বা-লাত রাব্বি আন্না- ইয়াকূনু লী ওয়ালাদুওঁ ওয়া লাম ইয়াম্‌সাস্‌নী বাশার ; ক্বা-লা কাযা-লিকিল্লা-হু
(৪৭) মারইয়াম (আ) বলল, হে আমার প্রতিপালক! আমার কিভাবে পুত্র হবে অথচ কোন পুরুষ আমাকে স্পর্শ করেনি? আল্লাহ বললেন, আল্লাহ যা ইচ্ছা করেন

يَخْلُقُ مَا يَشَاءُ ۚ إِذَا قَضٰى أَمْرًا فَإِنَّمَا يَقُولُ لَهُ كُنْ فَيَكُونُ ﴿٤٨﴾ وَيُعَلِّمُهُ

ইয়াখ্‌লুক্বু মা- ইয়াশা—উ ; ইযা- ক্বাদ্বা~আমরান ফাইন্নামা- ইয়াক্বূলু লাহূ কুন ফাইয়াকূন। ৪৮। ওয়া ইয়ু'আল্লিমুহুল
তা এভাবেই সৃষ্টি করেন। যখন তিনি কিছু করার ইচ্ছা করেন তখন শুধু বলেন, হয়ে যাও ফলে তা হয়ে যায়। (৪৮) এবং আল্লাহ তাকে শিক্ষা দিবেন,

الْكِتٰبَ وَالْحِكْمَةَ وَالتَّوْرٰةَ وَالْإِنْجِيلَ ﴿٤٩﴾ وَرَسُولًا إِلٰى بَنِي إِسْرَائِيلَ ۙ

কিতা-বা ওয়াল হ্বিকমাতা ওয়াত্ তাওরা-তা ওয়াল ইনজ্বীল। ৪৯। ওয়া রাসূলান ইলা- বানী ~ইস্‌রা—ঈলা
কিতাব, হিকমত, তাওরাত এবং ইঞ্জিল (৪৯) এবং তাকে বনী ইসরাঈলদের কাছে রাসূল বানিয়ে পাঠাবেন। তিনি বলবেন, আমি তোমাদের কাছে তোমাদের

أَنِّي قَدْ جِئْتُكُم بِآيَةٍ مِّن رَّبِّكُمْ أَنِّي أَخْلُقُ لَكُم مِّنَ الطِّينِ كَهَيْئَةِ الطَّيْرِ

আন্নী ক্বাদ জ্বি'তুকুম বিআ-ইয়াতিম মির রাব্বিকুম আন্নী~আখ্লুক্ব লাকুম মিনাত্ব ত্বীনি কাহাইআতিত্ব ত্বাইরি

প্রতিপালকের পক্ষ থেকে (আমার নবুওয়াতের) নিদর্শন নিয়ে এসেছি। সেগুলো হল, আমি তোমাদের জন্য কাদা মাটি দিয়ে একটি পাখীর আকৃতি বানিয়ে দিব,

فَأَنفُخُ فِيهِ فَيَكُونُ طَيْرًا بِإِذْنِ اللَّهِ ۖ وَأُبْرِئُ الْأَكْمَهَ وَالْأَبْرَصَ وَأُحْيِي

ফাআন্ফুখু ফীহি ফাইয়াকূনু ত্বাইরাম্ বিইয্নিল্লা-হ, ওয়া উব্রিউল আক্মাহা ওয়াল্ আব্রাস্বা ওয়া উহ্য়িল

অতঃপর তাতে ফুঁক দিব, ফলে আল্লাহর হুকুমে সেটি পাখী হয়ে যাবে। আমি জন্মান্ধ ও কুষ্ঠ রোগীকে নিরাময় করব এবং মৃতকে জীবিত

الْمَوْتَىٰ بِإِذْنِ اللَّهِ ۖ وَأُنَبِّئُكُم بِمَا تَأْكُلُونَ وَمَا تَدَّخِرُونَ فِي بُيُوتِكُمْ ۚ

মাওতা- বিইয্নিল্লা-হ, ওয়া উনাব্বিউকুম বিমা- তা'কুলূনা ওয়া মা-তাদ্দাখিরূনা ফী বুয়ূতিকুম;

করব আল্লাহর হুকুমে। আর তোমরা নিজগৃহে যা খাও এবং মওজুদ রাখ তা তোমাদেরকে বলে দিব। নিশ্চয়ই এগুলোর মধ্যে নিদর্শন

إِنَّ فِي ذَٰلِكَ لَآيَةً لَّكُمْ إِن كُنتُم مُّؤْمِنِينَ ﴿٤٩﴾ وَمُصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَيَّ

ইন্না ফী যা-লিকা লাআ-ইয়াতাল লাকুম ইন্ কুন্তুম মু'মিনীন। ৫০। ওয়া মুস্বাদ্দিক্বাল লিমা- বাইনা ইয়াদাইয়্যা

রয়েছে তোমাদের জন্য; যদি তোমরা মুমিন হও। (৫০) আর আমি এজন্য এসেছি যে, আমি সত্যায়ন করব আমার পূর্ববর্তী কিতাব তাওরাতকে এবং

مِنَ التَّوْرَاةِ وَلِأُحِلَّ لَكُم بَعْضَ الَّذِي حُرِّمَ عَلَيْكُمْ ۚ وَجِئْتُكُم بِآيَةٍ

মিনাত্ তাওরা-তি ওয়া লিউহিল্লা লাকুম বা'দ্বাল্ লাযী হুর্রিমা 'আলাইকুম ওয়া জ্বি'তুকুম্ বিআ-ইয়াতিম

কতগুলো বস্তু হালাল করে দেব যা তোমাদের উপর হারাম ছিল। আর আমি তোমাদের প্রতিপালকের পক্ষ থেকে নিদর্শন নিয়ে এসেছি। সুতরাং

مِّن رَّبِّكُمْ فَاتَّقُوا اللَّهَ وَأَطِيعُونِ ﴿٥٠﴾ إِنَّ اللَّهَ رَبِّي وَرَبُّكُمْ فَاعْبُدُوهُ ۗ

মির্ রাব্বিকুম ; ফাত্তাকুল্লা-হা ওয়া আত্বী'উন। ৫১। ইন্নাল্লা-হা রাব্বী ওয়া রাব্বুকুম ফা'বুদূহ ;

তোমরা আল্লাহকে ভয় কর এবং আমার অনুসরণ কর। (৫১) নিশ্চয়ই আল্লাহ আমার এবং তোমাদের প্রতিপালক। অতএব তোমরা তাঁরই ইবাদত কর।

هَٰذَا صِرَاطٌ مُّسْتَقِيمٌ ﴿٥١﴾ فَلَمَّا أَحَسَّ عِيسَىٰ مِنْهُمُ الْكُفْرَ قَالَ مَنْ أَنصَارِي

হা-যা- স্বিরা-তুম্ মুস্তাক্বীম। ৫২। ফালাম্মা~আহাস্সা 'ঈসা- মিনহুমুল কুফ্রা ক্বা-লা মান্ আন্স্বা-রী~

এটাই হচ্ছে সহজ সরল পথ। (৫৮) অতঃপর যখন ঈসা (আ) তাদের থেকে কুফরী উপলব্ধি করলেন, তখন বললেন, আল্লাহর পথে আমার সাহায্যকারী

إِلَى اللَّهِ ۖ قَالَ الْحَوَارِيُّونَ نَحْنُ أَنصَارُ اللَّهِ آمَنَّا بِاللَّهِ وَاشْهَدْ بِأَنَّا

ইলাল্লা-হ ; ক্বা-লাল হাওয়া-রিইয়্যূনা নাহ্নু আন্স্বা-রুল্লা-হ, আ-মান্না বিল্লা-হ, ওয়াশ্হাদ বিআন্না-

কে আছ? তখন হাওয়ারীগণ বলল, আমরাই আল্লাহর পথের সাহায্যকারী। আমরা আল্লাহর উপর ঈমান এনেছি। এবং আপনি সাক্ষী থাকুন যে, আমরা

مُسْلِمُونَ ﴿٥٢﴾ رَبَّنَا آمَنَّا بِمَا أَنزَلْتَ وَاتَّبَعْنَا الرَّسُولَ فَاكْتُبْنَا مَعَ

মুসলিমূন। ৫৩। রাব্বানা~আ-মান্না- বিমা~আন্যালতা ওয়াত্তাবা'নার রাসূলা ফাক্তুবনা- মা'আশ্

মুসলমান। (৫৩) হে আমাদের প্রতিপালক! আমরা ঈমান এনেছি আপনি যা অবতীর্ণ করেছেন তাতে, আর আমরা আপনার রাসূলের অনুসরণ করেছি। সুতরাং আপনি আমাদেরকে

الشَّاهِدِينَ ﴿٥٣﴾ وَمَكَرُوا وَمَكَرَ اللَّهُ ۖ وَاللَّهُ خَيْرُ الْمَاكِرِينَ ﴿٥٤﴾ إِذْ قَالَ اللَّهُ

শা-হিদীন। ৫৪। ওয়া মাকারূ ওয়া মাকারাল্লা-হ, ওয়াল্লা-হ খাইরুল মা-কিরীন। ৫৫। ইয্ ক্বা-লাল্লা-হু

লিখে রাখুন সাক্ষ্যদাতাদের সাথে। (৫৪) আর তারা চক্রান্ত করল, আল্লাহও কৌশল অবলম্বন করলেন। আর আল্লাহ সর্বশ্রেষ্ঠ কৌশলী। (৫৫) যখন আল্লাহ

يَا عِيسَىٰ إِنِّي مُتَوَفِّيكَ وَرَافِعُكَ إِلَيَّ وَمُطَهِّرُكَ مِنَ الَّذِينَ كَفَرُوا وَجَاعِلُ

ইয়া-'ঈসা~ইন্নী মুতাওয়াফ্ফীকা ওয়ারা-ফি'উকা ইলাইয়্যা- ওয়া মুত্বাহ্হিরুকা মিনাল্ লাযীনা কাফারূ ওয়া জ্বা-'ইলুল

বললেন, হে ঈসা! নিশ্চয়ই আমি তোমার সময়কাল পূর্ণ করব এবং (বর্তমানে) আমার কাছে উঠিয়ে নিব এবং তোমাকে কাফিরদের থেকে পবিত্র করব; এবং

الَّذِينَ اتَّبَعُوكَ فَوْقَ الَّذِينَ كَفَرُوا إِلَىٰ يَوْمِ الْقِيَامَةِ ۖ ثُمَّ إِلَيَّ مَرْجِعُكُمْ

লাযীনাত তাবা'উকা ফাওক্বাল্লাযীনা কাফারূ~ইলা- ইয়াওমিল ক্বিয়া-মাহ, ছুম্মা ইলাইয়্যা মারজ্বি'উকুম

তোমার অনুসরণকারীদেরকে কিয়ামত পর্যন্ত কাফিরদের উপর বিজয়ী করব। অতঃপর আমার দিকেই সকলের প্রত্যাবর্তন হবে। সুতরাং তোমরা যে সব

فَأَحْكُمُ بَيْنَكُمْ فِيمَا كُنتُمْ فِيهِ تَخْتَلِفُونَ ﴿٥٥﴾ فَأَمَّا الَّذِينَ كَفَرُوا فَأُعَذِّبُهُمْ

ফাআহ্কুমু বাইনাকুম্ ফীমা- কুন্তুম ফীহি তাখ্তালিফূন। ৫৬। ফাআম্মাল্ লাযীনা কাফারূ ফাউ'আয্যিবুহুম

বিষয়ে মতভেদ করছিলে আমি তোমাদের মাঝে মীমাংসা করে দিব। (৫৬) সুতরাং যারা কাফির তাদেরকে আমি

عَذَابًا شَدِيدًا فِي الدُّنْيَا وَالْآخِرَةِ وَمَا لَهُم مِّن نَّاصِرِينَ ﴿٥٦﴾ وَأَمَّا الَّذِينَ

'আযা-বান শাদীদান ফিদ্ দুনইয়া- ওয়াল আ-খিরাহ, ওয়া মা- লাহুম মিন্ না-স্বিরীন। ৫৭। ওয়া আম্মাল্লাযীনা

ইহকালে ও পরকালে কঠিন শাস্তি দিব। আর তাদের জন্য কোন সাহায্যকারী হবে না। (৫৭) আর যারা ঈমান এনেছে

آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ فَيُوَفِّيهِمْ أُجُورَهُمْ ۗ وَاللَّهُ لَا يُحِبُّ الظَّالِمِينَ ﴿٥٧﴾

আ-মানূ ওয়া 'আমিলুস্ব স্বা-লিহা-তি ফাইয়ুওয়াফ্ফীহিম উজূরাহুম; ওয়াল্লা-হু লা- ইয়ুহিব্বুয যা-লিমীন।

এবং সৎকর্ম করেছে আল্লাহ তাদেরকে পূর্ণ প্রতিফল (সওয়াব) দান করবেন। আর আল্লাহ জালিমদেরকে ভালবাসেন না।

ذَٰلِكَ نَتْلُوهُ عَلَيْكَ مِنَ الْآيَاتِ وَالذِّكْرِ الْحَكِيمِ ﴿٥٨﴾ إِنَّ مَثَلَ عِيسَىٰ

৫৮। যা-লিকা নাতলূহু 'আলাইকা মিনাল্ আ-ইয়া-তি ওয়ায্ যিক্রিল হাকীম। ৫৯। ইন্না মাছালা 'ঈসা-

(৫৮) উহা আমি আপনাকে পাঠ করে শোনাচ্ছি যা (নবুওয়াতের) নিদর্শন এবং কৌশলপূর্ণ উপদেশের অন্তর্ভুক্ত। (৫৯) নিশ্চয়ই ঈসার (আ) দৃষ্টান্ত আল্লাহর নিকট

عِندَ اللَّهِ كَمَثَلِ آدَمَ ۖ خَلَقَهُ مِن تُرَابٍ ثُمَّ قَالَ لَهُ كُن فَيَكُونُ ﴿٥٩﴾ الْحَقُّ

'ইন্দাল্লা-হি কামাছালি আ-দাম ; খালাক্বাহূ মিন তুরা-বিন ছুম্মা ক্বা-লা লাহূ কুন ফাইয়াকূন। ৬০। আল্হাক্কু

আদমের (আ) মতই। তিনি তাঁকে মাটি হতে সৃষ্টি করেছেন। অতঃপর তাঁকে নির্দেশ দিলেন (সজীব) হয়ে যাও, ফলে সে (সজীব) হয়ে গেল। (৬০) এ বাস্তব কথা, আপনার

✪ টীকা (আঃ ৫৪) ঃ ইহুদীরা হযরত ঈসা (আ)-কে গ্রেফতার করে একটি গৃহে আবদ্ধ করে রাখল। পরদিন ভোরে তাঁকে ঘর হতে বের করে আনার জন্য এক ব্যক্তিকে পাঠান হল। অবশ্য পূর্ব-রাত্রিতেই আল্লাহ ঈসা (আ)-কে আসমানে উঠিয়ে নিয়েছিলেন। সুতরাং প্রেরিত লোকটি ঈসা (আ)-কে না পেয়ে সংবাদ দিতে আসল 'ঈসা নেই'। কিন্তু আল্লাহ তা'আলা তার আকৃতি অবিকল ঈসা (আ)-এর আকৃতি করে দিলেন; সে বের হয়ে আসতেই সকলে তাকে ধরল। অবশেষে তাকে শূলে চড়িয়ে ও পাথর মেরে হত্যা করে ফেলল। এ হল তাদের ষড়যন্ত্রের শাস্তি। (মুঃ কোঃ)

مِنْ رَّبِّكَ فَلَا تَكُنْ مِّنَ الْمُمْتَرِيْنَ ﴿٦١﴾ فَمَنْ حَاجَّكَ فِيْهِ مِنْ بَعْدِ مَا جَاءَكَ

মির্ রাব্বিকা ফালা-তাকুম্ মিনাল্ মুম্তারীন। ৬১। ফামান হ্বা—জ্জাকা ফীহি মিম্ বা'দি মা- জ্বা—আকা

প্রতিপালকের পক্ষ হতে (বর্ণিত)। অতএব আপনি সংশয়বাদীদের অন্তর্ভুক্ত হবেন না। (৬১) অতএব যে ব্যক্তি এ সম্পর্কে আপনার সাথে বিতর্ক করে আপনার নিকট (সুস্পষ্ট)

مِنَ الْعِلْمِ فَقُلْ تَعَالَوْا نَدْعُ اَبْنَاءَنَا وَاَبْنَاءَكُمْ وَنِسَاءَنَا وَنِسَاءَكُمْ وَاَنْفُسَنَا

মিনাল 'ইলমি ফাকুল তা'আ-লাও নাদ'উ আবনা—আনা- ওয়া আবনা—আকুম ওয়া নিসা—আনা- ওয়া নিসা—আকুম ওয়া আনফুসানা-

জ্ঞান আসার পরও। আপনি তাকে বলে দিন, এসো, আমরা ডেকে লই আমাদের সন্তানগণকে ও তোমাদের সন্তানগণকে এবং আমাদের নারীগণকে ও তোমাদের নারীগণকে

وَاَنْفُسَكُمْ قف ثُمَّ نَبْتَهِلْ فَنَجْعَلْ لَّعْنَتَ اللّٰهِ عَلَى الْكٰذِبِيْنَ ﴿٦٢﴾ اِنَّ هٰذَا لَهُوَ

ওয়া আন্ফুসাকুম ; ছুম্মা নাব্তাহিল ফানাজ্ব'আল লা'নাতাল্লা-হি 'আলাল কা-যিবীন। ৬২। ইন্না হা-যা- লাহুওয়াল

এবং আমাদের নিজদেরকে ও তোমাদের নিজদেরকে। অতঃপর আমরা (সবে মিলে) বিনীতভাবে দোয়া করি যে, মিথ্যাবাদীদের উপর আল্লাহর লা'নত হোক। (৬২) নিশ্চয়ই

الْقَصَصُ الْحَقُّ ج وَمَا مِنْ اِلٰهٍ اِلَّا اللّٰهُ ط وَاِنَّ اللّٰهَ لَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ○

ক্বাস্বাস্বুল হ্বাক্বকু, ওয়া মা- মিন্ ইলা-হিন ইল্লাল্লা-হ ; ওয়া ইন্নাল্লা-হা লাহুওয়াল 'আযীযুল হ্বাকীম।

উল্লেখিত ঘটনাগুলো পরম সত্য। আল্লাহ ছাড়া কোন মা'বুদ নেই। নিশ্চয়ই আল্লাহ প্রবল পরাক্রান্ত, প্রজ্ঞাময়।

فَاِنْ تَوَلَّوْا فَاِنَّ اللّٰهَ عَلِيْمٌ بِالْمُفْسِدِيْنَ ﴿٦٣﴾ قُلْ يٰاَهْلَ الْكِتٰبِ تَعَالَوْا

ع ৬ ৯ ১৪ রুকূ

৬৩। ফাইন্ তাওয়াল্লাও ফাইন্নাল্লা- হা 'আলীমুম্ বিল মুফ্সিদীন। ৬৪। কুল ইয়া~আহ্লাল কিতা-বি তা'আ-লাও

(৬৩) এরপরও যদি তারা প্রত্যাখ্যান করে, তবে (জেনে রাখ) আল্লাহ্ বিশৃংখলা সৃষ্টিকারীদেরকে ভালভাবেই জানেন। (৬৪) আপনি বলুন, হে কিতাবীগণ! তোমরা এমন

اِلٰى كَلِمَةٍ سَوَاءٍۭ بَيْنَنَا وَبَيْنَكُمْ اَلَّا نَعْبُدَ اِلَّا اللّٰهَ وَلَا نُشْرِكَ بِهٖ شَيْئًا

ইলা- কালিমাতিন সাওয়া—ইম্ বাইনানা- ওয়া বাইনাকুম আল্লা- না'বুদা ইল্লাল্লা-হা ওয়া লা- নুশ্রিকা বিহী শাইআওঁ

একটি বিষয়ের দিকে এসো, যা আমাদের ও তোমাদের মধ্যে অভিন্ন। তাহল, আমরা আল্লাহ ছাড়া আর কারো ইবাদাত করব না এবং তাঁর সাথে কাউকে শরীক

وَّلَا يَتَّخِذَ بَعْضُنَا بَعْضًا اَرْبَابًا مِّنْ دُوْنِ اللّٰهِ ط فَاِنْ تَوَلَّوْا فَقُوْلُوا اشْهَدُوْا

ওয়া লা- ইয়াত্তাখিযা বা'দ্বুনা- বা'দ্বান আরবা-বাম মিন্ দূনিল্লা-হ ; ফাইন তাওয়াল্লাও ফাকূলুশহাদূ

করব না এবং আমাদের কেউ আল্লাহ ব্যতীত অন্য কাউকে প্রতিপালক সাব্যস্ত করবে না। যদি তারা ফিরে যায় তবে বলে দাও, তোমরা

بِاَنَّا مُسْلِمُوْنَ ﴿٦٤﴾ يٰاَهْلَ الْكِتٰبِ لِمَ تُحَاجُّوْنَ فِيْ اِبْرٰهِيْمَ وَمَا اُنْزِلَتِ

বিআন্না- মুসলিমূন। ৬৫। ইয়া~আহ্লাল কিতা-বি লিমা তুহ্বা—জ্জূনা ফী~ইব্রা-হীমা ওয়া মা~উন্যিলাতিত

সাক্ষী থাক যে, আমরা মুসলমান। (৬৫) হে কিতাবীগণ! তোমরা কেন ইব্রাহীম (আ) সম্পর্কে বাদানুবাদ করছ? অথচ

○ শানে নুযুল (আঃ ৬১) ঃ হুযূর (সা) নাজরানের খ্রিস্টানদেরকে ইসলামের দাওয়াত দিয়ে বলে পাঠালেন যে, হয় ইসলাম গ্রহণ কর, নতুবা জিযিয়া কর দাও, অন্যথায় যুদ্ধ কর। কিন্তু তারা ধর্ম সম্বন্ধে বিতর্ক করার জন্য শুরাহবীলের নেতৃত্বে তিন জন আলেমকে পাঠাল। হযরত ঈসা (আ) সম্বন্ধেও আলোচনা হল। তারা রাসূল (সা)-এর কোন দলীল প্রমাণই মানল না। এ সম্বন্ধে আল্লাহ এ আয়াতটি নাযিল করলেন। রাসূল (সা) তাদেরকে বললেন, তোমরা যখন আমার কোন কথাই বিশ্বাস করলে না, অতএব, চল আয়াতের মর্মানুসারে আমরা উভয় পক্ষ সপরিবারে মিথ্যাবাদীর উপর আল্লাহর অভিসম্পাতের প্রার্থনা করি। রাসূল (সা) কন্যা, জামাতা ও দৌহিত্রদ্বয়কে সঙ্গে নিয়ে মোবাহালার জন্য প্রস্তুত হলেন। শুরাহবীল এটা দেখে সঙ্গীদেরকে বলল, তোমরা জান ইনি সত্য নবী। নবীর সঙ্গে মোবাহালা করলে আমাদের ধ্বংস অনিবার্য। অতএব, আমরা তাঁর সঙ্গে আপোষ করি। পরিশেষে জিযিয়া প্রদানে সম্মত হয়ে তারা সন্ধি করল। (মুঃ কোঃ)

التَّوْرٰىةُ وَالْاِنْجِيْلُ اِلَّا مِنْ بَعْدِهٖ ط اَفَلَا تَعْقِلُوْنَ ﴿٦٥﴾ هٰاَنْتُمْ هٰؤُلَاءِ

তাওরা-তু ওয়াল ইনজীলু ইল্লা- মিম বা'দিহ ; আফালা- তা'ক্বিলূন। ৬৬। হা~আন্তুম হা~উলা—ই

তাওরাত ও ইঞ্জিল তো তার পরেই নাযিল হয়েছে। তোমরা কি বুঝ না? (৬৬) শোন! তোমরা পূর্বে তর্ক করেছ সে বিষয়ে,

حَاجَجْتُمْ فِيْمَا لَكُمْ بِهٖ عِلْمٌ فَلِمَ تُحَاجُّوْنَ فِيْمَا لَيْسَ لَكُمْ بِهٖ عِلْمٌ ط

হ্বা-জ্বাজ্বতুম ফীমা- লাকুম্ বিহী 'ইলমুন ফালিমা তুহ্বা—জ্বূনা ফীমা- লাইসা লাকুম্ বিহী 'ইলম ;

যে ব্যাপারে তোমাদের সামান্য জ্ঞান ছিল, এখন যে বিষয় তোমাদের আদৌ জ্ঞান নেই সে বিষয় তোমরা কেন তর্ক করতেছ।

إِنَّ الَّذِينَ كَفَرُوا وَظَلَمُوا لَمْ يَكُنِ اللَّهُ لِيَغْفِرَ لَهُمْ وَلَا لِيَهْدِيَهُمْ طَرِيقًا

১৬৮। ইন্নাল্ লাযীনা কাফারূ ওয়া যালামূ লাম ইয়াকুনিল্লা-হু লিইয়াগফিরা লাহুম ওয়ালা- লিইয়াহ্ দিইয়াহুম ত্বারীক্বা-।
(১৬৮) নিশ্চয় যারা কুফরী করেছে এবং জুলুম করেছে, আল্লাহ তাদেরকে কখনও ক্ষমা করবেন না এবং তাদেরকে কোন পথ প্রদর্শন করবেন না।

إِلَّا طَرِيقَ جَهَنَّمَ خَالِدِينَ فِيهَا أَبَدًا ۚ وَكَانَ ذَٰلِكَ عَلَى اللَّهِ يَسِيرًا ۝ يَا أَيُّهَا

১৬৯। ইল্লা- ত্বারীক্বা জ্বাহান্নামা খা-লিদীনা ফীহা~আবাদা- ; ওয়া কা-না যা-লিকা 'আলাল্লা-হি ইয়াসীরা-। ১৭০। ইয়া~আইয়্যুহান
(১৬৯) জাহান্নামের পথ ছাড়া। তারা সেখানে অনন্তকাল থাকবে। আর এটা আল্লাহর জন্য খুবই সহজ। (১৭০) হে মানব জাতি! তোমাদের কাছে তোমাদের

النَّاسُ قَدْ جَاءَكُمُ الرَّسُولُ بِالْحَقِّ مِن رَّبِّكُمْ فَآمِنُوا خَيْرًا لَّكُمْ ۚ وَإِن

না-সু ক্বাদ্ জ্বা—আকুমুর্ রাসূলু বিল্ হাক্ব্কি মির্ রাব্বিকুম ফাআ-মিনূ খাইরাল্‌লাকুম ; ওয়া ইন্
প্রতিপালকের পক্ষ থেকে সত্য (পয়গাম) সহ রাসূল এসেছেন। সুতরাং তোমরা ঈমান আন। তোমাদের কল্যাণ কর হবে; আর যদি

تَكْفُرُوا فَإِنَّ لِلَّهِ مَا فِي السَّمَاوَاتِ وَالْأَرْضِ ۚ وَكَانَ اللَّهُ عَلِيمًا حَكِيمًا ۝ يَا أَهْلَ

তাক্‌ফুরূ ফাইন্না লিল্লা-হি মা-ফিস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্ব ; ওয়া কা-নাল্লা-হু 'আলীমান হাকীমা-। ১৭১। ইয়া~আহ্‌লাল
তোমরা অমান্য কর (তবে জেনে রেখ) আসমান ও যমীনে যা কিছু আছে, সবই আল্লাহর (মালিকত্বে) আর আল্লাহ মহাজ্ঞানী, প্রজ্ঞাময়। (১৭১) হে আহলে

الْكِتَابِ لَا تَغْلُوا فِي دِينِكُمْ وَلَا تَقُولُوا عَلَى اللَّهِ إِلَّا الْحَقَّ ۚ إِنَّمَا الْمَسِيحُ

কিতা-বি লা- তাগ্‌লূ ফী দীনিকুম ওয়ালা- তাক্বূলূ 'আলাল্লা-হি ইল্লাল হাক্ব্ক্ব ; ইন্নামাল মাসীহু
কিতাব! তোমরা দ্বীনের ব্যাপারে বাড়াবাড়ি কর না এবং সত্য ছাড়া আল্লাহ সম্পর্কে কোন ভ্রান্ত কথা বল না। মসীহ ঈসা

عِيسَى ابْنُ مَرْيَمَ رَسُولُ اللَّهِ وَكَلِمَتُهُ أَلْقَاهَا إِلَىٰ مَرْيَمَ وَرُوحٌ مِّنْهُ ۖ

'ঈসাবনু মারইয়ামা রাসূলুল্লা-হি ওয়া কালিমাতুহ, আলক্বা-হা~ইলা- মারইয়ামা ওয়া রূহুম্ মিন্‌হ,
ইবনে মারইয়াম, নিশ্চয় আল্লাহর রাসূল এবং তাঁর বাণী, যা তিনি মারইয়ামের কাছে প্রেরণ করেছিলেন, এবং তাঁরই তরফ থেকেই একটি রূহ (আত্মা)। সুতরাং তোমরা

فَآمِنُوا بِاللَّهِ وَرُسُلِهِ ۖ وَلَا تَقُولُوا ثَلَاثَةٌ ۚ انتَهُوا خَيْرًا لَّكُمْ ۚ إِنَّمَا اللَّهُ إِلَٰهٌ

ফাআ-মিনূ বিল্লা-হি ওয়া রুসুলিহ, ওয়ালা- তাক্বূলূ ছালা-ছাহ ; ইন্‌তাহূ খাইরাল্ লাকুম ; ইন্নামাল্লা-হু ইলা-হুঁও
ঈমান আন আল্লাহ ও তাঁর রাসূলগণের প্রতি এবং একথা বল না যে, (আল্লাহ) তিনের এক। (এর থেকে) বিরত হও, এটা তোমাদের জন্য কল্যাণকর হবে, প্রকৃত পক্ষে

وَاحِدٌ ۖ سُبْحَانَهُ أَن يَكُونَ لَهُ وَلَدٌ ۘ لَّهُ مَا فِي السَّمَاوَاتِ وَمَا فِي الْأَرْضِ ۗ

ওয়া-হিদ ; সুব্‌হা-নাহূ~আইঁ ইয়াকূনা লাহূ ওয়ালাদ। লাহূ মা-ফিস্ সামা-ওয়া-তি ওয়া মা- ফিল আরদ্ব ;
আল্লাহই তো একমাত্র মা'বুদ। তিনি সন্তান হওয়া থেকে পূতঃ পবিত্র। আসমান ও যমীনে যা কিছু আছে সবই আল্লাহর।

وَكَفَىٰ بِاللَّهِ وَكِيلًا ۝ لَّن يَسْتَنكِفَ الْمَسِيحُ أَن يَكُونَ عَبْدًا لِّلَّهِ وَلَا الْمَلَائِكَةُ

ওয়া কাফা- বিল্লা-হি ওয়াকীলা-। ১৭২। লাইঁ ইয়াস্ তান্‌কিফাল মাসীহু আইঁ ইয়াকূনা 'আব্‌দাল লিল্লা-হি ওয়ালাল মালা—ইকাতুল
আল্লাহই ব্যবস্থাপক হিসেবে যথেষ্ট। (১৭২) কখনও সঙ্কোচবোধ করেন না মসীহ, আল্লাহর বান্দা হওয়াকে এবং তাঁর ঘনিষ্ঠ ফিরিশতাগণও না।

✪ টীকা (আঃ ১৭১) ঃ অর্থাৎ, এমন বলো না যে, তিনি সন্তানের পিতা, নাউযুবিল্লাহ! যেমন নাছারাদের কেউ কেউ বলে, আল্লাহ্ তিন খোদার মধ্যে এক খোদা। অপর দুই খোদা ঈসা ও জিবরায়ীল। কেউ কেউ জিবরায়ীলের স্থলে হযরত মারইয়ামকে এক খোদা বলত। কেউ কেউ বলত, মারইয়াম-এর পুত্র ঈসা-ই স্বয়ং আল্লাহ। মোটকথা, এ সমস্ত আক্বীদাই বাতিল। (বঃ কোঃ) ✪ টীকা (আঃ ১৭১) ঃ كلمته ঃ হযরত ঈসা (আ) আল্লাহর কালিমা। অর্থাৎ আদেশ মূলক বাণী "হও" দ্বারা সৃষ্টি হয়েছেন। তাই তিনি "কালিমাতুল্লাহ" নামে আখ্যায়িত হয়েছেন।
✪ টীকা (আঃ ১৭১) ঃ روح منه ঃ তিনি আল্লাহ তায়ালার সৃষ্ট রূহ বলেই রূহুল্লাহ নামে আখ্যায়িত হয়েছেন। (তাঃ ইবনে কাছীর)

المقربون ۚ ومن يستنكف عن عبادته ويستكبر فسيحشرهم اليه جميعا

মুক্বাররাবূন ; ওয়া মাই ইয়াস্তান্‌কিফ্ 'আন্ 'ইবা-দাতিহী ওয়া ইয়াস্তাক্‌বির ফাসাইয়াহ্‌শুরুহুম ইলাইহি জ্বামী'আ।
আর যে তার বান্দাহ হওয়াতে সঙ্কোচ করবে এবং অহংকার করবে, তিনি তাদের সকলকে তাঁর নিকট সমবেত করবেন।

١٧٣ فاما الذين امنوا وعملوا الصلحت فيوفيهم اجورهم ويزيدهم

১৭৩। ফাআম্মাল্ লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুস্ স্বা-লিহা-তি ফাইউওয়াফ্‌ফীহিম উজূরাহুম ওয়া ইয়াযীদুহুম্
(১৭৩) অনন্তর যারা ঈমান এনেছে এবং নেক আমল করেছে, তিনি তাদেরকে পুরোপুরি প্রতিদান দিবেন। আর তাদেরকে

من فضله ۚ واما الذين استنكفوا واستكبروا فيعذبهم عذابا

মিন্ ফাদ্বলিহ, ওয়া আম্মাল্ লাযীনাস্ তান্‌কাফূ ওয়াস্ তাক্‌বারূ ফাইউ'আয্‌যিবুহুম 'আযা-বান
নিজ অনুগ্রহ থেকে আরো বাড়িয়ে দিবেন। আর যারা সঙ্কোচবোধ করে ও অহংকার করে থাকে, তাদেরকে তিনি কষ্টদায়ক

اليما ۙ ولا يجدون لهم من دون الله وليا ولا نصيرا ١٧٤ يايها

আলীমাওঁ ওয়ালা- ইয়াজ্বিদূনা লাহুম্ মিন্ দূনিল্লা-হি ওয়ালিইয়্যাওঁ ওয়ালা- নাস্বীরা-। ১৭৪। ইয়া~আইয়্যুহান্
শাস্তি দিবেন এবং আল্লাহ ছাড়া তাদের জন্য কোন বন্ধু ও সাহায্যকারী পাবে না। (১৭৪) হে মানব জাতি! নিশ্চয়

الناس قد جاءكم برهان من ربكم وانزلنا اليكم نورا مبينا

না-সু ক্বাদ জ্বা—আকুম বুরহা-নুম মির রাব্বিকুম ওয়া আনযাল্‌না~ইলাইকুম নূরাম্ মুবীনা-।
তোমাদের কাছে তোমাদের প্রতিপালকের তরফ থেকে দলীল এসেছে এবং আমি তোমাদের প্রতি সুস্পষ্ট নূর অবতীর্ণ করেছি।

١٧٥ فاما الذين امنوا بالله واعتصموا به فسيدخلهم في رحمة منه

১৭৫। ফাআম্মাল্ লাযীনা আ-মানূ বিল্লা-হি ওয়া'তাস্বামূ বিহী ফাসাইয়ুদ্‌খিলুহুম ফী রাহ্‌মাতিম্ মিন্‌হু
(১৭৫) সুতরাং যারা আল্লাহর প্রতি ঈমান এনেছে ও তাঁকে দৃঢ়ভাবে ধারণ করেছে, তাদেরকে তিনি শীঘ্রই তাঁর রহমত ও করুণার মধ্যে

وفضل ويهديهم اليه صراطا مستقيما ١٧٦ يستفتونك ۗ قل الله

ওয়া ফাদ্বলিওঁ ওয়া ইয়াহ্‌দীহিম ইলাইহি স্বিরা-ত্বাম মুস্তাক্বীমা-। ১৭৬। ইয়াস্তাফ্‌তূনাক ; কুলিল্লা-হু
প্রবেশ করাবেন এবং তাদেরকে সরল পথ দেখাবেন। (১৭৬) তারা আপনার কাছে (ফরায়েযের) বিধান জানতে চায়। বলুন, আল্লাহ

يفتيكم في الكللة ۚ ان امرؤا هلك ليس له ولد وله اخت فلها

ইউফ্‌তীকুম ফিল্ কালা-লাহ ; ইনিম্‌রুউন্ হালাকা লাইসা লাহূ ওয়ালাদুওঁ ওয়া লাহূ~উখ্‌তুন ফালাহা-
তোমাদেরকে "কালালার" ব্যাপারে বিধান দিচ্ছেন- যদি কোন লোক মারা যায় এবং তার কোন সন্তান না থাকে এবং তার একটি বোন থাকে, তবে সে তার

✪ শানে নুযূল (আঃ ১৭৬) ঃ يستفتونك ঃ হযরত জাবির (রা) বলেন, একদা নবী করীম (সা) আমার নিকট আগমন করলেন। আমি তখন রোগে বেহুঁশ ছিলাম। তিনি ওযু করে আমার গায়ে পানি ছিটিয়ে দিলেন, অপরকেও ছিটিয়ে দিতে বললেন। এতে আমার হুঁশ ফিরে আসল। আমি আরয করলাম, আমি নিঃসন্তান ও মাতৃ-পিতৃহীন অবস্থায় দুনিয়া ত্যাগ করছি। আমার সম্পত্তি কোন নিয়মে বন্টন হবে? এ প্রেক্ষিতে ফরায়েযের এ আয়াত অবতীর্ণ হয়। ✪ টীকা (আঃ ১৭৬) ঃ الكلالة ঃ "কালালাহ" كلالة (কালালাহ) শব্দের অর্থ সম্পর্কে অধিকাংশ ফকীহ বলেছেন, নিঃসন্তান ও মাতৃ-পিতৃহীন ব্যক্তি। কেউ কেউ বলেন- এর অর্থ নিঃসন্তান ব্যক্তি। (তাঃ ইবনে কাছীর)

نصف ما ترك ۚ وهو يرثها ان لم يكن لها ولد ۚ فان كانتا اثنتين

নিস্‌ফু মা- তারাক, ওয়া হুওয়া ইয়ারিছুহা~ইল্ লাম ইয়াকুল্লাহা- ওয়ালাদ ; ফাইন্ কা-নাতাছ্ নাতাইনি
পরিত্যক্ত সম্পত্তির অর্ধেক পাবে এবং যদি সে বোনের কোন সন্তান না থাকে তবে তার ভাই তার উত্তরাধিকারী হবে। আর দু' বোন

فلهما الثلثن مما ترك ۚ وان كانوا اخوة رجالا ونساء فللذكر مثل

ফালাহুমাছ্ ছুলুছা-নি মিম্মা- তারাক ; ওয়া ইন্ কা-নূ~ইখ্‌ওয়াতার্ রিজ্বা-লাওঁ ওয়া নিসা—আন্ ফালিয্ যাকারি মিছ্লু
থাকলে তাদের দু'জনার জন্য তার রেখে যাওয়া সম্পত্তির তিনভাগের দু' ভাগ। আর যদি তারা বহু ভাই বোন পুরুষ নারী থাকে, তবে এক পুরুষ দু' নারীর সমান

حظ الانثيين ۗ يبين الله لكم ان تضلوا ۗ والله بكل شيء عليم

হ্বায্‌যিল উন্‌ছাইয়াইন ; ইউবাইয়িনুল্লা-হু লাকুম আন্ তাদ্বিল্লূ ; ওয়াল্লা-হু বিকুল্লি শাইইন 'আলীম।
অংশ পাবে। আল্লাহ তোমাদেরকে সুস্পষ্টভাবে (দ্বীনের বিধান) বর্ণনা করেন, যাতে তোমরা বিভ্রান্ত না হও। আল্লাহ সর্ববিষয়ে অবগত।

সূরা মা-য়িদাহ
মাদানী

بسم الله الرحمن الرحيم
বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

আয়াত ঃ ১২০
রুকূ ঃ ১৬

١ يايها الذين امنوا اوفوا بالعقود ۚ احلت لكم بهيمة الانعام الا

১। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ~আওফূ বিল 'উকূদ ; উহ্বিল্লাত্ লাকুম্ বাহীমাতুল আন্'আ-মি ইল্লা-
(১) হে মুমিনগণ! তোমরা অংগীকারসমূহ পূর্ণ কর। তোমাদের জন্য চতুষ্পদ জন্তু হালাল করা হয়েছে সেগুলো ছাড়া যা পরে,

ما يتلى عليكم غير محلي الصيد وانتم حرم ۗ ان الله يحكم ما يريد

মা- ইউত্‌লা- 'আলাইকুম গাইরা মুহ্বিল্লিস্ব স্বাইদি ওয়া আন্তুম হুরুম ; ইন্নাল্লা-হা ইয়াহ্‌কুমু মা- ইউরীদ।
তোমাদের জন্য বর্ণিত হচ্ছে। তবে ইহরাম থাকা অবস্থায় শিকার করাকে হালাল মনে করো না। নিশ্চয় আল্লাহ যা চান তাই হুকুম করেন।

٢ يايها الذين امنوا لا تحلوا شعائر الله ولا الشهر الحرام ولا

২। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ লা-তুহ্বিল্লূ শা'আ—ইরাল্লা-হি ওয়ালাশ্ শাহ্‌রাল হ্বারা-মা ওয়ালাল
(২) হে মুমিনগণ! তোমরা আল্লাহর নিদর্শনগুলোকে অসম্মান কর না এবং পবিত্র মাসসমূহেরও না এবং কুরবানীর জন্য কাবায় প্রেরিত পশুরও না, আর

الهدي ولا القلائد ولا امين البيت الحرام يبتغون فضلا من

হাদ্‌ইয়া ওয়ালাল ক্বালা—ইদা ওয়ালা~আ—ম্মীনাল বাইতাল্ হ্বারা-মা ইয়াব্‌তাগূনা ফাদ্বলাম মির্
গলায় চিহ্ন দেয়া পশুরও না এবং তাদেরও না, যারা পবিত্র ঘরে যাবার ইচ্ছা করে, স্বীয় প্রতিপালকের অনুগ্রহ ও সন্তোষের উদ্দেশ্যে।

✪ টীকা (আঃ ১) ঃ মর্ম এই যে, মানুষ যখন ইসলামে দীক্ষিত হল, তখন সাধারণতঃ সে আল্লাহ এবং রাসূলের সমুদয় হুকুম স্বীকার করে নিল। এক্ষণে অত্র স্থলে বিশেষ বিশেষ হুকুম প্রদান পূর্বক সম্পূর্ণ অঙ্গীকার পূরণের তাকীদ হচ্ছে। ✪ টীকা (আঃ ২) ঃ الشهر الحرام ঃ সম্মানিত মাস চারটি- যুলকাদা, যুলহিজ্জা, মুহররম ও রজব। এর সম্মান রক্ষার অর্থ এ সময় অন্যান্য মাস অপেক্ষা বেশী সৎ কাজ ও তাকওয়া অবলম্বন করা এবং অন্যায় অপকর্ম হতে বিরত থাকার চেষ্টা করা। ✪ টীকা (আঃ ২) ঃ القلائد ঃ এ শব্দটি قلادة-এর বহুবচন। অর্থ হার বা পট্টি, যা কুরবানীর জন্য প্রেরিত পশুর গলার চিহ্ন স্বরূপ বেঁধে দেয়া হত। যাতে কুরবানীর পশু রূপে সবাই চিনতে পারে এবং তার ক্ষতি সাধন হতে বিরত থাকে। (তাঃ উসমানী)

ربهم ورضوانا وإذا حللتم فاصطادوا ولا يجرمنكم شنآن قوم أن

রাব্বিহিম ওয়া রিদ্বওয়া-না-; ওয়া ইযা- হ্বালাল্তুম ফাস্বত্বা-দূ ; ওয়ালা-ইয়াজ্বরিমান্নাকুম শানাআ-নু ক্বাওমিন্ আন্

আর যখন তোমরা ইহ্রাম খুলে ফেল তখন শিকার কর। আর যারা তোমাদেরকে মসজিদে হারামে আসতে বাধা দিয়েছিল সে সম্প্রদায়ের প্রতি শত্রুতা যেন

صدوكم عن المسجد الحرام أن تعتدوا وتعاونوا على البر والتقوى

স্বাদ্দূকুম 'আনিল্ মাস্জ্বিদিল হ্বারা-মি আন্ তা'তাদূ। ওয়া তা'আ-ওয়ানূ 'আলাল্ বির্‌রি ওয়াত্তাক্বওয়া-,

তোমাদেরকে সীমা ছাড়িয়ে যেতে প্ররোচিত না করে। আর তোমরা পরস্পরকে সাহায্য কর নেক কাজে ও পরহেজগারীতে।

ولا تعاونوا على الإثم والعدوان واتقوا الله إن الله شديد العقاب

ওয়ালা- তা'আ-ওয়ানূ 'আলাল্ ইছ্মি ওয়াল 'উদ্ওয়া-ন, ওয়াত্তাকুল্লা-হ ; ইন্নাল লা-হা শাদীদুল 'ইক্বা-ব।

আর তোমরা পাপ কাজে ও সীমাতিক্রমে একে অপরকে সহযোগিতা কর না। আর আল্লাহকে ভয় কর; নিশ্চয় আল্লাহ কঠিন শাস্তি দাতা :

حرمت عليكم الميتة والدم ولحم الخنزير وما أهل لغير الله به

৩। হুর্‌রিমাত্ 'আলাইকুমুল মাইতাতু ওয়াদ্দামু ওয়া লাহ্মুল খিন্‌যীরি ওয়ামা~উহিল্লা লিগাইরিল্লা-হি বিহী

(৩) তোমাদের জন্য হারাম করা হয়েছে মৃত জন্তু, রক্ত, শূকরের গোশত এবং যা যবেহ্ করা হয়েছে আল্লাহ ছাড়া অন্য কারো নামে। আর শ্বাসরুদ্ধ

والمنخنقة والموقوذة والمتردية والنطيحة وما أكل السبع إلا

ওয়াল্ মুন্‌খানিক্বাতু ওয়াল্ মাওক্বূযাতু ওয়াল্ মুতারাদ্দিইয়াতু ওয়ান্নাত্বীহ্বাতু ওয়া মা~আকালাস্ সাবু'উ ইল্লা-

করে মারা পশু, আর আঘাতে মৃত পশু বা বা উঁচু স্থান হতে পতনে মৃত পশু, অথবা অন্যের শিং এর আঘাতে মৃত পশু এবং যাকে ভক্ষণ করেছে হিংস্র প্রাণী,

ما ذكيتم وما ذبح على النصب وأن تستقسموا بالأزلام ذلكم

মা- যাক্কাইতুম, ওয়া মা- যুবিহ্বা 'আলান্ নুস্বুবি ওয়া আন্ তাস্তাক্বসিমূ বিল আয্‌লা-ম ; যা-লিকুম

তবে যে গুলোকে তোমরা যবেহ করতে পেরেছ তা ছাড়া এবং যে পশু বলি দেয়া হয় দেবতার বেদির উপর এবং জুয়ার তীরের দ্বারা ভাগ নির্ধারণ করা হয়। এগুলো

فسق اليوم يئس الذين كفروا من دينكم فلا تخشوهم واخشون

ফিস্‌ক্ব ; আলইয়াওমা ইয়াইসাল্ লাযীনা কাফারূ মিন্ দীনিকুম ফালা- তাখ্‌শাওহুম ওয়াখ্‌শাওন ;

পাপ কার্য। আজ কাফিররা তোমাদের দ্বীন হতে নিরাশ হয়ে গেছে। সুতরাং তাদেরকে তোমরা ভয় পেয়ো না শুধু আমাকে ভয় কর।

○ টীকা (আঃ ৩) ঃ এই আয়াত হাজ্জাতুল বেদা (হযরতের মৃত্যুর অব্যবহিত পূর্ববর্তী হজ্জ) দিবসে আরাফাতে অবতীর্ণ। হাজীদেরকে শিকার করতে এবং গাছ-পালা ভাঙ্গতে ও উপড়াতে নিষেধ করার উদ্দেশ্য এটাই মনে হয় যে, দেশ গাছ-পালা ও লতা-পাতা এবং হালাল জীব-জন্তু দ্বারা সুশোভিত ও আবাদ হয়; আরবের ন্যায় বিশুষ্ক মরুদেশে এর আবশ্যকতা চিরকালই রয়েছে। পক্ষান্তরে হজ্জ একটি উন্নতশ্রেণীর এবাদত। সুতরাং এবাদত অবস্থায় কোন জীবকে শিকার করা নিষিদ্ধও বটে।

بالأزلام – আরবের অধিবাসীগণ কোনও কার্যোপলক্ষে প্রবাস-গমনেচ্ছু হলে তৎপূর্বে তিনটি তীর তিন প্রকার মননে তীর-দানীতে রেখে দিত। প্রথম তীরে "অমুক কার্যস্থ করব" এই মনন করা হত। দ্বিতীয় তীরে "অমুক কার্য করব না" এটা মনন করা হত। তৃতীয় তীরে "মনকার্যে ভুল হওয়া সম্ভব" এই মনন করা হত। তারপর যদি প্রথম তীর হিস্যায় আসত, তবে সন্তুষ্ট মনে সেই কার্যে গমন করত। আর যদি দ্বিতীয় তীর হিস্যায় আসত; তবে কখনই সে কার্যে গমন করত না। আর যদি তৃতীয় তীর হাতে উঠত তবে পুনর্বার সেই কার্য করত। তাদের জবেহ্‌কৃত উষ্ট্র মাংস বন্টনেও এই ভাবের তীরের জুয়া চলত। জুয়া যে প্রকারের হোক আর যে উদ্দেশ্যে হোক, আল্লাহ্ তা সুস্পষ্ট হারাম করে দিয়েছেন। এ প্রকার "ফাল" ইত্যাদিও জুয়ার অন্তর্গত বিধায় হারাম।

على النصب – পূজাদির জন্য (দেবতার বেদি) প্রতিষ্ঠিত উচ্চভূমি, যেখানে মুশরিকরা মূর্তি পূজার উদ্দেশ্যে পশু বলি দিত।

اليوم أكملت لكم دينكم وأتممت عليكم نعمتي ورضيت لكم

আল্ ইয়াওমা আক্‌মাল্‌তু লাকুম দীনাকুম ওয়া আত্‌মাম্‌তু 'আলাইকুম নি'মাতী ওয়া রাদ্বীতু লাকুমুল

আজ তোমাদের দ্বীনকে তোমাদের জন্য পূর্ণ করেদিলাম এবং আমার নেয়ামত তোমাদের উপর সম্পূর্ণ করলাম এবং তোমাদের জন্য

الإسلام دينا فمن اضطر في مخمصة غير متجانف لإثم فإن الله

ইস্‌লা-মা দীনা- ; ফামানিদ্বত্বুর্‌রা ফী মাখ্‌মাছাতিন্ গাইরা মুতাজ্বা-নিফিল লিইছ্‌মিন্ ফাইন্নাল্লা-হা

ইসলামকে দ্বীন হিসেবে মনোনীত করলাম। তবে কেউ পাপের প্রতি আকৃষ্ট না হয়ে তীব্র ক্ষুধার তাড়নায় বাধ্য হলে, তখন নিশ্চয় আল্লাহ ক্ষমাশীল ও পরম

غفور رحيم يسألونك ماذا أحل لهم قل أحل لكم الطيبات وما

গাফূরুর রাহ্বীম। ৪। ইয়াস্‌আলূনাকা মা-যা~উহ্বিল্‌লা লাহুম ; কুল উহ্বিল্‌লা লাকুমুত্ত্ব ত্বাইয়ি বা-তু ওয়ামা-

দয়ালু। (৪) লোকে আপনাকে জিজ্ঞাসা করে, তাদের জন্য কি কি হালাল করা হয়েছে? আপনি বলুন, তোমাদের জন্য সকল পবিত্র বস্তুই হালাল করা হয়েছে এবং

علمتم من الجوارح مكلبين تعلمونهن مما علمكم الله فكلوا مما

'আল্‌লামতুম্ মিনাল জ্বাওয়া-রিহ্বি মুকাল্লিবীনা তু'আল্লিমূনাহুন্না মিম্মা- 'আল্লামাকুমুল্লা-হ্ ফাকুলূ মিম্মা~

যে সব শিকারী জন্তুকে শিকারের প্রতি প্রেরণের জন্য তোমরা শিক্ষা দান করেছ, যেভাবে আল্লাহ তোমাদেরকে শিখিয়েছেন সে

أمسكن عليكم واذكروا اسم الله عليه واتقوا الله إن الله سريع

আম্‌সাক্‌না 'আলাইকুম ওয়ায্‌কুরুস্ মাল্লা-হি 'আলাইহ, ওয়াত্তাকুল্লা-হ ; ইন্নাল্লা-হা সারী'উল

পদ্ধতিতে, এরূপ জানোয়ার যা তোমাদের জন্য ধরে নিয়ে আসে তা খাও এবং তার উপর আল্লাহর নাম লও। আর আল্লাহকে ভয় কর। নিশ্চয় আল্লাহ সত্বর

الحساب اليوم أحل لكم الطيبات وطعام الذين أوتوا

হ্বিসা-ব। ৫। আল ইয়াওমা উহ্বিল্‌লা লাকুমুত্ত্ব ত্বাইয়্যিবা-ত ; ওয়া ত্বা'আ-মুল্ লাযীনা উতুল

হিসাব গ্রহণকারী। (৫) আজ তোমাদের জন্য পবিত্র সকল বস্তু হালাল করা হল। আর যাদেরকে কিতাব দেয়া হয়েছে

الكتاب حل لكم وطعامكم حل لهم والمحصنات من المؤمنات

কিতা-বা হ্বিল্লুল লাকুম, ওয়া ত্বা'আ-মুকুম হ্বিল্‌লুল লাহুম, ওয়াল্ মুহ্বস্বানা-তু মিনাল্ মু'মিনা-তি

সেসব লোকের যবেহ্‌কৃত খাদ্য তোমাদের জন্য হালাল। আর তোমাদের যবেহ্‌কৃত খাদ্যও তাদের জন্য হালাল, আর মুসলমান সতীসাধ্বী নারী এবং তোমাদের

والمحصنات من الذين أوتوا الكتاب من قبلكم إذا آتيتموهن

ওয়াল্ মুহ্বস্বানা-তু মিনাল্ লাযীনা উতুল্ কিতা-বা মিন্ ক্বাব্‌লিকুম ইযা~আ-তাইতুমূহুন্না

পূর্বে যাদেরকে কিতাব প্রদান করা হয়েছে তাদের মধ্য হতে সতীসাধ্বী নারী তোমাদের জন্য হালাল করা হল, যদি

أجورهن محصنين غير مسافحين ولا متخذي أخدان ومن

উজূরাহুন্না মুহ্বস্বিনীনা গাইরা মুসা-ফিহ্বীনা ওয়ালা- মুত্তাখিযী~আখ্‌দা-ন ; ওয়া মাই

তোমরা বিবাহ বন্ধনে আবদ্ধের জন্য তাদের মহর আদায় করে থাক। কার্য চরিতার্থ বা গোপন প্রণয়ের জন্য নয়। আর যে

يَكْفُرْ بِالْاِيْمَانِ فَقَدْ حَبِطَ عَمَلُهٗ ز وَهُوَ فِى الْاٰخِرَةِ مِنَ الْخٰسِرِيْنَ ۝

ইয়াক্‌ফুর বিল ঈমা-নি ফাক্বাদ্ হ্বাবিত্বা 'আমালুহূ ওয়া হুওয়া ফিল আ-খিরাতি মিনাল্ খা-সিরীন।
ঈমানকে অস্বীকার করবে, নিশ্চয় তার আমল বরবাদ হয়ে যাবে এবং সে পরকালেও ক্ষতিগ্রস্তদের মধ্যে শামিল হবে।

ع ১ ৫ রুকূ

يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْۤا اِذَا قُمْتُمْ اِلَى الصَّلٰوةِ فَاغْسِلُوْا وُجُوْهَكُمْ

৬। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ~ইযা- কুম্‌তুম ইলাস্ব্ স্বালা-তি ফাগ্‌সিলূ উজূহাকুম
(৬) হে মুমিনগণ! যখন তোমরা সালাতের জন্য দাঁড়াতে ইচ্ছা কর, তখন তোমাদের মুখমন্ডল

وَاَيْدِيَكُمْ اِلَى الْمَرَافِقِ وَامْسَحُوْا بِرُءُوْسِكُمْ وَاَرْجُلَكُمْ اِلَى

ওয়া আইদিইয়াকুম ইলাল্ মারা-ফিক্বি ওয়াম্‌সাহূ বিরুউসিকুম ওয়া আর্‌জুলাকুম ইলাল
ও তোমাদের হাত কনুই পর্যন্ত ধৌত কর এবং তোমাদের মাথা মোসেহ্ কর এবং তোমাদের পা টাখনু পর্যন্ত ধৌত

الْكَعْبَيْنِ ط وَاِنْ كُنْتُمْ جُنُبًا فَاطَّهَّرُوْا ط وَاِنْ كُنْتُمْ مَّرْضٰۤى اَوْ عَلٰى سَفَرٍ

কা'বাইন ; ওয়া ইন্ কুন্‌তুম যুনুবান্ ফাত্ত্বাহ্‌হারূ ; ওয়া ইন্ কুন্‌তুম্ মারদ্বা~আও 'আলা- সাফারিন
কর। আর যদি তোমরা অপবিত্র অবস্থায় থাক, তবে (সমস্ত শরীর) পবিত্র করে নাও। আর যদি তোমরা পীড়িত হও অথবা সফরে থাক অথবা

اَوْ جَآءَ اَحَدٌ مِّنْكُمْ مِّنَ الْغَآئِطِ اَوْ لٰمَسْتُمُ النِّسَآءَ فَلَمْ تَجِدُوْا مَآءً فَتَيَمَّمُوْا

আও জ্বা—আ আহ্বাদুম্ মিনকুম মিনাল গা—ইত্বি আও লা-মাস্‌তুমুন্ নিসা—আ ফালাম তাজ্বিদূ মা—আন্ ফাতাইয়াম্মামূ
তোমাদের কেউ প্রস্রাব-পায়খানা থেকে আসে অথবা তোমরা স্ত্রী সহবাস কর, অনন্তর তোমরা যদি পানি না পাও তবে পবিত্র মাটি দ্বারা তায়াম্মুম

صَعِيْدًا طَيِّبًا فَامْسَحُوْا بِوُجُوْهِكُمْ وَاَيْدِيْكُمْ مِّنْهُ ط مَا يُرِيْدُ اللّٰهُ

স্বা'ঈদান ত্বাইয়্যিবান ফাম্‌সাহূ বিউজূহিকুম ওয়া আইদীকুম্ মিন্‌হু ; মা- ইউরীদুল্লা-হু
কর, তা দ্বারা তোমাদের মুখমন্ডল এবং তোমাদের হাতসমূহ মসেহ কর। আল্লাহ্ তোমাদের উপর কোন কঠোরতা

لِيَجْعَلَ عَلَيْكُمْ مِّنْ حَرَجٍ وَّلٰكِنْ يُّرِيْدُ لِيُطَهِّرَكُمْ وَلِيُتِمَّ نِعْمَتَهٗ عَلَيْكُمْ

লিইয়াজ্‌'আলা 'আলাইকুম মিন্ হ্বারাজ্বিওঁ ওয়ালা-কিঁই ইউরীদু লিইউত্বাহ্‌হিরাকুম ওয়া লিইউতিম্মা নি'মাতাহূ 'আলাইকুম
আরোপ করতে চান না। বরং আল্লাহ্ তোমাদেরকে পবিত্র করতে চান এবং তোমাদের প্রতি তাঁর নেয়ামত সম্পূর্ণ করতে চান,

لَعَلَّكُمْ تَشْكُرُوْنَ ۝ وَاذْكُرُوْا نِعْمَةَ اللّٰهِ عَلَيْكُمْ وَمِيْثَاقَهُ الَّذِىْ وَاثَقَكُمْ

লা'আল্লাকুম তাশ্‌কুরূন। ৭। ওয়ায্‌কুরূ নি'মাতাল্লা-হি 'আলাইকুম ওয়া মীছা-ক্বাহুল্ লাযী ওয়া ছাক্বাকুম্
যাতে তোমরা কৃতজ্ঞতা স্বীকার কর। (৭) আর তোমরা স্মরণ কর, তোমাদের প্রতি প্রদত্ত আল্লাহ্‌র নেয়ামতকে এবং সে অঙ্গীকারকে যা তিনি তোমাদের কাছ

بِهٖۤ لا اِذْ قُلْتُمْ سَمِعْنَا وَاَطَعْنَا ز وَاتَّقُوا اللّٰهَ ط اِنَّ اللّٰهَ عَلِيْمٌۢ بِذَاتِ الصُّدُوْرِ ۝

বিহী~ইয্ কুলতুম সামি'না-ওয়া আত্বা'না, ওয়াত্তাকুল্লা-হ- ; ইন্নাল্লা-হা 'আলীমুম্ বিযা-তিস্ব স্বুদূর।
থেকে গ্রহণ করেছেন, যখন তোমরা বলেছিলে- আমরা শুনলাম ও মেনে নিলাম। আর আল্লাহ্‌কে ভয় কর; নিশ্চয় আল্লাহ্ অন্তরের বিষয় সম্পর্কে পূর্ণ খবর রাখেন।

يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا كُوْنُوْا قَوّٰمِيْنَ لِلّٰهِ شُهَدَآءَ بِالْقِسْطِ ز وَلَا يَجْرِمَنَّكُمْ

৮। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ কূনূ ক্বাওয়্যা-মীনা লিল্লা-হি শুহাদা—আ বিল্ ক্বিস্‌ত্বি ওয়ালা- ইয়াজ্বরিমান্নাকুম
(৮) হে মুমিনগণ! আল্লাহ্‌র উদ্দেশ্যে ন্যায় সাক্ষ্যদানে তোমরা দৃঢ় থাক। কোন সম্প্রদায়ের প্রতি শত্রুতা তোমাদেরকে

شَنَاٰنُ قَوْمٍ عَلٰۤى اَلَّا تَعْدِلُوْا ط اِعْدِلُوْا قف هُوَ اَقْرَبُ لِلتَّقْوٰى ز وَاتَّقُوا اللّٰهَ ط

শানাআ-নু ক্বাওমিন 'আলা~আল্লা- তা'দিলূ ; ই'দিলূ হুওয়া আক্বরাবু লিত্তাক্বওয়া-, ওয়াত্তাকুল্ লা-হ ;
যেন কখনো সুবিচার না করার জন্য প্ররোচিত না করে। তোমরা ন্যায় বিচার কর, সেটা পরহেজগারীর অতি নিকটবর্তী। তোমরা আল্লাহ্‌কে ভয় কর।

اِنَّ اللّٰهَ خَبِيْرٌۢ بِمَا تَعْمَلُوْنَ ۝ وَعَدَ اللّٰهُ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ لا

ইন্নাল্লা-হা খাবীরুম্ বিমা- তা'মালূন। ৯। ওয়া'আদাল্লা-হুল্ লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুস্ব স্বা-লিহ্বা-তি
নিশ্চয় আল্লাহ্ তোমাদের সকল কার্যকলাপ সম্পর্কে অবহিত। (৯) যারা ঈমান এনেছে এবং নেক আমল করেছে, তাঁদের জন্য

لَهُمْ مَّغْفِرَةٌ وَّاَجْرٌ عَظِيْمٌ ۝ وَالَّذِيْنَ كَفَرُوْا وَكَذَّبُوْا بِاٰيٰتِنَاۤ اُولٰٓئِكَ

লাহুম্ মাগ্‌ফিরাতুওঁ ওয়া আজ্বরুন 'আযীম। ১০। ওয়াল্লাযীনা কাফারূ ওয়া কায্‌যাবূ বিআ-ইয়া-তিনা~উলা—ইকা
আল্লাহ্ ওয়াদা দিয়েছেন ক্ষমা ও মহাপুরস্কারের। (১০) আর যারা কুফরী করেছে এবং আমার আয়াতসমূহকে মিথ্যা

اَصْحٰبُ الْجَحِيْمِ ۝ يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا اذْكُرُوْا نِعْمَتَ اللّٰهِ عَلَيْكُمْ

আস্বহ্বা-বুল্ জ্বাহ্বীম। ১১। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানুয্ কুরূ নি'মাতাল্লা-হি 'আলাইকুম
বলেছে, তারা জাহান্নামের অধিবাসী। (১১) হে মুমিনগণ! তোমাদের প্রতি আল্লাহ্ প্রদত্ত নেয়ামতের কথা স্মরণ কর।

اِذْ هَمَّ قَوْمٌ اَنْ يَّبْسُطُوْۤا اِلَيْكُمْ اَيْدِيَهُمْ فَكَفَّ اَيْدِيَهُمْ عَنْكُمْ ج وَاتَّقُوا اللّٰهَ ط

ইয্ হাম্মা ক্বাওমুন আই ইয়াব্‌সুত্বূ~ইলাইকুম আইদিইয়াহুম ফাকাফ্‌ফা আইদিইয়াহুম 'আন্‌কুম, ওয়াত্তাকুল্লা-হ ;
যখন এক সম্প্রদায় তোমাদের বিরুদ্ধে তাদের হস্ত প্রসারিত করতে চেয়েছিল, তখন তিনি তোমাদের থেকে তাদের হস্তগুলো প্রতিহত করলেন।

وَعَلَى اللّٰهِ فَلْيَتَوَكَّلِ الْمُؤْمِنُوْنَ ۝ وَلَقَدْ اَخَذَ اللّٰهُ مِيْثَاقَ بَنِىْۤ اِسْرَآءِيْلَ ج

ع ২ ৬ রুকূ

ওয়া 'আলাল্লা-হি ফাল্‌ইয়া তাওয়াক্‌কালিল্ মু'মিনূন। ১২। ওয়া লাক্বাদ্ আখাযাল্লা-হু মীছা-ক্বা বানী ~ইস্‌রা—ঈল,
তোমরা আল্লাহ্‌কে ভয় কর। আর মুমিনগণের আল্লাহ্‌র উপরই ভরসা করা উচিত। (১২) আর নিশ্চয় আল্লাহ্ বনী ইসরাঈলদের থেকে অঙ্গীকার নিয়েছিলেন।

وَبَعَثْنَا مِنْهُمُ اثْنَىْ عَشَرَ نَقِيْبًا ط وَقَالَ اللّٰهُ اِنِّىْ مَعَكُمْ ط لَئِنْ اَقَمْتُمُ

ওয়া বা'আছ্‌না- মিনহুমুছ্‌নাই 'আশারা নাক্বীবা- ; ওয়া ক্বা-লাল্লা-হু ইন্নী মা'আকুম ; লাইন্ আক্বাম্‌তুমুস্ব
আর আমি তাদের মধ্য হতে বারজন নেতা নিযুক্ত করেছিলাম। আর আল্লাহ্ বললেন, নিশ্চয় আমি তোমাদের সাথে আছি। তোমরা যদি

০ টীকা (আঃ ১১) ঃ এখানে হযরত আবদুল্লাহ ইবনে আব্বাসের (রা) বর্ণিত একটি ঘটনার দিকে ইংগিত করা হয়েছে। ইহুদীদের একটি দল, রাসূল (সা) ও তাঁর বিশেষ বিশেষ সাহাবীদের এক ভোজের আমন্ত্রণ করেছিল এবং গুপ্তভাবে এই ষড়যন্ত্র করেছিল যে, আকস্মিকভাবে তাদেরকে আক্রমণ করে ইসলামকে সম্পূর্ণরূপে মিটিয়ে দেয়া হবে। কিন্তু যথাসময়ে খোদার অনুগ্রহে এই ষড়যন্ত্রের কথা রাসূলে করীম (সা) জানতে পেরেছিলেন ও নিমন্ত্রণে তারা উপস্থিত হন নি। ০ টীকা (আঃ ১২) ঃ اثنى عشر ঃ (বারজন নেতা) বনী ইসরাঈলের ১২টি গোত্র ছিল। হযরত মূসা (আ) ১২ গোত্রের জন্য ১২জন নেতা মনোনীত করেছিলেন। (কুঃ কারীম)

الصلوة واتيتم الزكوة وامنتم برسلي وعزرتموهم واقرضتم الله

স্বালা-তা ওয়া আ-তাইতুমুয্ যাকা-তা ওয়া আ-মান্তুম্ বিরুসুলী ওয়া 'আয্যারতুমূহুম ওয়া আক্বরাদ্বতুমুল্লা-হা
সালাত কায়েম কর, যাকাত দাও এবং আমার রাসূলগণের উপর ঈমান আন ও তাদেরকে সাহায্য কর এবং আল্লাহকে উত্তম কর্জ দাও,

قرضا حسنا لاكفرن عنكم سياتكم ولادخلنكم جنت تجري

ক্বারদ্বান হ্বাসানাল্ লাউকাফ্ফিরান্না 'আন্কুম সাইয়্যিআ-তিকুম ওয়া লাউদ্খিলান্নাকুম জ্বান্না-তিন তাজ্বরী
তবে অবশ্যই আমি তোমাদের গুনাহ তোমাদের থেকে দূর করে দিব এবং অবশ্যই তোমাদেরকে প্রবেশ করাব এমন জান্নাতে,

من تحتها الانهر ۚ فمن كفر بعد ذلك منكم فقد ضل سواء السبيل ○

মিন্ তাহ্বতিহাল আনহা-র, ফামান্ কাফারা বা'দা-যা-লিকা মিন্কুম ফাক্বাদ্ দ্বাল্লা সাওয়া—আস সাবীল।
যার তলদেশে নহরসমূহ প্রবাহিত। এরপরেও যে তোমাদের মধ্য হতে কুফরী করবে, সে সরল পথ হতে বিচ্যুত হবে।

﴿١٢﴾ فبما نقضهم ميثاقهم لعنهم وجعلنا قلوبهم قسية ۚ يحرفون

১৩। ফাবিমা- নাক্বদ্বিহিম্ মীছা-ক্বাহুম লা'আন্না-হুম ওয়া জ্বা'আল্না- কুলূবাহুম ক্বা-সিইয়াহ, ইয়ুহ্বাররিফূনাল
(১৩) অতঃপর তাদের অংগীকার ভংগের কারণে আমি তাদেরকে অভিশপ্ত করেছি এবং তাদের অন্তরসমূহ কঠিন করে দিয়েছি। তারা

الكلم عن مواضعه ۙ ونسوا حظا مما ذكروا به ۚ ولا تزال تطلع على

কালিমা 'আম্ মাওয়া-দ্বি'ঈহী ওয়া নাসূ হ্বায্যাম মিম্মা- যুক্কিরূ বিহ, ওয়ালা- তাযা-লু তাত্ত্বালি'উ 'আলা-
বাক্যের অর্থ যথাস্থান থেকে বদলিয়ে দেয়। এবং তাদেরকে যে বিষয় উপদেশ দেয়া হয়েছিল তার থেকে কিছু অংশ ভুলে গিয়েছে। আপনি সর্বদা তাদের

خائنة منهم الا قليلا منهم فاعف عنهم واصفح ۗ ان الله يحب

খা—ইনাতিম্ মিন্হুম ইল্লা- ক্বালীলাম্ মিন্হুম ফা'ফু 'আন্হুম ওয়াস্বফাহ্ব ; ইন্নাল্লা-হা ইউহ্বিব্বুল
বিশ্বাসঘাতকতা সম্পর্কে অবহিত হবেন, তাদের স্বল্পসংখ্যক ব্যতীত। সুতরাং আপনি তাদেরকে ক্ষমা করুন ও ছেড়ে দিন, নিশ্চয় আল্লাহ সৎকর্মশীলদের

المحسنين ﴿١٣﴾ ومن الذين قالوا انا نصرى اخذنا ميثاقهم فنسوا

মুহ্বসিনীন। ১৪। ওয়া মিনাল্ লাযীনা ক্বা-লূ~ইন্না- নাস্বা-রা~আখায্না- মীছা-ক্বাহুম ফানাসূ
ভালবাসেন। (১৪) আর যারা বলে, আমরা 'খ্রিষ্টান', আমি তাদের থেকেও অংগীকার নিয়েছিলাম। কিন্তু তাদেরকে যে বিষয়

حظا مما ذكروا به ۖ فاغرينا بينهم العداوة والبغضاء الى يوم القيمة ۗ

হ্বায্যাম্ মিম্মা- যুক্কিরূ বিহ, ফাআগরাইনা- বাইনাহুমুল 'আদা-ওয়াতা ওয়াল্ বাগ্দ্বা—আ ইলা- ইয়াওমিল ক্বিইয়া-মাহ ;
উপদেশ দেয়া হয়েছিল তারা তার এক অংশ ভুলে গিয়েছিল। অতঃপর আমি তাদের পরস্পরের মধ্যে স্থায়ী শত্রুতা ও হিংসা কিয়ামত পর্যন্ত লাগিয়ে রেখেছি।

وسوف ينبئهم الله بما كانوا يصنعون ﴿١٤﴾ يا هل الكتب قد جاءكم

ওয়া সাওফা ইউনাব্বিউহুমুল্লা-হু বিমা- কা-নূ ইয়াস্বনা'উন। ১৫। ইয়া~আহ্লাল কিতা-বি ক্বাদ্ জ্বা—আকুম
আর তারা যা কিছু করত, তা আল্লাহ অচিরেই তাদেরকে জানিয়ে দিবেন। (১৫) হে আহলে কিতাব! তোমাদের কাছে

رسولنا يبين لكم كثيرا مما كنتم تخفون من الكتب ويعفوا عن

রাসূলুনা–ইউবাইয়্যিনু লাকুম কাছীরাম মিম্মা- কুন্তুম তুখ্ফূনা মিনাল কিতা-বি ওয়া ইয়া'ফূ 'আন্
আমার রাসূল এসেছেন। তিনি তোমাদের কাছে অনেক বিষয় বর্ণনা করেন, যা তোমরা কিতাব থেকে গোপন করছিলে। আর অনেক বিষয় ছেড়ে

كثير ۚ قد جاءكم من الله نور وكتب مبين ﴿١٥﴾ يهدي به الله من

কাছীর ; ক্বাদ জ্বা—আকুম্ মিনাল্লা-হি নূরুওঁ ওয়া কিতা-বুম্ মুবীন। ১৬। ইয়াহ্দী বিহিল্লা-হু মানি
দিয়েছেন। নিশ্চয় আল্লাহর তরফ থেকে তোমাদের নিকট নূর ও সুস্পষ্ট কিতাব এসেছে। (১৬) যারা আল্লাহর সন্তুষ্টি কামনা করে

اتبع رضوانه سبل السلم ويخرجهم من الظلمت الى النور باذنه

ত্তাবা'আ রিদ্বওয়া-নাহূ সুবুলাস্ সালা-মি ওয়া ইউখ্রিজুহুম্ মিনায্ যুলুমা-তি ইলান্ নূরি বিইয্নিহী
তাদেরকে আল্লাহ এর দ্বারা শান্তির পথ প্রদর্শন করেন এবং তাঁদেরকে স্বীয় ইচ্ছায় আঁধার থেকে বের করে আলোর দিকে

ويهديهم الى صراط مستقيم ﴿١٦﴾ لقد كفر الذين قالوا ان الله هو المسيح ابن

ওয়া ইয়াহ্দীহিম ইলা- স্বিরা-ত্বিম্ মুস্তাক্বীম। ১৭। লাক্বাদ্ কাফারাল্ লাযীনা ক্বা-লূ~ইন্নাল্লা-হা হুওয়াল মাসীহুব্নু
আনয়ন করেন এবং তাদেরকে সরল সঠিক পথ প্রদর্শন করেন। (১৭) নিশ্চয় যারা কুফরী করল, তারা বলে, মসীহ

مريم ۚ قل فمن يملك من الله شيئا ان اراد ان يهلك المسيح ابن

মারইয়াম ; ক্বুল ফামাইঁ ইয়াম্লিকু মিনাল্লা-হি শাইআন্ ইন্ আরা-দা আইঁ ইউহ্লিকাল্ মাসীহাব্না
ইবনে মারইয়াম আল্লাহ। আপনি বলুন, যদি আল্লাহ, মসীহ ইবনে মারইয়াম, তাঁর মাতাকে ও পৃথিবীতে যা কিছু আছে সব ধ্বংস

مريم وامه ومن في الارض جميعا ۗ ولله ملك السموت والارض

মার্ইয়ামা ওয়া উম্মাহূ ওয়া মান্ ফিল আর্দ্বি জ্বামী'আ- ; ওয়া লিল্লা-হি মুল্কুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্দ্বি
করতে ইচ্ছা করেন, তবে তাকে বাধা দেয়ার অধিকার কার আছে? আসমান ও যমীনে এবং এতদুভয়ের মধ্যস্থিত যা কিছু

وما بينهما ۚ يخلق ما يشاء ۚ والله على كل شيء قدير ﴿١٧﴾ وقالت اليهود

ওয়ামা- বাইনাহুমা- ; ইয়াখ্লুক্ব মা- ইয়াশা—উ ; ওয়াল্লা-হু 'আলা- কুল্লি শাইয়িন্ ক্বাদীর। ১৮। ওয়া ক্বা-লাতিল ইয়াহূদু
আছে তার উপর একমাত্র আল্লাহরই আধিপত্য। তিনি যা চান সৃষ্টি করেন। আর আল্লাহ সব কিছুর উপর ক্ষমতাবান। (১৮) ইয়াহূদী ও খ্রিষ্টানরা বলে,

والنصرى نحن ابنؤا الله واحباؤه ۚ قل فلم يعذبكم بذنوبكم ۚ

ওয়ান্নাস্বা-রা- নাহ্বনু আবনা—উল্লা-হি ওয়া আহ্বিব্বা—উহ ; ক্বুল ফালিমা ইউ'আয্যিবুকুম্ বিযুনূবিকুম ;
আমরা আল্লাহর পুত্র ও তাঁর প্রিয় পাত্র। আপনি বলুন, তাহলে তিনি তোমাদেরকে তোমাদের গুনাহের জন্য শাস্তি দেবেন কেন?

بل انتم بشر ممن خلق ۚ يغفر لمن يشاء ويعذب من يشاء ۚ ولله

বাল্ আন্তুম্ বাশারুম্ মিম্মান খালাক্ব ; ইয়াগ্ফিরু লিমাইঁ ইয়াশা—উ ওয়া ইউ'আয্যিবু মাইঁ ইয়াশা—উ ; ওয়া লিল্লা-হি
বরং তোমরাও তাঁর সৃষ্টির মধ্য হতে সাধারণ মানুষ। তিনি যাকে চান ক্ষমা করেন আর যাকে চান শাস্তি দেন। আল্লাহরই

مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَمَا بَيْنَهُمَا ۫ وَاِلَيْهِ الْمَصِيْرُ ﴿۱۸﴾ يٰۤاَهْلَ الْكِتٰبِ

মুলকুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্‌দ্বি ওয়ামা- বাইনাহুমা, ওয়া ইলাইহিল মাস্বীর। ১৯। ইয়া~আহ্‌লাল কিতা-বি

কর্তৃত্ব আসমান, যমীনে এবং এতদুভয়ের মধ্যস্থিত যা কিছু আছে তাতে। আর তাঁর দিকেই সকলের প্রত্যাবর্তন। (১৯) হে আহলে কিতাব!

قَدْ جَآءَكُمْ رَسُوْلُنَا يُبَيِّنُ لَكُمْ عَلٰى فَتْرَةٍ مِّنَ الرُّسُلِ اَنْ تَقُوْلُوْا مَا

ক্বাদ্ জ্বা—আকুম রাসূলুনা- ইউবাইয়্যিনু লাকুম 'আলা- ফাত্‌রাতিম্ মিনার্ রুসুলি আন্ তাকূলূ মা-

রাসূলগণের আগমন ধারা মুলতবি হওয়ার পর মুহূর্তে তোমাদের নিকট আমার রাসূল এসেছেন, যিনি তোমাদের নিকট স্পষ্টভাবে বর্ণনা করছেন, যাতে তোমরা বলতে

جَآءَنَا مِنْۢ بَشِيْرٍ وَّلَا نَذِيْرٍ ۫ فَقَدْ جَآءَكُمْ بَشِيْرٌ وَّنَذِيْرٌ ؕ وَاللّٰهُ عَلٰى كُلِّ

জ্বা—আনা- মিম্ বাশীরিওঁ ওয়ালা- নাযীর, ফাক্বাদ্ জ্বা—আকুম্ বাশীরুওঁ ওয়া নাযীর ; ওয়াল্লা-হু 'আলা-কুল্লি

না পার যে, আমাদের কাছে কোন সুসংবাদদানকারী ও সতর্ককারী আসেনি। (এখন তো) তোমাদের কাছে সুসংবাদদানকারী ও সতর্ককারী এসেছেন। আর আল্লাহ সব

شَيْءٍ قَدِيْرٌ ﴿۱۹﴾ وَاِذْ قَالَ مُوْسٰى لِقَوْمِهٖ يٰقَوْمِ اذْكُرُوْا نِعْمَةَ اللّٰهِ عَلَيْكُمْ اِذْ

শাইয়িন ক্বাদীর। ২০। ওয়া ইয্ ক্বা-লা মূসা- লিক্বাওমিহী ইয়া-ক্বাওমিযকুরূ নি'মাতাল্লা-হি 'আলাইকুম ইয্

কিছুর উপর পূর্ণক্ষমতাবান। (২০) আর স্মরণ করুন! যখন মূসা তার কওমকে বললেন, হে আমার কওম! তোমরা তোমাদের প্রতি আল্লাহর নিয়ামতের কথা স্মরণ কর।

جَعَلَ فِيْكُمْ اَنْۢبِيَآءَ وَجَعَلَكُمْ مُّلُوْكًا ۖۗ وَّاٰتٰىكُمْ مَّا لَمْ يُؤْتِ اَحَدًا مِّنَ

জ্বা'আলা ফীকুম আম্বিইয়া—আ ওয়া জ্বা'আলাকুম্ মুলূকাওঁ ওয়া আ-তা-কুম্ মা- লাম ইউ'তি আহ্বাদাম্ মিনাল

যখন তিনি তোমাদের ভেতর থেকে বহু নবী নির্বাচন করলেন এবং তোমাদেরকে রাজ্যেশ্বর করলেন এবং তোমাদেরকে এমন বস্তুসমূহ দান করলেন, যা বিশ্বের বুকে

الْعٰلَمِيْنَ ﴿۲۰﴾ يٰقَوْمِ ادْخُلُوا الْاَرْضَ الْمُقَدَّسَةَ الَّتِيْ كَتَبَ اللّٰهُ لَكُمْ وَلَا

'আ-লামীন। ২১। ইয়া-ক্বাওমিদ্ খুলুল্ আর্‌দ্বাল মুক্বাদ্দাসাতাল্ লাতী কাতাবাল্লা-হু লাকুম ওয়ালা-

অন্য কাউকে দেননি (২১) হে আমার কওম! তোমরা সে পবিত্র ভূমিতে প্রবেশ কর যা আল্লাহ তোমাদের জন্য নির্ধারিত করেছেন। আর তোমরা

تَرْتَدُّوْا عَلٰۤى اَدْبَارِكُمْ فَتَنْقَلِبُوْا خٰسِرِيْنَ ﴿۲۱﴾ قَالُوْا يٰمُوْسٰۤى اِنَّ فِيْهَا قَوْمًا

তারতাদ্দূ 'আলা~আদ্‌বা-রিকুম ফাতান্‌ক্বালিবূ খা-সিরীন। ২২। ক্বা-লূ ইয়া-মূসা~ইন্না ফীহা- ক্বাওমান্

পশ্চাতের দিকে ফিরে যেও না, তবে তোমরা ক্ষতিগ্রস্ত হয়ে পড়বে। (২২) তারা বলল, হে মূসা! সেখানে তো এক শক্তিশালী

جَبَّارِيْنَ ۖۗ وَاِنَّا لَنْ نَّدْخُلَهَا حَتّٰى يَخْرُجُوْا مِنْهَا ۚ فَاِنْ يَّخْرُجُوْا مِنْهَا فَاِنَّا

জ্বাব্বা-রীন, ওয়া ইন্না- লান্‌নাদ্‌খুলাহা- হ্বাত্তা- ইয়াখ্‌রুজু মিন্‌হা-, ফাইঁই ইয়াখ্‌রুজু মিন্‌হা- ফাইন্না-

জাতি রয়েছে। তারা সেখান থেকে বের না হওয়া পর্যন্ত আমরা সেখানে কিছুতেই প্রবেশ করব না। তবে তারা সেখান থেকে বের হলে, আমরা অবশ্যই

○ টীকা (আঃ ১৯) ঃ অর্থাৎ যদি তোমরা এই সুসংবাদ দাতা ও সতর্ককারীর কথা না মানো তবে মনে রেখো আল্লাহ তা'আলা সর্বক্ষম ও সর্বশক্তিমান। তিনি বিনা বাধায় যে কোন শাস্তি ইচ্ছা করেন তোমাদের দান করতে পারেন। ○ টীকা (আঃ ১৯) ঃ على فترة من الرسل ঃ সুদীর্ঘ বিরতির পর রাসূলের আগমন ঘটেছে। অর্থাৎ ঈসা (আ) ও মুহাম্মদ (সা)-এর আবির্ভাবের মাঝখানে সুদীর্ঘকাল অতিবাহিত হয়ে গেছে। এ দু' নবীর আগমনের মধ্যে কতকাল অতিবাহিত হয়েছে সে ব্যাপারে মতভেদ রয়েছে। কেউ বলেন, ঈসা (আ)-এর পর ছয়শ বছর নবুওয়াতের ধারা বন্ধ ছিল। কেউ বলেন, পাঁচশত ষাট বছর, কেউ বলেন, পাঁচশত চল্লিশ বছর, কেউ বলেন, চারশ ত্রিশ বছর। (তাঃ ইবনে কাছীর)

دٰخِلُوْنَ ﴿۲۲﴾ قَالَ رَجُلٰنِ مِنَ الَّذِيْنَ يَخَافُوْنَ اَنْعَمَ اللّٰهُ عَلَيْهِمَا ادْخُلُوْا

দা-খিলূন। ২৩। ক্বা-লা রাজুলা-নি মিনাল্ লাযীনা ইয়াখা-ফূনা আন্'আমাল্লা-হু 'আলাইহিমাদ্‌খুলূ

সেখানে প্রবেশ করতে প্রস্তুত। (২৩) (আল্লাহ) ভীরুদের মধ্য হতে দু' ব্যক্তি বলল, যাদের প্রতি আল্লাহ অনুগ্রহ করছিলেন। তোমরা

عَلَيْهِمُ الْبَابَ ۚ فَاِذَا دَخَلْتُمُوْهُ فَاِنَّكُمْ غٰلِبُوْنَ ۬ۚ وَعَلَى اللّٰهِ فَتَوَكَّلُوْۤا

'আলাইহিমুল বা-ব, ফাইযা- দাখাল্‌তুমূহু ফাইন্নাকুম গা-লিবূন, ওয়া 'আলাল্লা-হি ফাতাওয়াক্কালূ~

তাদের ওপর দরজা দিয়ে প্রবেশ কর। অনন্তর যখন তোমরা দরজায় প্রবেশ করবে, নিশ্চয়ই তোমরা বিজয়ী হবে। আর তোমরা আল্লাহর উপর ভরসা কর,

اِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ ﴿۲۳﴾ قَالُوْا يٰمُوْسٰۤى اِنَّا لَنْ نَّدْخُلَهَاۤ اَبَدًا مَّا دَامُوْا فِيْهَا

ইন্ কুন্তুম্ মু'মিনীন। ২৪। ক্বা-লূ ইয়া-মূসা~ইন্না- লান্ নাদ্‌খুলাহা~আবাদাম্ মা-দা-মূ ফীহা-

যদি তোমরা মুমিন হও, (২৪) তারা বলল, হে মূসা! আমরা কিছুতেই সেখানে প্রবেশ করব না যে পর্যন্ত তারা সেখানে থাকবে। অতএব, আপনি ও

فَاذْهَبْ اَنْتَ وَرَبُّكَ فَقَاتِلَاۤ اِنَّا هٰهُنَا قٰعِدُوْنَ ﴿۲۴﴾ قَالَ رَبِّ اِنِّيْ لَاۤ اَمْلِكُ

ফায্‌হাব্ আন্‌তা ওয়া রাব্বুকা ফাক্বা-তিলা~ইন্না- হা-হুনা- ক্বা-'ইদূন। ২৫। ক্বা-লা রাব্বি ইন্নী লা~আম্‌লিকু

আপনার প্রতিপালক সেখানে যান এবং উভয়ে লড়াই করুন। আমরা এখানেই বসে রলাম। (২৫) (মূসা আ) বললেন, হে আমার প্রতিপালক! আমার নিজসত্ত্বা ও

اِلَّا نَفْسِيْ وَاَخِيْ فَافْرُقْ بَيْنَنَا وَبَيْنَ الْقَوْمِ الْفٰسِقِيْنَ ﴿۲۵﴾ قَالَ فَاِنَّهَا

ইল্লা- নাফসী ওয়া আখী ফাফ্‌রুক্ব বাইনানা- ওয়া বাইনাল ক্বাওমিল ফা-সিক্বীন। ২৬। ক্বা-লা ফাইন্নাহা-

আমার ভাইয়ের উপর ছাড়া অন্য কারো উপরই ক্ষমতা রাখি না। সুতরাং আপনি আমাদের ও অবাধ্য সম্প্রদায়ের মধ্যে ফয়সালা করে দিন। (২৬) আল্লাহ বললেন,

مُحَرَّمَةٌ عَلَيْهِمْ اَرْبَعِيْنَ سَنَةً ۚ يَتِيْهُوْنَ فِي الْاَرْضِ ؕ فَلَا تَاْسَ عَلَى

মুহ্বার্‌রামাতুন 'আলাইহিম আরবা'ঈনা সানাহ্, ইয়াতীহূনা ফিল আর্‌দ্বি ; ফালা- তা'সা 'আলাল্

তাদের জন্য চল্লিশ বছর পর্যন্ত এ ভূ-খণ্ড নিষিদ্ধ করা হলো। তারা পৃথিবীতে উদভ্রান্ত হয়ে ঘুরে বেড়াবে। সুতরাং আপনি এ পাপিষ্ঠ সম্প্রদায়ের

الْقَوْمِ الْفٰسِقِيْنَ ﴿۲۶﴾ وَاتْلُ عَلَيْهِمْ نَبَاَ ابْنَيْ اٰدَمَ بِالْحَقِّ ۘ اِذْ قَرَّبَا قُرْبَانًا

ক্বাওমিল ফা-সিক্বীন। ২৭। ওয়াত্‌লু 'আলাইহিম নাবাআব্ নাই আ-দামা বিল্ হ্বাক্ক্ব। ইয্ ক্বার্‌রাবা- ক্বুরবা-নান্

জন্য দুঃখ করবেন না। (২৭) আর আপনি আদমের দু'পুত্রের বিবরণ যথাযথভাবে তাদেরকে শোনিয়ে দিন। যখন তারা উভয়ে এক একটি কুরবানী

فَتُقُبِّلَ مِنْ اَحَدِهِمَا وَلَمْ يُتَقَبَّلْ مِنَ الْاٰخَرِ ؕ قَالَ لَاَقْتُلَنَّكَ ؕ قَالَ

ফাতুক্বুব্বিলা মিন্ আহ্বাদিহিমা- ওয়া লাম ইয়ুতাক্বাব্বাল মিনাল আ-খার ; ক্বা-লা লাআক্বতুলান্নাক ; ক্বা-লা

করল, এবং তন্মধ্য হতে একজনার কুরবানী কবুল হল আর দ্বিতীয় জনেরটি কবুল হল না। সে বলতে লাগল, অবশ্যই আমি তোমাকে হত্যা করব। সে বলল,

○ টীকা (আঃ ২৫) ঃ فانها محرمة ঃ মূসা (আ) যখন বনী ঈসরাঈলদেরকে জিহাদের জন্য আহ্বান করেছিলেন তখন তারা তাঁর আহ্বান উপেক্ষা করার ফলে তীহ ময়দানে তাদেরকে প্রায় বন্দী করে রাখা হয় এবং চল্লিশ বছরের মধ্যে অন্য কোথাও বের হওয়া তাঁদের জন্য নিষিদ্ধ করা হয়। সে উন্মুক্ত প্রান্তরে তারা উদভ্রান্তের মত ঘুরতে থাকে। সীমানা পার হয়ে বের হওয়া তাদের জন্য নিষিদ্ধ ও অসাধ্য ছিল। (তাঃ ইবনে কাছীর)

○ টীকা (আঃ ২৭) ঃ হাবীল একটি সুন্দর দুম্বা আনয়ন করেছিল এবং কাবীল আনয়ন করেছিল কতগুলো শস্যের খোসা। তা এনে একস্থানে রেখে দিল। আকাশ হতে অগ্নিশিখা এসে হাবীলের মান্নত সেই দুম্বাটি পুড়ায়ে দিল। সে সময় এটাই কবুল হওয়ার আলামত ছিল। (তাঃ আশরাফী)

إِنَّمَا يَتَقَبَّلُ اللَّهُ مِنَ الْمُتَّقِينَ ﴿٢٧﴾ لَئِن بَسَطتَ إِلَيَّ يَدَكَ لِتَقْتُلَنِي

ইন্নামা- ইয়াতাক্বাব্বালুল্লা-হু মিনাল মুত্তাক্বীন। ২৮। লাইম্ বাসাত্বতা ইলাইয়্যা ইয়াদাকা লিতাক্বতুলানী
আল্লাহ শুধু পরহেজগারদের থেকেই (কুরবানী) কবুল করেন। (২৮) তুমি যদি আমাকে হত্যা করার জন্য, আমার দিকে

مَا أَنَا بِبَاسِطٍ يَدِيَ إِلَيْكَ لِأَقْتُلَكَ ۖ إِنِّي أَخَافُ اللَّهَ رَبَّ الْعَالَمِينَ

মা~আনা বিবা-সিত্বিই ইয়াদিইয়া ইলাইকা লিআক্বতুলাক, ইন্নী~আখা-ফুল্লা-হা রাব্বাল্ 'আ-লামীন।
হাত বাড়াও, তথাপি তোমাকে হত্যা করার জন্য আমি তোমার দিকে হাত বাড়াব না। নিশ্চয় আমি তো বিশ্বজগতের প্রতিপালক আল্লাহকে ভয় করি।

إِنِّي أُرِيدُ أَن تَبُوءَ بِإِثْمِي وَإِثْمِكَ فَتَكُونَ مِنْ أَصْحَابِ النَّارِ ۚ وَذَٰلِكَ

২৯। ইন্নী~উরীদু আন্ তাবূ—আ বিইছমী ওয়া ইছমিকা ফাতাকূনা মিন্ আস্বহা-বিন্ নার, ওয়া যা-লিকা
(২৯) আমি তো চাই যে, আমার গুনাহ ও তোমার গুনাহ তুমিই বহন করে নাও, অতঃপর তুমি জাহান্নামের অধিবাসী হও। আর এটাই জালিমদের প্রতিফল

جَزَاءُ الظَّالِمِينَ ﴿٢٩﴾ فَطَوَّعَتْ لَهُ نَفْسُهُ قَتْلَ أَخِيهِ فَقَتَلَهُ فَأَصْبَحَ مِنَ الْخَاسِرِينَ

জাযা—উয্ যা-লিমীন। ৩০। ফাত্বাওয়া'আত্ লাহূ নাফ্সুহূ ক্বাতলা আখীহি ফাক্বাতালাহূ ফাআস্বাহা মিনাল খা-সিরীন।
হয়ে থাকে। (৩০) অতঃপর তার অন্তর তাকে নিজ ভাইকে হত্যা করতে উদ্বুদ্ধ করল। অতএব সে তাকে হত্যা করল, ফলে সে ক্ষতি গ্রস্তদের অন্তর্ভুক্ত হল।

فَبَعَثَ اللَّهُ غُرَابًا يَبْحَثُ فِي الْأَرْضِ لِيُرِيَهُ كَيْفَ يُوَارِي سَوْءَةَ أَخِيهِ

৩১। ফাবা'আছাল্লা-হু গুরা-বাই ইয়াব্হাছু ফিল আরদ্বি লিইউরিইয়াহূ কাইফা ইউওয়া-রী সাওআতা আখীহ ;
(৩১) অতঃপর আল্লাহ একটি কাক পাঠালেন। সে মাটি খনন করতে লাগল, ভাই-এর মৃতদেহ কিভাবে আবৃত করতে হয় তা শেখাবার জন্য।

قَالَ يَا وَيْلَتَا أَعَجَزْتُ أَنْ أَكُونَ مِثْلَ هَٰذَا الْغُرَابِ فَأُوَارِيَ سَوْءَةَ أَخِي

ক্বা-লা ইয়া- ওয়াইলাতা~আ'আজাযতু আন্ আকূনা মিছ্লা হা-যাল গুরা-বি ফাউওয়া-রিইয়া সাওআতা আখী,
সে বলল, হায় আফসোস! আমি কি এই কাকের মতও হতে অক্ষম হলাম যে, আমার ভাইয়ের মৃতদেহ আবৃত করতে পারি।

فَأَصْبَحَ مِنَ النَّادِمِينَ ﴿٣١﴾ مِنْ أَجْلِ ذَٰلِكَ كَتَبْنَا عَلَىٰ بَنِي إِسْرَائِيلَ أَنَّهُ

ফাআস্বাহা মিনান্ না-দিমীন। ৩২। মিন আজ্লি যা-লিক, কাতাব্না- 'আলা- বানী~ইস্রা—ঈলা আন্নাহূ
ফলে সে অনুতপ্ত হলো। (৩২) এ কারণেই আমি বনী ঈসরাঈলদের প্রতি এ বিধান নির্ধারণ করে দিয়েছি যে, যদি কেউ

مَن قَتَلَ نَفْسًا بِغَيْرِ نَفْسٍ أَوْ فَسَادٍ فِي الْأَرْضِ فَكَأَنَّمَا قَتَلَ النَّاسَ

মান্ ক্বাতালা নাফ্সাম বিগাইরি নাফসিন্ আও ফাসা-দিন্ ফিল আরদ্বি ফাকাআন্নামা- ক্বাতালান্ না-সা
কাউকে হত্যা করে, অন্য প্রাণের বিনিময় ব্যতীত, অথবা পৃথিবীতে অনিষ্টকর কার্য করা ব্যতীত, তবে সে যেন সকল লোকেরই হত্যা করল।

০ টীকা (আঃ ৩০) ঃ কাবীল ও হাবীলের ঘটনা ঃ কাবীল তার ভাই হাবীলকে হত্যা করার সুযোগ খুঁজতে ছিল। একদিন হাবীল পাহাড়ের উপর পশু চরাতে চরাতে ঘুমিয়ে পড়েন। ইতিমধ্যে কাবীল এসে তাকে ঘুমন্ত দেখে একটি পাথর উঠিয়ে তার মাথায় নিক্ষেপ করল। তৎক্ষণাৎ তিনি সে স্থানে মারা যান। সে তাকে হত্যা করে খোলা আকাশের নীচে রেখে আসছিল। কারণ সমাধিস্থ করার নিয়ম তার জানা ছিল না। এ সময় আল্লাহ তায়ালা দু'টি কাক প্রেরণ করেন, যারা পরস্পরে সম্পর্কীয়। কাক দুটির একটি অপরটিকে মেরে ফেলল। অতঃপর জীবিত কাকটি একটি গর্ত খনন করে তার মধ্যে মৃত কাকটিকে রেখে মাটি দিয়ে চাপা দিল। অতঃপর সে (কাবিল) কাকের কাছে শিখে তার ভায়ের মৃত দেহ অনুরূপ ভাবে রাখল। (তাঃ ইবনে কাছীর)

جَمِيعًا ۚ وَمَنْ أَحْيَاهَا فَكَأَنَّمَا أَحْيَا النَّاسَ جَمِيعًا ۚ وَلَقَدْ جَاءَتْهُمْ رُسُلُنَا

জামী'আ-; ওয়া মান্ আহ্ইয়া-হা- ফাকাআন্নামা~আহ্ইয়ান্ না-সা জামী'আ-; ওয়া লাক্বাদ জা—আত্হুম রুসুলুনা-
আর যে ব্যক্তি কারো প্রাণ রক্ষা করে, সে যেন সকল মানুষের প্রাণ রক্ষা করে। আর বনী ঈসরাঈলদের প্রতি আমার রাসূলগণ

بِالْبَيِّنَاتِ ثُمَّ إِنَّ كَثِيرًا مِّنْهُم بَعْدَ ذَٰلِكَ فِي الْأَرْضِ لَمُسْرِفُونَ

বিল বাইয়্যিনা-তি ছুম্মা ইন্না ক্বাছীরাম মিনহুম বা'দা যা-লিকা ফিল্ আরদ্বি লামুস্রিফূন।
স্পষ্ট নিদর্শনসহ এসেছিলেন। তারপরও তাদের মধ্যে অনেকেই পৃথিবীতে সীমালংঘনকারী রয়ে গেল।

إِنَّمَا جَزَاءُ الَّذِينَ يُحَارِبُونَ اللَّهَ وَرَسُولَهُ وَيَسْعَوْنَ فِي الْأَرْضِ

৩৩। ইন্নামা- জ্বাযা—উল্ লাযীনা ইউহ্বা-রিবূনাল্লা-হা ওয়া রাসূলাহূ ওয়া ইয়াস্'আওনা ফিল্ আরদ্বি
(৩৩) নিশ্চয় যারা আল্লাহ ও তাঁর রাসূলের বিরুদ্ধে যুদ্ধ করে ও পৃথিবীতে গোলযোগ সৃষ্টি করে বেড়ায় তাদের শাস্তি

فَسَادًا أَن يُقَتَّلُوا أَوْ يُصَلَّبُوا أَوْ تُقَطَّعَ أَيْدِيهِمْ وَأَرْجُلُهُم مِّنْ خِلَافٍ

ফাসা-দান আঁই ইউক্বাত্তালূ~আও ইউস্বাল্লাবূ~আও তুক্বাত্ত্বা'আ আইদীহিম ওয়া আরজুলুহুম মিন খিলা-ফিন্
এই যে, তাদেরকে হত্যা করা হবে অথবা তাদেরকে শূলবিদ্ধ করানো হবে অথবা তাদের হাত ও পা বিপরীত দিক থেকে কেটে

أَوْ يُنفَوْا مِنَ الْأَرْضِ ۚ ذَٰلِكَ لَهُمْ خِزْيٌ فِي الدُّنْيَا ۖ وَلَهُمْ فِي الْآخِرَةِ

আও ইউন্ফাও মিনাল্ আরদ্ব ; যা-লিকা লাহুম খিয্ইউন্ ফিদ্ দুন্ইয়া- ওয়া লাহুম ফিল্ আ-খিরাতি
ফেলা হবে অথবা তাদেরকে দেশ থেকে বহিষ্কার করে দেয়া হবে। আর এটা তো তাদের জন্য ইহকালে লাঞ্ছনা, আর পরকালে

عَذَابٌ عَظِيمٌ ﴿٣٣﴾ إِلَّا الَّذِينَ تَابُوا مِن قَبْلِ أَن تَقْدِرُوا عَلَيْهِمْ

'আযা-বুন্ 'আযীম। ৩৪। ইল্লাল্ লাযীনা তা-বূ মিন্ ক্বাবলি আন্ তাক্বদিরূ 'আলাইহিম,
তাদের জন্য রয়েছে মহা শাস্তি। (৩৪) কিন্তু তারা ব্যতীত, তোমাদের আয়ত্বে আসার পূর্বে যারা তওবা করবে।

فَاعْلَمُوا أَنَّ اللَّهَ غَفُورٌ رَّحِيمٌ ﴿٣٤﴾ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللَّهَ وَابْتَغُوا

ফা'লামূ~আন্নাল্লা-হা গাফূরুর্ রাহীম। ৩৫। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানুত্তাকুল্লা-হা ওয়াব্তাগূ~
জেনে রেখ, আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু। (৩৫) হে মুমিনগণ! তোমরা আল্লাহকে ভয় কর, এবং তাঁর সান্নিধ্য

إِلَيْهِ الْوَسِيلَةَ وَجَاهِدُوا فِي سَبِيلِهِ لَعَلَّكُمْ تُفْلِحُونَ ﴿٣٥﴾ إِنَّ الَّذِينَ كَفَرُوا

ইলাইহিল ওয়াসীলাতা ওয়া জ্বা-হিদূ ফী সাবীলিহী লা'আল্লাকুম তুফ্লিহূন। ৩৬। ইন্নাল্ লাযীনা কাফারূ
লাভের উপায় অন্বেষণ কর। আর তাঁর রাস্তায় জেহাদ কর, যাতে তোমরা সফলকাম হতে পার। (৩৬) যারা কুফরী করেছে

০ শানে নুযূল (আঃ ৩৩) ঃ হিজরী ষষ্ঠ বর্ষে উরাইনার কতিপয় লোক এসে ইসলাম গ্রহণপূর্বক মদীনায় বাস করছিল। কিন্তু মদীনার আবহাওয়া সহ্য না হওয়ায় তারা রোগাক্রান্ত হয়ে পড়ল। হুযূর (সা)-এর নিজস্ব পনরটি উট শহরের বাইরে এক বাগানে গোলাম ইয়াসার (রা)-এর রক্ষণাধীনে ছিল। এদেরকে তথায় পাঠিয়ে দেয়া হল, যেন উটের দুগ্ধ ও মূত্র খেয়ে রোগমুক্ত হয়। এরা কিছুদিনের মধ্যেই রোগমুক্ত হয়ে উটগুলি নিয়ে পলায়ন করতে লাগল। ইয়াসার (রা) পশ্চাদ্ধাবন করলে তারা তাঁকে ধরে হাত পা কেটে এবং চক্ষু ও জিহ্বায় কাঁটা বেঁধে শহীদ করল। সংবাদ পেয়ে হুযূর (সা) ইবনে জাবেরের নেতৃত্বে বিশ জন অশ্বারোহী পাঠালেন। তাঁরা তাদেরকে ধরে হুযূরের দরবারে হাযির করলেন, এই ডাকাতদের শাস্তি বিধানের জন্য এই আয়াতগুলি নাযিল হয়। (মুঃ কোঃ)

لَوْ اَنَّ لَهُمْ مَّا فِى الْاَرْضِ جَمِيْعًا وَّمِثْلَهٗ مَعَهٗ لِيَفْتَدُوْا بِهٖ مِنْ عَذَابِ يَوْمِ

লাও আন্না লাহুম্ মা- ফিল্ আরদ্বি জ্বামী'আওঁ ওয়া মিছ্লাহূ মা'আহূ লিইয়াফতাদূ বিহী মিন্ 'আযা-বি ইয়াওমিল্

তাদের জন্য যদি পৃথিবীর ভেতরে যা কিছু আছে তা এবং তার সাথে সমপরিমাণ আরো জিনিস থাকে, আর তা কিয়ামতের শাস্তি হতে মুক্তি পণ

الْقِيٰمَةِ مَا تُقُبِّلَ مِنْهُمْ ۚ وَلَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ۝٣٧ يُرِيْدُوْنَ اَنْ يَّخْرُجُوْا

ক্বিইয়া-মাতি মা- তুক্বুব্বিলা মিন্হুম, ওয়া লাহুম 'আযা-বুন আলীম। ৩৭। ইউরীদূনা আই ইয়াখ্রুজু

হিসেবে প্রদান করে, তবুও তা তাদের থেকে গ্রহণ করা হবে না এবং তাদের জন্য কষ্টদায়ক শাস্তি রয়েছে। (৩৭) তারা দোযখের

مِنَ النَّارِ وَمَا هُمْ بِخٰرِجِيْنَ مِنْهَا ۫ وَلَهُمْ عَذَابٌ مُّقِيْمٌ ۝٣٨ وَالسَّارِقُ

মিনান্ না-রি ওয়া মা-হুম বিখা-রিজ্বীনা মিন্হা, ওয়া লাহুম 'আযা-বুম্ মুক্বীম। ৩৮। ওয়াস্ সা-রিক্বু

আগুন থেকে বের হবার কামনা করবে, কিন্তু তারা সেখান থেকে কখনো বের হতে পারবে না। তাদের জন্য রয়েছে চিরস্থায়ী শাস্তি। (৩৮) পুরুষ চোর

وَالسَّارِقَةُ فَاقْطَعُوْٓا اَيْدِيَهُمَا جَزَآءًۢ بِمَا كَسَبَا نَكَالًا مِّنَ اللّٰهِ ؕ وَاللّٰهُ

ওয়াস্ সা-রিক্বাতু ফাক্বত্বা'উ~আইদিইয়াহুমা- জ্বাযা—আম্ বিমা- কাসাবা- নাকা-লাম্ মিনাল্লা-হ ; ওয়াল্লা-হু

ও মহিলা চোর, তাদের উভয়ের হাত কেটে দাও, তাদের কৃতকর্মের শাস্তিস্বরূপ। এটা আল্লাহর তরফ থেকে দৃষ্টান্তমূলক শাস্তি। আর আল্লাহ

عَزِيْزٌ حَكِيْمٌ ۝٣٩ فَمَنْ تَابَ مِنْۢ بَعْدِ ظُلْمِهٖ وَاَصْلَحَ فَاِنَّ اللّٰهَ يَتُوْبُ عَلَيْهِ ؕ

'আযীযুন হ্বাকীম। ৩৯। ফামান্ তা-বা মিম্ বা'দি যুল্মিহী ওয়া আস্বলাহ্বা ফাইন্নাল্লা-হা ইয়াতূবু 'আলাইহ ;

অতিশয় ক্ষমতাশীল, মহাবিজ্ঞ। (৩৯) কিন্তু অপরাধের পরে কেউ তওবা করলে এবং নিজেকে সংশোধন করলে, নিশ্চয় আল্লাহ তার প্রতি ক্ষমাপরায়ণ হবেন।

اِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ۝٤٠ اَلَمْ تَعْلَمْ اَنَّ اللّٰهَ لَهٗ مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ

ইন্নাল্লা-হা গাফূরুর্ রাহ্বীম। ৪০। আলাম তা'লাম আন্নাল্লা-হা লাহূ মুল্কুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্ব ;

নিশ্চয় আল্লাহ ক্ষমাশীল ও দয়ালু। (৪০) আপনি কি জানেন না যে, আসমান ও যমীনের সার্বভৌম ক্ষমতা একমাত্র আল্লাহরই।

يُعَذِّبُ مَنْ يَّشَآءُ وَيَغْفِرُ لِمَنْ يَّشَآءُ ؕ وَاللّٰهُ عَلٰى كُلِّ شَىْءٍ قَدِيْرٌ ۝٤١ يٰٓاَيُّهَا

ইউ'আয্যিবু মাই ইয়াশা—উ ওয়া ইয়াগ্ফিরু লিমাই ইয়াশা—উ ; ওয়াল্লা-হু 'আলা- কুল্লি শাইয়িন্ ক্বাদীর। ৪১। ইয়া~আইয়্যুহার্

তিনি যাকে ইচ্ছা শাস্তি দেন এবং যাকে ইচ্ছা ক্ষমা করে দেন। আল্লাহ সর্ব বিষয়ে শক্তিমান। (৪১) হে রাসূল!

الرَّسُوْلُ لَا يَحْزُنْكَ الَّذِيْنَ يُسَارِعُوْنَ فِى الْكُفْرِ مِنَ الَّذِيْنَ قَالُوْٓا اٰمَنَّا

রাসূলু লা- ইয়াহ্বযুনকাল্ লাযীনা ইউসা-রি'উনা ফিল কুফ্রি মিনাল্ লাযীনা ক্বা-লূ~আ-মান্না-

আপনাকে যেন চিন্তিত না করে (তাদের ব্যাপারে) যারা কুফরীতে দ্রুত ধাবিত হয়, যারা মুখে তো বলে আমরা ঈমান এনেছি,

○ শানে নুযূল (আঃ ৪১) ঃ খায়বারের কোন ইয়াহুদী পরিবারের দুইজন বিবাহিত পুরুষ ও নারী যিনা করল। তাওরাতে এর শাস্তি হল 'সঙ্গেসার'। তারা মদীনায় এসে রাসূল (সা)-কে জিজ্ঞাসা করল, আপনার নিকট এর বিধান কি? তিনি বললেন, "সঙ্গেসার'। তারা বলল, তাওরাতের বিধান তো এরূপ নয়, বরং ৪০ বেত এবং মুখে কালি মেখে গাধার পীঠে চড়ায়ে শহরে ঘুরানো। জিবরাঈল (আ) এসে হুযুর (সা)-কে বললেন, এরা মিথ্যা বলছে। আপনি ইয়াহুদী আলেম ইবনে সূরিয়াকে জিজ্ঞাসা করুন। জিজ্ঞাসা করলে ইবনে সূরিয়া বলল, তাওরাতেও সঙ্গেসারেরই বিধান। অতঃপর হুযুর (সা) রায় দিলেন, উভয়কে মসজিদের দরজার পার্শ্বে পাথর মেরে হত্যা করা হোক। এ সম্বন্ধে এ আয়াতগুলি নাযিল হয়। (মুঃ কোঃ)

بِاَفْوَاهِهِمْ وَلَمْ تُؤْمِنْ قُلُوْبُهُمْ ۛ وَمِنَ الَّذِيْنَ هَادُوْا ۛ سَمّٰعُوْنَ لِلْكَذِبِ

বিআফ্ওয়া-হিহিম ওয়া লাম তু'মিন্ কুলূবুহুম ; ওয়া মিনাল্ লাযীনা হা-দূ সাম্মা-'উনা লিল কাযিবি

অথচ তাদের অন্তর ঈমান আনে নি। আর ইয়াহুদীদের মধ্যে কতক এমন রয়েছে যারা অসত্য শ্রবণে অভ্যস্ত। তারা এমন এক

سَمّٰعُوْنَ لِقَوْمٍ اٰخَرِيْنَ ۙ لَمْ يَاْتُوْكَ ؕ يُحَرِّفُوْنَ الْكَلِمَ مِنْۢ بَعْدِ مَوَاضِعِهٖ ۚ

সাম্মা-'উনা লিক্বাওমিন আ-খারীনা লাম ইয়া'তূক ; ইউহ্বার্রিফূনাল কালিমা মিম্ বা'দি মাওয়া-দ্বি'ইহ,

সম্প্রদায়ের জন্য তারা কান পেতে শ্রবণ করে যারা আপনার কাছে আসে না। তারা শব্দগুলো সঠিকভাবে সাজানো থাকা সত্ত্বেও

يَقُوْلُوْنَ اِنْ اُوْتِيْتُمْ هٰذَا فَخُذُوْهُ وَاِنْ لَّمْ تُؤْتَوْهُ فَاحْذَرُوْا ؕ وَمَنْ يُّرِدِ

ইয়াক্বূলূনা ইন্ উতীতুম হা-যা- ফাখুযূহু ওয়াইল্লাম তু'তাওহু ফাহ্বযারূ ; ওয়া মাই ইউরিদি

সেগুলোর অর্থে বিকৃত রূপ দেয়। তারা বলে, তোমরা যদি এ রূপ বিধান পাও, তবে তা গ্রহণ কর। আর যদি না পাও, তবে বর্জন

اللّٰهُ فِتْنَتَهٗ فَلَنْ تَمْلِكَ لَهٗ مِنَ اللّٰهِ شَيْـًٔا ؕ اُولٰٓئِكَ الَّذِيْنَ لَمْ يُرِدِ اللّٰهُ

ল্লা-হু ফিত্নাতাহূ ফালান্ তাম্লিকা লাহূ মিনাল্লা-হি শাইআ- ; উলা—ইকাল্ লাযীনা লাম্ ইউরিদিল্লা-হু

করবে। আর আল্লাহ যাকে পথভ্রষ্ট করতে চান, তার জন্য আল্লাহর কাছে আপনার কোন কিছুই করার নেই। আল্লাহ চান না

اَنْ يُّطَهِّرَ قُلُوْبَهُمْ ؕ لَهُمْ فِى الدُّنْيَا خِزْىٌ ۚ وَّلَهُمْ فِى الْاٰخِرَةِ عَذَابٌ عَظِيْمٌ

আই ইউত্বাহ্হিরা কুলূবাহুম ; লাহুম ফিদ্ দুন্ইয়া- খিয্ইউওঁ ওয়া লাহুম ফিল আ-খিরাতি 'আযা-বুন 'আযীম।

তাদের অন্তরকে পবিত্র করতে। ইহকালে তাদের জন্য রয়েছে লাঞ্ছনা ও পরকালে তাদের জন্য রয়েছে ভীষণ শাস্তি।

سَمّٰعُوْنَ لِلْكَذِبِ اَكّٰلُوْنَ لِلسُّحْتِ ؕ فَاِنْ جَآءُوْكَ فَاحْكُمْ بَيْنَهُمْ

৪২। সাম্মা-'উনা লিল্ কাযিবি আক্কা-লূনা লিস্ সুহ্বত ; ফাইন্ জ্বা—উকা ফাহ্বকুম্ বাইনাহুম

(৪২) তারা মিথ্যা শ্রবণে খুব আগ্রহী এবং হারাম খাদ্যে অতিশয় আসক্ত। অতএব তারা যদি আপনার কাছে আসে, তবে আপনি তাদের মাঝে ফয়সালা করে দিন

اَوْ اَعْرِضْ عَنْهُمْ ۚ وَاِنْ تُعْرِضْ عَنْهُمْ فَلَنْ يَّضُرُّوْكَ شَيْـًٔا ؕ وَاِنْ

আও আ'রিদ্ব 'আন্হুম, ওয়া ইন্ তু'রিদ্ব 'আন্হুম ফালাই ইয়াদ্বুর্রূকা শাইআ- ; ওয়া ইন্

অথবা তাদের থেকে ফিরে থাকুন। যদি আপনি তাদের থেকে ফিরে থাকেন, তবে তারা আপনার বিন্দু মাত্রও ক্ষতি করতে পারবে না। আর যদি আপনি

حَكَمْتَ فَاحْكُمْ بَيْنَهُمْ بِالْقِسْطِ ؕ اِنَّ اللّٰهَ يُحِبُّ الْمُقْسِطِيْنَ ۝٤٢ وَكَيْفَ

হ্বাকাম্তা ফাহ্বকুম্ বাইনাহুম বিল ক্বিস্ত্ব ; ইন্নাল্লা-হা ইউহ্বিব্বুল মুক্বসিত্বীন। ৪৩। ওয়া কাইফা

তাদের মধ্যে ফয়সালা করেন, তবে ন্যায়ভাবে ফয়সালা করবেন। আল্লাহ ন্যায়পরায়ণদেরকেই ভালবাসেন। (৪৩) আর তারা

يُحَكِّمُوْنَكَ وَعِنْدَهُمُ التَّوْرٰىةُ فِيْهَا حُكْمُ اللّٰهِ ثُمَّ يَتَوَلَّوْنَ مِنْۢ بَعْدِ ذٰلِكَ ؕ

ইউহ্বাক্কিমূনাকা ওয়া 'ইন্দাহুমুত্ তাওরা-তু ফীহা- হুকমুল্লা-হি ছুম্মা ইয়াতাওয়াল্লাওনা মিম বা'দি যা-লিক ;

কিভাবে আপনার উপর ফয়সালার দায়িত্ব অর্পণ করবে? অথচ তাদের কাছে রয়েছে তাওরাত যাতে আল্লাহর হুকুম রয়েছে।

ع ৬ ১০ রুকূ

وَمَا أُولَٰئِكَ بِالْمُؤْمِنِينَ ﴿٤٤﴾ إِنَّا أَنزَلْنَا التَّوْرَاةَ فِيهَا هُدًى وَنُورٌ ۚ يَحْكُمُ

ওয়ামা~উলা~ইকা বিল মু'মিনীন। ৪৪। ইন্না~আন্‌যাল্‌নাত্ তাওরা-তা ফীহা- হুদাওঁ ওয়া নূর, ইয়াহ্কুমু

এর পরেও তারা মুখ ফিরিয়ে রাখে, তারা কখনই ঈমানদার নয়। (৪৪) নিশ্চয় আমি তাওরাত অবতীর্ণ করেছিলাম যার ভেতর হেদায়াত ও নূর ছিল।

بِهَا النَّبِيُّونَ الَّذِينَ أَسْلَمُوا لِلَّذِينَ هَادُوا وَالرَّبَّانِيُّونَ وَالْأَحْبَارُ بِمَا

বিহান্ নাবিয়্যূনাল্ লাযীনা আস্‌লামূ লিল্লাযীনা হা-দূ ওয়ার্ রাব্বা-নিইয়্যূনা ওয়াল্ আহ্বা-রু বিমাস্

আল্লাহর অনুগত নবীগণ, তদনুযায়ী ইয়াহুদীদের হুকুম দিতেন। আর আল্লাহভক্তগণ ও জ্ঞানীগণও। এ কারণে যে, তাদেরকে

اسْتُحْفِظُوا مِن كِتَابِ اللَّهِ وَكَانُوا عَلَيْهِ شُهَدَاءَ ۚ فَلَا تَخْشَوُا النَّاسَ

তুহ্ফিযূ মিন্ কিতা-বিল্লা-হি ওয়া কা-নূ 'আলাইহি শুহাদা—আ, ফালা- তাখ্‌শাউন্ না-সা

আল্লাহর কিতাবের সংরক্ষণের দায়িত্ব দেয়া হয়েছিল এবং তারা ছিল এর সাক্ষী। সুতরাং তোমরা মানুষকে ভয় কর না বরং আমাকেই ভয় কর।

وَاخْشَوْنِ وَلَا تَشْتَرُوا بِآيَاتِي ثَمَنًا قَلِيلًا ۚ وَمَن لَّمْ يَحْكُم بِمَا أَنزَلَ اللَّهُ

ওয়াখ্‌শাওনি ওয়ালা- তাশ্‌তারূ বিআ-ইয়া-তী ছামানান্ ক্বালীলা- ; ওয়ামাল্ লাম ইয়াহ্কুম্ বিমা~আন্‌যালাল্লা-হু

আর আমার আয়াতগুলোর বিনিময় তুচ্ছ বস্তু গ্রহণ করো না। আর যারা আল্লাহ যা অবতীর্ণ করেছেন সে অনুযায়ী ফয়সালা

فَأُولَٰئِكَ هُمُ الْكَافِرُونَ ﴿٤٥﴾ وَكَتَبْنَا عَلَيْهِمْ فِيهَا أَنَّ النَّفْسَ بِالنَّفْسِ

ফাউলা—ইকা হুমুল কা-ফিরূন। ৪৫। ওয়া কাতাব্‌না- 'আলাইহিম ফীহা~আন্নান্ নাফ্‌সা বিন্ নাফ্‌সি

না দিবে, তারাই পূর্ণ কাফির (৪৫) আর আমি তাদের জন্য তাতে (তাওরাতে) এ বিধান দিয়েছিলাম যে, প্রাণের বদলে প্রাণ,

وَالْعَيْنَ بِالْعَيْنِ وَالْأَنفَ بِالْأَنفِ وَالْأُذُنَ بِالْأُذُنِ وَالسِّنَّ بِالسِّنِّ

ওয়াল 'আইনা বিল 'আইনি ওয়াল্ আন্‌ফা বিল আন্‌ফি ওয়াল্ উযুনা বিল্ উযুনি ওয়াস্‌সিন্না বিস্‌সিন্নি

চোখের বদলে চোখ, নাকের বদলে নাক, কানের বদলে কান, দাঁতের বদলে দাঁত

وَالْجُرُوحَ قِصَاصٌ ۚ فَمَن تَصَدَّقَ بِهِ فَهُوَ كَفَّارَةٌ لَّهُ ۚ وَمَن لَّمْ يَحْكُم

ওয়াল জুরূহা ক্বিস্বা-স্ব ; ফামান তাস্বাদ্দাক্বা বিহী ফাহুওয়া কাফ্‌ফা-রাতুল্ লাহ ; ওয়ামাল্ লাম ইয়াহ্কুম

এবং বিশেষ যখমের বদলে অনুরূপ যখম। কিন্তু যে তা ক্ষমা করবে, তবে সে গুনাহ্ হতে পবিত্র হয়ে যাবে। আর আল্লাহ যা

بِمَا أَنزَلَ اللَّهُ فَأُولَٰئِكَ هُمُ الظَّالِمُونَ ﴿٤٦﴾ وَقَفَّيْنَا عَلَىٰ آثَارِهِم بِعِيسَى ابْنِ

বিমা~আন্‌যালাল্লা-হু ফাউলা—ইকা হুমুয্ যা-লিমূন। ৪৬। ওয়া ক্বাফ্‌ফাইনা- 'আলা~আ-ছা-রিহিম্ বি'ঈসাব্‌নি

অবতীর্ণ করেছেন সে অনুযায়ী যে ফয়সালা না করে, তবে তারাই তো যালিম (৪৬) এবং আমি তাদের পশ্চাতে প্রেরণ করেছিলাম

○ টীকা (আঃ ৪৫) ঃ কয়েকটি জরুরী মাসআলা ঃ অন্যায়ভাবে হত্যা করার শাস্তি, হত্যা। ন্যায়ের জন্য করা জায়েয, ভুল-বশতঃ বা অনিচ্ছাকৃত হত্যার শাস্তি কেছাছ নয় বরং দিয়ত অর্থাৎ খুনের জরিমানা। নিজের পুত্র, কন্যা ও গোলাম ব্যতীত ইতর ভদ্র নির্বিশেষে যাদেরকেই হত্যা করুক না কেন, খুনের শাস্তি কেছাছ হবে। পুত্র, কন্যা ও গোলামের ব্যবস্থা অনুরূপ। অঙ্গ-প্রত্যঙ্গের কর্তন ও যখম করার ক্ষেত্রে এবং নিজের সন্তান ও গোলামের বেলায় কেছাছ নেই। যে সকল যখমে ও অঙ্গচ্ছেদে তুল্য বদলা গ্রহণ সম্ভব নয়, তাতে ন্যায়বিচারকের বিবেচনা অনুযায়ী মীমাংসা হবে। হত্যার বিনিময় সম্বন্ধে নিহত ব্যক্তির ওলীর এবং যখমের বিনিময় সম্বন্ধে স্বয়ং আহত ব্যক্তির ক্ষমা করবার অধিকার আছে। (বঃ কোঃ)

مَرْيَمَ مُصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَيْهِ مِنَ التَّوْرَاةِ ۖ وَآتَيْنَاهُ الْإِنجِيلَ فِيهِ هُدًى

মারইয়ামা মুস্বাদ্দিক্বাল লিমা- বাইনা ইয়াদাইহি মিনাত্ তাওরা-হ, ওয়া আ-তাইনা-হুল ইন্‌জ্বীলা ফীহি হুদাওঁ

মারইয়াম-পুত্র ঈসাকে তার পূর্ববর্তী কিতাব তাওরাতের সমর্থক রূপে এবং আমি তাঁকে ইঞ্জিল দান করেছিলাম। যাতে হেদায়াত

وَنُورٌ وَمُصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَيْهِ مِنَ التَّوْرَاةِ وَهُدًى وَمَوْعِظَةً لِّلْمُتَّقِينَ ○

ওয়া নূরুওঁ ওয়া মুস্বাদ্দিক্বাল্ লিমা- বাইনা ইয়াদাইহি মিনাত্ তাওরা-তি ওয়া হুদাওঁ ওয়া মাও'ইযাতাল্ লিল মুত্তাক্বীন।

ও নূর ছিল, এবং এটা তার পূর্ববর্তী কিতাব তাওরাতের সত্যতার সমর্থক ছিল। আর মুত্তাকীদের জন্য হেদায়াত ও উপদেশ ছিল।

﴿٤٦﴾ وَلْيَحْكُمْ أَهْلُ الْإِنجِيلِ بِمَا أَنزَلَ اللَّهُ فِيهِ ۚ وَمَن لَّمْ يَحْكُم بِمَا

৪৭। ওয়াল্ ইয়াহ্কুম আহ্‌লুল ইনজ্বীলি বিমা~আন্‌যালাল্লা-হু ফীহ ; ওয়া মাল্ লাম ইয়াহ্কুম্ বিমা~

(৪৭) আর ইনজীল মতাবলম্বীদের উচিৎ যে, তার মধ্যে আল্লাহ যা অবতীর্ণ করেছেন সে অনুযায়ী হুকুম প্রদান করা। আর আল্লাহ্ যা

أَنزَلَ اللَّهُ فَأُولَٰئِكَ هُمُ الْفَاسِقُونَ ﴿٤٧﴾ وَأَنزَلْنَا إِلَيْكَ الْكِتَابَ بِالْحَقِّ

আন্‌যালাল্লা-হু ফাউলা—ইকা হুমুল ফা-সিকূন। ৪৮। ওয়া আন্‌যাল্‌না~ইলাইকাল কিতা-বা বিল হাক্বক্বি

অবতীর্ণ করেছেন সে অনুযায়ী যারা হুকুম করে না তারাই পাপাচারী। (৪৮) আর আমি আপনার প্রতি সত্যসহ কিতাব অবতীর্ণ করেছি,

مُصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَيْهِ مِنَ الْكِتَابِ وَمُهَيْمِنًا عَلَيْهِ ۖ فَاحْكُم بَيْنَهُم بِمَا

মুস্বাদ্দিক্বাল্ লিমা- বাইনা ইয়াদাইহি মিনাল্ কিতা-বি ওয়া মুহাইমিনান্ 'আলাইহি ফাহ্কুম বাইনাহুম বিমা~

যা পূর্বের কিতাবের সত্যতা প্রমাণকারী এবং তার সংরক্ষকও। তাই আল্লাহ যা অবতীর্ণ করেছেন সে অনুযায়ী তাদের মাঝে

أَنزَلَ اللَّهُ وَلَا تَتَّبِعْ أَهْوَاءَهُمْ عَمَّا جَاءَكَ مِنَ الْحَقِّ ۚ لِكُلٍّ جَعَلْنَا مِنكُمْ

আন্‌যালাল্লা-হু ওয়ালা- তাত্তাবি' আহ্‌ওয়া—আহুম 'আম্মা- জ্বা—আকা মিনাল হাক্বক্ব ; লিকুল্লিন জ্বা'আলনা- মিন্‌কুম

ফয়সালা করুন; আর যে সত্য আপনার নিকট এসেছে তা ছেড়ে তাদের কামনার অনুসরণ করবেন না। আমি তোমাদের প্রত্যেকের জন্য নির্দিষ্ট বিধান ও সুস্পষ্ট পথ নির্ধারণ

شِرْعَةً وَمِنْهَاجًا ۚ وَلَوْ شَاءَ اللَّهُ لَجَعَلَكُمْ أُمَّةً وَاحِدَةً وَلَٰكِن لِّيَبْلُوَكُمْ

শির্'আতাওঁ ওয়া মিন্‌হা-জ্বা- ; ওয়া লাও শা—আল্লা-হু লাজ্বা'আলাকুম উম্মাতাওঁ ওয়া-হিদাতাওঁ ওয়ালা-কিল লিইয়াব্‌লুওয়াকুম

করেছি। আল্লাহ ইচ্ছা করলে তোমাদের সকলকে জাতি হিসেবে এক (জাতি) করতে পারতেন। কিন্তু আল্লাহ্ যা তোমাদেরকে দান করেছেন তা দিয়ে তোমাদেরকে

فِي مَا آتَاكُمْ ۖ فَاسْتَبِقُوا الْخَيْرَاتِ ۚ إِلَى اللَّهِ مَرْجِعُكُمْ جَمِيعًا فَيُنَبِّئُكُم

ফী মা~আ-তা-কুম্ ফাস্‌তাবিক্বুল খাইরা-ত ; ইলাল্লা-হি মারজ্বি'উকুম জ্বামী'আন্ ফাইউনাব্বিউকুম্

পরীক্ষা করতে চান; সুতরাং তোমরা নেক কাজে ধাবিত হও; অতঃপর তোমাদের সকলকে আল্লাহর দিকে প্রত্যাবর্তন করতে হবে। অতএব যে ব্যাপারে তোমরা

بِمَا كُنتُمْ فِيهِ تَخْتَلِفُونَ ﴿٤٨﴾ وَأَنِ احْكُم بَيْنَهُم بِمَا أَنزَلَ اللَّهُ وَلَا تَتَّبِعْ

বিমা- কুন্‌তুম ফীহি তাখ্‌তালিফূন। ৪৯। ওয়া আনিহ্‌কুম্ বাইনাহুম্ বিমা~আন্‌যালাল্লা-হু ওয়ালা- তাত্তাবি'

মতভেদ করছিলে তিনি তা তোমাদেরকে জানিয়ে দিবেন। (৪৯) আর আল্লাহ যা অবতীর্ণ করেছেন সে অনুযায়ী আপনি তাদের মাঝে ফয়সালা করুন। আর

أَهْوَاءَهُمْ وَاحْذَرْهُمْ أَنْ يَفْتِنُوكَ عَنْ بَعْضِ مَا أَنْزَلَ اللَّهُ إِلَيْكَ ۖ فَإِنْ

আহ্ওয়া—আহুম ওয়াহ্যারহুম আই ইয়াফ্তিনূকা 'আম বা'দ্বি মা~আন্যালাল্লা-হু ইলাইক ; ফাইন্

তাদের কামনার অনুসরণ করবেন না এবং তাদের থেকে সতর্ক থাকুন যাতে আপনার উপর আল্লাহ যা অবতীর্ণ করেছেন তার কোন বিধান থেকে আপনাকে

تَوَلَّوْا فَاعْلَمْ أَنَّمَا يُرِيدُ اللَّهُ أَنْ يُصِيبَهُمْ بِبَعْضِ ذُنُوبِهِمْ ۗ وَإِنَّ

তাওয়াল্লাও ফা'লাম আন্নামা- ইউরীদুল্লা-হু আই ইউস্বীবাহুম্ বিবা'দ্বি যুনূবিহিম ; ওয়া ইন্না

বিচ্যুত না করতে পারে। অনন্তর যদি তারা ফিরে যায়, তবে জেনে রাখুন, আল্লাহ তো তাদের কোন কোন পাপের জন্য তাদেরকে বিপদগ্রস্ত করতে চান। আর

كَثِيرًا مِنَ النَّاسِ لَفَاسِقُونَ ۞ أَفَحُكْمَ الْجَاهِلِيَّةِ يَبْغُونَ ۚ وَمَنْ أَحْسَنُ

কাছীরাম্ মিনান্ না-সি লাফা-সিকূন। ৫০। আফাহুক্মাল জ্বা-হিলিইয়্যাতি ইয়াব্গূন ; ওয়া মান্ আহ্সানু

মানুষের মধ্যে অনেকেই তো পাপিষ্ঠ। (৫০) তবে কি তারা জাহেলী যুগের ফয়সালা কামনা করে? দৃঢ় প্রত্যয়ী সম্প্রদায়ের

مِنَ اللَّهِ حُكْمًا لِقَوْمٍ يُوقِنُونَ ۞ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا الْيَهُودَ

মিনাল্লা-হি হুক্মাল্ লিক্বাওমিই ইউক্বিনূন। ৫১। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ লা-তাত্তাখিযুল ইয়াহূদা

জন্য ফয়সালা দেয়ার ব্যাপারে আল্লাহর চেয়ে উত্তম আর কে আছে? (৫১) হে মুমিনগণ! তোমরা ইয়াহুদী

وَالنَّصَارَىٰ أَوْلِيَاءَ ۘ بَعْضُهُمْ أَوْلِيَاءُ بَعْضٍ ۚ وَمَنْ يَتَوَلَّهُمْ مِنْكُمْ فَإِنَّهُ

ওয়ান্নাস্বা-রা~আওলিয়া—আ। বা'দ্বুহুম আওলিইয়া—উ বা'দ্ব ; ওয়া মাই ইয়াতাওয়াল্লাহুম্ মিন্কুম ফাইন্নাহু

ও খ্রিস্টানদেরকে বন্ধু হিসেবে গ্রহণ কর না? তারা পরস্পর একে অপরের বন্ধু। আর যে তোমাদের মধ্যে তাদের সাথে বন্ধুত্ব করবে, সে তাদেরই মধ্যে

مِنْهُمْ ۗ إِنَّ اللَّهَ لَا يَهْدِي الْقَوْمَ الظَّالِمِينَ ۞ فَتَرَى الَّذِينَ فِي قُلُوبِهِمْ

মিন্হুম ; ইন্নাল্লা-হা লা-ইয়াহ্দিল ক্বাওমায্ যা-লিমীন। ৫২। ফাতারাল্ লাযীনা ফী ক্বুলূবিহিম

গণ্য হবে, নিশ্চয় আল্লাহ যালেম সম্প্রদায়কে হেদায়াত করেন না। (৫২) যাদের অন্তরে রোগ আছে, আপনি তাদেরকে দেখবেন,

مَرَضٌ يُسَارِعُونَ فِيهِمْ يَقُولُونَ نَخْشَىٰ أَنْ تُصِيبَنَا دَائِرَةٌ ۚ فَعَسَى اللَّهُ

মারাদ্বুই ইউসা-রি'উনা ফীহিম ইয়াকূলূনা নাখ্শা~আন্ তুস্বীবানা- দা—ইরাহ ; ফা'আসাল্লা-হু

তারা তাদের সাথে দ্রুত গিয়ে মিশতেছে। তারা বলে, আমাদের আশংকা হয় যে, কালের বিবর্তনে আমরা বিপদে পড়ে যাব। হয়তো অতিশীঘ্র আল্লাহ

أَنْ يَأْتِيَ بِالْفَتْحِ أَوْ أَمْرٍ مِنْ عِنْدِهِ فَيُصْبِحُوا عَلَىٰ مَا أَسَرُّوا فِي أَنْفُسِهِمْ

আঁই ইয়া'তিইয়া বিল্ ফাত্হি আও আম্‌রিম্ মিন্ 'ইন্দিহী ফাইউস্ববিহূ 'আলা- মা~আসার্রূ ফী~আনফুসিহিম

বিজয় অথবা তাঁর পক্ষ হতে এমন কোন কিছু দিবেন, যাতে তারা নিজ অন্তরে যা গোপন করছিল তার জন্য লজ্জিত

○ শানে নুযূল (আঃ ৫১) ঃ ....يايها الذين امنوا لاتتخذوا اليهود ঃ এ আয়াত আবদুল্লাহ ইবন উবাই সম্পর্কে নাযিল হয়েছে। আতীয়া ইবন সাআদ বলেন, উবাদা ইবনে সামিত বনী হারিছ ইবনে খাযরাজ গোত্র হতে প্রস্থান করে সোজা রাসূলুল্লাহ (সা)-এর নিকট গিয়ে বললেন, হে আল্লাহর রাসূল! আমার বহু ইয়াহুদী বন্ধু রয়েছে, কিন্তু আমি তাদের সাথে বন্ধুত্ব ভেংগে দিলাম। কেননা, তাদের বন্ধুত্বের চেয়ে আমি আল্লাহ ও তাঁর রাসূলের বন্ধুত্ব শ্রেষ্ঠ মনে করি। এর প্রেক্ষিতে আব্দুল্লাহ ইবনে উবাই ইবনে সালুল বলেন, আমি অবশ্য দূর-ভবিষ্যত চিন্তা করে সিদ্ধান্ত গ্রহণ করি। তাই আমি আমার পূর্বের বন্ধুদেরকে ত্যাগ করতে পারি না। তখন রাসূলুল্লাহ (সা) আবদুল্লাহ ইবনে উবাই ইবনে সালুলকে লক্ষ্য করে বললেন, হে আবুল হাব্বাব! তুমি এ ব্যাপারে উবাদা ইবনে সামিত হতে কেন পিছপা হচ্ছে? অথচ তোমারও এটা করা উচিত। অতঃপর আলোচ্য আয়াত নাযিল হয়। (তাঃ ইবনে কাছীর)

نَادِمِينَ ۞ وَيَقُولُ الَّذِينَ آمَنُوا أَهَٰؤُلَاءِ الَّذِينَ أَقْسَمُوا بِاللَّهِ جَهْدَ أَيْمَانِهِمْ ۙ

না-দিমীন। ৫৩। ওয়া ইয়াকূলুল্ লাযীনা আ-মানূ~আহা~উলা—ইল্ লাযীনা আক্সামূ বিল্লা-হি জ্বাহ্দা আইমা-নিহিম

হতে থাকবে (৫৩) আর মুমিনগণ বলবে, এরাই কি তারা যারা আল্লাহর নামে কঠিন শপথ করেছিল যে, তারা তোমাদেরই সাথে

إِنَّهُمْ لَمَعَكُمْ ۚ حَبِطَتْ أَعْمَالُهُمْ فَأَصْبَحُوا خَاسِرِينَ ۞ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا

ইন্নাহুম লামা'আকুম ; হ্বাবিত্বাত্ আ'মা-লুহুম ফাআস্ববাহূ খা-সিরীন। ৫৪। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ

আছে? ব্যর্থ হয়ে গেছে তাদের সব আমল। ফলে তারা ক্ষতিগ্রস্ত হয়ে গেল। (৫৪) হে মুমিনগণ! তোমাদের মধ্য হতে

مَنْ يَرْتَدَّ مِنْكُمْ عَنْ دِينِهِ فَسَوْفَ يَأْتِي اللَّهُ بِقَوْمٍ يُحِبُّهُمْ وَيُحِبُّونَهُ

মাই ইয়ার্তাদ্দা মিন্কুম 'আন্ দীনিহী ফাসাওফা ইয়া'তিল্লা-হু বিক্বাওমিই ইউহিব্বুহুম ওয়া ইউহিব্বূনাহূ~

কেউ নিজ ধর্ম হতে ফিরে গেলে অতিশীঘ্রই আল্লাহ এমন এক সম্প্রদায়কে তদস্থলে সৃষ্টি করবেন যাদেরকে তিনি ভালবাসবেন

أَذِلَّةٍ عَلَى الْمُؤْمِنِينَ أَعِزَّةٍ عَلَى الْكَافِرِينَ يُجَاهِدُونَ فِي سَبِيلِ اللَّهِ

আযিল্লাতিন 'আলাল মু'মিনীনা আ'ইয্যাতিন 'আলাল্ কা-ফিরীন, ইয়ুজ্বা-হিদূনা ফী সাবীলিল্লা-হি

এবং তারাও তাঁকে ভালবাসবে। তারা মুমিনগণের প্রতি সহনশীল এবং কাফিরদের প্রতি কঠোর হবেন, তারা আল্লাহর পথে

وَلَا يَخَافُونَ لَوْمَةَ لَائِمٍ ۚ ذَٰلِكَ فَضْلُ اللَّهِ يُؤْتِيهِ مَنْ يَشَاءُ ۚ وَاللَّهُ

ওয়ালা- ইয়াখা-ফূনা লাওমাতা লা—ইম ; যা-লিকা ফাদ্বলুল্লা-হি ইউ'তীহি মাই ইয়াশা—উ ; ওয়াল্লা-হু

যুদ্ধ করবে এবং কোন তিরস্কারকারীর তিরস্কারে ভয় করবে না; এটা আল্লাহর অনুগ্রহ, তিনি যাকে ইচ্ছা দান করেন। আল্লাহ

وَاسِعٌ عَلِيمٌ ۞ إِنَّمَا وَلِيُّكُمُ اللَّهُ وَرَسُولُهُ وَالَّذِينَ آمَنُوا الَّذِينَ يُقِيمُونَ

ওয়া-সি'উন 'আলীম। ৫৫। ইন্নামা-ওয়ালিইয়্যুকুমুল্লা-হু ওয়া রাসূলুহূ ওয়াল্লাযীনা আ-মানুল্ লাযীনা ইউক্বীমূনাস্ব

প্রাচুর্যময় ও মহাজ্ঞানী। (৫৫) তোমাদের বন্ধু তো একমাত্র আল্লাহ ও তাঁর রাসূল আর মুমিনগণ যারা

الصَّلَاةَ وَيُؤْتُونَ الزَّكَاةَ وَهُمْ رَاكِعُونَ ۞ وَمَنْ يَتَوَلَّ اللَّهَ وَرَسُولَهُ

স্বালা-তা ওয়া ইউ'তূনায্ যাকা-তা ওয়া হুম্ রা-কি'উন। ৫৬। ওয়া মাই ইয়াতাওয়াল্লাল্লা-হা ওয়া রাসূলাহূ

সালাত কায়েম করে এবং যাকাত আদায় করে এবং তারা বিনম্র। (৫৬) আর যারা বন্ধুত্ব করবে আল্লাহ ও তাঁর রাসূল এবং

وَالَّذِينَ آمَنُوا فَإِنَّ حِزْبَ اللَّهِ هُمُ الْغَالِبُونَ ۞ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا

ওয়াল্লাযীনা আ-মানূ ফাইন্না হিয্বাল্লা-হি হুমুল গা-লিবূন। ৫৭। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ

মুমিনদের সাথে (তারাই আল্লাহপন্থী) আল্লাহর দল অবশ্যই বিজয়ী হবে। (৫৭) হে মুমিনগণ! তোমরা তাদেরকে

لَا تَتَّخِذُوا الَّذِينَ اتَّخَذُوا دِينَكُمْ هُزُوًا وَلَعِبًا مِنَ الَّذِينَ أُوتُوا

লা- তাত্তাখিযুল্ লাযীনাত্তাখাযূ দীনাকুম হুযুওয়াওঁ ওয়া লা'ইবাম মিনাল্ লাযীনা উতূল

বন্ধুরূপে গ্রহণ করো না, যারা তোমাদের দ্বীনকে উপহাস ও খেলার বস্তু হিসেবে গ্রহণ করে। তোমাদের পূর্বে যাদেরকে

الكتب من قبلكم والكفار اولياء واتقوا الله ان كنتم مؤمنين

কিতা-বা মিন্ ক্বাবলিকুম ওয়াল কুফ্ফা-রা আওলিইয়া—আ, ওয়াত্তাকুল্লা-হা ইন্ কুনতুম মু'মিনীন।
কিতাব দেয়া হয়েছে তাদের মধ্য হতে এবং অন্যান্য কাফিরদেরকে বন্ধু হিসেবে গ্রহণ করোনা এবং আল্লাহকে ভয় কর, যদি তোমরা মুমিন হও।

واذا ناديتم الى الصلوة اتخذوها هزوا ولعبا ذلك بانهم قوم

৫৮। ওয়া ইযা- না-দাইতুম ইলাস্ব স্বালা-তিত্ তাখাযূহা- হুযুওয়াওঁ ওয়া লা'ইবা- ; যা-লিকা বিআন্নাহুম ক্বাওমুল
(৫৮) আর যখন তোমরা সালাতের (নামায) জন্য ডাক, তারা সেটাকে, খেলার বস্তু হিসেবে গণ্য করে উপহাস করে, এর কারণ এই যে, তারা নির্বোধ

لا يعقلون ۝ قل يا هل الكتب هل تنقمون منا الا ان امنا بالله

লা- ইয়া'ক্বিলূন। ৫৯। কুল্ ইয়া~আহ্লাল কিতা-বি হাল তান্ক্বিমূনা মিন্না~ইল্লা~আন্ আ-মান্না- বিল্লা-হি
সম্প্রদায়। (৫৯) আপনি বলে দিন, হে আহলে কিতাবগণ! আমাদের প্রতি তোমাদের বিরোধ শুধু এ কারণ ছাড়া আর কি যে, আমরা ঈমান এনেছি আল্লাহর প্রতি এবং ঐ

وما انزل الينا وما انزل من قبل وان اكثركم فسقون ۝ قل هل

ওয়ামা~উন্যিলা ইলাইনা- ওয়ামা~উন্যিলা মিন ক্বাব্লু ওয়া আন্না আকছারাকুম ফা-সিকূন। ৬০। কুল হাল্
কিতাবের প্রতি যা আমাদের উপর অবতীর্ণ হয়েছে এবং ঐ কিতাবের প্রতি যা আমাদের পূর্বে অবতীর্ণ হয়েছে। আর তোমাদের মধ্যে অধিকাংশই পাপিষ্ঠ। (৬০) আপনি বলুন,

انبئكم بشر من ذلك مثوبة عند الله من لعنه الله وغضب عليه وجعل

উনাব্বিউকুম বিশার্রিম মিন যা-লিকা মাছূবাতান 'ইন্দাল্লা-হ ; মাল লা'আনাহুল্লা-হু ওয়া গাদ্বিবা 'আলাইহি ওয়া জ্বা'আলা
আমি কি তোমাদের এর চেয়েও নিকৃষ্ট বিষয়ের সংবাদ দিব, যা আল্লাহর নিকট আছে? আল্লাহ যাকে অভিশাপ দিয়েছেন ও যার উপর ক্রোধান্বিত হয়েছেন। আর

منهم القردة والخنازير وعبد الطاغوت اولئك شر مكانا واضل

মিনহুমুল ক্বিরাদাতা ওয়াল্ খানা-যীরা ওয়া 'আবাদাত্ব ত্বা-গূত ; উলা—ইকা শার্রুম্ মাকা-নাওঁ ওয়া আদ্বাল্লু
যাদের কতককে বানর ও কতককে শুকর বানিয়ে দিয়েছেন। আর যারা তাগুতের (শয়তান) ইবাদত করেছে, এরূপ লোকেরাই মর্যাদার দিক দিয়ে খুবই নিকৃষ্ট

عن سواء السبيل ۝ واذا جاءوكم قالوا امنا وقد دخلوا بالكفر

'আন্ সাওয়া—ইস্ সাবীল। ৬১। ওয়া ইযা- জ্বা—উকুম ক্বা-লূ~আ-মান্না- ওয়া ক্বাদ্ দাখালূ বিল কুফ্রি
আর তারাই সরল পথ থেকে অনেক দূরে। (৬১) আর তারা যখন তোমাদের কাছে আসে তখন বলে, আমরা ঈমান এনেছি; অথচ তারা কুফর অবস্থায়ই প্রবেশ করে,

وهم قد خرجوا به والله اعلم بما كانوا يكتمون ۝ وترى كثيرا

ওয়া হুম ক্বাদ্ খারাজু বিহ ; ওয়াল্লা-হু আ'লামু বিমা- কা-নূ ইয়াক্তুমূন। ৬২। ওয়া তারা- কাছীরাম্
এবং তারা কুফরী সহই বের হয়ে গেছে। আর আল্লাহ তো ভালভাবেই জানেন তারা যা গোপন করে। (৬২) আর আপনি

منهم يسارعون في الاثم والعدوان واكلهم السحت لبئس

মিন্হুম ইউসা-রি'উনা ফিল্ ইছ্মি ওয়াল 'উদ্ওয়া-নি ওয়া আক্লিহিমুস্ সুহ্ত ; লাবি'সা
তাদের অধিকাংশকেই গুনাহে সীমালংঘনে ও হারাম ভক্ষণে উৎসাহী দেখবেন। তারা যা করছে

ما كانوا يعملون ۝ لولا ينههم الربنيون والاحبار عن قولهم الاثم

মা- কা-নূ ইয়া'মালূন। ৬৩। লাওলা- ইয়ান্হা-হুমুর্ রাব্বা-নিইয়্যূনা ওয়াল আহ্বা-রু 'আন্ ক্বাওলিহিমুল ইছ্মা
তা কতই নিকৃষ্ট। (৬৩) তাদের ধর্মীয়-নেতাগণ ও আলেমগণ কেন তাদেরকে গুনাহের কথা বলতে ও হারাম খাওয়ার

واكلهم السحت لبئس ما كانوا يصنعون ۝ وقالت اليهود يد الله

ওয়া আক্লিহিমুস্ সুহ্ত ; লাবি'সা মা- কা-নূ ইয়াস্বনা'ঊন। ৬৪। ওয়াক্বা-লাতিল ইয়াহূদু ইয়াদুল্লা-হি
ব্যাপারে নিষেধ করে না? তারা যা করে তা কতইনা নিকৃষ্ট। (৬৪) ইয়াহূদীরা বলে, আল্লাহর হাত বন্ধ হয়ে গেছে বরং তাদের

مغلولة غلت ايديهم ولعنوا بما قالوا بل يداه مبسوطتن ينفق

মাগলূলাহ ; গুল্লাত আইদীহিম ওয়া লু'ইনূ বিমা- ক্বা-লূ। বাল ইয়াদা-হু মাব্সূত্বাতা-নি ইউনফিক্বু
হাতই বন্ধ হয়ে গেছে এবং তারা যা বলেছে সে জন্য তারা অভিশপ্ত হয়েছে। বরং তাঁর উভয় হাতই প্রসারিত। যেভাবে ইচ্ছা

كيف يشاء وليزيدن كثيرا منهم ما انزل اليك من ربك طغيانا

কাইফা ইয়াশা—উ ; ওয়ালাইয়াযীদান্না কাছীরাম্ মিন্হুম্ মা~উন্যিলা ইলাইকা মির্ রাব্বিকা ত্বুগ্ইয়া-নাওঁ
তিনি সেভাবে ব্যয় করেন। আর আপনার প্রতিপালকের নিকট থেকে যা আপনার প্রতি অবতীর্ণ হয়েছে তাতে তাদের অনেকেরই

وكفرا والقينا بينهم العداوة والبغضاء الى يوم القيمة كلما

ওয়া কুফ্রা- ; ওয়া আল্ক্বাইনা-বাইনাহুমুল 'আদা-ওয়াতা ওয়াল্ বাগ্দ্বা—আ ইলা- ইয়াওমিল্ ক্বিইয়া-মাহ ; কুল্লামা~
বিদ্রোহ ও কুফরী বৃদ্ধি পাবে এবং আমি তাদের পরস্পরের মধ্যে কিয়ামত পর্যন্ত শত্রুতা ও হিংসা সৃষ্টি করে দিয়েছি। যখনই তারা যুদ্ধের জন্য

اوقدوا نارا للحرب اطفاها الله ويسعون في الارض فسادا والله

আওক্বাদূ না-রাল্ লিল্হার্বি আত্বফাআহাল্লা-হু ওয়া ইয়াস্'আওনা ফিল আর্দ্বি ফাসা-দা- ; ওয়াল্লা-হু
আগুন প্রজ্জ্বলিত করতে চায়, আল্লাহ তা নিভিয়ে দেন। আর তারাই ভূ-পৃষ্ঠে গোলযোগ সৃষ্টি করে বেড়ায়। আর আল্লাহ গোলযোগ

لا يحب المفسدين ۝ ولو ان اهل الكتب امنوا واتقوا لكفرنا

লা- ইউহিব্বুল মুফ্সিদীন। ৬৫। ওয়া লাও আন্না আহ্লাল কিতা-বি আ-মানূ ওয়াত্তাক্বাও লাকাফ্ফার্না-
সৃষ্টিকারীকে ভালবাসেন না। (৬৫) কিতাবীগণ যদি ঈমান আনত ও তাক্ওয়া অবলম্বন করত, তবে অবশ্যই আমি তাদের

عنهم سياتهم ولادخلنهم جنت النعيم ۝ ولو انهم اقاموا التورىة

'আন্হুম সাইয়্যিআ-তিহিম ওয়া লাআদ্খাল্না-হুম জ্বান্না-তিন না'ঈম। ৬৬। ওয়া লাও আন্নাহুম আক্বা-মুত্ তাওরা-তা
সকল গুনাহ মাফ করে দিতাম এবং অবশ্যই তাদেরকে প্রশান্তিময় জান্নাতে প্রবেশ করাতাম। (৬৬) আর যদি তারা তাওরাত ও

○ টীকা (আঃ ৬৩) ঃ ......لولا ينهاهم ঃ রাসূলুল্লাহ (সা) বলেন, কোন কওমের কোন লোক যদি পাপাচারে লিপ্ত থাকে এবং সে কওমের অন্য লোক তা থেকে তাকে বিরত রাখার শক্তি থাকা সত্ত্বেও যদি তারা তাকে বিরত না রাখে, তা হলে, মৃত্যুর পূর্বে তাদের উপর আল্লাহ তায়ালা আযাব অবতীর্ণ করবেন। (তাঃ ইবনে কাছীর) ○ শানে নুযূল (আঃ ৬৪) ঃ وقالت اليهود يد الله مغلولة ঃ ইবনে আব্বাস (রা) বলেন, শাম ইবনে কাইস নামক এক ইয়াহূদী (মুসলমানদেরকে) বলেছিল যে, তোমাদের প্রভু কৃপণ। তিনি কখনো ব্যয় করেন না। অতঃপর আল্লাহ তায়ালা এ আয়াত নাযিল করেন। (তাঃ ইবনে কাছীর)

وَالْاِنْجِيْلَ وَمَآ اُنْزِلَ اِلَيْهِمْ مِّنْ رَّبِّهِمْ لَاَكَلُوْا مِنْ فَوْقِهِمْ وَمِنْ تَحْتِ

ওয়াল ইন্‌জীলা ওয়া মা~উন্‌যিলা ইলাইহিম মির্‌ রাব্বিহিম লাআকালূ মিন্‌ ফাওক্বিহিম ওয়া মিন্‌ তাহ্‌তি

ইনজীল এবং তাদের প্রতিপালকের তরফ থেকে তাদের প্রতি যা অবতীর্ণ হয়েছে তা বাস্তবায়ন করত, তবে অবশ্যই তারা তাদের উপরিভাগ হতে এবং

اَرْجُلِهِمْ ؕ مِنْهُمْ اُمَّةٌ مُّقْتَصِدَةٌ ؕ وَكَثِيْرٌ مِّنْهُمْ سَآءَ مَا يَعْمَلُوْنَ ﴿٦٦﴾ يٰٓاَيُّهَا

আর্‌জুলিহিম ; মিন্‌হুম উম্মাতুম্‌ মুক্বতাস্বিদাহ ; ওয়া কাছীরুম্‌ মিন্‌হুম সা—আ মা- ইয়া'মালূন। ৬৭। ইয়া~আইয়্যুহার্‌

তাদের পদতল হতে আহার লাভ করত। তাদের মধ্যে একদল আছে মধ্যপন্থী। আর তাদের অধিকাংশই যা করে তা অতি জঘন্য। (৬৭) হে রাসূল!

৯ ع ১৩ রুকূ

الرَّسُوْلُ بَلِّغْ مَآ اُنْزِلَ اِلَيْكَ مِنْ رَّبِّكَ ؕ وَاِنْ لَّمْ تَفْعَلْ فَمَا بَلَّغْتَ رِسٰلَتَهٗ ؕ

রাসূলু বাল্লিগ্‌ মা~উন্‌যিলা ইলাইকা মির্‌ রাব্বিক ; ওয়া ইল্লাম তাফ্‌'আল ফামা- বাল্লাগতা রিসা-লাতাহ ;

আপনার প্রতিপালকের তরফ থেকে আপনার প্রতি যা অবতীর্ণ করা হয়েছে আপনি তা প্রচার করুন। আর যদি না করেন, তবে আপনি তাঁর পয়গাম প্রচার করলেন না।

وَاللّٰهُ يَعْصِمُكَ مِنَ النَّاسِ ؕ اِنَّ اللّٰهَ لَا يَهْدِى الْقَوْمَ الْكٰفِرِيْنَ ﴿٦٧﴾ قُلْ

ওয়াল্লা-হু ইয়া'স্বিমুকা মিনান্‌ না-স ; ইন্নাল্লা-হা লা- ইয়াহ্‌দিল ক্বাওমাল কা-ফিরীন। ৬৮। ক্বুল

আল্লাহ আপনাকে মানুষের (কাফির) অনিষ্ট থেকে হেফাজত করবেন। নিশ্চয় আল্লাহ কাফির সম্প্রদায়কে সঠিক পথ দেখান না। (৬৮) আপনি বলে দিন,

يٰٓاَهْلَ الْكِتٰبِ لَسْتُمْ عَلٰى شَىْءٍ حَتّٰى تُقِيْمُوا التَّوْرٰىةَ وَالْاِنْجِيْلَ وَمَآ

ইয়া~আহ্‌লাল্‌ কিতা-বি লাস্‌তুম 'আলা- শাইয়িন হাত্তা- তুক্বীমুত্‌ তাওরা-তা ওয়াল ইন্‌জীলা ওয়া মা~

হে আহলে কিতাবগণ! তোমরা কোন কিছুর উপর (প্রতিষ্ঠিত) নও যতক্ষণ না তোমরা তাওরাত, ইনজীল এবং তোমাদের প্রতিপালকের তরফ থেকে

اُنْزِلَ اِلَيْكُمْ مِّنْ رَّبِّكُمْ ؕ وَلَيَزِيْدَنَّ كَثِيْرًا مِّنْهُمْ مَّآ اُنْزِلَ اِلَيْكَ مِنْ

উন্‌যিলা ইলাইকুম্‌ মির্‌ রাব্বিকুম ; ওয়া লাইয়াযীদান্না কাছীরাম্‌ মিনহুম্‌ মা~উন্‌যিলা ইলাইকা মির্‌

তোমাদের প্রতি যা অবতীর্ণ হয়েছে তা প্রতিষ্ঠা (আমল) না করবে। তাদের অধিকাংশের বিদ্রোহ ও কুফরী অবশ্যই বৃদ্ধি পাবে, যা আপনার

رَّبِّكَ طُغْيَانًا وَّكُفْرًا ۚ فَلَا تَاْسَ عَلَى الْقَوْمِ الْكٰفِرِيْنَ ﴿٦٨﴾ اِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا

রাব্বিকা তুগ্‌ইয়া-নাওঁ ওয়া কুফ্‌রা-, ফালা- তা'সা 'আলাল ক্বাওমিল কা-ফিরীন। ৬৯। ইন্নাল্‌ লাযীনা আ-মানূ

প্রতিপালকের পক্ষ থেকে আপনার প্রতি অবতীর্ণ হয়েছে তাতে। সুতরাং আপনি কাফির সম্প্রদায়ের উপর আফসোস করবেন না। (৬৯) নিশ্চয় মুমিনগণ,

وَالَّذِيْنَ هَادُوْا وَالصّٰبِئُوْنَ وَالنَّصٰرٰى مَنْ اٰمَنَ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ

ওয়াল্লাযীনা হা-দূ ওয়াস্‌স্বা-বিউনা ওয়ান্নাস্বা-রা- মান আ-মানা বিল্লা-হি ওয়াল্‌ ইয়াওমিল আ-খিরি

ইয়াহুদীগণ, সাবীগণ ও খ্রিষ্টানগণের মধ্যে যারা আল্লাহর প্রতি এবং আখিরাতের প্রতি ঈমান আনবে এবং

○ টীকা (আঃ ৬৭) ঃ والله يعصمك من الناس ঃ হযরত আয়েশা (রা) বলেন, রাসূলে করীম (সা) প্রহরী বেষ্টিত থাকা অবস্থায় والله يعصمك من الناس, আয়াতটি নাযিল হয়। ফলে তৎক্ষণাৎ রাসূলুল্লাহ (সা) তাঁবু থেকে মাথা বের করে বলেন, হে লোক সকল! তোমরা চলে যাও। আল্লাহ স্বয়ং আমাকে তাঁর আশ্রয়ে নিয়েছেন। (তাঃ ইবনে কাছীর)

○ টীকা (আঃ ৬৮) ঃ এই আয়াতটির সারমর্ম এই যে, হে আহলে কিতাবগণ! তোমরা যে পন্থায় রয়েছ, আল্লাহর নিকট এটা কোন পন্থাই নয়। এই পথে থেকে কখনো তোমরা নাজাত পাবে না। একমাত্র ইসলাম গ্রহণের উপরই মুক্তি নির্ভর করে। (বঃ কোঃ)

وَعَمِلَ صَالِحًا فَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُوْنَ ﴿٦٩﴾ لَقَدْ اَخَذْنَا

ওয়া 'আমিলা স্বা-লিহান্‌ ফালা- খাওফুন 'আলাইহিম ওয়ালা- হুম ইয়াহ্‌যানূন। ৭০। লাক্বাদ্‌ আখাযনা-

নেক আমল করবে, তাদের (শেষ দিবসে) কোন ভয় নেই এবং তাঁরা বিষণ্ণও হবে না। (৭০) নিশ্চয় আমি বনী ইসরাঈলের

مِيْثَاقَ بَنِىْٓ اِسْرَآءِيْلَ وَاَرْسَلْنَآ اِلَيْهِمْ رُسُلًا ؕ كُلَّمَا جَآءَهُمْ رَسُوْلٌ

মীছা-ক্বা বানী~ইস্‌রা—ঈলা ওয়া আর্‌সাল্‌না~ইলাইহিম রুসুলা- ; কুল্লামা- জ্বা—আহুম রাসূলুম্‌

কাছ থেকে অঙ্গীকার নিয়েছিলাম এবং তাদের নিকট বহু রাসূল পাঠিয়েছিলাম। যখনই তাদের নিকট কোন রাসূল এমন কিছু নিয়ে আসতেন যা

بِمَا لَا تَهْوٰٓى اَنْفُسُهُمْ ۙ فَرِيْقًا كَذَّبُوْا وَفَرِيْقًا يَّقْتُلُوْنَ ﴿٧٠﴾ وَحَسِبُوْٓا اَلَّا

বিমা- লা- তাহ্‌ওয়া~আনফুসুহুম ফারীক্বান্‌ কায্‌যাবূ ওয়া ফারীক্বাই ইয়াক্বতুলূন।৭১। ওয়া হ্বাসিবূ~আল্লা-

তাদের মনঃপূত হতো না তখনই তারা কতিপয়কে মিথ্যাবাদী বলত এবং অন্য কতিপয়কে হত্যা করত। (৭১) তারা এ ধারণা করেছিল যে,

تَكُوْنَ فِتْنَةٌ فَعَمُوْا وَصَمُّوْا ثُمَّ تَابَ اللّٰهُ عَلَيْهِمْ ثُمَّ عَمُوْا وَصَمُّوْا كَثِيْرٌ

তাকূনা ফিত্‌নাতুন্‌ ফা'আমূ ওয়া স্বাম্মূ ছুম্মা তা-বাল্লা-হু 'আলাইহিম ছুম্মা 'আমূ ওয়া স্বাম্মূ কাছীরুম্‌

তাদের কোন ক্ষতি হবে না। ফলে তারা আরো অন্ধ ও বধির হয়ে গেল। অতঃপর আল্লাহ পুনরায় তাদের তওবা কবুল করলেন, তারপর তাদের অনেকেই অন্ধ

مِّنْهُمْ ؕ وَاللّٰهُ بَصِيْرٌۢ بِمَا يَعْمَلُوْنَ ﴿٧١﴾ لَقَدْ كَفَرَ الَّذِيْنَ قَالُوْٓا اِنَّ اللّٰهَ هُوَ

মিন্‌হুম ; ওয়াল্লা-হু বাস্বীরুম্‌ বিমা- ইয়া'মালূন। ৭২। লাক্বাদ কাফারাল্‌ লাযীনা ক্বা-লূ~ইন্নাল্লা-হা হুওয়াল

ও বধির হয়ে রইল। বস্তুত তাদের সকল কার্যক্রম আল্লাহ দেখেন। (৭২) নিশ্চয় কাফির হয়েছে সে সব লোক যারা বলেছে,

الْمَسِيْحُ ابْنُ مَرْيَمَ ؕ وَقَالَ الْمَسِيْحُ يٰبَنِىْٓ اِسْرَآءِيْلَ اعْبُدُوا اللّٰهَ

মাসীহুব্‌নু মারইয়াম ; ওয়া ক্বা-লাল্‌ মাসীহু ইয়া-বানী~ইস্‌রা—ঈলা' বুদুল্লা-হা

মারইয়াম পুত্র মসীহই আল্লাহ। অথচ মসীহ বলেছিল, হে বনী ঈসরাইল! তোমরা আল্লাহর ইবাদত কর, যিনি আমার ও তোমাদের

رَبِّىْ وَرَبَّكُمْ ؕ اِنَّهٗ مَنْ يُّشْرِكْ بِاللّٰهِ فَقَدْ حَرَّمَ اللّٰهُ عَلَيْهِ الْجَنَّةَ وَمَاْوٰىهُ

রাব্বী ওয়া রাব্বাকুম ; ইন্নাহূ মাই ইউশ্‌রিক বিল্লা-হি ফাক্বাদ্‌ হ্বার্‌রামাল্লা-হু 'আলাইহিল জান্নাতা ওয়া মা'ওয়া-হুন্‌

প্রতিপালক। নিশ্চয়ই যে আল্লাহর সাথে শরীক করে, আল্লাহ তার উপর অবশ্যই জান্নাত হারাম করে দিবেন এবং তাঁর বাসস্থান

النَّارُ ؕ وَمَا لِلظّٰلِمِيْنَ مِنْ اَنْصَارٍ ﴿٧٢﴾ لَقَدْ كَفَرَ الَّذِيْنَ قَالُوْٓا اِنَّ اللّٰهَ

না-র ; ওয়া মা-লিয্‌যা-লিমীনা মিন্‌ আন্‌স্বা-র। ৭৩। লাক্বাদ কাফারাল্‌ লাযীনা ক্বা-লূ~ইন্নাল্লা-হা

হবে জাহান্নাম। এবং যালেমদের কোনই সাহায্যকারী হবে না। (৭৩) সেসব লোক অবশ্যই কাফির হয়েছে, যারা বলে, আল্লাহ

○ টীকা (আঃ ৭১) ঃ অর্থাৎ বনী ইসরাঈলদের নিকট হতে আল্লাহ্ তা'আলা ওয়াদা নিয়েছিলেন যে, আল্লাহর প্রেরিত সমস্ত নবীর প্রতি ঈমান আনবে ও তাঁদের আনুগত্য করবে। কিন্তু তারা মানল না। ফলে আল্লাহ বোখত্ নাছার নামক এক জালিম বাদশাহকে তাদের উপর চড়াও করে দিলেন। এর হাতে তারা নানা প্রকার অপমান ও লাঞ্ছনা ভোগ করতে লাগল। আবার আল্লাহর নিকট কান্নাকাটি করে তওবা করল। আল্লাহ তাদের তওবা কবুল করলেন এবং এই লাঞ্ছনা ও অপমান হতে মুক্তি দিলেন। আবার তারা হযরত ইয়াহ্ইয়াকে হত্যা করল এবং হযরত ঈসাকে হত্যা করার ষড়যন্ত্র করল। অর্থাৎ তারা পুনরায় আল্লাহর হুকুম-আহ্কাম হতে অন্ধ ও বধির হয়ে গেল। মোটকথা, তাদের অভ্যাসের পরিবর্তন হল না। (ফতহুল বায়ান)

ثالث ثلثة وما من اله الا اله واحد وان لم ينتهوا عما يقولون

ছা-লিছু ছালা-ছাহ্। ওয়ামা- মিন ইলা-হিন ইল্লা~ইলা-হুওঁ ওয়া-হিদ ; ওয়াইল্ লাম ইয়ান্তাহূ 'আম্মা- ইয়াক্বূলূনা

তিনজনার মধ্যে একজন। অথচ এক মা'বুদ (আল্লাহ) ছাড়া কোন মাবুদ নেই, আর তারা যা বলে তার থেকে যদি তারা বিরত না হয়, তবে

ليمسن الذين كفروا منهم عذاب اليم ﴿٧٤﴾ افلا يتوبون الى الله

লাইয়ামাস্সান্নাল্ লাযীনা কাফারূ মিন্হুম 'আযা-বুন আলীম। ৭৪। আফালা- ইয়াতূবূনা ইলাল্লা-হি

তাদের মধ্যে যারা কাফির হয়েছে তাদেরকে যন্ত্রণাদায়ক শাস্তি স্পর্শ করবেই। (৭৪) (এরপরেও) কেন তারা আল্লাহর নিকট

ويستغفرونه والله غفور رحيم ﴿٧٥﴾ ما المسيح ابن مريم الا رسول

ওয়া ইয়াস্তাগ্ফিরূনাহ ; ওয়াল্লা-হু গাফূরুর রাহীম। ৭৫। মাল্ মাসীহুব্নু মার্ইয়ামা ইল্লা- রাসূল,

তওবা করছে না এবং তাঁর কাছে ক্ষমা চাচ্ছে না? অথচ আল্লাহ্ ক্ষমাশীল ও করুণাময়। (৭৫) মারইয়াম পুত্র মাসীহ একজন রাসূল

قد خلت من قبله الرسل وامه صديقة كانا ياكلن الطعام انظر

ক্বাদ্ খালাত্ মিন্ ক্বাব্লিহির্ রুসূল ; ওয়া উম্মুহূ স্বিদ্দীক্বাহ ; কা-না- ইয়া'কুলা-নিত্ব ত্বা'আ-ম ; উন্যুর্

ছাড়া আর কেউ নন। নিশ্চয় তাঁর পূর্বে বহু রাসূল গত হয়েছেন। আর তাঁর মাতা একজন সত্যবাদিনী ছিলেন। তাঁরা উভয়েই খাবার খেতেন। দেখুন, তাদের জন্য আমি

كيف نبين لهم الايت ثم انظر انى يؤفكون ﴿٧٦﴾ قل اتعبدون

কাইফা নুবাইয়্যিনু লাহুমুল আ-ইয়া-তি ছুম্মান্যুর আন্না- ইউ'ফাকূন। ৭৬। কুল আতা'বুদূনা

কেমনভাবে আয়াতগুলো বর্ণনা করি। আর দেখুন, তারা কিভাবে উল্টো দিকে ফিরে যাচ্ছে। (৭৬) বলুন, তোমরা কি আল্লাহকে ছেড়ে

من دون الله ما لا يملك لكم ضرا ولا نفعا والله هو السميع العليم

মিন্ দূনিল্লা-হি মা-লা- ইয়াম্লিকু লাকুম দ্বার্রাওঁ ওয়ালা- নাফ্'আ ; ওয়াল্লা-হু হুওয়াস্ সামী'উল 'আলীম।

এমন কারো ইবাদত কর, যে তোমাদের ক্ষতি বা উপকার করার কোনই ক্ষমতা রাখে না। আল্লাহ সর্বশ্রোতা ও মহাজ্ঞানী।

﴿٧٧﴾ قل ياهل الكتب لا تغلوا في دينكم غير الحق ولا تتبعوا اهواء

৭৭। কুল ইয়া~আহ্লাল কিতা-বি লা-তাগ্লূ ফী দীনিকুম গাইরাল্ হাক্কি ওয়ালা- তাত্তাবি'উ~আহ্ওয়া—আ

(৭৭) আপনি বলে দিন, হে আহলে কিতাব! তোমরা নিজেদের ধর্মে অন্যায়ভাবে বাড়াবাড়ি কর না এবং তোমরা সে সম্প্রদায়ের

قوم قد ضلوا من قبل واضلوا كثيرا وضلوا عن سواء السبيل

ক্বাওমিন্ ক্বাদ দ্বাল্লূ মিন ক্বাব্লু ওয়া আদ্বাল্লূ কাছীরাওঁ ওয়া দ্বাল্লূ 'আন্ সাওয়া—ইস্ সাবীল।

খেয়াল খুশীর অনুসরণ করো না যারা অতীতে পথভ্রষ্ট হয়েছে এবং অনেককে পথভ্রষ্ট করেছে, বস্তুত তারা সরল পথ হতে বিচ্যুত হয়েছে।

১০ ع ১৪ রুকূ

﴿٧٨﴾ لعن الذين كفروا من بني اسراءيل على لسان داود وعيسى ابن

৭৮। লু'ইনাল্ লাযীনা কাফারূ মিম্ বানী~ইস্রা—ঈলা 'আলা- লিসা-নি দা-উদা ওয়া 'ঈসাব্নি

(৭৮) বনী ঈসরাইলদের মধ্যে যারা কুফরী করেছিল, তারা দাউদ এবং মারইয়াম-পুত্র ঈসার ভাষায় অভিশপ্ত হয়েছিল।

مريم ذلك بما عصوا وكانوا يعتدون ﴿٧٨﴾ كانوا لا يتناهون عن منكر

মারইয়াম ; যা-লিকা বিমা- 'আস্বাও ওয়া কা-নূ ইয়া'তাদূন। ৭৯। কা-নূ লা- ইয়াতানা-হাওনা 'আম্ মুন্কারিন্

এর কারণ ছিল যে, তারা ছিল নাফরমান ও সীমা অতিক্রমকারী। (৭৯) তারা যে (অন্যায়) কাজ করতো একে অপরকে সে অন্যায়

فعلوه لبئس ما كانوا يفعلون ﴿٧٩﴾ ترى كثيرا منهم يتولون الذين

ফা'আলূহ ; লাবি'সা মা- কা-নূ ইয়াফ্'আলূন। ৮০। তারা- কাছীরাম্ মিন্হুম ইয়াতাওয়াল্লাওনাল্ লাযীনা

কাজ থেকে বাঁধা প্রদান করত না। তারা যা করত তা কতইনা নিন্দিত। (৮০) আপনি তাদের অনেককে দেখতে পাবেন যারা

كفروا لبئس ما قدمت لهم انفسهم ان سخط الله عليهم وفي

কাফারূ ; লাবি'সা মা- ক্বাদ্দামাত লাহুম আনফুসুহুম আন সাখিত্বাল্লা-হু 'আলাইহিম ওয়া ফিল

কাফিরদের সাথে বন্ধুত্ব করে। তারা তাদের ভবিষ্যতের জন্য যা পাঠিয়েছে তা অবশ্যই নিকৃষ্ট। যেহেতু আল্লাহ তাদের উপর নারাজ হয়েছেন, ফলতঃ তারা

العذاب هم خلدون ﴿٨٠﴾ ولو كانوا يؤمنون بالله والنبي وما

'আযা-বি হুম খা-লিদূন। ৮১। ওয়া লাও কা-নূ ইউ'মিনূনা বিল্লা-হি ওয়ান্নাবিয়্যি ওয়ামা~

সর্বদা শাস্তির মধ্যে থাকবে। (৮১) আর যদি তারা আল্লাহর প্রতি ও নবী এবং তাদের প্রতি যা অবতীর্ণ হয়েছে তাতে

انزل اليه ما اتخذوهم اولياء ولكن كثيرا منهم فسقون

উন্যিলা ইলাইহি মাত্তাখাযূহুম আওলিইয়া—আ ওয়ালা-কিন্না কাছীরাম মিনহুম ফা-সিকূন।

ঈমান আনত, তবে তারা কখনো তাদেরকে বন্ধুরূপে গ্রহণ করত না। কিন্তু তাদের অধিকাংশই ফাসিক।

﴿٨٢﴾ لتجدن اشد الناس عداوة للذين امنوا اليهود والذين

৮২। লাতাজ্বিদান্না আশাদ্দান্ না-সি 'আদা-ওয়াতাল্ লিল্লাযীনা আ-মানুল ইয়াহূদা ওয়াল্ লাযীনা

(৮২) মানুষদের মধ্যে অবশ্য আপনি মুসলমানদের সাথে শত্রুতায় বেশী উগ্র পাবেন ইয়াহুদী ও মুশরিকদেরকে।

اشركوا ولتجدن اقربهم مودة للذين امنوا الذين قالوا انا

আশ্রাকূ, ওয়া লাতাজ্বিদান্না আক্বরাবাহুম্ মাওয়াদ্দাতাল্ লিল্ লাযীনা আ-মানুল্ লাযীনা ক্বা-লূ~ইন্না-

আর তাদেরকে যারা নিজেদেরকে বলে, আমরা নাসারা, মুসলমানদের সাথে বন্ধুত্বে অতি নিকটতম পাবেন।

نصرى ذلك بان منهم قسيسين ورهبانا وانهم لا يستكبرون

নাস্বা-রা-; যা-লিকা বিআন্না মিন্হুম ক্বিস্সীসীনা ওয়া রুহ্বা-নাও ওয়া আন্নাহুম লা- ইয়াস্তাক্বিরূন।

এটা এ কারণে যে, তাদের মধ্যে রয়েছে বহু জ্ঞানী এবং দুনিয়া ত্যাগী বহু দরবেশ। আর এ কারণে যে, তারা অহংকারও করে না।

○ শানে নুযূল (আঃ ৮১) ঃ মদীনায় হিজরতের পূর্বে হযরত জা'ফর ছাদেক তাইয়ার সহ কতিপয় মুসলমান আবিসিনিয়ায় হিজরত করেছিলেন। হাবশীরা তাদেরকে কোন প্রকার কষ্ট দেয় নি। হাবশী খ্রিষ্টানগণ সত্যিকারে ইঞ্জীলের অনুসারী এবং খুবই উদার-হৃদয় ছিল। বিশেষ করে আবিসিনিয়ার তদানিন্তন বাদশাহ্ এবং তাঁর বন্ধুগণ, ইসলামের সত্যকে কবুল করে ছিলেন। তাঁরা নিজেদের স্থানে থেকেও হযরত জা'ফরের মুখে কোরআন শুনে ক্রন্দন করেছিলেন এবং মুসলমান হয়েছিলেন। আবার ত্রিশজন আলেম তাঁদের মধ্য হতে হুযুর (সা)-এর দরবারে এসে কোরআন শুনে কাঁদছিলেন এবং মুসলমান হয়েছিলেন। বিশেষ করে এই বিষয় নাজ্জাশীদের বর্ণনাই এই আয়াতগুলিতে করা হয়েছে। (বঃ কোঃ)

۞ وَاِذَا سَمِعُوْا مَآ اُنْزِلَ اِلَى الرَّسُوْلِ تَرٰٓى اَعْيُنَهُمْ تَفِيْضُ مِنَ الدَّمْعِ مِمَّا

৮৩। ওয়া ইযা- সামি'উ মা~উন্‌যিলা ইলার্‌ রাসূলি তারা~আ'ইউনাহুম তাফীদ্বু মিনাদ্‌ দাম্‌'ই মিম্মা-
(৮৩) আর রাসূলের প্রতি যা অবতীর্ণ হয়েছে যখন তারা তা শোনে, তখন আপনি তাদের চক্ষু অশ্রুবিগলিত দেখবেন। এ কারণে যে, তারা সত্যকে উপলব্ধি করতে পেরেছে।

عَرَفُوْا مِنَ الْحَقِّ ۚ يَقُوْلُوْنَ رَبَّنَآ اٰمَنَّا فَاكْتُبْنَا مَعَ الشّٰهِدِيْنَ ۝ وَمَا لَنَا

'আরাফূ মিনাল্‌ হাক্কি, ইয়াকূলূনা রাব্বানা~আ-মান্না- ফাক্‌তুবনা- মা'আশ্‌ শা-হিদীন। ৮৪। ওয়ামা- লানা-
তারা বলে যে, হে আমাদের প্রতিপালক! আমরা ঈমান এনেছি। অতএব তুমি আমাদেরকে সত্যায়নকারীদের তালিকাভুক্ত করে নাও। (৮৪) আর আমাদের

لَا نُؤْمِنُ بِاللّٰهِ وَمَا جَآءَنَا مِنَ الْحَقِّ ۙ وَنَطْمَعُ اَنْ يُّدْخِلَنَا رَبُّنَا مَعَ

লা-নু'মিনু বিল্লা-হি ওয়ামা- জ্বা—আনা- মিনাল্‌ হাক্কি ওয়া নাত্বমা'উ আই ইউদ্‌খিলানা- রাব্বুনা- মা'আল্‌
কি আপত্তি থাকতে পারে যে, আমরা ঈমান আনব না আল্লাহর প্রতি এবং যে সত্য আমাদের কাছে পৌঁছেছে তার প্রতি, অথচ আমরা আশা করব যে, আমাদের প্রতিপালক

الْقَوْمِ الصّٰلِحِيْنَ ۝ فَاَثَابَهُمُ اللّٰهُ بِمَا قَالُوْا جَنّٰتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا

ক্বাওমিস্‌ স্বা-লিহীন। ৮৫। ফাআছা-বাহুমুল্লা-হু বিমা- ক্বা-লূ জান্না-তিন্‌ তাজ্‌রী মিন্‌ তাহ্‌তিহাল
আমাদেরকে নেককার সম্প্রদায়ের অন্তর্ভুক্ত করে নেবে? (৮৫) আল্লাহ তাদের এ কথার জন্য তাদেরকে প্রতিদান দিবেন এমন জান্নাত, যার তলদেশে

الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَا ۚ وَذٰلِكَ جَزَآءُ الْمُحْسِنِيْنَ ۝ وَالَّذِيْنَ كَفَرُوْا وَ

আন্‌হা-রু খা-লিদীনা ফীহা-; ওয়া যা-লিকা জ্বাযা—উল মুহ্‌সিনীন। ৮৬। ওয়াল্লাযীনা কাফারূ ওয়া
নহরসমূহ প্রবাহিত। সেখানে তারা অনন্তকাল থাকবে। আর নেককারদের প্রতিদান এটাই। (৮৬) আর যারা কুফরী করেছে এবং

كَذَّبُوْا بِاٰيٰتِنَآ اُولٰٓئِكَ اَصْحٰبُ الْجَحِيْمِ ۝ يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا

কায্‌যাবূ বিআ-ইয়া-তিনা~উলা—ইকা আস্‌হা-বুল জ্বাহীম। ৮৭। ইয়া~আইয়্যুহাল্‌ লাযীনা আ-মানূ
আমার আয়াতসমূহকে মিথ্যা বলেছে, তারাই হবে জাহান্নামবাসী। (৮৭) হে মুমিনগণ! তোমরা হারাম কর না সেসব

لَا تُحَرِّمُوْا طَيِّبٰتِ مَآ اَحَلَّ اللّٰهُ لَكُمْ وَلَا تَعْتَدُوْا ۚ اِنَّ اللّٰهَ لَا يُحِبُّ

লা-তুহার্‌রিমূ ত্বাইয়্যিবা-তি মা~আহাল্লাল্লা-হু লাকুম ওয়ালা- তা'তাদূ ; ইন্নাল্লা-হা লা- ইউহিব্বুল
উৎকৃষ্ট বস্তু যা আল্লাহ তোমাদের জন্য হালাল করেছেন। আর তোমরা সীমালংঘন কর না; নিশ্চয় আল্লাহ সীমালংঘনকারীকে

الْمُعْتَدِيْنَ ۝ وَكُلُوْا مِمَّا رَزَقَكُمُ اللّٰهُ حَلٰلًا طَيِّبًا ۖ وَّاتَّقُوا اللّٰهَ الَّذِيْٓ

মু'তাদীন। ৮৮। ওয়াকুলূ মিম্মা- রাযাক্বাকুমুল্লা-হু হ্বালা-লান ত্বাইয়্যিবাওঁ ওয়াত্তাক্বুল্লা-হাল্‌ লাযী~
ভালবাসেন না। (৮৮) আর তোমরা খাও সেসব বস্তু থেকে যা আল্লাহ তোমাদেরকে হালাল ও উৎকৃষ্ট রিযিক দিয়েছেন এবং তোমরা আল্লাহকে ভয় কর

○ শানে নুযূল (আঃ ৮৩) ঃ ......واذا سمعوا ঃ এ আয়াতগুলো নাজ্জাশীর সে প্রতিনিধি দলের ব্যাপারে নাযিল হয়েছিল, যাদেরকে নাজ্জাশী রাসূলুল্লাহর (স) বক্তব্য ও বৈশিষ্ট্যাবলী সম্পর্কে অবগত হওয়ার জন্য তাঁর নিকট প্রেরণ করেছিলেন। যখন তাঁরা এসে রাসূলুল্লাহর (সা) সাথে সাক্ষাৎ করল এবং তাঁর পবিত্র কণ্ঠে কুরআন শুনল, তখন তারা সকলে ইসলাম গ্রহণ করল এবং অঝোরে কাঁদতে লাগল। অতঃপর তারা নাজ্জাশীর কাছে প্রত্যাবর্তন করে রাসূলুল্লাহ (সা) সম্পর্কে সকল তথ্য খুলে বলল। (তাঃ ইবনে কাছীর) ○ টীকা (আঃ ৮৭) ঃ তিরমিযী শরীফে ইবনে আব্বাস (রা) হতে বর্ণিত রয়েছে যে, এক ব্যক্তি হুজুরের খেদমতে এসে বলল, হে আল্লাহর রাসূল! আমি গোশত আহার করলে নারীদের প্রতি খুব উত্তেজিত হয়ে পড়ি এবং আমার মধ্যে যৌন লিপসার আকাঙ্খাটি খুব প্রকট রূপ ধারণ করে, এ কারণে আমি গোশত ভক্ষণ করা নিজের জন্য হারাম করে নিয়েছি, তখন আল্লাহ উপরোক্ত আয়াত নাযিল করেন।

সূরা মা-য়িদাহ্‌ ঃ ৫ নূরানী বাংলা উচ্চারণ কোরআন শরীফ ওয়া ইযা- সামি'উ ঃ ৭

اَنْتُمْ بِهٖ مُؤْمِنُوْنَ ۝ لَا يُؤَاخِذُكُمُ اللّٰهُ بِاللَّغْوِ فِيْٓ اَيْمَانِكُمْ وَلٰكِنْ

আনতুম বিহী মু'মিনূন। ৮৯। লা-ইউআ-খিযুকুমুল্লা-হু বিল্‌ লাগ্‌ওয়ি ফী~আইমা-নিকুম ওয়ালা-কিঈ
যার প্রতি তোমরা বিশ্বাস রাখ। (৮৯) আল্লাহ তোমাদেরকে অনর্থক কসমের জন্য দায়ী করবেন না। কিন্তু দায়ী করবেন সে

يُؤَاخِذُكُمْ بِمَا عَقَّدْتُّمُ الْاَيْمَانَ ۚ فَكَفَّارَتُهٗٓ اِطْعَامُ عَشَرَةِ مَسٰكِيْنَ

ইউআ-খিযুকুম্‌ বিমা- 'আক্বক্বাত্‌তুমুল্‌ আইমা-ন, ফাকাফ্‌ফা-রাতুহূ~ইত্ব্‌'আ-মু 'আশারাতি মাসা-কীনা
কসমের জন্য যা তোমরা দৃঢ়ভাবে কর। অতএব এর কাফ্‌ফারা– দশজন মিসকীনকে খাদ্য দেয়া মধ্যম ধরনের, যা তোমরা নিজ

مِنْ اَوْسَطِ مَا تُطْعِمُوْنَ اَهْلِيْكُمْ اَوْ كِسْوَتُهُمْ اَوْ تَحْرِيْرُ رَقَبَةٍ ۖ فَمَنْ لَّمْ

মিন্‌ আওসাত্বি মা- তুত্ব্‌'ইমূনা আহলীকুম আও কিস্‌ওয়াতুহুম আও তাহ্‌রীরু রাক্বাবাহ ; ফামাল্‌ লাম
পরিবারের লোকদের খেতে দাও। অথবা, তাদেরকে কাপড় প্রদান অথবা একজন গোলাম আজাদ করা। আর যার সামর্থ্য হবে না

يَجِدْ فَصِيَامُ ثَلٰثَةِ اَيَّامٍ ۚ ذٰلِكَ كَفَّارَةُ اَيْمَانِكُمْ اِذَا حَلَفْتُمْ ۚ وَاحْفَظُوْٓا

ইয়াজ্বিদ্‌ ফাস্বিয়া-মু ছালা-ছাতি আইয়্যা-ম ; যা-লিকা কাফ্‌ফা-রাতু আইমা-নিকুম ইযা- হালাফ্‌তুম ; ওয়াহ্‌ফাযূ~
তার জন্য তিনদিন রোজা রাখা। এটাই তোমাদের কসমের কাফ্‌ফারা, যখন তোমরা কসম করে বসবে। আর তোমরা তোমাদের কসম রক্ষা করবে।

اَيْمَانَكُمْ ۚ كَذٰلِكَ يُبَيِّنُ اللّٰهُ لَكُمْ اٰيٰتِهٖ لَعَلَّكُمْ تَشْكُرُوْنَ ۝ يٰٓاَيُّهَا الَّذِيْنَ

আইমা-নাকুম ; কাযা-লিকা ইউবাইয়্যিনুল্লা-হু লাকুম আ-ইয়া-তিহী লা'আল্লাকুম তাশ্‌কুরূন। ৯০। ইয়া~আইয়্যুহাল্‌ লাযীনা
এভাবে আল্লাহ তোমাদের জন্য তার নিদর্শনাবলী বর্ণনা করেন। যাতে তোমরা কৃতজ্ঞতা প্রকাশ কর। (৯০) হে

اٰمَنُوْٓا اِنَّمَا الْخَمْرُ وَالْمَيْسِرُ وَالْاَنْصَابُ وَالْاَزْلَامُ رِجْسٌ مِّنْ عَمَلِ الشَّيْطٰنِ

আ-মানূ~ইন্নামাল্‌ খাম্‌রু ওয়াল্‌ মাইসিরু ওয়াল্‌ আন্‌স্বা-বু ওয়াল্‌ আয্‌লা-মু রিজ্‌সুম্‌ মিন 'আমালিশ্‌ শাইত্বা-নি
মুমিনগণ! মদ, জুয়া, প্রতিমা ও ভাগ্য নির্ধারক তীর এগুলো অপবিত্র শয়তানী কাজ। সুতরাং তোমরা এগুলো বর্জন কর।

فَاجْتَنِبُوْهُ لَعَلَّكُمْ تُفْلِحُوْنَ ۝ اِنَّمَا يُرِيْدُ الشَّيْطٰنُ اَنْ يُّوْقِعَ بَيْنَكُمُ

ফাজ্‌তানিবূহু লা'আল্লাকুম তুফ্‌লিহূন। ৯১। ইন্নামা- ইউরীদুশ্‌ শাইত্বা-নু আই ইউক্বি'আ বাইনাকুমুল
যাতে তোমরা সফল হতে পার। (৯১) শয়তান তো এটাই চায় যে, মদ ও জুয়া দ্বারা তোমাদের মাঝে শত্রুতা ও

الْعَدَاوَةَ وَالْبَغْضَآءَ فِى الْخَمْرِ وَالْمَيْسِرِ وَيَصُدَّكُمْ عَنْ ذِكْرِ اللّٰهِ وَعَنِ الصَّلٰوةِ

'আদা-ওয়াতা ওয়াল্‌ বাগ্‌দ্বা—আ ফিল্‌ খাম্‌রি ওয়াল মাইসিরি ওয়া ইয়াস্বুদ্দাকুম 'আন্‌ যিক্‌রিল্লা-হি ওয়া 'আনিস্‌ স্বালা-হ্‌,
বিদ্বেষ সৃষ্টি করতে এবং তোমাদেরকে আল্লাহর যিকির এবং নামায থেকে বিরত রাখতে। অতএব এখনো

○ শানে নুযূল (আঃ ৯০) ঃ ......انما الخمر والميسر ঃ ইবনে আব্বাস (রা) বলেন, দু' দল আনসারের মধ্যে হাতাহাতির কারণে মদ নিষিদ্ধ হওয়ার আয়াত নাযিল হয়। তারা উভয় দল একত্রে অতিরিক্ত মদপান করে হুঁশ হারিয়ে ফেলে এবং উত্তেজিত হয়ে উঠে। ফলে এক পর্যায়ে তাদের মধ্যে হাতাহাতি শুরু হয়। তাদের মধ্যে অনেকেই আঘাত প্রাপ্ত হয়। তারা প্রকৃতিস্থ হওয়ার পর এ ঘটনা নিয়ে বিদ্বেষের সৃষ্টি হয়। এ প্রেক্ষিতে এ আয়াত অবতীর্ণ হয়। (তাঃ ইবনে কাছীর) ○ টীকা (আঃ ৯০) ঃ খেজুর বা আঙ্গুর ইত্যাদি ফলের রসকে পচায়ে 'নেশাদার' করলে তা নাপাক এবং হারাম। আর যাকে না পচায়ে 'নেশাদার' করা হয় তা হারাম; কিন্তু নাপাক নয়। জুয়া সর্বাবস্থায়ই হারাম। (মুঃ কোঃ)

فَهَلْ أَنتُم مُّنتَهُونَ ﴿٩١﴾ وَأَطِيعُوا اللَّهَ وَأَطِيعُوا الرَّسُولَ وَاحْذَرُوا فَإِن

ফাহাল্ আন্‌তুম্ মুন্‌তাহূন। ৯২। ওয়া আত্বী'উল্লা-হা ওয়া আত্বী'উর্ রাসূলা ওয়াহ্‌যারূ, ফাইন্
কি তোমরা বিরত হবে না? (৯২) আর তোমরা আল্লাহ ও তার রাসূলের আনুগত্য কর এবং সাবধান হও। এরপর যদি ফিরে

تَوَلَّيْتُمْ فَاعْلَمُوا أَنَّمَا عَلَىٰ رَسُولِنَا الْبَلَاغُ الْمُبِينُ ﴿٩٢﴾ لَيْسَ عَلَى الَّذِينَ آمَنُوا

তাওয়াল্লাইতুম ফা'লামূ~আন্নামা- 'আলা- রাসূলিনাল বালা-গুল মুবীন। ৯৩। লাইসা 'আলাল্ লাযীনা আ-মানূ
যাও তবে জেনে রেখ যে, আমার রাসূলের দায়িত্ব শুধু স্পষ্টভাবে পৌছিয়ে দেয়া। (৯৩) যারা ঈমান আনে এবং নেক কাজ করে তারা যা

وَعَمِلُوا الصَّالِحَاتِ جُنَاحٌ فِيمَا طَعِمُوا إِذَا مَا اتَّقَوا وَّآمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ

ওয়া 'আমিলুস্ব স্বা-লিহ্বা-তি জুনা-হুন্ ফীমা- ত্বা'ইমূ~ইযা- মাত্‌তাক্বাও ওয়া আ-মানূ ওয়া 'আমিলুস্ব স্বা-লিহ্বা-তি
(পূর্বে) আহার করেছে সে ব্যাপারে তাদের কোন পাপ নেই, যখন তারা সাবধান হয়েছে এবং ঈমান এনেছে এবং নেক কাজ করেছে।

ثُمَّ اتَّقَوا وَّآمَنُوا ثُمَّ اتَّقَوا وَّأَحْسَنُوا ۗ وَاللَّهُ يُحِبُّ الْمُحْسِنِينَ ﴿٩٣﴾ يَا أَيُّهَا

১২ ع ৯ ২ রুকূ

ছুম্মাত্তাক্বাও ওয়া আ-মানূ ছুম্মাত্তাক্বাও ওয়া আহ্বসানূ ; ওয়াল্লা-হু ইউহিব্বুল মুহ্বসিনীন। ৯৪। ইয়া~আইয়্যুহাল্
অতঃপর সাবধান হয় এবং ঈমান আনে, আবার সাবধান হয় এবং নেক কাজ করে। আল্লাহ পূন্যবানদের ভালবাসেন। (৯৪) হে

الَّذِينَ آمَنُوا لَيَبْلُوَنَّكُمُ اللَّهُ بِشَيْءٍ مِّنَ الصَّيْدِ تَنَالُهُ أَيْدِيكُمْ

লাযীনা আ-মানূ লাইয়াব্‌লুওয়ান্নাকুমুল্লা-হু বিশাইইম্ মিনাস্বস্বাইদি তানা-লুহূ~আইদীকুম
মুমিনগণ! আল্লাহ তোমাদেরকে এমন শিকার দ্বারা অবশ্যই পরীক্ষা করবেন যে পর্যন্ত তোমাদের হাত ও তোমাদের বর্শা

وَرِمَاحُكُمْ لِيَعْلَمَ اللَّهُ مَن يَخَافُهُ بِالْغَيْبِ ۚ فَمَنِ اعْتَدَىٰ بَعْدَ ذَٰلِكَ

ওয়া রিমা-হুকুম লিইয়া'লামাল্লা-হু মাইঁ ইয়াখা-ফুহূ বিল্‌গাইব, ফামানি'তাদা- বা'দা যা-লিকা
পৌছতে পারবে। যাতে আল্লাহ জানতে পারেন, কে অদৃশ্যভাবে তাঁকে ভয় করে। সুতরাং যে এরপরও সীমালংঘন করবে

فَلَهُ عَذَابٌ أَلِيمٌ ﴿٩٤﴾ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَقْتُلُوا الصَّيْدَ وَأَنتُمْ حُرُمٌ ۚ

ফালাহূ 'আযা-বুন আলীম। ৯৫। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ লা-তাক্বতুলুস্বস্বাইদা ওয়া আন্তুম হুরুম ;
তার জন্য রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি। (৯৫) হে মুমিনগণ! তোমরা ইহ্‌রাম বাঁধা অবস্থায় শিকারী (জন্তু) হত্যা করো না।

وَمَن قَتَلَهُ مِنكُم مُّتَعَمِّدًا فَجَزَاءٌ مِّثْلُ مَا قَتَلَ مِنَ النَّعَمِ يَحْكُمُ بِهِ

ওয়া মান্ ক্বাতালাহূ মিন্‌কুম্ মুতা'আম্মিদান্ ফাজ্বাযা—উম্ মিছ্‌লু মা-ক্বাতালা মিনান্ না'আমি ইয়াহ্বকুমু বিহী
আর তোমাদের মধ্যে যে ইচ্ছাপূর্বক তা হত্যা করবে, তার বিনিময় হচ্ছে, অনুরূপ জন্তু যেরূপ সে হত্যা করেছে। যা তোমাদের

○ শানে নুযূল (আঃ ৯৩) ঃ পূর্বোক্ত আয়াত দ্বারা মদ্যপান ও জুয়া হারাম হয়ে গেলে কোন কোন সাহাবী আরয করলেন, ইয়া রাসূলাল্লাহ! আমাদের মধ্যে অনেক লোকই মদ্যপায়ী ছিলেন, জুয়ালব্ধ মালও ভক্ষণ করতেন। এই হারাম মাল পেটে থাকা অবস্থায়ই মৃত্যু মুখে পতিত হয়েছে। অতঃপর এইগুলি হারাম হয়েছে। তাদের কি অবস্থা হবে? এ সম্বন্ধে এই আয়াতটি নাযিল হয়। আয়াতটির সারমর্ম এই যে, হারাম হওয়ার পূর্বে যাদের মৃত্যু হয়েছে, তাদের কোন পাপ নেই। (বঃ কোঃ) ○ শানে নুযূল (আঃ ৯৫) ঃ হোদায়বিয়ার বছর হুযূর (সা) ওমরার উদ্দেশ্যে যাত্রা করলে তাঁর ও সাথী সাহাবায়ে কেরামের এহ্‌রামের অবস্থায় পথিমধ্যে দলে দলে শিকারের জন্তু এসে তাদের পাশ ঘেঁসিয়ে চলত। এহ্‌রামের অবস্থায় থাকাবশতঃ তারা শিকার করতে পারতেন না। এ সম্বন্ধে এ আয়াত নাযিল হয়। (মুঃ কোঃ)

ذَوَا عَدْلٍ مِّنكُمْ هَدْيًا بَالِغَ الْكَعْبَةِ أَوْ كَفَّارَةٌ طَعَامُ مَسَاكِينَ أَوْ عَدْلُ ذَٰلِكَ

যাওয়া- 'আদ্‌লিম মিন্‌কুম হাদ্‌ইয়াম্ বা-লিগাল কা'বাতি আও কাফ্‌ফা-রাতুন্ ত্বা'আ-মু মাসা-কীনা আও 'আদ্‌লু যা-লিকা
মধ্য হতে দু'জন ন্যায়পরায়ন লোক ফয়সালা করবে। যা কুরবানী স্বরূপ কা'বাতে পৌছিয়ে দিবে বা তার কাফ্‌ফারা হবে মিসকীনকে খাদ্য দান বা সমসংখ্যক রোযা

صِيَامًا لِّيَذُوقَ وَبَالَ أَمْرِهِ ۗ عَفَا اللَّهُ عَمَّا سَلَفَ ۚ وَمَنْ عَادَ فَيَنتَقِمُ اللَّهُ مِنْهُ ۗ

স্বিয়া-মাল্ লিয়াযূক্বা ওয়া বা-লা আম্‌রিহ্ ; 'আফাল্লা-হু 'আম্মা- সালাফ ; ওয়ামান 'আ-দা ফাইয়ান্‌তাক্বিমুল্লা-হু মিন্‌হ ;
রাখা। যেন সে নিজ কৃতকর্মের পরিণামে স্বাদ ভোগ করে। যা গত হয়েছে আল্লাহ তা ক্ষমা করে দিয়েছেন। আর যে কেউ তা পুনরায় করবে, আল্লাহ তার প্রতিশোধ নিবেন।

وَاللَّهُ عَزِيزٌ ذُو انتِقَامٍ ﴿٩٥﴾ أُحِلَّ لَكُمْ صَيْدُ الْبَحْرِ وَطَعَامُهُ مَتَاعًا لَّكُمْ

ওয়াল্লা-হু 'আযীযুন্ যুন্‌তিক্বা-ম। ৯৬। উহ্বিল্লা লাকুম স্বাইদুল বাহ্বরি ওয়া ত্বা'আ-মুহূ মাতা-'আল লাকুম
আর আল্লাহ পরাক্রান্ত, প্রতিশোধ গ্রহণকারী। (৯৬) তোমাদের জন্য সমুদ্রের শিকার ও তা খাওয়া হালাল করা হয়েছে, তোমাদের এবং ভ্রমণকারীদের

وَلِلسَّيَّارَةِ ۖ وَحُرِّمَ عَلَيْكُمْ صَيْدُ الْبَرِّ مَا دُمْتُمْ حُرُمًا ۗ وَاتَّقُوا اللَّهَ الَّذِي

ওয়া লিস্‌সাইয়া-রাহ্, ওয়া হুর্‌রিমা 'আলাইকুম স্বাইদুল বার্‌রি মা- দুমতুম হুরুমা- ; ওয়াত্তাকুল্লা-হাল্লাযী~
উপভোগের জন্য। আর যতক্ষণ তোমরা ইহরাম অবস্থায় থাক ততক্ষণ স্থলভাগের শিকার ধরা তোমাদের জন্য হারাম করা হয়েছে। আর তোমরা আল্লাহকে ভয় কর

إِلَيْهِ تُحْشَرُونَ ﴿٩٦﴾ جَعَلَ اللَّهُ الْكَعْبَةَ الْبَيْتَ الْحَرَامَ قِيَامًا لِّلنَّاسِ وَالشَّهْرَ

ইলাইহি তুহ্বশারূন। ৯৭। জ্বা'আলাল্লা-হুল কা'বাতাল্ বাইতাল হ্বারা-মা ক্বিয়া-মাল লিন্না-সি ওয়াশ্ শাহ্‌রাল
যার কাছে তোমাদেরকে একত্রিত করা হবে। (৯৭) পবিত্র গৃহ কা'বাকে আল্লাহ মানুষের জন্য নিরাপদস্থল বানিয়েছেন এবং অনুরূপ সম্মানিত মাসগুলো এবং কা'বায়

الْحَرَامَ وَالْهَدْيَ وَالْقَلَائِدَ ۚ ذَٰلِكَ لِتَعْلَمُوا أَنَّ اللَّهَ يَعْلَمُ مَا فِي السَّمَاوَاتِ

হ্বারা-মা ওয়াল হাদ্‌ইয়া ওয়াল ক্বালা—ইদ; যা-লিকা লিতা'লামূ~আন্নাল্লা-হা ইয়া'লামু মা-ফিস সামা-ওয়া-তি
প্রেরিত জীবগুলো এবং গলায় মালা দেয়া পশুগুলোকেও মানুষের কল্যাণের জন্য সু-প্রতিষ্ঠিত করেছেন। এটা এ কারণে যে, যাতে তোমরা জানতে পার যে, আসমান

وَمَا فِي الْأَرْضِ وَأَنَّ اللَّهَ بِكُلِّ شَيْءٍ عَلِيمٌ ﴿٩٧﴾ اعْلَمُوا أَنَّ اللَّهَ شَدِيدُ

ওয়ামা- ফিল্ আর্‌দ্বি ওয়া আন্নাল্লা-হা বিকুল্লি শাইইন 'আলীম। ৯৮। ই'লামূ~আন্নাল্লা-হা শাদীদুল
ও যমীনে যা কিছু আছে সবকিছুই আল্লাহ অবগত এবং আল্লাহ সর্ব বিষয়ে মহাজ্ঞানী। (৯৮) তোমরা জেনে রাখ যে, নিশ্চয়ই আল্লাহ

الْعِقَابِ وَأَنَّ اللَّهَ غَفُورٌ رَّحِيمٌ ﴿٩٨﴾ مَّا عَلَى الرَّسُولِ إِلَّا الْبَلَاغُ ۗ وَاللَّهُ يَعْلَمُ

'ইক্বা-বি ওয়া আন্নাল্লা-হা গাফূরুর রাহ্বীম। ৯৯। মা- 'আলার্ রাসূলি ইল্লাল বালা-গ ; ওয়াল্লা-হু ইয়া'লামু
কঠিন শাস্তি দাতা এবং আল্লাহ অতি ক্ষমাশীল, দয়ালু। (৯৯) রাসূলের কর্তব্য শুধু পৌছিয়ে দেয়া। আর যা তোমরা প্রকাশ কর এবং যা

مَا تُبْدُونَ وَمَا تَكْتُمُونَ ﴿٩٩﴾ قُل لَّا يَسْتَوِي الْخَبِيثُ وَالطَّيِّبُ وَلَوْ أَعْجَبَكَ

মা- তুব্‌দূনা ওয়ামা- তাক্‌তুমূন। ১০০। কুল্ লা- ইয়াসতাবীল খাবীছু ওয়াত্ত্বাইয়্যিবু ওয়ালাও আ'জ্বাবাকা
তোমরা গোপন কর সবই আল্লাহ জানেন। (১০০) আপনি বলুন, অপবিত্র ও পবিত্র এক নয়। যদিও অপবিত্রের আধিক্য আপনাকে

كثرة الخبيث فاتقوا الله يا ولي الالباب لعلكم تفلحون ۝ يا ايها

কাছ্রাতুল খাবীছ্, ফাত্তাকুল্লা-হা ইয়া~উলিল আল্বা-বি লা'আল্লাকুম তুফ্লিহূন। ১০১। ইয়া~আইয়্যুহাল্
অবাক করে। অতএব হে জ্ঞানীগণ! আল্লাহকে ভয় কর, যাতে তোমরা সফলকাম হতে পার। (১০১) হে মুমিনগণ!

১৩ ع ৭ ৩ রুকূ

الذين امنوا لا تسئلوا عن اشياء ان تبد لكم تسؤكم وان تسئلوا

লাযীনা আ-মানূ লা-তাস্আলূ 'আন্ আশইয়া—আ ইন তুব্দা লাকুম তাসু'কুম, ওয়া ইন্ তাসআলূ
তোমরা এমন সব বিষয়ে প্রশ্ন করো না যদি তা তোমাদের কাছে প্রকাশ করা হয়; তবে তোমাদের দুঃখের কারণ হবে। আর যদি তোমরা

عنها حين ينزل القران تبد لكم عفا الله عنها والله غفور حليم ۝

'আনহা- হ্বীনা ইউনায্যালুল কুরআ-নু তুব্দা লাকুম ; আফাল্লা-হু 'আন্হা-; ওয়াল্লা-হু গাফূরুন হ্বালীম।
কুরআন অবতীর্ণের সময় সে সব বিষয় প্রশ্ন কর, তবে তা তোমাদের জন্য প্রকাশ করা হবে। আল্লাহ অতীতের সবপ্রশ্ন ক্ষমা করেছেন। আল্লাহ ক্ষমাশীল, দয়ালু।

قد سالها قوم من قبلكم ثم اصبحوا بها كفرين ۝ ما جعل الله

১০২। ক্বাদ্ সাআলাহা- ক্বাওমুম্ মিন্ ক্বাব্লিকুম ছুম্মা আস্বাহূ বিহা- কা-ফিরীন। ১০৩। মা- জ্বা'আলাল্লা-হু
(১০২) তোমাদের পূর্বেও এক সম্প্রদায় এ ধরনের প্রশ্ন করেছিল। অতঃপর তারা তা প্রত্যাখ্যানকারী হয়ে গিয়েছিল। (১০৩) আল্লাহ

من بحيرة ولا سائبة ولا وصيلة ولا حام ولكن الذين كفروا

মিম্ বাহীরাতিওঁ ওয়ালা- সা—ইবাতিওঁ ওয়ালা- ওয়াস্বীলাতিওঁ ওয়ালা- হ্বা-মিওঁ ওয়ালা-কিন্নাল্ লাযীনা কাফারূ
বাহীরা, সাইবা, ওয়াসীলা ও হামকে বৈধ করেন নি। কিন্তু যারা কাফির তারা

يفترون على الله الكذب واكثرهم لا يعقلون ۝ واذا قيل لهم تعالوا

ইয়াফ্তারূনা 'আলাল্লা-হিল কাযিব ; ওয়া আক্ছারুহুম লা-ইয়া'ক্বিলূন। ১০৪। ওয়া ইযা- ক্বীলা লাহুম তা'আ-লাও
আল্লাহর উপর মিথ্যা অপবাদ দেয় এবং তারা অধিকাংশই নির্বোধ। (১০৪) আর যখন তাদেরকে বলা হয়, আল্লাহ

الى ما انزل الله والى الرسول قالوا حسبنا ما وجدنا عليه اباءنا

ইলা- মা~আন্যালাল্লা-হু ওয়া ইলার্ রাসূলি ক্বা-লূ হ্বাস্বুনা- মা-ওয়াজ্বাদ্না- 'আলাইহি আ-বা—আনা-;
যা অবতীর্ণ করেছেন তোমরা তার দিকে আস এবং রাসূলের দিকে। তারা বলে, আমাদের জন্য তাই যথেষ্ট যাতে আমরা আমাদের পিতৃ পুরুষদেরকে পেয়েছি।

اولو كان اباؤهم لا يعلمون شيئا ولا يهتدون ۝ يا ايها الذين امنوا

আওয়ালাও কা-না আ-বা—উহুম লা-ইয়া'লামূনা শাইআওঁ ওয়ালা- ইয়াহ্তাদূন। ১০৫। ইয়া~আইয়্যুহাল্লাযীনা আ-মানূ
তবুও কি যথেষ্ট হবে, যদিও তাদের পিতৃপুরুষদের কোনই জ্ঞান না থাকে এবং তারা হেদায়াত প্রাপ্তও না হয়? (১০৫) হে মুমিনগণ!

○ বিশ্লেষণ (আঃ ১০৩) ঃ ......بحيرة ولا سائبة - 'বাহীরা' সাইবা, ওসীলা ও হাম ঃ বাহীরা ঃ 'বাহীরা' সে গৃহপালিত জন্তুকে বলা হয়- দেবতা ভেবে যার দুধ দোহন করা হয় না এবং যার দুধ কেউ পান করে না। সায়ীবা ঃ 'সায়ীবা' বলা হয় সে গৃহপালিত জন্তুকে যাকে দেবতার নামে ছেড়ে দেয়া হয় এবং যার পিঠে মালা-মাল বহন করা হয় না। পরন্তু যাকে সওয়ারী হিসেবেও ব্যবহার করা হয় না। ওসীলা ঃ 'ওসীলা' বলে সে উষ্ট্রিকে যে উষ্ট্রী প্রথমবার একটি বলদ বাচ্চা প্রসব করার পর, পরপর দু'বার গাভী বাচ্চা প্রসব করে। অতঃপর তাকেও দেবতার নামে ছেড়ে দেয়া হয়। হাম ঃ 'হাম' বলা হয় সে পুরুষ উষ্ট্রকে, যার ঔরসে বহু বাচ্চা প্রসব করবার পর যখন ঔরসজাত উষ্ট্রী সংখ্যায় বহু হয়ে যায় তখন তাকে অব্যাহতি দেয়া হয়, তা দ্বারা কোন প্রকার কাজ করানো হয় না। অবশেষে তাকে দেবতার নামে উৎসর্গ করে দেয়া হয়। (তাঃ ইবনে কাছীর)

সূরা মা-য়িদাহ্ ঃ ৫ | নূরানী বাংলা উচ্চারণ কোরআন শরীফ | ওয়া ইযা- সামি'উ ঃ ৭

عليكم انفسكم لا يضركم من ضل اذا اهتديتم الى الله مرجعكم

'আলাইকুম আন্ফুসাকুম, লা-ইয়াদ্বুর্রুকুম মান্ দ্বাল্লা ইযাহ্তাদাইতুম ; ইলাল্লা-হি মারজ্বি'উকুম
তোমাদের আত্মসংশোধনের দায়িত্ব তোমাদের ওপর। যখন তোমরা সঠিক পথে চলছ তখন যে পথভ্রষ্ট হয়েছে সে তোমাদের কোনই ক্ষতি করতে পারবে না। আল্লাহর দিকে

جميعا فينبئكم بما كنتم تعملون ۝ يا ايها الذين امنوا شهادة بينكم

জ্বামী'আন্ ফাইউনাব্বিউকুম্ বিমা- কুন্তুম তা'মালূন। ১০৬। ইয়া~আইয়্যুহাল্লাযীনা আ-মানূ শাহা-দাতু বাইনিকুম
তোমাদের সকলের ফিরে যেতে হবে। অতঃপর তিনি তোমাদেরকে জানিয়ে দিবেন যা তোমরা করতে। (১০৬) হে মুমিনগণ! যখন তোমাদের কারো

اذا حضر احدكم الموت حين الوصية اثنن ذوا عدل منكم او اخرن

ইযা- হ্বাদ্বারা আহ্বাদাকুমুল মাওতু হ্বীনাল ওয়াস্বিইয়্যাতিছ্ না-নি যাওয়া- 'আদ্লিম্ মিন্কুম আও আ-খারা-নি
মৃত্যুর সময় ঘনিয়ে আসে তখন ওসীয়ত করার সময় তোমাদের রাখ দু'জন ন্যায় পরায়ন লোককে থেকে সাক্ষী। অথবা তোমাদের

من غيركم ان انتم ضربتم في الارض فاصابتكم مصيبة الموت

মিন্ গাইরিকুম ইন্ আন্তুম দ্বারাব্তুম ফিল্ আর্দ্বি ফাআস্বা-বাত্কুম্ মুস্বীবাতুল মাওত ;
ছাড়া অন্যদের থেকে দু'জন সাক্ষী রাখবে, যদি তোমরা সফরে থাক এবং সে অবস্থায় মৃত্যুরূপে কোন বিপদ এসে উপস্থিত হয়।

تحبسونهما من بعد الصلوة فيقسمن بالله ان ارتبتم لا نشتري به ثمنا

তাহ্বিসূনাহুমা- মিম্ বা'দিস্ব স্বালা-তি ফাইউক্বসিমা-নি বিল্লা-হি ইনির তাব্তুম লা-নাশ্তারী বিহী ছামানাওঁ
যদি তোমাদের সন্দেহ হয়, তবে সালাতের পর পর্যন্ত তাদের দু'জনকে অপেক্ষমান রাখবে। অতঃপর তারা দু'জন আল্লাহর নামে শপথ করে বলবে, "আমরা এ শপথের

ولو كان ذا قربى ولا نكتم شهادة الله انا اذا لمن الاثمين ۝ فان عثر

ওয়ালাও কা-না যা- ক্বুরবা- ওয়ালা-নাক্তুমু শাহা-দাতাল্লা-হি ইন্না~ইযাল্ লামিনাল আ-ছিমীন। ১০৭। ফাইন্ 'উছিরা
বিনিময় কোন মূল্য গ্রহণ করব না, যদিও সে নিকট আত্মীয় হয় এবং আল্লাহর সাক্ষ্য গোপন করব না। করলে আমরা অবশ্যই গুনাহগারের অন্তর্ভুক্ত হব। (১০৭) অতঃপর

على انهما استحقا اثما فاخرن يقومن مقامهما من الذين استحق

'আলা~আন্নাহুমাস্ তাহ্বাক্বক্বা~ইছ্মান্ ফাআ-খারা-নি ইয়াক্বূমা-নি মাক্বা-মাহুমা-মিনাল্লাযীনাস্ তাহ্বাক্বক্বা
যদি প্রকাশ পায় যে, তারা উভয়েই অপরাধে লিপ্ত রয়েছে। তবে যাদের সাথে অপরাধ করেছে তাদের নিকটতম আত্মীয় থেকে দু'জন তাদের স্থলাভিষিক্ত হবে,

عليهم الاوليان فيقسمن بالله لشهادتنا احق من شهادتهما وما اعتدينا

'আলাইহিমুল আওলাইয়া-নি ফাইউক্বসিমা-নি বিল্লা-হি লাশাহা-দাতুনা~আহ্বাক্বক্বু মিন্ শাহা-দাতিহিমা- ওয়া মা'তাদাইনা~
তারা আল্লাহর শপথ করে বলবে, অবশ্যই আমাদের সাক্ষ্য তাদের চেয়ে অধিকতর সত্য এবং আমরা সীমালংঘন করিনি; যদি করি তবে,

○ শানে নুযূল (আঃ ১০৬) ঃ বনী সহ্ম গোত্রের একজন মুসলমান তামীম দারী ও আদী ইবনে বারা (পরে মুসলমান হয়)-এর সাথে সিরিয়ায় বাণিজ্য করতে গেল। পথিমধ্যে সহ্মী মুসলমানটি পীড়িত হয়ে মৃত্যুর নিকটবর্তী হলে সঙ্গী খ্রিষ্টানদ্বয়কে ওছিয়ত করে গেল যে, আমার পরিত্যক্ত বস্তুগুলি আমার ওয়ারিসদের নিকট পৌছিয়ে দিও। পরিত্যক্ত বস্তুগুলির মধ্যে একটি স্বর্ণখচিত রৌপ্য পাত্রই ছিল মূল্যবান। তারা দেশে এসে উক্ত পাত্রটি ভিন্ন আর সমস্ত দ্রব্যই ওয়ারিসদের নিকট পৌছিয়ে দিল। ওয়ারিসরা এই পেয়ালাটির সংবাদ জানত। তফসীরে মাদারেকে আছে, মৃত ব্যক্তির মালের সাথে একটি তালিকা ছিল। তারা তা মিলিয়ে পেয়ালা পেল না। জিজ্ঞাসা করা হলে বলল, অন্য কোন দ্রব্যই সে দেয় নি। পরিশেষে হুযূর(সাঃ)-এর সমীপে মোকদ্দমা পেশ করা হল। তখনই এই আয়াতটি নাযিল হয়। (বঃ কোঃ)

انا اذا لمن الظلمين ۞ ذلك ادنى ان يأتوا بالشهادة على وجهها

ইন্না~ইযাল্ লামিনায্ যা-লিমীন। ১০৮। যা-লিকা আদ্না~আঁই ইয়া'তূ বিশ্ শাহা-দাতি 'আলা- ওয়াজ্হিহা~

নিশ্চয়ই আমরা অত্যাচারীদের অন্তর্ভুক্ত হব। (১০৮) এটাই এ বিষয়ের নিকটতম পদ্ধতি যে, তারা সঠিকভাবে সাক্ষ্য প্রদান করবে।

او يخافوا ان ترد ايمان بعد ايمانهم واتقوا الله واسمعوا والله

আও ইয়াখা-ফূ~আন্ তুরাদ্দা আইমা-নুম্ বা'দা আইমা-নিহিম; ওয়াত্তাকুল্লা-হা ওয়াস্মা'উ ; ওয়াল্লা-হু

বা ভয় করবে যে, শপথের পর আবার তাদেরকে শপথ করানো হবে। আর তোমরা আল্লাহকে ভয় কর এবং শোন, আল্লাহ পাপিষ্ঠ সম্প্রদায়কে

لا يهدى القوم الفسقين ۞ يوم يجمع الله الرسل فيقول ماذا اجبتم

লা-ইয়াহ্দিল ক্বাওমাল ফা-সিক্বীন। ১০৯। ইয়াওমা ইয়াজ্মা'উল্লা-হুর্ রুসুলা ফাইয়াকূলু মা-যা~উজিব্তুম ;

সঠিক পথ প্রদর্শন করেন না। (১০৯) যেদিন আল্লাহ রাসূলগণকে একত্রিত করবেন অতঃপর বলবেন, তোমরা (উম্মতের থেকে) কি জবাব পেয়েছিলে?

১৪ ع ৪ রুকূ

قالوا لا علم لنا انك انت علام الغيوب ۞ اذ قال الله يعيسى ابن

ক্বা-লূ লা-'ইল্মা লানা-; ইন্নাকা আন্তা 'আল্লা-মুল গুয়ূব্। ১১০। ইয্ ক্বা-লাল্লা-হু ইয়া-'ঈসাব্না

তাঁরা বলবেন, আমাদের তো এ বিষয় কোনই জ্ঞান নেই, নিশ্চয় আপনি অদৃশ্য সম্পর্কে সম্পূর্ণ জ্ঞাত। (১১০) যখন আল্লাহ বলবেন, হে মারইয়াম পুত্র ঈসা! আমার

مريم اذكر نعمتى عليك وعلى والدتك اذ ايدتك بروح القدس

মারইয়ামায্কুর নি'মাতী 'আলাইকা ওয়া 'আলা- ওয়া-লিদাতিক। ইয্ আইইয়াদ্তুকা বিরূহিল কুদুস,

অনুগ্রহের কথা স্মরণ কর- যা তোমাকে এবং তোমার মাতাকে প্রদান করা হয়েছে। যখন আমি পবিত্র আত্মা দ্বারা তোমাকে সাহায্য করেছিলাম এবং তুমি

تكلم الناس فى المهد وكهلا واذ علمتك الكتب والحكمة والتورة

তুকাল্লিমুন্ না-সা ফিল্ মাহ্দি ওয়া কাহ্লা-, ওয়া ইয্ 'আল্লাম্তুকাল কিতা-বা ওয়াল হিক্‌মাতা ওয়াত্তাওরা-তা

দোলনায় (শিশু) থাকা অবস্থায় মানুষের সাথে কথা বলেছিলে এবং পরিণত বয়সেও। (স্মরণ কর) যখন আমি তোমাকে শিখিয়েছিলাম কিতাব, তত্ত্বজ্ঞান, তাওরাত

والانجيل واذ تخلق من الطين كهيئة الطير باذنى فتنفخ فيها

ওয়াল্ ইন্জীল, ওয়াইয্ তাখলুক্ব মিনাত্ত্বীনি কাহাইআতিত্ত্ব ত্বাইরি বিইয্নী ফাতান্ফুখু ফীহা-

ও ইনজীল। আর যখন তুমি আমার নির্দেশে কাদা দিয়ে পাখী সদৃশ আকৃতি তৈরী করতে ছিলে। অতঃপর তুমি তাতে ফুঁৎকার দিতে, ফলে আমার

فتكون طيرا باذنى وتبرئ الاكمه والابرص باذنى واذ تخرج

ফাতাকূনু ত্বাইরাম্ বিইয্নী ওয়াতুব্রিউল আক্মাহা ওয়াল্ আব্রাস্বা বিইয্নী, ওয়া ইয্ তুখ্রিজুল

নির্দেশে তা পাখী হয়ে যেত। আর তুমি আমার নির্দেশে জন্মান্ধ ও কুষ্ঠরোগীকে ভাল করে দিতে। আর তুমি আমার নির্দেশে মৃতদেরকে

○ টীকা (আঃ ১১০) ঃ وعلى والدتك - মায়ের প্রাপ্ত অনুগ্রহ, হযরত ঈসাকে (আ) এ জন্য স্মরণ করায়ে দিয়েছেন যে, মূলের প্রতি প্রদর্শিত অনুগ্রহ প্রকারন্তরে শাখার প্রতিও অনুগ্রহ। অর্থাৎ, তুমি এরূপ মূলের শাখা যা পবিত্র। (তাঃ আশরাফী) ○ বিশ্লেষণ (আঃ ১১০) ঃ روح القدس ঃ পবিত্র আত্মা দ্বারা জীবরাঈলকে (আ) বুঝানো হয়েছে। حوارى ঃ হাওয়ারী অর্থ- ঈসার (আ) অনুসারীগণ। (তাঃ ইবনে কাছীর) ○ টীকা (আঃ ১১০) ঃ "কেতাব" শব্দের অর্থ কোন কোন ভাষ্যকার "লিখন" গ্রহণ করেছেন। তদনুসারেই আমরা অনুবাদ করেছি। আর কোন কোন ভাষ্যকার "কেতাব" অর্থে সমুদয় আসমানী গ্রন্থ বলে মর্ম গ্রহণ করেছেন এবং তাওরাত ও ইঞ্জিল সম্বন্ধে লিখেছেন যে, এগুলোর বিশেষ করে নাম নেয়া এদের বৈশিষ্ট্য ও মাহাত্ম্যেরই জন্য।

الموتى باذنى واذ كففت بنى اسراءيل عنك اذ جئتهم بالبينت

মাওতা- বিইয্নী, ওয়া ইয্ কাফাফ্তু বানী~ইস্রা—ঈলা 'আন্কা ইয্ জি'তাহুম্ বিল বাইয়্যিনা-তি

জীবিত করতে। আর (স্মরণ কর) যখন আমি বনী ঈসরাইলদেরকে তোমার (হত্যা) থেকে বিরত রেখেছিলাম। যখন তুমি তাদের কাছে সু-স্পষ্ট নিদর্শন নিয়ে

فقال الذين كفروا منهم ان هذا الا سحر مبين ۞ واذ اوحيت الى

ফাক্বা-লাল্লাযীনা কাফারূ মিন্হুম ইন্ হা-যা~ইল্লা- সিহ্রুম্ মুবীন। ১১১। ওয়া ইয্ আওহাইতু ইলাল

উপস্থিত হয়েছিলে, তখন তাদের মধ্যে যারা কাফির তারা বলেছিল যে, এসব সু-স্পষ্ট যাদু ছাড়া আর কিছুই নয়। (১১১) আর যখন আমি হাওয়ারিদের প্রতি প্রত্যাদেশ

الحواريين ان امنوا بى وبرسولى قالوا امنا واشهد باننا مسلمون

হাওয়া-রিইয়্যীনা আন্ আ-মিনূ বী ওয়া বিরাসূলী, ক্বা-লূ~আ-মান্না- ওয়াশ্হাদ্ বিআন্নানা- মুস্লিমূন।

করলাম যে, তোমরা তোমরা আমার প্রতি ও আমার রাসূলের প্রতি ঈমান আন। তারা বলল, আমরা ঈমান আনলাম এবং আপনি সাক্ষী থাকুন যে, আমরা আত্মসমর্পণকারী।

۞ اذ قال الحواريون يعيسى ابن مريم هل يستطيع ربك ان ينزل

১১২। ইয্ ক্বা-লাল হাওয়া-রিয়্যূনা ইয়া-'ঈসাব্না মারইয়ামা হাল্ ইয়াস্তাত্বী'উ রাব্বুকা আইঁ ইউনায্যিলা

(১১২) স্মরণ কর, যখন হাওয়ারীগণ বলেছিল, হে মারইয়াম পুত্র ঈসা! তোমার প্রতিপালক কি সামর্থ্য রাখেন যে, আমাদের জন্য

علينا مائدة من السماء قال اتقوا الله ان كنتم مؤمنين ۞ قالوا

'আলাইনা- মা—ইদাতাম্ মিনাস্ সামা—ই ; ক্বা-লাত্তাকুল্লা-হা ইন্ কুন্তুম্ মু'মিনীন। ১১৩। ক্বা-লূ

খাদ্য ভর্তি খাঞ্চা আসমান থেকে অবতীর্ণ করবেন? তিনি বললেন, তোমরা আল্লাহকে ভয় কর, যদি তোমরা মুমিন হও। (১১৩) তারা বলল,

نريد ان ناكل منها وتطمئن قلوبنا ونعلم ان قد صدقتنا ونكون

নুরীদু আন্ না'কুলা মিন্হা- ওয়া তাত্বমাইন্না কুলূবুনা- ওয়া না'লামা আন্ ক্বাদ্ স্বাদাক্বতানা- ওয়া নাকূনা

আমরা ইচ্ছা করি যে, তা থেকে কিছু আহার করব এবং আমাদের আত্মা তৃপ্তি লাভ করবে। আর আমরা জানতে পারব যে, তুমি আমাদেরকে সত্য বলেছ এবং আমরা

عليها من الشهدين ۞ قال عيسى ابن مريم اللهم ربنا انزل علينا

'আলাইহা- মিনাশ্ শা-হিদীন। ১১৪। ক্বা-লা 'ঈসাব্নু মার্ইয়ামাল্ লা-হুম্মা রাব্বানা~আন্যিল্ 'আলাইনা-

এর উপর সাক্ষ্য প্রদানকারী হয়ে যাব। (১১৪) মরইয়াম পুত্র ঈসা বললেন, হে আল্লাহ! হে আমাদের রব! আমাদের জন্য আসমান থেকে খাদ্যপূর্ণ খাঞ্চা অবতীর্ণ

مائدة من السماء تكون لنا عيدا لاولنا واخرنا واية منك وارزقنا

মা—ইদাতাম্ মিনাস্ সামা—ই তাকূনু লানা- 'ঈদাল লিআওয়্যালিনা- ওয়া আ-খিরিনা- ওয়া আ-ইয়াতাম্ মিন্ক, ওয়ার্‌যুক্বনা-

কর। যেন এটা আমাদের ও আমাদের পূর্বের ও পরবর্তী সকলের জন্য খুশীর বিষয় হবে এবং এটা আপনার তরফ থেকে নিদর্শন হবে। আর আমাদেরকে রিযিক

وانت خير الرزقين ۞ قال الله انى منزلها عليكم فمن يكفر بعد منكم

ওয়া আন্তা খাইরুর রা-যিক্বীন। ১১৫। ক্বা-লাল্লা-হু ইন্নী মুনায্যিলুহা- 'আলাইকুম, ফামাইঁ ইয়াক্ফুর বা'দু মিন্কুম

দান করুন আপনি তো সর্বোত্তম রিযিক দাতা। (১১৫) আল্লাহ বললেন, নিশ্চয়ই আমি তোমাদের কাছে তা অবতীর্ণ করব। অতঃপর তোমাদের মধ্যে যে

فاني اعذبه عذابا لا اعذبه احدا من العلمين ﴿١١٥﴾ واذ قال الله يعيسى ابن

ফাইন্নী~উ'আয্যিবুহূ 'আযা-বাল্ লা~উ 'আয্যিবুহূ~আহাদাম্ মিনাল 'আ-লামীন। ১১৬। ওয়া ইয্ ক্বা-লাল্লা-হু ইয়া-'ঈসাব্‌না
কুফরী করবে, আমি তাকে এমন শাস্তি দিব, যে শাস্তি এ বিশ্বজগতে আর কাউকে দিব না। (১১৬) আর স্মরণ কর! যখন আল্লাহ বলবেন, হে মারইয়াম

مريم ءانت قلت للناس اتخذوني وامي الهين من دون الله

মারইয়ামা আআন্‌তা ক্বুল্‌তা লিন্না-সিত্‌তাখিযূনী ওয়া উম্মিয়া ইলা-হাইনি মিন্ দূনিল্লা-হ্ ;
পুত্র ঈসা! তুমি কি মানুষদেরকে বলেছিলে যে, আল্লাহ ব্যতীত তোমরা আমাকে ও আমার মাতাকে মা'বুদ হিসেবে গ্রহণ কর ?

قال سبحنك ما يكون لي ان اقول ما ليس لي بحق ان كنت

ক্বা-লা সুব্‌হা-নাকা মা-ইয়াকূনু লী~আন্ আক্বূলা মা- লাইসা লী বিহাক্ক্বি ; ইন্ কুন্‌তু
ঈসা বলবেন, আপনি তো (শিরক হতে) পবিত্র। এমন কথা বলা আমার পক্ষে শোভনীয় নয়, যা বলার অধিকার আমার নেই। যদি আমি সেগুলো বলতাম,

قلته فقد علمته تعلم ما في نفسي ولا اعلم ما في نفسك انك

ক্বুল্‌তুহূ ফাক্বাদ্ 'আলিম্‌তাহ্ ; তা'লামু মা- ফী নাফ্‌সী ওয়ালা~আ'লামু মা-ফী নাফ্‌সিক ; ইন্নাকা
তবে নিশ্চয়ই তা আপনি জানতেন। আমার অন্তরে যা আছে তা আপনি জানেন। কিন্তু আপনার অন্তরে (জ্ঞানে) যা আছে তা আমি জানি না। নিশ্চয়ই আপনি অদৃশ্য

انت علام الغيوب ﴿١١٦﴾ ما قلت لهم الا ما امرتني به ان اعبدوا الله

আন্‌তা 'আল্লা-মুলগুয়ূব্। ১১৭। মা- ক্বুল্‌তু লাহুম ইল্লা- মা~আমার্‌তানী বিহী~আনি'বুদুল্লা-হা
বিষয় সম্পর্কে জ্ঞাত। (১১৭) আপনি আমাকে যে বিষয় বলতে নির্দেশ দিয়েছেন তা ব্যতীত অন্য কিছু আমি তাদেরকে বলিনি। তা হল, তোমরা আল্লাহর ইবাদত

ربي وربكم وكنت عليهم شهيدا ما دمت فيهم فلما توفيتني كنت

রাব্বী ওয়া রাব্বাকুম, ওয়া কুন্‌তু 'আলাইহিম শাহীদাম্ মা- দুম্‌তু ফীহিম, ফালাম্মা- তাওয়াফ্‌ফাইতানী কুন্‌তা
কর যিনি আমার ও তোমাদের প্রতিপালক এবং আর যতদিন আমি তাদের মাঝে ছিলাম ততদিন আমি তাদের উপর সাক্ষী ছিলাম। অতঃপর যখন আপনি আমাকে

انت الرقيب عليهم وانت على كل شيء شهيد ﴿١١٧﴾ ان تعذبهم فانهم

আন্‌তার্ রাক্বীবা 'আলাইহিম ; ওয়া আন্‌তা 'আলা- কুল্লি শাইয়িন্ শাহীদ। ১১৮। ইন্ তু'আয্যিব্‌হুম ফাইন্নাহুম
উঠিয়ে নিলেন, তখন আপনি ছিলেন তাদের পর্যবেক্ষক এবং আপনি তো সব বিষয়ে সাক্ষী। (১১৮) আপনি যদি তাদেরকে শাস্তি দান করেন; তবে তারা

عبادك وان تغفر لهم فانك انت العزيز الحكيم ﴿١١٨﴾ قال الله

'ইবা-দুক, ওয়া ইন্ তাগ্‌ফির লাহুম ফাইন্নাকা আন্‌তাল 'আযীযুল হাকীম। ১১৯। ক্বা-লাল্লা-হু
আপনারই তো বান্দা, আর যদি তাদেরকে ক্ষমা করে দেন, তবে নিশ্চয় আপনি মহা শক্তিধর ও প্রজ্ঞাময়। (১১৯) আল্লাহ বলবেন,

○ টীকা (আঃ ১১৬) ঃ আল্লাহ তা'আলার সঙ্গে শুধু মসীহ ও 'পবিত্র আত্মা'কেই খোদা বানিয়ে খ্রিষ্টানগণ ক্ষান্ত হয়নি, এছাড়া তারা মসীহর সম্মানীয়া জননী মারইয়ামকেও এক স্থায়ী উপাস্যরূপে গণ্য করে বসে। মসীহ (আ)-এর ঊর্ধারোহণের পর প্রথম তিনশ' বছর পর্যন্ত খ্রিষ্টান জগত এ ধারণার সঙ্গে সম্পূর্ণ অপরিচিত ছিল। তৃতীয় খ্রিষ্টীয় শতাব্দীর শেষাংশে আলেকজান্দ্রিয়ার কয়েকজন ধর্মীয় পণ্ডিত প্রথম বারের মত হযরত মারইয়ামকে 'খোদার মাতা' এই আখ্যায় আখ্যায়িত করে এবং তারপর ধীরে ধীরে গীর্জাতে মারইয়াম পূজা বিস্তার লাভ করতে শুরু করে।

هذا يوم ينفع الصدقين صدقهم لهم جنت تجري من تحتها الانهر

فَجَاءَهَا بَأْسُنَا بَيَاتًا أَوْ هُمْ قَائِلُونَ ۝٤ فَمَا كَانَ دَعْوَاهُمْ إِذْ جَاءَهُمْ

ফাজ্বা—আহা- বা'সুনা- বাইয়া-তান্ আও হুম ক্বা—ইলূন। ৫। ফামা- কা-না দা'ওয়া-হুম ইয্ জ্বা—আহুম্

উপর আমার শাস্তি এসেছিল রাতের বেলা, অথবা দুপুরে বিশ্রামের সময়। (৫) যখন তাদের উপর আমার শাস্তি এসেছিল তখন তাদের মুখ হতে শুধু একথাই বের

بَأْسُنَا إِلَّا أَنْ قَالُوا إِنَّا كُنَّا ظَالِمِينَ ۝٥ فَلَنَسْأَلَنَّ الَّذِينَ أُرْسِلَ إِلَيْهِمْ

বা'সুনা~ইল্লা~আন্ ক্বা-লূ~ইন্না- কুন্না- য্বা-লিমীন। ৬। ফালানাস্আলান্নাল্ লাযীনা উর্সিলা ইলাইহিম

হয়েছিল, নিশ্চয়ই আমরা অত্যাচারী। (৬) অতঃপর যাদের প্রতি রাসূল প্রেরণ করা হয়েছিল আমি তাদের কাছে অবশ্যই জিজ্ঞাসা করব এবং রাসূলগণকেও

وَلَنَسْأَلَنَّ الْمُرْسَلِينَ ۝٦ فَلَنَقُصَّنَّ عَلَيْهِمْ بِعِلْمٍ ۖ وَمَا كُنَّا غَائِبِينَ ۝

ওয়া লানাস্আলান্নাল মুর্সালীন। ৭। ফালানাকুস্স্বান্না 'আলাইহিম্ বি'ইলমিওঁ ওয়ামা- কুন্না- গা—ইবীন।

জিজ্ঞাসা করব। (৭) তারপর আমি স্বজ্ঞানে বর্ণনা করব, তাদের নিকট (তাদের আমলসমূহ)। আর আমিতো অবিদিত ছিলাম না।

وَالْوَزْنُ يَوْمَئِذٍ الْحَقُّ ۚ فَمَنْ ثَقُلَتْ مَوَازِينُهُ فَأُولَٰئِكَ هُمُ الْمُفْلِحُونَ ۝

৮। ওয়াল্ ওয়ায্নু ইয়াওমাইযিনিল্ হ্বাক্কু, ফামান্ ছাকুলাত্ মাওয়া-যীনুহূ ফাউলা—ইকা হুমুল মুফ্লিহূন।

(৮) এবং সেদিন ওজন সঠিকভাবেই হবে। সেদিন যাদের পাল্লা ভারী হবে, তারাই সফলকাম হবে।

وَمَنْ خَفَّتْ مَوَازِينُهُ فَأُولَٰئِكَ الَّذِينَ خَسِرُوا أَنْفُسَهُمْ بِمَا كَانُوا بِآيَاتِنَا

৯। ওয়া মান্ খাফ্ফাত্ মাওয়া-যীনুহূ ফাউলা—ইকাল্ লাযীনা খাসিরূ~আন্ফুসাহুম্ বিমা- কা-নূ বিআ-ইয়া-তিনা-

(৯) আর যাদের পাল্লা হালকা হবে, তারাই নিজেদেরকে ক্ষতিগ্রস্ত করেছে, কারণ তারা আমার আয়াতের হক নষ্ট

يَظْلِمُونَ ۝٩ وَلَقَدْ مَكَّنَّاكُمْ فِي الْأَرْضِ وَجَعَلْنَا لَكُمْ فِيهَا مَعَايِشَ ۗ

ইয়াযলিমূন। ১০। ওয়া লাক্বাদ্ মাক্কান্না-কুম ফিল্ আর্দ্বি ওয়া জ্বা'আল্না- লাকুম ফীহা- মা'আ-ইশ ;

করতো। (১০) নিশ্চয়ই আমি তোমাদেরকে পৃথিবীতে বসবাসের ব্যবস্থা করেছি এবং সেথায় তোমাদের জন্য জীবিকার ব্যবস্থা করেছি।

قَلِيلًا مَا تَشْكُرُونَ ۝١٠ وَلَقَدْ خَلَقْنَاكُمْ ثُمَّ صَوَّرْنَاكُمْ ثُمَّ قُلْنَا لِلْمَلَائِكَةِ

ক্বালীলাম্ মা-তাশ্কুরূন। ১১। ওয়ালাক্বাদ্ খালাক্না-কুম ছুম্মা ছাওওয়ার্না-কুম ছুম্মা কুল্না- লিল্ মালা—ইকাতিস্

তোমরা খুব কমই কৃতজ্ঞতা জ্ঞাপন কর। (১১) আমিই তোমাদেরকে সৃষ্টি করেছি অতঃপর তোমাদের আকৃতি দিয়েছি এরপরে আমি ফিরিশতাদেরকে বলেছি,

اسْجُدُوا لِآدَمَ فَسَجَدُوا إِلَّا إِبْلِيسَ لَمْ يَكُنْ مِنَ السَّاجِدِينَ ۝

জুদূ লিআ-দামা ফাসাজ্বাদূ~ইল্লা~ইব্লীস ; লাম ইয়াকুম্ মিনাস্ সা-জ্বিদীন।

তোমরা আদমকে সিজদা কর। তখন ইবলিস ছাড়া সকলেই সিজদা করেছে। সে সিজদাকারীদের অন্তর্ভুক্ত হলো না।

রুকূ ৮ ১

(১২) قَالَ مَا مَنَعَكَ أَلَّا تَسْجُدَ إِذْ أَمَرْتُكَ ۖ قَالَ أَنَا خَيْرٌ مِّنْهُ ۚ خَلَقْتَنِي

১২। ক্বা-লা মা- মানা'আকা আল্লা- তাস্‌জুদা ইয্‌ আমারতুক ; ক্বা-লা আনা খাইরুম্‌ মিনহু, খালাক্বতানী

(১২) আল্লাহ বললেন, যখন আমি তোমাকে নির্দেশ দিলাম, তখন কিসে তোমাকে সিজদা থেকে বিরত রাখল? সে বলল, আমি তার চেয়ে শ্রেষ্ঠ; আপনি

مِن نَّارٍ وَخَلَقْتَهُ مِن طِينٍ (১৩) قَالَ فَاهْبِطْ مِنْهَا فَمَا يَكُونُ لَكَ أَن تَتَكَبَّرَ

মিন্‌ না-রিওঁ ওয়া খালাক্বতাহূ মিন্‌ ত্বীন। ১৩। ক্বা-লা ফাহ্‌বিত্ব মিন্‌হা- ফামা- ইয়াকূনু লাকা আন্‌ তাতাকাব্বারা

আমাকে আগুন দ্বারা সৃষ্টি করেছেন এবং তাকে মাটি দ্বারা সৃষ্টি করেছেন।" (১৩) আল্লাহ বললেন, তুমি এখান থেকে নেমে যাও। এখানে বসে তোমার অহমিকা

فِيهَا فَاخْرُجْ إِنَّكَ مِنَ الصَّاغِرِينَ (১৪) قَالَ أَنظِرْنِي إِلَىٰ يَوْمِ يُبْعَثُونَ ○

ফীহা- ফাখ্‌রুজ্‌ ইন্নাকা মিনাস্ব স্বা-গিরীন। ১৪। ক্বা-লা আন্‌যিরনী~ইলা-ইয়াওমি ইয়ুব্‌'আছূন।

করার কোন অধিকার নেই। সুতরাং বের হও, নিশ্চয়ই তুমি নিকৃষ্টদের অন্তর্ভুক্ত। (১৪) সে বলল, আমাকে পুনরুত্থান দিবস পর্যন্ত সুযোগ দিন।

(১৫) قَالَ إِنَّكَ مِنَ الْمُنظَرِينَ (১৬) قَالَ فَبِمَا أَغْوَيْتَنِي لَأَقْعُدَنَّ لَهُمْ

১৫। ক্বা-লা ইন্নাকা মিনাল মুন্‌যারীন। ১৬। ক্বা-লা ফাবিমা~আগ্‌ওয়াইতানী লাআক্ব'উদান্না লাহুম

(১৫) আল্লাহ বললেন, যাদেরকে সুযোগ দেয়া হয়েছে নিশ্চয়ই তুমি তাদের অন্তর্ভুক্ত হলে। (১৬) সে বলল, আপনি আমাকে পথভ্রষ্ট করেছেন, এ কারণে আমি ও আপনার

صِرَاطَكَ الْمُسْتَقِيمَ (১৭) ثُمَّ لَآتِيَنَّهُم مِّن بَيْنِ أَيْدِيهِمْ وَمِنْ خَلْفِهِمْ

স্বিরা-ত্বাকাল মুস্‌তাক্বীম। ১৭। ছুম্মা লাআ-তিইয়ান্নাহুম মিম্‌ বাইনি আইদীহিম ওয়া মিন্‌ খাল্‌ফিহিম

বান্দাদের (পথভ্রষ্ট করার) জন্য সরল পথে বসে থাকব। (১৭) অতঃপর আমি তাদের নিকট তাদের সামনে থেকে, পিছন থেকে, ডান

وَعَنْ أَيْمَانِهِمْ وَعَن شَمَائِلِهِمْ ۖ وَلَا تَجِدُ أَكْثَرَهُمْ شَاكِرِينَ (১৮) قَالَ اخْرُجْ

ওয়া 'আন্‌ আইমা-নিহিম ওয়া 'আন্‌ শামা—ইলিহিম ; ওয়ালা-তাজ্বিদু আক্‌ছারাহুম শা-কিরীন। ১৮। ক্বা-লাখ্‌ রুজ্ব

দিক থেকে এবং বাম দিক থেকে আসব আর আপনি তাদের অনেককেই কৃতজ্ঞ পাবেন না। (১৮) আল্লাহ বললেন, তুমি এখান থেকে

مِنْهَا مَذْءُومًا مَّدْحُورًا ۖ لَّمَن تَبِعَكَ مِنْهُمْ لَأَمْلَأَنَّ جَهَنَّمَ مِنكُمْ أَجْمَعِينَ ○

মিন্‌হা- মায্‌উমাম্‌ মাদ্‌হূরা- ; লামান্‌ তাবি'আকা মিন্‌হুম লাআমলাআন্না জ্বাহান্নামা মিন্‌কুম আজ্‌মা'ঈন।

লাঞ্ছিত ও বিতাড়িত অবস্থায় বের হয়ে যাও। তাদের মধ্য হতে যে কেউ তোমার অনুসরণ করবে আমি তোমাদের সকলের দ্বারা জাহান্নাম পরিপূর্ণ করব।

(১৯) وَيَا آدَمُ اسْكُنْ أَنتَ وَزَوْجُكَ الْجَنَّةَ فَكُلَا مِنْ حَيْثُ شِئْتُمَا وَلَا تَقْرَبَا

১৯। ওয়া ইয়া~আ-দামুস্‌ কুন্‌ আন্তা ওয়া যাওজুকাল জ্বান্নাতা ফাকুলা- মিন্‌ হাইছু শি'তুমা- ওয়ালা- তাক্বরাবা-

(১৯) আর হে আদম! তুমি এবং তোমার স্ত্রী জান্নাতে বসবাস কর এবং তোমরা উভয়ে খাও, যেখান থেকে ইচ্ছা কর এবং এ বৃক্ষের নিকটেও যাবে না,

هَٰذِهِ الشَّجَرَةَ فَتَكُونَا مِنَ الظَّالِمِينَ (২০) فَوَسْوَسَ لَهُمَا الشَّيْطَانُ لِيُبْدِيَ

হা-যিহিশ্‌ শাজ্বারাতা ফাতাকূনা- মিনায্ব যা-লিমীন। ২০। ফাওয়াস্‌ ওয়াসা লাহুমাশ্‌ শাইত্বা-নু লিইয়ুব্‌দিয়া

(যদি যাও) তবে তোমরা অত্যাচারীদের অন্তর্ভুক্ত হবে। (২০) অতঃপর শয়তান তাদের উভয়কে কুমন্ত্রণা দিল, যাতে প্রকাশ করে দেয় তাদের লজ্জাস্থান, যা তাদের উভয়ের

لَهُمَا مَا وُورِيَ عَنْهُمَا مِن سَوْآتِهِمَا وَقَالَ مَا نَهَاكُمَا رَبُّكُمَا عَنْ هَٰذِهِ الشَّجَرَةِ

লাহুমা- মা- উরিয়া 'আন্‌হুমা- মিন্‌ সাওআ-তিহিমা- ওয়া ক্বা-লা মা- নাহা-কুমা- রাব্বুকুমা- 'আন্‌ হা-যিহিশ্‌ শাজ্বারাতি

হতে গোপন রাখা হয়েছিল। আর বলল, তোমাদের প্রতিপালক তোমাদের উভয়কে এ বৃক্ষের (কাছে যাওয়ার) ব্যাপারে শুধু এজন্য নিষেধ করেছেন, যাতে

إِلَّا أَن تَكُونَا مَلَكَيْنِ أَوْ تَكُونَا مِنَ الْخَالِدِينَ (২১) وَقَاسَمَهُمَا إِنِّي لَكُمَا لَمِنَ

ইল্লা~আন্‌ তাকূনা- মালাকাইনি আও তাকূনা- মিনাল খা-লিদীন। ২১। ওয়া ক্বা-সামাহুমা~ইন্নী লাকুমা- লামিনান্‌

তোমরা উভয়ই আবার না ফিরিশতা হয়ে যাও অথবা তোমরা স্থায়ী হয়ে যাও। (২১) আর সে তাদের উভয়ের কাছে কসম খেয়ে বলল, নিশ্চয়ই আমি তোমাদের

النَّاصِحِينَ (২২) فَدَلَّاهُمَا بِغُرُورٍ ۚ فَلَمَّا ذَاقَا الشَّجَرَةَ بَدَتْ لَهُمَا سَوْآتُهُمَا

না-স্বিহীন। ২২। ফাদাল্লা-হুমা- বিগুরূর, ফালাম্মা- যা-ক্বাশ্‌ শাজ্বারাতা বাদাত্‌ লাহুমা- সাওআ-তুহুমা-

হিতাকাঙ্ক্ষী। (২২) এভাবে সে তাদেরকে ধোঁকার দ্বারা নীচে নিয়ে আসল। অতঃপর যখন উভয়েই বৃক্ষ (ফলের) স্বাদ গ্রহণ করল, তখন প্রকাশ হয়ে গেল,

وَطَفِقَا يَخْصِفَانِ عَلَيْهِمَا مِن وَرَقِ الْجَنَّةِ ۖ وَنَادَاهُمَا رَبُّهُمَا أَلَمْ أَنْهَكُمَا عَن

ওয়া ত্বাফিক্বা- ইয়াখ্‌স্বিফা-নি 'আলাইহিমা- মিওঁ ওয়ারাক্বিল জ্বান্নাহ ; ওয়া না-দা-হুমা- রাব্বুহুমা~আলাম্‌ আন্‌হাকুমা- 'আন্‌

তাদের লজ্জাস্থান এবং তারা বেহেশতের পাতা দ্বারা (তাদের লজ্জাস্থান) ঢাকতে লাগল। আর তাদের প্রতিপালক তাদেরকে ডেকে বললেন, আমি কি তোমাদেরকে

تِلْكُمَا الشَّجَرَةِ وَأَقُل لَّكُمَا إِنَّ الشَّيْطَانَ لَكُمَا عَدُوٌّ مُّبِينٌ (২৩) قَالَا رَبَّنَا

তিলকুমাশ্‌ শাজ্বারাতি ওয়া আকুল্‌ লাকুমা~ইন্নাশ্‌ শাইত্বা-না লাকুমা- 'আদুওউম্‌ মুবীন। ২৩। ক্বা-লা- রাব্বানা-

এ বৃক্ষ সম্পর্কে নিষেধ করিনি এবং তোমাদেরকে বলিনি, নিশ্চয়ই শয়তান তোমাদের প্রকাশ্য শত্রু? (২৩) তারা উভয়েই বলল, হে আমাদের প্রতিপালক!

ظَلَمْنَا أَنفُسَنَا وَإِن لَّمْ تَغْفِرْ لَنَا وَتَرْحَمْنَا لَنَكُونَنَّ مِنَ الْخَاسِرِينَ ○

য্বালাম্‌না~আন্‌ফুসানা-, ওয়া ইল্‌লাম তাগ্‌ফির্‌লানা- ওয়া তার্‌হাম্‌না- লানাকূনান্না মিনাল খা-সিরীন।

আমরা আমাদের আত্মার উপর জুলুম করেছি, তুমি যদি ক্ষমা না কর এবং দয়া না কর তবে অবশ্যই আমরা ক্ষতিগ্রস্তদের মধ্যে হয়ে যাব।

(২৪) قَالَ اهْبِطُوا بَعْضُكُمْ لِبَعْضٍ عَدُوٌّ ۖ وَلَكُمْ فِي الْأَرْضِ مُسْتَقَرٌّ وَمَتَاعٌ

২৪। ক্বা-লাহ্‌ বিত্বূ বা'দ্বুকুম লিবা'দ্বিন 'আদুওউ, ওয়া লাকুম্‌ ফিল্‌ আরদ্বি মুস্‌তাক্বাররুওঁ ওয়া মাতা-'উন

(২৪) আল্লাহ বললেন, তোমরা নেমে যাও একে অন্যের শত্রুরূপে এবং তোমাদের জন্য পৃথিবীতে বাসস্থান এবং ভোগের সামগ্রী রয়েছে, নির্দিষ্ট সময়ের

إِلَىٰ حِينٍ (২৫) قَالَ فِيهَا تَحْيَوْنَ وَفِيهَا تَمُوتُونَ وَمِنْهَا تُخْرَجُونَ (২৬) يَا بَنِي

ইলা- হ্বীন। ২৫। ক্বা-লা ফীহা- তাহ্বইয়াওনা ওয়া ফীহা- তামূতূনা ওয়া মিন্‌হা- তুখ্‌রাজূন। ২৬। ইয়া-বানী~

জন্য। (২৫) তিনি বললেন, সেখানেই তোমরা জীবন অতিবাহন করবে এবং সেখানেই তোমাদের মৃত্যু হবে এবং সেখান থেকেই তোমাদের পুনরুত্থান হবে। (২৬) হে

○ টীকা (আঃ ২১) ঃ অর্থাৎ, ধূর্ত শয়তান তাদেরকে প্ররোচনা দিল যে, আল্লাহ তোমাদেরকে জান্নাতে স্থায়ীভাবে রাখতে চান না। একারণে এ বৃক্ষফল থেকে নিষেধ করেছেন। কারণ এ বৃক্ষফল যে ভক্ষণ করে সে ফিরিশতা হয়ে যায় অথবা জান্নাতে চিরস্থায়ীভাবে থেকে যায়। এভাবে তাদেরকে প্রভাবিত করলো। (কুঃ কারীম) ○ বিশ্লেষণ (আঃ ২৬) ঃ وريشا ঃ (শোভাময় পোশাক) সাজ-সজ্জার জন্য মানুষ যে পোশাক পরিধান করে তাকে ريش বলে। আল্লাহ মানুষদেরকে দু' প্রকারের পোশাক দিয়েছেন। (১) লজ্জাস্থান ঢাকার জন্য পোশাক। (২) শরীরের শোভা বৃদ্ধির জন্য এক প্রকার পোশাক।

يٰبَنِيْٓ اٰدَمَ قَدْ اَنْزَلْنَا عَلَيْكُمْ لِبَاسًا يُّوَارِيْ سَوْاٰتِكُمْ وَرِيْشًا ؕ وَلِبَاسُ

আ-দামা ক্বাদ্ আন্‌যাল্‌না- 'আলাইকুম লিবা-সাইঁ ইউওয়া-রী সাওআ-তিকুম ওয়া রীশা- ; ওয়া লিবা-সুত্
বনী আদম! আমি তোমাদের জন্য প্রেরণ করেছি পোশাক, যা তোমাদের লজ্জাস্থান ঢেকে রাখে। আর প্রেরণ করেছি শোভাময় পোশাক।

التَّقْوٰى ۙ ذٰلِكَ خَيْرٌ ؕ ذٰلِكَ مِنْ اٰيٰتِ اللّٰهِ لَعَلَّهُمْ يَذَّكَّرُوْنَ ﴿٢٦﴾ يٰبَنِيْٓ

তাক্বওয়া- যা-লিকা খাইর ; যা-লিকা মিন্ আ-ইয়া-তিল্লা-হি লা'আল্লাহুম ইয়ায্‌যাক্‌কারূন। ২৭। ইয়া-বানী~
পরহেজগারী পোশাকই সর্বোত্তম। এটা আল্লাহর নিদর্শনাবলীর অন্তর্ভুক্ত, যাতে তারা উপদেশ গ্রহণ করে। (২৭) হে বনী আদম!

اٰدَمَ لَا يَفْتِنَنَّكُمُ الشَّيْطٰنُ كَمَآ اَخْرَجَ اَبَوَيْكُمْ مِّنَ الْجَنَّةِ يَنْزِعُ عَنْهُمَا

আ-দামা লা-ইয়াফ্‌তিনান্‌নাকুমুশ্ শাইত্বা-নু কামা~আখ্‌রাজ্বা আবাওয়াইকুম্ মিনাল জ্বান্নাতি ইয়ান্‌যি'উ 'আন্‌হুমা-
শয়তান যেন তোমাদেরকে ধোঁকায় না ফেলে, যেভাবে সে বের করে দিয়েছিল তোমাদের পিতা-মাতাকে জান্নাত থেকে, (এমন অবস্থায়) যে তাদের পোশাক পর্যন্ত

لِبَاسَهُمَا لِيُرِيَهُمَا سَوْاٰتِهِمَا ؕ اِنَّهٗ يَرٰىكُمْ هُوَ وَقَبِيْلُهٗ مِنْ حَيْثُ لَا تَرَوْنَهُمْ ؕ

লিবা-সাহুমা- লিউরিয়াহুমা- সাওআ- তিহিমা-; ইন্নাহূ ইয়ারা-কুম হুওয়া ওয়া ক্বাবীলুহূ মিন্ হ্বাইছু লা-তারাওনাহুম ;
তাদের থেকে নামিয়ে দিয়েছিল, যাতে তাদের লজ্জাস্থান তাদেরকে দেখিয়ে দেয়। নিশ্চয়ই সে এবং তার দল তোমাদেরকে দেখে এমন স্থান থেকে যে স্থান থেকে

اِنَّا جَعَلْنَا الشَّيٰطِيْنَ اَوْلِيَآءَ لِلَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ ﴿٢٧﴾ وَاِذَا فَعَلُوْا فَاحِشَةً

ইন্না- জ্বা'আলনাশ্ শাইয়া-ত্বীনা আওলিয়া—আ লিল্লাযীনা লা-ইয়ু'মিনূন। ২৮। ওয়া ইযা- ফা'আলূ ফা-হ্বিশাতান্
তোমরা তাদেরকে দেখতে পাও না। আমি শয়তানকে তাদের বন্ধু নির্ধারণ করেছি যারা ঈমান আনে না। (২৮) যখন তারা কোন অশ্লীল কাজ করে,

قَالُوْا وَجَدْنَا عَلَيْهَآ اٰبَآءَنَا وَاللّٰهُ اَمَرَنَا بِهَا ؕ قُلْ اِنَّ اللّٰهَ لَا يَاْمُرُ

ক্বা-লূ ওয়াজ্বাদনা-'আলাইহা~আ-বা—আনা-ওয়াল্লা-হু আমারানা-বিহা-; ক্বুল ইন্নাল্লা-হা লা-ইয়া'মুরু
তখন বলে, আমরা আমাদের বাপ-দাদাকে এর উপর পেয়েছি। আর আল্লাহও আমাদেরকে এভাবে নির্দেশ দিয়েছেন। আপনি বলুন, আল্লাহ কখনই

بِالْفَحْشَآءِ ؕ اَتَقُوْلُوْنَ عَلَى اللّٰهِ مَا لَا تَعْلَمُوْنَ ﴿٢٨﴾ قُلْ اَمَرَ رَبِّيْ بِالْقِسْطِ ۟

বিল্ ফাহ্বশা—ই ; আতাক্বূলূনা 'আলাল্লা-হি মা-লা- তা'লামূন। ২৯। ক্বুল আমারা রাব্বী বিল্ ক্বিস্‌ত্বি
অশ্লীল কাজের নির্দেশ দেন না। তোমরা কি আল্লাহ সম্পর্কে এমন কথা বলছো, যে সম্পর্কে তোমরা জান না? (২৯) বলুন, আমার প্রতিপালক ন্যায় বিচারের নির্দেশ

وَاَقِيْمُوْا وُجُوْهَكُمْ عِنْدَ كُلِّ مَسْجِدٍ وَّادْعُوْهُ مُخْلِصِيْنَ لَهُ الدِّيْنَ ۬ؕ

ওয়া আক্বীমূ উজূহাকুম 'ইন্‌দা কুল্লি মাস্‌জ্বিদিঁও ওয়াদ্'উহু মুখ্‌লিস্বীনা লাহুদ্ দীন ;
দিয়েছেন এবং প্রত্যেক সিজদার সময় তোমরা তোমাদের মুখমন্ডল সোজা রাখবে এবং তাঁরই ইবাদতের জন্য একাগ্রতার সাথে তাঁকে ডাকবে। আল্লাহ

كَمَا بَدَاَكُمْ تَعُوْدُوْنَ ﴿٢٩﴾ فَرِيْقًا هَدٰى وَفَرِيْقًا حَقَّ عَلَيْهِمُ الضَّلٰلَةُ ؕ اِنَّهُمُ

কামা- বাদাআকুম তা'উদূন। ৩০। ফারীক্বান্ হাদা- ওয়া ফারীক্বান্ হাক্বক্বা 'আলাইহিমুদ্দ্বালা-লাহ ; ইন্নাহুমুত্
তোমাদেরকে প্রথমে যে ভাবে সৃষ্টি করেছেন সেভাবেই প্রত্যাবর্তন করবে। (৩০) একদলকে আল্লাহ সঠিক পথ প্রদর্শন করেছেন আর অন্যদলের উপর পথভ্রষ্টতা

اتَّخَذُوا الشَّيٰطِيْنَ اَوْلِيَآءَ مِنْ دُوْنِ اللّٰهِ وَيَحْسَبُوْنَ اَنَّهُمْ مُّهْتَدُوْنَ ۝

তাখাযুশ্ শাইয়া-ত্বীনা আওলিয়া—আ মিন্ দূনিল্লা-হি ওয়া ইয়াহ্বসাবূনা আন্নাহুম মুহ্‌তাদূন।
অবধারিত করা হয়েছে। তারা আল্লাহকে ছেড়ে শয়তানকেই বন্ধু হিসেবে গ্রহণ করেছে এবং তারা ধারণা করতো যে, নিশ্চয়ই তারা সঠিক পথে রয়েছে।

﴿٣٠﴾ يٰبَنِيْٓ اٰدَمَ خُذُوْا زِيْنَتَكُمْ عِنْدَ كُلِّ مَسْجِدٍ وَّكُلُوْا وَاشْرَبُوْا وَلَا تُسْرِفُوْا ۚ

৩১। ইয়া-বানী~আ-দামা খুযূ যীনাতাকুম 'ইন্‌দা- কুল্লি মাস্‌জ্বিদিঁও ওয়া কুলূ ওয়াশ্‌রাবূ ওয়ালা- তুস্‌রিফূ,
(৩১) হে বনী আদম! তোমরা প্রত্যেক নামাযের সময় তোমাদের সুন্দর পোশাক পরিধান কর এবং খাও ও পান কর কিন্তু তোমরা অপচয় করো না।

৩ রুকূ ১০ ১৬

اِنَّهٗ لَا يُحِبُّ الْمُسْرِفِيْنَ ﴿٣١﴾ قُلْ مَنْ حَرَّمَ زِيْنَةَ اللّٰهِ الَّتِيْٓ اَخْرَجَ لِعِبَادِهٖ

ইন্নাহূ লা-ইয়ুহ্বিব্বুল মুস্‌রিফীন। ৩২। ক্বুল মান্ হ্বাররামা যীনাতাল্লা-হিল লাতী~আখ্‌রাজ্বা লি'ইবা-দিহী
নিশ্চয় আল্লাহ অপচয়কারীকে ভালবাসেন না। (৩২) আপনি বলুন, কে নিষিদ্ধ করেছে, আল্লাহর সেই শোভনীয় বস্তু এবং

وَالطَّيِّبٰتِ مِنَ الرِّزْقِ ؕ قُلْ هِيَ لِلَّذِيْنَ اٰمَنُوْا فِي الْحَيٰوةِ الدُّنْيَا خَالِصَةً

ওয়াত্ত্বাইয়্যিবা-তি মিনার্ রিযক্ব ; ক্বুল হিয়া লিল্লাযীনা আ-মানূ ফিল্ হ্বাইয়া-তিদ্ দুনইয়া-খা-লিস্বাতাইঁ
খাদ্য দ্রব্যের পবিত্র বস্তু যা তিনি তাঁর বান্দার জন্য সৃষ্টি করেছেন? বলুন, এসব মু'মিনদের জন্য পার্থিব জীবনে, বিশেষ করে

يَّوْمَ الْقِيٰمَةِ ؕ كَذٰلِكَ نُفَصِّلُ الْاٰيٰتِ لِقَوْمٍ يَّعْلَمُوْنَ ﴿٣٢﴾ قُلْ اِنَّمَا حَرَّمَ رَبِّيَ

ইয়াওমাল ক্বিয়া-মাহ, কাযা-লিকা নুফাস্বস্বিলুল আ-ইয়া-তি লিক্বাওমিইঁ ইয়া'লামূন। ৩৩। ক্বুল ইন্নামা- হ্বাররামা রাব্বি
কিয়ামতের দিনে। এভাবে আমি জ্ঞানীদের জন্য আয়াতকে বিস্তারিত বর্ণনা করি। (৩৩) বলুন, আমার প্রতিপালক

الْفَوَاحِشَ مَا ظَهَرَ مِنْهَا وَمَا بَطَنَ وَالْاِثْمَ وَالْبَغْيَ بِغَيْرِ الْحَقِّ وَاَنْ

য়াল্ ফাওয়া-হ্বিশা মা-স্বাহারা মিন্‌হা- ওয়া মা- বাত্বানা ওয়াল্ ইছ্‌মা ওয়াল্ বাগ্‌ইয়া বিগাইরিল হ্বাক্বক্বি ওয়া আন
নিষিদ্ধ করেছেন প্রকাশ্য ও অপ্রকাশ্য অপকর্ম, গুনাহ এবং অন্যায়ভাবে অত্যাচার এবং আল্লাহর সাথে কোন কিছুকে

تُشْرِكُوْا بِاللّٰهِ مَا لَمْ يُنَزِّلْ بِهٖ سُلْطٰنًا وَّاَنْ تَقُوْلُوْا عَلَى اللّٰهِ مَا لَا تَعْلَمُوْنَ ۝

তুশ্‌রিকূ বিল্লা-হি মা-লাম ইউনায্‌যিল বিহী সুল্‌ত্বা-নাওঁ ওয়া আন্ তাক্বূলূ 'আলাল্লা-হি মা-লা- তা'লামূন।
শরীক করা, যার কোন প্রমাণ তিনি অবতীর্ণ করেন নি এবং আল্লাহ সম্পর্কে এমন সব কথা বলা, যে ব্যাপারে তোমাদের কোন জ্ঞান নেই।

﴿٣٣﴾ وَلِكُلِّ اُمَّةٍ اَجَلٌ ۚ فَاِذَا جَآءَ اَجَلُهُمْ لَا يَسْتَاْخِرُوْنَ سَاعَةً وَّلَا يَسْتَقْدِمُوْنَ ۝

৩৪। ওয়া লিকুল্লি উম্মাতিন্ আজ্বাল, ফাইযা- জ্বা—আ আজ্বালুহুম লা-ইয়াস্‌তা'খিরূনা সা-'আতাওঁ ওয়ালা- ইয়াস্ তাক্বদিমূন।
(৩৪) প্রত্যেক জাতির জন্যই একটি নির্ধারিত সময় আছে। যখন তাদের সে নির্ধারিত সময় এসে যাবে তখন মুহূর্তকালও পিছে হটতে পারবে না এবং সামনে অগ্রসরও হতে পারবে না।

✪ শানে নুযূল (আঃ ৩১) ঃ বনী ছক্বীফ এবং কোন কোন মুশরিক সম্প্রদায়ের স্ত্রী-পুরুষ সকলেই উলঙ্গ অবস্থায় কা'বা ঘরের তওয়াফ করত, আর বনী আমের গোত্রের লোকের ইহরামের অবস্থায় ঘৃত ও মাংস আহার করত না এবং এটিকে ইবাদত ও তা'যীম বলে মনে করতো,, মুসলমানগণ হুযূর (স)-কে বললেন, এই তা'যীম করা আমাদের জন্যই তো অধিক সঙ্গত। আল্লাহ তা'আলা অত্র আয়াতে তাদেরকে ভীতি প্রদর্শন করলেন। (বঃ কোঃ) ✪ শানে নুযূল (আঃ ৩২) ঃ قل من حرم...... ঃ ইবন আব্বাস (রা) থেকে বর্ণিত, জাহেলগণ (অশিক্ষিতরা) কতিপয় হালাল বস্তু নিজেদের উপর হারাম করেছিল এ প্রেক্ষিতে এ আয়াত অবতীর্ণ হয়।

يٰبَنِىٓ اٰدَمَ اِمَّا يَاْتِيَنَّكُمْ رُسُلٌ مِّنْكُمْ يَقُصُّوْنَ عَلَيْكُمْ اٰيٰتِىْ ۙ فَمَنِ اتَّقٰى

৩৫। ইয়া-বানী~আ-দামা ইম্মা- ইয়া'তিইয়ান্নাকুম রুসুলুম্ মিন্‌কুম ইয়াক্বুস্বসূনা 'আলাইকুম আ-ইয়া-তী ফামানিত্তাক্বা
(৩৫) হে বনী আদম! যদি তোমাদের নিকট তোমাদের মধ্য হতে কোন রাসূল এসে তোমাদের কাছে আমার আয়াত বর্ণনা করেন, তখন যে পরহেজগারী

وَاَصْلَحَ فَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُوْنَ ﴿٣٥﴾ وَالَّذِيْنَ كَذَّبُوْا بِاٰيٰتِنَا

ওয়া আস্বলাহ্বা ফালা- খাওফুন 'আলাইহিম ওয়ালা-হুম ইয়াহ্বযানূন। ৩৬। ওয়াল্‌লাযীনা কায্‌যাবূ বিআ-ইয়া-তিনা-
অবলম্বন করবে এবং নিজকে সংশোধন করবে তাদের কোন ভয় নেই এবং তারা চিন্তিতও হবেনা। (৩৬) আর যারা আমার আয়াতকে

وَاسْتَكْبَرُوْا عَنْهَآ اُولٰٓئِكَ اَصْحٰبُ النَّارِ ۚ هُمْ فِيْهَا خٰلِدُوْنَ ﴿٣٦﴾ فَمَنْ

ওয়াস্ তাকবারূ 'আন্‌হা~উলা—ইকা আস্বহা-বুন্ না-র, হুম ফীহা- খা-লিদূন। ৩৭। ফামান্
মিথ্যা বলে এবং অহমিকার সাথে অমান্য করে, তারাই জাহান্নামী। সেখানে তারা চিরকাল থাকবে। (৩৭) সে ব্যক্তির চেয়ে বড়

اَظْلَمُ مِمَّنِ افْتَرٰى عَلَى اللّٰهِ كَذِبًا اَوْ كَذَّبَ بِاٰيٰتِهٖ ؕ اُولٰٓئِكَ يَنَالُهُمْ

আয্বলামু মিম্ মানিফ্ তারা- 'আলাল্লা-হি কাযিবান আও কায্‌যাবা বিআ-ইয়া-তিহ্ব ; উলা—ইকা ইয়ানা-লুহুম
অত্যাচারী আর কে হতে পারে, যে আল্লাহ সম্পর্কে মিথ্যারোপ করে বা তাঁর আয়াতকে মিথ্যা বলে? তাদের ভাগ্যে যা কিছু লিখা আছে

نَصِيْبُهُمْ مِّنَ الْكِتٰبِ ؕ حَتّٰٓى اِذَا جَآءَتْهُمْ رُسُلُنَا يَتَوَفَّوْنَهُمْ ۙ قَالُوْٓا اَيْنَ

নাস্বীবুহুম্ মিনাল কিতা-ব ; হাত্তা~ইযা- জ্বা—আত্‌হুম রুসুলুনা- ইয়াতাওয়াফ্‌ফাওনাহুম ক্বা-লূ~আইনা
তা তাদের কাছে পৌছবে। এমনকি তাদের কাছে আমার প্রেরিত ফিরিশতাগণ যখন তাদের আত্মা বের করে নেয়ার জন্য আসবে, তখন তারা বলবে, তারা

مَا كُنْتُمْ تَدْعُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ ؕ قَالُوْا ضَلُّوْا عَنَّا وَشَهِدُوْا عَلٰٓى اَنْفُسِهِمْ

মা- কুন্‌তুম তাদ্'উনা মিন্ দূনিল্লা-হ ; ক্বা-লূ দ্বাল্‌লূ 'আন্না- ওয়াশাহিদূ 'আলা~আন্‌ফুসিহিম
এখন কোথায় যাদেরকে তোমরা ডাকতে আল্লাহকে ছেড়ে? তারা বলবে, আমাদের থেকে তারা উধাও হয়ে গেছে এবং তারা নিজেদের ব্যাপারে সাক্ষ্য

اَنَّهُمْ كَانُوْا كٰفِرِيْنَ ﴿٣٧﴾ قَالَ ادْخُلُوْا فِىْٓ اُمَمٍ قَدْ خَلَتْ مِنْ قَبْلِكُمْ مِّنَ

আন্নাহুম কা-নূ কা-ফিরীন। ৩৮। ক্বা-লাদ্‌খুলূ ফী~উমামিন্ ক্বাদ্ খালাত্ মিন্ ক্বাবলিকুম্ মিনাল
দিবে যে, নিশ্চয়ই তারা কাফির ছিল। (৩৮) আল্লাহ বলবেন, জ্বীন ও মানুষের মধ্য হতে যে দল তোমাদের পূর্বে (জাহান্নামে) চলে গেছে,

الْجِنِّ وَالْاِنْسِ فِى النَّارِ ؕ كُلَّمَا دَخَلَتْ اُمَّةٌ لَّعَنَتْ اُخْتَهَا ؕ حَتّٰٓى اِذَا

জ্বিন্নি ওয়াল্ ইন্‌সি ফিন্ না-র ; কুল্লামা- দাখালাত্ উম্মাতুল লা'আনাত উখ্‌তাহা-; হাত্তা~ইযাদ্
তাদের সাথে তোমরাও জাহান্নামে প্রবেশ কর। যখনই কোন (কাফির) দল (জাহান্নামে) প্রবেশ করবে, তখনই অন্য (কাফির) দলকে তারা অভিসম্পাত কর। এমনকি যখন

ادَّارَكُوْا فِيْهَا جَمِيْعًا ۙ قَالَتْ اُخْرٰىهُمْ لِاُوْلٰىهُمْ رَبَّنَا هٰٓؤُلَآءِ اَضَلُّوْنَا فَاٰتِهِمْ

দা-রাকূ ফীহা- জ্বামী'আন ক্বা-লাত্ উখ্‌রা-হুম লিউলা-হুম রাব্বানা- হা~উলা—ই আদ্বাল্‌লূনা- ফাআ-তিহিম
সবাই সেখানে মিলিত হবে, তখন তাদের পিছনের লোকেরা আগের লোকগুলো সম্পর্কে বলবে, হে আমাদের প্রতিপালক! আমাদেরকে এ লোকগুলোই পথভ্রষ্ট করেছিল।

عَذَابًا ضِعْفًا مِّنَ النَّارِ ؕ قَالَ لِكُلٍّ ضِعْفٌ وَّلٰكِنْ لَّا تَعْلَمُوْنَ ﴿٣٨﴾ وَقَالَتْ

'আযা-বান্ দ্বি'ফাম্ মিনান্ না-র ; ক্বা-লা লিকুল্লিন্ দ্বি'ফুওঁ ওয়ালা-কিল্ লা-তা'লামূন। ৩৯। ওয়া ক্বা-লাত
সুতরাং তাদেরকে জাহান্নামের শাস্তি দ্বিগুণ করে দিন। আল্লাহ বলবেন, সকলের জন্যই দ্বিগুণ (শাস্তি) রয়েছে। কিন্তু তোমরা তো জান না। (৩৯) এবং তাদের আগের

اُوْلٰىهُمْ لِاُخْرٰىهُمْ فَمَا كَانَ لَكُمْ عَلَيْنَا مِنْ فَضْلٍ فَذُوْقُوا الْعَذَابَ

উলা-হুম লিউখ্‌রা-হুম ফামা- কা-না লাকুম 'আলাইনা- মিন্ ফাদ্বলিন্ ফাযূক্বুল 'আযা-বা
লোকগুলো পিছনের লোকদেরকে বলবে, আমাদের উপর তোমাদের কোন প্রাধান্য নেই, সুতরাং তোমরা তোমাদের কৃতকর্মের

৪ ع ১১ রুকূ

بِمَا كُنْتُمْ تَكْسِبُوْنَ ﴿٣٩﴾ اِنَّ الَّذِيْنَ كَذَّبُوْا بِاٰيٰتِنَا وَاسْتَكْبَرُوْا عَنْهَا

বিমা-কুন্‌তুম তাক্‌সিবূন। ৪০। ইন্নাল্‌লাযীনা কায্‌যাবূ বিআ-ইয়া-তিনা- ওয়াস্‌তাক্‌বারূ 'আন্‌হা-
শাস্তি উপভোগ কর। (৪০) নিশ্চয়ই যারা আমার আয়াতকে মিথ্যা বলে এবং অহংকারে থেকে মুখ ফিরায়,

لَا تُفَتَّحُ لَهُمْ اَبْوَابُ السَّمَآءِ وَلَا يَدْخُلُوْنَ الْجَنَّةَ حَتّٰى يَلِجَ الْجَمَلُ فِىْ

লা-তুফাত্তাহু লাহুম আবওয়া-বুস্ সামা—ই ওয়ালা- ইয়াদ্‌খুলূনাল জ্বান্নাতা হাত্তা- ইয়ালিজ্বাল জ্বামালু ফী
তাদের জন্য আকাশের দরজা খোলা হবে না এবং তারা জান্নাতেও প্রবেশ করবে না যতক্ষণ না উট প্রবেশ করে

سَمِّ الْخِيَاطِ ؕ وَكَذٰلِكَ نَجْزِى الْمُجْرِمِيْنَ ﴿٤٠﴾ لَهُمْ مِّنْ جَهَنَّمَ مِهَادٌ

সাম্মিল্ খিয়া-ত্ব ; ওয়া কাযা-লিকা নাজ্বযিল মুজ্বরিমীন। ৪১। লাহুম্ মিন্ জ্বাহান্নামা মিহা-দুওঁ
সূঁচের ছিদ্র দিয়ে। এভাবেই আমি অপরাধীদেরকে শাস্তি প্রদানকরব। (৪১) তাদের জন্য হবে জাহান্নামের (অগ্নির) শয্যা,

وَّمِنْ فَوْقِهِمْ غَوَاشٍ ؕ وَكَذٰلِكَ نَجْزِى الظّٰلِمِيْنَ ﴿٤١﴾ وَالَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا

ওয়ামিন্ ফাওক্বিহিম গাওয়া-শ ; ওয়া কাযা-লিকা নাজ্বযিয্ য্বা-লিমীন। ৪২। ওয়াল্‌লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুস্ব
এবং তার উপরে হবে (জাহান্নামের) চাদর। আর আমি এভাবেই অত্যাচারীদের শাস্তি দিব। (৪২) যারা ঈমান আনে এবং নেক

الصّٰلِحٰتِ لَا نُكَلِّفُ نَفْسًا اِلَّا وُسْعَهَآ ۫ اُولٰٓئِكَ اَصْحٰبُ الْجَنَّةِ ۚ هُمْ

স্বা-লিহা-তি লা- নুকাল্লিফু নাফ্‌সান ইল্লা উস্'আহা~উলা—ইকা আস্বহা-বুল জ্বান্নাহ, হুম
আমল করে, কারো উপর আমি তার সাধ্যের বহির্ভূত কোন কাজ দেই না। তারাই জান্নাতের অধিবাসী, সেখানে তারা

فِيْهَا خٰلِدُوْنَ ﴿٤٢﴾ وَنَزَعْنَا مَا فِىْ صُدُوْرِهِمْ مِّنْ غِلٍّ تَجْرِىْ مِنْ تَحْتِهِمُ

ফীহা- খা-লিদূন। ৪৩। ওয়া নাযা'না- মা-ফী স্বুদূরিহিম্ মিন্ গিল্‌লিন্ তাজ্বরী মিন্ তাহ্বতিহিমুল
চিরদিন থাকবে। (৪৩) আমি তাদের অন্তর হতে সে বিদ্বেষ দূর করে দিব। তাদের তলদেশে নহরসমূহ প্রবাহিত হবে,

○ টীকা (আঃ ৪০) ঃ এর মর্ম এই যে, সূচের ছিদ্র দিয়ে বহির্গমন, উটের পক্ষে যদ্রূপ অসম্ভব কাফিরদের পক্ষে বেহেশতে প্রবেশ তদ্রূপ অসম্ভব।

○ টীকা (আঃ ৪৩) ঃ ونزعنا.......من غل – (অন্তর হতে বিদ্বেষ দূর করব) বিদ্বেষ যা অন্তরে বিদ্যমান থাকে। আল্লাহ তা'আলা জান্নাতীগণকে জান্নাতে এ নেয়ামতও দান করবেন যে, তাঁদের অন্তর থেকে বিদ্বেষ দূর করে দিবেন। ফলে জান্নাতীদের একে অপরের প্রতি কোন হিংসা ও বিদ্বেষ থাকবেনা। তাদের অন্তর পরিশুদ্ধ থাকবে। অথবা– জান্নাতীদের মধ্যে যে পদ-মর্যাদায় পার্থক্য হবে, সে ব্যাপারে কারো কোন বিদ্বেষ থাকবে না। (কুঃ কারীম)

الْاَنْهٰرُ ۚ وَقَالُوا الْحَمْدُ لِلّٰهِ الَّذِىْ هَدٰىنَا لِهٰذَا ۗ وَمَا كُنَّا لِنَهْتَدِىَ

আন্‌হা-র, ওয়া ক্বা-লুল্ হ্বাম্‌দু লিল্লা-হিল্লাযী হাদা-না- লিহা-যা-, ওয়া মা- কুন্না-লিনাহ্‌তাদিয়া

তারা বলবে, প্রশংসা আল্লাহরই যিনি আমাদেরকে সঠিক পথে পরিচালিত করেছেন। আমরা কখনো সঠিক পথ পেতাম না যদি আল্লাহ আমাদেরকে

لَوْلَآ اَنْ هَدٰىنَا اللّٰهُ ۚ لَقَدْ جَآءَتْ رُسُلُ رَبِّنَا بِالْحَقِّ ۗ وَنُوْدُوْٓا اَنْ تِلْكُمُ

লাওলা~আন্ হাদা-নাল্লা-হ, লাক্বাদ্ জ্বা—আত্ রুসুলু রাব্বিনা-বিল্ হ্বাক্ক্ব ; ওয়া নূদূ~আন্ তিলকুমুল

সঠিক পথ প্রদর্শন না করতেন। নিশ্চয়ই আমাদের প্রতিপালকের প্রেরিত রাসূল সত্য বাণীসহ এসেছিলেন, এবং তাদেরকে ডেকে বলা হবে

الْجَنَّةُ اُوْرِثْتُمُوْهَا بِمَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿৪৪﴾ وَنَادٰٓى اَصْحٰبُ الْجَنَّةِ

জ্বান্নাতু উরিছ্‌তুমূহা- বিমা- কুন্‌তুম তা'মালূন। ৪৪। ওয়া না-দা~আস্বহ্বা-বুল্ জ্বান্নাতি

তোমাদেরকে এ জান্নাতের উত্তরাধিকারী করা হলো, তোমাদের আমলের কারণে। (৪৪) আর জান্নাতীগণ

اَصْحٰبَ النَّارِ اَنْ قَدْ وَجَدْنَا مَا وَعَدَنَا رَبُّنَا حَقًّا فَهَلْ وَجَدْتُّمْ مَّا

আস্বহ্বা-বান্ না-রি আন্ ক্বাদ্ ওয়াজ্বাদ্‌না- মা-ওয়া'আদানা- রাব্বুনা- হ্বাক্ক্বান্ ফাহাল্ ওয়াজ্বাদ্‌তুম্ মা-

জাহান্নামীদেরকে ডেকে বলবে, আমাদের প্রতিপালক আমাদেরকে যে ওয়াদা দিয়েছিলেন তা আমরা যথাযথভাবেই পেয়েছি, তোমরা কি যথাযথভাবে

وَعَدَ رَبُّكُمْ حَقًّا ۗ قَالُوْا نَعَمْ ۚ فَاَذَّنَ مُؤَذِّنٌۢ بَيْنَهُمْ اَنْ لَّعْنَةُ اللّٰهِ

ওয়া'আদা রাব্বুকুম হ্বাক্ক্বা- ; ক্বা-লূ না'আম, ফাআয্‌যানা মুআয্‌যিনুম্ বাইনাহুম আল্ লা'নাতুল্লা-হি

পেয়েছ, তোমাদের প্রতিপালক যার ওয়াদা দিয়েছিলেন? তারা বলবে, হ্যাঁ; অতঃপর একজন ঘোষণাকারী তাদের মাঝে ঘোষণা করবে, আল্লাহর অভিশাপ

عَلَى الظّٰلِمِيْنَ ﴿৪৫﴾ الَّذِيْنَ يَصُدُّوْنَ عَنْ سَبِيْلِ اللّٰهِ وَيَبْغُوْنَهَا عِوَجًا ۚ

'আলায্ যা-লিমীন। ৪৫। আল্‌লাযীনা ইয়াস্বুদ্দূনা 'আন্ সাবীলিল্লা-হি ওয়া ইয়াব্‌গূনাহা- 'ইওয়াজ্বা-

অত্যাচারীদের উপর। (৪৫) যারা আল্লাহর রাস্তায় বাধা সৃষ্টি করতো এবং তাতে কুটিলতা অন্বেষণ করতো এবং তারা

وَهُمْ بِالْاٰخِرَةِ كٰفِرُوْنَ ﴿৪৬﴾ وَبَيْنَهُمَا حِجَابٌ ۚ وَعَلَى الْاَعْرَافِ رِجَالٌ

ওয়া হুম্ বিল আ-খিরাতি কা-ফিরূন। ৪৬। ওয়া বাইনাহুমা- হ্বিজ্বা-ব, ওয়া 'আলাল্ আ'রা-ফি রিজ্বা-লুঁই

পরকালেও অবিশ্বাসী ছিল। (৪৬) তাদের (দু' দলের) মাঝে একটি প্রাচীর থাকবে এবং আ'রাফে অনেক লোক থাকবে,

يَّعْرِفُوْنَ كُلًّاۢ بِسِيْمٰىهُمْ ۚ وَنَادَوْا اَصْحٰبَ الْجَنَّةِ اَنْ سَلٰمٌ عَلَيْكُمْ ۟

ইয়া'রিফূনা কুল্লাম বিসীমা-হুম, ওয়া না-দাও আস্বহ্বা-বাল জ্বান্নাতি আন্ সালা-মুন 'আলাইকুম,

তারা তাদের প্রত্যেককে তার লক্ষণ দেখে চিনবে এবং জান্নাতীগণকে ডেকে বলবে, "তোমাদের উপর শান্তি হোক।"

○ টীকা (আঃ ৪৪) ঃ 'তোমাদের আমলের কারণে' বাক্য হতে বুঝা যায়, মানুষের আমলই বেহেশত প্রাপ্তির কারণ। অথচ হাদীসে দেখা যায়, খোদার রহমতেই মানুষ বেহেশত পাবে। এর অর্থ এই যে, আয়াতটিতে বাহ্যিক কারণের কথা বলা হয়েছে। আর হাদীসে মূল কারণের কথা বলা হয়েছে। অর্থাৎ, আমল বেহেশত লাভের বাহ্যিক কারণ, আর খোদার রহমত তার মূল কারণ। ○ বিশ্লেষণ (আঃ ৪৬) ঃ اعراف -এর অর্থ উচ্চস্থান। জান্নাত ও জাহান্নামের মধ্যে অবস্থিত প্রাচীর 'আরাফ' নামে অভিহিত। ○ টীকা (আঃ ৪৬) ঃ বেহেশত ও দোযখের মধ্যস্থল তাদের ব্যবধান নির্ধারক একটি টিলাকে আ'রাফ বলে। এটা সাদা মেশকের চেয়েও উচ্চ। এখানে অনেক লোক অবস্থানরত থাকবে। বিশুদ্ধ মত এই যে, যাদের নেকী ও বদীর পাল্লা সমান হবে তারা এখানে অবস্থান করবে। এখান হতে তারা বেহেশতীদের ও দোযখীদের চেহারা দেখে চিনতে পারবে।

لَمْ يَدْخُلُوْهَا وَهُمْ يَطْمَعُوْنَ ﴿৪৭﴾ وَاِذَا صُرِفَتْ اَبْصَارُهُمْ تِلْقَآءَ اَصْحٰبِ

লাম্ ইয়াদ্‌খুলূহা- ওয়াহুম ইয়াত্বমা'ঊন। ৪৭। ওয়া ইযা- স্বুরিফাত্ আব্‌স্বা-রুহুম তিল্‌ক্বা—আ আস্বহ্বা-বিন্

তারা (আ'রাফ বাসীগণ) এখনও জান্নাতে প্রবেশ করেনি কিন্তু কামনা করছে। (৪৭) যখন তাদের দৃষ্টি জাহান্নামবাসীদের উপর পড়বে,

النَّارِ ۙ قَالُوْا رَبَّنَا لَا تَجْعَلْنَا مَعَ الْقَوْمِ الظّٰلِمِيْنَ ﴿৪৮﴾ وَنَادٰٓى اَصْحٰبُ

না-রি ক্বা-লূ রাব্বানা- লা-তাজ্ব'আলনা- মা'আল্ ক্বাওমিয্ যা-লিমীন। ৪৮। ওয়ানা-দা~আস্বহ্বা-বুল্

তখন তারা বলবে, হে আমাদের প্রতিপালক! আমাদেরকে অত্যাচারী সম্প্রদায়ের সাথে অন্তর্ভুক্ত করবেন না। (৪৮) আ'রাফবাসীগণ

الْاَعْرَافِ رِجَالًا يَّعْرِفُوْنَهُمْ بِسِيْمٰىهُمْ قَالُوْا مَآ اَغْنٰى عَنْكُمْ جَمْعُكُمْ

আ'রা-ফি রিজ্বা-লাই ইয়া'রিফূনাহুম্ বিসীমা-হুম ক্বা-লূ মা~আগ্‌না- 'আন্‌কুম জ্বাম্'উকুম

যাদেরকে লক্ষণ দ্বারা চিনবে, তাদেরকে ডেকে বলবে, "তোমাদের দলবল এবং অহমিকা তোমাদের

وَمَا كُنْتُمْ تَسْتَكْبِرُوْنَ ﴿৪৯﴾ اَهٰٓؤُلَآءِ الَّذِيْنَ اَقْسَمْتُمْ لَا يَنَالُهُمُ اللّٰهُ

ওয়ামা-কুন্‌তুম তাস্‌তাকবিরূন। ৪৯। আহা~উলা—ইল্ লাযীনা আক্বসাম্‌তুম লা-ইয়ানা-লুহুমুল্লা-হু

কোন কাজে আসেনি। (৪৯) এরা কি সেসব লোক যাদের সম্পর্কে তোমরা শপথ করে বলতে যে, আল্লাহ এদের প্রতি

بِرَحْمَةٍ ۗ اُدْخُلُوا الْجَنَّةَ لَا خَوْفٌ عَلَيْكُمْ وَلَآ اَنْتُمْ تَحْزَنُوْنَ ﴿৫০﴾ وَنَادٰٓى

বিরাহ্বমাহ ; উদ্‌খুলুল জ্বান্নাতা লা- খাওফুন 'আলাইকুম ওয়ালা~আন্‌তুম তাহ্বযানূন। ৫০। ওয়া না-দা~

রহমত করবেন না। (এদেরকেই বলা হবে) জান্নাতে প্রবেশ কর। তোমাদের কোন ভয় নেই এবং তোমরা বিষণ্ণও হবে না। (৫০) এবং জাহান্নামবাসীরা

اَصْحٰبُ النَّارِ اَصْحٰبَ الْجَنَّةِ اَنْ اَفِيْضُوْا عَلَيْنَا مِنَ الْمَآءِ اَوْ مِمَّا

আস্বহ্বা-বুন্ না-রি আস্বহ্বা-বাল জ্বান্নাতি আন্ আফীদ্বূ 'আলাইনা- মিনাল মা—ই আও মিম্মা-

জান্নাতবাসীগণকে ডেকে বলবে, আমাদের উপর কিছু পানি ঢেলে দাও অথবা তোমাদেরকে আল্লাহ যে খাদ্য

رَزَقَكُمُ اللّٰهُ ۗ قَالُوْٓا اِنَّ اللّٰهَ حَرَّمَهُمَا عَلَى الْكٰفِرِيْنَ ﴿৫১﴾ الَّذِيْنَ

রাযাক্বাকুমুল্লা-হ ; ক্বা-লূ~ইন্নাল্লা-হা হ্বার্‌রামাহুমা- 'আলাল্ কা-ফিরীন। ৫১। আল্‌লাযীনাত্

বস্তু দিয়েছেন তার থেকে কিছু দাও। তারা বলবে, নিশ্চয়ই আল্লাহ এ দুটি কাফিরদের জন্য নিষিদ্ধ করেছেন, (৫১) যারা তাদের

اتَّخَذُوْا دِيْنَهُمْ لَهْوًا وَّلَعِبًا وَّغَرَّتْهُمُ الْحَيٰوةُ الدُّنْيَا ۚ فَالْيَوْمَ نَنْسٰىهُمْ

তাখাযূ দীনাহুম লাহ্‌ওয়াওঁ ওয়া লা'ইবাওঁ ওয়া গাররাত্ হুমুল হ্বাইয়া-তুদ্ দুনইয়া, ফাল্ ইয়াওমা নান্‌সা-হুম

দ্বীনকে খেল-তামাশার বস্তু বানিয়েছিল এবং এ পার্থিব জীবন যাদেরকে ধোঁকায় ফেলে রেখেছিল আজ আমি তাদেরকে ভুলে যাব,

كَمَا نَسُوْا لِقَآءَ يَوْمِهِمْ هٰذَا ۙ وَمَا كَانُوْا بِاٰيٰتِنَا يَجْحَدُوْنَ ﴿৫২﴾ وَلَقَدْ

কামা-নাসূ লিক্বা—আ ইয়াওমিহিম হা-যা- ওয়া মা- কা-নূ বিআ-ইয়া-তিনা-ইয়াজ্বহ্বাদূন। ৫২। ওয়া লাক্বাদ্

যেভাবে তারা ভুলে গিয়েছিল এ দিনের সম্মুখীন হওয়াকে এবং যেভাবে তারা আমার আয়াতসমূহকে অস্বীকার করেছিল। (৫২) নিশ্চয় আমি তাদের কাছে

৫ ع ১২ রুকূ

جئنهم بكتب فصلنه على علم هدى ورحمة لقوم يؤمنون ۝

জ্বি'না-হুম্ বিকিতা-বিন ফাস্বস্বালনা-হু 'আলা- 'ইলমিন হুদাওঁ ওয়া রাহ্মাতাল্ লিক্বাওমিইঁ ইয়্যু'মিনূন।
এমন এক কিতাব পৌঁছিয়েছি যা আমি পূর্ণ জ্ঞান দ্বারা বিস্তারিত বর্ণনা করেছি। যা মুমিন সম্প্রদায়ের জন্য হেদায়াত ও রহমত।

۝ هل ينظرون إلا تأويله ۚ يوم يأتي تأويله يقول الذين نسوه من

৫৩। হাল্ ইয়ানযুরূনা ইল্লা- তা'বীলাহ ; ইয়াওমা ইয়া'তী তা'বীলুহূ ইয়াক্বূলুল্লাযীনা নাসূহু মিন্
(৫৩) তারা কি এখন শুধু পরিণাম প্রকাশের অপেক্ষা করছে? যেদিন তার শেষ পরিণাম প্রকাশ হবে, সেদিন যারা পূর্বে একে ভুলে গিয়েছিল তারা বলবে,

قبل قد جاءت رسل ربنا بالحق ۚ فهل لنا من شفعاء فيشفعوا لنا

ক্বাব্লু ক্বাদ্ জা—আত্ রুসুলু রাব্বিনা- বিল্হাক্বক্বি, ফাহাল্ লানা-মিন্ শুফা'আ—আ ফাইয়াশ্ফা'উ লানা~
নিশ্চয় আমাদের প্রতিপালকের রাসূলগণ সত্যবাণীসহ এসেছিলেন। হায়! এখন কি আমাদের জন্য কোন সুপারিশকারী আছে, যিনি আমাদের জন্য সুপারিশ করবেন।

أو نرد فنعمل غير الذي كنا نعمل ۚ قد خسروا أنفسهم وضل

আও নুরাদ্দু ফানা'মালা গাইরাল্লাযী কুন্না- না'মাল ; ক্বাদ্ খাসিরূ~আন্ফুসাহুম ওয়া দ্বাল্লা
অথবা আমাদেরকে পুনর্বার পৃথিবীতে ফিরে যেতে দেয়া হবে, যেন আমরা পূর্বে যে কাজ করতাম তার বিপরীত কাজ করতে পারি! নিশ্চয়ই তারা নিজদেরকে

عنهم ما كانوا يفترون ۝ إن ربكم الله الذي خلق السموت

'আন্হুম্ মা- কা-নূ ইয়াফ্তারূন। ৫৪। ইন্না রাব্বাকুমুল্লা-হুল্লাযী খালাক্বাস্ সামা-ওয়া-তি
ধ্বংস করেছে এবং যেসব মিথ্যা কথা উদ্ভাবন করছিল তা বিলুপ্ত হয়ে গেছে। (৫৪) আপনার প্রতিপালক এমন, যিনি আকাশ

৬ ع ১৩ রুকূ

والأرض في ستة أيام ثم استوى على العرش ۖ يغشي اليل

ওয়াল্ আর্দ্বা ফী সিত্তাতি আইয়্যা-মিন্ ছুম্মাস্ তাওয়া- 'আলাল্ 'আর্শ, ইয়ুগ্শিল্ লাইলান্
ও পৃথিবী ছয়দিনে সৃষ্টি করেছেন। অতঃপর তিনি আরশের উপর অধিষ্ঠিত হয়েছেন। তিনি রাত দ্বারা দিনকে এমনভাবে আচ্ছন্ন

النهار يطلبه حثيثا والشمس والقمر والنجوم مسخرت بأمره ۗ

নাহা-রা ইয়াত্লুবুহূ হাছীছাওঁ ওয়াশ্ শাম্সা ওয়াল্ ক্বামারা ওয়ান্ নুজূমা মুসাখ্খারা-তিম্ বিআমরিহ ;
করেন, যেন রাত দিনকে দ্রুতগতিতে অনুসন্ধান করে। তিনিই সূর্য, চন্দ্র এবং তারকাসমূহ সৃষ্টি করেছেন এমনভাবে যে, সবই তাঁর নির্দেশের অনুগত।

ألا له الخلق والأمر ۗ تبرك الله رب العلمين ۝ ادعوا ربكم تضرعا

আলা- লাহুল খাল্ক্বু ওয়াল্ আম্র ; তাবা-রাকাল্লা-হু রাব্বুল 'আ-লামীন। ৫৫। উদ্'উ রাব্বাকুম তাদ্বাররু'আওঁ
মনে রেখ, সৃষ্টি এবং নির্দেশ শুধু তাঁর জন্যই। বিশ্ব জগতের প্রতিপালক আল্লাহ, খুবই বরকতময়। (৫৫) তোমরা অনুনয়ের সাথে এবং গোপনে তোমাদের

○ বিশ্লেষণ (আঃ ৫৪) ঃ في ستة ايام ঃ সহীহ বর্ণনা অনুযায়ী, ছয়দিনে জগত সৃষ্টি হয়েছে এবং তা রবিবার থেকে শুরু করে শুক্রবারে শেষ হয়। শনিবারে সৃষ্টির কাজ হয়নি। কোন আলিম বলেন, سبت অর্থ কর্তন করা। এ দিনে কাজ শেষ হয়ে গিয়েছিল বলে এ দিনকে يوم السبت (শনিবার) বলা হয়। (তাঃ মাঃ কুরআন) ○ টীকা (আঃ ৫৪) ঃ على العرش - আর্‌শ শব্দের আভিধানিক অর্থ, ছাদ বিশিষ্ট কিছু, আরবদেশে ছাদ বিশিষ্ট হাওদাকে "আর্‌শ" বলে। রাজার আসন বুঝাতেও আর্‌শ শব্দটি ব্যবহার হয়। আল্লাহর আর্‌শ বলতে সৃষ্টির ব্যাপার বিষয়াদির পরিচালনা কেন্দ্র বুঝায়।– মুফতী আবদুহ

وخفية ۚ إنه لا يحب المعتدين ۝ ولا تفسدوا في الأرض بعد

ওয়া খুফ্ইয়াহ ; ইন্নাহূ লা-ইয়ুহিব্বুল মু'তাদীন। ৫৬। ওয়ালা- তুফ্সিদূ ফিল্ আরদ্বি বা'দা
প্রতিপালককে ডাক, নিশ্চয়ই আল্লাহ সীমালংঘনকারীদের ভালবাসেন না। (৫৬) আর তোমরা পৃথিবীতে শান্তি প্রতিষ্ঠার পরে

إصلاحها وادعوه خوفا وطمعا ۚ إن رحمت الله قريب من المحسنين

ইস্বলা-হিহা-ওয়াদ্'উহু খাওফাওঁ ওয়া তামা'আ; ইন্না রাহ্মাতাল্লা-হি ক্বারীবুম্ মিনাল মুহ্সিনীন।
সেখানে বিশৃংখলা সৃষ্টি করো না এবং তোমরা আল্লাহকে ডাক ভয় ও আশার সাথে। নিশ্চয়ই আল্লাহর করুনা পূন্যবানদের নিকটবর্তী।

۝ وهو الذي يرسل الريح بشرا بين يدي رحمته ۖ حتى إذا أقلت

৫৭। ওয়া হুওয়াল্ লাযী ইউর্সিলুর্ রিয়া-হা বুশ্রাম্ বাইনা ইয়াদাই রাহ্মাতিহ ; হাত্তা~ইযা~আক্বাল্লাত্
(৫৭) তিনিই (আল্লাহ) তাঁর রহমতের (বৃষ্টির) পূর্বে সুসংবাদবাহী হিসেবে বায়ু প্রেরণ করেন। যখন সে বায়ু ঘন মেঘ

سحابا ثقالا سقنه لبلد ميت فأنزلنا به الماء فأخرجنا به من كل

সাহ্বা-বান্ ছিক্বা-লান্ সুক্বনা-হু লিবালাদিম্ মাইয়্যিতিন ফাআন্যাল্না- বিহিল্ মা—আ ফাআখ্রাজ্না- বিহী মিন্ কুল্লিছ্
বয়ে আনে তখন তা আমি কোন শুষ্ক ভূমির দিকে চালিত করি, পরে এ (মেঘ) দ্বারা পানি বর্ষণ করি। অতঃপর সে (পানি) দ্বারা সব ধরনের ফল-ফলাদি

الثمرت ۚ كذلك نخرج الموتى لعلكم تذكرون ۝ والبلد الطيب

ছামারা-ত ; কাযা-লিকা নুখ্রিজুল মাওতা- লা'আল্লাকুম তাযাক্কারূন। ৫৮। ওয়াল্ বালাদুত্ব ত্বাইয়্যিবু
উৎপন্ন করি। এভাবে আমি জীবিত করব মৃতদেরকে, যাতে তোমরা উপদেশ গ্রহণ করতে পার। (৫৮) এবং যে ভূমি উৎকৃষ্ট

يخرج نباته بإذن ربه ۚ والذي خبث لا يخرج إلا نكدا ۚ كذلك

ইয়াখ্রুজু নাবা-তুহূ বিইয্নি রাব্বিহ, ওয়াল্লাযী খাবুছা লা- ইয়াখ্রুজু ইল্লা- নাকিদা- ; কাযা-লিকা
তার ফসল তাঁর প্রতিপালকের নির্দেশে উৎপন্ন হয় এবং যা নিকৃষ্ট তার ফসল সামান্যই উৎপন্ন হয়। এভাবেই আমি নিদর্শনসমূহ কৃতজ্ঞ

৭ ع ১৪ রুকূ

نصرف الأيت لقوم يشكرون ۝ لقد أرسلنا نوحا إلى قومه فقال يقوم

নুস্বার্রিফুল আ-ইয়া-তি লিক্বাওমিইঁ ইয়াশ্কুরূন। ৫৯। লাক্বাদ্ আর্সাল্না- নূহান ইলা- ক্বাওমিহী ফাক্বা-লা ইয়া-ক্বাওমি'
সম্প্রদায়ের জন্য বিশদভাবে বর্ণনা করি। (৫৯) আমি নূহকে তার সম্প্রদায়ের কাছে প্রেরণ করেছিলাম। সুতরাং সে বলল, হে আমার সম্প্রদায়!

○ বিশ্লেষণ (আঃ ৫৫) ঃ لا يحب المعتدين - এখানে সীমালংঘন দ্বারা বুঝানো হয়েছে যে, এমন লোকের জন্য বদ-দোয়া করা, যে বদ-দোয়ার যোগ্য নয়। অথবা এমন জোরে দোয়া করা, যাতে "রীয়া" (প্রদর্শন) প্রকাশ পায়। অথবা এমন কিছু আল্লাহর কাছে চাওয়া, যা পাওয়ার সে যোগ্য নয়। যেমন– নবীদের মর্যাদা এবং আকাশে আরোহণ করা। (তাঃ কাদেরী)

○ বিশ্লেষণ (আঃ ৫৭) ঃ رحمته - (রহমত) দ্বারা বৃষ্টিকে বুঝানো হয়েছে। অর্থাৎ বৃষ্টির শীতল বায়ু পরিচালিত করেন, যা বৃষ্টির জন্য সহায়ক। سحابا ثقالا (ঘনমেঘ) দ্বারা, পানি পূর্ণ মেঘকে বুঝানো হয়েছে। كل الثمرات - (সব ধরনের ফল-ফলাদি) অর্থাৎ, আল্লাহ তা'আলা এমন সব ফল-ফলাদি উৎপন্ন করেন, যার রং, স্বাদ, ঘ্রান ও গঠন বিভিন্ন ধরনের। কোনটির সাথে কোনটির মিল নেই।

○ বিশ্লেষণ (আঃ ৫৮) ঃ والبلد الطيب - (উৎকৃষ্ট ভূমি) দ্বারা অতীব মেধাবী এবং "নিকৃষ্ট ভূমি" দ্বারা মেধাহীনকে বুঝানো হয়েছে। বা নসীহত কবুলকারী অন্তর এবং এর বিপরীত অন্তর বা মু'মিনের অন্তর এবং মুনাফিকের অন্তর। বা পবিত্র (নেক) মানুষ এবং অপবিত্র (পাপী) মানুষ।
মু'মিন, নেক ব্যক্তি অথবা নসীহত কবুলকারীর অন্তর বৃষ্টি গ্রহণকারী ভূমির ন্যায়; আল্লাহর আয়াত শুনে, ঈমান ও আমলের ব্যাপারে আরও দৃঢ় হয়। আর এর বিপরীত অন্তর (অর্থাৎ, মুনাফিকের অন্তর) শুষ্ক ভূমির ন্যায়। যে ভূমি পানিই গ্রহণ করে না, গ্রহণ যা করে তা নামে মাত্র। যাতে কিছু উৎপন্ন হয় না। অর্থাৎ, মুনাফিকের অন্তরে, নসীহত প্রবেশ করে না। ফলে তারা তা থেকে কোন উপকৃত হয় না। (কুঃ কারীম)

اعبدوا الله ما لكم من اله غيره ۥ انى اخاف عليكم عذاب يوم

বুদুল্লা-হা মা-লাকুম্ মিন্ ইলা-হিন গাইরুহ ; ইন্নী~আখা-ফু 'আলাইকুম 'আযা-বা ইয়াওমিন

তোমরা আল্লাহর ইবাদাত কর, তিনি ছাড়া তোমাদের আর কোন মা'বুদ নেই। আমি ভয় করতেছি তোমাদের জন্য মহা

عظيم ﴿٦٠﴾ قال الملا من قومه انا لنرىك فى ضلل مبين ﴿٦١﴾ قال يقوم

'আযীম। ৬০। ক্বা-লাল্ মালাউ মিন্ ক্বাওমিহী~ইন্না- লানারা-কা ফী দ্বালা-লিম মুবীন। ৬১। ক্বা-লা ইয়া-ক্বাওমি

দিনের শাস্তির। (৬০) তাদের সম্প্রদায়ের নেতৃবৃন্দ বলল, আমরা তোমাকে স্পষ্ট ভ্রান্তির মধ্যেই দেখছি। (৬১) তিনি বললেন, হে আমার সম্প্রদায়!

ليس بى ضللة ولكنى رسول من رب العلمين ﴿٦٢﴾ ابلغكم رسلت

লাইসা বী দ্বালা-লাতুওঁ ওয়া লা-কিন্নী রাসূলুম্ মির রাব্বিল 'আ-লামীন। ৬২। উবাল্লিগুকুম রিসা-লা-তি

আমার মধ্যে কোন ভ্রান্তি নেই। আমি তো বিশ্বজগতের প্রতিপালকের রাসূল। (৬২) আমি তোমাদের কাছে প্রচার করছি আমার প্রতিপালকের বাণী এবং

ربى وانصح لكم واعلم من الله ما لا تعلمون ﴿٦٣﴾ اوعجبتم ان

রাব্বী ওয়া আন্‌স্বাহু লাকুম ওয়া আ'লামু মিনাল্লা-হি মা- লা-তা'লামূন। ৬৩। আওয়া 'আজিবতুম আন্

তোমাদেরকে আমি উপদেশ দিচ্ছি আর তোমরা যা জান না আমি সেগুলো আল্লাহর তরফ থেকে জানি। (৬৩) তোমরা কি আশ্চর্যান্বিত হচ্ছে যে, তোমাদের নিকট উপদেশ

جاءكم ذكر من ربكم على رجل منكم لينذركم ولتتقوا ولعلكم

জ্বা—আকুম যিকরুম্ মির রাব্বিকুম 'আলা- রাজুলিম্ মিন্‌কুম লিইয়ুন্‌যিরাকুম ওয়া লিতাত্তাকূ ওয়া লা'আল্লাকুম

এসেছে তোমাদের রবের থেকে এমন এক ব্যক্তির মাধ্যমে, যিনি তোমাদেরই মধ্য হতে একজন; যাতে সে তোমাদেরকে ভীতি প্রদর্শন করে এবং যেন তোমরা সংযত হও এবং

ترحمون ﴿٦٤﴾ فكذبوه فانجينه والذين معه فى الفلك واغرقنا الذين

তুরহামূন। ৬৪। ফাকায্‌যাবূহু ফাআন্‌জ্বাইনা-হু ওয়াল্লাযীনা মা'আহূ ফিল্ ফুল্‌কি ওয়া আগ্‌রাক্বনাল্ লাযীনা

তোমরা অনুগ্রহ প্রাপ্ত হও। (৬৪) অতঃপর তারা তাকে মিথ্যাবাদী বলল। আমি উদ্ধার করলাম তাঁকে এবং তার সাথীবর্গকে যারা তার সাথে নৌকার মধ্যে ছিল এবং ডুবিয়ে দিলাম

كذبوا بايتنا انهم كانوا قوما عمين ﴿٦٥﴾ والى عاد اخاهم هودا قال

কায্‌যাবূ বিআ-ইয়া-তিনা ; ইন্নাহুম কা-নূ ক্বাওমান 'আমীন। ৬৫। ওয়া ইলা- 'আ-দিন আখা-হুম হূদা- ; ক্বা-লা

তাদেরকে যারা আমার আয়াতসমূহকে মিথ্যা বলেছে। নিশ্চয়ই তারা ছিল এক অন্ধ কওম। (৬৫) আর আমি আ'দ কওমের কাছে তাদের ভাই হুদকে প্রেরণ করেছিলাম। সে বলল,

يقوم اعبدوا الله ما لكم من اله غيره افلا تتقون ﴿٦٦﴾ قال الملا الذين

ইয়া-ক্বাওমি'বুদুল্লা-হা মা-লাকুম্ মিন্ ইলা-হিন গাইরুহ ; আফালা- তাত্তাকূন। ৬৬। ক্বা-লাল্ মালাউল্লাযীনা

হে আমার সম্প্রদায়! তোমরা আল্লাহর ইবাদাত কর, তিনি ছাড়া তোমাদের অন্য কোন মা'বুদ নেই। তবুও তোমরা কি সতর্ক হবে না? (৬৬) তাদের সম্প্রদায়ের

كفروا من قومه انا لنرىك فى سفاهة وانا لنظنك من الكذبين ﴿٦٧﴾ قال

কাফারূ মিন্ ক্বাওমিহী ~ইন্না- লানারা-কা ফী সাফা-হাতিওঁ ওয়া ইন্না-লানাযুন্নুনুকা মিনাল কা-যিবীন। ৬৭। ক্বা-লা

কাফির নেতৃবৃন্দ বলল, আমরা তোমাকে নির্বোধ দেখছি এবং তোমাকে আমরা একজন মিথ্যাবাদী বলে ধারণা করি। (৬৭) তিনি বললেন,

يقوم ليس بى سفاهة ولكنى رسول من رب العلمين ﴿٦٨﴾ ابلغكم

ইয়া-ক্বাওমি লাইসা বী সাফা-হাতুওঁ ওয়া লা-কিন্নী রাসূলুম্ মির রাব্বিল 'আ-লামীন। ৬৮। উবাল্লিগুকুম

হে আমার সম্প্রদায়! আমি নির্বোধ নই, আমি বিশ্বজগতের প্রতিপালকের রাসূল। (৬৮) আমি আমার প্রতিপালকের বাণী

رسلت ربى وانا لكم ناصح امين ﴿٦٩﴾ اوعجبتم ان جاءكم ذكر من

রিসা-লা-তি রাব্বী ওয়া আনা-লাকুম না-স্বিহুন আমীন। ৬৯। আওয়া 'আজিবতুম আন্ জ্বা—আকুম যিক্‌রুম্ মির্

তোমাদের কাছে প্রচার করছি এবং আমি তোমাদের একজন বিশ্বস্ত উপদেশদাতা। (৬৯) তোমরা কি আশ্চর্যান্বিত হচ্ছ যে, তোমাদের প্রতিপালকের নিকট থেকে এমন একজনের

ربكم على رجل منكم لينذركم واذكروا اذ جعلكم خلفاء من بعد قوم

রাব্বিকুম 'আলা- রাজুলিম্ মিন্‌কুম লিইউন্‌যিরাকুম ; ওয়ায্‌কুরূ~ইয্ জ্বা'আলাকুম খুলাফা—আ মিম বা'দি ক্বাওমি

মাধ্যমে উপদেশবাণী এসেছে, যিনি তোমাদেরই একজন, যাতে সে তোমাদেরকে ভীতি প্রদর্শন করে। তোমরা স্মরণ কর, আল্লাহ তোমাদেরকে স্থলাভিষিক্ত করেছেন নূহের

نوح وزادكم فى الخلق بصطة فاذكروا الاء الله لعلكم تفلحون ○

নূহিওঁ ওয়া যা-দাকুম ফিল্ খাল্‌ক্বি বাস্বত্বাহ, ফায্‌কুরূ~আ-লা—আল্লা-হি লা'আল্লাকুম তুফ্‌লিহুন।

সম্প্রদায়ের পর এবং সৃষ্টির মধ্যে (বিস্তৃতি ও শক্তিতে) তোমাদেরকে অধিক সমৃদ্ধ করেছেন। সুতরাং তোমরা আল্লাহর সে অনুগ্রহসমূহ স্মরণ কর যাতে সফলকাম হতে পার।

﴿٧٠﴾ قالوا اجئتنا لنعبد الله وحده ونذر ما كان يعبد اباؤنا فاتنا

৭০। ক্বা-লূ~আজি'তানা- লিনা'বুদাল্লা-হা ওয়াহ্‌দাহূ ওয়া নাযারা মা- কা-না ইয়া'বুদু আ-বা—উনা-, ফা'তিনা-

(৭০) তারা বলল, তুমি কি আমাদের কাছে এজন্য এসেছ যে, আমরা যেন শুধুমাত্র আল্লাহরই ইবাদাত করি এবং আমাদের পিতৃপুরুষ যার উপাসনা করতো তাকে বর্জন করি?

بما تعدنا ان كنت من الصدقين ﴿٧١﴾ قال قد وقع عليكم من ربكم

বিমা- তা'ইদুনা~ইন্ কুনতা মিনস্ব স্বা-দিক্বীন। ৭১। ক্বা-লা ক্বাদ্ ওয়াক্বা'আ 'আলাইকুম্ মির্ রাব্বিকুম

অতএব তুমি আমাদেরকে যে শাস্তির ভয় দেখাচ্ছ তা আমাদের সামনে উপস্থিত কর, যদি তুমি সত্যবাদী হও। (৭১) বললেন, তোমাদের উপর তোমাদের প্রতিপালকের

رجس وغضب اتجادلوننى فى اسماء سميتموها انتم واباؤكم

রিজ্‌সুওঁ ওয়া গাদ্বাব ; আ তুজ্বা-দিলূনানী ফী~আস্‌মা—ইন্ ছাম্মাইতুমূহা~আন্‌তুম্ ওয়া আ-বা—উকুম্

থেকে শাস্তি ও ক্রোধ নির্ধারিত হয়ে আছে, তোমরা কি আমার সাথে এমন কতগুলো নামের ব্যাপারে বিতর্ক করতে চাও যা তোমরা এবং তোমাদের পিতৃপুরুষ স্থির করেছ

ما نزل الله بها من سلطن فانتظروا انى معكم من المنتظرين ○

মা- নায্‌যালাল্লা-হু বিহা- মিন্ সুল্‌ত্বান ; ফান্‌তাযিরূ~ইন্নী মা'আকুম্ মিনাল্ মুন্‌তাযিরীন।

এবং যে ব্যাপারে আল্লাহ কোনই প্রমাণ প্রেরণ করেন নি। সুতরাং তোমরা অপেক্ষা করতে থাক আর আমিও তোমাদের সাথে অপেক্ষা করছি।

○ টীকা (আঃ ৭১) ঃ হুদ (আ) নিজ সম্প্রদায়কে আযাবের ভয় দেখালে তারা আযাবের দাবী করল। তিন বছর যাবত বৃষ্টি বন্ধ হয়ে ভীষণ দুর্ভিক্ষ দেখা দিল। তৎকালে বিপদের সময় মুসলমান ও কাফির সকলে বর্তমান কা'বা ঘরে যেয়ে দো'আ করত। আ'দ সরদারগণ তথায় গিয়ে দো'আ করল। সঙ্গে সঙ্গে সাদা, কাল ও লাল তিন খণ্ড মেঘ দেখা দিল এবং আওয়াজ আসল, যেটি ইচ্ছা পছন্দ কর। তারা অধিক বৃষ্টির আশায় কাল মেঘ পছন্দ করল। সঙ্গে সঙ্গে তা তাদের কাওমের দিকে চলল, আনন্দে আত্মহারা হয়ে তারা দেশের দিকে দৌড়িয়ে গেল। এই মেঘ হতে প্রচণ্ডবেগে ঝড় আরম্ভ হয়ে সাত দিন আট রাত্রিতে সমগ্র কাওমকে ধ্বংস করে দিল। কেবল হুদ (আ) ও মুমেনগণ নিরাপদে রইলেন। (মুঃ কোঃ)

﴿٧٢﴾ فَاَنْجَيْنٰهُ وَالَّذِيْنَ مَعَهٗ بِرَحْمَةٍ مِّنَّا وَقَطَعْنَا دَابِرَ الَّذِيْنَ كَذَّبُوْا بِاٰيٰتِنَا

৭২। ফাআন্জাইনা-হু ওয়াল্লাযীনা মা'আহূ বিরাহ্মাতিম্ মিন্না- ওয়া ক্বাত্বা'না- দা-বিরাল্লাযীনা কায্যাবূ বিআ-ইয়া-তিনা-
(৭২) অতঃপর আমি তাকে এবং তার সাথীদেরকে স্বীয় রহমত দ্বারা উদ্ধার করেছিলাম। আর যারা আমার আয়াতকে মিথ্যা বলেছিল এবং ঈমানদার

وَمَا كَانُوْا مُؤْمِنِيْنَ ﴿٧٣﴾ وَاِلٰى ثَمُوْدَ اَخَاهُمْ صٰلِحًا ۘ قَالَ يٰقَوْمِ اعْبُدُوا

ওয়ামা-কা-নূ মু'মিনীন। ৭৩। ওয়া ইলা-ছামূদা আখা-হুম্ স্বা-লিহ্বা-, ক্বা-লা ইয়া-ক্বাওমি' বুদুল্
ছিল না তাদের নির্মূল করে দিলাম। (৭৩) এবং আমি সামূদের নিকট তাদের ভাই সালিহকে পাঠিয়েছিলাম। তিনি বললেন, হে আমার সম্প্রদায়!

اللّٰهَ مَا لَكُمْ مِّنْ اِلٰهٍ غَيْرُهٗ ؕ قَدْ جَآءَتْكُمْ بَيِّنَةٌ مِّنْ رَّبِّكُمْ ؕ هٰذِهٖ نَاقَةُ

লা-হা মা-লাকুম্ মিন্ ইলা-হিন্ গাইরুহু ; ক্বাদ্ জ্বা—আত্কুম্ বাইয়্যিনাতুম্ মির রাব্বিকুম ; হা-যিহী না-ক্বাতু
আল্লাহর ইবাদাত কর তিনি ছাড়া অন্য কোন মা'বুদ নেই। নিশ্চয়ই তোমাদের কাছে স্পষ্ট প্রমাণ এসেছে তোমাদের প্রতিপালকের পক্ষ থেকে।

اللّٰهِ لَكُمْ اٰيَةً فَذَرُوْهَا تَاْكُلْ فِيْۤ اَرْضِ اللّٰهِ وَلَا تَمَسُّوْهَا بِسُوْٓءٍ

ল্লা-হি লাকুম আ-ইয়াতান ফাযারূহা-তা'কুল ফী~আরদ্বিল্লা-হি ওয়ালা- তামাস্সূহা-বিসূ—ইন্
এ আল্লাহর উষ্ট্রীটা- তোমাদের জন্য প্রমাণ। আল্লাহর যমীনে চরে খাওয়ার জন্য একে ছেড়ে দাও এবং একে মন্দভাবে স্পর্শ করো না।

فَيَاْخُذَكُمْ عَذَابٌ اَلِيْمٌ ﴿٧٤﴾ وَاذْكُرُوْۤا اِذْ جَعَلَكُمْ خُلَفَآءَ مِنْۢ بَعْدِ عَادٍ

ফাইয়া'খুযাকুম 'আযা-বুন আলীম। ৭৪। ওয়ায্কুরূ~ইয্ জ্বা'আলাকুম খুলাফা—আ মিম্ বা'দি 'আ-দিওঁ
করলে, তোমাদেরকে কষ্টদায়ক শাস্তি পাকড়াও করবে। (৭৪) আর স্মরণ কর, আদ জাতির পর তিনি তোমাদেরকে স্থলাভিষিক্ত

وَّبَوَّاَكُمْ فِى الْاَرْضِ تَتَّخِذُوْنَ مِنْ سُهُوْلِهَا قُصُوْرًا وَّتَنْحِتُوْنَ الْجِبَالَ

ওয়া বাওওয়াআকুম ফিল আরদ্বি তাত্তাখিযূনা মিন্ সুহূলিহা- কুস্বূরাওঁ ওয়া তান্হিতূনাল্ জ্বিবা-লা
করেছেন এবং তোমাদেরকে পৃথিবীতে বসবাসের ঠিকানা দিয়েছেন যে, তোমরা নরম মাটিতে প্রাসাদ গড়েছ ও পাহাড় কেটে

بُيُوْتًا ۚ فَاذْكُرُوْۤا اٰلَآءَ اللّٰهِ وَلَا تَعْثَوْا فِى الْاَرْضِ مُفْسِدِيْنَ ﴿٧٥﴾ قَالَ الْمَلَاُ

বুয়ূতা-, ফায্কুরূ~আ-লা—আল্লা-হি ওয়ালা- তা'ছাও ফিল আরদ্বি মুফ্সিদীন। ৭৫। ক্বা-লাল্ মালাউল্
ঘর তৈরী করেছ। সুতরাং আল্লাহর নেয়ামত স্মরণ কর এবং পৃথিবীতে বিশৃংখলা বিস্তার করো না। (৭৫) তার সম্প্রদায়ের

الَّذِيْنَ اسْتَكْبَرُوْا مِنْ قَوْمِهٖ لِلَّذِيْنَ اسْتُضْعِفُوْا لِمَنْ اٰمَنَ مِنْهُمْ اَتَعْلَمُوْنَ

লাযীনাস্তাক্বারূ মিন্ ক্বাওমিহী লিল্লাযীনাস্ তুদ্ব'ইফূ লিমান্ আ-মানা মিন্হুম আতা'লামূনা
অহংকারী নেতারা, সে সম্প্রদায়ের ঈমানদার গরীবদেরকে বলল, তোমরা কি জান যে,

اَنَّ صٰلِحًا مُّرْسَلٌ مِّنْ رَّبِّهٖ ؕ قَالُوْۤا اِنَّا بِمَاۤ اُرْسِلَ بِهٖ مُؤْمِنُوْنَ ﴿٧٦﴾ قَالَ الَّذِيْنَ

আন্না স্বা-লিহ্বাম্ মুরসালুম মির্ রাব্বিহ ; ক্বা-লূ~ইন্না- বিমা~উর্সিলা বিহী মু'মিনূন। ৭৬। ক্বা-লাল্ লাযীনাস্
সালিহ তার প্রতিপালকের পক্ষ থেকে প্রেরিত? তারা বলল, তাকে যা নিয়ে প্রেরণ করা হয়েছে তাতে আমরা বিশ্বাসী। (৭৬) অহংকারীরা বলল,

اسْتَكْبَرُوْۤا اِنَّا بِالَّذِيْۤ اٰمَنْتُمْ بِهٖ كٰفِرُوْنَ ﴿٧٧﴾ فَعَقَرُوا النَّاقَةَ وَعَتَوْا عَنْ

তাকবারূ~ইন্না- বিল্লাযী~আ-মান্তুম্ বিহী কা-ফিরূন। ৭৭। ফা'আক্বারুন্ না-ক্বাতা ওয়া 'আতাও 'আন
তোমরা যা বিশ্বাস করেছ আমরা তা অস্বীকার করি। (৭৭) অতঃপর তারা সে উষ্ট্রীকে মেরে ফেলল এবং অমান্য করল

اَمْرِ رَبِّهِمْ وَقَالُوْا يٰصٰلِحُ ائْتِنَا بِمَا تَعِدُنَاۤ اِنْ كُنْتَ مِنَ الْمُرْسَلِيْنَ ﴿٧٨﴾ فَاَخَذَتْهُمُ

আম্রি রাব্বিহিম ওয়া ক্বা-লূ ইয়া-স্বা-লিহু'তিনা- বিমা- তা'ইদুনা~ইন্ কুন্তা মিনাল্ মুরসালীন। ৭৮। ফাআখাযাত্হুমুর
তাদের প্রতিপালকের নির্দেশের এবং বলল, হে সালিহ! যদি তুমি সত্য রাসূল হয়ে থাক তবে তুমি যার ভয় প্রদর্শন করছ তা নিয়ে এস। (৭৮) অতঃপর তাদেরকে

الرَّجْفَةُ فَاَصْبَحُوْا فِيْ دَارِهِمْ جٰثِمِيْنَ ﴿٧٩﴾ فَتَوَلّٰى عَنْهُمْ وَقَالَ يٰقَوْمِ لَقَدْ

রাজ্বফাতু ফাআস্ববাহূ ফী দা-রিহিম জ্বা-ছিমীন। ৭৯। ফাতাওয়াল্লা- 'আন্হুম ওয়া ক্বা-লা ইয়া-ক্বাওমি লাক্বাদ
পাকড়াও করল ভূমিকম্প, ফলে স্বীয় ঘরে তারা উপুড় হয়ে পড়ে থাকলো। (৭৯) অতঃপর তিনি (সালিহ) তাদের থেকে মুখ ফিরিয়ে নিলেন এবং বললেন, হে আমার সম্প্রদায়!

اَبْلَغْتُكُمْ رِسَالَةَ رَبِّيْ وَنَصَحْتُ لَكُمْ وَلٰكِنْ لَّا تُحِبُّوْنَ النّٰصِحِيْنَ ○

আব্লাগ্তুকুম রিসা-লাতা রাব্বী ওয়া নাস্বাহ্তু লাকুম ওয়ালা-কিল লা-তুহ্বিব্বূনান্ না-স্বিহ্বীন।
আমি তো তোমাদের কাছে আমার প্রতিপালকের বাণী পাঠিয়েছিলাম এবং তোমাদেরকে উপদেশও দিয়েছিলাম। কিন্তু তোমরা উপদেশ দাতাদেরকে পছন্দ করনি।

﴿٨٠﴾ وَلُوْطًا اِذْ قَالَ لِقَوْمِهٖۤ اَتَاْتُوْنَ الْفَاحِشَةَ مَا سَبَقَكُمْ بِهَا مِنْ اَحَدٍ

৮০। ওয়া লূত্বান ইয্ ক্বা-লা লিক্বাওমিহী~আতা'তূনাল ফা-হ্বিশাতা মা- সাবাক্বাকুম বিহা- মিন আহ্বাদিম
(৮০) আমি লূতকেও প্রেরণ করেছিলাম। যখন তিনি তাঁর সম্প্রদায়কে বললেন, তোমরা কি এমন অশ্লীল কাজ করছ যা তোমাদের

مِّنَ الْعٰلَمِيْنَ ﴿٨١﴾ اِنَّكُمْ لَتَاْتُوْنَ الرِّجَالَ شَهْوَةً مِّنْ دُوْنِ النِّسَآءِ ؕ بَلْ

মিনাল 'আ-লামীন। ৮১। ইন্নাকুম লাতা'তূনার্ রিজ্বা-লা শাহ্ওয়াতাম মিন্ দুনিন্ নিসা—ই ; বাল
পূর্বে জগতে কেউ করেনি। (৮১) তোমরা তো কামভাব পূরণের জন্য নারীদের ছেড়ে পুরুষের কাছে গমন কর। তোমরাতো

اَنْتُمْ قَوْمٌ مُّسْرِفُوْنَ ﴿٨٢﴾ وَمَا كَانَ جَوَابَ قَوْمِهٖۤ اِلَّاۤ اَنْ قَالُوْۤا اَخْرِجُوْهُمْ مِّنْ

আন্তুম ক্বাওমুম্ মুস্রিফূন। ৮২। ওয়ামা-কা-না জ্বাওয়া-বা ক্বাওমিহী~ইল্লা~আন ক্বা-লূ~আখ্রিজূহুম্ মিন্
সীমা অতিক্রমকারী সম্প্রদায়। (৮২) উত্তরে তাঁর সম্প্রদায় একথা ছাড়া আর কিছুই বলল না যে, "তাদের বের করে দাও তোমাদের

قَرْيَتِكُمْ ۚ اِنَّهُمْ اُنَاسٌ يَّتَطَهَّرُوْنَ ﴿٨٣﴾ فَاَنْجَيْنٰهُ وَاَهْلَهٗۤ اِلَّا امْرَاَتَهٗ

ক্বার্ইয়াতিকুম, ইন্নাহুম উনা-সুইঁ ইয়াতাত্বাহ্হারূন। ৮৩। ফাআন্জ্বাইনা-হু ওয়া আহ্লাহূ~ইল্লাম রাআতাহূ
গ্রাম থেকে। এরা এমন লোক যারা খুব পবিত্র থাকতে চায় (৮৩) সুতরাং আমি তাঁকে ও তার পরিবারের লোকদেরকে উদ্ধার করেছিলাম। কিন্তু তাঁর স্ত্রী ব্যতীত,

○ টীকা (আঃ ৮০) ঃ লূত (আ) সাদূম নামক স্থানের এবং উহার আশেপাশের আরও কয়েকটি জনপদের অধিবাসীদেরকে হেদায়ত করতে থাকেন। তথাকার লোকেরা মূর্তিপূজা তো করতই উপরি সেওয়াতাত করত। এই শিরক এবং ঘৃনিত কাজ হতে নিবৃত্ত থাকার জন্য লূত (আ) তাদেরকে উপদেশ দিলেন। তারা তাঁর উপদেশে কর্ণপাত করল না। অধিকন্তু তাঁকে দেশ হতে বিতাড়িত করার জন্য উদ্যত হল। সুতরাং আল্লাহ জিবরাইল (আ)-কে পাঠালেন, তিনি এসে গোটা জনপদটিকে আসমানের দিকে উঠিয়ে তথা হতে উল্টায়ে যমীনে ফেললেন, তার উপর আবার প্রস্তর বর্ষিত হল। লূতের (আ) এক স্ত্রী গোপনে কাফের ছিল। সে সহ গোটা কাওম ধ্বংস হল। লূত (আ) খোদার আদেশে আগেই মুমেনগণকে নিয়ে সরে পড়েছিলেন। (মুঃ কোঃ)

كَانَتْ مِنَ الْغٰبِرِيْنَ ۝ وَاَمْطَرْنَا عَلَيْهِمْ مَّطَرًا ؕ فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ

কা-নাত মিনাল গা-বিরীন। ৮৪। ওয়া আম্ত্বারনা- 'আলাইহিম্ মাত্বারা- ; ফান্যুর কাইফা কা-না 'আ-ক্বিবাতুল
সে ছিল ধ্বংস প্রাপ্তদের অন্তর্ভুক্ত। (৮৪) আমি তাদের উপর পাথরের বৃষ্টি বর্ষণ করলাম, সুতরাং অপরাধীদের শেষফল কি হয়েছিল

১০ রুকূ ১৭

الْمُجْرِمِيْنَ ۝ وَاِلٰى مَدْيَنَ اَخَاهُمْ شُعَيْبًا ؕ قَالَ يٰقَوْمِ اعْبُدُوا اللّٰهَ مَا لَكُمْ

মুজ্রিমীন। ৮৫। ওয়া ইলা- মাদ্ইয়ানা আখা-হুম শু'আইবা- ; ক্বা-লা ইয়া- ক্বাওমি'বুদুল্লা-হা মা- লাকুম্
তা দেখ। (৮৫) আর মাদায়েনবাসীদের প্রতি তাদের ভাই শোয়ায়েবকে প্রেরণ করেছিলাম। তিনি বললেন, হে আমার সম্প্রদায়! তোমরা আল্লাহর ইবাদাত কর,

مِّنْ اِلٰهٍ غَيْرُهٗ ؕ قَدْ جَآءَتْكُمْ بَيِّنَةٌ مِّنْ رَّبِّكُمْ فَاَوْفُوا الْكَيْلَ وَالْمِيْزَانَ

মিন্ ইলা-হিন গাইরুহ ; ক্বাদ্ জা—আত্কুম্ বাইয়্যিনাতুম্ মির্ রাব্বিকুম ফাআওফুল্ কাইলা ওয়াল্ মীযা-না
তিনি ছাড়া তোমাদের অন্য কোন মা'বুদ নেই। নিশ্চয়ই তোমাদের কাছে তোমাদের প্রতিপালকের পক্ষ থেকে শ্রেষ্ঠ প্রমাণ এসেছে, সুতরাং তোমরা মাপ ও

وَلَا تَبْخَسُوا النَّاسَ اَشْيَآءَهُمْ وَلَا تُفْسِدُوْا فِى الْاَرْضِ بَعْدَ اِصْلَاحِهَا ؕ

ওয়ালা- তাব্খাসুন্ না-সা আশ্ইয়া-আহুম ওয়ালা- তুফ্সিদূ ফিল আরদ্বি বা'দা ইস্বলা-হিহা;
ওজন পূর্ণ করে দাও এবং লোকদেরকে তাদের প্রাপ্য বস্তু কম দিবে না এবং পৃথিবীতে শান্তি প্রতিষ্ঠার পর সেখানে বিশৃংখলা সৃষ্টি করবে না।

ذٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ اِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ ۝ وَلَا تَقْعُدُوْا بِكُلِّ صِرَاطٍ تُوْعِدُوْنَ

যা-লিকুম খাইরুল্ লাকুম ইন কুনতুম্ মু'মিনীন। ৮৬। ওয়ালা- তাক্ব'উদূ বিকুল্লি স্বিরা-ত্বিন্ তূ'ইদূনা
এটা তোমাদের জন্য কল্যাণময়- যদি তোমরা মুমিন হও। (৮৬) তোমরা এ উদ্দেশ্যে পথে বসে থাকবে না যে, যারা আল্লাহর প্রতি ঈমান এনেছে তাদেরকে

وَتَصُدُّوْنَ عَنْ سَبِيْلِ اللّٰهِ مَنْ اٰمَنَ بِهٖ وَتَبْغُوْنَهَا عِوَجًا ۚ وَاذْكُرُوْۤا اِذْ

ওয়া তাস্বুদ্দূনা 'আন্ সাবীলিল্লা-হি মান্ আ-মানা বিহী ওয়া তাব্গূনাহা-'ইওয়াজ্বা-, ওয়ায্কুরূ~ইয্
ধমক দিবে এবং আল্লাহর রাস্তা থেকে তাদেরকে বাধা দিবে এবং তাতে দোষত্রুটি অনুসন্ধান করবে। স্মরণ কর, যখন তোমরা (সংখ্যায়)

كُنْتُمْ قَلِيْلًا فَكَثَّرَكُمْ ۪ وَانْظُرُوْا كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُفْسِدِيْنَ ○

কুন্তুম ক্বালীলান ফাকাছ্ছারাকুম, ওয়ান্যুরূ কাইফা কা-না 'আ-ক্বিবাতুল মুফ্সিদীন।
অল্প ছিলে, তখন আল্লাহ তোমাদেরকে (সংখ্যায়) বাড়িয়ে দিয়েছেন। এবং লক্ষ্য কর, বিশৃংখলা সৃষ্টিকারীদের পরিণাম কি হয়েছিল?

۝ وَاِنْ كَانَ طَآئِفَةٌ مِّنْكُمْ اٰمَنُوْا بِالَّذِىْۤ اُرْسِلْتُ بِهٖ وَطَآئِفَةٌ لَّمْ

৮৭। ওয়া ইন্ কা-না ত্বা—ইফাতুম্ মিন্কুম্ আ-মানূ বিল্ লাযী~উর্সিলতু বিহী ওয়া ত্বা—ইফাতুল্ লাম
(৮৭) আমি যা নিয়ে প্রেরিত হয়েছি তা যদি তোমাদের মধ্যে এক দল বিশ্বাস করে এবং অপর দল

يُؤْمِنُوْا فَاصْبِرُوْا حَتّٰى يَحْكُمَ اللّٰهُ بَيْنَنَا ۚ وَهُوَ خَيْرُ الْحٰكِمِيْنَ ○

ইয়ু'মিনূ ফাস্বিরূ হাত্তা- ইয়াহ্কুমাল্লা-হু বাইনানা, ওয়া হুওয়া খাইরুল হা-কিমীন।
বিশ্বাস না করে তবে ধৈর্য ধর, যে পর্যন্ত আল্লাহ আমাদের মাঝে ফয়সালা না করে দেন। তিনিই সর্বোত্তম ফয়সালাকারী।

۝ قَالَ الْمَلَاُ الَّذِيْنَ اسْتَكْبَرُوْا مِنْ قَوْمِهٖ لَنُخْرِجَنَّكَ يٰشُعَيْبُ وَالَّذِيْنَ

৮৮। ক্বা-লাল্ মালাউল্ লাযীনাস্ তাক্বারূ মিন্ ক্বাওমিহী লানুখ্রিজ্বান্নাকা ইয়া-শু'আইবু ওয়াল্ লাযীনা
(৮৮) তার সম্প্রদায়ের অহংকারী নেতৃবৃন্দ বলল, হে শোয়ায়েব! তোমাকে এবং যারা তোমার সাথে ঈমান এনেছে তাদেরকে,

اٰمَنُوْا مَعَكَ مِنْ قَرْيَتِنَآ اَوْ لَتَعُوْدُنَّ فِىْ مِلَّتِنَا ؕ قَالَ اَوَلَوْ كُنَّا كٰرِهِيْنَ ○

আ-মানূ মা'আকা মিন্ ক্বারইয়াতিনা~আও লাতা'উদুন্না ফী মিল্লাতিনা- ; ক্বা-লা আওয়ালাও কুন্না- কা-রিহীন।
আমাদের জনপদ থেকে বের করবই। অন্যথা তোমরা আমাদের ধর্মে ফিরে আসবে। সে বলল, আমরা তা ঘৃণা করলেও তোমাদের ধর্মে কি ফিরে আসব?

۝ قَدِ افْتَرَيْنَا عَلَى اللّٰهِ كَذِبًا اِنْ عُدْنَا فِىْ مِلَّتِكُمْ بَعْدَ اِذْ نَجّٰىنَا اللّٰهُ مِنْهَا ؕ

৮৯। ক্বাদিফ্ তারাইনা- 'আলাল্লা-হি কাযিবান ইন্ 'উদ্না-ফী মিল্লাতিকুম্ বা'দা ইয্ নাজ্জা-নাল্লা-হু মিন্হা- ;
(৮৯) নিশ্চয়ই আমরা আল্লাহর ওপর মিথ্যা আরোপকারী হব, যদি তোমাদের ধর্মে আমরা ফিরে যাই, আল্লাহ আমাদেরকে তা থেকে উদ্ধার

وَمَا يَكُوْنُ لَنَآ اَنْ نَّعُوْدَ فِيْهَآ اِلَّآ اَنْ يَّشَآءَ اللّٰهُ رَبُّنَا ؕ وَسِعَ رَبُّنَا كُلَّ

ওয়া মা- ইয়াকূনু লানা~আন্ না'উদা ফীহা~ইল্লা~আই ইয়াশা—আল্লা-হু রাব্বুনা -; ওয়াসি'আ রাব্বুনা- কুল্লা
করার পর আর আমাদের জন্য সম্ভব নয় যে, এ ধর্মে ফিরে যাব, কিন্তু আমাদের প্রতিপালক আল্লাহ যদি ইচ্ছা করেন। সবকিছুই আমাদের প্রতিপালকের জ্ঞানায়ত্ত,

شَىْءٍ عِلْمًا ؕ عَلَى اللّٰهِ تَوَكَّلْنَا ؕ رَبَّنَا افْتَحْ بَيْنَنَا وَبَيْنَ قَوْمِنَا بِالْحَقِّ وَاَنْتَ

শাইয়িন্ 'ইল্মা- ; 'আলাল্লা-হি তাওয়াক্কালনা-; রাব্বানাফ্তাহ্ বাইনানা- ওয়া বাইনা ক্বাওমিনা- বিলহাক্কি ওয়া আন্তা
আমরা ভরসা করি একমাত্র আল্লাহরই উপর, হে আমাদের প্রতিপালক! ফয়সালা করে দিন আমাদের ও আমাদের সম্প্রদায়ের মাঝে ন্যায়ভাবে এবং আপনি

خَيْرُ الْفٰتِحِيْنَ ۝ وَقَالَ الْمَلَاُ الَّذِيْنَ كَفَرُوْا مِنْ قَوْمِهٖ لَئِنِ اتَّبَعْتُمْ

খাইরুল্ ফা-তিহীন। ৯০। ওয়া ক্বা-লাল্ মালাউল্ লাযীনা কাফারূ মিন্ ক্বাওমিহী লাইনিত্ তাবা'তুম
উত্তম ফয়সালাকারী। (৯০) তার সম্প্রদায়ের কাফির নেতৃবৃন্দ বলল, তোমরা যদি শোয়ায়েবের পথে চল, তবে

شُعَيْبًا اِنَّكُمْ اِذًا لَّخٰسِرُوْنَ ۝ فَاَخَذَتْهُمُ الرَّجْفَةُ فَاَصْبَحُوْا فِىْ دَارِهِمْ

শু'আইবান ইন্নাকুম ইযাল্ লাখা-সিরূন। ৯১। ফাআখাযাত্ হুমুর্ রাজ্ফাতু ফাআস্বাহূ ফী দা-রিহিম
তোমরা অবশ্যই ক্ষতিগ্রস্ত হবে। (৯১) অতঃপর ভূমিকম্প তাদেরকে ধরল, সুতরাং সকালবেলা পড়ে রইল তারা নিজ গৃহে উপুড়

جٰثِمِيْنَ ۝ ۚ اَلَّذِيْنَ كَذَّبُوْا شُعَيْبًا كَاَنْ لَّمْ يَغْنَوْا فِيْهَا ۚ اَلَّذِيْنَ كَذَّبُوْا

জ্বা-ছিমীন। ৯২। আল্লাযীনা কায্যাবূ শু'আইবান্ কাআল্লাম ইয়াগ্নাও ফীহা-, আল্লাযীনা কায্যাবূ
অবস্থায়। (৯২) যারা শোয়ায়েবকে মিথ্যাবাদী বলেছিল মনে হলো যেন সেখানে তারা কোন দিনই বসবাস করেনি। আর যারা মিথ্যাবাদী

○ টীকা (আঃ ৮৮) ঃ শোয়ায়েব (আ)-এর গোত্রও ঈমান আনয়নের পূর্বে কাফিরদের ধর্মই পালন করত। কিন্তু হযরত শোয়ায়েব (আ) কখনো কুফরী করেন নি। নুবুওয়াত প্রাপ্তির পূর্বে শোয়ায়েব (আ)কাফিরদের বিধর্মাচরণে বাধাও দেন নি, এ কারণে কাফিররা মনে করত, শোয়ায়েব (আ)-ও তাদের ধর্মেই প্রতিষ্ঠিত রয়েছেন। এ ধারণার বশেই কাফিররা তাঁকে বলেছিল, "তোমরা আমাদের ধর্মে ফিরে না আসলে তোমাদেরকে দেশ হতে বের করে দিব।" (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৯০) ঃ শোয়ায়েব (আ)-এর কথা অনুযায়ী নিজেদের ধর্ম ত্যাগ করলে সত্য ধর্মই ত্যাগ করা হবে। কেননা, আমাদের ধর্মই সত্য, এতদ্ব্যতীত তাঁর ধর্ম মানতে গেলে মাপে কম দেয়া ও বেশী নেয়া চলবে না। এতে আমাদের আর্থিক ক্ষতিও হবে। ফলকথা, শোয়ায়েব (আ)-এর ধর্ম গ্রহণ করলে, আমাদের ধর্মীয় ও আর্থিক উভয় দিকের ক্ষতিই হবে। (বঃ কোঃ)

كَانَتْ مِنَ الْغٰبِرِيْنَ ﴿٨٣﴾ وَاَمْطَرْنَا عَلَيْهِمْ مَّطَرًا ؕ فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ

কা-নাত মিনাল গা-বিরীন। ৮৪। ওয়া আম্ত্বার্না- 'আলাইহিম্ মাত্বারা- ; ফান্যুর কাইফা কা-না 'আ-ক্বিবাতুল

সে ছিল ধ্বংস প্রাপ্তদের অন্তর্ভুক্ত। (৮৪) আমি তাদের উপর পাথরের বৃষ্টি বর্ষণ করলাম, সুতরাং অপরাধীদের শেষফল কি হয়েছিল

الْمُجْرِمِيْنَ ﴿٨٤﴾ وَاِلٰى مَدْيَنَ اَخَاهُمْ شُعَيْبًا ؕ قَالَ يٰقَوْمِ اعْبُدُوا اللّٰهَ مَا لَكُمْ

মুজ্বরিমীন। ৮৫। ওয়া ইলা- মাদ্ইয়ানা আখা-হুম শু'আইবা- ; ক্বা-লা ইয়া- ক্বাওমি'বুদুল্লা-হা মা- লাকুম্

তা দেখ। (৮৫) আর মাদায়েনবাসীদের প্রতি তাদের ভাই শোয়ায়েবকে প্রেরণ করেছিলাম। তিনি বললেন, হে আমার সম্প্রদায়! তোমরা আল্লাহর ইবাদাত কর,

مِّنْ اِلٰهٍ غَيْرُهٗ ؕ قَدْ جَآءَتْكُمْ بَيِّنَةٌ مِّنْ رَّبِّكُمْ فَاَوْفُوا الْكَيْلَ وَالْمِيْزَانَ

মিন্ ইলা-হিন গাইরুহ ; ক্বাদ্ জ্বা—আত্কুম্ বাইয়্যিনাতুম্ মির্ রাব্বিকুম ফাআওফুল্ কাইলা ওয়াল্ মীযা-না

তিনি ছাড়া তোমাদের অন্য কোন মা'বুদ নেই। নিশ্চয়ই তোমাদের কাছে তোমাদের প্রতিপালকের পক্ষ থেকে শ্রেষ্ঠ প্রমাণ এসেছে, সুতরাং তোমরা মাপ ও

وَلَا تَبْخَسُوا النَّاسَ اَشْيَآءَهُمْ وَلَا تُفْسِدُوْا فِى الْاَرْضِ بَعْدَ اِصْلَاحِهَا ؕ

ওয়ালা- তাব্খাসুন্ না-সা আশ্ইয়া-আহুম ওয়ালা- তুফ্সিদূ ফিল আরদ্বি বা'দা ইস্বলা-হ্বিহা;

ওজন পূর্ণ করে দাও এবং লোকদেরকে তাদের প্রাপ্য বস্তু কম দিবে না এবং পৃথিবীতে শান্তি প্রতিষ্ঠার পর সেখানে বিশৃংখলা সৃষ্টি করবে না।

ذٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ اِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ ﴿٨٥﴾ وَلَا تَقْعُدُوْا بِكُلِّ صِرَاطٍ تُوْعِدُوْنَ

যা-লিকুম খাইরুল্ লাকুম ইন কুনতুম্ মু'মিনীন। ৮৬। ওয়ালা- তাক্ব'উদূ বিকুল্লি স্বিরা-ত্বিন্ তূ'ইদূনা

এটা তোমাদের জন্য কল্যাণময়- যদি তোমরা মুমিন হও। (৮৬) তোমরা এ উদ্দেশ্যে পথে বসে থাকবে না যে, যারা আল্লাহর প্রতি ঈমান এনেছে তাদেরকে

وَتَصُدُّوْنَ عَنْ سَبِيْلِ اللّٰهِ مَنْ اٰمَنَ بِهٖ وَتَبْغُوْنَهَا عِوَجًا ۚ وَاذْكُرُوْٓا اِذْ

ওয়া তাস্বুদ্দূনা 'আন্ সাবীলিল্লা-হি মান্ আ-মানা বিহী ওয়া তাব্গূনাহা-'ইওয়াজ্বা-, ওয়ায্কুরূ~ইয্

ধমক দিবে এবং আল্লাহর রাস্তা থেকে তাদেরকে বাধা দিবে এবং তাতে দোষক্রটি অনুসন্ধান করবে। স্মরণ কর, যখন তোমরা (সংখ্যায়)

كُنْتُمْ قَلِيْلًا فَكَثَّرَكُمْ ۠ وَانْظُرُوْا كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُفْسِدِيْنَ ○

কুন্তুম ক্বালীলান ফাকাছ্ছারাকুম, ওয়ান্যুরূ কাইফা কা-না 'আ-ক্বিবাতুল মুফ্সিদীন।

অল্প ছিলে, তখন আল্লাহ তোমাদেরকে (সংখ্যায়) বাড়িয়ে দিয়েছেন। এবং লক্ষ্য কর, বিশৃংখলা সৃষ্টিকারীদের পরিণাম কি হয়েছিল?

﴿٨٧﴾ وَاِنْ كَانَ طَآئِفَةٌ مِّنْكُمْ اٰمَنُوْا بِالَّذِىْٓ اُرْسِلْتُ بِهٖ وَطَآئِفَةٌ لَّمْ

৮৭। ওয়া ইন্ কা-না ত্বা—ইফাতুম্ মিন্কুম্ আ-মানূ বিল্ লাযী~উর্সিলতু বিহী ওয়া ত্বা—ইফাতুল্ লাম

(৮৭) আমি যা নিয়ে প্রেরিত হয়েছি তা যদি তোমাদের মধ্যে এক দল বিশ্বাস করে এবং অপর দল

يُؤْمِنُوْا فَاصْبِرُوْا حَتّٰى يَحْكُمَ اللّٰهُ بَيْنَنَا ۚ وَهُوَ خَيْرُ الْحٰكِمِيْنَ ○

ইয়ু'মিনূ ফাস্বিরূ হ্বাত্তা- ইয়াহ্কুমাল্লা-হু বাইনানা, ওয়া হুওয়া খাইরুল হ্বা-কিমীন।

বিশ্বাস না করে তবে ধৈর্য ধর, যে পর্যন্ত আল্লাহ আমাদের মাঝে ফয়সালা না করে দেন। তিনিই সর্বোত্তম ফয়সালাকারী।

১০ ع ১৭ রুকূ

পারা ৮

﴿٨٨﴾ قَالَ الْمَلَاُ الَّذِيْنَ اسْتَكْبَرُوْا مِنْ قَوْمِهٖ لَنُخْرِجَنَّكَ يٰشُعَيْبُ وَالَّذِيْنَ

৮৮। ক্বা-লাল্ মালাউল্ লাযীনাস্ তাক্বারূ মিন্ ক্বাওমিহী লানুখ্রিজ্বান্নাকা ইয়া-শু'আইবু ওয়াল্ লাযীনা

(৮৮) তার সম্প্রদায়ের অহংকারী নেতৃবৃন্দ বলল, হে শোয়ায়েব! তোমাকে এবং যারা তোমার সাথে ঈমান এনেছে তাদেরকে,

اٰمَنُوْا مَعَكَ مِنْ قَرْيَتِنَآ اَوْ لَتَعُوْدُنَّ فِىْ مِلَّتِنَا ؕ قَالَ اَوَلَوْ كُنَّا كٰرِهِيْنَ ○

আ-মানূ মা'আকা মিন্ ক্বার্ইয়াতিনা~আও লাতা'উদুন্না ফী মিল্লাতিনা- ; ক্বা-লা আওয়ালাও কুন্না- কা-রিহীন।

আমাদের জনপদ থেকে বের করবই। অন্যথা তোমরা আমাদের ধর্মে ফিরে আসবে। সে বলল, আমরা তা ঘৃণা করলেও তোমাদের ধর্মে কি ফিরে আসব?

﴿٨٩﴾ قَدِ افْتَرَيْنَا عَلَى اللّٰهِ كَذِبًا اِنْ عُدْنَا فِىْ مِلَّتِكُمْ بَعْدَ اِذْ نَجّٰىنَا اللّٰهُ مِنْهَا ؕ

৮৯। ক্বাদিফ্ তারাইনা- 'আলাল্লা-হি কাযিবান ইন্ 'উদ্না-ফী মিল্লাতিকুম্ বা'দা ইয্ নাজ্জ্বা-নাল্লা-হু মিন্হা- ;

(৮৯) নিশ্চয়ই আমরা আল্লাহর ওপর মিথ্যা আরোপকারী হব, যদি তোমাদের ধর্মে আমরা ফিরে যাই, আল্লাহ আমাদেরকে তা থেকে উদ্ধার

وَمَا يَكُوْنُ لَنَآ اَنْ نَّعُوْدَ فِيْهَآ اِلَّآ اَنْ يَّشَآءَ اللّٰهُ رَبُّنَا ؕ وَسِعَ رَبُّنَا كُلَّ

ওয়া মা- ইয়াকূনু লানা~আন্ না'উদা ফীহা~ইল্লা~আঁই ইয়াশা—আল্লা-হু রাব্বুনা -; ওয়াসি'আ রাব্বুনা- কুল্লা

করার পর আর আমাদের জন্য সম্ভব নয় যে, এ ধর্মে ফিরে যাব, কিন্তু আমাদের প্রতিপালক আল্লাহ যদি ইচ্ছা করেন। সবকিছুই আমাদের প্রতিপালকের জ্ঞানায়ত্ত্ব,

شَىْءٍ عِلْمًا ؕ عَلَى اللّٰهِ تَوَكَّلْنَا ؕ رَبَّنَا افْتَحْ بَيْنَنَا وَبَيْنَ قَوْمِنَا بِالْحَقِّ وَاَنْتَ

শাইয়িন্ 'ইল্মা- ; 'আলাল্লা-হি তাওয়াক্কালনা-; রাব্বানাফ্তাহ্ বাইনানা- ওয়া বাইনা ক্বাওমিনা- বিলহ্বাক্বক্বি ওয়া আন্তা

আমরা ভরসা করি একমাত্র আল্লাহরই উপর, হে আমাদের প্রতিপালক! ফয়সালা করে দিন আমাদের ও আমাদের সম্প্রদায়ের মাঝে ন্যায়ভাবে এবং আপনি

خَيْرُ الْفٰتِحِيْنَ ﴿٨٩﴾ وَقَالَ الْمَلَاُ الَّذِيْنَ كَفَرُوْا مِنْ قَوْمِهٖ لَئِنِ اتَّبَعْتُمْ

খাইরুল্ ফা-তিহ্বীন। ৯০। ওয়া ক্বা-লাল্ মালাউল্ লাযীনা কাফারূ মিন্ ক্বাওমিহী লাইনিত্ তাবা'তুম

উত্তম ফয়সালাকারী। (৯০) তার সম্প্রদায়ের কাফির নেতৃবৃন্দ বলল, তোমরা যদি শোয়ায়েবের পথে চল, তবে

شُعَيْبًا اِنَّكُمْ اِذًا لَّخٰسِرُوْنَ ﴿٩٠﴾ فَاَخَذَتْهُمُ الرَّجْفَةُ فَاَصْبَحُوْا فِىْ دَارِهِمْ

শু'আইবান ইন্নাকুম ইযাল্ লাখা-সিরূন। ৯১। ফাআখাযাত্ হুমুর্ রাজ্বফাতু ফাআস্বাহ্ব ফী দা-রিহিম

তোমরা অবশ্যই ক্ষতিগ্রস্ত হবে। (৯১) অতঃপর ভূমিকম্প তাদেরকে ধরল, সুতরাং সকালবেলা পড়ে রইল তারা নিজ গৃহে উপুড়

جٰثِمِيْنَ ﴿٩١﴾ الَّذِيْنَ كَذَّبُوْا شُعَيْبًا كَاَنْ لَّمْ يَغْنَوْا فِيْهَا ۚ اَلَّذِيْنَ كَذَّبُوْا

জ্বা-ছিমীন। ৯২। আল্লাযীনা কায্যাবূ শু'আইবান্ কাআল্লাম ইয়াগ্নাও ফীহা-, আল্লাযীনা কায্যাবূ

অবস্থায়। (৯২) যারা শোয়ায়েবকে মিথ্যাবাদী বলেছিল মনে হলো যেন সেখানে তারা কোন দিনই বসবাস করেনি। আর যারা মিথ্যাবাদী

○ টীকা (আঃ ৮৮) ঃ শোয়ায়েব (আ)-এর গোত্রও ঈমান আনয়নের পূর্বে কাফিরদের ধর্মই পালন করত। কিন্তু হযরত শোয়ায়েব (আ) কখনো কুফরী করেন নি। নুবুওয়াত প্রাপ্তির পূর্বে শোয়ায়েব (আ)কাফিরদের বিধর্মাচরণে বাধাও দেন নি, এ কারণে কাফিররা মনে করত, শোয়ায়েব (আ)-ও তাদের ধর্মেই প্রতিষ্ঠিত রয়েছেন। এ ধারণার বশেই কাফিররা তাঁকে বলেছিল, "তোমরা আমাদের ধর্মে ফিরে না আসলে তোমাদেরকে দেশ হতে বের করে দিব।" (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৯০) ঃ শোয়ায়েব (আ)-এর কথা অনুযায়ী নিজেদের ধর্ম ত্যাগ করলে সত্য ধর্মই ত্যাগ করা হবে। কেননা, আমাদের ধর্মই সত্য, এতদ্ব্যতীত তাঁর ধর্ম মানতে গেলে মাপে কম দেয়া ও বেশী নেয়া চলবে না। এতে আমাদের আর্থিক ক্ষতিও হবে। ফলকথা, শোয়ায়েব (আ)-এর ধর্ম গ্রহণ করলে, আমাদের ধর্মীয় ও আর্থিক উভয় দিকের ক্ষতিই হবে। (বঃ কোঃ)

شعيبا كانوا هم الخسرين ۝ فتولى عنهم وقال يقوم لقد ابلغتكم

শু'আইবান্ কা-নূ হুমুল খা-সিরীন। ৯৩। ফাতাওয়াল্লা- 'আন্‌হুম ওয়া ক্বা-লা ইয়া-ক্বাওমি লাক্বাদ্ আব্‌লাগ্‌তুকুম

বলেছিল শোয়ায়েবকে, তারাই ক্ষতিগ্রস্ত হয়েছিল। (৯৩) তখন শোয়ায়েব তাদের থেকে মুখ ফিরিয়ে নিল এবং বলল, হে আমার সম্প্রদায়! আমি তোমাদেরকে

১১ ع ১ রুকূ'

رسلت ربي ونصحت لكم فكيف اسى على قوم كفرين ۝ وما ارسلنا

রিসা-লা-তি রাব্বী ওয়া নাস্বাহ্‌তু লাকুম, ফাকাইফা আ-সা- 'আলা- ক্বাওমিন্ কা-ফিরীন। ৯৪। ওয়ামা~আর্‌সাল্‌না-

পৌঁছিয়ে দিয়েছি আমার প্রতিপালকের বাণী এবং আমি তোমাদেরকে উপদেশ দিয়েছি, এরপর আমি সে কাফির সম্প্রদায়ের জন্য কি করে দুঃখ করবো? (৯৪) আমি কোন

في قرية من نبي الا اخذنا اهلها بالباساء والضراء لعلهم يضرعون ○

ফী ক্বার্‌ইয়াতিম্ মিন্ নাবিইয়্যিন ইল্লা~আখায্‌না~আহ্‌লাহা- বিল্ বা'সা—ই ওয়াদ্ব দ্বার্‌রা—ই লা'আল্লাহুম ইয়াদ্ব্ দ্বার্‌রা'উন।

জনপদে কোন নবী (এমনাবস্থায়) প্রেরণ করিনি যে, সেখানকার অধিবাসীগণকে আমি দুঃখ-কষ্ট ও দারিদ্র তার মধ্যে পাকড়াও করিনি। যাতে তারা অনুনয় করে।

۝ ثم بدلنا مكان السيئة الحسنة حتى عفوا وقالوا قد مس اباءنا الضراء

৯৫। ছুম্মা বাদ্দাল্‌না- মাকা-নাস্ সাইয়্যিআতিল হাসানাতা হাত্তা- 'আফাও ওয়া ক্বা-লূ ক্বাদ্ মাস্‌সা আ-বা—আনাদ্ব দ্বার্‌রা—উ

(৯৫) অতঃপর আমি পরিবর্তন করেছি খারাপ অবস্থাটাকে ভাল অবস্থা দ্বারা। এমনকি তারা অনেক প্রাচুর্যময় হলো এবং বলতে লাগল, আমাদের পিতৃ পুরুষেরাও তো কষ্ট

والسراء فاخذنهم بغتة وهم لا يشعرون ۝ ولو ان اهل القرى امنوا

ওয়াস্ সার্‌রা—উ ফাআখায্‌না-হুম্ বাগ্‌তাতাওঁ ওয়াহুম লা-ইয়াশ্‌'উরূন। ৯৬। ওয়া লাও আন্না আহ্‌লাল কুরা~আ-মানূ

ও আনন্দের সম্মুখীন হয়েছিল। তখন আমি তাদেরকে অকস্মাৎ পাকড়াও করি, যে, তাদের কোন খবরই ছিল না। (৯৬) যদি সে জনপদের অধিবাসীরা ঈমান আনত এবং

واتقوا لفتحنا عليهم بركت من السماء والارض ولكن كذبوا فاخذنهم

ওয়াত্তাক্বাও লাফাতাহ্‌না- 'আলাইহিম্ বারাকা-তিম্ মিনাস্ সামা—ই ওয়াল্ আর্‌দ্বি ওয়ালা-কিন্ কায্‌যাবূ ফাআখায্‌না-হুম্

পরহেজগারী অবলম্বন করত, তবে তাদের জন্য উন্মুক্ত করে দিতাম আসমান ও যমীনের বরকতসমূহ। কিন্তু তারা মিথ্যা বলেছিল, তাদের কৃতকর্মের জন্য আমি

بما كانوا يكسبون ۝ افامن اهل القرى ان ياتيهم باسنا بياتا وهم

বিমা- কা-নূ ইয়াক্‌সিবূন। ৯৭। আফা আমিনা আহ্‌লুল কুরা~আইঁ ইয়া'তিইয়াহুম্ বা'সুনা- বাইয়া-তাওঁ ওয়া হুম

তাদেরকে গ্রেপ্তার করেছি। (৯৭) তবে কি সে জনপদের অধিবাসীরা এ ব্যাপারে চিন্তামুক্ত যে, আমার শাস্তি রাতের বেলা তাদের উপর এসে পড়বে, যখন তারা নিদ্রায় বিভোর

نائمون ۝ اوامن اهل القرى ان ياتيهم باسنا ضحى وهم يلعبون ○

না—ইমূন। ৯৮। আওয়া আমিনা আহ্‌লুল কুরা~আইঁ ইয়া'তিইয়াহুম্ বা'সুনা-দ্বুহাওঁ ওয়া হুম ইয়াল্'আবূন।

থাকবে। (৯৮) বা সে জনপদের অধিবাসীরা এ ব্যাপারে চিন্তামুক্ত হয়ে গেছে যে, আমার শাস্তি তাদের উপর আসবে দিবসের প্রথমভাগে যখন তারা খেলাধুলায় লিপ্ত থাকবে।

১২ ع ২ রুকূ'

۝ افامنوا مكر الله فلا يامن مكر الله الا القوم الخسرون ۝ اولم يهد

৯৯। আফাআমিনূ মাক্‌রাল্লা-হ্, ফালা- ইয়া'মানু মাক্‌রাল্লা-হি ইল্লাল ক্বাওমুল্ খা-সিরূন। ১০০। আওয়া লাম ইয়াহ্‌দি

(৯৯) তারা কি আল্লাহর কৌশল সম্পর্কে নিশ্চিন্ত হয়ে গেছে? কেউ নিশ্চিন্ত হতে পারে না আল্লাহর কৌশল হতে, ক্ষতিগ্রস্ত সম্প্রদায় ব্যতীত। (১০০) যারা পৃথিবীর

للذين يرثون الارض من بعد اهلها ان لو نشاء اصبنهم بذنوبهم

লিল্লাযীনা ইয়ারিছূনাল্ আর্‌দ্বা মিম্ বা'দি আহ্‌লিহা~আল্ লাও নাশা—উ আস্বাব্‌না-হুম বিযুনূবিহিম,

উত্তরাধিকারীত্ব লাভ করেছে এ অধিবাসীদের পর, (উক্ত ঘটনা) তাদেরকে কি (এ) শিক্ষা দেয় নি যে, আল্লাহ ইচ্ছা করলে তাদেরকে শাস্তি দিতে পারেন, তাদের

ونطبع على قلوبهم فهم لا يسمعون ۝ تلك القرى نقص عليك من

ওয়া নাত্ববা'উ 'আলা- কুলূবিহিম ফাহুম লা ইয়াস্‌মা'উন। ১০১। তিল্‌কাল্ কুরা- নাকুস্ব্‌স্বু 'আলাইকা মিন

পাপের কারণে। তাদের অন্তরে মোহর লাগিয়ে দেব, ফলে তারা শুনতে পাবে না। (১০১) সেসব জনপদের কিছু কিছু কাহিনী আপনার নিকট

انبائها ولقد جاءتهم رسلهم بالبينت فما كانوا ليؤمنوا بما كذبوا

আম্‌বা—ইহা-, ওয়া লাক্বাদ্ জ্বা—আত্‌হুম রুসুলুহুম্ বিল্ বাইয়্যিনা-ত, ফামা- কা-নূ লিইউ'মিনূ বিমা- কায্‌যাবূ

বর্ণনা করছি, আর তাদের কাছে তাদের রাসূলগণ স্পষ্ট প্রমাণসহ এসেছিলেন, কিন্তু যেগুলোকে তারা প্রথমে মিথ্যা বলেছিল, (পরে) তাতে ঈমান আনার লোক

من قبل كذلك يطبع الله على قلوب الكفرين ۝ وما وجدنا لاكثرهم

মিন্ ক্বাবল ; কাযা-লিকা ইয়াত্ববা'উল্লা-হু 'আলা- কুলূবিল কা-ফিরীন। ১০২। ওয়ামা- ওয়াজ্বাদ্‌না- লিআক্‌ছারিহিম্

ছিল না। এরূপে আল্লাহ কাফিরদের অন্তরে মোহর মেরে দেন। (১০২) আর আমি তাদের অনেককেই প্রতিশ্রুতি

من عهد وان وجدنا اكثرهم لفسقين ۝ ثم بعثنا من بعدهم موسى

মিন্ 'আহ্‌দ, ওয়া ইওঁ ওয়া জ্বাদ্‌না~আক্‌ছারাহুম লাফা-সিক্বীন। ১০৩। ছুম্মা বা'আছ্‌না- মিম্ বা'দিহিম্ মূসা-

রক্ষাকারীরূপে পাইনি, বরং তাদের অনেককেই পাপাচারী পেয়েছি। (১০৩) অতঃপর তাদের পর আমি মূসাকে আমার

بايتنا الى فرعون وملائه فظلموا بها فانظر كيف كان عاقبة

বি-আ-ইয়া-তিনা~ইলা- ফির'আওনা ওয়া মালা-ইহী ফাযালামূ বিহা-, ফান্‌যুর কাইফা কা-না 'আ-ক্বিবাতুল

নিদর্শনসহ ফিরআউন ও তার পরিষদ নেতৃবৃন্দের কাছে প্রেরণ করলাম। কিন্তু তারা তার প্রতি অবিচার করেছে। সুতরাং দেখুন পাপিষ্ঠদের

المفسدين ۝ وقال موسى يفرعون اني رسول من رب العلمين ○

মুফ্‌সিদীন। ১০৪। ওয়া ক্বা-লা মূসা ইয়া-ফির'আওনু ইন্নী রাসূলুম্ মির্ রাব্বিল 'আ-লামীন।

পরিণাম কি হয়েছে? (১০৪) আর মূসা বললেন, হে ফিরআউন! নিশ্চয়ই আমি বিশ্বজগতের প্রতিপালকের তরফ থেকে প্রেরিত।

۝ حقيق على ان لا اقول على الله الا الحق قد جئتكم ببينة من

১০৫। হাক্বীকুন 'আলা~আল্ লা~আকূলা 'আলাল্লা-হি ইল্লাল হাক্ব্‌ক্ব, ক্বাদ্ জ্বি'তুকুম্ বিবাইয়্যিনাতিম্ মির্

(১০৫) আমি এর উপর সুদৃঢ় যে, আল্লাহ সম্পর্কে সত্য ছাড়া কিছুই বলব না। আমি তোমাদের কাছে স্পষ্ট প্রমাণ নিয়ে এসেছি তোমাদের

○ টীকা (আঃ ১০২) ঃ 'অঙ্গীকার' বলতে এ উদ্দেশ্য যে, আল্লাহ্ আদম (আঃ)-এর পৃষ্ঠ হতে তাঁর সমস্ত সন্তানগণকে বের করে তাদের হতে ওয়াদা নিয়েছেন, "আমি কি তোমাদের রব্ নই?" সকলে সমস্বরে উত্তর করেছিল, 'হ্যাঁ'। কিন্তু অধিকাংশ মানুষই এই ওয়াদা পূর্ণ করে নেই। (বঃ কোঃ)

○ টীকা (আঃ ১০৩) ঃ 'ফিরাউন' শব্দের অর্থ হচ্ছে ঃ সৌর বংশ-সূর্যদেবের বংশধর। প্রাচীন মিশরবাসীদের কাছে সূর্য ছিল 'রকোঃ আ'লা' বা মহাদেবতা, আর তারা সূর্যকে 'রা' বলতো। এই 'রা' থেকে 'ফিরাউন' শব্দ উদ্ভূত। 'ফিরাউন' কোন এক ব্যক্তি বিশেষের নাম ছিল না। মিশরের বাদশাহদের উপাধি ছিল ফিরাউন। যেমন রুশ সম্রাটগণের উপাধি ছিল 'যার' ও পারস্য সম্রাটদের উপাধি ছিল 'খসরু'।

رَبِّكُمْ فَأَرْسِلْ مَعِيَ بَنِيٓ إِسْرَٰٓءِيلَ ﴿١٠٥﴾ قَالَ إِن كُنتَ جِئْتَ بِـَٔايَةٍ فَأْتِ

রাব্বিকুম ফাআর্‌সিল মা'ইয়া বানী~ইস্‌রা—ঈল। ১০৬। ক্বা-লা ইন্ কুন্‌তা জ্বি'তা বিআ-ইয়াতিন্ ফা'তি
প্রতিপালকের তরফ থেকে। সুতরাং আমার সাথে বনী ইসরাইলকে প্রেরণ কর। (১০৬) ফিরআউন বলল, যদি তুমি কোন নিদর্শন নিয়ে এসে থাক তবে তা

بِهَآ إِن كُنتَ مِنَ ٱلصَّٰدِقِينَ ﴿١٠٦﴾ فَأَلْقَىٰ عَصَاهُ فَإِذَا هِيَ ثُعْبَانٌ مُّبِينٌ ﴿١٠٧﴾

বিহা~ইন্ কুন্তা মিনাস্ব স্বা-দ্বিক্বীন। ১০৭। ফাআল্‌ক্বা- 'আস্বা-হু ফাইযা- হিয়া ছু'বা-নুম্ মুবীন।
উপস্থিত কর, যদি তুমি সত্যবাদী হও। (১০৭) অতঃপর তিনি তাঁর লাঠি খানা ফেলে দিলেন, সাথে সাথে সেটি একটি প্রকাশ্য অজগর হয়ে গেল।

১৩ ع রুকূ

وَنَزَعَ يَدَهُ فَإِذَا هِيَ بَيْضَآءُ لِلنَّٰظِرِينَ ﴿١٠٨﴾ قَالَ ٱلْمَلَأُ مِن قَوْمِ فِرْعَوْنَ

১০৮। ওয়া নাযা'আ ইয়াদাহূ ফাইযা- হিয়া বাইদ্বা—উ লিন্না-যিরীন। ১০৯। ক্বা-লাল্ মালাউ মিন্ ক্বাওমি ফির'আওনা
(১০৮) আর তিনি তাঁর হাত বের করলেন, তৎক্ষণাৎ তা দর্শকদের সামনে সাদা উজ্জ্বলরূপে প্রকাশিত হল। (১০৯) ফিরআউন সম্প্রদায়ের নেতৃবৃন্দ বলল,

إِنَّ هَٰذَا لَسَٰحِرٌ عَلِيمٌ ﴿١٠٩﴾ يُرِيدُ أَن يُخْرِجَكُم مِّنْ أَرْضِكُمْ فَمَاذَا تَأْمُرُونَ ﴿١١٠﴾

ইন্না হা-যা- লাসা-হিরুন্ 'আলীম। ১১০। ইউরীদু আই ইউখ্‌রিজাকুম্ মিন্ আর্‌দ্বিকুম, ফামা- যা- তা'মুরূন।
নিশ্চয়ই এ লোকটি পটু যাদুকর। (১১০) সে চায়, তোমাদেরকে তোমাদের দেশ হতে বের করে দিতে, সুতরাং তোমরা এখন কি পরামর্শ দাও?

قَالُوٓا۟ أَرْجِهْ وَأَخَاهُ وَأَرْسِلْ فِى ٱلْمَدَآئِنِ حَٰشِرِينَ ﴿١١١﴾ يَأْتُوكَ بِكُلِّ

১১১। ক্বা-লূ~আর্‌জিহ্ ওয়া আখা-হু ওয়া আর্‌সিল্ ফিল্ মাদা—ইনি হা-শিরীন। ১১২। ইয়া'তূকা বিকুল্লি
(১১১) তারা বলল, তাকে ও তার ভাইকে কিছু সুযোগ দাও এবং শহরে হরকরাদেরকে প্রেরণ কর। (১১২) যেন তারা সকল পটু যাদুকরদেরকে

سَٰحِرٍ عَلِيمٍ ﴿١١٢﴾ وَجَآءَ ٱلسَّحَرَةُ فِرْعَوْنَ قَالُوٓا۟ إِنَّ لَنَا لَأَجْرًا إِن كُنَّا نَحْنُ

সা-হিরীন 'আলীম। ১১৩। ওয়া জ্বা—আস্ সাহ্বারাতু ফির'আওনা ক্বা-লূ~ইন্না লানা- লাআজ্বরান ইন্ কুন্না- নাহ্নুল
তোমার কাছে উপস্থিত করে। (১১৩) যাদুকরেরা ফিরআউনের কাছে উপস্থিত হয়ে বলল, যদি আমরা বিজয়ী হই, তবে আমাদের কি উপহার

ٱلْغَٰلِبِينَ ﴿١١٣﴾ قَالَ نَعَمْ وَإِنَّكُمْ لَمِنَ ٱلْمُقَرَّبِينَ ﴿١١٤﴾ قَالُوا۟ يَٰمُوسَىٰٓ إِمَّآ أَن

গা-লিবীন। ১১৪। ক্বা-লা না'আম ওয়া ইন্নাকুম লামিনাল মুক্বার্‌রাবীন্। ১১৫। ক্বা-লূ ইয়া-মূসা~ইম্মা~আন্
মিলবে? (১১৪) ফিরআউন বলল, হাঁ (মিলবে) তোমরা নিকটতম লোকদের অন্তর্ভুক্ত হবে। (১১৫) তারা বলল, হে মূসা! তুমি কি

تُلْقِىَ وَإِمَّآ أَن نَّكُونَ نَحْنُ ٱلْمُلْقِينَ ﴿١١٥﴾ قَالَ أَلْقُوا۟ ۖ فَلَمَّآ أَلْقَوْا۟ سَحَرُوٓا۟

তুল্‌ক্বিয়া ওয়া ইম্মা~আন্ নাকূনা নাহ্নুল মুল্‌ক্বীন্। ১১৬। ক্বা-লা আল্‌ক্বূ, ফালাম্মা~আল্‌ক্বাও সাহ্বারূ~
নিক্ষেপ করবে, না আমরা নিক্ষেপ করব? (১১৬) মূসা বলল, তোমরাই নিক্ষেপ কর। যখন তারা (রশি ও লাঠি) নিক্ষেপ করল, তখন তারা লোকের

أَعْيُنَ ٱلنَّاسِ وَٱسْتَرْهَبُوهُمْ وَجَآءُو بِسِحْرٍ عَظِيمٍ ﴿١١٦﴾ وَأَوْحَيْنَآ إِلَىٰ

আ'ইয়ুনান্ না-সি ওয়াস্‌তার্‌হাবূহুম ওয়া জ্বা—উ বিসিহ্বরিন 'আযীম। ১১৭। ওয়া আওহাইনা~ইলা-
চোখে যাদু লাগিয়ে দিল এবং তাদেরকে আতংকগ্রস্ত করে তুলল এবং এক বড় ধরনের যাদু প্রদর্শন করল। (১১৭) এবং মূসাকে ওহীর মাধ্যমে আমি নির্দেশ দিলাম

مُوسَىٰٓ أَنْ أَلْقِ عَصَاكَ ۖ فَإِذَا هِىَ تَلْقَفُ مَا يَأْفِكُونَ ﴿١١٧﴾ فَوَقَعَ ٱلْحَقُّ

মূসা~আন্ আল্‌ক্বি 'আস্বা-ক, ফাইযা- হিয়া তাল্‌ক্বাফু মা-ইয়া'ফিকূন। ১১৮। ফাওয়াক্বা'আল্ হাক্বক্বু
যে, তোমার লাঠি নিক্ষেপ কর, (নিক্ষেপ করার সাথে সাথে) তা (ভয়ানক সাপের রূপ ধরে) তাদের কৃত্রিম বানানো যাদুগুলো খেতে শুরু করল। (১১৮) ফলে সত্য প্রতিষ্ঠিত

وَبَطَلَ مَا كَانُوا۟ يَعْمَلُونَ ﴿١١٨﴾ فَغُلِبُوا۟ هُنَالِكَ وَٱنقَلَبُوا۟ صَٰغِرِينَ ﴿١١٩﴾ وَأُلْقِىَ

ওয়া বাত্বালা মা- কা-নূ ইয়া'মালূন। ১১৯। ফাগুলিবূ হুনা-লিকা ওয়ান্‌ক্বালাবূ স্বা-গিরীন। ১২০। ওয়া উল্‌ক্বিয়াস্
হল এবং তারা যা করছিল তা বাতিল প্রমাণিত হল। (১১৯) তারা তথায় পরাজিত হল এবং খুবই অপমানিত হয়ে ফিরে গেল। (১২০) এবং যাদুকরগণ

ٱلسَّحَرَةُ سَٰجِدِينَ ﴿١٢٠﴾ قَالُوٓا۟ ءَامَنَّا بِرَبِّ ٱلْعَٰلَمِينَ ﴿١٢١﴾ رَبِّ مُوسَىٰ وَهَٰرُونَ ﴿١٢٢﴾

সাহ্বারাতু সা-জ্বিদীন। ১২১। ক্বা-লূ~আ-মান্না- বিরাব্বিল 'আ-লামীন। ১২২। রাব্বি মূসা- ওয়া হা-রূন।
সিজদায় লুটিয়ে পড়ল। (১২১) তারা বলতে লাগল, বিশ্বজগতের প্রতিপালকের উপর আমরা ঈমান আনলাম। (১২২) যিনি মূসা ও হারুনেরও প্রতিপালক,

قَالَ فِرْعَوْنُ ءَامَنتُم بِهِۦ قَبْلَ أَنْ ءَاذَنَ لَكُمْ ۖ إِنَّ هَٰذَا لَمَكْرٌ مَّكَرْتُمُوهُ

১২৩। ক্বা-লা ফির'আওনু আ-মান্তুম্ বিহী ক্বাব্‌লা আন্ আ-যানা লাকুম, ইন্না হা-যা- লামাক্‌রুম্ মাকার্‌তুমূহু
(১২৩) ফিরআউন বলল, তোমরা মূসার প্রতি ঈমান আনলে আমি তোমাদেরকে অনুমতি দেয়ার পূর্বেই? নিশ্চয়ই এটা ছিল তোমাদের চক্রান্ত। যে চক্রান্ত তোমরা করেছ

فِى ٱلْمَدِينَةِ لِتُخْرِجُوا۟ مِنْهَآ أَهْلَهَا ۖ فَسَوْفَ تَعْلَمُونَ ﴿١٢٣﴾ لَأُقَطِّعَنَّ أَيْدِيَكُمْ

ফিল্ মাদীনাতি লিতুখ্‌রিজু মিন্‌হা~আহ্‌লাহা-, ফাসাওফা তা'লামূন। ১২৪। লাউক্বাত্তি'আন্না আইদিয়াকুম
শহরের মধ্যে, যাতে এ শহরের অধিবাসীগণকে এ শহর থেকে বের করে দিতে পার। অতিশীঘ্রই (এর পরিণতি) তোমরা জানবে। (১২৪) আমি অবশ্যই কর্তন করব তোমাদের

وَأَرْجُلَكُم مِّنْ خِلَٰفٍ ثُمَّ لَأُصَلِّبَنَّكُمْ أَجْمَعِينَ ﴿١٢٤﴾ قَالُوٓا۟ إِنَّآ إِلَىٰ

ওয়া আর্‌জুলাকুম্ মিন্ খিলা-ফিন্ ছুম্মা লাউস্বাল্লিবান্নাকুম আজ্‌মা'ঈন। ১২৫। ক্বা-লূ~ইন্না~ইলা-
হাত ও তোমাদের পা, বিপরীত দিক থেকে। অতঃপর তোমাদের সকলকে অবশ্যই শূলিতে লটকাব। (১২৫) তারা বলল, আমরা (মৃত্যুর পর) আমাদের প্রতিপালকের

رَبِّنَا مُنقَلِبُونَ ﴿١٢٥﴾ وَمَا تَنقِمُ مِنَّآ إِلَّآ أَنْ ءَامَنَّا بِـَٔايَٰتِ رَبِّنَا لَمَّا جَآءَتْنَا ۚ

রাব্বিনা-মুনক্বালিবূন। ১২৬। ওয়ামা- তান্‌ক্বিমু মিন্না~ইল্লা~আন্ আ-মান্না- বিআ-ইয়া-তি রাব্বিনা- লাম্মা- জ্বা—আত্‌না-;
নিকটই প্রত্যাবর্তন করব। (১২৬) তুমি আমাদের উপর ক্রুদ্ধ হচ্ছ শুধু এজন্য যে, আমরা আমাদের প্রতিপালকের নিদর্শনে ঈমান এনেছি যখন তা আমাদের কাছে এসেছে।

১৪ ع ৪ রুকূ

رَبَّنَآ أَفْرِغْ عَلَيْنَا صَبْرًا وَتَوَفَّنَا مُسْلِمِينَ ﴿١٢٦﴾ وَقَالَ ٱلْمَلَأُ مِن قَوْمِ فِرْعَوْنَ

রাব্বানা~আফ্‌রিগ্ 'আলাইনা- স্বাব্‌রাওঁ ওয়াতাওয়াফ্‌ফানা- মুস্‌লিমীন। ১২৭। ওয়া ক্বা-লাল্ মালাউ মিন্ ক্বাওমি ফির'আওনা
হে আমাদের প্রতিপালক! আমাদেরকে ধৈর্য দিন এবং আমাদের মৃত্যু ঘটান মুসলমান অবস্থায়। (১২৭) ফিরআউনের সম্প্রদায়ের নেতৃবৃন্দ বলল, আপনি কি

○ বিশ্লেষণ (আঃ ১২৭) ঃ ويذرك و الهتك ঃ তোমাকে ও তোমার উপাস্যকদেরকে (মূসা) বর্জন করবে। অর্থাৎ ফিরআউন নিজেকে বড়খোদা দাবী করত। সে বলত انا ربكم الاعلى (আমি তোমাদের বড় রব)। এছাড়াও তার আরো কিছু ছোট ছোট উপাস্য ছিল। যাদের (পূজার) মাধ্যমে ফিরআউনের নৈকট্য অর্জন করা হতো। এখানে الهتك দ্বারা সে উপাস্য গুলোকেই বুঝানো হয়েছে। ○ টীকা (আঃ ১২৭) ঃ "ছেলেদেরকে হত্যা করা এবং মেয়েদেরকে জীবিত রাখার" কু-প্রথা একেবারে হযরত মূসার জন্মগ্রহণ কালে চলেছিল। তারপর কিছুদিন যাবৎ পাষণ্ড ফেরাউন এই মর্মন্তুদ প্রথা বন্ধ রাখে। এক্ষণে যাদুকরগণ ঈমান আনায় ফেরাউন পুনর্বার সেই পাষণ্ডতা শুরু করে। প্রথমবারের পাষণ্ডতা ছিল বানী-ইসরাইলের শক্তি হ্রাসের উদ্দেশ্যে।

أَتَذَرُ مُوسَىٰ وَقَوْمَهُ لِيُفْسِدُوا فِي الْأَرْضِ وَيَذَرَكَ وَآلِهَتَكَ ۚ قَالَ

আতাযারু মূসা- ওয়া ক্বাওমাহূ লিইউফ্‌সিদূ ফিল্ আরদ্বি ওয়া ইয়াযারাকা ওয়া আ-লিহাতাক ; ক্বা-লা
মূসা ও তার সম্প্রদায়কে এমন অবস্থায় ছেড়ে দিবেন যে, তারা পৃথিবীতে বিশৃংখলা সৃষ্টি করবে এবং আপনাকে ও আপনার উপাস্যকদেরকে পরিত্যাগ করবে? সে বলল,

سَنُقَتِّلُ أَبْنَاءَهُمْ وَنَسْتَحْيِي نِسَاءَهُمْ وَإِنَّا فَوْقَهُمْ قَاهِرُونَ ﴿١٢٧﴾ قَالَ

সানুক্বাত্তিলু আব্‌না—আহুম ওয়া নাস্‌তাহ্‌য়ী নিসা—আহুম, ওয়া ইন্না- ফাওক্বাহুম ক্বা-হিরূন। ১২৮। ক্বা-লা
আমরা শীঘ্রই তাদের পুত্রদেরকে হত্যা করব এবং তাদের কন্যাদেরকে জীবিত রাখব আর নিশ্চয়ই আমরা তাদের উপর প্রভাবশালী। (১২৮) মূসা তাঁর

مُوسَىٰ لِقَوْمِهِ اسْتَعِينُوا بِاللَّهِ وَاصْبِرُوا ۖ إِنَّ الْأَرْضَ لِلَّهِ يُورِثُهَا

মূসা- লিক্বাওমিহিস্‌ তা'ঈনূ বিল্লা-হি ওয়াস্‌বিরূ, ইন্নাল আর্‌দ্বা লিল্লা-হি ইউরিছুহা-
সম্প্রদায়কে বললেন, তোমরা আল্লাহর সাহায্য কামনা কর এবং ধৈর্য ধারণ কর। এ পৃথিবী একমাত্র আল্লাহরই। তিনি তাঁর বান্দাদের মধ্যে

مَنْ يَشَاءُ مِنْ عِبَادِهِ ۖ وَالْعَاقِبَةُ لِلْمُتَّقِينَ ﴿١٢٨﴾ قَالُوا أُوذِينَا مِنْ قَبْلِ

মাই ইয়াশা—উ মিন্ 'ইবা-দিহ ; ওয়াল্ 'আ-ক্বিবাতু লিল মুত্তাক্বীন। ১২৯। ক্বা-লূ~উযীনা-মিন্ ক্বাব্‌লি
যাকে ইচ্ছা তাকে তার উত্তরাধিকারী করেন। শুভ পরিণতি তো খোদা-ভীরুদের জন্য (১২৯) তারা বলল, আমরাতো তোমার আসার পূর্বেও

أَنْ تَأْتِيَنَا وَمِنْ بَعْدِ مَا جِئْتَنَا ۚ قَالَ عَسَىٰ رَبُّكُمْ أَنْ يُهْلِكَ عَدُوَّكُمْ

আন্ তা'তিইয়ানা- ওয়া মিম্ বা'দি মা-জি'তানা- ; ক্বা-লা 'আসা- রাব্বুকুম আই ইউহ্‌লিকা 'আদুওওয়াকুম
নির্যাতিত হয়েছি এবং তোমার আসার পরেও; মূসা বললেন, শীঘ্রই তোমাদের প্রতিপালক তোমাদের শত্রুদেরকে ধ্বংস করবেন

وَيَسْتَخْلِفَكُمْ فِي الْأَرْضِ فَيَنْظُرَ كَيْفَ تَعْمَلُونَ ﴿١٢٩﴾ وَلَقَدْ أَخَذْنَا آلَ

১৫ ع ৫ রুকূ

ওয়া ইয়াস্‌ তাখ্‌লিফাকুম ফিল আরদ্বি ফাইয়ানয়ুরা কাইফা তা'মালূন। ১৩০। ওয়া লাক্বাদ আখায্‌না~আ-লা
এবং তাদের স্থলে তোমাদেরকে এ পৃথিবীতে স্থলাভিষিক্ত করবেন। অতঃপর তোমাদের আমলসমূহ দেখবেন। (১৩০) আমি পাকড়াও করেছি

فِرْعَوْنَ بِالسِّنِينَ وَنَقْصٍ مِنَ الثَّمَرَاتِ لَعَلَّهُمْ يَذَّكَّرُونَ ﴿١٣٠﴾ فَإِذَا جَاءَتْهُمُ

ফির'আওনা বিস্ সিনীনা ওয়া নাক্বস্বিম্ মিনাছ্ ছামারা-তি লা'আল্লাহুম ইয়ায্‌যাক্কারূন। ১৩১। ফাইযা- জ্বা—আত্‌হুমুল
ফিরআউনের লোকদেরকে দুর্ভিক্ষ দিয়ে ও ফল-ফসলাদীর উৎপাদন হ্রাস করে, যাতে তারা বুঝতে পারে। (১৩১) যখন তারা সম্মুখীন হতো কোন

الْحَسَنَةُ قَالُوا لَنَا هَٰذِهِ ۖ وَإِنْ تُصِبْهُمْ سَيِّئَةٌ يَطَّيَّرُوا بِمُوسَىٰ وَمَنْ مَعَهُ ۗ

হ্বাসানাতু ক্বা-লূ লানা- হা-যিহ, ওয়া ইন্ তুস্বিব্‌হুম সাইয়্যিআতুই ইয়াত্ত্বাইয়্যারূ বিমূসা- ওয়া মাম্ মা'আহ ;
ভাল অবস্থার, তখন তারা বলতো, এতো আমাদের জন্যই। আর যখন খারাপ অবস্থার সম্মুখীন হতো, তখন তা মূসা ও তার সাথীদের দুর্ভাগ্য বলত।

أَلَا إِنَّمَا طَائِرُهُمْ عِنْدَ اللَّهِ وَلَٰكِنَّ أَكْثَرَهُمْ لَا يَعْلَمُونَ ﴿١٣١﴾ وَقَالُوا مَهْمَا تَأْتِنَا بِهِ

আলা~ইন্নামা- ত্বা—ইরুহুম 'ইন্দাল্লা-হি ওয়ালা-কিন্না আক্‌ছারাহুম লা- ইয়া'লামূন। ১৩২। ওয়া ক্বা-লূ মাহ্‌মা- তা'তিনা- বিহী
জেনে রেখ, তাদের দুর্ভাগ্য আল্লাহর নিয়ন্ত্রণে। কিন্তু তাদের অধিকাংশই তা জানেনা। (১৩২) এবং তারা বলেছিল, তুমি যতই নিদর্শন আমাদের সামনে

مِنْ آيَةٍ لِتَسْحَرَنَا بِهَا فَمَا نَحْنُ لَكَ بِمُؤْمِنِينَ ﴿١٣٢﴾ فَأَرْسَلْنَا عَلَيْهِمُ الطُّوفَانَ

মিন্ আ-ইয়াতিল্ লিতাস্‌হ্বারানা- বিহা- ফামা- নাহ্‌নু লাকা বিমু'মিনীন। ১৩৩। ফাআর্‌সাল্‌না- 'আলাইহিমুত্ব তূফা-না
উপস্থিত কর না কেন আমাদেরকে যাদু করার জন্য, আমরা তোমার প্রতি বিশ্বাস করব না। (১৩৩) অতঃপর আমি তাদের উপর

وَالْجَرَادَ وَالْقُمَّلَ وَالضَّفَادِعَ وَالدَّمَ آيَاتٍ مُفَصَّلَاتٍ فَاسْتَكْبَرُوا

ওয়াল্ জ্বারা-দা ওয়াল্ কুম্মালা ওয়াদ্ব দ্বাফা-দি'আ ওয়াদ্ দামা আ-ইয়া-তিম্ মুফাস্বস্বালা-ত, ফাস্‌তাক্‌বারূ
প্রেরণ করেছি প্লাবন, ফড়িং, উকুন, ব্যাঙ ও রক্ত এগুলো ছিল স্পষ্ট নিদর্শন। এরপরেও তারা অহংকার করেছিল আর

وَكَانُوا قَوْمًا مُجْرِمِينَ ﴿١٣٣﴾ وَلَمَّا وَقَعَ عَلَيْهِمُ الرِّجْزُ قَالُوا يَا مُوسَى ادْعُ لَنَا

ওয়া কা-নূ ক্বাওমাম্ মুজ্বরিমীন। ১৩৪। ওয়া লাম্মা- ওয়াক্বা'আ 'আলাইহিমুর্ রিজ্বযু ক্বা-লূ ইয়া-মুসাদ্'উ লানা-
তারা ছিল পাপী সম্প্রদায়। (১৩৪) যখন তাদের উপর কোন শাস্তি পতিত হতো, তখন তারা বলত, হে মূসা! তুমি আমাদের জন্য তোমার প্রতিপালকের কাছে এ দোয়া কর,

رَبَّكَ بِمَا عَهِدَ عِنْدَكَ ۖ لَئِنْ كَشَفْتَ عَنَّا الرِّجْزَ لَنُؤْمِنَنَّ لَكَ وَلَنُرْسِلَنَّ

রাব্বাকা বিমা- 'আহিদা 'ইন্দাক, লাইন্ কাশাফ্‌তা 'আন্নার রিজ্বযা লানু'মিনান্না লাকা ওয়া লানুর্‌সিলান্না
যে ব্যাপারে তিনি তোমার সাথে অংগীকার করেছেন। যদি তুমি এ শাস্তিসমূহ আমাদের থেকে দূর করে দাও তবে অবশ্যই আমরা তোমার কথায় বিশ্বাস করব এবং আমরা

مَعَكَ بَنِي إِسْرَائِيلَ ﴿١٣٤﴾ فَلَمَّا كَشَفْنَا عَنْهُمُ الرِّجْزَ إِلَىٰ أَجَلٍ هُمْ بَالِغُوهُ

মা'আকা বানী~ইস্‌রা—ঈল। ১৩৫। ফালাম্মা- কাশাফ্‌না- 'আন্‌হুমুর্ রিজ্বযা ইলা~আজ্বালিন্ হুম্ বা-লিগূহু
বনী ইসরাইলকেও তোমার সাথে পাঠিয়ে দিব। (১৩৫) যখনই আমি দূর করে দেই তাদের থেকে শাস্তিকে একটি নির্দিষ্ট সময় পর্যন্ত যে পর্যন্ত তাদের পৌঁছার ছিল।

إِذَا هُمْ يَنْكُثُونَ ﴿١٣٥﴾ فَانْتَقَمْنَا مِنْهُمْ فَأَغْرَقْنَاهُمْ فِي الْيَمِّ بِأَنَّهُمْ كَذَّبُوا

ইযা-হুম ইয়ান্‌কুছূন। ১৩৬। ফান্তাক্বাম্‌না- মিন্‌হুম ফাআগ্‌রাক্বনা-হুম ফিল্ ইয়াম্মি বিআন্নাহুম কায্‌যাবূ
তখন তারা অংগীকার ভংগ করত। (১৩৬) সুতরাং আমি তাদের থেকে প্রতিশোধ নিলাম। আর তাদেরকে সমুদ্রে ডুবিয়ে দিলাম, আমার আয়াতকে অস্বীকার করার

بِآيَاتِنَا وَكَانُوا عَنْهَا غَافِلِينَ ﴿١٣٦﴾ وَأَوْرَثْنَا الْقَوْمَ الَّذِينَ كَانُوا يُسْتَضْعَفُونَ

বিআ-ইয়া-তিনা- ওয়া কা-নূ 'আন্‌হা- গা-ফিলীন। ১৩৭। ওয়া আওরাছ্‌নাল্ ক্বাওমাল্ লাযীনা কা-নূ ইউস্‌তাদ্ব'আফূনা
কারণে। আর তারা এগুলোর প্রতি ছিল উদাসীন। (১৩৭) আমি সে সম্প্রদায়কে বরকতময় পৃথিবীর পূর্ব ও পশ্চিমের

مَشَارِقَ الْأَرْضِ وَمَغَارِبَهَا الَّتِي بَارَكْنَا فِيهَا ۖ وَتَمَّتْ كَلِمَتُ رَبِّكَ

মাশা-রিক্বাল্ আর্‌দ্বি ওয়া মাগা-রিবাহাল্ লাতী বা-রাক্‌না- ফীহা- ; ওয়া তাম্মাত্ কালিমাতু রাব্বিকাল
উত্তরাধিকারী বানিয়েছি, যাদেরকে তারা দুর্বল বলে মনে করত এবং আপনার প্রতিপালকের শুভ ওয়াদা পূর্ণ হল

○ বিশ্লেষণ (আঃ ১৩৩) ঃ وارسلنا عليهم الطوفان ঃ (আমি তাদের উপর অবতীর্ণ করেছি তুফান ......)

* طوفان ঃ অর্থ প্লাবন বা অধিক বৃষ্টি, যাতে সব কিছু ডুবে গেছে। * الجراد ঃ অর্থ- ফড়িং, যা ফল-ফসলাদি খেয়ে সেখান থেকে দ্রুত চলে যেত।

* القمل ঃ অর্থ উকুন, যা মানুষের শরীরে, কাপড়ে এবং চুলের মধ্যে সৃষ্টি হতো এবং এগুলো এত বেড়ে গেল যে, সকলে পেরেশান হয়ে পড়ল।

* والضفادع ঃ অর্থ- ব্যাঙ, যা খাদ্যে, বিছানায় অর্থাৎ সর্বত্রই ছড়িয়ে থাকার কারণে নিদ্রা, খাওয়া-দাওয়া, আরাম সব কিছু হারাম হয়ে গেল।

* الدم ঃ রক্ত, পানি রক্ত হয়ে গেল। এ কারণে তাদের জন্য পানি পান করাও অসম্ভব হয়ে পড়ল।

الْحُسْنَىٰ عَلَىٰ بَنِي إِسْرَائِيلَ بِمَا صَبَرُوا ۖ وَدَمَّرْنَا مَا كَانَ يَصْنَعُ فِرْعَوْنُ وَقَوْمُهُ

হুসনা- 'আলা- বানী~ইস্রা—ঈল, বিমা- স্বাবারূ ; ওয়া দাম্মারনা- মা- কা-না ইয়াস্বনা'উ ফির'আওনু ওয়া ক্বাওমুহূ

বনী ইসরাঈলদের উপর, তাদের ধৈর্য ধারণের কারণে; আর আমি ধ্বংস করে দিয়েছি ফিরআউন ও তার সম্প্রদায়ের কারুকার্য এবং সুউচ্চ প্রাসাদসমূহ

وَمَا كَانُوا يَعْرِشُونَ ﴿١٣٨﴾ وَجَاوَزْنَا بِبَنِي إِسْرَائِيلَ الْبَحْرَ فَأَتَوْا عَلَىٰ قَوْمٍ

ওয়া মা- কা-নূ ইয়া'রিশূন। ১৩৮। ওয়া জ্বা-ওয়ায্না- বিবানী~ইস্রা—ঈলাল্ বাহ্রা ফাআতাও 'আলা- ক্বাওমিই

যা তারা নির্মাণ করেছিল। (১৩৮) আর আমি বনী ইসরাঈলদেরকে সমুদ্র পার করে দিয়েছি। অতঃপর তারা এমন এক সম্প্রদায়ের কাছে এসে উপস্থিত হল,

يَعْكُفُونَ عَلَىٰ أَصْنَامٍ لَّهُمْ ۚ قَالُوا يَا مُوسَى اجْعَل لَّنَا إِلَٰهًا كَمَا لَهُمْ آلِهَةٌ ۚ قَالَ

ইয়া'কুফূনা 'আলা~আছ্না-মিল্ লাহুম, ক্বা-লূ ইয়া-মূসাজ্'আল্ লানা~ইলা-হান্ কামা-লাহুম আ-লিহাহ ; ক্বা-লা

যারা তাদের মূর্তিগুলোর পাশে আসীন রয়েছে। তারা বলল, হে মূসা! আমাদের জন্যও তাদের প্রতিমার ন্যায় একটি প্রতিমা তৈরী কর। তিনি বললেন,

إِنَّكُمْ قَوْمٌ تَجْهَلُونَ ﴿١٣٩﴾ إِنَّ هَٰؤُلَاءِ مُتَبَّرٌ مَّا هُمْ فِيهِ وَبَاطِلٌ مَّا كَانُوا يَعْمَلُونَ

ইন্নাকুম্ ক্বাওমুন্ তাজ্হালূন। ১৩৯। ইন্না হা—উলা—ই মুতাব্বারুম্ মা- হুম ফীহি ওয়া বা-ত্বিলুম্ মা- কা-নূ ইয়া'মালূন।

নিশ্চয়ই তোমরা নির্বোধ সম্প্রদায়। (১৩৯) তারা যে কাজে লিপ্ত আছে এগুলো বিধ্বস্ত হয়ে যাবে এবং তাদের এ কাজগুলো অমূলক।

﴿١٤٠﴾ قَالَ أَغَيْرَ اللَّهِ أَبْغِيكُمْ إِلَٰهًا وَهُوَ فَضَّلَكُمْ عَلَى الْعَالَمِينَ ﴿١٤١﴾ وَإِذْ أَنجَيْنَاكُم

১৪০। ক্বা-লা আগাইরাল্লা-হি আবগীকুম ইলা-হাও ওয়া হুওয়া ফাদ্বালাকুম 'আলাল 'আ-লামীন। ১৪১। ওয়া ইয্ আন্জ্বাইনা-কুম্

(১৪০) তিনি আরো বললেন, তোমাদের জন্য কি আল্লাহ ছাড়া অন্য কোন মাবুদ খোঁজ করব? অথচ তিনি তোমাদেরকে বিশ্বজগতের উপর শ্রেষ্ঠত্ব দান করেছেন। (১৪১) স্মরণ কর,

مِّنْ آلِ فِرْعَوْنَ يَسُومُونَكُمْ سُوءَ الْعَذَابِ ۖ يُقَتِّلُونَ أَبْنَاءَكُمْ

মিন আ-লি ফির'আওনা ইয়াসূমূনাকুম সূ—আল্ 'আযা-ব, ইউক্বাত্তিলূনা আব্না—আকুম

যখন আমি তোমাদেরকে মুক্ত করেছি ফিরআউন বাহিনীর হাত থেকে, যারা তোমাদেরকে কঠিন শাস্তি দিত, তারা তোমাদের পুত্র সন্তানদেরকে হত্যা করত

وَيَسْتَحْيُونَ نِسَاءَكُمْ ۚ وَفِي ذَٰلِكُم بَلَاءٌ مِّن رَّبِّكُمْ عَظِيمٌ ﴿١٤٢﴾ وَوَاعَدْنَا مُوسَىٰ

ওয়া ইয়াস্তাহ্ইয়ূনা নিসা—আকুম; ওয়া ফী যা-লিকুম্ বালা—উম্ মির্ রাব্বিকুম 'আযীম। ১৪২। ওয়া ওয়া-'আদনা- মূসা-

এবং জীবিত রাখত তোমাদের কন্যা সন্তানদেরকে, এতে ছিল বড় পরীক্ষা তোমাদের প্রতিপালকের পক্ষ থেকে। (১৪২) আমি মূসাকে

ثَلَاثِينَ لَيْلَةً وَأَتْمَمْنَاهَا بِعَشْرٍ فَتَمَّ مِيقَاتُ رَبِّهِ أَرْبَعِينَ لَيْلَةً ۚ وَقَالَ مُوسَىٰ

ছালা-ছীনা লাইলাতাও ওয়া আত্মাম্না-হা- বি'আশ্রিন্ ফাতাম্মা মীক্বা-তু রাব্বিহী~আরবা'ঈনা লাইলাহ ; ওয়া ক্বা-লা মূসা-

ত্রিশ রাতের অঙ্গীকার করেছি এবং তা পূর্ণ করেছি আরো দশ দ্বারা। এভাবে তাঁর প্রতিপালকের নির্ধারিত সময় চল্লিশ রাত পূর্ণ হল এবং মূসা তাঁর

لِأَخِيهِ هَارُونَ اخْلُفْنِي فِي قَوْمِي وَأَصْلِحْ وَلَا تَتَّبِعْ سَبِيلَ الْمُفْسِدِينَ

লিআখীহি হা-রূনাখ্ লুফ্নী ফী ক্বাওমী ওয়া আস্বলিহ্ ওয়ালা- তাত্তাবি' সাবীলাল্ মুফ্সিদীন।

ভাই হারুনকে বললেন, তুমি আমার (অনুপস্থিতে) আমার সম্প্রদায়ের মধ্যে প্রতিনিধিত্ব করবে এবং সংশোধন করবে এবং বিশৃঙ্খলাকারীদের পথ অনুসরণ করবে না।

﴿١٤٣﴾ وَلَمَّا جَاءَ مُوسَىٰ لِمِيقَاتِنَا وَكَلَّمَهُ رَبُّهُ قَالَ رَبِّ أَرِنِي أَنظُرْ إِلَيْكَ ۚ

১৪৩। ওয়া লাম্মা- জ্বা—আ মূসা- লিমীক্বা-তিনা- ওয়া কাল্লামাহূ রাব্বুহূ ক্বা-লা রাব্বি আরিনী~আন্যুর ইলাইক ;

(১৪৩) যখন মূসা আমার দেয়া নির্ধারিত সময়ে উপস্থিত হলেন এবং তাঁর প্রতিপালক তাঁর সাথে কথা বললেন, তখন তিনি বললেন, হে আমার প্রতিপালক! আমাকে দেখা দাও

قَالَ لَن تَرَانِي وَلَٰكِنِ انظُرْ إِلَى الْجَبَلِ فَإِنِ اسْتَقَرَّ مَكَانَهُ فَسَوْفَ تَرَانِي ۚ

ক্বা-লা লান্ তারা-নী ওয়ালা-কিনিন্ যুর ইলাল্ জ্বাবালি ফাইনিস্ তাক্বাররা মাকা-নাহূ ফাসাওফা তারা-নী,

তোমাকে আমি এক নজর দেখে নিব। আল্লাহ বললেন, তুমি আমাকে কখনো দেখতে পারবে না। তবে তুমি দৃষ্টি কর পাহাড়ের প্রতি। যদি তা স্বস্থানে বহাল থাকে, তবে তুমি

فَلَمَّا تَجَلَّىٰ رَبُّهُ لِلْجَبَلِ جَعَلَهُ دَكًّا وَخَرَّ مُوسَىٰ صَعِقًا ۚ فَلَمَّا أَفَاقَ قَالَ

ফালাম্মা- তাজ্বাল্লা- রাব্বুহূ লিল্ জ্বাবালি জ্বা'আলাহূ দাক্কাও ওয়া খাররা মূসা- স্বা'ইক্বা-, ফালাম্মা~আফা-ক্বা ক্বা-লা

আমাকে দেখতে পাবে। যখন তাঁর প্রতিপালক পাহাড়ের উপর স্বীয় জ্যোতি প্রকাশ করলেন, তখন জ্যোতি পাহাড়কে চূর্ণ-বিচূর্ণ করে দিল এবং মূসা অচেতন হয়ে পড়ে গেলেন। যখন

سُبْحَانَكَ تُبْتُ إِلَيْكَ وَأَنَا أَوَّلُ الْمُؤْمِنِينَ ﴿١٤٤﴾ قَالَ يَا مُوسَىٰ إِنِّي اصْطَفَيْتُكَ

সুবহা-নাকা তুব্তু ইলাইকা ওয়া আনা আওওয়ালুল্ মু'মিনীন। ১৪৪। ক্বা-লা ইয়া-মূসা~ইন্নিস্ ত্বাফাইতুকা

অনুভূতি ফিরে আসল তখন বললেন, হে প্রভু! তুমি পবিত্র। তোমার কাছে তাওবা করছি এবং আমিই মুমিনদের মধ্যে প্রথম অন্তর্ভুক্ত হলাম। (১৪৪) আল্লাহ বললেন, হে মূসা!

عَلَى النَّاسِ بِرِسَالَاتِي وَبِكَلَامِي فَخُذْ مَا آتَيْتُكَ وَكُن مِّنَ الشَّاكِرِينَ

'আলান্ না-সি বিরিসা-লা-তী ওয়া বিকালা-মী ফাখুয্ মা~আ-তাইতুকা ওয়া কুম মিনাশ্ শা-কিরীন।

আমার রিসালাত ও কথোপকথন দ্বারা আমি তোমাকে মানুষের উপর শ্রেষ্ঠত্ব দান করেছি। সুতরাং তুমি গ্রহণ কর যা তোমাকে আমি দান করেছি এবং কৃতজ্ঞদের অন্তর্ভুক্ত হও।

﴿١٤٥﴾ وَكَتَبْنَا لَهُ فِي الْأَلْوَاحِ مِن كُلِّ شَيْءٍ مَّوْعِظَةً وَتَفْصِيلًا لِّكُلِّ شَيْءٍ

১৪৫। ওয়া কাতাব্না-লাহূ ফিল আলওয়া-হ্বি মিন কুল্লি শাইয়িম্ মাও'ইযাতাও ওয়া তাফ্স্বীলাল্ লিকুল্লি শাইয়,

(১৪৫) আমি কতিপয় পাতের উপর তাদের জন্য লিখে দিয়েছি সর্ব বিষয়ের উপদেশ এবং সকল বিষয়ের বিশ্লেষণ। সুতরাং এগুলো দৃঢ়ভাবে ধর এবং

فَخُذْهَا بِقُوَّةٍ وَأْمُرْ قَوْمَكَ يَأْخُذُوا بِأَحْسَنِهَا ۚ سَأُرِيكُمْ دَارَ الْفَاسِقِينَ

ফাখুয্হা- বিক্বুওওয়াতিওঁ ওয়া'মুর ক্বাওমাকা ইয়া'খুযূ বিআহ্সানিহা-; সাউরীকুম দা-রাল ফা-সিক্বীন।

তোমার সম্প্রদায়কে এর কল্যাণকর নির্দেশগুলো আমল করার জন্য নির্দেশ দাও। আমি শীঘ্রই তোমাদেরকে দেখাব পাপীদের বাসস্থান।

﴿١٤٦﴾ سَأَصْرِفُ عَنْ آيَاتِيَ الَّذِينَ يَتَكَبَّرُونَ فِي الْأَرْضِ بِغَيْرِ الْحَقِّ وَإِن يَرَوْا

১৪৬। সাআস্বরিফু 'আন্ আ-ইয়া-তিয়াল্ লাযীনা ইয়াতাকাব্বারূনা ফিল্ আরদ্বি বিগাইরিল হাক্ব্ক্ব ; ওয়া ইঁয় ইয়ারাও

(১৪৬) পৃথিবীতে যারা অন্যায়ভাবে অহংকার করে তাদেরকে আমি ফিরিয়ে রাখব আমার নিদর্শন হতে। যদি তারা আমার

كُلَّ آيَةٍ لَّا يُؤْمِنُوا بِهَا وَإِن يَرَوْا سَبِيلَ الرُّشْدِ لَا يَتَّخِذُوهُ سَبِيلًا

কুল্লা আ-ইয়াতিল্ লা-ইউ'মিনূ বিহা, ওয়া ইঁয় ইয়ারাও সাবীলার রুশ্দি লা- ইয়াত্তাখিযূহু সাবীলা-,

প্রত্যেকটি নিদর্শনও দেখে, তবুও তারা তা বিশ্বাস করবে না আর যদি তারা সঠিক পথও দেখে তবুও তারা সে পথ গ্রহণ করবে না।

وَإِنْ يَرَوْا سَبِيلَ الْغَيِّ يَتَّخِذُوهُ سَبِيلًا ۚ ذَٰلِكَ بِأَنَّهُمْ كَذَّبُوا بِآيَاتِنَا

ওয়া ইঁয় ইয়ারাও সাবীলাল্ গাইয়্যি ইয়াত্তাখিযূহু সাবীলা- ; যা-লিকা বিআন্নাহুম কায্যাবূ বিআ-ইয়া-তিনা-
আর যদি তারা ভ্রান্ত পথ দেখে তবে তা (চলার পথ হিসেবে) গ্রহণ করবে। এ কারণে যে, তারা আমার নিদর্শনকে অস্বীকার করেছে

وَكَانُوا عَنْهَا غَافِلِينَ ﴿١٤٧﴾ وَالَّذِينَ كَذَّبُوا بِآيَاتِنَا وَلِقَاءِ الْآخِرَةِ حَبِطَتْ

ওয়া কা-নূ 'আন্হা- গা-ফিলীন। ১৪৭। ওয়াল্লাযীনা কায্যাবূ বিআ-ইয়া-তিনা- ওয়া লিক্বা—ইল আ-খিরাতি হ্বাবিত্বাত্
এবং তারা ছিল তা থেকে উদাসীন। (১৪৭) যারা মিথ্যা বলেছে, আমার নিদর্শনগুলোকে এবং পরকালের উপস্থিতিকে;

১৭ ع ৬ ৭ রুকূ

أَعْمَالُهُمْ ۚ هَلْ يُجْزَوْنَ إِلَّا مَا كَانُوا يَعْمَلُونَ ﴿١٤٨﴾ وَاتَّخَذَ قَوْمُ مُوسَىٰ مِنْ

আ'মা-লুহুম ; হাল্ ইউজ্যাওনা ইল্লা- মা- কা-নূ ইয়া'মালূন। ১৪৮। ওয়াত্তাখাযা ক্বাওমু মূসা- মিম্
তাদের আমলগুলো ব্যর্থ হয়েছে। তারা যেরূপ করবে, সেরূপই প্রতিফল পাবে। (১৪৮) মূসার সম্প্রদায় তাঁর উপস্থিতিতে

بَعْدِهِ مِنْ حُلِيِّهِمْ عِجْلًا جَسَدًا لَهُ خُوَارٌ ۚ أَلَمْ يَرَوْا أَنَّهُ لَا يُكَلِّمُهُمْ

বা'দিহী মিন্ হুলিয়্যিহিম 'ইজ্লান্ জ্বাসাদাল্ লাহূ খুওয়া-র ; আলাম্ ইয়ারাও আন্নাহূ লা-ইউকাল্লিমুহুম
তাদের গহনা দ্বারা এক গোবৎস তৈরী করল, যা ছিল এক কায়া বিশিষ্ট। যার মধ্য হতে "হাম্বারব" বের হত। তারা কি দেখল না যে, সেটি তাদের সাথে কথা বলে না

وَلَا يَهْدِيهِمْ سَبِيلًا ۘ اتَّخَذُوهُ وَكَانُوا ظَالِمِينَ ﴿١٤٩﴾ وَلَمَّا سُقِطَ فِي أَيْدِيهِمْ

ওয়ালা- ইয়াহ্দীহিম সাবীলা-। ইত্তাখাযূহু ওয়া কা-নূ যা-লিমীন। ১৪৯। ওয়া লাম্মা- সুক্বিত্বা ফী~আইদীহিম
এবং তাদেরকে কোন পথও প্রদর্শন করে না। তারা সেটিকে উপাস্য রূপে গ্রহণ করল। বস্তুতঃ তারা ছিল অত্যাচারী। (১৪৯) আর যখন তারা অনুতপ্ত হল আর দেখল যে,

وَرَأَوْا أَنَّهُمْ قَدْ ضَلُّوا قَالُوا لَئِنْ لَمْ يَرْحَمْنَا رَبُّنَا وَيَغْفِرْ لَنَا لَنَكُونَنَّ مِنَ

ওয়া রাআও আন্নাহুম ক্বাদ্ দ্বাল্লূ ক্বা-লূ লাইল্লাম ইয়ার্হামনা- রাব্বুনা- ওয়া ইয়াগফির্ লানা- লানাকূনান্না মিনাল্
তারা পথভ্রষ্ট হয়ে গেছে, তখন তারা বলল, আমাদের প্রতিপালক যদি আমাদের উপর রহম না করেন এবং ক্ষমা না করেন তবে অবশ্যই আমরা ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত

الْخَاسِرِينَ ﴿١٥٠﴾ وَلَمَّا رَجَعَ مُوسَىٰ إِلَىٰ قَوْمِهِ غَضْبَانَ أَسِفًا قَالَ بِئْسَمَا خَلَفْتُمُونِي

খা-সিরীন। ১৫০। ওয়া লাম্মা- রাজ্বা'আ মূসা~ইলা- ক্বাওমিহী গাদ্ববা-না আসিফান্ ক্বা-লা বি'সামা- খালাফ্তুমূনী
হব। (১৫০) যখন মূসা তাঁর সম্প্রদায়ের নিকট ক্রোধ ও মনের বেদনাসহ প্রত্যাবর্তন করলেন তখন বললেন, আমার অনুপস্থিতিতে তোমরা অত্যন্ত জঘন্যভাবে

مِنْ بَعْدِي ۖ أَعَجِلْتُمْ أَمْرَ رَبِّكُمْ ۖ وَأَلْقَى الْأَلْوَاحَ وَأَخَذَ بِرَأْسِ أَخِيهِ

মিম্ বা'দী, আ'আজ্বিলতুম আম্রা রাব্বিকুম, ওয়া আল্ক্বাল্ আল্ওয়া-হ্বা ওয়া আখাযা বিরা'সি আখীহি
আমার প্রতিনিধিত্ব করেছ। তোমাদের প্রতিপালকের নির্দেশের পূর্বেই তোমরা তাড়াহুড়া করেছ? এবং তিনি পাতগুলো ফেলে দিয়ে ভাইয়ের মাথা ধরে

○ টীকা (আঃ ১৪৮) ঃ ......حليهم عجلا - মূসা (আ) যখন চল্লিশ রাতের জন্য তূর পাহাড়ে গেলেন, তখন তাঁর যাওয়ার পরে সামেরী নামক এক ব্যক্তি স্বর্ণের অলংকারাদি একত্র করে এক গোবৎস তৈরী করল এবং জিবরাঈলের (আ) ঘোড়ার পদচিহ্ন হতে সংরক্ষিত বালু হতে কিছু বালু তার মধ্যে মিশ্রিত করল। যার কারণে গোবৎসটির মুখ হতে হাম্বারব বের হতেছিল। কিন্তু সেটি কথা বলতে এবং পথ প্রদর্শন করতে সম্পূর্ণ অক্ষম ছিল। সামেরী গোবৎসটির এ আওয়াজ শুনায়ে বনী ইসরাইলদেরকে পথভ্রষ্ট করল এবং তাদেরকে বলল, তোমাদের উপাস্য তো এ গোবৎসই। বনী ইসরাইল সামেরীর কথামত গোবৎসটিকে পূজা করতে লাগল।

يَجُرُّهُ إِلَيْهِ ۚ قَالَ ابْنَ أُمَّ إِنَّ الْقَوْمَ اسْتَضْعَفُونِي وَكَادُوا يَقْتُلُونَنِي

ইয়াজুর্রুহূ~ইলাইহ ; ক্বা-লাব্না উম্মা ইন্নাল্ ক্বাওমাস্ তাদ্ব'আফূনী ওয়া কা-দূ ইয়াক্বতুলূনানী
তাঁর দিকে টানলেন। সে বলল, হে আমার সহোদর ভাই, নিশ্চয়ই এ সম্প্রদায় আমাকে অসহায় মনে করেছিল এবং আমাকে হত্যা করার উদ্যোগ নিয়েছিল,

فَلَا تُشْمِتْ بِيَ الْأَعْدَاءَ وَلَا تَجْعَلْنِي مَعَ الْقَوْمِ الظَّالِمِينَ ﴿١٥١﴾ قَالَ

ফালা-তুশ্মিত্ বিয়াল্ আ'দা—আ ওয়ালা-তাজ্ব'আল্নী মা'আল্ ক্বাওমিয্ যা-লিমীন। ১৫১। ক্বা-লা
সুতরাং তুমি আমার উপর (কঠোরতা করে) শত্রুদেরকে হাসিয়োনা এবং তুমি আমাকে অত্যাচারীদের অন্তর্ভুক্ত কর না। (১৫১) মূসা বললেন,

১৮ ع ৪ ৮ রুকূ

رَبِّ اغْفِرْ لِي وَلِأَخِي وَأَدْخِلْنَا فِي رَحْمَتِكَ ۖ وَأَنْتَ أَرْحَمُ الرَّاحِمِينَ ۝

রাব্বিগ্ ফির্লী ওয়া লিআখী ওয়া আদ্খিল্না- ফী রাহ্বমাতিকা ওয়া আন্তা আর্হ্বামুর্ রা-হ্বিমীন।
হে আমার প্রতিপালক! আমাকে ক্ষমা কর, এবং আমার ভাইকেও এবং আমাদের উভয়কে তোমার রহমতের মধ্যে শামিল কর। তুমি বড়ই দয়াশীল।

۝ إِنَّ الَّذِينَ اتَّخَذُوا الْعِجْلَ سَيَنَالُهُمْ غَضَبٌ مِنْ رَبِّهِمْ وَذِلَّةٌ

১৫২। ইন্নাল্লাযীনাত্ তাখাযুল 'ইজ্লা সাইয়ানা-লুহুম গাদ্বাবুম্ মির্ রাব্বিহিম ওয়া যিল্লাতুন
(১৫২) নিশ্চয়ই যারা গোবৎসকে উপাস্য হিসেবে গ্রহণ করেছে, পার্থিব জীবনে তাদের উপর তাদের প্রতিপালকের ক্রোধ এবং

فِي الْحَيَاةِ الدُّنْيَا ۚ وَكَذَٰلِكَ نَجْزِي الْمُفْتَرِينَ ﴿١٥٣﴾ وَالَّذِينَ عَمِلُوا

ফিল্ হ্বায়া-তিদ্ দুনইয়া-; ওয়া কাযা-লিকা নাজ্যিল মুফ্তারীন। ১৫৩। ওয়াল্লাযীনা 'আমিলুস্
লাঞ্ছনা দ্রুত নেমে আসবে। আমি এভাবেই মিথ্যা আরোপকারীদের প্রতিফল দিয়ে থাকি। (১৫৩) আর যারা পাপ কাজ করে,

السَّيِّئَاتِ ثُمَّ تَابُوا مِنْ بَعْدِهَا وَآمَنُوا إِنَّ رَبَّكَ مِنْ بَعْدِهَا لَغَفُورٌ

সাইয়্যিআ-তি ছুম্মা তা-বূ মিম্ বা'দিহা- ওয়া আ-মানূ~ইন্না রাব্বাকা মিম্ বা'দিহা- লাগাফূরুর্
অতঃপর তওবা করে এবং ঈমান আনে, নিশ্চয়ই তোমার প্রতিপালক এ তওবার পর তাদের জন্য অবশ্যই ক্ষমাশীল ও

رَحِيمٌ ﴿١٥٤﴾ وَلَمَّا سَكَتَ عَنْ مُوسَى الْغَضَبُ أَخَذَ الْأَلْوَاحَ ۖ وَفِي نُسْخَتِهَا

রাহ্বীম। ১৫৪। ওয়া লাম্মা-সাকাতা 'আম্ মূসাল্ গাদ্বাবু আখাযাল্ আল্ওয়া-হ্বা ওয়া ফী নুস্খাতিহা-
দয়াশীল। (১৫৪) যখন মূসার ক্রোধ পড়ে গেল তখন সে পাতগুলো তুলে নিল এবং তার মধ্যে যা লিখিত ছিল, তা ছিল পথ প্রদর্শক

هُدًى وَرَحْمَةٌ لِلَّذِينَ هُمْ لِرَبِّهِمْ يَرْهَبُونَ ﴿١٥٥﴾ وَاخْتَارَ مُوسَىٰ قَوْمَهُ سَبْعِينَ

হুদাওঁ ওয়া রাহ্বমাতুল্ লিল্লাযীনা হুম লিরাব্বিহিম ইয়ারহাবূন। ১৫৫। ওয়াখ্তা-রা মূসা- ক্বাওমাহূ সাব'ঈনা
ও রহমত, তাদের জন্য যারা স্বীয় প্রতিপালককে ভয় করে। (১৫৫) আর মূসা নির্বাচিত করলেন তাঁর সম্প্রদায়ের মধ্য থেকে সত্তর জন

○ টীকা (আঃ ১৫৫) ঃ اختار موسى سبعين رجلا, (মূসা সত্তর জন লোক নির্ধারিত করলেন) যখন মূসা (আ) তাওরাতের হুকুম বনী ঈসরাইলদেরকে শোনালেন তখন তারা বলল, আমরা কিভাবে বিশ্বাস করব যে, এ হুকুম আল্লাহর পক্ষ থেকে এসেছে? আমরা যতক্ষণ আল্লাহর কালাম নিজ কানে না শোনব ততক্ষণ আমরা এর পতি বিশ্বাস করব না। সুতরাং তিনি তাঁর সম্প্রদায়ের মধ্য হতে বিশিষ্ট সত্তরজন লোককে নির্বাচিত করলেন এবং তাদেরকে তূর পাহাড়ে নিয়ে গেলেন। সেখানে আল্লাহ তায়ালার সাথে ও মূসার (আ) সাথে পারস্পরিক যে কথোপকথন হল, তা তারাও শোনল। তখন তারা আর এক ফন্দি আটিল এবং বলল, যতক্ষণ পর্যন্ত আমরা আল্লাহকে স্বচক্ষে না দেখব ততক্ষণ পর্যন্ত আমরা এর প্রতি বিশ্বাস করব না। অতঃপর আল্লাহ তাদেরকে ধ্বংস করে দিলেন।

رَجُلًا لِّمِيْقَاتِنَا ۚ فَلَمَّآ اَخَذَتْهُمُ الرَّجْفَةُ قَالَ رَبِّ لَوْ شِئْتَ اَهْلَكْتَهُمْ

রাজুলাল্ লিমীক্বা-তিনা-, ফালাম্মা~আখাযাত্হুমুর্ রাজ্ফাতু ক্বা-লা রাব্বি লাও শি'তা আহ্লাক্তাহুম্

লোককে আমার নির্ধারিত সময়ে উপস্থিত হওয়ার জন্য। যখন তাদেরকে ভূমিকম্প ধরল তখন মূসা বললেন, হে আমার প্রতিপালক, তুমি যদি ইচ্ছা করতে তবে পূর্বেই

مِّنْ قَبْلُ وَاِيَّايَ ۖ اَتُهْلِكُنَا بِمَا فَعَلَ السُّفَهَآءُ مِنَّا ۚ اِنْ هِيَ اِلَّا فِتْنَتُكَ ۖ

মিন্ ক্বাব্লু ওয়া ইয়্যা-ইয়া ; আতুহ্লিকুনা-বিমা- ফা'আলাস্ সুফাহা—উ মিন্না, ইন্ হিয়া ইল্লা- ফিত্নাতুক ;

তাদেরকে এবং আমাকেও ধ্বংস করতে পারতে। তুমি আমাদের মধ্যস্থ কিছু সংখ্যক মূর্খের কর্মের কারণে আমাদেরকে কি ধ্বংস করে দিবে? এতো তোমার একটি পরীক্ষা।

تُضِلُّ بِهَا مَنْ تَشَآءُ وَتَهْدِيْ مَنْ تَشَآءُ ۖ اَنْتَ وَلِيُّنَا فَاغْفِرْ لَنَا وَارْحَمْنَا

তুদ্বিল্লু বিহা- মান্ তাশা—উ ওয়া তাহ্দী মান্ তাশা—উ ; আন্তা ওয়ালিইয়্যুনা- ফাগ্ফির্ লানা- ওয়ার্হাম্না-

এর দ্বারা তুমি যাকে ইচ্ছা পথ ভ্রষ্ট কর এবং যাকে ইচ্ছা সৎপথ প্রদর্শন কর। তুমিই আমাদের অভিভাবক সুতরাং আমাদেরকে ক্ষমা কর ও আমাদের প্রতি রহম কর।

وَاَنْتَ خَيْرُ الْغٰفِرِيْنَ ﴿۱۵۵﴾ وَاكْتُبْ لَنَا فِيْ هٰذِهِ الدُّنْيَا حَسَنَةً وَّفِي الْاٰخِرَةِ

ওয়া আন্তা খাইরুল গা-ফিরীন। ১৫৬। ওয়াক্তুব লানা- ফী হা-যিহিদ্ দুন্ইয়া- হ্বাসানাতাওঁ ওয়া ফিল্ আ-খিরাতি

তুমিই সর্বোত্তম ক্ষমাশীল। (১৫৬) দুনিয়া এবং আখিরাতে তুমি আমাদের জন্য কল্যাণ নির্ধারিত কর। আমরা তোমার দিকেই প্রত্যাবর্তন

اِنَّا هُدْنَآ اِلَيْكَ ۖ قَالَ عَذَابِيْٓ اُصِيْبُ بِهٖ مَنْ اَشَآءُ ۚ وَرَحْمَتِيْ وَسِعَتْ

ইন্না- হুদ্না~ইলাইক ; ক্বা-লা 'আযা-বী~উস্বীবু বিহী মান্ আশা—উ, ওয়া রাহ্বমাতী ওয়াসি'আত্

করেছি। আল্লাহ্ বললেন, আমার শাস্তি তো যাকে ইচ্ছা করি তাকে প্রদান করি এবং আমার রহমত প্রত্যেক বস্তুতেই পরিব্যাপ্ত।

كُلَّ شَيْءٍ ۖ فَسَاَكْتُبُهَا لِلَّذِيْنَ يَتَّقُوْنَ وَيُؤْتُوْنَ الزَّكٰوةَ وَالَّذِيْنَ هُمْ بِاٰيٰتِنَا

কুল্লা শাইয় ; ফাসা আক্তুবুহা- লিল্লাযীনা ইয়াত্তাক্বূনা ওয়া ইউ'তূনায্ যাকা-তা ওয়াল্লাযীনা হুম্ বিআ-ইয়া-তিনা-

তাই আমি সেটা অতিশীঘ্র তাদের জন্য নির্ধারণ করব; যারা পরহেজগারী অবলম্বন করে এবং যাকাত আদায় করে এবং আমার আয়াতসমূহের প্রতি

يُؤْمِنُوْنَ ﴿۱۵۶﴾ اَلَّذِيْنَ يَتَّبِعُوْنَ الرَّسُوْلَ النَّبِيَّ الْاُمِّيَّ الَّذِيْ يَجِدُوْنَهٗ

ইউ'মিনূন। ১৫৭। আল্লাযীনা ইয়াত্তাবি'উনার্ রাসূলান্ নাবিইয়্যাল্ উম্মিইয়্যাল্লাযী ইয়াজ্বিদূনাহু

বিশ্বাস রাখে। (১৫৭) যারা অনুসরণ করে এমন রাসূলের, যিনি নিরক্ষর নবী, যাঁর সম্পর্কে

مَكْتُوْبًا عِنْدَهُمْ فِي التَّوْرٰىةِ وَالْاِنْجِيْلِ ز يَاْمُرُهُمْ بِالْمَعْرُوْفِ

মাক্তূবান 'ইন্দাহুম ফিত্তাওরা-তি ওয়াল্ইন্জ্বীলি ইয়া'মুরুহুম বিল্মা'রূফি

তারা তাদের নিকটস্থ তাওরাত ও ইনজীলে লেখা পায় এবং যিনি তাদেরকে নেক কাজের নির্দেশ দেন

وَيَنْهٰىهُمْ عَنِ الْمُنْكَرِ وَيُحِلُّ لَهُمُ الطَّيِّبٰتِ وَيُحَرِّمُ عَلَيْهِمُ الْخَبٰٓئِثَ

ওয়া ইয়ান্হা-হুম 'আনিল্ মুন্কারি ওয়াইউহ্বিল্লু লাহুমুত্ ত্বাইয়্যিবা-তি ওয়াইউহ্বার্রিমু 'আলাইহিমুল খাবা—ইছা

এবং খারাপ কাজ হতে বিরত রাখেন এবং তাদের জন্য পবিত্র বস্তু হালাল বলেন এবং অপবিত্র বস্তু হারাম ঘোষণা করেন

وَيَضَعُ عَنْهُمْ اِصْرَهُمْ وَالْاَغْلٰلَ الَّتِيْ كَانَتْ عَلَيْهِمْ ۖ فَالَّذِيْنَ اٰمَنُوْا بِهٖ

ওয়া ইয়াদ্বা'উ 'আন্হুম ইস্বরাহুম ওয়াল্ আগ্লা-লাল্ লাতী কা-নাত 'আলাইহিম ; ফাল্লাযীনা আ-মানূ বিহী

এবং তাদের উপর যে ভার ও শিকল ছিল, তাদের থেকে তা সরিয়ে দেন। সুতরাং যারা সে নবীর প্রতি ঈমান আনে,

وَعَزَّرُوْهُ وَنَصَرُوْهُ وَاتَّبَعُوا النُّوْرَ الَّذِيْٓ اُنْزِلَ مَعَهٗٓ ۙ اُولٰٓئِكَ هُمُ

ওয়া 'আয্যারূহু ওয়া নাস্বারূহু ওয়াত্তাবা'উন্ নূরাল্ লাযী~উন্যিলা মা'আহু~উলা—ইকা হুমুল

তাঁকে সম্মান করে এবং তাঁকে সাহায্য করে এবং সে নূরের অনুসরণ করে যা তাঁর প্রতি প্রেরিত হয়েছে, তারাই

১৯ / ع / ৯ রুকূ

الْمُفْلِحُوْنَ ﴿۱۵۷﴾ قُلْ يٰٓاَيُّهَا النَّاسُ اِنِّيْ رَسُوْلُ اللّٰهِ اِلَيْكُمْ جَمِيْعَا ۨالَّذِيْ

মুফ্লিহূন। ১৫৮। কুল্ ইয়া~আইয়্যুহান্ না-সু ইন্নী রাসূলুল্লা-হি ইলাইকুম জ্বামী'আ নিল্ লাযী

সফলকাম। (১৫৮) আপনি বলুন, হে মানুষ! নিশ্চয়ই আমি তোমাদের সকলের জন্য আল্লাহর প্রেরিত রাসূল, যাঁর জন্যই

لَهٗ مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۚ لَآ اِلٰهَ اِلَّا هُوَ يُحْيٖ وَيُمِيْتُ ص فَاٰمِنُوْا بِاللّٰهِ

লাহূ মুলকুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্ব, লা~ইলা-হা ইল্লা- হুওয়া ইউহ্বয়ী ওয়া ইউমীত, ফাআ-মিনূ বিল্লা-হি

আসমান ও যমীনের একমাত্র বাদশাহী। তিনি ছাড়া আর কোন মা'বুদ নেই। তিনিই জীবন দান করেন ও মৃত্যু ঘটান। সুতরাং ঈমান আন সে আল্লাহর প্রতি

وَرَسُوْلِهِ النَّبِيِّ الْاُمِّيِّ الَّذِيْ يُؤْمِنُ بِاللّٰهِ وَكَلِمٰتِهٖ وَاتَّبِعُوْهُ لَعَلَّكُمْ

ওয়া রাসূলিহিন্ নাবিইয়্যিল উম্মিয়্যিল্লাযী ইউ'মিনু বিল্লা-হি ওয়া কালিমা-তিহী ওয়াত্তাবি'উহু লা'আল্লাকুম

এবং সে রাসূলের প্রতিও যিনি নিরক্ষর নবী, যিনি ঈমান আনেন আল্লাহ্ ও তাঁর বাণীর প্রতি; এবং তাঁর অনুসরণ কর। আশা করা যায় তোমরা

تَهْتَدُوْنَ ﴿۱۵۸﴾ وَمِنْ قَوْمِ مُوْسٰٓى اُمَّةٌ يَّهْدُوْنَ بِالْحَقِّ وَبِهٖ يَعْدِلُوْنَ ﴿۱۵۹﴾ وَ

তাহ্তাদূন। ১৫৯। ওয়া মিন্ ক্বাওমি মূসা~উম্মাতুঁই ইয়াহ্দূনা বিল্হ্বাক্বক্বি ওয়া বিহী ইয়া'দিলূন। ১৬০। ওয়া

সঠিক পথ পাবে। (১৫৯) এবং মূসার সম্প্রদায়ের মধ্যে এমন একটি দল আছে, যারা সঠিকভাবে পথ দেখায় এবং ন্যায় ইনসাফ করে। (১৬০) এবং

قَطَّعْنٰهُمُ اثْنَتَيْ عَشْرَةَ اَسْبَاطًا اُمَمًا ۖ وَاَوْحَيْنَآ اِلٰى مُوْسٰٓى اِذِ اسْتَسْقٰهُ

ক্বাত্ত্বা'না-হুমুছ্ নাতাই 'আশ্রাতা আস্বা-ত্বান্ উমামা, ওয়া আওহ্বাইনা~ইলা- মূসা~ইযিস্ তাস্ক্বা-হু

আমি তাদেরকে বারটি গোত্রে আলাদা আলাদা দলে বিভক্ত করেছিলাম এবং মূসাকে আদেশ করলাম যখন তাঁর

قَوْمُهٗٓ اَنِ اضْرِبْ بِّعَصَاكَ الْحَجَرَ ۚ فَانْۢبَجَسَتْ مِنْهُ اثْنَتَا عَشْرَةَ عَيْنًا ۖ

ক্বাওমুহূ~আনিদ্বরিব্ বি'আস্বা-কাল্ হ্বাজ্বার, ফাম্বাজ্বাসাত্ মিন্হুছ্ নাতা- 'আশ্রাতা 'আইনা- ;

সম্প্রদায় তাঁর কাছে পানি চাইলো, তুমি তোমার লাঠি অমুক পাথরের উপর মার, ফলে তা থেকে বারটি ঝরণা প্রকাশ পেল।

○ বিশ্লেষণ (আঃ ১৬০) ঃ المن والسلوى (মান্না ও সালওয়া) ঃ মান্না – হালকা বরফের ন্যায় এক প্রকার বস্তু, যা গাছের পাতার উপর জমত এবং তা ছিল অত্যন্ত মিষ্ট। সালওয়া– এক প্রকার ছোট পাখীর ভুনা গোশত। ○ টীকা (আঃ ১৬০) ঃ এই দলটি হযরত আবদুল্লাহ ইবনে সালাম এবং তাঁর সহচরবর্গের। হযরত মূসা (আ)-এর ইন্তেকালের পর হযরত ইউশা' (আ) তাঁর খলীফা হন, তারপর হতে ইসরাঈলীরা ধর্মদ্রোহী হয়ে পড়ে এবং বহু নবীকে হত্যা করে। তখন সত্যপন্থী এই দলটি আল্লাহ্র নিকট প্রার্থনা করেন, তাদেরকে যেন ধর্মদ্রোহী দল হতে পৃথক করে দেন। এরা কোন এক নিভৃত স্থানে গিয়ে বাস করতে থাকেন এবং হুযূর (সা)-এর আবির্ভাব হলে তাঁর প্রতি ঈমান আনয়ন করেন। (মুঃ কোঃ)

قَدْ عَلِمَ كُلُّ أُنَاسٍ مَّشْرَبَهُمْ ۖ وَظَلَّلْنَا عَلَيْهِمُ الْغَمَامَ وَأَنزَلْنَا عَلَيْهِمُ

ক্বাদ্ 'আলিমা কুল্লু উনা-সিম্ মাশ্‌রাবাহুম ; ওয়া য্বাল্লাল্‌না- 'আলাইহিমুল গামা-মা ওয়া আন্‌যালনা- 'আলাইহিমুল
প্রত্যেক গোত্রই তাদের পানি পান করার স্থান চিনে নিল এবং আমি তাদের উপর মেঘমালা দ্বারা ছায়া দিয়েছিলাম এবং তাদের উপর অবতীর্ণ করেছিলাম

الْمَنَّ وَالسَّلْوَىٰ ۖ كُلُوا مِن طَيِّبَاتِ مَا رَزَقْنَاكُمْ ۚ وَمَا ظَلَمُونَا وَلَٰكِن كَانُوا

মান্না ওয়াস্ সালওয়া ; কুলূ মিন্ ত্বাইয়্যিবা-তি মা- রাযাক্বনা-কুম ; ওয়া মা- য্বালামূনা-ওয়ালা-কিন্ কা-নূ~
মান্না এবং সালওয়া। (এবং বলেছিলাম) তোমাদেরকে যে পবিত্র খাদ্য দিয়েছি তা থেকে খাও। তারা আমার প্রতি কোন অত্যাচার করেনি,

أَنفُسَهُمْ يَظْلِمُونَ ۝ وَإِذْ قِيلَ لَهُمُ اسْكُنُوا هَٰذِهِ الْقَرْيَةَ وَكُلُوا مِنْهَا

আন্‌ফুসাহুম ইয়ায্বলিমূন। ১৬১। ওয়া ইয্ ক্বীলা লাহুমুস্ কুনূ হা-যিহিল ক্বারইয়াতা ওয়া কুলূ মিন্‌হা-
ফলতঃ তারা নিজেদের প্রতিই অত্যাচার করছিল। (১৬১) আর যখন তাদেরকে বলা হল, এ জনপদে বসবাস কর এবং সেখান থেকে তোমাদের

حَيْثُ شِئْتُمْ وَقُولُوا حِطَّةٌ وَادْخُلُوا الْبَابَ سُجَّدًا نَّغْفِرْ لَكُمْ خَطِيئَاتِكُمْ ۚ

হাইছু শি'তুম ওয়া কূলূ হিত্ত্বাতুওঁ ওয়াদ্‌খুলুল্ বা-বা সুজ্জাদান্ নাগ্‌ফির্ লাকুম খাত্বি—আ-তিকুম ;
ইচ্ছানুযায়ী খাও এবং বল 'গুনাহ থেকে ক্ষমা চাই' এবং মাথা নত অবস্থায় দরজা দিয়ে প্রবেশ কর। আমি তোমাদের সকল গুনাহ ক্ষমা করে দিব।

سَنَزِيدُ الْمُحْسِنِينَ ۝ فَبَدَّلَ الَّذِينَ ظَلَمُوا مِنْهُمْ قَوْلًا غَيْرَ الَّذِي قِيلَ

সানাযীদুল মুহ্‌সিনীন। ১৬২। ফাবাদ্দালাল্ লাযীনা য্বালামূ মিন্‌হুম ক্বাওলান্ গাইরাললাযী ক্বীলা
নেককারগণকে আমি শীঘ্রই (নেয়ামত) বাড়িয়ে দিব। (১৬২) কিন্তু তাদের মধ্যে যারা অত্যাচারী ছিল, তাদেরকে যা (বলতে) বলা হয়েছিল তা পরিবর্তন

لَهُمْ فَأَرْسَلْنَا عَلَيْهِمْ رِجْزًا مِّنَ السَّمَاءِ بِمَا كَانُوا يَظْلِمُونَ ۝ وَاسْأَلْهُمْ عَنِ

লাহুম ফাআর্‌সালনা- 'আলাইহিম রিজ্‌যাম্ মিনাস্ সামা—ই বিমা- কা-নূ ইয়ায্বলিমূন। ১৬৩। ওয়াস্‌আল্‌হুম 'আনিল্
করে অন্য শব্দ বলল, সুতরাং আমি তাদের উপর আসমান থেকে শাস্তি অবতীর্ণ করলাম। যেহেতু তারা আদেশ অমান্য করছিল। (১৬৩) আপনি তাদেরকে সমুদ্রের

الْقَرْيَةِ الَّتِي كَانَتْ حَاضِرَةَ الْبَحْرِ إِذْ يَعْدُونَ فِي السَّبْتِ إِذْ تَأْتِيهِمْ

ক্বারইয়াতিল্ লাতী কা-নাত্ হা-দ্বিরাতাল্ বাহ্‌র। ইয্ ইয়া'দূনা ফিস্‌সাব্‌তি ইয্ তা'তীহিম
নিকটবর্তী অধিবাসীদের সম্পর্কে জিজ্ঞাসা করুন, যখন তারা শনিবার সম্পর্কে সীমালংঘন করতে লাগল, যখন শনিবার দিন তাদের (সমুদ্রের) মাছগুলো

حِيتَانُهُمْ يَوْمَ سَبْتِهِمْ شُرَّعًا وَيَوْمَ لَا يَسْبِتُونَ ۙ لَا تَأْتِيهِمْ ۚ كَذَٰلِكَ ۚ

হ্বীতা-নুহুম ইয়াওমা সাব্‌তিহিম শুর্‌রা'আওঁ ওয়া ইয়াওমা লা-ইয়াস্‌বিতূনা লা- তা'তীহিম কাযা-লিক,
তাদের সামনে প্রকাশ্যভাবে ভেসে আসত। আর যেদিন শনিবার ছিলনা, সেদিন তাদের সামনে (সেগুলো) আসত না। এভাবে আমি তাদেরকে

نَبْلُوهُم بِمَا كَانُوا يَفْسُقُونَ ۝ وَإِذْ قَالَتْ أُمَّةٌ مِّنْهُمْ لِمَ تَعِظُونَ قَوْمًا

নাব্‌লূহুম্ বিমা- কা-নূ ইয়াফ্‌সুক্বূন। ১৬৪। ওয়া ইয্ ক্বা-লাত উম্মাতুম্ মিন্‌হুম লিমা তা'ইযূনা ক্বাওমা
পরীক্ষা করছিলাম, কারণ তারা আদেশ অমান্য করছিল। (১৬৪) যখন তাদের মধ্য হতে একদল বলল, তোমরা এমন সম্প্রদায়কে কেন উপদেশ দিচ্ছ?

اللَّهُ مُهْلِكُهُمْ أَوْ مُعَذِّبُهُمْ عَذَابًا شَدِيدًا ۖ قَالُوا مَعْذِرَةً إِلَىٰ رَبِّكُمْ

নিল্লা-হু মুহ্‌লিকুহুম আও মু'আয্‌যিবুহুম 'আযা-বান্ শাদীদা- ; ক্বা-লূ মা'যিরাতান ইলা-রাব্বিকুম
যাদেরকে আল্লাহ্ ধ্বংস করবেন অথবা কঠিন শাস্তি দিবেন। তারা বলল, তোমাদের প্রতিপালকের সামনে দোষ মুক্তির জন্য

وَلَعَلَّهُمْ يَتَّقُونَ ۝ فَلَمَّا نَسُوا مَا ذُكِّرُوا بِهِ أَنجَيْنَا الَّذِينَ يَنْهَوْنَ

ওয়া লা'আল্লাহুম ইয়াত্তাক্বূন। ১৬৫। ফালাম্মা-নাসূ মা- যুক্কিরূ বিহী~আন্‌জ্বাইনাল্ লাযীনা ইয়ান্‌হাওনা
এবং যাতে তারা সংযত হয় এজন্য। (১৬৫) তাদেরকে যে উপদেশ দেয়া হয়েছিল তারা যখন তা ভুলে গেল, তখন যারা মন্দ

عَنِ السُّوءِ وَأَخَذْنَا الَّذِينَ ظَلَمُوا بِعَذَابٍ بَئِيسٍ بِمَا كَانُوا يَفْسُقُونَ ۝

'আনিস্ সূ—ই ওয়া আখায্‌নাল্ লাযীনা য্বালামূ বি'আযা-বিম্ বাঈসিম্ বিমা- কা-নূ ইয়াফ্‌সুক্বূন।
কাজগুলো করতে নিষেধ করেছিল আমি তাদেরকে উদ্ধার করলাম এবং ধরলাম অত্যাচারীদেরকে কঠিন শাস্তির মাধ্যমে, তাদের অবাধ্যতার কারণে।

فَلَمَّا عَتَوْا عَن مَّا نُهُوا عَنْهُ قُلْنَا لَهُمْ كُونُوا قِرَدَةً خَاسِئِينَ ۝ وَإِذْ تَأَذَّنَ

১৬৬। ফালাম্মা- 'আতাও 'আম্মা-নুহূ 'আন্‌হু ক্বুল্‌না-লাহুম কূনূ ক্বিরাদাতান খা-সিঈন। ১৬৭। ওয়া ইয্ তাআয্‌যানা
(১৬৬) অতঃপর যখন তারা সীমালংঘন করতে লাগল সে কাজে, যা তাদেরকে করতে নিষেধ করা হয়েছে, তখন তাদেরকে বললাম, তোমরা নিকৃষ্ট বানর হয়ে যাও। (১৬৭) স্মরণ

رَبُّكَ لَيَبْعَثَنَّ عَلَيْهِمْ إِلَىٰ يَوْمِ الْقِيَامَةِ مَن يَسُومُهُمْ سُوءَ الْعَذَابِ ۗ

রাব্বুকা লাইয়াব্'আছান্না 'আলাইহিম ইলা-ইয়াওমিল ক্বিয়া-মাতি মাই ইয়াসূমুহুম সূ—আল 'আযা-ব ;
কর, যখন আপনার প্রতিপালক জানিয়ে দিলেন যে, তিনি তাদের উপর কিয়ামত পর্যন্ত এমন কাউকে শাসক হিসেবে পাঠাবেন, যে তাদেরকে জঘন্যতম শাস্তি দিতে থাকবে।

إِنَّ رَبَّكَ لَسَرِيعُ الْعِقَابِ ۖ وَإِنَّهُ لَغَفُورٌ رَّحِيمٌ ۝ وَقَطَّعْنَاهُمْ فِي

ইন্না রাব্বাকা লাসারী'উল 'ইক্বা-ব, ওয়া ইন্নাহূ লাগাফূরুর্ রাহ্বীম। ১৬৮। ওয়া ক্বাত্ত্বা'না-হুম ফিল্
নিশ্চয় আপনার প্রতিপালক দ্রুত শাস্তি দানকারী এবং তিনি ক্ষমাশীল ও পরম দয়ালু। (১৬৮) আমি তাদেরকে পৃথিবীতে বিভিন্ন দলে

الْأَرْضِ أُمَمًا ۖ مِّنْهُمُ الصَّالِحُونَ وَمِنْهُمْ دُونَ ذَٰلِكَ ۖ وَبَلَوْنَاهُم

আরদ্বি উমামা-, মিন্‌হুমুস্ব স্বা-লিহূনা ওয়া মিন্‌হুম দূনা যা-লিকা ওয়া বালাওনা-হুম্
বিভক্ত করে দিয়েছি। তাদের মধ্যে কতক নেককার এবং কতক অন্য ধরনের এবং তাদেরকে আমি পরীক্ষা করি, ভাল অবস্থা

بِالْحَسَنَاتِ وَالسَّيِّئَاتِ لَعَلَّهُمْ يَرْجِعُونَ ۝ فَخَلَفَ مِن بَعْدِهِمْ خَلْفٌ

বিল হ্বাসানা-তি ওয়াস্ সাইয়্যিআ-তি লা'আল্লাহুম ইয়ারজ্বি'উন। ১৬৯। ফাখালাফা মিম্ বা'দিহিম খাল্‌ফুওঁ
এবং খারাপ অবস্থা দিয়ে যাতে তারা ফিরে আসে। (১৬৯) অতঃপর তাদের পর তাদের স্থলাভিষিক্ত হল কিছু অযোগ্য লোক,

وَرِثُوا الْكِتَابَ يَأْخُذُونَ عَرَضَ هَٰذَا الْأَدْنَىٰ وَيَقُولُونَ سَيُغْفَرُ لَنَا

ওয়ারিছুল কিতা-বা ইয়া'খুযূনা 'আরাদ্বা হা-যাল্ আদ্‌না-ওয়া ইয়াক্বূলূনা সাইউগ্‌ফারু লানা-,
তাঁরা কিতাবের উত্তরাধিকারী হয়। তারা এ তুচ্ছ দুনিয়ার আসবাবপত্র গ্রহণ করে এবং বলে আমাদেরকে অচিরেই মা'ফ করা হবে।

وَاِنْ يَّاْتِهِمْ عَرَضٌ مِّثْلُهٗ يَاْخُذُوْهُ ؕ اَلَمْ يُؤْخَذْ عَلَيْهِمْ مِّيْثَاقُ الْكِتٰبِ

ওয়া ইঁয়্যা'তিহিম 'আরাদুম্‌ মিছ্‌লুহূ ইয়া'খুযূহ ; আলাম ইউ'খায্‌ 'আলাইহিম্‌ মীছা-কুল কিতা-বি

যদি তাদের কাছে অনুরূপ তুচ্ছ আসবাবপত্র আসে, তারা তাও গ্রহণ করে। তাদের থেকে কি কিতাবে সে বিষয়ের অঙ্গীকার নেয়া হয়নি

اَنْ لَّا يَقُوْلُوْا عَلَى اللّٰهِ اِلَّا الْحَقَّ وَدَرَسُوْا مَا فِيْهِ ؕ وَالدَّارُ الْاٰخِرَةُ خَيْرٌ

আল্‌ লা-ইয়াকূলূ 'আলাল্লা-হি ইল্লাল হাক্কা ওয়া দারাসূ মা-ফীহ ; ওয়াদ্‌ দা-রুল আ-খিরাতু খাইরুল

যে, আল্লাহ সম্পর্কে সত্য ছাড়া কিছু বলবে না? এবং তারা তাতে যা আছে তাও পাঠ করে। আখিরাতের আবাসই তাদের জন্য উত্তম যারা

لِّلَّذِيْنَ يَتَّقُوْنَ ؕ اَفَلَا تَعْقِلُوْنَ ۝ وَالَّذِيْنَ يُمَسِّكُوْنَ بِالْكِتٰبِ وَاَقَامُوا

লিল্‌লাযীনা ইয়াত্তাকূন ; আফালা- তা'ক্বিলূন। ১৭০। ওয়াল্‌লাযীনা ইউমাস্‌সিকূনা বিল্‌ কিতা-বি ওয়া আক্বা-মুস্ব

পরহেজগারী অবলম্বন করে। তোমরা কি বুঝনা? (১৭০) যারা কিতাবকে দৃঢ়তার সাথে আঁকড়িয়ে ধরে ও নামায প্রতিষ্ঠা করে,

الصَّلٰوةَ ؕ اِنَّا لَا نُضِيْعُ اَجْرَ الْمُصْلِحِيْنَ ۝ وَاِذْ نَتَقْنَا الْجَبَلَ فَوْقَهُمْ

স্বালা-হ ; ইন্না- লা-নুদ্বী'উ আজ্‌রাল্‌ মুস্বলিহীন। ১৭১। ওয়া ইয্‌ নাতাক্বনাল জ্বাবালা ফাওক্বাহুম

আমি এরূপ নেককারগণের প্রতিদান নষ্ট করব না। (১৭১) স্মরণ কর, যখন আমি পাহাড়কে তাদের উপর উঠিয়ে তুলে ধরলাম ঝুলন্ত তাঁবুর মত

كَاَنَّهٗ ظُلَّةٌ وَّظَنُّوْا اَنَّهٗ وَاقِعٌ بِهِمْ ۚ خُذُوْا مَا اٰتَيْنٰكُمْ بِقُوَّةٍ وَّاذْكُرُوْا

কাআন্নাহূ যুল্লাতুঁও ওয়া যান্নূ~আন্নাহূ ওয়া-ক্বি'উম্‌ বিহিম, খুযূ মা~আ-তাইনা-কুম্‌ বিকুওয়্যাতিঁও ওয়ায্‌কুরূ

এবং তারা ধারণা করেছিল যে, নিশ্চয়ই তা তাদের উপর পতিত হবে, আমি বললাম, আমি যে কিতাব তোমাদেরকে দিয়েছি তা দৃঢ়ভাবে ধর এবং তাতে

مَا فِيْهِ لَعَلَّكُمْ تَتَّقُوْنَ ۝ وَاِذْ اَخَذَ رَبُّكَ مِنْ بَنِيْٓ اٰدَمَ مِنْ ظُهُوْرِهِمْ

মা-ফিহি লা'আল্লাকুম তাত্তাকূন। ১৭২। ওয়া ইয্‌ আখাযা রাব্বুকা মিম্‌ বানী~আ-দামা মিন্‌ যুহূরিহিম

যা আছে তা স্মরণ রেখ, যাতে তোমরা সংযত হও। (১৭২) স্মরণ করুন, যখন আপনার প্রতিপালক আদম সন্তানের পৃষ্ঠ হতে তাদের বংশধরকে

ذُرِّيَّتَهُمْ وَاَشْهَدَهُمْ عَلٰٓى اَنْفُسِهِمْ ۚ اَلَسْتُ بِرَبِّكُمْ ؕ قَالُوْا بَلٰى ۚ شَهِدْنَا ۚ

যুর্‌রিইয়্যাতাহুম ওয়া আশ্‌হাদাহুম 'আলা~আন্‌ফুসিহিম, আলাস্‌তু বিরাব্বিকুম ; ক্বা-লূ বালা- শাহিদ্‌না,

বের করেন এবং তাদের থেকে তার ব্যাপারে অঙ্গীকার নিলেন যে, আমি কি তোমাদের প্রতিপালক নই? তারা বলল, হ্যাঁ, আমরা এর সাক্ষী রইলাম,

اَنْ تَقُوْلُوْا يَوْمَ الْقِيٰمَةِ اِنَّا كُنَّا عَنْ هٰذَا غٰفِلِيْنَ ۝ اَوْ تَقُوْلُوْٓا اِنَّمَآ اَشْرَكَ

আন্‌ তাকূলূ ইয়াওমাল ক্বিয়া-মাতি ইন্না-কুন্না- 'আন্‌ হা-যা- গা-ফিলীন। ১৭৩। আও তাকূলূ~ইন্নামা~আশ্‌রাকা

যাতে তোমরা কিয়ামতের দিন না বলে বস যে, আমরাতো এ ব্যাপারে উদাসীন ছিলাম। (১৭৩) অথবা তোমরা যাতে না বল যে, শিরকতো পূর্বে

اٰبَآؤُنَا مِنْ قَبْلُ وَكُنَّا ذُرِّيَّةً مِّنْۢ بَعْدِهِمْ ۚ اَفَتُهْلِكُنَا بِمَا فَعَلَ الْمُبْطِلُوْنَ ۝

আ-বা—উনা- মিন্‌ ক্বাব্‌লু ওয়া কুন্না- যুররিইয়্যাতাম্‌ মিম্‌ বা'দিহিম, আফাতুহ্‌লিকুনা-বিমা-ফা'আলাল্‌ মুব্‌ত্বিলূন।

আমাদের পিতৃ পুরুষরা করেছে, আমরাতো তাদেরই পরবর্তী বংশধর। তবে কি পথ ভ্রষ্টদের কর্মের জন্য আমাদের কি ধ্বংস করবেন?

২১ রুকু ১১

وَكَذٰلِكَ نُفَصِّلُ الْاٰيٰتِ وَلَعَلَّهُمْ يَرْجِعُوْنَ ۝ وَاتْلُ عَلَيْهِمْ نَبَاَ الَّذِيْٓ

১৭৪। ওয়া কাযা-লিকা নুফাস্বস্বিলুল আ-ইয়া-তি ওয়া লা'আল্লাহুম ইয়ারজ্বি'উন। ১৭৫। ওয়াত্‌লু 'আলাইহিম নাবাআল্লাযী~

(১৭৪) এভাবে আমি আয়াতকে বিস্তারিতভাবে বর্ণনা করি, যাতে তারা ফিরে আসে। (১৭৫) তাদেরকে আপনি সে ব্যক্তির অবস্থা পড়ে শুনান যাকে আমি আমার

اٰتَيْنٰهُ اٰيٰتِنَا فَانْسَلَخَ مِنْهَا فَاَتْبَعَهُ الشَّيْطٰنُ فَكَانَ مِنَ الْغٰوِيْنَ ۝

আ-তাইনা-হু আ-ইয়া-তিনা- ফান্‌সালাখা মিন্‌হা-ফাআত্‌বা'আহুশ্‌ শাইত্বা-নু ফাকা-না মিনাল গা-ওয়ীন।

আয়াত দিয়ে ছিলাম, সে তা থেকে একেবারেই সরে পড়ল; অতঃপর শয়তান তার পিছু হল, সুতরাং সে পথভ্রষ্টদের অন্তর্ভুক্ত হয়ে গেল।

وَلَوْ شِئْنَا لَرَفَعْنٰهُ بِهَا وَلٰكِنَّهٗٓ اَخْلَدَ اِلَى الْاَرْضِ وَاتَّبَعَ هَوٰىهُ ۚ فَمَثَلُهٗ

১৭৬। ওয়ালাও শি'না- লারাফা'না-হু বিহা-ওয়ালা-কিন্নাহূ~আখ্‌লাদা ইলাল্‌ আর্‌দ্বি ওয়াত্তাবা'আ হাওয়া-হু, ফামাছালুহূ

(১৭৬) আর আমি যদি ইচ্ছা করতাম তবে এ আয়াতসমূহ দ্বারা তাকে অবশ্যই উচ্চমর্যাদা দান করতাম। কিন্তু সে দুনিয়ার প্রতি আকৃষ্ট হলো এবং

كَمَثَلِ الْكَلْبِ ۚ اِنْ تَحْمِلْ عَلَيْهِ يَلْهَثْ اَوْ تَتْرُكْهُ يَلْهَثْ ؕ ذٰلِكَ مَثَلُ

কামাছালিল্‌ কাল্‌ব, ইন্‌ তাহ্মিল 'আলাইহি ইয়ালহাছ্‌ আও তাত্‌রুক্‌হু ইয়াল্‌হাছ্‌ ; যা-লিকা মাছালুল

নিজ প্রবৃত্তির অনুসরণ করতে লাগল। তার দৃষ্টান্ত কুকুরের ন্যায়, যদি তুমি তাকে তাড়া কর তবে হাঁপিয়ে উঠে আর যদি তাকে ছেড়ে দাও তবুও হাঁপাবে।

الْقَوْمِ الَّذِيْنَ كَذَّبُوْا بِاٰيٰتِنَا ۚ فَاقْصُصِ الْقَصَصَ لَعَلَّهُمْ يَتَفَكَّرُوْنَ ۝

ক্বাওমিল্‌ লাযীনা কায্‌যাবূ বিআ-ইয়া-তিনা, ফাক্বস্বুস্বিল্‌ ক্বাস্বাস্বা লা'আল্লাহুম ইয়াতাফাক্কারূন।

এ দৃষ্টান্ত সেসব সম্প্রদায়ের যারা আমার আয়াতকে অস্বীকার করেছে, সুতরাং আপনি এ কাহিনীগুলো বর্ণনা করুন, যেন তারা চিন্তা করে।

سَآءَ مَثَلَاِ الْقَوْمُ الَّذِيْنَ كَذَّبُوْا بِاٰيٰتِنَا وَاَنْفُسَهُمْ كَانُوْا يَظْلِمُوْنَ ۝

১৭৭। সা—আ মাছালানিল্‌ ক্বাওমুল্‌ লাযীনা কায্‌যাবূ বিআ-ইয়া-তিনা- ওয়া আন্‌ফুসাহুম কা-নূ ইয়াযলিমূন।

(১৭৭) সে সম্প্রদায়ের দৃষ্টান্ত অতি জঘন্য যারা আমার আয়াতকে মিথ্যা বলেছে এবং নিজেদের প্রতিই জুলুম করেছে।

مَنْ يَّهْدِ اللّٰهُ فَهُوَ الْمُهْتَدِيْ ۚ وَمَنْ يُّضْلِلْ فَاُولٰٓئِكَ هُمُ الْخٰسِرُوْنَ ۝

১৭৮। মাইঁ ইয়াহ্‌দিল্লা-হু ফাহুওয়াল মুহ্‌তাদী, ওয়া মাইঁ ইয়ুদ্বলিল ফাউলা—ইকা হুমুল খা-সিরূন।

(১৭৮) আল্লাহ যাকে পথ প্রদর্শন করেন সে-ই পথ প্রাপ্ত হয় এবং যাকে তিনি পথভ্রষ্ট করেন তারাই হবে ক্ষতিগ্রস্ত।

وَلَقَدْ ذَرَاْنَا لِجَهَنَّمَ كَثِيْرًا مِّنَ الْجِنِّ وَالْاِنْسِ ۖ لَهُمْ قُلُوْبٌ لَّا يَفْقَهُوْنَ

১৭৯। ওয়া লাক্বাদ্‌ যারা'না- লিজ্বাহান্নামা কাছীরাম্‌ মিনাল্‌ জ্বিন্নি ওয়াল্‌ ইন্‌সি লাহুম ক্বুলূবুল্‌ লা-ইয়াফ্‌ক্বাহূনা

(১৭৯) আর আমি বহু জ্বিন ও ইনসানকে জাহান্নামের জন্য সৃষ্টি করেছি। তাদের অন্তর আছে কিন্তু তা দ্বারা তারা

০ টীকা (আঃ ১৭৫) ঃ এখানে বাল্‌'আম বা'উরের কিস্‌সা বর্ণিত হয়েছে। এ ব্যক্তি কেন্‌আন দেশীয় জাব্বারীন কাওমের লোক। ইবরাহীম(আ)-এর উপর অবতারিত সহীফাসমূহের আলেম ছিল এবং ইসমে আ'যম জানত। হযরত মূসা (আ) জাব্বারীনদের সঙ্গে যুদ্ধ করলে জাব্বারীনগণ বাল্‌'আমের নিকট গিয়ে বলল, আপনার দো'আ কবুল হয় বলে জানি। আপনি মূসা ও তার কাওমের জন্য বদ্‌দো'আ করুন। প্রথমে সে রাযী হল না; কিন্তু পরে তার স্ত্রীর প্ররোচনায় মুগ্ধ হয়ে, ঘুষ গ্রহণপূর্বক বদদো'আ করল। এতে আল্লাহ্‌ তাকে ইস্‌মে আ'যম ভুলিয়ে দিলেন এবং সে বেঈমান হয়ে গেল। (মুঃ কোঃ)

০ টীকা (আঃ ১৭৬) ঃ বল'আ'ম বা'উরের দৃষ্টান্তও সেই কুকুরের ন্যায় যাকে আক্রমণ করলেও জিভ বের করে এবং না করলেও জিভ বের করে। তদ্রূপ বাল্‌'আম বা'উরও কোন অবস্থাতেই অর্থ লোলুপতা ত্যাগ করত না। (মুঃ কোঃ)

بِهَا ز وَلَهُمْ اَعْيُنٌ لَّا يُبْصِرُوْنَ بِهَا ز وَلَهُمْ اٰذَانٌ لَّا يَسْمَعُوْنَ بِهَا ط

বিহা-, ওয়া লাহুম আ'ইয়ুনুল্ লা-ইয়ুবৃস্বিরূনা বিহা- ওয়া লাহুম আ-যা-নুল্ লা-ইয়াস্মা'উনা বিহা-;
বুঝে না, তাদের চোখ আছে কিন্তু তা দ্বারা তারা দেখে না, তাদের কর্ণ আছে কিন্তু তা দ্বারা তারা শোনেনা

اُولٰٓئِكَ كَالْاَنْعَامِ بَلْ هُمْ اَضَلُّ ط اُولٰٓئِكَ هُمُ الْغٰفِلُوْنَ ﴿١٧٩﴾ وَلِلّٰهِ

উলা—ইকা কাল আন্'আ-মি বাল্ হুম আদ্বাল্ল ; উলা—ইকা হুমুল গা-ফিলূন। ১৮০। ওয়া লিল্লা-হিল
তারা চতুষ্পদ জন্তুর ন্যায়; বরং ওদের চেয়েও অধিক পথভ্রষ্ট, তারাই উদাসীন। (১৮০) সুন্দর নামসমূহ আল্লাহর

الْاَسْمَآءُ الْحُسْنٰى فَادْعُوْهُ بِهَا ص وَذَرُوا الَّذِيْنَ يُلْحِدُوْنَ فِيْٓ اَسْمَآئِهٖ ط

আস্মা—উল হুস্না- ফাদ্'উহূ বিহা-, ওয়া যারুল্লাযীনা ইউল্হিদূনা ফী~আস্মা—ইহ্ ;
জন্যই। সুতরাং সে নাম ধরেই তাঁকে ডাক এবং তাদের বর্জন কর। যারা তাঁর নামসমূহ বিকৃত করে।

سَيُجْزَوْنَ مَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿١٨٠﴾ وَمِمَّنْ خَلَقْنَآ اُمَّةٌ يَّهْدُوْنَ بِالْحَقِّ وَبِهٖ

ছাইয়ুজ্যাওনা মা-কা-নূ ইয়া'মালূন। ১৮১। ওয়া মিমমান্ খালাক্বনা~উম্মাতুই ইয়াহ্দূনা বিলহাক্বক্বি ওয়া বিহী
তার; তাদের কৃতকর্মের প্রতিফল শীঘ্রই পাবে। (১৮১) আমার সৃষ্টির মধ্যে একদল এমনও আছে যারা সঠিকভাবে পথ দেখায় এবং সে অনুযায়ী বিচারও

يَعْدِلُوْنَ ﴿١٨١﴾ وَالَّذِيْنَ كَذَّبُوْا بِاٰيٰتِنَا سَنَسْتَدْرِجُهُمْ مِّنْ حَيْثُ لَا يَعْلَمُوْنَ ۝

২২
ع
১২
রুকূ

ইয়া'দিলূন। ১৮২। ওয়াল্লাযীনা কায্যাবূ বিআ-ইয়া-তিনা- সানাস্তাদ্রিজুহুম্ মিন্ হাইছু লা-ইয়া'লামূন।
করে। (১৮২) যারা আমার আয়াতসমূহকে মিথ্যা বলে, তাদেরকে আমি এমনভাবে আস্তে আস্তে টেনে নেই যে তারা খবরই রাখবে না।

وَاُمْلِيْ لَهُمْ ط اِنَّ كَيْدِيْ مَتِيْنٌ ﴿١٨٣﴾ اَوَلَمْ يَتَفَكَّرُوْا سكتة مَا بِصَاحِبِهِمْ مِّنْ

১৮৩। ওয়া উম্লী লাহুম ইন্না কাইদী মাতীন। ১৮৪। আওয়া লাম ইয়াতাফাক্কারূ, মা-বিস্বা-হিবিহিম্ মিন্
(১৮৩) আর তাদেরকে আমি অবকাশ দিয়ে থাকি। নিশ্চয়ই আমার কৌশল খুবই দৃঢ় (১৮৪) তারা কি চিন্তা করে না যে, তাদের সাথী লোকটির কোন প্রকার মস্তিষ্ক

جِنَّةٍ ط اِنْ هُوَ اِلَّا نَذِيْرٌ مُّبِيْنٌ ﴿١٨٤﴾ اَوَلَمْ يَنْظُرُوْا فِيْ مَلَكُوْتِ السَّمٰوٰتِ

জ্বিন্নাহ ; ইন্ হুওয়া ইল্লা-নাযীরুম্ মুবীন। ১৮৫। আওয়া লাম ইয়ানযুরূ ফী মালাকুতিস্ সামা-ওয়া-তি
বিকৃতি ঘটেনি, তিনিতো শুধু একজন স্পষ্ট ভীতি প্রদর্শনকারী। (১৮৫) তারা কি চিন্তা করে দেখে না আসমান

وَالْاَرْضِ وَمَا خَلَقَ اللّٰهُ مِنْ شَيْءٍ لا وَّاَنْ عَسٰٓى اَنْ يَّكُوْنَ قَدِ اقْتَرَبَ

ওয়াল্ আরদ্বি ওয়ামা- খালাক্বাল্লা-হু মিন শাইয়িওঁ ওয়া আন্ 'আসা~আই ইয়াকূনা ক্বাদিক্বতারাবা
ও যমীনের কর্তৃত্ব সম্পর্কে এবং আল্লাহর সৃষ্ট বস্তুসমূহ সম্পর্কে আর এ সম্পর্কে যে, সম্ভবতঃ তাদের মৃত্যুর নির্ধারিত সময় অতি

اَجَلُهُمْ ج فَبِاَيِّ حَدِيْثٍ بَعْدَهٗ يُؤْمِنُوْنَ ﴿١٨٥﴾ مَنْ يُّضْلِلِ اللّٰهُ فَلَا هَادِيَ لَهٗ ط

আজ্বালুহুম, ফাবিআইয়্যি হ্বাদীছিম্ বা'দাহূ ইউ'মিনূন। ১৮৬। মাই ইউদ্বলিলিল্লা-হু ফালা- হা-দিইয়া লাহ ;
সন্নিকটে। তবে কুরআনের পর তারা আর কোন কথায় বিশ্বাস করবে? (১৮৬) আল্লাহ যাকে পথভ্রষ্ট করেন তার জন্য কোন পথ প্রদর্শক নেই

وَيَذَرُهُمْ فِيْ طُغْيَانِهِمْ يَعْمَهُوْنَ ﴿١٨٦﴾ يَسْئَلُوْنَكَ عَنِ السَّاعَةِ اَيَّانَ مُرْسٰهَا ط

ওয়া ইয়াযারুহুম ফী তুগ্ইয়া-নিহিম ইয়া'মাহূন। ১৮৭। ইয়াস্আলূনাকা 'আনিস্ সা-'আতি আইয়্যা-না মুরসা-হা-;
আর আল্লাহ তাদেরকে তাদের অবাধ্যতায় দিশেহারা অবস্থায় ছেড়ে দেন। (১৮৭) তারা আপনাকে কিয়ামত সম্পর্কে জিজ্ঞাসা করে যে, তা কখন

قُلْ اِنَّمَا عِلْمُهَا عِنْدَ رَبِّيْ ج لَا يُجَلِّيْهَا لِوَقْتِهَآ اِلَّا هُوَ ؔ ثَقُلَتْ فِي السَّمٰوٰتِ

কুল ইন্নামা- 'ইলমুহা- 'ইন্দা রাব্বী, লা-ইউজাল্লীহা- লিওয়াক্তিহা~ইল্লা-হুওয়; ছাকুলাত ফিস্ সামা-ওয়া-তি
সংঘটিত হবে? আপনি বলুন, এ সম্পর্কিত জ্ঞান শুধু আমার প্রতিপালকের নিকটেই আছে। তিনিই তা যথাসময়ে প্রকাশ করবেন, যেটা হবে আকাশ

وَالْاَرْضِ ط لَا تَاْتِيْكُمْ اِلَّا بَغْتَةً ط يَسْئَلُوْنَكَ كَاَنَّكَ حَفِيٌّ عَنْهَا ط قُلْ

ওয়াল আরদ্ব ; লা- তা'তীকুম ইল্লা- বাগ্তাহ ; ইয়াস্আলূনাকা কাআন্নাকা হাফিয়্যুন 'আন্হা-; কুল
ও পৃথিবীতে একটি ভয়ংকর ঘটনা। সেটি তোমাদের উপর অকস্মাৎ এসে যাবে, তারা আপনাকে এমনভাবে জিজ্ঞাসা করে মনে হয় যেন আপনি এ ব্যাপারে

اِنَّمَا عِلْمُهَا عِنْدَ اللّٰهِ وَلٰكِنَّ اَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُوْنَ ﴿١٨٧﴾ قُلْ لَّآ اَمْلِكُ

ইন্নামা- 'ইলমুহা- 'ইন্দাল্লা-হি ওয়ালা-কিন্না আক্ছারান্ না-সি লা-ইয়া'লামূন। ১৮৮। কুল্ লা~আম্লিকু
অনুসন্ধান করে রেখেছেন। আপনি বলুন, এ সম্পর্কিত জ্ঞান শুধু আল্লাহরই কাছে। কিন্তু অধিকাংশ লোক তা জানে না। (১৮৮) আপনি বলুন, আল্লাহর ইচ্ছা

لِنَفْسِيْ نَفْعًا وَّلَا ضَرًّا اِلَّا مَا شَآءَ اللّٰهُ ط وَلَوْ كُنْتُ اَعْلَمُ الْغَيْبَ

লিনাফ্সী নাফ্'আওঁ ওয়ালা- দ্বার্রান ইল্লা-মা-শা—আল্লা-হ ; ওয়া লাও কুন্তু আ'লামুল গাইবা
ব্যতীত আমি আমার নিজের ভাল ও মন্দের উপর কোনই ক্ষমতা রাখি না। আমি যদি গায়েবের খবর জানতাম তবে আমি

لَاسْتَكْثَرْتُ مِنَ الْخَيْرِ صلے وَمَا مَسَّنِيَ السُّوْٓءُ ج اِنْ اَنَا اِلَّا نَذِيْرٌ وَّبَشِيْرٌ

লাস্তাক্ছারতু মিনাল খাইর, ওয়ামা- মাস্সানিয়াস্ সূ—উ ইন্ আনা ইল্লা- নাযীরুওঁ ওয়া বাশীরুল্
অনেক কল্যাণই গ্রহণ করতাম এবং অকল্যাণই আমাকে স্পর্শ করতে পারত না। আমিতো মু'মিনদের জন্য শুধু সতর্ককারী

لِّقَوْمٍ يُّؤْمِنُوْنَ ﴿١٨٨﴾ هُوَ الَّذِيْ خَلَقَكُمْ مِّنْ نَّفْسٍ وَّاحِدَةٍ وَّجَعَلَ مِنْهَا

২৩
ع
১৩
রুকূ

লিক্বাওমিই ইউ'মিনূন। ১৮৯। হুওয়াল্লাযী খালাক্বাকুম্ মিন্ নাফ্সিওঁ ওয়া-হ্বিদাতিওঁ ওয়া জা'আলা মিনহা-
এবং সুসংবাদদাতা। (১৮৯) তিনিই (আল্লাহ) তোমাদেরকে এক ব্যক্তি হতে সৃষ্টি করেছেন এবং তার থেকেই তার সহধর্মিনী

زَوْجَهَا لِيَسْكُنَ اِلَيْهَا ج فَلَمَّا تَغَشّٰهَا حَمَلَتْ حَمْلًا خَفِيْفًا فَمَرَّتْ بِهٖ ج

যাওজ্বাহা-লিইয়াস্কুনা ইলাইহা-, ফালাম্মা- তাগাশ্শা-হা-হ্বামালাত্ হ্বাম্লান্ খাফীফান্ ফামার্রাত বিহ,
সৃষ্টি করেছেন, যাতে সে তার কাছে আরাম পায়। অতঃপর যখন সে তার সাথে সহবাস করল তখন সে হালকা ভাবে গর্ভবতী হল অতঃপর সে তা নিয়ে চলাফেরা

○ শানে নুযূল (আঃ ১৮৭) ঃ কুরাইশ সম্প্রদায়ের কিংবা ইহুদী সম্প্রদায়ের কাফিররা হুযুর (সা)-কে জিজ্ঞাসা করল, কিয়ামত কখন হবে? তদুত্তরে এই আয়াতটি নাযিল হয়। (মুঃ কোঃ)

আয়াতটির মর্মার্থে বুঝা যায়, হুযূর (সা) কিয়ামতের বিস্তারিত বিবরণ জানতেন না। বোখারী এবং মুসলিমের হাদীস হতেও এটাই বুঝা যায়, 'একদিন হযরত জিবরাঈল (আ) বেদুইনবেশে হুযূর (সা) সমীপে এসে জিজ্ঞাসা করলেন, আপনি কি জানেন যে, কিয়ামত কখন হবে? হুযূর (স) উত্তর করলেন, 'এসম্বন্ধে জিজ্ঞাসিত ব্যক্তি জিজ্ঞাসাকারীর চেয়ে অধিক জ্ঞানী নয়?' (বঃ কোঃ)

فَلَمَّآ اَثْقَلَتْ دَّعَوَا اللّٰهَ رَبَّهُمَا لَئِنْ اٰتَيْتَنَا صَالِحًا لَّنَكُوْنَنَّ مِنَ

ফালাম্মা~আছ্ক্বালাদ্ দা'আওয়াল্লা-হা রাব্বাহুমা- লাইন আ-তাইতানা- স্বা-লিহ্বাল্ লানাকূনান্না মিনাশ্

করতে লাগল। যখন সে ভারী হয়ে গেল, তখন উভয়েই তাদের প্রতিপালক আল্লাহর কাছে দোয়া করল যে, যদি তুমি আমাদেরকে একটি সু-সন্তান দাও, তবে অবশ্যই

الشّٰكِرِيْنَ ﴿١٨٩﴾ فَلَمَّآ اٰتٰهُمَا صَالِحًا جَعَلَا لَهٗ شُرَكَآءَ فِيْمَآ اٰتٰهُمَا ۚ

শা-কিরীন। ১৯০। ফালাম্মা~আ-তা-হুমা- স্বা-লিহ্বান জ্বা'আলা- লাহূ শুরাকা—আ ফীমা~আ-তা-হুমা,

আমরা কৃতজ্ঞদের অন্তর্ভুক্ত হব। (১৯০) অতঃপর যখন উভয়কে আল্লাহ সু-সন্তান দান করলেন, তখন দানকৃত বিষয়ে তাঁর শরীক করে,

فَتَعٰلَى اللّٰهُ عَمَّا يُشْرِكُوْنَ ﴿١٩٠﴾ اَيُشْرِكُوْنَ مَا لَا يَخْلُقُ شَيْئًا وَّهُمْ يُخْلَقُوْنَ ۝

ফাতা'আ-লাল্লা-হু 'আম্মা-ইউশ্রিকূন। ১৯১। আইউশ্রিকূনা মা- লা- ইয়াখ্লুক্বু শাইআওঁ ওয়া হুম ইউখ্লাক্বূন।

অথচ আল্লাহ তাদের শিরক হতে পবিত্র। (১৯১) তারা কি এমন কাউকে শরীক করে যারা কিছুই সৃষ্টি করতে পারে না? বরং তারা নিজেরাই সৃষ্ট।

﴿١٩١﴾ وَلَا يَسْتَطِيْعُوْنَ لَهُمْ نَصْرًا وَّلَآ اَنْفُسَهُمْ يَنْصُرُوْنَ ﴿١٩٢﴾ وَاِنْ تَدْعُوْهُمْ

১৯২। ওয়ালা-ইয়াস্তাত্বী'উনা লাহুম নাস্বরাওঁ ওয়ালা~আন্ফুসাহুম ইয়ান্স্বুরূন। ১৯৩। ওয়া ইন্ তাদ্'উহুম

(১৯২) আর তারা তাদেরকে কোন প্রকার সাহায্য করতে পারে না এবং নিজেদেরকেও কোন সাহায্য করতে পারে না। (১৯৩) যদি তোমরা তাদেরকে সত্য পথে

اِلَى الْهُدٰى لَا يَتَّبِعُوْكُمْ ؕ سَوَآءٌ عَلَيْكُمْ اَدَعَوْتُمُوْهُمْ اَمْ اَنْتُمْ صَامِتُوْنَ ۝

ইলাল্ হুদা- লা- ইয়াত্তাবি'উকুম ; সাওয়া—উন 'আলাইকুম আদা'আওতুমূহুম আম্ আন্তুম স্বা-মিতূন।

ডাক, তারা তোমাদের অনুসরণ করবে না। তাদেরকে তোমরা ডাক অথবা নীরব থাক তোমাদের জন্য উভয় সমান।

﴿١٩٣﴾ اِنَّ الَّذِيْنَ تَدْعُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ عِبَادٌ اَمْثَالُكُمْ فَادْعُوْهُمْ فَلْيَسْتَجِيْبُوْا

১৯৪। ইন্নাল্লাযীনা তাদ্'উনা মিন্ দূনিল্লা-হি 'ইবা-দুন আম্ছা-লুকুম ফাদ্'উহুম ফাল্ইয়াস্তাজ্বীবূ

(১৯৪) আল্লাহ ছাড়া তোমরা যাদেরকে ডাক, তারাও তো তোমাদের মতই আল্লাহর বান্দা। তোমরা তাদেরকে ডাক, তোমাদের ডাকে

لَكُمْ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿١٩٤﴾ اَلَهُمْ اَرْجُلٌ يَّمْشُوْنَ بِهَآ ؗ اَمْ لَهُمْ اَيْدٍ

লাকুম ইন্ কুন্তুম স্বা-দিক্বীন। ১৯৫। আলাহুম আরজুলুই ইয়ামশূনা বিহা~আম্ লাহুম আইদিই

জওয়াব দিক, যদি তোমরা সত্যবাদী হও। (১৯৫) তাদের কি পা আছে, যা দিয়ে তারা চলে? তাদের কি হাত আছে,

يَّبْطِشُوْنَ بِهَآ ؗ اَمْ لَهُمْ اَعْيُنٌ يُّبْصِرُوْنَ بِهَآ ؗ اَمْ لَهُمْ اٰذَانٌ يَّسْمَعُوْنَ

ইয়াবত্বিশূনা বিহা~আম্ লাহুম আ'ইউনুই ইউব্স্বিরূনা বিহা~আম্ লাহুম আ-যা-নুই ইয়াস্মা'উনা

যা দিয়ে তারা ধরে? তাদের কি চোখ আছে, যা দিয়ে তারা দেখে? তাদের কি কান আছে, যা দিয়ে তারা শোনে?

০ টীকা (আঃ ১৯৩) ঃ অর্থাৎ তাদের কোন বিপদ উপস্থিত হলে যেমন– কেউ তাদেরকে ভাংতে আসলে তারা আত্মরক্ষা করতেও সক্ষম নয়। (বঃ কোঃ)
০ টীকা (আঃ ১৯৩) ঃ এমন অক্ষম, অপদার্থ, পরমুখাপেক্ষী পদার্থগুলি কেমন করে উপাসনার যোগ্য হতে পারে? (বঃ কোঃ)
০ শানে নুযূল (আঃ ১৯৫) ঃ এসমস্ত বস্তুর মধ্যে কোনটিই তাদের নেই, অথচ তোমাদের আছে। কাজেই তোমরা তাদের চেয়ে উত্তম। উত্তম হয়ে অধমের উপাসনা করা চরম বোকামি ছাড়া আর কি হতে পারে? প্রতিমা পূজার অসারতা প্রমাণিত হলে তারা হুযূর (সা)-কে ভয় প্রদর্শনপূর্বক বলতে লাগল, তুমি আমাদের দেবতাদের নিন্দা করতেছ, তারা অবশ্যই তোমার উপর কোন বিপদ আনয়ন করবে। এর প্রতিবাদে এই আয়াতটি নাযিল হয়। (মুঃ কোঃ, বঃ কোঃ)

بِهَا ؕ قُلِ ادْعُوْا شُرَكَآءَكُمْ ثُمَّ كِيْدُوْنِ فَلَا تُنْظِرُوْنِ ﴿١٩٥﴾ اِنَّ وَلِيِّۦَ اللّٰهُ

বিহা- ; ক্বুলিদ্'উ শুরাকা—আকুম ছুম্মা কীদূনি ফালা-তুন্যিরূন। ১৯৬। ইন্না ওয়ালিয়্যিইয়াল্লা-হুল

আপনি বলুন, তোমরা তোমাদের সকল শরীকগণকে ডাক, অতঃপর আমার বিরুদ্ধে ষড়যন্ত্র কর এবং আমাকে সুযোগ দিও না। (১৯৬) নিশ্চয়ই আমার রক্ষাকারী

الَّذِيْ نَزَّلَ الْكِتٰبَ ۖ وَهُوَ يَتَوَلَّى الصّٰلِحِيْنَ ﴿١٩٦﴾ وَالَّذِيْنَ تَدْعُوْنَ

লাযী নায্যালাল কিতা-বা ওয়া হুওয়া ইয়াতাওয়াল্লাস্ব স্বা-লিহ্বীন। ১৯৭। ওয়াল্লাযীনা তাদ্'উনা

আল্লাহ, যিনি কিতাব অবতীর্ণ করেছেন এবং তিনিই পুন্যবানদের রক্ষা করে থাকেন। (১৯৭) আর তোমরা আল্লাহকে ছেড়ে

مِنْ دُوْنِهٖ لَا يَسْتَطِيْعُوْنَ نَصْرَكُمْ وَلَآ اَنْفُسَهُمْ يَنْصُرُوْنَ ﴿١٩٧﴾ وَاِنْ

মিন্ দূনিহী লা- ইয়াস্তাত্বী'উনা নাস্বরাকুম ওয়ালা~আন্ফুসাহুম ইয়ানস্বুরূন। ১৯৮। ওয়াইন্

যাদেরকে ডাকতেছ, তারা তোমাদের কোনই সাহায্য করতে পারবেনা এবং তাদের নিজেদেরকেও নয়। (১৯৮) আর তাদেরকে

تَدْعُوْهُمْ اِلَى الْهُدٰى لَا يَسْمَعُوْا ؕ وَتَرٰىهُمْ يَنْظُرُوْنَ اِلَيْكَ وَهُمْ

তাদ্'উহুম ইলাল্ হুদা- লা-ইয়াস্মা'উ; ওয়া তারা-হুম ইয়ান্যুরূনা ইলাইকা ওয়া হুম

যদি আপনি সত্য পথের দিকে ডাকেন, তারা শোনবে না এবং তাদেরকে আপনি দেখবেন যেন তারা আপনাকে দেখছে, অথচ তারা

لَا يُبْصِرُوْنَ ﴿١٩٨﴾ خُذِ الْعَفْوَ وَاْمُرْ بِالْعُرْفِ وَاَعْرِضْ عَنِ الْجٰهِلِيْنَ ۝

লা-ইউব্স্বিরূন। ১৯৯। খুযিল্ 'আফ্ওয়া ওয়া'মুর বিল'উরফি ওয়া আ'রিদ্ব 'আনিল জ্বা-হিলীন।

কিছুই দেখে না। (১৯৯) ক্ষমাশীল হোন, নেক কাজের নির্দেশ দিন এবং মূর্খদেরকে পরিহার করুন।

﴿١٩٩﴾ وَاِمَّا يَنْزَغَنَّكَ مِنَ الشَّيْطٰنِ نَزْغٌ فَاسْتَعِذْ بِاللّٰهِ ؕ اِنَّهٗ سَمِيْعٌ عَلِيْمٌ ۝

২০০। ওয়া ইম্মা- ইয়ান্যাগান্নাকা মিনাশ্ শাইত্বা-নি নায্গুন্ ফাস্তাইয্ বিল্লা-হ ; ইন্নাহূ সামী'উন্ 'আলীম।

(২০০) আর যদি আপনার মনে শয়তানের পক্ষ থেকে কোন কুমন্ত্রণা সৃষ্টি হয় তবে আল্লাহর কাছে পানা চান, নিশ্চয়ই আল্লাহ সর্বশ্রোতা, সর্বজ্ঞ।

﴿٢٠٠﴾ اِنَّ الَّذِيْنَ اتَّقَوْا اِذَا مَسَّهُمْ طٰٓئِفٌ مِّنَ الشَّيْطٰنِ تَذَكَّرُوْا فَاِذَا هُمْ

২০১। ইন্নাল্ লাযীনাত্ তাক্বাও ইযা- মাস্সাহুম ত্বা—ইফুম মিনাশ্ শাইত্বা-নি তাযাক্কারূ ফাইযা- হুম্

(২০১) যারা খোদাভীরুরা যখন শয়তানের থেকে কোন কুমন্ত্রণা অনুভব করে, তখন তারা আল্লাহকে স্মরণ করে এবং তক্ষুণি তারা সচেতন

مُّبْصِرُوْنَ ﴿٢٠١﴾ وَاِخْوَانُهُمْ يَمُدُّوْنَهُمْ فِى الْغَيِّ ثُمَّ لَا يُقْصِرُوْنَ ﴿٢٠٢﴾ وَاِذَا لَمْ

মুব্স্বিরূন। ২০২। ওয়া ইখ্ওয়া-নুহুম ইয়ামুদ্দূনাহুম ফিল্ গাইয়্যি ছুম্মা লা-ইউক্বস্বিরূন। ২০৩। ওয়া ইযা- লাম

হয়ে যায়। (২০২) শয়তানের ভাই তাদের সাথীদেরকে বিভ্রান্তির দিকে টেনে নিয়ে যায় এবং এ ব্যাপারে তারা থেমে থাকে না। (২০৩) যখন আপনি কোন নিদর্শন

০ টীকা (আঃ ১৯৯) ঃ হুযূর (স) জিবরায়ীল (আ)-কে জিজ্ঞাসা করলেন, এই আয়াতটির হাক্বীকত কি? তিনি বললেন, আল্লাহ্ বলেন, "যে ব্যক্তি তোমার সাথে বিচ্ছেদ অবলম্বন করে, তুমি তার সাথে মিলিত হও, আর যে ব্যক্তি তোমাকে বঞ্চিত করে, তুমি তাকে দান কর, আর যে উৎপীড়ন করে, তুমি তাকে ক্ষমা কর। এটাই উচ্চ পর্যায়ের স্বভাব।" (মুঃ কোঃ) ০ টীকা (আঃ ২০১) ঃ অর্থাৎ, শয়তানের প্ররোচনায় তাঁদের অন্তরে ক্রোধ অথবা অন্য কোন রিপু উত্তেজিত হলে সঙ্গে-সঙ্গেই তাঁরা খোদার স্মরণে মগ্ন হন। অর্থাৎ, আউযু ও অন্যান্য দো'আ পড়েন, ফলে অকস্মাৎ তাঁদের অন্তর-চক্ষু খুলে যায় এবং তাঁরা প্রকৃত অবস্থা দর্শন করতঃ সতর্ক হন, কাজেই শয়তানী প্ররোচন ব্যর্থ হয়ে যায়। (বঃ কোঃ)

تَأْتِهِمْ بِآيَةٍ قَالُوا لَوْلَا اجْتَبَيْتَهَا ۚ قُلْ إِنَّمَا أَتَّبِعُ مَا يُوحَىٰ إِلَيَّ مِنْ رَبِّي ۚ

তা'তিহিম্ বিআ-ইয়াতিন্ ক্বা-লূ লাওলাজ্‌ তাবাইতাহা-; কুল ইন্নামা~আত্তাবি'উ মা- ইউহ্বা~ইলাইয়্যা মির্ রাব্বী,

তাদের সামনে উপস্থিত না করেন, তখন তারা বলে, তুমি অমুক নিদর্শনটি কেন নিয়ে আসলে না? আপনি বলুন, আমি তো অনুসরণ করি শুধু তারই, যা আমার প্রতি

هَٰذَا بَصَائِرُ مِنْ رَبِّكُمْ وَهُدًى وَرَحْمَةٌ لِقَوْمٍ يُؤْمِنُونَ ۝٢٠٣ وَإِذَا قُرِئَ

হা-যা- বাস্বা—ইরু মির্ রাব্বিকুম ওয়া হুদাওঁ ওয়া রাহ্‌মাতুল লিক্বাওমিঁই ইউ'মিনূন। ২০৪। ওয়া ইযা- কুরিআল্

আমার প্রতিপালকের কাছ থেকে নির্দেশ করা হয়। এ কুরআন তোমাদের প্রতিপালকের পক্ষ থেকে প্রমাণ, আর মুমিনদের জন্য হেদায়াত ও রহমত। (২০৪) আর যখন

الْقُرْآنُ فَاسْتَمِعُوا لَهُ وَأَنْصِتُوا لَعَلَّكُمْ تُرْحَمُونَ ۝٢٠٤ وَاذْكُرْ رَبَّكَ

কুরআ-নু ফাস্‌তামি'উ লাহূ ওয়া আন্‌স্বিতূ লা'আল্লাকুম তুরহ্বামূন। ২০৫। ওয়ায্‌কুর্ রাব্বাকা

কুরআন পাঠ করা হয় তখন তা মনোযোগ দিয়ে শোন ও চুপ থাক, যাতে তোমাদের উপর রহমত বর্ষিত হয়। (২০৫) আর নিজ

فِي نَفْسِكَ تَضَرُّعًا وَخِيفَةً وَدُونَ الْجَهْرِ مِنَ الْقَوْلِ بِالْغُدُوِّ

ফী নাফ্‌সিকা তাদ্বাররু'আওঁ ওয়া খীফাতাওঁ ওয়া দূনাল্ জ্বাহ্‌রি মিনাল ক্বাওলি বিল্ গুদুওওয়ি

প্রতিপালককে স্মরণ কর নিজ মনে সবিনয় ও ভীত অবস্থায় অনুচ্চস্বরে, সকাল

وَالْآصَالِ وَلَا تَكُنْ مِنَ الْغَافِلِينَ ۝٢٠٥ إِنَّ الَّذِينَ عِنْدَ رَبِّكَ

ওয়াল্ আ-স্বা-লি ওয়ালা- তাকুম্ মিনাল গা-ফিলীন। ২০৬। ইন্নাল্ লাযীনা 'ইন্দা রাব্বিকা

ও সন্ধ্যায়। আর উদাসীনদের অন্তর্ভুক্ত হয়ো না। (২০৬) নিশ্চয়ই যারা আপনার প্রতিপালকের

সিজদাহ

لَا يَسْتَكْبِرُونَ عَنْ عِبَادَتِهِ وَيُسَبِّحُونَهُ وَلَهُ يَسْجُدُونَ ۩ ۝

লা-ইয়াস্‌তাকবিরূনা 'আন 'ইবা-দাতিহী ওয়া ইউসাব্বিহূনাহূ ওয়া লাহূ ইয়াসজুদূন।

নিকট রয়েছে, তারা ইবাদাত সম্পর্কে অহংকার করে না এবং তাঁর পবিত্রতা বর্ণনা করে এবং তাঁকে সিজদা করে।

সূরা আন্‌ফা-ল মাদানী	بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি	আয়াত ঃ ৭৫ রুকূ ঃ ১০

۝١ يَسْأَلُونَكَ عَنِ الْأَنْفَالِ ۖ قُلِ الْأَنْفَالُ لِلَّهِ وَالرَّسُولِ ۖ فَاتَّقُوا اللَّهَ

১। ইয়াস্‌আলূনাকা 'আনিল্ আন্‌ফা-ল ; কুলিল্ আন্‌ফা-লু লিল্লা-হি ওয়ার্ রাসূল, ফাত্তাকুল্লা-হা

(১) আপনাকে গনীমতের মালের ব্যাপারে জিজ্ঞেস করে। বলুন, গনীমতের মাল আল্লাহ ও রাসূলের। সুতরাং আল্লাহকে ভয় কর,

○ টীকা (আঃ ২০৩) ঃ পক্ষান্তরে শয়তানের অনুগত লোক খোদার আশ্রয় প্রার্থনা করে না, শয়তানের অনিষ্টতা হতে রক্ষাও পায় না। মক্কার মুশরিকরাও এই শ্রেণীর লোকই বটে; তারাও কিছুতেই আল্লাহর দিকে ফিরবে না। কাজেই তাদের আচরণে ক্ষুব্ধ হওয়া নিষ্ফল। (বঃ কোঃ)

○ শানে নুযূল (আঃ ২০৪) ঃ জনৈক আনছারী যুবক হুযূর (সা)-এর পিছে নামায পড়াকালে তাঁর পাঠ্যমান ক্বেরাত সঙ্গে সঙ্গে পাঠ করত, এ সম্বন্ধে এই আয়াতটি নাযিল হয়। (মুঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ১) ঃ انفال ঃ نفل-এর বহুবচন। অর্থ- অতিরিক্ত; নফল, সে মাল ও আসবাবকে বলে যা কাফিরদের থেকে যুদ্ধের সময় হাতে আসে। যাকে গনীমতও বলা হয়। নফল (অতিরিক্ত) মাল এজন্য বলা হয় যে, এটি অতিরিক্ত হালাল করা হল।

وَأَصْلِحُوا ذَاتَ بَيْنِكُمْ ۖ وَأَطِيعُوا اللَّهَ وَرَسُولَهُ إِنْ كُنْتُمْ مُؤْمِنِينَ ۝

ওয়া আস্বলিহূ যা-তা বাইনিকুম, ওয়া আত্বী'উল্লা-হা ওয়া রাসূলাহূ~ইন্ কুন্তুম্ মু'মিনীন.।

আর সংশোধন কর তোমাদের পারস্পরিক সম্পর্কের এবং আল্লাহ ও তাঁর রাসূলের অনুসরণ কর যদি তোমরা মু'মিন হও।

۝٢ إِنَّمَا الْمُؤْمِنُونَ الَّذِينَ إِذَا ذُكِرَ اللَّهُ وَجِلَتْ قُلُوبُهُمْ وَإِذَا تُلِيَتْ

২। ইন্নামাল মু'মিনূনাল্ লাযীনা ইযা- যুকিরাল্লা-হু ওয়াজ্বিলাত কুলূবুহুম ওয়া ইযা- তুলিয়াত

(২) নিশ্চয় মু'মিন তারাই, যখন তাদের সামনে আল্লাহর স্মরণ করা হয় তখন তাদের অন্তর ভীত হয়ে যায় এবং যখন তাদেরকে আল্লাহর আয়াত পাঠ করে

عَلَيْهِمْ آيَاتُهُ زَادَتْهُمْ إِيمَانًا وَعَلَىٰ رَبِّهِمْ يَتَوَكَّلُونَ ۝٢ الَّذِينَ يُقِيمُونَ

'আলাইহিম আ-ইয়া-তুহূ যা-দাত্‌হুম ঈমা-নাওঁ ওয়া 'আলা- রাব্বিহিম ইয়াতাওয়াক্কালূন। ৩। আল্‌লাযীনা ইউক্বীমূনাস্ব

শুনানো হয়, তখন তা তাদের ঈমানকে আরো বৃদ্ধি করে এবং তারা নিজ প্রতিপালকের উপর ভরসা করে। (৩) তারা যথাযথ সালাত

الصَّلَاةَ وَمِمَّا رَزَقْنَاهُمْ يُنْفِقُونَ ۝٣ أُولَٰئِكَ هُمُ الْمُؤْمِنُونَ حَقًّا ۚ لَهُمْ دَرَجَاتٌ

স্বালা-তা ওয়া মিম্মা- রাযাক্বনা-হুম ইউন্‌ফিকূন। ৪। উলা—ইকা হুমুল্ মু'মিনূনা হাক্বক্বা- ; লাহুম দারাজ্বা-তুন

প্রতিষ্ঠা করে এবং তাদেরকে আমি যা কিছু দান করেছি তা থেকে ব্যয় করে। (৪) তারাই প্রকৃত ঈমানদার, তাদের জন্য তাদের

عِنْدَ رَبِّهِمْ وَمَغْفِرَةٌ وَرِزْقٌ كَرِيمٌ ۝٤ كَمَا أَخْرَجَكَ رَبُّكَ مِنْ بَيْتِكَ بِالْحَقِّ

'ইন্দা রাব্বিহিম ওয়া মাগ্‌ফিরাতুওঁ ওয়া রিয্‌কুন কারীম। ৫। কামা~আখ্‌রাজ্বাকা রাব্বুকা মিম্ বাইতিকা বিলহ্বাক্কি,

প্রতিপালকের নিকট রয়েছে মর্যাদা, ক্ষমা এবং সম্মানজনক জীবিকা। (৫) যেরূপ, আপনার প্রতিপালক আপনাকে বের করেছিলেন নিজ গৃহ থেকে যথাযথভাবে

وَإِنَّ فَرِيقًا مِنَ الْمُؤْمِنِينَ لَكَارِهُونَ ۝٥ يُجَادِلُونَكَ فِي الْحَقِّ بَعْدَ مَا

ওয়া ইন্না ফারীক্বাম মিনাল মু'মিনীনা লাকা-রিহূন। ৬। ইউজ্বা-দিলূনাকা ফিল হ্বাক্কি বা'দা মা-

এবং মুসলমানদের একদল এটাকে অপছন্দ করেছিল। (৬) তারা আপনার সাথে তর্ক করতেছিল সত্য স্পষ্টভাবে প্রকাশ হওয়ার পরেও,

تَبَيَّنَ كَأَنَّمَا يُسَاقُونَ إِلَى الْمَوْتِ وَهُمْ يَنْظُرُونَ ۝٦ وَإِذْ يَعِدُكُمُ اللَّهُ

তাবাইয়্যানা কাআন্নামা- ইউসা-কূনা ইলাল্ মাওতি ওয়া হুম্ ইয়ান্‌যুরূন। ৭। ওয়া ইয্ ইয়া'ইদুকুমুল্লা-হু

মনে হয় যেন তাদেরকে মৃত্যুর দিকে হাঁকিয়ে নেয়া হচ্ছে; আর তারা তা দেখতেছে। (৭) স্মরণ কর, যখন আল্লাহ ওয়াদা করেন

إِحْدَى الطَّائِفَتَيْنِ أَنَّهَا لَكُمْ وَتَوَدُّونَ أَنَّ غَيْرَ ذَاتِ الشَّوْكَةِ تَكُونُ

ইহ্‌দাত্ব ত্বা—ইফাতাইনি আন্নাহা- লাকুম ওয়া তাওয়াদ্দূনা আন্না গাইরা যা-তিশ্ শাওকাতি তাকূনু

দুটি দলের মধ্যে একটি দল সম্পর্কে যে, সেটি তোমাদের আয়ত্তে এসে যাবে, আর তোমরা কামনা করছিলে যে, অস্ত্রহীন কাফেলাটি তোমাদের

○ টীকা (আঃ ৬) ঃ আবু সুফিয়ানের নেতৃত্বে মক্কার কাফির বণিকদল দেশে ফিরতে ছিল। হুযূর (সা) ৩১৩ জন সাহাবী নিয়ে ওয়াদী-কোরাতে পৌছলেন। আবু সুফিয়ান এটা টের পেয়ে মক্কায় সাহায্য চেয়ে পাঠাল। আবু জাহাল ৯৫০ জন সৈন্য নিয়ে বদরে পৌছল, হুযূর (সা) সঙ্গীদেরকে জিজ্ঞাসা করলেন, কাফেলা লুণ্ঠন করবে, না যুদ্ধ করবে? কেউ কেউ বলল, যুদ্ধের জন্য আমরা অপ্রস্তুত, কাফেলা লুণ্ঠন করাই ভাল। হুযূর (সা) নারায হলেন। প্রধান সাহাবীগণ যুদ্ধ করাই স্থির করলেন। অতঃপর হুযূর (সা) বদরের দিকে রওয়ানা হলেন। (মুঃ কোঃ) ○ টীকা (আঃ ৬) ঃ অর্থাৎ, হে মোহাম্মদ (সা)! জেহাদ ফরয বলে প্রকাশিত হওয়ার পর আপনার সঙ্গীরা জেহাদ সম্বন্ধে আপনার সঙ্গে মতভেদ করতেছিল। (মুঃ কোঃ)

لَكُمْ وَيُرِيدُ اللَّهُ أَنْ يُحِقَّ الْحَقَّ بِكَلِمٰتِهِ وَيَقْطَعَ دَابِرَ الْكٰفِرِينَ ۝

লাকুম ওয়া ইউরীদুল্লা-হু আইঁ ইউহ্বিক্বক্বাল হ্বাক্বক্বা বিকালিমা-তিহী ওয়া ইয়াক্বত্বা'আ দা-বিরাল কা-ফিরীন।
আয়ত্তে আসুক অথচ আল্লাহর এ ইচ্ছা ছিল যে, তাঁর নির্দেশ দ্বারা সত্যকে প্রতিষ্ঠা করতে এবং কাফিরদের ভিত্তি উৎপাটন করতে।

⑧ لِيُحِقَّ الْحَقَّ وَيُبْطِلَ الْبٰطِلَ وَلَوْ كَرِهَ الْمُجْرِمُونَ ⑨ إِذْ تَسْتَغِيثُونَ

৮। লিইউহ্বিক্বক্বাল হ্বাক্বক্বা ওয়া ইউব্‌ত্বিলাল বা-ত্বিলা ওয়ালাও কারিহাল মুজ্‌রিমূন। ৯। ইয্ তাস্‌তাগীছূনা
(৮) যাতে তিনি সত্যকে সত্য এবং মিথ্যাকে মিথ্যারূপে প্রতিপন্ন করেন, যদিও অপরাধীরা এটা অপছন্দ করে। (৯) স্মরণ কর, যখন তোমরা তোমাদের

رَبَّكُمْ فَاسْتَجَابَ لَكُمْ أَنِّي مُمِدُّكُمْ بِأَلْفٍ مِنَ الْمَلٰئِكَةِ مُرْدِفِينَ ۝

রাব্বাকুম ফাস্‌তাজা-বা লাকুম আন্নী মুমিদ্দুকুম্ বিআল্‌ফিম্ মিনাল মালা—ইকাতি মুরদিফীন।
প্রতিপালকের কাছে ফরিয়াদ করেছিলে, তিনি তোমাদের কথা শুনলেন, (বললেন) আমি তোমাদেরকে এক হাজার ফিরিশতা দ্বারা সাহায্য করব যারা পরপর আসবে।

⑩ وَمَا جَعَلَهُ اللَّهُ إِلَّا بُشْرٰى وَلِتَطْمَئِنَّ بِهِ قُلُوبُكُمْ ۚ وَمَا النَّصْرُ إِلَّا مِنْ

১০। ওয়ামা- জ্বা'আলাহুল্লা-হু ইল্লা-বুশ্‌রা- ওয়া লিতাত্বমাইন্না বিহী ক্বুলূবুকুম, ওয়া মান্ নাস্বরু ইল্লা-মিন্
(১০) আল্লাহ এরূপ করেন কেবল সু-সংবাদ দেয়ার জন্য এবং তোমাদের অন্তরে সান্ত্বনা দেয়ার জন্য। সাহায্য তো একমাত্র

عِنْدِ اللَّهِ ۚ إِنَّ اللَّهَ عَزِيزٌ حَكِيمٌ ⑪ إِذْ يُغَشِّيكُمُ النُّعَاسَ أَمَنَةً مِنْهُ وَيُنَزِّلُ

১ ع ১৫ রুকু

'ইন্দিল্লা-হ ; ইন্নাল্লা-হা 'আযীযুন হ্বাকীম। ১১। ইয্ ইউগাশ্‌শীকুমুন্ নু'আ-সা আমানাতাম্ মিনহু ওয়া ইউনায্‌যিলু
আল্লাহর থেকেই আসে। নিশ্চয় আল্লাহ পরাক্রমশালী, প্রজ্ঞাময়। (১১) স্মরণ কর, যখন আল্লাহ তোমাদেরকে তন্দ্রায় আচ্ছন্ন করেন তাঁর পক্ষ থেকে আরাম দেয়ার

عَلَيْكُمْ مِنَ السَّمَاءِ مَاءً لِيُطَهِّرَكُمْ بِهِ وَيُذْهِبَ عَنْكُمْ رِجْزَ الشَّيْطٰنِ

'আলাইকুম্ মিনাস্ সামা—ই মা—আল্ লিইউত্বাহ্‌হিরাকুম্ বিহী ওয়া ইউয্‌হিবা 'আনকুম রিযজ্বাশ্ শাইত্বা-নি
জন্য এবং তোমাদের উপর আকাশ হতে পানি বর্ষণ করেন, তোমাদেরকে তার দ্বারা পবিত্র করার জন্য এবং তোমাদের থেকে শয়তানী কুমন্ত্রণা দূর করার জন্য

وَلِيَرْبِطَ عَلٰى قُلُوبِكُمْ وَيُثَبِّتَ بِهِ الْأَقْدَامَ ⑫ إِذْ يُوحِي رَبُّكَ إِلَى

ওয়া লিইয়ার্‌বিত্বা 'আলা-ক্বুলূবিকুম ওয়া ইউছাব্বিতা বিহিল আক্বদা-ম। ১২। ইয্ ইউহী রাব্বুকা ইলাল
ও তোমাদের অন্তর সুদৃঢ় রাখার জন্য এবং তোমাদের দৃঢ়পদ রাখার জন্য। (১২) স্মরণ করুন, যখন আপনার প্রতিপালক

الْمَلٰئِكَةِ أَنِّي مَعَكُمْ فَثَبِّتُوا الَّذِينَ آمَنُوا ۚ سَأُلْقِي فِي قُلُوبِ الَّذِينَ

মালা—ইকাতি আন্নী মা'আকুম ফাছাব্বিতুল লাযীনা আ-মানূ ; সাউলক্বী ফী ক্বুলূবিল্‌লাযীনা
ফিরিশতাগণকে নির্দেশ প্রদান করেন, আমি তোমাদের সাথে আছি, তাই মুমিনদেরকে অবিচল রাখ। আমি শীঘ্রই সৃষ্টি করতেছি

○ টীকা (আঃ ১১) ঃ যুদ্ধের পূর্ব রাত্রিতে সাহাবীগণ আশঙ্কা করেছিলেন, আমাদের দিক বালুময় ভূমি, পা ডেবে যায়, এদিকে পানিও নেই। আল্লাহ্ সাহাবীদেরকে নিদ্রাচ্ছন্ন করে দিলেন। কতিপয় সাহাবীর স্বপ্নদোষ হল, তখনই বৃষ্টি বর্ষিত হল। সকলে পাক হওয়ার জন্য ও খাওয়ার জন্য পানি নিল। যমীনও শক্ত হল, পক্ষান্তরে কাফিরের দিক কর্দমাক্ত হয়ে গেল। (মুঃ কোঃ)

○ টীকা (আঃ ১২) ঃ অর্থাৎ, আপনার সাহায্যার্থে প্রেরিত ফেরেশতাদেরকে আমি বলেছিলাম, "আমি তোমাদের সঙ্গে আছি", তোমরা মুসলমানদেরকে সাহস দাও। ফলে তারা মানবাকারে ঘুরে ঘুরে বলত, তোমাদের জন্য খোশখবর, তোমাদের জয় হবে, আল্লাহ্ তোমাদের সহায়, তোমরা সাহসের সাথে যুদ্ধ কর, শত্রু তোমাদের তুলনায় খুবই কম, তোমাদের জয় সুনিশ্চিত। (মুঃ কোঃ)

كَفَرُوا الرُّعْبَ فَاضْرِبُوا فَوْقَ الْأَعْنَاقِ وَاضْرِبُوا مِنْهُمْ كُلَّ بَنَانٍ ۝

কাফারুর্ রু'বা ফাদ্বরিবূ ফাওক্বাল আ'না-ক্বি ওয়াদ্বরিবূ মিন্‌হুম কুল্‌লা বানা-ন।
কাফিরদের অন্তরে ভীতি, সুতরাং তোমরা কাফিরদের গর্দানে আঘাত কর, আর আঘাত কর প্রত্যেকটি আঙ্গুলের অগ্রভাগে।

⑬ ذٰلِكَ بِأَنَّهُمْ شَاقُّوا اللَّهَ وَرَسُولَهُ ۚ وَمَنْ يُشَاقِقِ اللَّهَ وَرَسُولَهُ فَإِنَّ

১৩। যা-লিকা বিআন্নাহুম শা—ক্বক্বুল্লা-হা ওয়া রাসূলাহ, ওয়া মাইঁ ইউশা-ক্বিক্বিল্লা-হা ওয়া রাসূলাহূ ফাইন্না
(১৩) এ কারণে যে, তারা আল্লাহ ও তাঁর রাসূলের বিরোধিতা করেছে এবং যে আল্লাহ ও তার রাসূলের বিরোধিতা করে, নিশ্চয়

اللَّهَ شَدِيدُ الْعِقَابِ ⑭ ذٰلِكُمْ فَذُوقُوهُ وَأَنَّ لِلْكٰفِرِينَ عَذَابَ النَّارِ ⑮ يٰأَيُّهَا

ল্লা-হা শাদীদুল 'ইক্বা-ব। ১৪। যা-লিকুম ফাযূক্বূহু ওয়া আন্না লিল্ কা-ফিরীনা 'আযা-বান্ না-র। ১৫। ইয়া~আইয়্যুহাল
আল্লাহ কঠিন শাস্তি প্রদানকারী। (১৪) সুতরাং এ শাস্তি উপভোগ কর এবং জেনে রেখ, কাফিরদের জন্য জাহান্নামের শাস্তি (নির্ধারিত)। (১৫) হে ঈমানদারগণ!

الَّذِينَ آمَنُوا إِذَا لَقِيتُمُ الَّذِينَ كَفَرُوا زَحْفًا فَلَا تُوَلُّوهُمُ الْأَدْبَارَ ⑯ وَمَنْ

লাযীনা আ-মানূ~ইযা- লাক্বীতুমুল্‌লাযীনা কাফারূ যাহ্বফান্ ফালা-তুওয়াল্‌লূ হুমুল আদবা-র। ১৬। ওয়া মাইঁ
যখন তোমরা কাফিরদের সাথে মুখোমুখি হবে, তখন তাদেরকে পৃষ্ঠ প্রদর্শন করবে না। (১৬) আর যে

يُوَلِّهِمْ يَوْمَئِذٍ دُبُرَهُ إِلَّا مُتَحَرِّفًا لِقِتَالٍ أَوْ مُتَحَيِّزًا إِلٰى فِئَةٍ فَقَدْ بَاءَ

ইউওয়াল্লিহিম ইয়াওমাইযিন্ দুবুরাহূ~ইল্লা- মুতাহ্বার্‌রিফাল্ লিক্বিতা-লিন আও মুতাহ্বাইয়্যিযান্ ইলা-ফিআতিন্ ফাক্বাদ্ বা—আ
সেদিন পৃষ্ঠ প্রদর্শন করবে, যুদ্ধের কৌশল অবলম্বন অথবা স্বীয় দলে আশ্রয় নেয়া ব্যতীত, সে আল্লাহর ক্রোধে পতিত হবে

بِغَضَبٍ مِنَ اللَّهِ وَمَأْوٰهُ جَهَنَّمُ ۖ وَبِئْسَ الْمَصِيرُ ⑰ فَلَمْ تَقْتُلُوهُمْ وَلٰكِنَّ اللَّهَ

বিগাদ্বাবিম্ মিনাল্লা-হি ওয়া মা'ওয়া-হু জ্বাহান্নাম ; ওয়াবি'সাল মাস্বীর। ১৭। ফালাম তাক্বতুলূহুম ওয়ালা- কিন্নাল্লা-হা
এবং তার ঠিকানা হবে জাহান্নাম আর তা হচ্ছে কতইনা গন্তব্য। (১৭) তোমরা তাদেরকে হত্যা করনি বরং আল্লাহ তাদেরকে

قَتَلَهُمْ ۖ وَمَا رَمَيْتَ إِذْ رَمَيْتَ وَلٰكِنَّ اللَّهَ رَمٰى ۚ وَلِيُبْلِيَ الْمُؤْمِنِينَ مِنْهُ

ক্বাতালাহুম, ওয়ামা- রামাইতা ইয্ রামাইতা ওয়ালা-কিন্নাল্লা-হা রামা-, ওয়ালি ইউব্‌লিয়াল্ মু'মিনীনা মিন্‌হু
হত্যা করেছেন আর যখন আপনি (বালু) নিক্ষেপ করেছিলেন তা আপনি নিক্ষেপ করেন নি, বরং আল্লাহই নিক্ষেপ করেছিলেন, যাতে তিনি মুমিনগণকে তাঁর

بَلَاءً حَسَنًا ۚ إِنَّ اللَّهَ سَمِيعٌ عَلِيمٌ ⑱ ذٰلِكُمْ وَأَنَّ اللَّهَ مُوهِنُ كَيْدِ الْكٰفِرِينَ ۝

বালা—আন্ হ্বাসানা- ; ইন্নাল্লা-হা সামী'উন্ 'আলীম। ১৮। যা-লিকুম ওয়া আন্নাল্লা-হা মূহিনু কাইদিল কা-ফিরীন।
থেকে উত্তম বিনিময় দান করতে পারেন। নিশ্চয় আল্লাহ্ সর্বশ্রোতা, সর্বজ্ঞ। (১৮) এভাবে নিশ্চয়ই আল্লাহ্ কাফিরদের ষড়যন্ত্র ধ্বংসকারী।

○ টীকা (আঃ ১৫) ঃ ইসলামের প্রাথমিক অবস্থায় নির্দেশ ছিল একজন মুসলমান দশ জন কাফিরের মুকাবেলা করবে। দশগুণের সম্মুখ হতে পলায়ন করা হারাম ছিল। বর্তমানে নির্দেশ এই যে, দ্বিগুণ কাফিরের মুকাবেলা হতে পলায়ন করা হারাম। (মুঃ কোঃ)

○ শানে নুযূল (আঃ ১৬) ঃ যুদ্ধ আরম্ভ হওয়া মাত্র কাফিররা এক সঙ্গে আক্রমণ করল, তখন হুযূর (সা) জিবরায়ীল (আ)-এর নির্দেশে এক মুষ্টি বালু কাফিরদের প্রতি নিক্ষেপ করেন, কাফিরদের চোখে মুখে ঐ বালু পড়তেই তারা বেশামাল হয়ে পড়ল। যুদ্ধে কাফিরদের ৭০ ব্যক্তি নিহত ও ৭০ ব্যক্তি বন্দী হল। যুদ্ধশেষে মুসলমানরা পরস্পর মৃত ও মৃতের হত্যা সম্বন্ধে বলাবলি করতে লাগলে এই আয়াতটি নাযিল হয়। (মুঃ কোঃ)

⑲ إِنْ تَسْتَفْتِحُوا فَقَدْ جَاءَكُمُ الْفَتْحُ ۖ وَإِنْ تَنْتَهُوا فَهُوَ خَيْرٌ لَكُمْ ۖ وَإِنْ

১৯। ইন্ তাস্তাফ্তিহূ ফাক্বাদ্ জা—আকুমুল ফাত্‌হু, ওয়া ইন্ তান্‌তাহূ ফাহুওয়া খাইরুল্ লাকুম, ওয়া ইন্
(১৯) যদি তোমরা ফয়সালা চাও; তবে ফয়সালা তোমাদের কাছে এসে গেছে। আর যদি তোমরা বিরত হও তবে তা তোমাদের জন্য কল্যাণকর, আর যদি

تَعُودُوا نَعُدْ ۖ وَلَنْ تُغْنِيَ عَنْكُمْ فِئَتُكُمْ شَيْئًا وَلَوْ كَثُرَتْ ۙ وَأَنَّ اللَّهَ مَعَ

তা'উদূ না'উদ্, ওয়া লান্ তুগ্‌নিয়া 'আন্‌কুম ফিআতুকুম শাইআওঁ ওয়ালাও কাছুরাত ওয়া আন্নাল্লা-হা মা'আল্
তোমরা পুনরায় তাই কর, তবে আমিও পুনরায় করব। আর তোমাদের দল তোমাদের কোনই কাজে আসবে না যদিও তা সংখ্যায় অধিক হয় এবং নিশ্চয়ই আল্লাহ

الْمُؤْمِنِينَ ⑳ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا أَطِيعُوا اللَّهَ وَرَسُولَهُ وَلَا تَوَلَّوْا عَنْهُ وَأَنْتُمْ

মু'মিনীন। ২০। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ~আত্বী'উল্লা-হা ওয়া রাসূলাহূ ওয়ালা-তাওয়াল্লাও 'আন্‌হু ওয়া আন্তুম
মুমিনগণের সাথে আছেন। (২০) হে ঈমানদারগণ! অনুসরণ কর আল্লাহ ও তাঁর রাসূলের এবং তাদের থেকে মুখ ফিরে থেক না, অথচ

২ ع ১৬ রুকূ

تَسْمَعُونَ ㉑ وَلَا تَكُونُوا كَالَّذِينَ قَالُوا سَمِعْنَا وَهُمْ لَا يَسْمَعُونَ ㉒ إِنَّ

তাস্‌মা'উন। ২১। ওয়ালা-তাকূনূ কাল্লাযীনা ক্বা-লূ সামি'না- ওয়া হুম লা-ইয়াস্‌মা'উন। ২২। ইন্না
তোমরা শ্রবণ করছ। (২১) তোমরা তাদের মত হয়ো না যারা বলে; "আমরা শুনেছি" অথচ তারা শোনেনা। (২২) নিশ্চয়

شَرَّ الدَّوَابِّ عِنْدَ اللَّهِ الصُّمُّ الْبُكْمُ الَّذِينَ لَا يَعْقِلُونَ ㉓ وَلَوْ عَلِمَ اللَّهُ

শার্‌রাদ্ দাওয়া—ব্বি 'ইন্দাল্লা-হিস্ব স্বুম্মুল বুকমুল্ লাযীনা লা-ইয়া'ক্বিলূন। ২৩। ওয়া লাও 'আলিমাল্লা-হু
আল্লাহর নিকট নিকৃষ্টতম জীব তারা, যারা (দ্বীনের ব্যাপারে) বধির, বোবা এবং যারা কিছুই বুঝে না। (২৩) যদি আল্লাহ তাদের মধ্যে কোন কল্যাণ দেখতেন,

فِيهِمْ خَيْرًا لَأَسْمَعَهُمْ ۖ وَلَوْ أَسْمَعَهُمْ لَتَوَلَّوْا وَهُمْ مُعْرِضُونَ ㉔ يَا أَيُّهَا الَّذِينَ

ফীহিম খাইরাল্ লাআস্‌মা'আহুম ; ওয়া লাও আস্‌মা'আহুম লাতাওয়াল্লাও ওয়াহুম্ মু'রিদ্বূন। ২৪। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা
তবে তাদেরকে শোনার তাওফীক দিতেন। যদি তাদেরকে তিনি শোনাতেনও, তবে তারা উপেক্ষা করে ফিরে যেত। (২৪) হে ঈমানদারগণ! তোমরা

آمَنُوا اسْتَجِيبُوا لِلَّهِ وَلِلرَّسُولِ إِذَا دَعَاكُمْ لِمَا يُحْيِيكُمْ ۖ وَاعْلَمُوا أَنَّ اللَّهَ

আ-মানুস্ তাজ্বীবূ লিল্লা-হি ওয়া লির্‌রাসূলি ইযা- দা'আ-কুম লিমা-ইউহ্য়ীকুম, ওয়া'লামূ~আন্নাল্লা-হা
আল্লাহ ও রাসূলের ডাকে সাড়া দাও, যখন রাসূল তোমাদেরকে এমন বিষয়ের প্রতি ডাকে যা তোমাদের জীবন সঞ্চারক। আর তোমরা জেনে রাখ, আল্লাহ

يَحُولُ بَيْنَ الْمَرْءِ وَقَلْبِهِ وَأَنَّهُ إِلَيْهِ تُحْشَرُونَ ㉕ وَاتَّقُوا فِتْنَةً لَا تُصِيبَنَّ

ইয়াহ্বূলু বাইনাল্ মার্‌ই ওয়া ক্বাল্‌বিহী ওয়া আন্নাহূ~ইলাইহি তুহ্শারূন। ২৫। ওয়াত্তাকু ফিত্‌নাতাল লা-তুস্বীবান্নাল্
মানুষ এবং তার আত্মার মাঝখানে আড়াল হয়ে থাকেন এবং তাঁর নিকটই সকলকে একত্রিত হতে হবে। (২৫) তোমরা এমন বিপদ থেকে বেঁচে থাক যা শুধু

○ শানে নুযূল (আঃ ১৯) ঃ যুদ্ধে যাত্রাকালে আবু জাহাল ও অন্যান্য নেতৃবৃন্দ কাবাঘরে আল্লাহর নিকট প্রার্থনা করল, হে খোদা! সত্যকে জয়ী এবং অসত্যকে পরাজিত করো। তখন এ আয়াতটি অবতীর্ণ হয়। (মুঃ কোঃ) ○ টীকা (আঃ ২৫) ঃ অর্থাৎ, আল্লাহর হুকুম পালনে বিলম্ব করোনা। হয়ত একটু পরে মনের এই অবস্থা থাকবে না। মনের উপর মানুষের কোন হাত নেই, সম্পূর্ণ আল্লাহর হাতে। তিনি এটাকে যেদিকে ইচ্ছা ঘুরাতে পারেন। অবশ্য প্রথমেই তিনি ফিরান না, কিংবা মনের উপর মোহর মারেন না, তবে মানুষ আল্লাহর আদেশ পালনে শিথিলতা করতে থাকলে উহার প্রতিফলস্বরূপ তিনি মনকে বিপথের দিকে ফিরান এবং নাফরমানীতে অভ্যস্ত হয়ে পড়লে তখন মোহরই তিনি মেরে দেন। (মুঃ কোঃ)

الَّذِينَ ظَلَمُوا مِنْكُمْ خَاصَّةً ۖ وَاعْلَمُوا أَنَّ اللَّهَ شَدِيدُ الْعِقَابِ ㉖ وَاذْكُرُوا

লাযীনা যালামূ মিন্‌কুম খা—স্বস্বাহ, ওয়া'লামূ~আন্নাল্লা-হা শাদীদুল 'ইক্বা-ব্। ২৬। ওয়ায্‌কুরূ~
তাদের উপরই পতিত হবে না, যারা তোমাদের মধ্যে অত্যাচারী। জেনে রাখ, আল্লাহ কঠোর শাস্তি দাতা। (২৬) আর স্মরণ কর।

إِذْ أَنْتُمْ قَلِيلٌ مُسْتَضْعَفُونَ فِي الْأَرْضِ تَخَافُونَ أَنْ يَتَخَطَّفَكُمُ النَّاسُ

ইয্ আন্‌তুম ক্বালীলুম্ মুস্‌তাদ্ব'আফূনা ফিল্ আর্‌দ্বি তাখা-ফূনা আঁই ইয়াতাখাত্ত্বাফাকুমুন্ না-সু
যখন পৃথিবীতে তোমরা ছিলে স্বল্প সংখ্যক, তোমাদেরকে দুর্বল হিসেবে গণনা করা হতো, তোমরা এ ভয় করতে যে, তোমাদেরকে লোকেরা ছিনিয়ে নিয়ে যাবে।

فَآوَاكُمْ وَأَيَّدَكُمْ بِنَصْرِهِ وَرَزَقَكُمْ مِنَ الطَّيِّبَاتِ لَعَلَّكُمْ تَشْكُرُونَ ○

ফাআ-ওয়া-কুম ওয়া অইয়্যাদাকুম্ বিনাস্বরিহী ওয়া রাযাক্বাকুম্ মিনাত্ব ত্বাইয়্যিবা-তি লা'আল্লাকুম তাশ্‌কুরূন।
অতঃপর আল্লাহ তোমাদেরকে আশ্রয় দেন এবং নিজ সাহায্য দ্বারা তোমাদেরকে শক্তিশালী করেন এবং তোমাদেরকে উত্তম খাদ্য দান করেন, যাতে তোমরা কৃতজ্ঞ হও।

㉗ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَخُونُوا اللَّهَ وَالرَّسُولَ وَتَخُونُوا أَمَانَاتِكُمْ

২৭। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ লা-তাখূনুল্লা-হা ওয়ার্ রাসূলা ওয়া তাখূনূ~আমা-না-তিকুম
(২৭) হে ঈমানদারগণ! তোমরা জেনে-শুনে আল্লাহ ও রাসূলের সাথে খেয়ানত করো না এবং তোমাদের পরস্পরের

وَأَنْتُمْ تَعْلَمُونَ ㉘ وَاعْلَمُوا أَنَّمَا أَمْوَالُكُمْ وَأَوْلَادُكُمْ فِتْنَةٌ ۙ وَأَنَّ اللَّهَ

ওয়া আন্তুম তা'লামূন। ২৮। ওয়া'লামূ~আন্নামা~আম্‌ওয়া-লুকুম ওয়া আওলা-দুকুম ফিত্‌নাতুওঁ ওয়া আন্নাল্লা-হা
আমানতেরও খেয়ানত করোনা। (২৮) জেনে রাখ যে, তোমাদের সম্পদ এবং সন্তান-সন্ততি তোমাদের জন্য পরীক্ষা স্বরূপ।

৩ ع ১৭ রুকূ

عِنْدَهُ أَجْرٌ عَظِيمٌ ㉙ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِنْ تَتَّقُوا اللَّهَ يَجْعَلْ لَكُمْ

'ইন্দাহূ~আজ্‌রুন 'আযীম। ২৯। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ~ইন্ তাত্তাকুল্লা-হা ইয়াজ্'আল্ লাকুম
মূলতঃ আল্লাহর নিকটে রয়েছে মহা প্রতিদান। (২৯) হে ঈমানদারগণ! যদি তোমরা আল্লাহকে ভয় কর, তবে আল্লাহ তোমাদেরকে

فُرْقَانًا وَيُكَفِّرْ عَنْكُمْ سَيِّئَاتِكُمْ وَيَغْفِرْ لَكُمْ ۗ وَاللَّهُ ذُو الْفَضْلِ الْعَظِيمِ ○

ফুরক্বা-নাওঁ ওয়া ইউকাফ্‌ফির 'আন্‌কুম সাইয়্যিআ-তিকুম ওয়া ইয়াগ্‌ফির লাকুম ; ওয়াল্লা-হু যুল্ ফাদ্বলিল্ 'আযীম।
ফয়সালার শক্তি দান করবেন এবং তোমাদের গুনাহ দূর করবেন এবং তোমাদেরকে ক্ষমা করে দিবেন, আল্লাহ মহা করুণাময়।

㉚ وَإِذْ يَمْكُرُ بِكَ الَّذِينَ كَفَرُوا لِيُثْبِتُوكَ أَوْ يَقْتُلُوكَ أَوْ يُخْرِجُوكَ ۚ

৩০। ওয়া ইয্ ইয়াম্‌কুরু বিকাল্ লাযীনা কাফারূ লিইউছ্‌বিতূকা আও ইয়াক্বতুলূকা আও ইউখ্‌রিজূক ;
(৩০) স্মরণ করুন, যখন কাফিরেরা আপনার ব্যাপারে চক্রান্ত করে যে, আপনাকে বন্দী করবে অথবা আপনাকে হত্যা করবে অথবা আপনাকে নির্বাসিত করবে,

○ শানে নুযূল (আঃ ২৭) ঃ কোন সাহাবী রাসূলুল্লাহ্ (স)-এর দরবারের খবর বাইরে প্রকাশ করত। মুনাফেকরা জানতে পেরে কাফিরদেরকে সাবধান করে দিত। এসম্বন্ধে এ আয়াতটি নাযিল হয়। (মুঃ কোঃ) ○ টীকা (আঃ ৩০) ঃ والله خير الماكرين ঃ (আল্লাহ সর্বোত্তম কৌশলী) মক্কার কুরাইশ নেতৃবৃন্দের সিদ্ধান্তনুযায়ী একদল যুবক রাসূলুল্লাহর (স) ঘরের বাইরে তাঁকে হত্যা করার জন্য অপেক্ষা করছিল। আল্লাহ তায়ালা তা রাসূলকে জানিয়ে দিলেন। তিনি এক মুঠো বালি নিক্ষেপ করতঃ ঘর থেকে বের হয়ে পড়লেন। যুবকরা রাসূল (সা)-কে মোটেই দেখতে পেল না। শেষ পর্যন্ত তিনি "সাওর" পাহাড়ে পৌঁছলেন। কাফিরদের মোকাবিলায় এটা ছিল আল্লাহর কৌশল। এর চেয়ে উত্তম কৌশলী আর কে হতে পারে?

وَيَمْكُرُونَ وَيَمْكُرُ اللّٰهُ ۖ وَاللّٰهُ خَيْرُ الْمٰكِرِينَ ﴿٣٠﴾ وَإِذَا تُتْلٰى عَلَيْهِمْ اٰيٰتُنَا

ওয়া ইয়াম্‌কুরূনা ওয়া ইয়াম্‌কুরুল্লা-হ ; ওয়াল্লা-হু খাইরুল মা-কিরীন। ৩১। ওয়া ইযা- তুত্‌লা- 'আলাইহিম আ-ইয়া-তুনা-
তারা চক্রান্ত করে আর আল্লাহও কৌশল করেন এবং আল্লাহই সর্বোত্তম কৌশলী। (৩১) যখন তাদের সামনে আমার আয়াত পাঠ করা হয়,

قَالُوا قَدْ سَمِعْنَا لَوْ نَشَاءُ لَقُلْنَا مِثْلَ هٰذَا ۙ إِنْ هٰذَا إِلَّا أَسَاطِيرُ الْأَوَّلِينَ ﴿٣١﴾

ক্বা-লূ ক্বাদ সামি'না- লাও নাশা—উ লাক্বুল্‌না- মিছ্‌লা হা-যা~ইন্ হা-যা~ইল্লা~আসা-ত্বীরুল আওওয়ালীন।
তখন তারা বলে, "নিশ্চয়ই আমরা শুনেছি" যদি আমরা ইচ্ছা করি তবে অনুরূপ আমরাও বলতে পারি। এটাতো শুধু পূর্ববর্তীদের ভিত্তিহীন কাহিনী।

وَإِذْ قَالُوا اللّٰهُمَّ إِنْ كَانَ هٰذَا هُوَ الْحَقَّ مِنْ عِنْدِكَ فَأَمْطِرْ عَلَيْنَا حِجَارَةً

৩২। ওয়া ইয্ ক্বা-লুল্লা-হুম্মা ইন্ কা-না হা-যা- হুওয়াল হ্বাক্বক্বা মিন্ 'ইন্দিকা ফাআম্‌ত্বির 'আলাইনা- হ্বিজ্বারাতাম্
(৩২) আর যখন তারা বলল, হে আল্লাহ! যদি এগুলো তোমার তরফ থেকে সত্য দ্বীন হয়, তবে আমাদের উপর বর্ষণ কর,

مِنَ السَّمَاءِ أَوِ ائْتِنَا بِعَذَابٍ أَلِيمٍ ﴿٣٢﴾ وَمَا كَانَ اللّٰهُ لِيُعَذِّبَهُمْ وَأَنْتَ فِيهِمْ ۚ

মিনাস্ সামা—ই আওয়ি'তিনা- বি'আযা-বিন আলীম। ৩৩। ওয়ামা- কা-নাল্লা-হু লিইউ'আয্‌যিবাহুম ওয়া আন্তা ফীহিম ;
আসমান থেকে পাথর অথবা আমাদেরকে যন্ত্রণাময় শাস্তি দাও। (৩৩) আল্লাহ এরূপ নন যে, তাদেরকে শাস্তি দিবেন এমনাবস্থায় যে আপনি তাদের মধ্যে বর্তমান

وَمَا كَانَ اللّٰهُ مُعَذِّبَهُمْ وَهُمْ يَسْتَغْفِرُونَ ﴿٣٣﴾ وَمَا لَهُمْ أَلَّا يُعَذِّبَهُمُ اللّٰهُ

ওয়ামা-কা-নাল্লা-হু মু'আয্‌যিবাহুম ওয়া হুম ইয়াস্তাগ্‌ফিরূন। ৩৪। ওয়ামা-লাহুম আল্লা-ইউ'আয্‌যিবাহুমুল্লা-হু
এবং আল্লাহ এরূপও নন যে, তাদেরকে শাস্তি দিবেন এমতাবস্থায় যে তারা ক্ষমা প্রার্থনা করছে (৩৪) তাদের কি দাবী আছে যে, আল্লাহ তাদেরকে শাস্তি দিবেন না?

وَهُمْ يَصُدُّونَ عَنِ الْمَسْجِدِ الْحَرَامِ وَمَا كَانُوا أَوْلِيَاءَهُ ۚ إِنْ أَوْلِيَاؤُهُ

ওয়া হুম ইয়াস্বুদ্দূনা 'আনিল্ মাস্‌জ্বিদিল হ্বারা-মি ওয়ামা- কা-নূ~আওলিয়া—আহ ; ইন্ আওলিয়া—উহূ~
অথচ তারা মসজিদে হারামে যেতে লোকদেরকে বিরত রাখে, কিন্তু তারা এর যিম্মাদার নয়, শুধু পরহেজগারগণই

إِلَّا الْمُتَّقُونَ وَلٰكِنَّ أَكْثَرَهُمْ لَا يَعْلَمُونَ ﴿٣٤﴾ وَمَا كَانَ صَلَاتُهُمْ عِنْدَ الْبَيْتِ

ইল্লাল্ মুত্তাক্বূনা ওয়ালা-কিন্না আক্‌ছারাহুম লা-ইয়া'লামূন। ৩৫। ওয়ামা- কা-না স্বালা-তুহুম 'ইন্দাল বাইতি
এর যিম্মাদার। কিন্তু তাদের অধিকাংশরাই তা জানে না। (৩৫) কা'বা ঘরের নিকট তাদের সালাত ছিল শুধু শিস দেয়া,

إِلَّا مُكَاءً وَتَصْدِيَةً ۚ فَذُوقُوا الْعَذَابَ بِمَا كُنْتُمْ تَكْفُرُونَ ﴿٣٥﴾ إِنَّ الَّذِينَ

ইল্লা- মুকা—আওঁ ওয়া তাস্বদিইয়াহ ; ফাযূক্বুল 'আযা-বা বিমা- কুন্তুম তাক্‌ফুরূন। ৩৬। ইন্নাল্ লাযীনা
আর কর তালি দেয়া। সুতরাং তোমরা শাস্তি ভোগ কর, তোমাদের কুফরীর কারণে। (৩৬) নিশ্চয় যারা

○ শানে নুযূল (আঃ ৩১) ঃ নাযার ইবনে হারেস বাণিজ্য করবার জন্য পারস্য দেশে গিয়েছিল। তথা হতে রুস্তম ও ইস্কেন্দিয়ারের কিস্‌সার বই খরিদ করে এনে আরবী ভাষায় অনুবাদ করল এবং বলল যে, এই কিস্‌সাটি মোহাম্মদ (সা) কর্তৃক বর্ণিত কিস্‌সাসমূহ হতে অধিক মধুর। এ সম্বন্ধে এই আয়াতটি নাযিল হয়। (মুঃ কোঃ) ○ টীকা (আঃ ৩৪) ঃ হযরত আলী (রা) বলেছেন, দুনিয়াতে আল্লাহর আযাব নাযিল হওয়ার প্রতিবন্ধক ছিল দু'টি। (১) রাসূলুল্লাহর অস্তিত্ব (২) এস্তেগফার, শেষটি মাত্র এখনো আছে। (মুঃ কোঃ) ○ শানে নুযূল (আঃ ৩৬) ঃ বদরের যুদ্ধে যোগদানের জন্য কাফিররা মক্কা হতে বাহির হলে বারজন নেতৃস্থানীয় কাফির, সৈন্যদলের খাদ্য সরবরাহ করার দায়িত্ব গ্রহণ করল। তারা প্রত্যেকে নিজের নির্দিষ্ট দিনে দশটি উট যবেহ্ করে সেনাদলকে খাওয়াত। তৎসম্বন্ধে এ আয়াতটি নাযিল হয়। (মুঃ কোঃ)

كَفَرُوا يُنْفِقُونَ أَمْوَالَهُمْ لِيَصُدُّوا عَنْ سَبِيلِ اللّٰهِ ۚ فَسَيُنْفِقُونَهَا ثُمَّ

কাফারূ ইউন্‌ফিক্বূনা আমওয়া-লাহুম লিয়াস্বুদ্দূ 'আন্ সাবীলিল্লা-হ ; ফাসাইয়ুন্‌ফিক্বূনাহা- ছুম্মা
কাফির তারা তাদের সম্পদ ব্যয় করে আল্লাহর রাস্তা থেকে (লোকদেরকে) বিরত রাখার জন্য। তারা আরও সম্পদ ব্যয় করতে থাকবে, অতঃপর

تَكُونُ عَلَيْهِمْ حَسْرَةً ثُمَّ يُغْلَبُونَ ۗ وَالَّذِينَ كَفَرُوا إِلٰى جَهَنَّمَ يُحْشَرُونَ ﴿٣٦﴾

তাকূনু 'আলাইহিম হ্বাস্‌রাতান ছুম্মা ইউগ্‌লাবূন ; ওয়াল্‌লাযীনা কাফারূ~ইলা- জ্বাহান্নামা ইউহ্‌শারূন।
তা তাদের জন্য আফসোসের কারণ হবে। অতঃপর তারা পরাজিত হবে। আর যারা কাফির, তাদেরকে জাহান্নামের দিকে একত্রিত করা হবে।

لِيَمِيزَ اللّٰهُ الْخَبِيثَ مِنَ الطَّيِّبِ وَيَجْعَلَ الْخَبِيثَ بَعْضَهُ عَلٰى بَعْضٍ

৩৭। লিয়ামীযাল্লা-হুল খাবীছা মিনাত্ব ত্বাইয়্যিবি ওয়া ইয়াজ্ব'আলাল্ খাবীছা বা'দ্বাহূ 'আলা- বা'দ্বিন্
(৩৭) যাতে আল্লাহ নিকৃষ্টকে ভাল থেকে আলাদা করেন এবং নিকৃষ্টদেরকে একে অপরের সাথে মিলিয়ে দেন।

فَيَرْكُمَهُ جَمِيعًا فَيَجْعَلَهُ فِي جَهَنَّمَ ۚ أُولٰئِكَ هُمُ الْخٰسِرُونَ ﴿٣٧﴾ قُلْ

ফাইয়ার্‌কুমাহূ জ্বামী'আন্ ফাইয়াজ্ব'আলাহূ ফী জ্বাহান্নাম ; উলা—ইকা হুমুল খা-সিরূন। ৩৮। ক্বুল্
অতঃপর তাদের সকলকে জড়ো করে জাহান্নামে ফেলে দেন। আর এরাই ক্ষতিগ্রস্ত। (৩৮) আপনি বলুন,

لِلَّذِينَ كَفَرُوا إِنْ يَنْتَهُوا يُغْفَرْ لَهُمْ مَا قَدْ سَلَفَ ۚ وَإِنْ يَعُودُوا

লিল্ লাযীনা কাফারূ ইঁইয়ান্‌তাহূ ইউগ্‌ফার্ লাহুম্ মা-ক্বাদ্ সালাফ, ওয়া ইঁয় ইয়া'উদ্
কাফিরদেরকে যদি তারা (কুফরী থেকে) বিরত থাকে, তবে তাদের পূর্বের সকল কিছু ক্ষমা করা হবে। কিন্তু তারা যদি (কুফরী কাজে)

فَقَدْ مَضَتْ سُنَّتُ الْأَوَّلِينَ ﴿٣٨﴾ وَقَاتِلُوهُمْ حَتّٰى لَا تَكُونَ فِتْنَةٌ

ফাক্বাদ্ মাদ্বাত্ সুন্নাতুল্ আওওয়ালীন। ৩৯। ওয়া ক্বা-তিলূহুম হ্বাত্তা-লা- তাকূনা ফিত্‌নাতুঁও
পুনরাবৃত্তি করে, তবে পূর্ববর্তীগণের রীতি তো নির্ধারিত আছে। (৩৯) এবং তোমরা তাদের সাথে যুদ্ধ করবে যতক্ষণ না ফিতনা

وَيَكُونَ الدِّينُ كُلُّهُ لِلّٰهِ ۚ فَإِنِ انْتَهَوْا فَإِنَّ اللّٰهَ بِمَا يَعْمَلُونَ بَصِيرٌ ﴿٣٩﴾

ওয়া ইয়াকূনাদ্‌দীনু কুল্‌লুহূ লিল্লা-হ, ফাইনিন্‌তাহাও ফাইন্নাল্লা-হা বিমা- ইয়া'মালূনা বাস্বীর।
বিদূরীত হয় এবং সর্বত্র আল্লাহর দ্বীন কায়েম হয়, আর যদি তারা বিরত থাকে তবে নিশ্চয়ই তারা যা কিছু করে আল্লাহ তার সর্বদ্রষ্টা।

وَإِنْ تَوَلَّوْا فَاعْلَمُوا أَنَّ اللّٰهَ مَوْلٰىكُمْ ۚ نِعْمَ الْمَوْلٰى وَنِعْمَ النَّصِيرُ ﴿٤٠﴾

৪০। ওয়া ইন্ তাওয়াল্লাও ফা'লামূ~আন্নাল্লা-হা মাওলা-কুম ; নি'মাল্ মাওলা- ওয়া নি'মান নাস্বীর।
(৪০) আর যদি তারা মুখ ফিরিয়ে নেয়, তবে জেনে রাখ, নিশ্চয়ই আল্লাহ তোমাদের অভিভাবক। তিনি অতি উত্তম বন্ধু এবং অতি উত্তম সাহায্যকারী।

○ টীকা (আঃ ৩৮) ঃ অর্থাৎ দুনিয়াতে তারা ধ্বংস-প্রাপ্ত হয়েছে এবং আখেরাতে তারা আযাব ভোগ করবে। তোমাদের বেলায়ও সেই নিয়মই চলবে। বস্তুতঃ আরবের কাফিরদের বেলায় দুনিয়ার শাস্তি শুধু হত্যা, অন্য কোন বিধান নেই। কিন্তু বহিরাগত কাফিরদের বেলায় 'যিম্মী' বানিয়ে রাখারও বিধান আছে। যিম্মীরূপে জীবন-যাপন করাও জাতীয় স্বাধীন সত্তার পক্ষে ধ্বংস প্রাপ্তিই বটে। (বঃ কোঃ)

○ টীকা (আঃ ৩৯) ঃ আজন্ম কাফির এবং মুরতাদ উভয়েরই এই ওয়াদা। এই ওয়াদা কেবল খোদার হক সম্বন্ধেই করা হয়েছে।

○ বিশ্লেষণ (আঃ ৩৯) ঃ فتنة ফিতনা দ্বারা শিরক বুঝানো হয়েছে।

পারা ১০

﴿٤١﴾ وَاعْلَمُوْٓا اَنَّمَا غَنِمْتُمْ مِّنْ شَيْءٍ فَاَنَّ لِلّٰهِ خُمُسَهٗ وَلِلرَّسُوْلِ وَلِذِي

৪১। ওয়া'লামূ~আন্নামা- গানিম্তুম্ মিন্ শাইয়িন্ ফাআন্না লিল্লা-হি খুমুসাহূ ওয়া লির্রাসূলি ওয়া লিযিল্

(৪১) আর জেনে রাখো যে, তোমরা যা কিছু গনিমত হিসেবে (কাফির থেকে) অর্জন করবে, তার এক-পঞ্চমাংশ আল্লাহর জন্য, আল্লাহর রাসূলের জন্য, তাঁর

الْقُرْبٰى وَالْيَتٰمٰى وَالْمَسٰكِيْنِ وَابْنِ السَّبِيْلِ اِنْ كُنْتُمْ اٰمَنْتُمْ بِاللّٰهِ

ক্বুর্বা- ওয়াল্ ইয়াতা-মা- ওয়াল্ মাসা-কীনি ওয়াব্নিস্ সাবীলি, ইন্ কুন্তুম্ আ-মান্তুম্ বিল্লা-হি

আত্মীয়-স্বজনের জন্য, ইয়াতীমদের জন্য, দরিদ্রদের জন্য এবং মুসাফিরদের জন্য, যদি তোমরা বিশ্বাস রাখ আল্লাহর প্রতি এবং সে বিষয়ের প্রতি যা আমি

وَمَآ اَنْزَلْنَا عَلٰى عَبْدِنَا يَوْمَ الْفُرْقَانِ يَوْمَ الْتَقَى الْجَمْعٰنِ وَاللّٰهُ عَلٰى كُلِّ

ওয়ামা~আনযাল্না- 'আলা- 'আব্দিনা- ইয়াওমাল্ ফুর্ক্বা-নি ইয়াওমাল্ তাক্বাল্ জাম্'আ-ন ; ওয়াল্লা-হু 'আলা- কুল্লি

অবতীর্ণ করেছিলাম আমার বান্দার প্রতি (হক ও বাতিলের) পার্থক্যকরণের দিনে, যেদিন দুটি দল (মুসলমান ও কাফির) পরস্পর মিলিত হয়েছিল এবং আল্লাহই

شَيْءٍ قَدِيْرٌ ﴿٤٢﴾ اِذْ اَنْتُمْ بِالْعُدْوَةِ الدُّنْيَا وَهُمْ بِالْعُدْوَةِ الْقُصْوٰى وَالرَّكْبُ

শাইয়িন্ ক্বাদীর। ৪২। ইয্ আন্তুম্ বিল্ 'উদ্ওয়াতিদ্ দুন্ইয়া- ওয়া হুম্ বিল'উদ্ওয়াতিল্ কুস্ওয়া- ওয়ার্রাক্বু

সর্ব বিষয়ে ক্ষমতাবান। (৪২) স্মরণ কর, যখন তোমরা ছিলে উপত্যকার নিকট প্রান্তে এবং তারা ছিল দূর প্রান্তে এবং কাফেলা ছিল

اَسْفَلَ مِنْكُمْ وَلَوْ تَوَاعَدْتُّمْ لَاخْتَلَفْتُمْ فِي الْمِيْعٰدِ وَلٰكِنْ لِّيَقْضِيَ

আসফালা মিন্কুম্; ওয়া লাও তাওয়া-'আদ্তুম্ লাখ্তালাফ্তুম্ ফিল্ মী'আ-দি ওয়ালা-কিল্ লিইয়াক্ব্দ্বিয়া

তোমাদের থেকে নিম্নাঞ্চলে। আর যদি তোমরা পারস্পরিক ওয়াদাবদ্ধ হতে (যুদ্ধ সম্পর্কে) তবে অবশ্যই তোমাদের মধ্যে এ ব্যাপারে মতভেদ সৃষ্টি হত।

اللّٰهُ اَمْرًا كَانَ مَفْعُوْلًا لِّيَهْلِكَ مَنْ هَلَكَ عَنْۢ بَيِّنَةٍ وَّيَحْيٰى مَنْ حَيَّ عَنْۢ

ল্লা-হু আমরান্ কা-না মাফ'উ-লাল লিইয়াহ্লিকা মান্ হালাকা 'আম্ বাইয়্যিনাতিওঁ ওয়া ইয়াহ্ইয়া- মান্ হাইয়্যা 'আম্

কিন্তু আল্লাহ সম্পন্ন করতে চান যে কাজটি ঘটার ছিল, অর্থাৎ যে ধ্বংস হবে সে যেন ধ্বংস হয় প্রমাণ ভিত্তিক এবং যে বেঁচে থাকবে সে যেন বেঁচে থাকে প্রমাণ ভিত্তিক।

بَيِّنَةٍ وَاِنَّ اللّٰهَ لَسَمِيْعٌ عَلِيْمٌ ﴿٤٣﴾ اِذْ يُرِيْكَهُمُ اللّٰهُ فِيْ مَنَامِكَ قَلِيْلًا وَلَوْ

বায়্যিনাতিন্; ওয়া ইন্নাল্লা-হা লাসামী'উন্ 'আলীম। ৪৩। ইয্ ইয়ুরীকা হুমু ল্লা-হু ফী-মানা-মিকা ক্বালীলা; ওয়া লাও

নিশ্চয়ই আল্লাহ সর্বশ্রোতা, মহাজ্ঞানী। (৪৩) স্মরণ করুন, যখন আল্লাহ আপনাকে স্বপ্নে তাদের সংখ্যা অল্প দেখিয়েছিলেন, যদি তাদের সংখ্যা আপনাকে বেশী দেখাতেন

اَرٰىكَهُمْ كَثِيْرًا لَّفَشِلْتُمْ وَلَتَنَازَعْتُمْ فِي الْاَمْرِ وَلٰكِنَّ اللّٰهَ سَلَّمَ اِنَّهٗ

আরা- কাহুম্ কাছীরাল্ লাফাশিল্তুম্ ওয়ালাতানা- যা'তুম্ ফিল্ আম্রি ওয়া লা-কিন্নাল্লা-হা সাল্লাম; ইন্নাহূ

তবে অবশ্যই আপনি হতোদ্যম হয়ে পড়তেন এবং তোমরা অবশ্যই পরস্পর বিরোধ সৃষ্টি করতে কর্ম নির্ধারণ ব্যাপারে। কিন্তু আল্লাহ তোমাদেরকে রক্ষা করেছেন, নিশ্চয়ই

০ টীকা (আঃ ৪১) ঃ ...... فان لله خمسه و (আল্লাহর জন্য পঞ্চমাংশ এবং) এখানে আল্লাহর নাম বরকতের জন্য উল্লেখ করা হয়েছে। এ ছাড়া মূলতঃ সব কিছুরই আসল মালিক তিনি। বস্তুতঃ গনীমতের মাল পাঁচ ভাগ করে চার ভাগ যুদ্ধে অংশ গ্রহণকারী মুজাহিদগণের জন্য এবং বাকী এক অংশে (خمس) পুনরায় পাঁচ ভাগ করে এক ভাগ রাসূলের (স), এক ভাগ তাঁর আত্মীয়-স্বজনের, এক ভাগ ইয়াতীমদের, এক ভাগ মিসকীনদের, আর এক ভাগ মুসাফিরদের জন্য। রাসূলুল্লাহর ইন্তেকালের পরে এখন তাঁর অংশ মুসলমানদের কল্যাণ মূলক কাজে ব্যয় হবে অথবা তখনকার ইমাম প্রাপ্ত হবেন অথবা বাকী চার অংশের মধ্যে মিলিয়ে দেয়া হবে। (তাঃ কাদেরী)

عَلِيْمٌۢ بِذَاتِ الصُّدُوْرِ ﴿٤٤﴾ وَاِذْ يُرِيْكُمُوْهُمْ اِذِ الْتَقَيْتُمْ فِيْٓ اَعْيُنِكُمْ قَلِيْلًا

'আলীমুম্ বিযা-তিস স্বুদূর। ৪৪। ওয়া ইয্ ইয়ুরীকুমূ হুম্ ইযিল্ তাক্বাইতুম্ ফী~আ'ইয়ুনিকুম্ ক্বালীলাওঁ

তিনি অন্তর্যামী। (৪৪) আর যখন তোমরা দু'দল পরস্পর মিলিত হয়েছিলে তখন তিনি তাদেরকে দেখিয়েছিলেন তোমাদের দৃষ্টিতে অল্প সংখ্যক করে

وَّيُقَلِّلُكُمْ فِيْٓ اَعْيُنِهِمْ لِيَقْضِيَ اللّٰهُ اَمْرًا كَانَ مَفْعُوْلًا وَاِلَى اللّٰهِ

ওয়া ইয়ুক্বাল্লিলুকুম্ ফী~আ'ইয়ুনিহিম্ লিইয়াক্ব্দ্বিয়াল্লা-হু আম্রান্ কা-না মাফ'উলা-; ওয়া ইলাল্লা-হি

এবং তাদের দৃষ্টিতে তোমাদেরকে দেখিয়েছিলেন স্বল্প সংখ্যক করে, যাতে আল্লাহ সম্পন্ন করতে পারেন যা ঘটার ছিল এবং আল্লাহর দিকেই

রুকূ ৫

تُرْجَعُ الْاُمُوْرُ ﴿٤٥﴾ يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اِذَا لَقِيْتُمْ فِئَةً فَاثْبُتُوْا وَاذْكُرُوا اللّٰهَ

তুর্জা'উল্ উমূর। ৪৫। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ~ইযা- লাক্বীতুম্ ফিআতান্ ফাছবুতূ ওয়াযকুরুল্লা-হা

প্রত্যাবর্তিত হয় সকল ব্যাপার। (৪৫) হে ঈমানদারগণ! যখন তোমরা কোন (শত্রু) দলের সাথে (যুদ্ধের ময়দানে) মুখোমুখি হবে তখন তোমরা অবিচল থাকবে এবং অধিক

كَثِيْرًا لَّعَلَّكُمْ تُفْلِحُوْنَ ﴿٤٦﴾ وَاَطِيْعُوا اللّٰهَ وَرَسُوْلَهٗ وَلَا تَنَازَعُوْا فَتَفْشَلُوْا

কাছীরাল লা'আল্লাকুম্ তুফ্লিহূন্। ৪৬। ওয়া আত্বী'উল্লা-হা ওয়া রাসূলাহূ ওয়ালা- তানা-যা'উ- ফাতাফ্শালূ

পরিমাণে আল্লাহকে স্মরণ করবে। আশা করা যায় তোমরা সফলকাম হবে। (৪৬) আর আল্লাহ এবং তাঁর রাসূলের আনুগত্য করবে এবং তোমরা পরস্পর ঝগড়া করবে না।

وَتَذْهَبَ رِيْحُكُمْ وَاصْبِرُوْا اِنَّ اللّٰهَ مَعَ الصّٰبِرِيْنَ ﴿٤٧﴾ وَلَا تَكُوْنُوْا

ওয়া তায্হাবা রীহুকুম্ ওয়াস্ববিরূ, ইন্নাল্লা-হা মা'আসস্বা-বিরীন। ৪৭। ওয়ালা- তাকূনূ

অন্যথায় তোমরা শক্তিহীন হয়ে পড়বে এবং তোমাদের প্রতিপত্তি চলে যাবে এবং তোমরা ধৈর্য ধারণ কর, নিশ্চয়ই আল্লাহ ধৈর্যশীলদের সাথে আছেন। (৪৭) তোমরা তাদের

كَالَّذِيْنَ خَرَجُوْا مِنْ دِيَارِهِمْ بَطَرًا وَّرِئَآءَ النَّاسِ وَيَصُدُّوْنَ عَنْ سَبِيْلِ

কাল্লাযীনা খরাজূ মিন্ দিয়া-রিহিম্ বাত্বারাওঁ ওয়া রিআ—আন্না-সি ওয়া ইয়াস্বুদ্দূনা 'আন্ সাবীলি

মত হয়োনা, যারা তাদের ঘর হতে বের হয়েছিল অহংকারী অবস্থায় ও লোক দেখানোর জন্য এবং আল্লাহর রাস্তা থেকে মানুষকে বাধা প্রদান করেছিল।

اللّٰهِ وَاللّٰهُ بِمَا يَعْمَلُوْنَ مُحِيْطٌ ﴿٤٨﴾ وَاِذْ زَيَّنَ لَهُمُ الشَّيْطٰنُ اَعْمَالَهُمْ

ল্লা-হি, ওয়াল্লা-হু বিমা- ই'য়ামালূনা মুহীত্ব। ৪৮। ওয়া ইয্ যাইয়্যানা লাহুমুশ্ শাইত্বা-নু আ'মা-লাহুম্

আল্লাহ তাদের কার্যসমূহ বেষ্টন করে আছেন। (৪৮) যখন শয়তান শোভনীয় করে তুলল, (তাদের সামনে) তাদের আমলগুলো

وَقَالَ لَا غَالِبَ لَكُمُ الْيَوْمَ مِنَ النَّاسِ وَاِنِّيْ جَارٌ لَّكُمْ فَلَمَّا تَرَآءَتِ

ওয়া ক্বা-লা লা-গা-লিবা লাকুমুল্ ইয়াওমা মিনান্ না-সি ওয়া ইন্নী জ্বা-রুল্লাকুম্, ফালাম্মা- তারা—আতিল্

এবং বলল, লোকদের মধ্য হতে কেউই আজ তোমাদের উপর বিজয় লাভ করতে পারবে না এবং আমি তোমাদের সাহায্যকারী। অতঃপর যখন দু'দল পরস্পর

الْفِئَتٰنِ نَكَصَ عَلٰى عَقِبَيْهِ وَقَالَ اِنِّيْ بَرِيْٓءٌ مِّنْكُمْ اِنِّيْٓ اَرٰى مَا لَا تَرَوْنَ

ফিআতা-নি নাকাস্বা'আলা- 'আক্বিবাইহি ওয়া ক্বা-লা ইন্নী বারী—উম্ মিন্কুম্ ইন্নী~আরা- মা- লা- তারাওনা

মুখোমুখি হল, তখন সে পিছপা হয়ে সরে গেল এবং বলল, আমি তোমাদের থেকে বিচ্ছিন্ন হলাম, নিশ্চয়ই আমি যা দেখছি

إِنِّيٓ أَخَافُ اللّٰهَ ۚ وَاللّٰهُ شَدِيدُ الْعِقَابِ ﴿٤٩﴾ إِذْ يَقُولُ الْمُنٰفِقُونَ وَالَّذِينَ

ইন্নী~আখা-ফুল্লা-হা; ওয়াল্লা-হু শাদীদুল্ 'ইক্বা-ব্। ৪৯। ইয্ ইয়াক্বূলুল্ মুনা-ফিক্বূনা ওয়াল্লাযীনা

তা তোমরা দেখতে পাও না। নিশ্চয়ই আমি আল্লাহকে ভয় করি, আল্লাহ কঠিন শাস্তি দাতা। (৪৯) আর যখন মুনাফিক ও যাদের

فِي قُلُوبِهِمْ مَرَضٌ غَرَّ هٰٓؤُلَآءِ دِينُهُمْ ۗ وَمَنْ يَتَوَكَّلْ عَلَى اللّٰهِ فَإِنَّ اللّٰهَ

ফী ক্বুলূবিহিম্ মারাদ্বুন গার্‌রা হা~উলা—য়ি দীনুহুম্; ওয়া মাঁই ইয়াতাওয়াক্কাল্ 'আলাল্লা-হি ফাইন্নাল্লা-হা

অন্তরে ব্যাধি রয়েছে তারা বলল, "এদেরকে তাদের ধর্ম ধোকায় ফেলেছে।" যে কেউই আল্লাহর উপর ভরসা করে, নিশ্চয়ই আল্লাহ

عَزِيزٌ حَكِيمٌ ﴿٥٠﴾ وَلَوْ تَرٰىٓ إِذْ يَتَوَفَّى الَّذِينَ كَفَرُوا ۙ الْمَلٰٓئِكَةُ يَضْرِبُونَ

'আযীযুন্ হ্বাকীম্। ৫০। ওয়া লাও তারা~ইয্ ইয়াতাওয়াফ্যাল্লাযীনা কাফারুল্ মালা—য়িকাতু ইয়াদ্বরিবূনা

শক্তিশালী ও বিজ্ঞ। (৫০) আর যদি আপনি দেখতেন, যখন ফিরিশতাগণ কাফিরদের জান কবয করে (এমন অবস্থায় যে) তাদের

وُجُوهَهُمْ وَأَدْبَارَهُمْ ۚ وَذُوقُوا عَذَابَ الْحَرِيقِ ﴿٥١﴾ ذٰلِكَ بِمَا قَدَّمَتْ

উজুহাহুম্ ওয়া আদবা-রাহুম্, ওয়া যূক্বূ 'আযা-বাল্ হ্বারীক্ব্। ৫১। যা-লিকা বিমা- ক্বাদ্দামাত্

মুখমণ্ডল ও পৃষ্ঠ দেশে আঘাত করে (এবং বলে) জ্বলন্ত অগ্নির শাস্তি উপভোগ কর। (৫১) এ শাস্তি তোমাদের সে সব কর্মের জন্য

أَيْدِيكُمْ وَأَنَّ اللّٰهَ لَيْسَ بِظَلَّامٍ لِّلْعَبِيدِ ﴿٥٢﴾ كَدَأْبِ اٰلِ فِرْعَوْنَ ۙ وَالَّذِينَ

○ টীকা (আঃ ৭৮) ঃ অর্থাৎ, তোমরা কি বলতে চাও যে, তা যাদু? কখনই তা যাদু নয়। কেননা, কোন যাদুকর নবুওয়াতের দাবী করে তার পোষকতায় ঐন্দ্রজালিক লীলা দেখাতে চাইলে সফলকাম হয় না; কিন্তু আমি নবুওয়াতের দাবী করার পর অলৌকিক ব্যাপার দেখাতে সক্ষম হয়েছি। অতএব, আমার এই কার্যকলাপ যাদু ও আমি যাদুকর হওয়া অসম্ভব। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৭৯) ঃ অর্থাৎ, ফেরআউনের লোক মূসা (আ)-এর এই অকাট্য যুক্তির কোনই উত্তর দিতে পারল না। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৮২) ঃ এখানে 'বাণী' দ্বারা সেই নিদর্শনকে বুঝানো হয়েছে, যা আল্লাহ তায়ালা তাঁর কিতাবে অবতীর্ণ করেছেন। যা তিনি তাঁর নবীগণকে দান করেছেন অথবা সে নিদর্শন, যা আল্লাহ তায়ালার নির্দেশে নবীর মাধ্যমে প্রকাশ পায়। অথবা যা আল্লাহ তায়ালার "কুন" শব্দ দ্বারা প্রকাশ পায়। (কুঃ কারীম)

يقوم ان كنتم امنتم بالله فعليه توكلوا ان كنتم مسلمين ۝ فقالوا

ইয়া-ক্বাওমি ইন্ কুনতুম আ-মানতুম বিল্লা-হি ফা'আলাইহি তাওয়াক্কালূ~ইন কুনতুম মুসলিমীন। ৮৫। ফাক্বা-লূ
হে আমার সম্প্রদায়! যদি তোমরা আল্লাহর প্রতি বিশ্বাস স্থাপন কর তবে তাঁর উপর ভরসা কর যদি তোমরা মুসলমান হয়ে থাক। (৮৫) তারা বলল, আমরা

على الله توكلنا ج ربنا لا تجعلنا فتنة للقوم الظلمين ۝ ونجنا برحمتك

'আলাল্লা-হি তাওয়াক্কালনা-, রাব্বানা লা- তাজ্ব'আলনা- ফিতনাতাল লিল ক্বাওমিয্ যা-লিমীন। ৮৬। ওয়া নাজ্জিনা বিরাহ্‌মাতিকা
আল্লাহর উপর ভরসা করলাম, হে আমাদের প্রতিপালক! তুমি আমাদেরকে অত্যাচারী সম্প্রদায়ের অত্যাচারের পাত্র করো না। (৮৬) আর আমাদেরকে তোমার রহমত

من القوم الكفرين ۝ واوحينا الى موسى واخيه ان تبوا لقومكما بمصر

মিনাল ক্বাওমিল কা-ফিরীন। ৮৭। ওয়া আওহাইনা~ইলা- মূসা- ওয়া আখীহি আন্ তাবাওয়্যাআ- লিক্বাওমিকুমা- বিমিস্বরা
দ্বারা কাফির সম্প্রদায়ের থেকে নাজাত দাও। (৮৭) আমি মূসা এবং তার ভাইয়ের নিকট অহী প্রেরণ করলাম যে, তোমরা তোমাদের সম্প্রদায়ের জন্য মিশরে ঘর তৈয়ার

بيوتا واجعلوا بيوتكم قبلة واقيموا الصلوة ط وبشر المؤمنين ۝ وقال

বুয়ূতাওঁ ওয়াজ্ব'আলূ বুয়ূতাকুম ক্বিবলাতাওঁ ওয়া আক্বীমুস্ব স্বালা-হ, ওয়া বাশ্‌শিরিল্ মু'মিনীন। ৮৮। ওয়া ক্বা-লা
কর এবং তোমাদের ঘরগুলোকে নামাযের স্থান নির্ণয় কর এবং নামায কায়েম কর এবং মুমিনগণকে সুসংবাদ দাও। (৮৮) মূসা বললেন,

موسى ربنا انك اتيت فرعون وملاه زينة واموالا في الحيوة الدنيا لا

মূসা- রাব্বানা~ইন্নাকা আ-তাইতা ফির'আওনা ওয়া মালাআহূ যীনাতাওঁ ওয়া আমওয়া-লান ফিল্ হায়াতিদ দুন্‌ইয়া
হে আমাদের প্রতিপালক! তুমি ফেরআউন ও তার নেতৃবৃন্দকে পার্থিব জীবনে সৌন্দর্য এবং বহু সম্পদ দিয়েছ।

ربنا ليضلوا عن سبيلك ج ربنا اطمس على اموالهم واشدد على قلوبهم

রাব্বানা- লিইউদ্বিল্লূ 'আন্ সাবীলিক, রাব্বানাত্বমিস্ 'আলা~আমওয়া-লিহিম ওয়াশদুদ 'আলা কুলূবিহিম
হে আমাদের প্রতিপালক! যা দিয়ে তারা তোমার রাস্তা থেকে বিভ্রান্ত করে, হে আমাদের প্রতিপালক, তাদের সম্পদ ধ্বংস কর এবং তাদের হৃদয়গুলো মোহর

فلا يؤمنوا حتى يروا العذاب الاليم ۝ قال قد اجيبت دعوتكما

ফালা- ইউ'মিনূ হাত্তা- ইয়ারাউল্ 'আযা-বাল্ আলীম। ৮৯। ক্বা-লা ক্বাদ্ উজ্বীবাত্ দা'ওয়াতুকুমা-
করে দাও। তারা বিশ্বাস স্থাপন করবে না, যতক্ষণ পর্যন্ত না তারা কষ্টদায়ক শাস্তি দেখবে। (৮৯) আল্লাহ বললেন, তোমাদের দু'জনার প্রার্থনা গ্রহণ করা হলো।

فاستقيما ولا تتبعن سبيل الذين لا يعلمون ۝ وجوزنا ببني اسراءيل

ফাস্তাক্বীমা- ওয়ালা- তাত্তাবি'আ—ন্নি সাবীলাল্লাযীনা লা-ইয়া'লামূন। ৯০। ওয়া জ্বাওয়ায্‌না- বিবানী~ইসরা—ঈলাল্
সুতরাং তোমরা অটল থাক এবং যারা কিছু জানে না তাদের পথ অনুসরণ কর না। (৯০) আমি বনী ইসরাঈলকে সমুদ্র পার করালাম।

البحر فاتبعهم فرعون وجنوده بغيا وعدوا ط حتى اذا ادركه الغرق لا

বাহ্‌রা ফাআত্‌বা'আহুম ফির'আওনু ওয়া জুনূদুহূ বাগইয়াওঁ ওয়া 'আদ্‌ওয়া-, হাত্তা~ইযা~আদরাকাহুল গারাকু
অতঃপর তাদের অনুসরণ করল ফিরআউন এবং তার সৈন্য বাহিনী, অত্যাচার ও শত্রুতা করার উদ্দেশ্যে। এমনকি যখন সে ডুবে যাচ্ছিল তখন

قال امنت انه لا اله الا الذي امنت به بنوا اسرائيل وانا من المسلمين ۝

ক্বা-লা আ-মানতু আন্নাহূ লা~ইলা-হা ইল্লাল্লাযী~আ-মানাত বিহী বানূ~ইসরা—ঈলা ওয়া আনা- মিনাল্ মুসলিমীন।
বলল, আমি ঈমান এনেছি, ঈমান এনেছে যার উপর বনী ইসরাঈল। নিশ্চয়ই তিনি ছাড়া কোন মাবুদ নেই এবং আমি আত্মসমর্পণকারীদের অন্তর্ভুক্ত।

الئن وقد عصيت قبل وكنت من المفسدين ۝٩١ فاليوم ننجيك ببدنك

৯১। আল—আ-না ওয়াক্বাদ 'আসাইতা ক্বাবলু ওয়া কুনতা মিনাল্ মুফসিদীন। ৯২। ফাল্ইয়াওমা নুনাজ্জীকা বিবাদানিকা
(৯১) এখন ঈমান এনেছ? অথচ এর পূর্বে তুমি অমান্য করেছ এবং তুমি ছিলে বিশৃংখলা সৃষ্টিকারীদের মধ্যে। (৯২) আজ আমি তোমার দেহটি উদ্ধার করব,

لتكون لمن خلفك اية ط وان كثيرا من الناس عن ايتنا لغفلون ۝٩٢ ولقد

৯
ع
১৪
রুকূ

লিতাকূনা লিমান খাল্ফাকা আ-ইয়াহ্, ওয়া ইন্না কাছীরাম মিনান্ না-সি 'আন্ আ-ইয়া-তিনা- লাগা-ফিলূন। ৯৩। ওয়া লাক্বাদ
যাতে তুমি তোমার পরবর্তীদের জন্য দৃষ্টান্ত হয়ে থাক। আর মানুষের মধ্য হতে, অনেকেই আমার নিদর্শন সম্বন্ধে বেখবর। (৯৩) আমি বনী

بوانا بني اسرائيل مبوا صدق ورزقنهم من الطيبت ج فما اختلفوا حتى

বাওয়া'না বানী~ইসরা—ঈলা মুবাওওয়াআ স্বিদক্বিঁও ওয়া রাযাক্বনা-হুম মিনাত্ব ত্বাইয়্যিবা-ত, ফামাখ্তালাফূ হাত্তা-
ইসরাঈলকে সুন্দর বাসস্থানে অবস্থান করালাম এবং তাদেরকে উত্তম বস্তু হতে খাদ্য দিলাম। অতঃপর তাদের কাছে জ্ঞান আসলে,

جاءهم العلم ط ان ربك يقضي بينهم يوم القيمة فيما كانوا فيه يختلفون ۝

জা—আহুমুল্ 'ইল্ম, ইন্না রাব্বাকা ইয়াক্বদ্বী বাইনাহুম ইয়াওমাল ক্বিয়া-মাতি ফীমা- কা-নূ ফীহি ইয়াখ্তালিফূন।
তারা মতভেদ করল। নিশ্চয়ই আপনার প্রতিপালক কিয়ামতের দিন তাদের মাঝে ফয়সালা করবেন যে বিষয়ে তারা মতভেদ করেছিল।

٩٤ فان كنت في شك مما انزلنا اليك فسئل الذين يقرءون الكتب

৯৪। ফাইন্ কুনতা ফী শাক্কিম মিম্মা~আনযালনা~ইলাইকা ফাস্আলিল্লাযীনা ইয়াক্বরাউনাল্ কিতা-বা
(৯৪) যদি আপনি সন্দেহের মধ্যে থাকেন সে সম্পর্কে যা আমি আপনার প্রতি অবতীর্ণ করেছি, তবে তাদেরকে জিজ্ঞাসা করুন যারা আপনার পূর্বের কিতাব পাঠ করে।

من قبلك ج لقد جاءك الحق من ربك فلا تكونن من الممترين ۝

মিন্ ক্বাবলিক, লাক্বাদ জা—আকাল হাক্বকু মির রাব্বিকা ফালা- তাকূনান্না মিনাল মুমতারীন।
নিশ্চয়ই আপনার প্রতিপালকের থেকে আপনার কাছে সত্য (কিতাব) এসেছে। আপনি কখনই সন্দেহকারীদের অন্তর্ভুক্ত হবেন না।

٩٥ ولا تكونن من الذين كذبوا بايت الله فتكون من الخسرين ۝

৯৫। ওয়ালা- তাকূনান্না মিনাল্লাযীনা কায্যাবূ বিআ-ইয়া-তিল্লা-হি ফাতাকূনা মিনাল খা-সিরীন।
(৯৫) আর যারা আল্লাহর আয়াতকে মিথ্যা বলেছে আপনি কখনই তাদের অন্তর্ভুক্ত হবেন না। তাহলে আপনিও ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হবেন।

✪ বিশ্লেষণ (আঃ ৯২) ঃ যখন ফিরআউন ডুবে গেল, তখন তার মৃত্যু হওয়াটা কিছু লোক বিশ্বাস করছিল না। আল্লাহতায়ালার নির্দেশে সমুদ্র তার মৃত দেহটি উপরে নিক্ষেপ করল এবং তা সকলে দেখে নিল, এখনও তার মৃত দেহটি মিশরের একটি যাদুঘরে রক্ষিত আছে। (কুঃ কারীম)

✪ টীকা (আঃ ৯২) ঃ একদিন জিবরাঈল (আ) ফেরআউনের দরবারে এসে জিজ্ঞাসা করলেন, যে গোলাম তার প্রভুর নেয়ামত ভোগ করে সমস্ত গোলামের উপর শ্রেষ্ঠত্ব লাভ করেছে, অবশেষে অবাধ্য হয়ে প্রভুত্বের দাবী করেছে তার বিধান কি? ফেরাউন নিজ হাতে লিখে দিল, "তাকে ডুবায়ে দিতে হবে।" ফেরাউন যখন সমুদ্রে হাবুডুবু খেয়ে ঈমান প্রকাশ করল, তখন জিবরাঈল (আ) তাঁর ফতুয়া দেখায়ে বললেন, তোমার ফতুয়া অনুযায়ীই আমল করা হয়েছে। (মুঃ কোঃ)

٩٦ ان الذين حقت عليهم كلمت ربك لا يؤمنون ۝٩٧ ولو جاءتهم كل

৯৬। ইন্নাল্লাযীনা হাক্বক্বাত 'আলাইহিম কালিমাতু রাব্বিকা লা- ইউ'মিনুন। ৯৭। ওয়ালাও জা—আতহুম কুল্লু
(৯৬) নিশ্চয়ই যাদের উপর আপনার প্রতিপালকের বাণী নির্ধারিত হয়ে গিয়েছে, তারা ঈমান আনবেনা, (৯৭) যদিও তাদের কাছে সব নিদর্শন আসে,

اية حتى يروا العذاب الاليم ۝٩٨ فلولا كانت قرية امنت فنفعها ايمانها

আ-ইয়াতিন হাত্তা- ইয়ারাউল্ 'আযা-বাল্ 'আলীম। ৯৮। ফালাওলা- কা-নাত্ ক্বারইয়াতুন আ-মানাত্ ফানাফা'আহা~ঈমা-নুহা~
যতক্ষণ না তারা যন্ত্রণাময় শাস্তি দেখে নেয়। (৯৮) সুতরাং কোন জনপদ (বাসী) এমন কেন হল না, যারা ঈমান এনেছে যা তাদের জন্য

الا قوم يونس ط لما امنوا كشفنا عنهم عذاب الخزي في الحيوة الدنيا

ইল্লা- ক্বাওমা ইউনুস, লাম্মা~আ-মানূ কাশাফ্না- 'আন্হুম 'আযা-বাল্ খিয্য়ি ফিল্ হাইয়া-তিদ দুনইয়া-
উপকারে এসেছে? শুধু ইউনুসের সম্প্রদায় ব্যতীত। যখন তারা ঈমান আনল তখন আমি তাদের থেকে পার্থিব জীবনে অসম্মানজনক শাস্তি দূর করে দিলাম এবং তাদেরকে

ومتعنهم الى حين ۝٩٩ ولو شاء ربك لامن من في الارض كلهم جميعا ط

ওয়া মাত্তা'না-হুম ইলা-হ্বীন। ৯৯। ওয়া লাও শা—আ রাব্বুকা লা- আ-মানা মান্ ফিল্ আরদ্বি কুল্লুহুম জ্বামী'আ-,
সুখ উপভোগ করতে দিলাম নির্ধারিত সময় পর্যন্ত। (৯৯) যদি আপনার প্রতিপালক ইচ্ছা করতেন, তবে পৃথিবীর সকল

افانت تكره الناس حتى يكونوا مؤمنين ۝١٠٠ وما كان لنفس ان تؤمن

আফাআন্তা তুক্রিহুন্না-সা হাত্তা- ইয়াকূনূ মু'মিনীন। ১০০। ওয়ামা- কা-না লিনাফসিন আন্ তু'মিনা
লোকই ঈমান আনত। তবে আপনি কি মানুষকে বাধ্য করবেন, মুমিন হওয়ার জন্য? (১০০) আল্লাহর ইচ্ছা ব্যতীত কারও

الا باذن الله ط ويجعل الرجس على الذين لا يعقلون ۝١٠١ قل انظروا ماذا

ইল্লা- বিইযনিল্লা-হ, ওয়া ইয়াজ্ব'আলুর রিজ্সা 'আলাল্লাযীনা লা- ইয়া'ক্বিলূন। ১০১। কুলিন্যুরূ মা-যা-
পক্ষে ঈমান আনা সম্ভব নহে, আর আল্লাহ তাদেরকে কলুষিত করেন, যারা নির্বোধ। (১০১) বলুন, আকাশ ও পৃথিবীতে

في السموت والارض ط وما تغني الايت والنذر عن قوم لا يؤمنون ۝

ফিস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্ব, ওয়ামা- তুগ্নীল আ-ইয়া-তু ওয়ান্নুযুরু 'আন ক্বাওমিল্ লা- ইউ'মিনূন।
যা কিছু আছে সেগুলো দেখ। নিদর্শন ও ভীতি প্রদর্শন, তাদের কোনই উপকারে আসে না, যারা ঈমান আনে না।

١٠٢ فهل ينتظرون الا مثل ايام الذين خلوا من قبلهم ط قل فانتظروا

১০২। ফাহাল্ ইয়ান্তাজিরূনা ইল্লা- মিছ্লা আইয়্যা-মিল্লাযীনা খালাও মিন্ ক্বাবলিহিম, কুল ফানতাযিরূ~
(১০২) তারা কি অপেক্ষা করছে অনুরূপ ঘটনারই, যা তাদের পূর্বে অতীত হয়ে গেছে? বলুন, তোমরা অপেক্ষা কর

اني معكم من المنتظرين ۝١٠٣ ثم ننجي رسلنا والذين امنوا كذلك ج

ইন্নী- মা'আকুম মিনাল্ মুনতাযিরীন। ১০৩। ছুম্মা নুনাজ্জী রুসুলানা- ওয়াল্লাযীনা আ-মানূ কাযা-লিক
আমিও তোমাদের সাথে অপেক্ষা করছি। (১০৩) অতঃপর আমি আমার রাসূলগণ ও মুমিনগণকে এভাবে রক্ষা করি।

حَقًّا عَلَيْنَا نُنْجِ الْمُؤْمِنِيْنَ ﴿١٠٣﴾ قُلْ يٰۤاَيُّهَا النَّاسُ اِنْ كُنْتُمْ فِيْ شَكٍّ مِّنْ دِيْنِيْ

হ্বাক্বক্বান্ 'আলাইনা নুনজ্বিল্ মু'মিনীন। ১০৪। কুল ইয়া~আইয়্যুহান্না-সু ইন্ কুনতুম ফী শাককিম মিন দীনী
মুমিনগণকে রক্ষা করা আমার কর্তব্য। (১০৪) বলুন, হে মানুষ! তোমরা যদি আমার দ্বীনের ব্যাপারে সন্দেহের মধ্যে থাক, তবে আমি

فَلَاۤ اَعْبُدُ الَّذِيْنَ تَعْبُدُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ وَلٰكِنْ اَعْبُدُ اللّٰهَ الَّذِيْ يَتَوَفّٰىكُمْ

ফালা~আ'বুদুল্লাযীনা তা'বুদূনা মিন দূনিল্লা-হি ওয়ালা-কিন আ'বুদুল্লা- হাল্লাযী ইয়াতাওয়াফ্ফা-কুম
আল্লাহকে ছেড়ে যে মাবুদের ইবাদাত করি না, তোমরা যার ইবাদাত কর। বরং আমি এমন আল্লাহর ইবাদাত করি যিনি তোমাদের মৃত্যু ঘটান। আর আমি নির্দেশিত

وَاُمِرْتُ اَنْ اَكُوْنَ مِنَ الْمُؤْمِنِيْنَ ﴿١٠٤﴾ وَاَنْ اَقِمْ وَجْهَكَ لِلدِّيْنِ حَنِيْفًا وَلَا

ওয়া উমিরতু আন আকূনা মিনাল্ মু'মিনীন। ১০৫। ওয়া আন্ আক্বিম্ ওয়াজ্বহাকা লিদ্দীনি হ্বানীফা-, ওয়ালা-
হয়েছি যে, আমি যেন মুমিনদের অন্তর্ভুক্ত থাকি। (১০৫) আর স্বীয় চেহারাকে একাগ্রতার সাথে (এ) দ্বীনের প্রতি কায়েম রাখবে,

تَكُوْنَنَّ مِنَ الْمُشْرِكِيْنَ ﴿١٠٥﴾ وَلَا تَدْعُ مِنْ دُوْنِ اللّٰهِ مَا لَا يَنْفَعُكَ وَلَا يَضُرُّكَ

তাকূনান্না মিনাল্ মুশরিকীন। ১০৬। ওয়ালা- তাদ'উ মিন দূনিল্লা-হি মা-লা- ইয়ানফা'উকা ওয়ালা- ইয়াদ্বুররুক,
এবং কখনও মুশরিকদের অন্তর্ভুক্ত হবে না। (১০৬) আর আল্লাহকে ছেড়ে এমন কাউকে ডাকবেন না, যারা আপনার উপকারও করতে পারে না এবং ক্ষতিও করতে পারে না।

فَاِنْ فَعَلْتَ فَاِنَّكَ اِذًا مِّنَ الظّٰلِمِيْنَ ﴿١٠٦﴾ وَاِنْ يَّمْسَسْكَ اللّٰهُ بِضُرٍّ فَلَا كَاشِفَ لَهٗۤ

ফাইন ফা'আলতা ফাইন্নাকা ইযাম মিনায্ যালিমীন। ১০৭। ওয়া ইঁইয়াম্সাস্কাল্লা-হু বিদ্বুররিন্ ফালা- কা-শিফা লাহূ~
যদি আপনি এরূপ করেন তবে আপনি অত্যাচারীদের অন্তর্ভুক্ত হয়ে যাবেন। (১০৭) যদি আল্লাহ আপনাকে কোন দুঃখ দুর্দশা দেন তবে তা তিনি ছাড়া দূর করার আর

اِلَّا هُوَ وَاِنْ يُّرِدْكَ بِخَيْرٍ فَلَا رَآدَّ لِفَضْلِهٖ يُصِيْبُ بِهٖ مَنْ يَّشَآءُ مِنْ عِبَادِهٖ

ইল্লা- হুওয়া, ওয়া ইঁইউরিদ্কা বিখাইরিন ফালা- রা—দ্দা লিফাদ্বলিহ, ইউস্বীবু বিহী মাইঁ ইয়াশা—উ মিন্ ইবা-দিহ,
কেহই নেই। আর তিনি যদি তোমার কল্যাণ চান, তবে তার করুণা রহিত করার কেউই নেই। তিনি তাঁর বান্দার মধ্যে যাকে চান তাকে তার করুণা দান করেন।

وَهُوَ الْغَفُوْرُ الرَّحِيْمُ ﴿١٠٧﴾ قُلْ يٰۤاَيُّهَا النَّاسُ قَدْ جَآءَكُمُ الْحَقُّ مِنْ رَّبِّكُمْ فَمَنِ

ওয়া হুওয়াল গাফূরুর রাহ্বীম। ১০৮। কুল ইয়া~আইয়্যুহান্না-সু ক্বাদ্ জ্বা—আকুমুল্ হ্বাক্বকু মিররাব্বিকুম, ফামানিহ্
তিনি ক্ষমাশীল, দয়ালু। (১০৮) বলুন, হে মানুষ! নিশ্চয়ই তোমাদের কাছে তোমাদের প্রতিপালকের পক্ষ হতে এসেছে সত্য (কালাম) যে সৎ পথে আসবে সে তো নিজের

اهْتَدٰى فَاِنَّمَا يَهْتَدِيْ لِنَفْسِهٖ وَمَنْ ضَلَّ فَاِنَّمَا يَضِلُّ عَلَيْهَا وَمَاۤ اَنَا عَلَيْكُمْ

তাদা- ফাইন্নামা- ইয়াহ্তাদী লিনাফ্সিহ্, ওয়া মান দ্বাল্লা ফাইন্নামা- ইয়াদ্বিল্লু 'আলাইহা-, ওয়ামা~আনা 'আলাইকুম
জন্যই সৎ পথে আসবে। আর যে বিপথে থাকবে, তার বিপথে চলার দায় তাদের উপরই পড়বে। আর আমি তোমাদের উপর ক্ষমতা প্রাপ্ত ব্যক্তি

بِوَكِيْلٍ ﴿١٠٨﴾ وَاتَّبِعْ مَا يُوْحٰۤى اِلَيْكَ وَاصْبِرْ حَتّٰى يَحْكُمَ اللّٰهُ وَهُوَ خَيْرُ الْحٰكِمِيْنَ ﴿١٠٩﴾

বিওয়াকীল। ১০৯। ওয়াত্তাবি' মা-ইউহ্বা~ইলাইকা ওয়াস্বির হ্বাত্তা- ইয়াহ্বকুমাল্লা-হু ওয়া হুওয়া খাইরুল হ্বা-কিমীন।
নই। (১০৯) আর আপনার প্রতি যে ওহী প্রদান করা হয়েছে তার অনুসরণ করুন এবং ধৈর্যধারণ করুন যতক্ষণ না আল্লাহর ফয়সালা আসে এবং তিনিই সর্বোত্তম ফয়সালাকারী।

১০ ع ১১ ১৫ রুকূ

১১ ع ৬ ১৬ রুকূ

সূরা হূদ
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

আয়াত ঃ ১২৩
রুকূ ঃ ১০

﴿١﴾ الٓرٰ كِتٰبٌ اُحْكِمَتْ اٰيٰتُهٗ ثُمَّ فُصِّلَتْ مِنْ لَّدُنْ حَكِيْمٍ خَبِيْرٍ

১। আলিফ্ লা—ম, রা-কিতা-বুন উহ্বকিমাত আ-ইয়া-তুহূ ছুম্মা ফুস্বস্বিলাত মিল্লাদুন্ হ্বাকীমিন্ খাবীর।
(১) আলিফ-লাম-রা, এই কিতাব; যার আয়াতগুলো দৃঢ় করা হয়েছে। অতঃপর বিস্তারিতভাবে বর্ণনা করা হয়েছে, বিজ্ঞ সর্বজ্ঞাত (আল্লাহর) নিকট থেকে।

﴿٢﴾ اَلَّا تَعْبُدُوْۤا اِلَّا اللّٰهَ اِنَّنِيْ لَكُمْ مِّنْهُ نَذِيْرٌ وَّبَشِيْرٌ ﴿٣﴾ وَّاَنِ

২। আল্লা- তা'বুদূ~ইল্লাল্লা-হ, ইন্নানী লাকুম মিন্হু নাযীরুওঁ ওয়া বাশীর। ৩। ওয়া আনি
(২) এজন্য যে, তোমরা আল্লাহ ছাড়া অন্য কারও ইবাদাত করবে না। নিশ্চয়ই আমি তাঁর তরফ হতে তোমাদের জন্য ভীতি প্রদর্শনকারী এবং সুসংবাদদাতা। (৩) আর এ

اسْتَغْفِرُوْا رَبَّكُمْ ثُمَّ تُوْبُوْۤا اِلَيْهِ يُمَتِّعْكُمْ مَّتَاعًا حَسَنًا اِلٰۤى اَجَلٍ

স্তাগ্ফিরূ রাব্বাকুম ছুম্মা তূবূ~ইলাইহি ইউমাত্তি'কুম মাতা-'আন হ্বাসানান্ ইলা~আজ্বালিম
(জন্যই) যে, তোমরা তোমাদের প্রতিপালকের কাছে মাফ চাও। অতঃপর তাঁর প্রতিই প্রত্যাবর্তন কর, তিনি তোমাদেরকে একটি নির্ধারিত সময় পর্যন্ত

مُّسَمًّى وَّيُؤْتِ كُلَّ ذِيْ فَضْلٍ فَضْلَهٗ وَاِنْ تَوَلَّوْا فَاِنِّيْۤ اَخَافُ عَلَيْكُمْ

মুসাম্মাওঁ ওয়া ইউ'তি কুল্লা যী ফাদ্বলিন ফাদ্বলাহ, ওয়া ইন্ তাওয়াল্লাও ফাইন্নী~আখা-ফু 'আলাইকুম
সুন্দর উপভোগের বস্তু দান করবেন এবং প্রত্যেক সঠিক আমলদারকে সঠিক অনুগ্রহ দান করবেন। যদি তোমরা ফিরে যাও, তবে আমি তোমাদের জন্য

عَذَابَ يَوْمٍ كَبِيْرٍ ﴿٤﴾ اِلَى اللّٰهِ مَرْجِعُكُمْ وَهُوَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ

'আযা-বা ইয়াওমিন্ কাবীর। ৪। ইলাল্লা-হি মারজ্বি'উকুম, ওয়া হুওয়া 'আলা- কুল্লি শাইয়িন ক্বাদীর।
মহা দিনের শাস্তির ভয় করি। (৪) আল্লাহর নিকটই তোমাদের প্রত্যাবর্তন স্থল, তিনিই সর্ব বিষয়ে শক্তিশালী।

﴿٥﴾ اَلَاۤ اِنَّهُمْ يَثْنُوْنَ صُدُوْرَهُمْ لِيَسْتَخْفُوْا مِنْهُ اَلَا حِيْنَ يَسْتَغْشُوْنَ

৫। আলা~ইন্নাহুম ইয়াছনূনা স্বুদূরাহুম লিইয়াস্তাখ্ফূ মিনহ, আলা- হ্বীনা ইয়াস্তাগশূনা
(৫) জেনে রাখ! নিশ্চয়ই তারা তাদের বক্ষকে সরিয়ে রাখে, আল্লাহ থেকে গোপন রাখার জন্য। খবরদার! তারা যখন তাদের বস্ত্র,

ثِيَابَهُمْ يَعْلَمُ مَا يُسِرُّوْنَ وَمَا يُعْلِنُوْنَ اِنَّهٗ عَلِيْمٌ بِذَاتِ الصُّدُوْرِ

ছিয়া-বাহুম ইয়া'লামু মা- ইউসিররূনা ওয়ামা- ইউ'লিনূন, ইন্নাহূ 'আলীমুম্ বিযা-তিস্ব্স্বুদূর।
আচ্ছাদিত করে তিনি (আল্লাহ) তখন তারা যা গোপন করে ও প্রকাশ করে সবই জানেন। নিশ্চয়ই তিনি হৃদয়ের কথাগুলো জানেন।

✪ শানে নুযূল (আঃ ৫) ঃ الا انهم يثنون صدورهم - এ আয়াতটি সে সব মুসলমানদের উদ্দেশ্যে অবতীর্ণ হয়েছে, যারা লজ্জার কারণে প্রকৃতির ডাকে সাড়া দেয়া এবং স্ত্রীসহবাসের সময় বিবস্ত্র হওয়া পছন্দ করতনা। আল্লাহ তায়ালা দেখবেন, এ কারণে এ সময়ে তাঁরা তাদের লজ্জাস্থান গোপন রাখার জন্য নিজ বক্ষকে সরিয়ে নিত। আল্লাহ তায়ালা বলেন, রাতের আঁধারে তারা যা করে তাও আল্লাহ দেখেন এবং গোপনে ও প্রকাশ্যে যা করে সে কাজগুলোও আল্লাহ দেখেন। (কোঃ কারীম) ✪ শানে নুযূল (আঃ ৫) ঃ আখ্নাস ইবনে শোরাইক নামক জনৈক মুনাফেক অতিশয় মিষ্টভাষী ছিল, হুযুর (সা)-এর দরবারে এসে খুব চাটুকারিতা করত এবং তাঁর প্রতি নিজের অনুরাগ দেখাত; কিন্তু ভিতরে সে হাড়ে হাড়ে বদলোক ছিল। আল্লাহ এ আয়াতে তার কপটতার সংবাদ দিয়ে বলছেন, "কেউ তার বাহ্যিক ব্যবহারে ভুলে যেওনা।" (মুঃ কোঃ)

(৬) وما من دابة في الارض الا على الله رزقها ويعلم مستقرها و

৬। ওয়ামা- মিন্ দা—ব্বাতিন ফিল্আর্দ্বি ইল্লা- 'আলাল্লা-হি রিয্‌ক্বুহা- ওয়া ইয়া'লামু মুস্তাক্বার্‌রাহা- ওয়া
(৬) পৃথিবীতে বিচরণকারী যত প্রাণী রয়েছে সকলের জীবিকার দায়িত্ব আল্লাহরই উপর। তিনি তাদের (পার্থিব) বাসস্থান এবং (মৃত্যুর পর) তাদের সমাহিত

مستودعها كل في كتب مبين (৭) وهو الذي خلق السموت والارض في

মুস্তাওদা'আহা-; কুল্লুন্ ফী কিতা-বিম্‌মুবীন। ৭। ওয়া হুওয়াল্লাযী খালাক্বাস্‌সামা- ওয়া-তি ওয়াল্ আর্‌দ্বা ফী
করার স্থান সম্পর্কে অবহিত। সব কিছুই সুস্পষ্ট কিতাবে রয়েছে। (৭) তিনিই (আল্লাহ) ছয় দিনে আকাশ ও পৃথিবী সৃষ্টি

ستة ايام وكان عرشه على الماء ليبلوكم ايكم احسن عملا ولئن قلت

সিত্তাতি আইয়্যা-মিওঁ ওয়া কা-না 'আর্‌শুহূ 'আলাল্ মা—ই লিইয়াব্‌লুওয়াকুম আইয়্যুকুম আহ্‌সানু 'আমালা-; ওয়া লাইন্ ক্বুল্‌তা
করেছেন, তখন তাঁর আরশ ছিল পানির উপর, তোমাদের পরীক্ষা করার জন্য যে, কে তোমাদের মধ্যে আমলে উত্তম। আর যদি

انكم مبعوثون من بعد الموت ليقولن الذين كفروا ان هذا الا سحر

ইন্নাকুম মাব্'উছূনা মিম্ বা'দিল্ মাওতি লাইয়াকূলান্নাল্লাযীনা কাফারূ~ইন্ হা-যা~ইল্লা সিহ্‌রুম্
আপনি বলেন, নিশ্চয়ই তোমরা মৃত্যুর পর পুনর্জীবিত হবে, তবে কাফিরগণ অবশ্যই বলবে, এটাতো (কুরআন) স্পষ্ট যাদু ছাড়া আর

مبين (৮) ولئن اخرنا عنهم العذاب الى امة معدودة ليقولن ما يحبسه

মুবীন। ৮। ওয়া লাইন্ আখ্‌খার্‌না- 'আন্‌হুমুল্ 'আযা-বা ইলা- উম্মাতিম্ মা'দূদাতিল লাইয়াকুলুন্না মা- ইয়াহ্‌বিসুহ;
কিছু নয়। (৮) আর যদি আমি নির্দিষ্ট দিনের জন্য তাদের থেকে শাস্তি পিছিয়ে দেই,তবে তারা নিশ্চয়ই বলবে, 'কিসে তাকে আসতে বাধা প্রদান করছে?'

الا يوم ياتيهم ليس مصروفا عنهم وحاق بهم ما كانوا به يستهزءون

আলা- ইয়াওমা ইয়া'তীহিম্ লাইসা মাস্‌রূফান্ 'আন্‌হুম্ ওয়া হা-ক্বা বিহিম মা- কা-নূ বিহী ইয়াস্তাহ্‌যিঊন।
জেনে রাখ! যেদিন তাদের নিকট তা আসবে, সেদিন তাদের থেকে তা সরানো হবে না। আর যা নিয়ে তারা ঠাট্টা করতো, তা তাদেরকে বেষ্টন করবে।

(৯) ولئن اذقنا الانسان منا رحمة ثم نزعنها منه انه ليئوس كفور

৯। ওয়া লাইন্ আযাক্বনাল্ ইন্‌সা-না মিন্না- রাহ্‌মাতান্ ছুম্মা নাযা'না-হা- মিন্‌হু, ইন্নাহূ লাইয়াঊসুন্ কাফূর।
(৯) যদি আমি মানুষকে আমার পক্ষ থেকে রহমতের স্বাদ ভোগ করাই, অতঃপর তার থেকে তা ছিনিয়ে নেই, তবে নিশ্চয়ই সে হতাশ ও অকৃতজ্ঞ হয়ে পড়ে।

(১০) ولئن اذقنه نعماء بعد ضراء مسته ليقولن ذهب السيات عني

১০। ওয়া লাইন্ আযাক্বনা-হু না'মা—আ বা'দা দ্বার্‌রা—আ মাস্‌সাতহু লাইয়াকূলান্না যাহাবাস্ সাইয়্যিআ-তু 'আন্নী;
(১০) আর যদি তাকে দুঃখ-কষ্ট স্পর্শ করার পর নেয়ামতের স্বাদ উপভোগ করাই, তখন অবশ্যই সে বলবে, আমার থেকে দুঃখ-দুর্দশা চলে গেছে।

○ বিশ্লেষণ (আঃ ৬) ঃ مستقرها ومستودعها -এর ব্যাখ্যা নিয়ে মতভেদ রয়েছে। কারো মতে, পার্থিব জীবনে মানুষ বা অন্যান্য প্রাণী যেখানে বসবাস করে সে স্থানটিকে مستقر বলে এবং মৃত্যুর পর যেখানে দাফন হবে সে স্থানটিকে مستودع বলে। কারো মতে- মাতৃ গর্ভাশয়কে مستقر এবং পিতার বীর্যকে مستودع বলে। (তাঃ ইবনে কাসীর) ইমাম শাওকানীর মতে, مستقر দ্বারা মাতৃ গর্ভাশয় এবং مستودع দ্বারা যমীনের সে অংশ বুঝানো হয়েছে যেখানে দাফন হয়। (কোঃ কারীম) ○ বিশ্লেষণ (আঃ ৭) ঃ كان عرشه على الماء - (আল্লার আরশ পানির উপরে ছিল) ঃ হাদীস শরীফে আছে- "আল্লাহ তায়ালা আসমান ও যমীন সৃষ্টির পঁচিশ হাজার বছর পূর্বে সৃষ্টিজীবের তাকদীর লিপিবদ্ধ করেছেন। তখন তাঁর আরশ (সিংহাসন) পানির উপর ছিল। (কোঃ কারীম)

انه لفرح فخور (১১) الا الذين صبروا وعملوا الصلحت اولئك لهم

ইন্নাহূ লাফারিহুন্ ফাখূর। ১১। ইল্লাল্লাযীনা স্বাবারূ ওয়া 'আমিলুস্ স্বা-লিহা-ত, উলা—ইকা লাহুম
এতে নিশ্চয়ই সে আনন্দিত ও গর্বিত হয়। (১১) কিন্তু যারা ধৈর্যশীল এবং নেক আমল করে, তাদের জন্য রয়েছে মাগফিরাত

مغفرة واجر كبير (১২) فلعلك تارك بعض ما يوحى اليك وضائق به

মাগ্‌ফিরাতুওঁ ওয়া আজ্‌রুন্ কাবীর। ১২। ফালা'আল্লাকা তা-রিকুম বা'দ্বা মা~ইউহ্‌বা- ইলাইকা ওয়া দ্বা—য়িকুম্ বিহী
ও মহা প্রতিদান। (১২) তবে কি আপনার প্রতি যে ওহী অবতীর্ণ হয়েছে, তার থেকে কিছু অংশ ছেড়ে দিবেন? আর আপনার অন্তর সংকীর্ণ হয়ে পড়ে শুধু

صدرك ان يقولوا لولا انزل عليه كنز او جاء معه ملك انما انت نذير

স্বাদরুকা আঁই ইয়াকূলূ লাও লা~উন্‌যিলা 'আলাইহি কান্‌যুন্ আও জ্বা—আ মা'আহূ মালাক ; ইন্নামা~আন্‌তা নাযীর ;
একথার জন্য যে, তারা বলে, তাঁর উপর কেন ধন-ভাণ্ডার প্রেরিত হয় না অথবা তার সাথে কোন ফিরিশতা আসে না কেন? আপনি তো শুধু সতর্ককারী

والله على كل شيء وكيل (১৩) ام يقولون افترىه قل فاتوا بعشر سور

ওয়াল্লা-হু 'আলা-কুল্লি শাইয়িওঁ ওয়াকীল। ১৩। আম্ ইয়াকূলূনাফাতারা-হ; কুল্ ফা'তু বি'আশ্‌রি সুওয়ারিম
আর আল্লাহ সর্ব বিষয়ের ব্যবস্থাপক। (১৩) তারা কি বলে, এ কুরআন সে (রাসূল) নিজে রচনা করেছে? বলুন, তোমরা অনুরূপ সূরার মত দশটি সূরা

مثله مفتريت وادعوا من استطعتم من دون الله ان كنتم صدقين

মিছলিহী মুফ্‌তারাইয়া-তিওঁ ওয়াদ্'উ মানিস্তাত্বা'তুম, মিন্ দূনিল্লা-হি ইন্ কুন্‌তুম্ স্বা-দিক্বীন।
বানিয়ে নিয়ে এস এবং আল্লাহ ছাড়া যাকে স্বক্ষম, তোমাদের সাথে ডেকে নাও, যদি তোমরা সত্যবাদী হও।

(১৪) فالم يستجيبوا لكم فاعلموا انما انزل بعلم الله وان لا اله الا هو

১৪। ফাইল্লাম্ ইয়াস্তাজ্বীবূ লাকুম্ ফা'লামূ আন্নামা~উন্‌যিলা বি'ইল্‌মিল্লাহি ওয়া আল্লা~ইলা-হা ইল্লা- হুও,
(১৪) অতঃপর যদি তারা তোমাদের কথা কবূল না করে, তবে জেনে রেখ, নিশ্চয়ই এ কুরআন আল্লাহরই "ইলম" দ্বারা অবতীর্ণ এবং তিনি ছাড়া আর কোন মা'বূদ নেই।

فهل انتم مسلمون (১৫) من كان يريد الحيوة الدنيا وزينتها نوف اليهم

ফাহাল্ আন্‌তুম মুসলিমূন। ১৫। মান্ কা-না ইউরীদুল্ হায়া-তাদ্দুন্‌ইয়া- ওয়া যীনাতাহা- নুওয়াফ্‌ফি ইলাইহিম্
তবুও কি তোমরা মুসলমান হবে? (১৫) যদি কেউ পার্থিব জীবন এবং তার সৌন্দর্য কামনা করে, আমি তাদেরকে তাদের আমলের

اعمالهم فيها وهم فيها لا يبخسون (১৬) اولئك الذين ليس لهم في

আ'মা-লাহুম্ ফীহা- ওয়াহুম ফীহা- লা- ইউব্‌খাসূন। ১৬। উলা—ইকাল্লাযীনা লাইসা লাহুম্ ফিল্
প্রতিদান পৃথিবীতেই পরিপূর্ণ করে দিব এবং এখানে তাদেরকে কোন কম দেয়া হবে না। (১৬) তারা এমনই লোক যে, যাদের জন্য

○ টীকা (আঃ ১২) ঃ মানুষের ফরমাইশ অনুযায়ী মু'জেযা দেখান নবীর ক্ষমতাধীন নয়। সুতরাং আপনি এদের অন্যায় আবদার রক্ষা করার জন্য চিন্তিত হবেন না। যে কোন মু'জেযা দ্বারাই নবীর সত্যতা প্রমাণিত হয়ে যায়। আপনার বড় মু'জেযা কোরআন শরীফ তো তাদের চক্ষুর সামনেই রয়েছে। তবে তাদের মান্য না করার কারণ কি থাকতে পারে? (বঃ কোঃ)

○ টীকা (আঃ ১৪) ঃ সূরা-ইউনুস ও সূরা- বাক্বারার ভাষ্যে একটি সূরার সাথে প্রতিযোগিতার আহ্বান করা হয়েছে। এই দু'টি সূরা মদীনায় অবতীর্ণ হয়। বর্তমান আলোচ্য আয়াতটি মক্কায় অবতীর্ণ, এতে দশটি সূরার প্রতিযোগিতার জন্য আহ্বান করা হয়েছে। অতএব, বুঝা যায়, প্রথমে মক্কায় দশটি সূরার প্রতিযোগিতার আহ্বান করা হয়েছিল। অপারগতায় ক্ষেত্রে অন্ততঃ একটি সূরার প্রতিযোগিতার জন্য ডাকা হয়েছে। (বঃ কোঃ)

الْاٰخِرَةِ اِلَّا النَّارُ ۖ وَحَبِطَ مَا صَنَعُوْا فِيْهَا وَبٰطِلٌ مَّا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿١٦﴾ اَفَمَنْ

আ-খিরাতি ইল্লান্না-র, ওয়া হ্বাবিত্বা মা- স্বানা'উ ফীহা- ওয়া বা-ত্বিলুম মা- কা-নূ ইয়া'মালূন। ১৭। আফামান্
পরকালে জাহান্নাম ছাড়া আর কিছুই নেই এবং এখানে তারা যা কিছু করছে তা নিষ্ফল হয়ে যাবে এবং তারা যে আমল করছে তা বিফল হবে। (১৭) সে কি

كَانَ عَلٰى بَيِّنَةٍ مِّنْ رَّبِّهٖ وَيَتْلُوْهُ شَاهِدٌ مِّنْهُ وَمِنْ قَبْلِهٖ كِتٰبُ مُوْسٰٓى اِمَامًا

কা-না 'আলা- বাইয়্যিনাতিম মির্‌রাব্বিহী ওয়া ইয়াত্‌লূহু শা-হিদুম্ মিন্‌হু ওয়া মিন্ ক্বাব্‌লিহী কিতা~বু মূসা- ইমা-মাও
তার সমপর্যায়ের হতে পারে? যে তার প্রতিপালকের সুস্পষ্ট দলীলের উপর প্রতিষ্ঠিত এবং তার কাছে আল্লাহর থেকে সাক্ষীও উপস্থিত এবং তার পূর্ববর্তী মূসার কিতাব,

وَّرَحْمَةً ؕ اُولٰٓئِكَ يُؤْمِنُوْنَ بِهٖ ؕ وَمَنْ يَّكْفُرْ بِهٖ مِنَ الْاَحْزَابِ فَالنَّارُ

ওয়া রাহ্বমাহ; উলা~ইকা ইউ'মিনূনা বিহ ; ওয়া মাইঁ ইয়াক্‌ফুর্ বিহী মিনাল্ আহ্বযা-বি ফান্না-রু
যা ছিল পথ প্রদর্শক ও অনুগ্রহ স্বরূপ, এসব লোকেরাই কুরআনের প্রতি ঈমান রাখে। আর অন্যান্য দলেরা যারা তা অস্বীকার করে, জাহান্নামই

مَوْعِدُهٗ ۚ فَلَا تَكُ فِيْ مِرْيَةٍ مِّنْهُ ۗ اِنَّهُ الْحَقُّ مِنْ رَّبِّكَ وَلٰكِنَّ اَكْثَرَ النَّاسِ

মাও'ইদুহ, ফালা- তাকু ফী মির্‌ইয়াতিম মিন্‌হু ইন্নাহুল্ হ্বাক্কু মির্‌রাব্বিকা ওয়ালা-কিন্না আক্‌ছারান্না-সি
তাদের প্রতিশ্রুত স্থান। অতএব আপনি এতে সন্দিহান হবেন না। নিশ্চয়ই এটি আপনার প্রতিপালকের পক্ষ হতে প্রেরীত সত্য, কিন্তু অধিকাংশ লোক

لَا يُؤْمِنُوْنَ ﴿١٧﴾ وَمَنْ اَظْلَمُ مِمَّنِ افْتَرٰى عَلَى اللّٰهِ كَذِبًا ؕ اُولٰٓئِكَ يُعْرَضُوْنَ

লা- ইউ'মিনূন। ১৮। ওয়া মান্ আয্বলামু মিম্মানিফ্‌তারা- 'আলাল্লা-হি কাজিবা-, উলা—য়িকা ইউ'রাদ্বূনা
ঈমান আনে না। (১৮) আর সে ব্যক্তির চেয়ে অধিক অত্যাচারী আর কে হতে পারে, যে আল্লাহ সম্পর্কে মিথ্যারোপ করে? এসব লোককে তাদের

عَلٰى رَبِّهِمْ وَيَقُوْلُ الْاَشْهَادُ هٰٓؤُلَآءِ الَّذِيْنَ كَذَبُوْا عَلٰى رَبِّهِمْ ۚ اَلَا لَعْنَةُ اللّٰهِ

'আলা- রাব্বিহিম্ ওয়া ইয়াক্বূলুল্ ~আশ্‌হা-দু হা উলা—ইল্লাযীনা কাজাবূ 'আলা- রাব্বিহিম্, আলা- লা'নাতুল্লাহি
প্রতিপালকের সামনে হাজির করা হবে এবং তাদের সাক্ষীগণ বলবে, এরাই তাদের প্রতিপালকের সম্পর্কে মিথ্যারোপ করেছে। জেনে রেখ, অত্যাচারীদের

عَلَى الظّٰلِمِيْنَ ﴿١٨﴾ الَّذِيْنَ يَصُدُّوْنَ عَنْ سَبِيْلِ اللّٰهِ وَيَبْغُوْنَهَا عِوَجًا ؕ وَهُمْ

'আলায্ য্বা-লিমীন। ১৯। আল্লাযীনা ইয়াস্বুদ্দূনা 'আন সাবীলিল্লা-হি ওয়া ইয়াব্‌গূনাহা- 'ইওয়াজ্বা-; ওয়াহুম্
উপর আল্লাহর অভিশাপ। (১৯) যারা আল্লাহর পথে বাধা সৃষ্টি করে এবং তাতে দোষ-ত্রুটি তালাস করে,

بِالْاٰخِرَةِ هُمْ كٰفِرُوْنَ ﴿١٩﴾ اُولٰٓئِكَ لَمْ يَكُوْنُوْا مُعْجِزِيْنَ فِي الْاَرْضِ وَمَا كَانَ

বিল আ-খিরাতি হুম্ কা-ফিরূন। ২০। উলা~য়িকা লাম্ ইয়াকূনূ মু'জ্বিযিনা ফিল্ আর্‌দ্বি ওয়ামা- কা-না
তারাই পরকালের অস্বীকারকারী। (২০) তারা পৃথিবীতে আল্লাহকে ব্যর্থ করতে পারেনি এবং আল্লাহ ব্যতীত

○ বিশ্লেষণ (আঃ ১৭) ঃ بينة - (দলীল) দ্বারা কুরআন বুঝানো হয়েছে। شاهد - (সাক্ষী) দ্বারা হযরত মুহাম্মদকে (সা) বুঝানো হয়েছে।

○ টীকা (আঃ ১৭) ঃ অত্র আয়াতের ইশারা সম্ভবতঃ ইয়াহুদীগণের দিকে রয়েছে। আর বর্তমান কালের ইয়াহুদীগণকে সে ইয়াহুদীগণের তুলনা দিয়ে বাধা করান হয়েছে যারা মুসলমান হয়ে গিয়েছিল। তৎকালে যে সকল ইয়াহুদী মুসলমান হয়ে গিয়েছিল, তাদেরকে তিনটি বিষয় ইসলাম গ্রহণে বাধ্য করেছিল। যথা- (১) ইসলামের নিরাপত্তা, সহজতা ও পরিচ্ছন্নতা। কারণ ইসলামের মধ্যে কোন প্রকারের কুটিলতা নেই। (২) জ্ঞানের সাক্ষ্য এই যে, ইসলাম জ্ঞানের বিপরীত কোন কিছু শিক্ষা দেয় না। (৩) তাওরাত কিতাব ইয়াহুদীগণ যার প্রতি পরিপক্ক বিশ্বাসী ছিল, সেই তাওরাত গ্রন্থে রাসূলে খোদা (সা) সম্বন্ধে ভবিষ্যদ্বাণী ছিল। আল কোরআন এবং তাওরাত উভয়েরই দ্বীন সম্বন্ধীয় মূলনীতি একই, যদি কিছু পার্থক্য থাকে, তবে তা শাখা-প্রশাখা বিষয়ে।

لَهُمْ مِّنْ دُوْنِ اللّٰهِ مِنْ اَوْلِيَآءَ ۘ يُضٰعَفُ لَهُمُ الْعَذَابُ ؕ مَا كَانُوْا يَسْتَطِيْعُوْنَ

লাহুম্ মিন দূনিল্লা-হি মিন্ আওলিয়া~আ। ইউদ্বা-'আফু লাহুমুল্ 'আযা-ব; মা- কা-নূ ইয়াস্তাত্বী'উনাস্
তাদের কোন সাহায্যকারীও নেই। তাদের শাস্তি দ্বিগুণ করা হবে, তারা (সত্য কথা) শোনতে পারত না এবং

السَّمْعَ وَمَا كَانُوْا يُبْصِرُوْنَ ﴿٢٠﴾ اُولٰٓئِكَ الَّذِيْنَ خَسِرُوْٓا اَنْفُسَهُمْ وَضَلَّ عَنْهُمْ

'সাম্'আ ওয়া মা- কা-নূ ইউব্‌স্বিরূন। ২১। উলা—ইকাল্লাযীনা খাসিরূ~আন্‌ফুসাহুম্ ওয়া দ্বাল্লা 'আন্‌হুম্
তারা (সঠিক পথ) দেখতে পেত না। (২১) তারাই নিজেরা নিজদেরই ক্ষতি করেছে। (আল্লাহ ছাড়া) যাদেরকে তারা উপাস্য বানিয়েছিল তারা তাদের

مَّا كَانُوْا يَفْتَرُوْنَ ﴿٢١﴾ لَا جَرَمَ اَنَّهُمْ فِي الْاٰخِرَةِ هُمُ الْاَخْسَرُوْنَ ﴿٢٢﴾ اِنَّ الَّذِيْنَ

মা- কা-নূ ইয়াফ্‌তারূন। ২২। লা- জ্বারামা আন্নাহুম ফিল আ-খিরাতি হুমুল্ আখসারূন। ২৩। ইন্নাল্লাযীনা
থেকে অদৃশ্য হয়ে গেছে। (২২) অবশ্যই তারা পরকালে ভীষণ ক্ষতিগ্রস্ত হবে। (২৩) যারা

اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ وَاَخْبَتُوْٓا اِلٰى رَبِّهِمْ ۙ اُولٰٓئِكَ اَصْحٰبُ الْجَنَّةِ ۚ

আ-মানূ ওয়া 'আমিলুস্ব স্বা-লিহ্বা-তি ওয়া আখ্‌বাতূ~ইলা- রাব্বিহিম উলা—য়িকা আস্বহ্বা-বুল্ জ্বান্নাহ,
ঈমান এনেছে এবং নেক আমল করেছে এবং নিজ প্রতিপালকের প্রতি নত হয়েছে, তারাই জান্নাতের অধিবাসী,

هُمْ فِيْهَا خٰلِدُوْنَ ﴿٢٣﴾ مَثَلُ الْفَرِيْقَيْنِ كَالْاَعْمٰى وَالْاَصَمِّ وَالْبَصِيْرِ وَالسَّمِيْعِ ؕ

হুম্ ফীহা- খা-লিদূন। ২৪। মাছালুল্ ফারীক্বাইনি কাল আ'মা- ওয়াল্ আস্বাম্মি ওয়াল্ বাস্বীরি ওয়াস্‌সামী'ই;
তথায় তারা অনন্তকাল থাকবে। (২৪) উভয় দলের দৃষ্টান্ত এরূপ, যেমন- এক ব্যক্তি অন্ধ ও বধির, আর এক ব্যক্তি দৃষ্টিসম্পন্ন ও শ্রবণকারী,

هَلْ يَسْتَوِيٰنِ مَثَلًا ؕ اَفَلَا تَذَكَّرُوْنَ ﴿٢٤﴾ وَلَقَدْ اَرْسَلْنَا نُوْحًا اِلٰى قَوْمِهٖٓ ز

হাল্ ইয়াস্তাওয়িআ-নি মাছালা- ; আফালা- তাজাক্‌কারূন। ২৫। ওয়া লাক্বাদ্ আর্‌সাল্‌না- নূহ্বান ইলা- ক্বাওমিহী ~
এ দু'টি ব্যক্তি কি সমকক্ষের দিক দিয়ে সমান? এরপরেও কি তোমরা উপদেশ গ্রহণ করবে না? (২৫) আমি নূহকে তার সম্প্রদায়ের নিকট প্রেরণ করেছি, (সে বলেছিল)

اِنِّيْ لَكُمْ نَذِيْرٌ مُّبِيْنٌ ﴿٢٥﴾ اَنْ لَّا تَعْبُدُوْٓا اِلَّا اللّٰهَ ؕ اِنِّيْٓ اَخَافُ عَلَيْكُمْ

ইন্নী লাকুম্ নাযীরুম্ মুবীন। ২৬। আল্লা- তা'বুদূ~ইল্লাল্লা-হ ; ইন্নী~আখা-ফু 'আলাইকুম্
নিশ্চয়ই আমি তোমাদের জন্য প্রকাশ্য ভীতি প্রদর্শনকারী। (২৬) যাতে তোমরা আল্লাহ ছাড়া অন্য কারো ইবাদাত না কর, আমি তোমাদের

عَذَابَ يَوْمٍ اَلِيْمٍ ﴿٢٦﴾ فَقَالَ الْمَلَاُ الَّذِيْنَ كَفَرُوْا مِنْ قَوْمِهٖ مَا نَرٰىكَ اِلَّا بَشَرًا

'আযা-বা ইয়াওমিন্ আলীমি। ২৭। ফাক্বা-লাল্ মালাউল্লাযীনা কাফারূ মিন্ ক্বাওমিহী মা- নারা-কা ইল্লা- বাশারাম
উপর এক যন্ত্রণাময় দিনের শাস্তির ভয় করছি। (২৭) তার সম্প্রদায়ের কাফির নেতৃবৃন্দ বলল, আমরা তো তোমাকে আমাদের মতই মানুষ দেখছি।

○ বিশ্লেষণ (আঃ ২০) ঃ يضعف - (দ্বিগুণ শাস্তি) দু'টি কারণে- ১. গোমরাহ হবার কারণে, ২. গোমরাহ করার কারণে। (তাঃ কাদেরী)

○ টীকা (আঃ ২৬) ঃ উপরে বিশ্বাসী ও অবিশ্বাসীর পরিণামের বিবরণ ছিল। সম্মুখের আয়াতে উভয়ের তুলনা এরূপ, যেমন এক ব্যক্তি অন্ধ ও বধির; কথাও শুনে না, ইঙ্গিতও দেখে না। স্বভাবতঃ এমন ব্যক্তিকে বুঝাবার কোন উপায়ই নেই। আর এক ব্যক্তি, যে দেখতে ও শুনতে পায়। এমন ব্যক্তির পক্ষে কোন কিছু হৃদয়ঙ্গম করা সহজ কাজ। এ দু'ব্যক্তির অবস্থা কি সমান? কখনই নয়। কাফির এবং মুসলমানের অবস্থাও তদ্রূপ। (বঃ কোঃ)

○ টীকা (আঃ ২৬) ঃ অর্থাৎ, তোমরা আল্লাহকে ছাড়া ভুদ্দ, সুওয়া, ইয়াগূছ, নাছর ইত্যাদি যে সমস্ত উপদেবতা নির্ধারণ করে রেখেছে, তাদেরকে বর্জন কর। এক আল্লাহ্ ব্যতীত আর কারো এবাদত করো না। (বঃ কোঃ)

ওয়াক্বফে লাযেম

২ রুকূ

مثلنا وما نرىك اتبعك الا الذين هم اراذلنا بادي الراي وما نرى

মিছ্‌লানা- ওয়ামা- নারা-কাত তাবা'আকা ইল্লাল্লাযীনা হুম্ আরা-যিলুনা- বা-দিয়ার্‌রা-য়, ওয়া মা- নারা-
আর দেখছি যে, সে লোকেরা তোমার অনুসরণ করছে যারা আমাদের মধ্যে নীচ এবং তাও (করছে) স্বল্প বুদ্ধির লোক। আমরা তোমাদেরকে আমাদের

لكم علينا من فضل بل نظنكم كذبين ۝٢٨ قال يقوم ارءيتم ان كنت

লাকুম্ 'আলাইনা- মিন্ ফাদ্বলিম্ বাল্ নায়ুন্নুকুম্ কা-যিবীন। ২৮। ক্বা-লা ইয়া- ক্বাওমি আরাআইতুম্ ইন কুন্‌তু
চেয়ে কোন বিষয় শ্রেষ্ঠ দেখছি না, বরং আমরা তোমাদেরকে মিথ্যাবাদী ধারণা করি। (২৮) নূহ বললেন, হে আমার সম্প্রদায়! আমাকে বল, আমি যদি আমার

على بينة من ربي واتىني رحمة من عنده فعميت عليكم انلزمكموها

'আলা- বাইয়্যিনাতিম্ মির্ রাব্বী ওয়া আ-তা-নী রাহ্‌মাতাম্ মিন্ 'ইন্‌দিহী ফা'উম্মিয়াত্ 'আলাইকুম; আনুল্‌যিমুকুমূহা-
প্রতিপালকের পক্ষ হতে স্পষ্ট দলীলের উপর থাকি এবং আমাকে তিনি তাঁর থেকে রহমত দান করেন, অতঃপর তা তোমাদের কাছে গোপন রাখা হয়, তবে কি আমি

وانتم لها كرهون ۝٢٩ ويقوم لا اسـلكم عليه مالا ان اجري الا

ওয়া আন্‌তুম্ লাহা- কা-রিহূন। ২৯। ওয়া ইয়া- কাওমি লা~আস্‌আলুকুম্ 'আলাইহি মা-লা- ; ইন্ আজ্‌রিয়া ইল্লা-
তা তোমাদের উপর চাপিয়ে দিব? অথচ তোমরা তা অপছন্দ কর। (২৯) হে আমার সম্প্রদায়! আমি এ জন্য তোমাদের কাছে কোন সম্পদ চাইনা, আমার প্রতিদান তো

على الله وما انا بطارد الذين امنوا انهم ملقوا ربهم ولكني

'আলাল্লা-হি ওয়া মা~আনা বিত্বা-রিদিল্লাযীনা আ-মানূ; ইন্নাহুম মুলা-ক্বূ রাব্বিহিম ওয়া লা-কিন্নী~
শুধু আল্লাহরই নিকট। আমি তো মু'মিনদেরকে আমার থেকে তাড়িয়ে দিতে পারি না। নিশ্চয়ই তারা তাদের প্রতিপালকের সাথে মিলিত হবে। কিন্তু আমি তোমাদেরকে

ارىكم قوما تجهلون ۝٣٠ ويقوم من ينصرني من الله ان طردتهم

আরা-কুম ক্বাওমান্ তাজ্‌হালূন। ৩০। ওয়া ইয়া- ক্বাওমি মাই ইয়ান্‌সুরুনী মিনাল্লা-হি ইন্ ত্বারাদ্‌তুহুম্
মূর্খ সম্প্রদায় (হিসেবে) দেখছি। (৩০) হে আমার সম্প্রদায়! আমি যদি তাদেরকে তাড়িয়ে দেই; তবে আল্লাহর (শাস্তি) থেকে আমাকে কে সাহায্য করবে? তবুও কি

افلا تذكرون ۝٣١ ولا اقول لكم عندي خزائن الله ولا اعلم الغيب

আফালা- তাযাক্কারূন। ৩১। ওয়া লা~আকূলু লাকুম্ 'ইন্‌দী খাযা-য়িনুল্লা-হি ওয়া লা~আ'লামুল্ গাইবা
তোমরা উপদেশ গ্রহণ করবে না? (৩১) আমি তোমাদের কাছে একথা বলি না যে, আমার নিকট আল্লাহর ধন-ভাণ্ডার রয়েছে; আর আমি অদৃশ্যের খবরও রাখি না।

ولا اقول اني ملك ولا اقول للذين تزدري اعينكم لن يؤتيهم الله

ওয়া লা~আকূলু ইন্নী মালাকুঁও ওয়া লা~আকূলু লিল্লাযীনা তাযদারী~আ'ইউনুকুম্ লাঁই ইউ'তিয়াহুমুল্লা-হু
আর আমি একথাও বলি না যে, আমি একজন ফিরিশ্‌তা এবং আমি বলি না যে, যারা তোমাদের দৃষ্টিতে নিকৃষ্ট, কখনও আল্লাহ তাদেরকে উত্তম প্রতিদান দান করবেন না,

০ বিশ্লেষণ (আঃ ২৮) ঃ بينة - (দলীল) দ্বারা ঈমান এবং رحمت - (রহমত) দ্বারা নবুওয়াত বুঝানো হয়েছে।
০ টীকা (আঃ ৩১) ঃ হযরত নূহ (আ)-এর উপরোক্ত বিবৃতির ফলে কাফিরদের যাবতীয় কূটতর্কের অবসান ঘটল। এখন উত্তরে আরো বলছেন যে, আমার নবুওয়াতের পক্ষে যে অকাট্য প্রমাণ রয়েছে, তা সাব্যস্ত হয়ে গেল। সুতরাং তোমরা একে অসম্ভব বলাতে কোন ক্ষতি নেই। কেননা, প্রমাণের নিকট সম্ভবতা, অসম্ভবতার কোন স্থান নেই। বস্তুতঃ আমি কোন বিচিত্র বিষয়ের দাবীও করি নি। তেমন হলে অবশ্য অসম্ভব মনে করে তৎপ্রতি অবিশ্বাস করা অশোভনীয় হত না; কিন্তু প্রমাণ স্থাপিত হওয়ার পর সে ওযর-ও অচল। হাঁ, যদি অসম্ভবতার পক্ষে কোন দলীল থাকত, তবে তার অনুসরণ করা কর্তব্য হত; কিন্তু তেমন কোন বিচিত্র অসম্ভব দাবী তো আমি করি নি। (বঃ কোঃ)

خيرا الله اعلم بما في انفسهم اني اذا لمن الظلمين ۝٣٢ قالوا

খাইরা-; আল্লা-হু আ'লামু বিমা- ফী~আনফুসিহিম্, ইন্নী~ইযাল্লামিনায যা-লিমীন। ৩২। ক্বা-লূ
আল্লাহ অবগত আছেন তাদের অন্তরের খবর সম্পর্কে। (যদি এরূপ বলি) তবে নিশ্চয়ই অত্যাচারীদের অন্তর্ভুক্ত হব। (৩২) তারা বলল,

ينوح قد جدلتنا فاكثرت جدالنا فاتنا بما تعدنا ان كنت من

ইয়া- নূহু ক্বাদ্ জ্বা-দাল্‌তানা- ফাআক্‌ছার্‌তা জ্বিদা-লানা- ফা'তিনা বিমা- তা'ইদুনা~ইন কুন্‌তা মিনাস্ব
হে নূহ, তুমি নিশ্চয়ই আমাদের সাথে তর্ক করেছ এবং তুমি আমাদের সাথে অতিমাত্রায় তর্ক করেছ, অতএব তুমি যার ভয় আমাদেরকে দিতেছ তা আমাদের প্রতি আনয়ন

الصدقين ۝٣٣ قال انما ياتيكم به الله ان شاء وما انتم بمعجزين ٥

স্বা-দিক্বীন। ৩৩। ক্বা-লা ইন্নামা- ইয়া'তীকুম্ বিহিল্লা-হু ইন্‌শ~আ ওয়ামা~আন্‌তুম্ বিমু'জ্বিযীন।
কর, যদি তুমি সত্যবাদী হও। (৩৩) সে (নূহ) বলল, আল্লাহ তোমাদের উপর তা আনয়ন করবেন যদি তিনি ইচ্ছা করেন। তোমরা তাঁকে অপারগ করতে পারবে না।

۝٣٤ ولا ينفعكم نصحي ان اردت ان انصح لكم ان كان الله يريد ان

৩৪। ওয়া লা- ইয়ান্‌ফা'উকুম্ নুস্বহী~ইন্ আরাদ্‌তু আন্ আন্‌স্বাহা লাকুম্ ইন্ কা-নাল্লা-হু ইউরীদু আঁই
(৩৪) আমি তোমাদেরকে উপদেশ দিতে ইচ্ছা করলেও আমার উপদেশ তোমাদের কোন কাজে আসবে না, যদি আল্লাহ তোমাদেরকে পথভ্রষ্ট করতে চান

يغويكم هو ربكم واليه ترجعون ۝٣٥ ام يقولون افترىه قل ان

ইউগ্‌ওয়িয়াকুম্; হুওয়া রাব্বুকুম্ ওয়া ইলাইহি তুরজ্বা'উন্। ৩৫। আম্ ইয়াকূলূনাফ্ তারা-হু ; কুল্ ইনিফ্
তিনিই তোমাদের প্রতিপালক এবং তাঁর দিকেই ফিরে যেতে হবে। (৩৫) তারা কি বলে যে, এটি (কুরআন) সে বানিয়েছে? আপনি বলুন, এটি যদি আমি

افتريته فعلي اجرامي وانا بريء مما تجرمون ۝٣٦ واوحي الى نوح انه

তারাইতুহূ ফা'আলাইয়্যা ইজ্‌রা-মী উম ওয়া আনা বারী~উম্ মিম্মা- তুজ্‌রিমূন। ৩৬। ওয়া উহিয়া ইলা- নূহিন্ আন্নাহূ
বানিয়ে থাকি, তবে তার গুনাহ আমার উপরই। আর তোমরা যে গুনাহ করছ তা থেকে আমি দায়মুক্ত। (৩৬) নূহের প্রতি এ মর্মে ওহী প্রেরণ করা হল, যারা

রুকূ ৩

لن يؤمن من قومك الا من قد امن فلا تبتئس بما كانوا يفعلون ٥

লাঁইইউ'মিনা মিন্ ক্বাওমিকা ইল্লা- মান ক্বাদ্ আ-মানা ফালা- তাব্‌তাইস্ বিমা- কা-নূ ইয়াফ'আলূন।
ঈমান এনেছে তারা ছাড়া অন্য কেউ তোমার সম্প্রদায় হতে ঈমান আনবে না। সুতরাং তাদের কার্যকলাপের ব্যাপারে তুমি চিন্তিত হয়ো না।

۝٣٧ واصنع الفلك باعيننا ووحينا ولا تخاطبني في الذين ظلموا انهم

৩৭। ওয়াস্বনা'য়িল্ ফুল্‌কা বিআ'উনিনা- ওয়া ওয়াহ্‌য়িনা- ওয়ালা- তুখা-ত্বিব্‌নী ফিল্লাযীনা যালামূ, ইন্নাহুম্
(৩৭) তুমি আমার তত্ত্বাবধানে এবং আমার ওহী মোতাবেক নৌকা তৈয়ার কর এবং অত্যাচারীদের ব্যাপারে তুমি আমার কাছে কোন আবদার করবেন না।

০ বিশ্লেষণ (আঃ ৩৭) ঃ ...واصنع الفلك - (নৌকা তৈয়ার কর) ঃ হযরত নূহ (আ) ওহীর দ্বারা দু'বছর বসে নৌকা তৈয়ার করলেন। নৌকার দৈর্ঘ্য ৩০০ গজ, কারো মতে ১২০০ গজ এবং প্রস্থ ৫০ গজ, কারো মতে ৬০ গজ। তার উচ্চতা ৩০ গজ, কোন বর্ণনা মতে, ৩৩ গজ। সে নৌকায় দরজা ছিল তিনটি এবং তাতে রং দেয়া হয়েছিল কালো রং যা তিন তলা বিশিষ্ট। (তাঃ কাদেরী) ০ টীকা (আঃ ৩৭) ঃ ইবনে আব্বাস (রা) বলেন, নৌকা কিরূপে নির্মাণ করতে হয়, নূহ (আ) তা জানতেন না। ওহী আসল, মুরগীর বুকের ন্যায় করে বানাও। ওহী অনুযায়ী নৌকা নির্মাণের জন্য একটি শাল বৃক্ষ রোপণ করলে বিশ বছরে তা এত বড় হয়ে গেল যে, তা দ্বারাই পূর্ণ নৌকা নির্মিত হয়ে গেল। এই বিশ বছরের মধ্যে সম্প্রদায়ে কোন শিশু জন্মগ্রহণ করে নি। পূর্বের শিশুরাই ইতিমধ্যে বালেগ হয়ে নিজ নিজ পিতার অনুগামী হল। নূহ (আ) উক্ত বৃক্ষ দ্বারা যার শত গজ লম্বা, সুগঠিত একটি নৌকা নির্মাণ করে ১ম তলায় পশু, ২য় তলায় জন্তু এবং ৩য় তলায় আসবাবপত্রসহ মানুষের স্থান করে দিলেন। (বঃ কোঃ)

مُغْرَقُونَ ﴿٣٧﴾ وَيَصْنَعُ الْفُلْكَ وَكُلَّمَا مَرَّ عَلَيْهِ مَلَأٌ مِّن قَوْمِهِ سَخِرُوا مِنْهُ

মুগরাকূন। ৩৮। ওয়া ইয়াস্‌না'উল্ ফুল্কা ওয়া কুল্লামা- মার্‌রা 'আলাইহি মালাউম্ মিন্ ক্বাওমিহী সাখিরু মিন্‌হু,
নিশ্চয়ই তারা নিমজ্জিত হবে। (৩৮) তিনি নৌকা তৈয়ার করতে লাগলেন। আর যখন তাঁর সম্প্রদায়ের নেতৃবৃন্দ তার কাছ দিয়ে যেত, তখন তারা তাকে

قَالَ إِن تَسْخَرُوا مِنَّا فَإِنَّا نَسْخَرُ مِنكُمْ كَمَا تَسْخَرُونَ ﴿٣٨﴾ فَسَوْفَ تَعْلَمُونَ

ক্বা-লা ইন তাস্‌খারূ মিন্না- ফাইন্না- নাস্‌খারু মিন্‌কুম কামা- তাসখারূন্। ৩৯। ফাসাওফা তা'লামূনা
ঠাট্টা করতো। তিনি বললেন, তোমরা যদি আমাকে ঠাট্টা কর, তবে আমরাও তোমাদেরকে ঠাট্টা করব, যেভাবে তোমরা ঠাট্টা করছ। (৩৯) আর তোমরা

مَن يَأْتِيهِ عَذَابٌ يُخْزِيهِ وَيَحِلُّ عَلَيْهِ عَذَابٌ مُّقِيمٌ ﴿٣٩﴾ حَتَّىٰ إِذَا جَاءَ

মাই ইয়া'তীহি 'আযা-বুই ইউখ্‌যীহি ওয়া ইয়াহিল্লু 'আলাইহি 'আযা-বুম্ মুক্বীম। ৪০। হাত্তা- ইযা- জা— আ
শীঘ্রই জানতে পারবে, কার উপর অপমানজনক শাস্তি আসবে এবং কার উপর চিরস্থায়ী শাস্তি আসবে। (৪০) অবশেষে যখন আমার নির্দেশ এসে গেল

أَمْرُنَا وَفَارَ التَّنُّورُ قُلْنَا احْمِلْ فِيهَا مِن كُلٍّ زَوْجَيْنِ اثْنَيْنِ وَأَهْلَكَ إِلَّا

আমরুনা- ওয়া ফা-রাত্তান্নূরু ক্বুল্‌নাহ্‌মিল্ ফীহা- মিন্ কুল্লিন যাওজাইনিছ্‌নাইনি ওয়া আহ্‌লাকা ইল্লা-
এবং চুলা পানি উপচিয়ে ফেলল, আমি নূহকে বললাম, এ নৌকায় প্রত্যেক জাতি হতে দু'টি করে জোড়া (নর ও মাদী) উঠিয়ে নিন, আর যাদের সম্পর্কে পূর্বেই সিদ্ধান্ত হয়ে

مَن سَبَقَ عَلَيْهِ الْقَوْلُ وَمَنْ آمَنَ وَمَا آمَنَ مَعَهُ إِلَّا قَلِيلٌ ﴿٤٠﴾ وَقَالَ ارْكَبُوا

মান্ সাবাক্বা 'আলাইহিল ক্বাওলু ওয়া মান আ-মান, ওয়া মা~আ-মানা মা'আহূ ইল্লা- ক্বালীল। ৪১। ওয়া ক্বা-লার্‌কাবূ
গিয়েছে তাদের ছাড়া এবং আপনার পরিবারের লোকজনকে, আর যারা ঈমান এনেছে তাদেরকে। তাঁর সাথে ঈমান আনয়নকারী ছিল খুবই নগণ্য। (৪১) নূহ বললেন,

فِيهَا بِسْمِ اللَّهِ مَجْرَاهَا وَمُرْسَاهَا إِنَّ رَبِّي لَغَفُورٌ رَّحِيمٌ ﴿٤١﴾ وَهِيَ تَجْرِي

ফীহা- বিস্‌মিল্লা-হি মাজ্‌রেহা- ওয়া মুরসা-হা-,ইন্না রাব্বী লাগাফূরুর রাহীম। ৪২। ওয়া হিয়া তাজ্‌রী
তোমরা এ নৌকায় আরোহণ কর, আল্লাহর নামেই এর চলা ও অবস্থান। অবশ্যই আমার প্রতিপালক ক্ষমাশীল এবং পরম দয়ালু। (৪২) আর সেটি

بِهِمْ فِي مَوْجٍ كَالْجِبَالِ وَنَادَىٰ نُوحٌ ابْنَهُ وَكَانَ فِي مَعْزِلٍ يَا بُنَيَّ

বিহিম্ ফী মাওজিন্ কাল্‌জিবা-ল, ওয়া না-দা- নূহুনিব্‌নাহূ ওয়া কা-না ফী মা'যিলিই ইয়া-বুনাইয়্যার্
তাদের নিয়ে পর্বত সমতুল্য তরঙ্গের মধ্যে চলতে লাগল। নূহ তাঁর পুত্রকে ডেকে বললেন, সে ছিল এক কিনারায়, হে আমার ছেলে!

ارْكَب مَّعَنَا وَلَا تَكُن مَّعَ الْكَافِرِينَ ﴿٤٢﴾ قَالَ سَآوِي إِلَىٰ جَبَلٍ يَعْصِمُنِي مِنَ

কাম্ মা'আনা- ওয়ালা- তাকুম্ মা আল্ কা-ফিরীন। ৪৩। ক্বা-লা সাআ-ওয়ী ~ইলা- জ্বাবালিঈঁ ইয়া'স্বিমুনী মিনাল্
আমাদের সাথে (নৌকায়) উঠ এবং কাফিরদের সাথী হয়ো না। (৪৩) সে বলল, আমি শীঘ্রই কোন এক পাহাড়ে আশ্রয় নিব, যা আমাকে পানি থেকে রক্ষা করবে।

○ টীকা (আঃ ৩৮) ঃ নূহ (আ) ময়দানে নৌকা নির্মাণ করা কালে কাফিররা বিদ্রূপ করে বলত, "প্রথম তো নবী সাজলেন, এখন সূতার মিস্ত্রী হলেন, পানি নেই- নৌকা নির্মাণ করছেন ইত্যাদি।" (মুঃ কোঃ)

○ বিশ্লেষণ (আঃ ৪১) ঃ بسم الله مجرها হাদীস শরীফে বর্ণিত, যখন নূহ (আ) নৌকা চালাতে ইচ্ছা করতেন তখন 'বিসমিল্লাহ' বলতেন এবং যখন কোথাও নোঙ্গর করতে চাইতেন, তখনও বিসমিল্লাহ বলতেন। তিনি তাঁর সাথীদেরকে এভাবে "বিস্‌মিল্লাহ" বলা শিখালেন। (তাঃ কাদেরী)

○ টীকা (আঃ ৪৩) ঃ নূহ (আ)-এর পুত্র 'কেন্‌আন' তখন নৌকার নিকটেই দণ্ডায়মান ছিল। নূহ (আ) তাকে ঈমানদার বলেই জানতেন, এজন্য বলেছেন, 'বৎস! আমাদের সঙ্গে নৌকায় আরোহণ কর।' ছেলেটি আসলে মুনাফেকী করত। (মুঃ কোঃ)

সূরা হূদ ঃ ১১ নূরানী বাংলা উচ্চারণ কোরআন শরীফ ওয়ামা- মিন দা—ব্বাতিন ঃ ১২

الْمَاءِ قَالَ لَا عَاصِمَ الْيَوْمَ مِنْ أَمْرِ اللَّهِ إِلَّا مَن رَّحِمَ وَحَالَ بَيْنَهُمَا الْمَوْجُ

মা—ই, ক্বা-লা- লা- 'আ-স্বিমাল্-ইয়াওমা মিন্ আমরিল্লা-হি ইল্লা- মার্ রাহিম, ওয়া হা-লা বাইনাহুমাল্ মাওজু
নূহ বলল, আজ আল্লাহর নির্দেশ থেকে রক্ষাকারী কেউ নেই, শুধু সে ব্যতীত যাকে আল্লাহ রহম করেন। আর তাদের দু'জনার মাঝে তরঙ্গ

فَكَانَ مِنَ الْمُغْرَقِينَ ﴿٤٣﴾ وَقِيلَ يَا أَرْضُ ابْلَعِي مَاءَكِ وَيَا سَمَاءُ أَقْلِعِي وَغِيضَ

ফাকা-না মিনাল্ মুগ্‌রাক্বীন। ৪৪। ওয়া ক্বীলা ইয়া~আর্‌দুব্‌লা'ঈ মা—আকি ওয়া ইয়া-সামা—উ আক্বলি'ঈ ওয়া গীদ্বাল্
প্রতিবন্ধক হয়ে গেল আর সে নিমজ্জিতদের অন্তর্ভুক্ত হল। (৪৪) এরপর বলা হল, হে যমীন! তুমি স্বীয় পানি চুষে নাও। আর হে আকাশ! তুমি থেমে যাও।

الْمَاءُ وَقُضِيَ الْأَمْرُ وَاسْتَوَتْ عَلَى الْجُودِيِّ وَقِيلَ بُعْدًا لِّلْقَوْمِ الظَّالِمِينَ ﴿٤٤﴾

মা—উ ওয়া কুদ্বিয়াল্ আম্‌রু ওয়াস্তাওয়াত্ 'আলাল্ জূদিয়্যি ওয়া ক্বীলা বু'দাল্লিল্ ক্বাওমিয্ য-লিমীন।
অতঃপর পানি হ্রাস পেল এবং কাজ সমাপ্ত হলো এবং নৌকা "জুদী" পাহাড়ের উপর গিয়ে লাগল, আর বলা হল, অত্যাচারী সম্প্রদায় ধ্বংস হোক।

وَنَادَىٰ نُوحٌ رَّبَّهُ فَقَالَ رَبِّ إِنَّ ابْنِي مِنْ أَهْلِي وَإِنَّ وَعْدَكَ الْحَقُّ

৪৫। ওয়া না-দা- নূহুর্ রাব্বাহূ ফাক্বা-লা রাব্বি ইন্নাব্‌নী মিন্ আহ্‌লী ওয়া ইন্না ওয়া'দাকাল্ হাক্কু
(৪৫) নূহ তাঁর প্রতিপালককে ডেকে বললেন, হে আমার প্রতিপালক! আমার ছেলে আমারই পরিবারের অন্তর্ভুক্ত। নিশ্চয়ই আপনার ওয়াদা সত্য এবং

وَأَنتَ أَحْكَمُ الْحَاكِمِينَ ﴿٤٥﴾ قَالَ يَا نُوحُ إِنَّهُ لَيْسَ مِنْ أَهْلِكَ إِنَّهُ عَمَلٌ غَيْرُ

ওয়া আন্‌তা আহ্‌কামুল হা-কিমীন। ৪৬। ক্বা-লা ইয়া-নূহু ইন্নাহূ লাইসা মিন্ আহ্‌লিক, 'ইন্নাহূ 'আমালুন্ গাইরু'
আপনি বিচারকদের মধ্যে শ্রেষ্ঠ বিচারক। (৪৬) আল্লাহ বললেন, হে নূহ! সে আপনার পরিবারের অন্তর্ভুক্ত নয়। সে অসৎ

صَالِحٍ فَلَا تَسْأَلْنِ مَا لَيْسَ لَكَ بِهِ عِلْمٌ إِنِّي أَعِظُكَ أَن تَكُونَ مِنَ الْجَاهِلِينَ ﴿٤٦﴾

স্বা-লিহু, ফালা- তাস্‌আল্‌নি মা- লাইসা লাকা বিহী 'ইল্‌ম; ইন্নী~আ'য়িযুকা আন্ তাকূনা মিনাল্ জা-হিলীন।
কর্মপরায়ন। সুতরাং যে বিষয় আপনার জানা নেই সে বিষয় আমার কাছে আবদার করবেন না। আমি আপনাকে উপদেশ দিচ্ছি যে, আপনি মূর্খদের অন্তর্ভুক্ত হবেন না।

﴿٤٧﴾ قَالَ رَبِّ إِنِّي أَعُوذُ بِكَ أَنْ أَسْأَلَكَ مَا لَيْسَ لِي بِهِ عِلْمٌ وَإِلَّا تَغْفِرْ لِي

৪৭। ক্বা-লা রাব্বি ইন্নী~আ'উযুবিকা আন্ আস্‌আলাকা মা- লাইসা লী বিহী 'ইল্‌ম; ওয়া ইল্লা- তাগ্‌ফির্‌লী
(৪৭) তিনি বললেন, হে আমার প্রতিপালক! আপনার কাছে পানাহ চাই, আমি যেন আপনার কাছে এমন বিষয় আবদার না করি, যে বিষয় আমার জ্ঞান নেই। যদি আপনি

وَتَرْحَمْنِي أَكُن مِّنَ الْخَاسِرِينَ ﴿٤٧﴾ قِيلَ يَا نُوحُ اهْبِطْ بِسَلَامٍ مِّنَّا وَبَرَكَاتٍ عَلَيْكَ

ওয়া তারহামনী~আকুম মিনাল্ খা-সিরীন। ৪৮। ক্বীলা ইয়া- নূহুহ্‌বিত্ব বিসালা-মিম মিন্না- ওয়া বারাকা-তিন্ 'আলাইকা
আমাকে মাফ না করেন এবং আমার প্রতি রহম না করেন, তবে আমি ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হয়ে যাব। (৪৮) বলা হল, হে নূহ! নেমে আসুন আমার পক্ষ থেকে শান্তি এবং

○ বিশ্লেষণ (আঃ ৪৪) ঃ واستوت على الجودى - মহররমের দশ তারিখ আশুরার দিন নৌকা জুদী পাহাড়ে এসে লাগল এবং তুফানের সময়কাল ছিল ছয় মাস। নূহ (আ) নৌকা থেকে বের হয়ে সেদিন শোকরানা রোযা রাখলেন এবং আশুরার রোযা সুন্নত। (তাঃ কাদেরী)

○ টীকা (আঃ ৪৬) ঃ যদ্রূপ সারা দুনিয়ার পিতৃগণের নিজ নিজ সন্তানের প্রতি অপত্যস্নেহ জাগ্রত থাকে এবং পিতা স্বাভাবিক ভালবাসার জন্য সন্তানের দোষ-ত্রুটি সব সময়েই তুচ্ছ জ্ঞান করে থাকে, কিংবা তার দোষ-ত্রুটিতে ভ্রূক্ষেপ করে না, অনুরূপই অবস্থা নূহ পয়গাম্বরের নিজের পুত্রের সাথে ছিল। হযরত নূহ নবী শেষ পর্যন্ত পুত্রের পরিত্রাণের জন্য দোআ প্রার্থনা করতে থাকেন। আল্লাহ হযরত নূহকে সাবধান করে দেন যে, হে নূহ! তুমি তোমার পুত্রের কার্যাবলীর বিচারকর্তা হতে পার না। আর তোমার পুত্রের শেষ পরিণতির খবরও তোমার জানা নেই। হে নূহ! যে বস্তু বাহ্যতঃ তোমার উত্তম বোধ হচ্ছে, তার শেষ পরিণতি অতি জঘন্য।

وَعَلٰٓى اُمَمٍ مِّمَّنْ مَّعَكَ ؕ وَاُمَمٌ سَنُمَتِّعُهُمْ ثُمَّ يَمَسُّهُمْ مِّنَّا عَذَابٌ اَلِيْمٌ ○

ওয়া 'আলা~উমামিম মিম্মাম মা'আক; ওয়া উমামুন্ সানুমাত্তি'উহুম ছুম্মা ইয়ামাস্সুহুম মিন্না- 'আযা-বুন আলীম।
আপনার ও আপনার সংগীর দলের উপর বরকতসহ এবং অন্যান্য দল, যাদেরকে শীঘ্রই আমি সুখ-স্বাচ্ছন্দ্য দিব, অতঃপর আমার যন্ত্রণাদায়ক শাস্তি তাদের স্পর্শ করবে।

۝ تِلْكَ مِنْ اَنْۢبَآءِ الْغَيْبِ نُوْحِيْهَآ اِلَيْكَ ۚ مَا كُنْتَ تَعْلَمُهَآ اَنْتَ وَلَا قَوْمُكَ

৪৯। তিল্কা মিন্ আম্বা—ইল্ গাইবি নূহীহা~ইলাইকা' মা- কুন্তা তা'লামুহা~আন্তা ওয়ালা- ক্বাওমুকা
(৪৯) এগুলো গায়েবী সংবাদ যা আপনাকে ওহী দ্বারা অবগত করাচ্ছি, যা এর পূর্বে আপনি জানতেন না, এবং আপনার সম্প্রদায়ও

مِنْ قَبْلِ هٰذَا ۛؕ فَاصْبِرْ ؕ اِنَّ الْعَاقِبَةَ لِلْمُتَّقِيْنَ ۝ وَاِلٰى عَادٍ اَخَاهُمْ هُوْدًا ؕ

মিন্ ক্বাব্লি হাযা-; ফাসবির্; ইন্নাল্ 'আ-ক্বিবাতা লিল্ মুত্তাক্বীন। ৫০। ওয়া ইলা- 'আ-দিন্ আখা-হুম্ হূদা-;
জানত না। সুতরাং ধৈর্য ধারণ করুন। উত্তম প্রতিদান মুত্তাকীদের জন্যই। (৫০) আমি প্রেরণ করেছিলাম আদ সম্প্রদায়ের কাছে তাদের ভ্রাতা হূদকে।

قَالَ يٰقَوْمِ اعْبُدُوا اللّٰهَ مَا لَكُمْ مِّنْ اِلٰهٍ غَيْرُهٗ ؕ اِنْ اَنْتُمْ اِلَّا مُفْتَرُوْنَ ۝ يٰقَوْمِ

ক্বা-লা ইয়া- ক্বাওমি'বুদুল্লা-হা মা- লাকুম্ মিন ইলা-হিন গাইরুহূ; ইন্ আন্তুম্ ইল্লা- মুফ্তারূন। ৫১। ইয়া- ক্বাওমি
তিনি বলেছিলেন, হে আমার সম্প্রদায়! তোমরা আল্লাহর ইবাদাত কর। তিনি ছাড়া তোমাদের কোন মা'বূদ নেই। তোমরা তো শুধু অপবাদকারী। (৫১) হে আমার সম্প্রদায়!

لَآ اَسْئَلُكُمْ عَلَيْهِ اَجْرًا ؕ اِنْ اَجْرِىَ اِلَّا عَلَى الَّذِىْ فَطَرَنِىْ ؕ اَفَلَا تَعْقِلُوْنَ ○

লা~আস্আলুকুম্ 'আলাইহি আজ্রা-, ইন্আজ্রিয়া ইল্লা- 'আলাল্লাযী ফাত্বারানী; আফালা- তা'ক্বিলূন।
আমি তোমাদের কাছে এর বিনিময় কোন প্রতিদান চাইনা। আমার প্রতিদান তাঁরই দায়িত্বে, যিনি আমাকে সৃষ্টি করেছেন। তবুও তোমরা কি বুঝবে না?

۝ وَيٰقَوْمِ اسْتَغْفِرُوْا رَبَّكُمْ ثُمَّ تُوْبُوْٓا اِلَيْهِ يُرْسِلِ السَّمَآءَ عَلَيْكُمْ مِّدْرَارًا

৫২। ওয়া ইয়া- ক্বাওমিস্তাগ্ফিরূ রাব্বাকুম্ ছুম্মা তূবূ~ইলাইহি ইউর্সিলিস সামা—আ 'আলাইকুম মিদরা-রাওঁ
(৫২) হে আমার সম্প্রদায়! তোমরা নিজ প্রতিপালকের কাছে ক্ষমা প্রার্থনা কর। অতঃপর তাঁরই দিকে ফিরে যাও, তিনি আকাশ হতে তোমাদের উপর পর্যাপ্ত বৃষ্টি বর্ষণ

وَّيَزِدْكُمْ قُوَّةً اِلٰى قُوَّتِكُمْ وَلَا تَتَوَلَّوْا مُجْرِمِيْنَ ۝ قَالُوْا يٰهُوْدُ مَا جِئْتَنَا

ওয়া ইয়াযিদ্কুম্ ক্বুওয়াতান ইলা- ক্বুওয়াতিকুম ওয়ালা- তাতাওয়াল্লাও মুজ্রিমীন। ৫৩। ক্বা-লূ ইয়া-হূদু মা- জি'তানা-
করবেন এবং তিনি তোমাদের ক্ষমতার সাথে আরও ক্ষমতা বাড়িয়ে দিবেন। তোমরা অপরাধী অবস্থায় ফিরে যেয়ো না। (৫৩) তারা বলল, হে হূদ! আপনি আমাদের

بِبَيِّنَةٍ وَّمَا نَحْنُ بِتَارِكِىْٓ اٰلِهَتِنَا عَنْ قَوْلِكَ وَمَا نَحْنُ لَكَ بِمُؤْمِنِيْنَ ۝ اِنْ

বিবাইয়্যিনাতিওঁ ওয়া মা- নাহ্নু বিতা-রিকী~আ-লিহাতিনা- 'আন্ ক্বাওলিকা ওয়া মা- নাহ্নু লাকা বিমু'মিনীন্। ৫৪। ইন্
কাছে কোন দলীল আনেন নি। শুধু আপনার কথায় আমরা আমাদের মা'বূদকে পরিত্যাগ করতে পারি না এবং আমরা আপনার প্রতি বিশ্বাসী নই। (৫৪) এবং আমরাতো

○ টীকা (আঃ ৫১) ঃ সকল রাসূলই স্বীয় সম্প্রদায়ের নিকট নিজের নিঃস্বার্থতা এবং নির্লোভ হওয়ার কথা ঘোষণা করে থাকেন, যেন লোকে তাদেরকে কোন অপবাদ দিতে না পারে এবং উপদেশও খাঁটি হয়। কেননা, পার্থিব-স্বার্থ বিজড়িত না হলেই উপদেশ ফলপ্রদ হয়। এ জন্যই হূদ (আ) এ কথা ঘোষণা করেছিলেন। (মুঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ৫২) ঃ قوة (ক্ষমতা) দ্বারা সম্পদ ও সন্তানাদি বুঝানো হয়েছে। ○ টীকা (আঃ ৫৪) ঃ অর্থাৎ, কাফিরদের ধারণা, যেহেতু আপনি তাদের অবমাননা করেছেন, এজন্য তাদের কেউ আপনার মস্তিষ্ক বিগড়িয়ে দিয়েছে। কাজেই আপনি এরূপ প্রলাপোক্তি করছেন। (বঃ কোঃ)

نَّقُوْلُ اِلَّا اعْتَرٰىكَ بَعْضُ اٰلِهَتِنَا بِسُوْٓءٍ ؕ قَالَ اِنِّىْٓ اُشْهِدُ اللّٰهَ وَاشْهَدُوْٓا

নাক্বূলু ইল্লা' তারা-কা বা'দ্বু আ-লিহাতিনা- বিসূ~ই ; ক্বা-লা ইন্নী~উশ্হিদুল্লা-হা ওয়াশ্হাদূ~
আপনার ব্যাপারে বলি যে, আমাদের মা'বূদের মধ্য হতে কারো অশুভ আপনার প্রতি চাপিয়ে দিয়েছে। তিনি বললেন, আমি আল্লাহকে সাক্ষী রাখি এবং তোমরাও সাক্ষী থাক

اَنِّىْ بَرِىْٓءٌ مِّمَّا تُشْرِكُوْنَ ۝ مِنْ دُوْنِهٖ فَكِيْدُوْنِىْ جَمِيْعًا ثُمَّ لَا تُنْظِرُوْنِ ○

আন্নী বারী—উম্ মিম্মা- তুশরিকূন। ৫৫। মিন্ দূনিহী ফাকীদূনী জ্বামী'আন্ ছুম্মা লা- তুন্যিরূন।
যে, আমি সে সব বিষয় হতে মুক্ত যাদের তোমরা শরীক করছ। (৫৫) আল্লাহকে ছাড়া তোমরা সকলে আমার বিরুদ্ধে ষড়যন্ত্র কর এবং আমাকে কোন অবসর দিও না।

۝ اِنِّىْ تَوَكَّلْتُ عَلَى اللّٰهِ رَبِّىْ وَرَبِّكُمْ ؕ مَا مِنْ دَآبَّةٍ اِلَّا هُوَ اٰخِذٌۢ بِنَاصِيَتِهَا ؕ

৫৬। ইন্নী তাওয়াক্কালতু 'আলাল্লা-হি রাব্বী ওয়া রাব্বিকুম্'; মা- মিন্ দা—ব্বাতিন্ ইল্লা- হুওয়া আ-খিযুম বিনা-স্বিয়াতিহা-;
(৫৬) আমি আল্লাহর উপরই ভরসা রাখি যিনি আমার ও তোমাদের প্রতিপালক। এমন কোন জীব নেই, যা তার পূর্ণ নিয়ন্ত্রণে নয়,

اِنَّ رَبِّىْ عَلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ۝ فَاِنْ تَوَلَّوْا فَقَدْ اَبْلَغْتُكُمْ مَّآ اُرْسِلْتُ بِهٖٓ

ইন্না রাব্বী 'আলা- স্বিরা-ত্বিম মুস্তাক্বীম। ৫৭। ফাইন্ তাওয়াল্লাও ফাক্বাদ্ আবলাগ্তুকুম মা~উর্সিল্তু বিহী~
নিশ্চয় আমার প্রতিপালক সরল পথেই আছেন। (৫৭) অতঃপর যদি তোমরা ফিরে যাও, তবে আমি তোমাদের কাছে সে সব পৌঁছিয়েছি যা সহ আমি তোমাদের কাছে

اِلَيْكُمْ ؕ وَيَسْتَخْلِفُ رَبِّىْ قَوْمًا غَيْرَكُمْ ۚ وَلَا تَضُرُّوْنَهٗ شَيْئًا ؕ اِنَّ رَبِّىْ عَلٰى

ইলাইকুম; ওয়া ইয়াস্তাখ্লিফু রাব্বী ক্বাওমান্ গাইরাকুম, ওয়ালা- তাদ্বুর্রূনাহূ শাইয়া-; ইন্না রাব্বী 'আলা
প্রেরিত হয়েছি। আর আমার প্রতিপালক তোমাদের স্থলে অন্য সম্প্রদায়কে প্রতিনিধি করবেন এবং তোমরা তাঁর কোনই অনিষ্ট করতে পারবে না। নিশ্চয় আমার প্রতিপালক

كُلِّ شَىْءٍ حَفِيْظٌ ۝ وَلَمَّا جَآءَ اَمْرُنَا نَجَّيْنَا هُوْدًا وَّالَّذِيْنَ اٰمَنُوْا مَعَهٗ بِرَحْمَةٍ

কুল্লি শাইয়িন হ্বাফীজ্ব। ৫৮। ওয়া লাম্মা- জ্বা—আ আম্রুনা- নাজ্জাইনা- হূদাওঁ ওয়াল্লাযীনা আ-মানূ মা'আহূ বিরাহ্মাতিম
প্রতিটি জিনিসেরই রক্ষক। (৫৮) আর যখন আমার হুকুম (শাস্তি) এসে পৌঁছল, তখন আমি নিজ অনুগ্রহে নাজাত দিলাম হূদকে এবং যারা তাঁর সাথে ঈমান এনেছে

مِّنَّا ۚ وَنَجَّيْنٰهُمْ مِّنْ عَذَابٍ غَلِيْظٍ ۝ وَتِلْكَ عَادٌ ۟ جَحَدُوْا بِاٰيٰتِ رَبِّهِمْ

মিন্না-; ওয়া নাজ্জাইনাহুম মিন্ 'আযা-বিন্ গালীয্ব। ৫৯। ওয়া তিলকা 'আ-দুন্ জাহ্বাদূ বিআ-ইয়া-তি রাব্বিহিম্
তাদেরকে, কঠিন শাস্তি থেকে নাজাত দিলাম। (৫৯) আর এই আদ জাতি যারা তাদের প্রতিপালকের আয়াত অস্বীকার করেছে

وَعَصَوْا رُسُلَهٗ وَاتَّبَعُوْٓا اَمْرَ كُلِّ جَبَّارٍ عَنِيْدٍ ۝ وَاُتْبِعُوْا فِىْ هٰذِهِ الدُّنْيَا

ওয়া 'আস্বাও রুসুলাহূ ওয়াত্তাবাউ'- আম্রা কুল্লি জাব্বা-রিন্ 'আনীদ। ৬০। ওয়া উত্বিউ' ফী হা-যিহিদ্ দুন্ইয়া-
এবং তাঁর রাসূলগণকে অমান্য করেছে এবং তারা প্রত্যেক স্বেচ্ছাচারী অবাধ্যদের নির্দেশ অনুসরণ করেছে। (৬০) এ পার্থিব জীবনে তাদের পেছনে লা'নত

○ বিশ্লেষণ (আঃ ৫৬) ঃ اخذ بناصيتها - (শাব্দিক অর্থ- মাথার সম্মুখস্থ চুল ধরা) এর দ্বারা বুঝানো হয়েছে। তিনিই তার মালিক এবং তার উপর ক্ষমতাশীল। "মাথার সম্মুখস্থ চুল ধরা" মালিকত্বের একটি দৃষ্টান্ত। (তাঃ কাদেরী) ○ টীকা (আঃ ৫৯) ঃ অর্থাৎ, 'আদ সম্প্রদায় যখন হূদ (আ)-এর উপদেশ মানল না, তখন প্রবল ঝঞ্ঝা বায়ু তাদের উপর পতিত হয়। কিংবা এখানে 'কঠোর আযাব' বলতে পারলৌকিক-আযাবও উদ্দেশ্য হতে পারে। এই কাওমের আযাব এরূপ কঠোর হবে যে, দোযখের আগুনের তাপ তাদের গলদেশ দিয়ে প্রবেশ করে মস্তিষ্ক গলিয়ে, অঙ্গ-প্রত্যঙ্গ খসে ফেলবে। (মুঃ কোঃ)
○ টীকা (আঃ ৫৯) ঃ এখানে বলা হয়েছে, "আদ সম্প্রদায় রাসূলগণের কথা মান্য করে নি," অথচ তাদের একমাত্র নবী ছিলেন হূদ (আ)। আসল কথা এই যে, সকল নবীর শিক্ষার মূলগত বিষয় হল তাওহীদ। কাজেই এক রাসূলকে অমান্য করলে সকল রাসূলকে অমান্য করা হয়। (বঃ কোঃ)

لَعْنَةً وَّيَوْمَ الْقِيٰمَةِ ؕ اَلَآ اِنَّ عَادًا كَفَرُوْا رَبَّهُمْ ؕ اَلَا بُعْدًا لِّعَادٍ قَوْمِ هُوْدٍ ۟

লা'নাতাওঁ ওয়া ইয়াওমাল ক্বিয়া-মাহ্; আলা~ইন্না 'আ-দান কাফারূ রাব্বাহুম; আলা- বু'দাললি'আ-দিন ক্বাওমি হূদ।

পেছনে রয়েছে এবং কিয়ামতের দিনেও থাকবে। জেনে রেখ! আদ (জাতি) নিজ প্রতিপালককে অস্বীকার করেছে, জেনে রেখ, হূদের সম্প্রদায় আদের উপর লা'নত।

وَاِلٰى ثَمُوْدَ اَخَاهُمْ صٰلِحًا ۘ قَالَ يٰقَوْمِ اعْبُدُوا اللّٰهَ مَا لَكُمْ مِّنْ اِلٰهٍ غَيْرُهٗ ؕ (٦١)

৬১। ওয়া ইলা- ছামূদা আখা-হুম্ স্বা-লিহ্বা-। ক্বা-লা ইয়া-ক্বাওমি'বুদুল্লা-হা মা- লাকুম্ মিন ইলা-হিন গাইরুহূ;

(৬১) সামূদ সম্প্রদায়ের নিকট তাদের ভাই সালিহকে প্রেরণ করলাম। সে বলল, হে আমার সম্প্রদায়! তোমরা আল্লাহর ইবাদাত কর, তিনি ব্যতীত কোন মা'বূদ নেই, তিনি

هُوَ اَنْشَاَكُمْ مِّنَ الْاَرْضِ وَاسْتَعْمَرَكُمْ فِيْهَا فَاسْتَغْفِرُوْهُ ثُمَّ تُوْبُوْٓا اِلَيْهِ ؕ

হুওয়া আন্শাআকুম্ মিনাল্ আর্দ্বি ওয়াস্তা'মারাকুম ফীহা- ফাস্তাগ্ফিরূহু ছুম্মা তূবু~ইলাইহ ;

তোমাদেরকে যমীন হতে সৃষ্টি করেছেন এবং তাতেই তোমাদেরকে বসবাসের ব্যবস্থা করেছেন। অতএব তাঁর কাছেই ক্ষমা প্রার্থনা কর, অতঃপর তাঁর দিকেই ফিরে যাও।

اِنَّ رَبِّيْ قَرِيْبٌ مُّجِيْبٌ (٦٢) قَالُوْا يٰصٰلِحُ قَدْ كُنْتَ فِيْنَا مَرْجُوًّا قَبْلَ هٰذَآ

ইন্না রাব্বী ক্বারীবুম্ মুজীব। ৬২। ক্বা-লূ ইয়া-স্বা-লিহু ক্বাদ্ কুন্তা ফীনা- মারজুওওয়ান ক্বাব্লা হা-যা~

নিশ্চয়ই আমার প্রতিপালক অতি কাছে, তিনি দোয়া কবুলকারী। (৬২) তারা বলল, হে সালিহ, তুমি আমাদের কাছে এর পূর্বে আশা-আকাঙ্ক্ষার পাত্র ছিলে, তুমি কি আমাদেরকে নিষেধ

اَتَنْهٰىنَآ اَنْ نَّعْبُدَ مَا يَعْبُدُ اٰبَآؤُنَا وَاِنَّنَا لَفِيْ شَكٍّ مِّمَّا تَدْعُوْنَآ اِلَيْهِ مُرِيْبٍ ۟

আতানহা-না~আন্ না'বুদা মা- ইয়া'বুদু আ-বা—উনা- ওয়া ইন্নানা- লাফী শাক্কিম্ মিম্মা তাদ্উনা~ইলাইহি মুরীব।

করছ তাদের উপাসনা করতে, আমাদের পিতৃ পুরুষেরা যাদের উপাসনা করত? যার প্রতি তুমি আমাদেরকে ডাকছ সে বিষয়ে আমরা গভীর সন্দেহে আছি যে, আমরা দ্বিধাগ্রস্ত হয়ে পড়েছি।

قَالَ يٰقَوْمِ اَرَءَيْتُمْ اِنْ كُنْتُ عَلٰى بَيِّنَةٍ مِّنْ رَّبِّيْ وَاٰتٰىنِيْ مِنْهُ رَحْمَةً فَمَنْ (٦٣)

৬৩। ক্বা-লা ইয়া ক্বাওমি আরাআইতুম ইন্ কুন্তু 'আলা- বাইয়্যিনাতিম মির্রাব্বী ওয়া আ-তা-নী মিন্হু রাহ্মাতান ফামাঈ

(৬৩) তিনি বললেন, হে আমার সম্প্রদায়! তোমরা বলতো, আমি যদি আমার প্রতিপালকের স্পষ্ট দলীলের উপর স্থির থাকি এবং তিনি আমাকে তাঁর পক্ষ থেকে রহমত দান করেন।

يَّنْصُرُنِيْ مِنَ اللّٰهِ اِنْ عَصَيْتُهٗ ۫ فَمَا تَزِيْدُوْنَنِيْ غَيْرَ تَخْسِيْرٍ (٦٤) وَيٰقَوْمِ

ইয়ানস্বুরুনী মিনাল্ল-হি ইন্ 'আস্বাইতুহু, ফামা- তাযীদূনানী গাইরা তাখ্সীর। ৬৪। ওয়া ইয়া-ক্বাওমি

অতএব আমি যদি তাঁর নাফরমানী করি, তবে আল্লাহর মোকাবিলায় কে আমাকে সাহায্য করবে। তোমরা তো আমার ক্ষতিই বাড়িয়ে দিচ্ছ, (৬৪) হে আমার সম্প্রদায়!

هٰذِهٖ نَاقَةُ اللّٰهِ لَكُمْ اٰيَةً فَذَرُوْهَا تَاْكُلْ فِيْٓ اَرْضِ اللّٰهِ وَلَا تَمَسُّوْهَا بِسُوْٓءٍ

হা-যিহী না-ক্বাতুল্লা-হি লাকুম আ-ইয়াতান ফাযারূহা- তা'কুল ফী~আরদ্বিল্লা-হি ওয়ালা- তামাস্সূহা- বিসূ~ইন্

আল্লাহর এ উষ্ট্রীটি তোমাদের জন্য নিদর্শন স্বরূপ, তাকে ছেড়ে দাও, যাতে সে আল্লাহর যমীনে চরে খেতে পারে। তাকে কষ্ট দেয়ার উদ্দেশ্যে স্পর্শ করনা, অন্যথায়

○ টীকা (আঃ ৬২) ঃ অর্থাৎ, তুমি শিক্ষা দিচ্ছ, এক খোদার এবাদত করতে; কিন্তু এই তাওহীদের ব্যাপারটি আমাদের ধারণায়ই আসে না। এ এমন একটি ধারণা বহির্ভূত ব্যাপার, যা আমদেরকে দ্বিধা দ্বন্দ্বে ফেলে রেখেছে। (বঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ৬৩) ঃ بينة (দলীল) দ্বারা ঈমান ও ইয়াকীন যা আল্লাহ তায়ালা পয়গম্বরগণকে দান করেন এবং رحمت (রহমত) দ্বারা নবুওয়াত বুঝানো হয়েছে।

○ টীকা (আঃ ৬৪) ঃ কাফিররা হযরত ছালেহ্ (আ)-এর নিকট নবুওয়াত প্রমাণিত করার জন্য মু'জিযা দেখাতে ফরমাইশ করেছিল, তখন তিনি আল্লাহ্র দরবারে দো'আ করলে প্রস্তর মধ্য হতে একটি উটনী বের হয়ে তৎক্ষণাৎ বাচ্চা প্রসব করল। (মুঃ কোঃ)

فَيَاْخُذَكُمْ عَذَابٌ قَرِيْبٌ (٦٤) فَعَقَرُوْهَا فَقَالَ تَمَتَّعُوْا فِيْ دَارِكُمْ ثَلٰثَةَ اَيَّامٍ ؕ

ফাইয়া'খুযাকুম 'আযাবুন ক্বারীব। ৬৫। ফা'আক্বারূহা- ফাক্বা-লা তামাত্তা'উ ফী দা-রিকুম ছালা-ছাতা আইয়্যা-ম;

তোমাদেরকে আকস্মিক শাস্তি পাকড়াও করবে। (৬৫) কিন্তু তারা তার পা কর্তন করল। অতঃপর ছালেহ বলল, তোমরা তোমাদের স্বীয় গৃহে তিনটি দিন উপভোগ করে নাও,

ذٰلِكَ وَعْدٌ غَيْرُ مَكْذُوْبٍ (٦٥) فَلَمَّا جَآءَ اَمْرُنَا نَجَّيْنَا صٰلِحًا وَّالَّذِيْنَ اٰمَنُوْا مَعَهٗ

যা-লিকা ওয়া'দুন্ গাইরু মাক্যূব। ৬৬। ফালাম্মা- জ্বা—আ আম্রুনা- নাজ্জাইনা- স্বা-লিহ্বাওঁ ওয়াল্লাযীনা আ-মানূ মা'আহূ

এ ওয়াদা মিথ্যা হওয়ার নয়। (৬৬) অনন্তর যখন আমার নির্দেশ (শাস্তি) এসে পৌছল, আমি স্বীয় করুণায় ছালেহ ও তাঁর সাথে যারা ঈমান এনেছে তাদেরকে রক্ষা করলাম,

بِرَحْمَةٍ مِّنَّا وَمِنْ خِزْيِ يَوْمِئِذٍ ؕ اِنَّ رَبَّكَ هُوَ الْقَوِيُّ الْعَزِيْزُ (٦٦) وَاَخَذَ

বিরাহ্মাতিম মিন্না- ওয়া মিন খিযয়ি ইয়াওমেয়িয, ইন্না রাব্বাকা হুওয়াল্ ক্বাওয়্যিউল 'আযীয্। ৬৭। ওয়া আখাযা

আর বাঁচালাম সে দিনের অপমান হতেও। নিঃসন্দেহে আপনার প্রতিপালক শক্তিমান, পরাক্রমশালী। (৬৭) আর যারা সীমালংঘন করেছিল তাদেরকে ভীষণ

الَّذِيْنَ ظَلَمُوا الصَّيْحَةُ فَاَصْبَحُوْا فِيْ دِيَارِهِمْ جٰثِمِيْنَ (٦٧) كَاَنْ لَّمْ يَغْنَوْا

ল্লাযীনা যালামূস্ব্ স্বাইহাতু ফাআস্ববাহূ ফী দিয়া-রিহিম জ্বা-ছিমীন। ৬৮। কা-আল্লাম ইয়াগ্নাও

আওয়াজ পাকড়াও করল। ফলে তারা স্বীয় আবাস স্থলেই উপুড় হয়ে পড়ে রইল। (৬৮) মনে হয় যেন তারা সেখানে কখনো ছিল না। সাবধান! নিশ্চয়ই সামূদ জাতি অস্বীকার

فِيْهَا ؕ اَلَآ اِنَّ ثَمُوْدَا۠ كَفَرُوْا رَبَّهُمْ ؕ اَلَا بُعْدًا لِّثَمُوْدَ (٦٨) وَلَقَدْ جَآءَتْ رُسُلُنَآ

ফীহা-; আলা~ইন্না ছামূদা কাফারূ রাব্বাহুম; আলা- বু'দাল্লিছামূদ। ৬৯। ওয়া লাক্বাদ্ জ্বা~আত্ রুসুলুনা~

করেছিল তাদের প্রতিপালককে। জেনে রাখ, ধ্বংসই ছিল সামূদ সম্প্রদায়ের পরিণাম। (৬৯) আর অবশ্যই আমার প্রেরিত (ফিরিশতাগণ) ইব্রাহীমের সন্নিকটে শুভ সংবাদ

اِبْرٰهِيْمَ بِالْبُشْرٰى قَالُوْا سَلٰمًا ؕ قَالَ سَلٰمٌ فَمَا لَبِثَ اَنْ جَآءَ بِعِجْلٍ حَنِيْذٍ ۟

ইব্রা-হীমা বিল্ বুশ্রা- ক্বা-লূ সালা-মা-; ক্বা-লা সালা-মুন্ ফামা- লাবিছা আন জ্বা-আ বি'ইজ্বলিন হ্বানীয।

নিয়ে আগমন করেছিল। তারা সালামের দ্বারা অভিবাদন জানাল। তিনিও (প্রতি উত্তরে) "সালাম" বললেন। অতঃপর দ্রুত তিনি ভুনাকৃত গো-বৎস আনয়ন করলেন।

فَلَمَّا رَاٰۤ اَيْدِيَهُمْ لَا تَصِلُ اِلَيْهِ نَكِرَهُمْ وَاَوْجَسَ مِنْهُمْ خِيْفَةً ؕ قَالُوْا لَا تَخَفْ (٦٩)

৭০। ফালাম্মা- রাআ~আইদিয়াহুম লা- তাস্বিলু ইলাইহি নাকিরাহুম ওয়া আওজ্বাসা মিন্হুম খীফাহ; ক্বা-লূ লা- তাখাফ্

(৭০) অনন্তর যখন তিনি দেখতে পেলেন যে, তাদের হস্তসমূহ সে দিকে প্রসারিত হচ্ছে না (তখন) তিনি তাদের অপরিচিত মনে করলেন এবং তাদের কর্তৃক আশংকা অনুভব করলেন।

اِنَّآ اُرْسِلْنَآ اِلٰى قَوْمِ لُوْطٍ (٧٠) وَامْرَاَتُهٗ قَآئِمَةٌ فَضَحِكَتْ فَبَشَّرْنٰهَا بِاِسْحٰقَ ۙ

ইন্না~উর্সিল্না~ইলা- ক্বাওমি লূত্ব। ৭১। ওয়ামরাআতুহূ ক্বা—য়িমাতুন ফাদ্বাহিকাত্ ফাবাশ্শারনা-হা- বিইসহ্বা-ক্ব

তারা বললেন- তোমরা শংকিত হয়ো না, আমরা প্রেরিত হয়েছি 'লূত' সম্প্রদায়ের প্রতি। (৭১) তখন তাঁর সহধর্মীনী দণ্ডায়মান ছিল, তিনি হেসে উঠলেন। অতঃপর আমি তাঁকে

○ বিশ্লেষণ (আঃ ৬৭) ঃ صيحة - (ভীষণ চিৎকার), কারো মতে- এটা হযরত জিবরাঈলের (আ) চিৎকার ছিল। কারো মতে- এ চিৎকার আসমান থেকে এসেছিল। যাতে তাদের মৃত্যু হয়েছিল। (কুঃ কারীম) ○ বিশ্লেষণ (আঃ ৬৯) ঃ ان جاء بعجل حنيذ - (ভুনা করা গোবৎস আনলেন) হযরত ইব্রাহীম (আ) অতিথিপরায়ন ছিলেন। তাঁর কাছে যে ফিরিশতাগণ এসেছিলেন তারা মানুষের আকৃতিতে এসেছিলেন। তিনি তাদেরকে মেহমান ধারণা করে ভুনাকৃত গো বৎসের ব্যবস্থা করেছিলেন। (কুঃ কারীম) ○ বিশ্লেষণ (আঃ ৭০) ঃ منهم خيفة - (তাদের থেকে আশংকার অনুভব করল) সে যুগে যদি কেউ কারো সাথে অসৎ আচরণের নিয়ত করত তবে সে ব্যক্তি খানা খেত না। যখন তারা খানা খেলনা, তখন ইব্রাহীম (আ)-এর অন্তরে ভীতির সঞ্চার হল। ফিরিশতাগণ তখন বললেন, ভয় কর না আমরা লূতের সম্প্রদায়ের প্রতি প্রেরিত হয়েছি। (তাঃ কাদেরী)

وَمِنْ وَّرَآءِ اِسْحٰقَ يَعْقُوْبَ ﴿٧٢﴾ قَالَتْ يٰوَيْلَتٰى ءَاَلِدُ وَاَنَا عَجُوْزٌ وَّهٰذَا

ওয়া মিঁও ওয়ারা— য়ি ইসহ্বা-ক্বা ইয়া'ক্বূব। ৭২। ক্বা-লাত্ ইয়া- ওয়াইলাতা~আ আলিদু ওয়া আনা আজূযুঁও ওয়া হা-যা-
ইসহাক ও ইসহাকের পশ্চাদ্বর্তী ইয়াকুব সম্পর্কে সুসংবাদ জানালাম। (৭২) তিনি বললেন, হায় আফসোস! আমি সন্তান ধারণ করব? আমিতো বৃদ্ধা এবং

بَعْلِىْ شَيْخًا ؕ اِنَّ هٰذَا لَشَىْءٌ عَجِيْبٌ ﴿٧٣﴾ قَالُوْٓا اَتَعْجَبِيْنَ مِنْ اَمْرِ اللّٰهِ رَحْمَتُ

বা'লী শাইখা-; ইন্না হা-যা- লাশাইউন 'আজ্বীব। ৭৩। ক্বা-লূ~আতা'জ্বাবীনা মিন্ আম্‌রিল্লা-হি রাহ্বমাতু
আমার এ স্বামীও বৃদ্ধ, নিঃসন্দেহে এ এক বিস্ময়কর বিষয়। (৭৩) তাঁরা বললেন, তুমি কি আল্লাহর কার্য সম্পাদনে আশ্চর্যান্বিত

اللّٰهِ وَبَرَكٰتُهٗ عَلَيْكُمْ اَهْلَ الْبَيْتِ ؕ اِنَّهٗ حَمِيْدٌ مَّجِيْدٌ ﴿٧٤﴾ فَلَمَّا ذَهَبَ عَنْ

ল্লা-হি ওয়া বারাকা-তুহূ 'আলাইকুম্ আহ্‌লাল্ বাইত; ইন্নাহূ হ্বামীদুম মাজ্বীদ। ৭৪। ফালাম্মা- যাহাবা 'আন
হচ্ছ? হে নবী পরিবার! আল্লাহর রহমত ও বরকত তোমাদের উপর রয়েছে। নিঃসন্দেহে তিনি সর্ব প্রশংসিত ও মহা মহীয়ান। (৭৪) অনন্তর যখন ইব্রাহীমের সে

اِبْرٰهِيْمَ الرَّوْعُ وَجَآءَتْهُ الْبُشْرٰى يُجَادِلُنَا فِىْ قَوْمِ لُوْطٍ ﴿٧٥﴾ اِنَّ اِبْرٰهِيْمَ

ইব্‌রা-হীমার রাও'উ ওয়া জ্বা—আত্‌হুল্ বুশ্‌রা- ইউজ্বা-দিলুনা- ফী ক্বাওমি লূত্ব। ৭৫। ইন্না ইব্‌রাহীমা
আশংকা দূরীভূত হল এবং তাঁর সুসংবাদ এসে পৌছল (তখন) সে আমার (ফিরিশতাদের) সাথে লূত সম্প্রদায় সম্পর্কে বাদানুবাদে লিপ্ত হল। (৭৫) নিশ্চয়ই ইব্রাহীম ছিলেন

لَحَلِيْمٌ اَوَّاهٌ مُّنِيْبٌ ﴿٧٦﴾ يٰۤاِبْرٰهِيْمُ اَعْرِضْ عَنْ هٰذَا ۚ اِنَّهٗ قَدْ جَآءَ اَمْرُ رَبِّكَ ۚ

লাহ্বালীমুন্ আওওয়াহুম মুনীব। ৭৬। ইয়া ~ইব্‌রা-হীমু আ'রিদ্ব 'আন্ হা-যা, ইন্নাহূ ক্বাদ্ জ্বা—আ আমরু রাব্বিক,
ধৈর্যশীল, কোমল হৃদয় এবং আল্লাহমুখী (৭৬) হে ইব্রাহীম! এসব থেকে নিবৃত্ত হও, নিঃসন্দেহে আপনার প্রতিপালকের নির্দেশ এসে গেছে। আর অবশ্যই তাদের প্রতি আসছে

وَاِنَّهُمْ اٰتِيْهِمْ عَذَابٌ غَيْرُ مَرْدُوْدٍ ﴿٧٧﴾ وَلَمَّا جَآءَتْ رُسُلُنَا لُوْطًا سِىْٓءَ بِهِمْ

ওয়া ইন্নাহুম আ-তীহিম্ 'আযা-বুন গাইরু মারদূদ। ৭৭। ওয়া লাম্মা—জ্বা- আত্ রুসুলূনা- লূত্বান সী~আ বিহিম্
এমন শাস্তি, যা অপ্রতিরোধ্য। (৭৭) আর যখন আমার ফিরিশতারা লূতের নিকট আসলেন, তখন তাদের আসার কারণে তিনি চিন্তিত হয়ে পড়লেন

وَضَاقَ بِهِمْ ذَرْعًا وَّقَالَ هٰذَا يَوْمٌ عَصِيْبٌ ﴿٧٨﴾ وَجَآءَهٗ قَوْمُهٗ يُهْرَعُوْنَ اِلَيْهِ ؕ

ওয়া দ্বা-ক্বা বিহিম্ যার'আওঁ ওয়া ক্বা-লা হা-যা- ইয়াওমুন্ 'আস্বীব। ৭৮। ওয়াজ্বা— আহূ ক্বাওমুহূ ইউহ্‌রা'উনা ইলাইহ;
এবং তাদের হেফাজতের ব্যাপারে সংকটে পড়ে গেলেন এবং বললেন, এ দিনটি বড়ই কঠিন। (৭৮) তাঁর সম্প্রদায় তাঁর নিকট দ্রুত ছুটে আসল

وَمِنْ قَبْلُ كَانُوْا يَعْمَلُوْنَ السَّيِّاٰتِ ؕ قَالَ يٰقَوْمِ هٰٓؤُلَآءِ بَنَاتِىْ هُنَّ اَطْهَرُ لَكُمْ

ওয়া মিন্ ক্বাব্‌লু কা-নূ ইয়া'মালূনাস্ সাইয়্যিআ-ত; ক্বা-লা ইয়া-ক্বাওমি হা~উলা~য়ি বানা-তি হুন্না আত্বহারু লাকুম্
এবং পূর্ব থেকেই তারা অশ্লীল কাজে লিপ্ত ছিল। তিনি বললেন, "হে আমার সম্প্রদায়! এরা আমার কন্যা। এরাই তোমাদের জন্য অত্যন্ত পবিত্র। অনন্তর

✪ বিশ্লেষণ (আঃ ৭২) ঃ انا عجوز - (আমি বৃদ্ধা ..) সে সময়ে ইব্রাহীমের (আ) স্ত্রীর বয়সছিল নিরানব্বই বছর। আর ইব্রাহীমের (আ) বয়স ছিল একশ বিশ বছর, অথবা একশত বার বছর। (তাঃ কাঃ) ✪ বিশ্লেষণ (আঃ ৭৩) ঃ اهل بيت - (আহলে বাইত) দ্বারা ইব্রাহীমের (আ) স্ত্রীকে বুঝানো হয়েছে। (কুঃ কারীম)

✪ বিশ্লেষণ (আঃ ৭৪) ঃ يجادلنا - আমার সাথে বাদানুবাদ করেছিল) অর্থাৎ হযরত ইব্রাহীম (আ) ফিরিশতাগণকে বলেছিলেন যে, যে জনপদ ধ্বংস করতে যাচ্ছেন সেখানে লূত (আ)ও বিদ্যমান। তখন ফিরিশতাগণ বললেন, "তা আমরা জানি যে লূত (আ) সেখানে থাকেন। কিন্তু আমরা তাঁকে ও তাঁর লোকজনকে সেখান থেকে বের করে নিয়ে নিব। (কুঃ কারীম)

✪ বিশ্লেষণ (আঃ ৭৮) ঃ هؤلاء بناتى - (এরা আমার কন্যা) অর্থাৎ, নবী নিজ সম্প্রদায়ের পিতৃতুল্য। তাই তিনি তাদেরকে নিজের কন্যা বলেছেন। (কুঃ কারীম)

فَاتَّقُوا اللّٰهَ وَلَا تُخْزُوْنِ فِىْ ضَيْفِىْ ؕ اَلَيْسَ مِنْكُمْ رَجُلٌ رَّشِيْدٌ ﴿٧٩﴾ قَالُوْا

ফাত্তাক্বুল্লা-হা ওয়া লা- তুখ্‌যূনি ফী দ্বাইফী; আলাইসা মিন্‌কুম রাজুলুর্ রাশীদ। ৭৯। ক্বা-লূ
আল্লাহকে ভয় কর আর আমার মেহমানদের সাথে খারাপ ব্যবহার করে আমাকে লাঞ্ছিত কর না। কোন সৎ নিষ্ঠাবান ব্যক্তি কি তোমাদের মধ্যে নেই? (৭৯) তারা বলল,

لَقَدْ عَلِمْتَ مَا لَنَا فِىْ بَنٰتِكَ مِنْ حَقٍّ ۚ وَاِنَّكَ لَتَعْلَمُ مَا نُرِيْدُ ﴿٨٠﴾ قَالَ لَوْ اَنَّ لِىْ

লাক্বাদ্ 'আলিম্‌তা মা- লানা- ফী বানা-তিকা মিন্ হ্বাক্ব্ক্ব, ওয়া ইন্নাকা লাতা'লামু মা- নুরীদ। ৮০। ক্বা-লা লাও আন্না লী
আপনি তো ভালভাবেই জানেন যে, আমাদেরতো এই কন্যাদের কোন প্রয়োজন নেই। আমরা কি চাই তা আপনি অবশ্যই জানেন। (৮০) তিনি বললেন, তোমাদের উপর

بِكُمْ قُوَّةً اَوْ اٰوِىْٓ اِلٰى رُكْنٍ شَدِيْدٍ ﴿٨١﴾ قَالُوْا يٰلُوْطُ اِنَّا رُسُلُ رَبِّكَ لَنْ يَّصِلُوْٓا

বিকুম কুওওয়াতান আও আ-ওয়ী- ইলা- রুক্‌নিন শাদীদ্। ৮১। ক্বা-লূ ইয়া- লূত্বু ইন্না- রুসুলু রাব্বিকা লাই ইয়াস্বিলূ~
যদি আমার ক্ষমতা থাকত অথবা যদি আমি কোন সুদৃঢ় স্তম্ভে আশ্রয়স্থল পেতাম! (৮১) ফিরিশতারা বলল, হে লূত! নিঃসন্দেহে আমরা আপনার প্রতিপালক কর্তৃক প্রেরিত। তারা কখনো

اِلَيْكَ فَاَسْرِ بِاَهْلِكَ بِقِطْعٍ مِّنَ الَّيْلِ وَلَا يَلْتَفِتْ مِنْكُمْ اَحَدٌ اِلَّا امْرَاَتَكَ ؕ

ইলাইকা ফাআস্‌রি বিআহ্‌লিকা বিক্বিত্ব'ইম্‌মিনাল্লাইলি ওয়ালা- ইয়াল্‌তাফিত্ মিন্‌কুম্ আহ্বাদুন্ ইল্লাম্‌রাআতাক;
আপনার কাছে পৌছতে পারবে না। সুতরাং আপনি আপনার পরিবার-পরিজনকে নিয়ে রাতের কোন এক অংশে বেরিয়ে পড়ুন এবং আপনার মধ্যে কেউ যেন পেছনে না

اِنَّهٗ مُصِيْبُهَا مَآ اَصَابَهُمْ ؕ اِنَّ مَوْعِدَهُمُ الصُّبْحُ ؕ اَلَيْسَ الصُّبْحُ بِقَرِيْبٍ ○

ইন্নাহূ; মুস্বীবুহা- মা- আস্বা-বাহুম্; ইন্না মাও'ইদাহুমু স্ব্‌স্বুব্‌হু ; আলাইসাস্ব্ স্বুব্‌হু বিক্বারীব।
তাকায় আপনার স্ত্রী ছাড়া। কেননা, তার উপরও সে আপদ পৌছবে যা অন্যদের উপর পৌছবে। নিশ্চয়ই তাদের (শাস্তির) প্রতিশ্রুতির সময় সকাল। সকাল কি নিকটবর্তী নয়?

﴿٨٢﴾ فَلَمَّا جَآءَ اَمْرُنَا جَعَلْنَا عَالِيَهَا سَافِلَهَا وَاَمْطَرْنَا عَلَيْهَا حِجَارَةً مِّنْ سِجِّيْلٍ ۙ

৮২। ফালাম্মা- জ্বা—আ আম্‌রুনা- জ্বা'আল্‌না- 'আ-লিইয়াহা- সা-ফিলাহা- ওয়া আম্‌ত্বারনা- 'আলাইহা- হ্বিজ্বা-রাতাম্ মিন্ সিজ্জীলিম
(৮২) যখন আমার নির্দেশ আসল, আমি সে ভূ-খণ্ডটি উল্টিয়ে দিলাম এবং তাদের উপর অবিরামভাবে শক্ত প্রস্তর খণ্ড

مَّنْضُوْدٍ ﴿٨٣﴾ مُّسَوَّمَةً عِنْدَ رَبِّكَ ؕ وَمَا هِىَ مِنَ الظّٰلِمِيْنَ بِبَعِيْدٍ ﴿٨٤﴾ وَاِلٰى مَدْيَنَ

মান্দ্বুদ। ৮৩। মুসাওওয়ামাতান্ 'ইনদা রাব্বিক; ওয়া মা- হিয়া মিনাম্ব স্বা-লিমীনা বিবা'ঈদ। ৮৪। ওয়া ইলা- মাদইয়ানা
বর্ষণ করলাম। (৮৩) যা আপনার প্রতিপালক কর্তৃক চিহ্নিত করা ছিল এবং সে জনপদ এ অত্যাচারীদের হতে মোটেই দূরে নয়। (৮৪) আমি মাদইয়ান শহরের

৭ রুকূ

اَخَاهُمْ شُعَيْبًا ؕ قَالَ يٰقَوْمِ اعْبُدُوا اللّٰهَ مَا لَكُمْ مِّنْ اِلٰهٍ غَيْرُهٗ ؕ وَلَا تَنْقُصُوا

আখা-হুম শু'আইবা-; ক্বা-লা ইয়া- ক্বাওমি'বুদূল্লা-হা মা- লাকুম মিন্ ইলা-হিন্ গাইরুহ; ওয়ালা- তানক্বুস্বুল্
অধিবাসীদের কাছে তাদের ভাই শোয়ায়েবকে প্রেরণ করলাম, তিনি বললেন, হে আমার সম্প্রদায়! তোমরা আল্লাহর ইবাদাত কর। তিনি ছাড়া আর কোন মা'বুদ নেই এবং

✪ টীকা (আঃ ৮০) ঃ অর্থাৎ, লূত (আ) পরিশেষে নিতান্ত অপরাগ হয়ে বলতে লাগলেন, আমার হাতে যদি ক্ষমতা থাকত, তবে আমি তোমাদের কদাচার দমন করতাম, অথবা কোন সুদৃঢ় স্তম্ভের আশ্রয় নিতাম। অর্থাৎ, আমার স্বগোত্রীয় লোক থাকলে তারা আমার সাহায্য করত। (বঃ কোঃ)

✪ টীকা (আঃ ৮১) ঃ আপনার কেশাগ্র পর্যন্ত স্পর্শ করার সামর্থ্যও তাদের হবে না। আমরা তো এখনই তাদেরকে নিশ্চিহ্ন করে দেয়ার উদ্দেশ্যেই এসেছি। (বঃ কোঃ)

✪ বিশ্লেষণ (আঃ ৮৩) ঃ مسومة - (চিহ্নিত) পাথরগুলো বিশেষ চিহ্নিত ছিল। কারো মতে, পাথরগুলো সাদা এবং তার উপর কালো ফোঁটা দেয়া ছিল, কারো মতে, সেগুলো কালো এবং তার উপর সাদা ফোঁটা ছিল। অন্য এক মতে, পাথর যে ব্যক্তির উপর আঘাত করবে উহাতে তার নাম লিখা ছিল। (তাঃ কাদেরী)
هى - দ্বারা চিহ্নিত পাথরকে বুঝানো হয়েছে, যা তাদের উপর বর্ষিত হয়েছে। অথবা ধ্বংসকৃত জনপদটিকে বুঝানো হয়েছে। (কুঃ কারীম)

الْمِكْيَالَ وَالْمِيزَانَ إِنِّي أَرَاكُم بِخَيْرٍ وَإِنِّي أَخَافُ عَلَيْكُمْ عَذَابَ

মিক্ইয়া-লা ওয়াল্ মীযা-না ইন্নী~আরা-কুম্ বিখাইরিওঁ ওয়া ইন্নী~আখা-ফু 'আলাইকুম্ 'আযা-বা

তোমরা মাপে ও ওজনে কমতি কর না। নিশ্চয় আমি তোমাদের ঐশ্বর্যশালী অবস্থায় দেখতে পাচ্ছি এবং আমি তোমাদের বেষ্টনকারী

يَوْمٍ مُّحِيطٍ ﴿৮৫﴾ وَيَا قَوْمِ أَوْفُوا الْمِكْيَالَ وَالْمِيزَانَ بِالْقِسْطِ وَلَا تَبْخَسُوا

ইয়াওমিম মুহ্বীত্ব। ৮৫। ওয়া ইয়া- ক্বাওমি আওফুল্ মিক্ইয়া-লা ওয়াল্ মীযা-না বিল্ক্বিসত্বি ওয়া লা- তাবখাসু

দিবসের শাস্তির ভয় করছি। (৮৫) হে আমার সম্প্রদায়! তোমরা ন্যায়ভাবে মাপবে ও ওজন করবে এবং লোকদেরকে তাদের

النَّاسَ أَشْيَاءَهُمْ وَلَا تَعْثَوْا فِي الْأَرْضِ مُفْسِدِينَ ﴿৮৬﴾ بَقِيَّتُ اللَّهِ خَيْرٌ لَّكُمْ

না-সা আশ্ইয়া—আহুম্ ওয়া লা- তা'ছাও ফিল্ আর্দ্বি মুফসিদীন। ৮৬। বাক্বিয়্যাতুল্লা-হি খাইরুল্লাকুম

প্রাপ্যবস্তু কম দিবে না আর পৃথিবীতে বিশৃংখলা ঘটাবে না। (৮৬) আল্লাহ প্রদত্ত যা অবশিষ্ট থাকে তাই তোমাদের জন্য উত্তম, যদি

إِن كُنتُم مُّؤْمِنِينَ ۚ وَمَا أَنَا عَلَيْكُم بِحَفِيظٍ ﴿৮৭﴾ قَالُوا يَا شُعَيْبُ أَصَلَاتُكَ

ইন্ কুন্তুম্ মু'মিনীন, ওয়া মা আনা 'আলাইকুম বিহ্বাফীয্ব। ৮৭। ক্বা-লূ ইয়া- শু'আইবু আস্বালা-তুকা

তোমরা মুমিন হও। আর আমি তোমাদের হেফাজতকারী নই। (৮৭) তারা বলল, হে শো'আইব! আপনার সালাত (ইবাদাত) আপনাকে কি এ নির্দেশ দেয় যে, আমাদের

تَأْمُرُكَ أَن نَّتْرُكَ مَا يَعْبُدُ آبَاؤُنَا أَوْ أَن نَّفْعَلَ فِي أَمْوَالِنَا مَا نَشَاءُ ۖ

তা'মুরুকা আন্নাত্রুকা মা- ইয়া'বুদু আ-বা— উনা~আও আন্ নফ'আলা ফী~আমওয়া-লিনা- মা- নাশা—উ;

পিতৃপুরুষ যাদের উপাসনা করেছে তাদেরকে আমরা বর্জন করব অথবা আমরা আমাদের ধনসম্পদ নিয়ে ইচ্ছামত যা করছি তাও করা ছেড়ে দেব?

إِنَّكَ لَأَنتَ الْحَلِيمُ الرَّشِيدُ ﴿৮৮﴾ قَالَ يَا قَوْمِ أَرَأَيْتُمْ إِن كُنتُ عَلَىٰ بَيِّنَةٍ

ইন্নাকা লাআন্তাল্ হ্বালীমুর রাশীদ। ৮৮। ক্বা-লা ইয়া- ক্বাওমি আরাআইতুম ইন্ কুন্তু 'আলা- বাইয়্যিনাতিম

নিশ্চয় আপনি ধৈর্যশীল, ন্যায় পরায়ন। (৮৮) তিনি বললেন, হে আমার সম্প্রদায়! তোমরা কি বল! যদি আমি আমার প্রতিপালক হতে প্রেরিত দলীলের উপর কায়েম থাকি এবং

مِّن رَّبِّي وَرَزَقَنِي مِنْهُ رِزْقًا حَسَنًا ۚ وَمَا أُرِيدُ أَنْ أُخَالِفَكُمْ إِلَىٰ مَا أَنْهَاكُمْ

মির্ রাব্বী ওয়া রাযাক্বানী মিন্হু রিযক্বান হ্বাসানা-; ওয়া মা~উরীদু আন্ উখা-লিফাকুম্ ইলা- মা~আন্হা-কুম্

তিনি যদি আমাকে তাঁর পক্ষ থেকে উত্তম রিযিক (নবুওয়াত) দান করে থাকেন (তবে এ দায়িত্ব কি পালন করব না?) আর আমি চাইনা যে তোমাদের বিপরীত সে সমস্ত

عَنْهُ ۚ إِنْ أُرِيدُ إِلَّا الْإِصْلَاحَ مَا اسْتَطَعْتُ ۚ وَمَا تَوْفِيقِي إِلَّا بِاللَّهِ ۚ

'আন্হ ; ইন্ উরীদু ইল্লাল্ ইস্বলা-হ্বা মাসতাত্বা'তু ; ওয়ামা- তাওফীক্বী~ইল্লা- বিল্লা-হ;

কাজ করি যা থেকে তোমাদেরকে নিষেধ করছি। আমার ইচ্ছাতো শুধু তোমাদেরকে আমার সাধ্যানুযায়ী সংশোধন করা। আমার যা তাওফীক হয় তা একমাত্র আল্লাহর সাহায্য

عَلَيْهِ تَوَكَّلْتُ وَإِلَيْهِ أُنِيبُ ﴿৮৯﴾ وَيَا قَوْمِ لَا يَجْرِمَنَّكُمْ شِقَاقِي أَن يُصِيبَكُم

'আলাইহি তাওক্কালতু ওয়া ইলাইহি উনীব। ৮৯। ওয়া ইয়া ক্বাওমি লা- ইয়াজ্রিমান্নাকুম্ শিক্বা-ক্বী~আঁই ইউস্বীবাকুম্

দ্বারাই হয়ে থাকে। তাঁরই উপর আমার ভরসা এবং আমি তাঁরই দিকে প্রত্যাবর্তন করি। (৮৯) হে আমার সম্প্রদায়! এমন যেন না হয় যে, আমার প্রতি তোমাদের শত্রুতা এর কারণ না

مِّثْلُ مَا أَصَابَ قَوْمَ نُوحٍ أَوْ قَوْمَ هُودٍ أَوْ قَوْمَ صَالِحٍ ۚ وَمَا قَوْمُ لُوطٍ مِّنكُم

মিছ্লু মা~আস্বা-বা ক্বাওমা নূহ্বিন আও ক্বাওমা হূদিন্ আও ক্বাওমা স্বা-লিহ; ওয়া মা- ক্বাওমু লূত্বিম্ মিন্কুম

হয় পড়ে যাতে তোমাদের উপর (শাস্তি) এসে পৌঁছে, যেমন পৌঁছেছিল নূহের সম্প্রদায়ের উপর বা হূদের সম্প্রদায়ের উপর বা সালিহের সম্প্রদায়ের উপর। আর লূত সম্প্রদায় তো তোমাদের

بِبَعِيدٍ ﴿৯০﴾ وَاسْتَغْفِرُوا رَبَّكُمْ ثُمَّ تُوبُوا إِلَيْهِ ۚ إِنَّ رَبِّي رَحِيمٌ وَدُودٌ ۝

বিবা'ঈদ। ৯০। ওয়াস্তগ্ফিরূ রাব্বাকুম্ ছুম্মা তূবূ~ইলাইহ ; ইন্না রাব্বী রাহ্বীমুওঁ ওয়াদূদ।

থেকে বেশী দূরে নয়। (৯০) আর তোমরা তোমাদের প্রতিপালকের কাছে ক্ষমা প্রার্থনা কর। অতঃপর তাঁর দিকে প্রত্যাবর্তন কর। নিশ্চয় আমার প্রতিপালক দয়ালু, অতি প্রেমময়।

﴿৯১﴾ قَالُوا يَا شُعَيْبُ مَا نَفْقَهُ كَثِيرًا مِّمَّا تَقُولُ وَإِنَّا لَنَرَاكَ فِينَا ضَعِيفًا ۖ وَلَوْلَا

৯১। ক্বা-লূ ইয়া- শু'আইবু মা- নাফ্ক্বাহু কাছীরাম মিম্মা- তাকূলু ওয়া ইন্না- লানারা-কা ফীনা- দ্বা'ঈফা, ওয়া লাওলা-

(৯১) তারা বলল, হে শো'আইব! আপনার অনেক কথাই আমাদের বুঝে আসেনা এবং আমরাতো আপনাকে আমাদের মধ্যে দুর্বল দেখছি। যদি আপনার স্বজনবর্গের খেয়াল না

رَهْطُكَ لَرَجَمْنَاكَ ۖ وَمَا أَنتَ عَلَيْنَا بِعَزِيزٍ ﴿৯২﴾ قَالَ يَا قَوْمِ أَرَهْطِي أَعَزُّ

রাহ্ত্বুকা লারাজাম্না-কা ওয়ামা~আন্তা 'আলাইনা -বি'আযীয। ৯২। ক্বা-লা ইয়া- ক্বাওমি আরাহ্ত্বী~আ 'আয্যু

হত, তবে অবশ্যই আমরা আপনাকে প্রস্তরাঘাতে হত্যা করতাম। আর আপনি আমাদের কাছে কোন শ্রদ্ধের ব্যক্তি নন। (৯২) তিনি বললেন, হে আমার সম্প্রদায়! তোমাদের

عَلَيْكُم مِّنَ اللَّهِ وَاتَّخَذْتُمُوهُ وَرَاءَكُمْ ظِهْرِيًّا ۖ إِنَّ رَبِّي بِمَا تَعْمَلُونَ

আ'লাইকুম মিনাল্লা-হ; ওয়াত্তাখাযতুমূহু ওয়ারা—আকুম্ জিহ্রিয়্যা; ইন্না রাব্বী- বিমা- তা'মালূনা

কাছে আমার গোত্রের লোক কি আল্লাহর চেয়েও অধিক শক্তিশালী? তোমরা তাঁকে একেবারে পেছনে ফেলে রেখেছ। তোমরা যাই কর আমার প্রতিপালক তা বেষ্টন করে

مُحِيطٌ ﴿৯৩﴾ وَيَا قَوْمِ اعْمَلُوا عَلَىٰ مَكَانَتِكُمْ إِنِّي عَامِلٌ ۖ سَوْفَ تَعْلَمُونَ مَن

মুহ্বীত্ব। ৯৩। ওয়া ইয়া-ক্বাওমি' মালূ 'আলা- মাকা-নাতিকুম্ ইন্নী-'আ-মিল; সাওফা তা'লামূনা মাইঁ

আছেন। (৯৩) হে আমার সম্প্রদায়! তোমরা নিজ নিজ অবস্থানে থেকে কাজ করতে থাক। আমিও আমার কাজ করছি। অতিশীঘ্রই তোমরা জানতে

يَأْتِيهِ عَذَابٌ يُخْزِيهِ وَمَنْ هُوَ كَاذِبٌ ۖ وَارْتَقِبُوا إِنِّي مَعَكُمْ رَقِيبٌ ۝

ইয়া'তীহি 'আযা-বুঁই ইউখ্যীহি ওয়া মান্ হুওয়া কা-যিব ; ওয়ার্তাক্বিবূ~ইন্নী মা'আকুম্ রাক্বীব।

পারবে, কার উপর অপমানজনক শাস্তি আসবে এবং আর কে মিথ্যাবাদী। সুতরাং তোমরা অপেক্ষা কর, আমিও তোমাদের সাথে প্রতিক্ষা করছি।

﴿৯৪﴾ وَلَمَّا جَاءَ أَمْرُنَا نَجَّيْنَا شُعَيْبًا وَالَّذِينَ آمَنُوا مَعَهُ بِرَحْمَةٍ مِّنَّا وَأَخَذَتِ الَّذِينَ

৯৪। ওয়া লাম্মা- জ্বা—আ আম্রুনা- নাজ্জাইনা- শু'আইবাওঁ ওয়াল্লাযীনা আ-মানূ মা'আহূ বিরাহ্বমাতিম্ মিন্না- ও'য়া আখাযাতিল্লাযীনা

(৯৪) যখন আমার নির্দেশ এসে পৌঁছল, (তখন) আমি আমার বিশেষ করুণায় শো'আইবকে এবং তাঁর সাথে যারা ঈমান এনেছে তাদেরকে আমার অনুগ্রহে নাজাত দিলাম। আর

ظَلَمُوا الصَّيْحَةُ فَأَصْبَحُوا فِي دِيَارِهِمْ جَاثِمِينَ ﴿৯৫﴾ كَأَن لَّمْ يَغْنَوْا فِيهَا ۗ

জ্বালামুস্ব স্বাইহ্বাতু ফাআস্ববাহূ ফী দিয়া-রিহিম্ জ্বা-ছিমীন। ৯৫। কাআল্লাম ইয়াগ্নাও ফীহা-;

যারা অত্যাচার করেছিল, তাদেরকে এক (ভয়ানক) আওয়াজ পাকড়াও করল। ফলে তারা নিজ গৃহে উপুড় হয়ে পড়ে রইল। (৯৫) মনে হয় যেন তারা সে গৃহে কখনো অবস্থান

৮ ع ৮ রুকূ

أَلَا بُعْدًا لِّمَدْيَنَ كَمَا بَعِدَتْ ثَمُودُ ﴿٩٥﴾ وَلَقَدْ أَرْسَلْنَا مُوسَىٰ بِآيَاتِنَا وَسُلْطَانٍ

আলা বু'দাল্লিমাদ্ইয়ানা কামা- বা'ইদাত্ ছামূদ। ৯৬। ওয়া লাক্বাদ্ আর্সাল্না- মূসা- বিআ-ইয়াতিনা- ওয়া সুল্ত্বা-নিম্
করেনি। জেনে রেখ! মাদইয়ানবাসীদের জন্য ধ্বংসই পরিণাম, যেমনি ধ্বংস হয়েছিল সামূদ সম্প্রদায়! (৯৬) নিশ্চয়ই আমি মূসাকে আমার আয়াতসমূহ এবং স্পষ্ট প্রমাণ

مُّبِينٍ ﴿٩٦﴾ إِلَىٰ فِرْعَوْنَ وَمَلَئِهِ فَاتَّبَعُوا أَمْرَ فِرْعَوْنَ ۖ وَمَا أَمْرُ فِرْعَوْنَ بِرَشِيدٍ

মুবীন। ৯৭। ইলা- ফির্'আওনা ওয়া মালায়িহী ফাত্তাবা'উ~আম্রা ফির্'আওন, ওয়া মা- আম্রু ফির্'আওনা বিরাশীদ।
সহ প্রেরণ করেছিলাম, (৯৭) ফিরআউন এবং তার পরিষদবর্গের কাছে। কিন্তু তারা ফিরাউনের হুকুম অনুসরণ করল, অথচ ফিরাউনের কোন হুকুম সঠিক ছিল না।

﴿٩٧﴾ يَقْدُمُ قَوْمَهُ يَوْمَ الْقِيَامَةِ فَأَوْرَدَهُمُ النَّارَ ۖ وَبِئْسَ الْوِرْدُ الْمَوْرُودُ ﴿٩٨﴾ وَأُتْبِعُوا

৯৮। ইয়াক্বদুমু ক্বাওমাহূ ইয়াওমাল্ ক্বিয়া-মাতি ফাআওরাদাহুমুন্না-র, ওয়া বি'সাল ওয়িরদুল মাওরূদ। ৯৯। ওয়া উত্বি'উ
(৯৮) সে (ফিরাউন) কিয়ামতের দিন তার দলের অগ্রভাবে থাকবে এবং তাদেরকে জাহান্নামে নিয়ে যাবে এবং আদের প্রবেশস্থল কতইনা নিকৃষ্ট। (৯৯) এ পৃথিবীতেও তাদের

فِي هَٰذِهِ لَعْنَةً وَيَوْمَ الْقِيَامَةِ ۚ بِئْسَ الرِّفْدُ الْمَرْفُودُ ﴿٩٩﴾ ذَٰلِكَ مِنْ أَنبَاءِ

ফী হা-যিহী লা'নাতাওঁ ওয়া ইয়াওমাল্ ক্বিয়া-মাহ; বি'সার্ রিফদুল্ মারফূদ। ১০০। যা-লিকা মিন্ আম্বা—ইল
উপর লা'নত লেগে রয়েছে এবং কিয়ামতের দিনেও তাদের উপর লা'নত লেগে থাকবে। কতইনা নিকৃষ্ট তাদের পুরস্কার! (১০০) এ ছিল সে জনপদসমূহে কিছু ঘটনাবলী

الْقُرَىٰ نَقُصُّهُ عَلَيْكَ ۖ مِنْهَا قَائِمٌ وَحَصِيدٌ ﴿١٠٠﴾ وَمَا ظَلَمْنَاهُمْ وَلَٰكِن ظَلَمُوا

ক্বুরা- নাক্বুস্‌সুহূ 'আলাইকা মিন্হা ক্বা—য়িমুঁও ওয়া হ্বাস্বীদ। ১০১। ওয়া মা- যালাম্না-হুম্ ওয়ালা-কিন্ যালামূ~
যা আমি আপনার কাছে বর্ণনা করেছি। তার মধ্যে কিছু এখনো বাকী আছে এবং অন্য সব নির্মূল হয়ে গেছে। (১০১) আমি তাদের উপর কোনই অত্যাচার করিনি, কিন্তু

أَنفُسَهُمْ ۖ فَمَا أَغْنَتْ عَنْهُمْ آلِهَتُهُمُ الَّتِي يَدْعُونَ مِن دُونِ اللَّهِ مِن شَيْءٍ لَّمَّا

আন্ফুসাহুম ফামা~আগ্নাত্ 'আন্হুম আ-লিহাতুহুমুল্লাতী ইয়াদ্'উনা মিন দূনিল্লা-হি মিন্ শাইয়িল্ লাম্মা-
তারাই তাদের নিজেদের প্রতি অত্যাচার করেছে, তাদের মা'বুদগুলো তাদেরকে কোনই উপকার করতে পারে নি, আল্লাহ ব্যতীত যাদেরকে তারা উপাসনা করেছিল, যখন

جَاءَ أَمْرُ رَبِّكَ ۖ وَمَا زَادُوهُمْ غَيْرَ تَتْبِيبٍ ﴿١٠١﴾ وَكَذَٰلِكَ أَخْذُ رَبِّكَ إِذَا

জ্বা- আ আম্রু রাব্বিক; ওয়া মা- যা-দূহুম গাইরা তাত্বীব। ১০২। ওয়া কাযা-লিকা আখ্যু রাব্বিকা ইযা-
এসে পৌছল আপনার প্রতিপালকের নির্দেশ। ধ্বংস ব্যতীত তাদের আর কিছুই বৃদ্ধি পেলনা। (১০২) আপনার প্রতিপালকের পাকড়াও এভাবেই হয়। যখন তিনি জনপদ

أَخَذَ الْقُرَىٰ وَهِيَ ظَالِمَةٌ ۚ إِنَّ أَخْذَهُ أَلِيمٌ شَدِيدٌ ﴿١٠٢﴾ إِنَّ فِي ذَٰلِكَ لَآيَةً

আখাযাল্ ক্বুরা- ওয়া হিয়া যা-লিমাহ; ইন্না আখ্যাহূ- আলীমুন শাদীদ। ১০৩। ইন্না ফী যা-লিকা লা- আ-ইয়াতাল
সমূহকে পাকড়াও করেন এমতাবস্থায় যখন তারা অত্যাচারী হয়ে উঠে। নিশ্চয় তাঁর পাকড়াও যন্ত্রণাদায়ক ও কঠিন। (১০৩) নিশ্চয় এর মধ্যে নিদর্শন রয়েছে পরকালের

○ বিশ্লেষণ (আঃ ১০০) ঃ قائم - অর্থ যার চিহ্ন যখন বাকী আছে এবং দেখা যায়। যেমন আদ ও সামুদের শহরে। حصيد - অর্থ যার চিহ্ন দেখা যায় না, ধ্বংস হয়ে গেছে। যেমন নূহের (আ) শহর। (তাঃ কাদেরী) ○ টীকা (আঃ ১০০) ঃ যেমন মিসর, তথায় ফেরআউনের প্রাসাদসমূহের ধ্বংসাবশেষ এখনো রয়েছে। ○ টীকা (আঃ ১০১) ঃ আল্লাহ বলেন, আমি যে এই জনপদসমূহের বাসিন্দাগণকে দণ্ডিত করেছি, তাতে আমি তাদের প্রতি অত্যাচার করি নি। তারা নিজেরাই নিজেদের উপর শাস্তিযোগ্য অত্যাচার করেছে। (বঃ কোঃ)

○ টীকা (আঃ ১০৩) ঃ উপদেশ লাভের সূত্র এই যে, ইহকাল চূড়ান্ত কর্মফল ভোগের স্থান নয়; তথাপি এখানকার শাস্তি যখন এত কঠিন, তখন কর্মফল ভোগের স্থান আখেরাতের শাস্তি যে আরও ভীষণ হবে, তাতে আর সন্দেহ কি? (বঃ কোঃ)

لِّمَنْ خَافَ عَذَابَ الْآخِرَةِ ۚ ذَٰلِكَ يَوْمٌ مَّجْمُوعٌ لَّهُ النَّاسُ وَذَٰلِكَ

লিমান্ খা-ফা 'আযা-বাল্ আ-খিরাহ, যা-লিকা ইয়াওমুম্ মাজ্মূ'উল লাহুন্না-সু ওয়া যা-লিকা
শাস্তিকে যে ভয় করে তার জন্য। এটা সেদিন, যেদিন সকল মানুষকে একত্রিত করা হবে এবং এটা সেদিন, যেদিন সকলকে উপস্থিত

يَوْمٌ مَّشْهُودٌ ﴿١٠٣﴾ وَمَا نُؤَخِّرُهُ إِلَّا لِأَجَلٍ مَّعْدُودٍ ﴿١٠٤﴾ يَوْمَ يَأْتِ لَا تَكَلَّمُ

ইয়াওমুম মাশহূদ। ১০৪। ওয়ামা- নুওয়াখ্খিরুহূ~ইল্লা-লি আজালিম মা'দূদ। ১০৫। ইয়াওমা ইয়া'তি লা- তাকাল্লামু
করা হবে। (১০৪) আমি উহাতে (কিয়ামত ঘটাতে) নির্দিষ্ট একটি সময় আছে বলেই বিলম্ব করছি। (১০৫) যখন সেদিন এসে যাবে তখন কেউ আল্লাহর

نَفْسٌ إِلَّا بِإِذْنِهِ ۚ فَمِنْهُمْ شَقِيٌّ وَسَعِيدٌ ﴿١٠٥﴾ فَأَمَّا الَّذِينَ شَقُوا فَفِي النَّارِ

নাফ্সুন্ ইল্লা- বিইয্নিহ, ফামিন্হুম শাক্বীইইওঁ ওয়া সায়ী'দ। ১০৬। ফাআম্মাল্লাযীনা শাক্বূ ফাফিন্না-রি
অনুমতি ছাড়া কথা বলতে পারবে না, আর তাদের মধ্যে কেউ হবে দুর্ভাগা আর কেউ হবেন সৌভাগ্যবান। (১০৬) যারা দুর্ভাগা হবে তারা জাহান্নামে যাবে,

لَهُمْ فِيهَا زَفِيرٌ وَشَهِيقٌ ﴿١٠٦﴾ خَالِدِينَ فِيهَا مَا دَامَتِ السَّمَاوَاتُ وَالْأَرْضُ إِلَّا

লাহুম্ ফীহা- যাফীরুওঁ ওয়া শাহীক্ব। ১০৭। খা-লিদীনা ফীহা- মা- দা-মাতিস্ সামাওয়া-তু ওয়াল্ আর্দু ইল্লা-
সেখানে তাদের জন্য রয়েছে আর্তনাদ ও চীৎকার। (১০৭) সেখানে তারা অনন্তকাল থাকবে, যতক্ষণ আকাশ ও পৃথিবী বিদ্যমান থাকবে। কিন্তু আপনার

مَا شَاءَ رَبُّكَ ۚ إِنَّ رَبَّكَ فَعَّالٌ لِّمَا يُرِيدُ ﴿١٠٧﴾ وَأَمَّا الَّذِينَ سُعِدُوا فَفِي

মা- শা— আ রাব্বুক; ইন্না রাব্বাকা ফা'য়্যালুল্লিমা- ইউরীদ। ১০৮। ওয়া আম্মাল্লাযীনা সু'ঈদূ ফাফিল
প্রতিপালক যদি কিছু ইচ্ছা করেন তা ভিন্ন কথা। আপনার প্রতিপালক যা ইচ্ছা তা-ই করেন। (১০৮) আর যারা সৌভাগ্যবান তারা থাকবে

الْجَنَّةِ خَالِدِينَ فِيهَا مَا دَامَتِ السَّمَاوَاتُ وَالْأَرْضُ إِلَّا مَا شَاءَ رَبُّكَ ۖ

জ্বান্নাতি খা-লিদীনা ফীহা- মা- দা-মাতিস্‌সামা-ওয়া-তু ওয়াল্ আরদু ইল্লা- মা- শা—আ রাব্বুক;
জান্নাতে, সেখানে তারা চিরকাল থাকবে, যতদিন পর্যন্ত আকাশ ও পৃথিবী কায়েম থাকবে। কিন্তু আপনার প্রতিপালক যদি অন্য কিছু ইচ্ছা করেন তা ভিন্ন কথা এবং এটা

عَطَاءً غَيْرَ مَجْذُوذٍ ﴿١٠٨﴾ فَلَا تَكُ فِي مِرْيَةٍ مِّمَّا يَعْبُدُ هَٰؤُلَاءِ ۚ مَا يَعْبُدُونَ

'আত্বা-আন্ গাইরা মাজ্যূয। ১০৯। ফালা- তাকু ফী মির্ইয়াতিম মিম্মা- ইয়া'বুদু হা~উলা~ই, মা-ইয়া'বুদূনা
হবে অফুরন্ত দান। (১০৯) অতএব তারা যাদের উপসনা করে তাদের ব্যাপারে আপনি সন্দেহের মধ্যে থাকবেন না। তাদের উপসনা

৯ ع ৯ রুকূ

إِلَّا كَمَا يَعْبُدُ آبَاؤُهُم مِّن قَبْلُ ۚ وَإِنَّا لَمُوَفُّوهُمْ نَصِيبَهُمْ غَيْرَ مَنقُوصٍ

ইল্লা- কামা- ইয়া'বুদু আ-বা—উহুম্ মিন্ ক্বাব্ল; ওয়া ইন্না- লামুওয়াফ্ফূহুম নাস্বীবাহুম্ গাইরা মান্কূস্ব।
করা এরূপ, যেরূপ তাদের পিতৃ পুরুষগণ ইতিপূর্বে উপসনা করত। আর আমি অবশ্যই তাদের প্রাপ্য কমতি ছাড়া-ই পূর্ণভাবে দিয়ে দেব।

○ বিশ্লেষণ (আঃ ১০৭) ঃ خلدين فيها - আরবে এ বাক্যটি স্থায়ীভাবে বুঝানোর জন্য ব্যবহার করা হয়ে থাকে।

○ টীকা (আঃ ১০৭) ঃ "যে পর্যন্ত আসমান ও জমীন (ঠিক) থাকে' তা আমাদের প্রচলিত কথারই অনুরূপ ফরমায়েছেন। এর মর্ম হচ্ছে "সর্বদাই"।

○ বিশ্লেষণ (আঃ ১০৮) ঃ غير مجذوذ এর অর্থ- অবিচ্ছিন্ন। অর্থাৎ এমন পুরস্কার যা শেষ হবার নয়।

○ টীকা (আঃ ১০৯) ঃ মানব-স্বভাবের দরুন আপনি সন্দিহান না হন যে, কেন এত অধিক প্রতিমাপূজা হচ্ছে, এত অধিক সংখ্যক লোক এই ভুল কাজে কি প্রকারে একমত হল? আল্লাহ অগ্রে বুঝিয়ে দিয়েছেন– এ সব লোক মেষপালের মত একে অন্যের অন্ধ তক্‌লীদ করে আসছে।

﴿١١٠﴾ وَلَقَدْ اٰتَيْنَا مُوْسَى الْكِتٰبَ فَاخْتُلِفَ فِيْهِ ۗ وَلَوْلَا كَلِمَةٌ سَبَقَتْ مِنْ رَّبِّكَ

১১০। ওয়া লাক্বাদ আ-তাইনা- মূসাল কিতা-বা ফাখ্তুলিফা ফীহ; ওয়া লাওলা- কালিমাতুন সাবাক্বাত মির্রাব্বিকা

(১১০) নিশ্চয় আমি মূসাকে কিতাব প্রদান করেছি। অতঃপর তাতে মতভেদ সৃষ্টি করা হয়েছে, যদি আপনার প্রতিপালকের পক্ষ হতে পূর্বে ঘোষণা (ফয়সালা) না থাকত,

لَقُضِيَ بَيْنَهُمْ ۗ وَاِنَّهُمْ لَفِيْ شَكٍّ مِّنْهُ مُرِيْبٍ ﴿١١١﴾ وَاِنَّ كُلًّا لَّمَّا لَيُوَفِّيَنَّهُمْ

লাক্বুদ্বিয়া বাইনাহুম; ওয়া ইন্নাহুম লাফী শাক্কিম্ মিন্হু মুরীব। ১১১। ওয়া ইন্না কুল্লাল্লাম্মা- লাইউওয়াফ্ফিয়ান্নাহুম

তবে তাদের মাঝে অবশ্যই মীমাংসা হয়ে যেত। আর তারা এতে দ্বিধাযুক্ত সন্দেহে রয়েছে। ১১১। অবশ্যই আপনার প্রতিপালক প্রত্যেককে তাদের আমলসমূহের পুরোপুরি

رَبُّكَ اَعْمَالَهُمْ ۗ اِنَّهٗ بِمَا يَعْمَلُوْنَ خَبِيْرٌ ﴿١١٢﴾ فَاسْتَقِمْ كَمَا اُمِرْتَ وَمَنْ

রাব্বুকা আ'মা-লাহুম্; ইন্নাহূ বিমা- ইয়া'মালূনা খাবীর। ১১২। ফাস্তাক্বিম কামা~উমিরতা ওয়ামান

প্রতিফল দেবেন। নিশ্চয় তারা যা করে তিনি সে ব্যাপারে পূর্ণ খবর রাখেন। (১১২) অতএব আপনাকে যেভাবে নির্দেশ দেয়া হয়েছে তাতে দৃঢ় থাকুন এবং যারা

تَابَ مَعَكَ وَلَا تَطْغَوْا ۗ اِنَّهٗ بِمَا تَعْمَلُوْنَ بَصِيْرٌ ﴿١١٣﴾ وَلَا تَرْكَنُوْٓا اِلَى الَّذِيْنَ

তা-বা মা'আকা ওয়ালা- তাত্বগাও; ইন্নাহূ বিমা- তা'মালূনা বাস্বীর। ১১৩। ওয়া লা- তারকানূ~ইলাল্লাযীনা

আপনার সাথে ঈমান এনেছে তারাও (যেন থাকে) আর সীমা অতিক্রম করনা। নিশ্চয় আল্লাহ তোমরা যা কর সব কিছু দেখেন। (১১৩) আর তোমরা অত্যাচারীদের প্রতি

ظَلَمُوْا فَتَمَسَّكُمُ النَّارُ ۙ وَمَا لَكُمْ مِّنْ دُوْنِ اللّٰهِ مِنْ اَوْلِيَآءَ ثُمَّ لَا تُنْصَرُوْنَ ○

যালামূ ফাতামাস্সাকুমুন্না-রু ওয়ামা- লাকুম্ মিন্ দূনিল্লাহি মিন্ আওলিয়া—আ ছুম্মা লা-তুন্স্বারূন।

ঝুঁকে পড় না। অন্যথায় তোমাদেরকে অগ্নিস্পর্শ করবে এবং আল্লাহ ছাড়া তোমাদের কেউ সাহায্যকারী থাকবে না এবং তোমাদেরকে সাহায্য করা হবে না।

﴿١١٤﴾ وَاَقِمِ الصَّلٰوةَ طَرَفَيِ النَّهَارِ وَزُلَفًا مِّنَ الَّيْلِ ۗ اِنَّ الْحَسَنٰتِ يُذْهِبْنَ

১১৪। ওয়া আক্বিমিস্ব স্বালা-তা ত্বারাফায়িন্নাহা-রি ওয়া যুলাফাম্ মিনাল্লাইল; ইন্নাল্ হাসানা-তি ইউযহিব্নাস

(১১৪) আর তোমরা যথাযথভাবে সালাত কায়েম করবে দিনের দু'প্রান্তভাগে এবং রাতের প্রথম ভাগে। নিশ্চয় নেক আমল মিটিয়ে দেয়

السَّيِّاٰتِ ۗ ذٰلِكَ ذِكْرٰى لِلذّٰكِرِيْنَ ﴿١١٥﴾ وَاصْبِرْ فَاِنَّ اللّٰهَ لَا يُضِيْعُ اَجْرَ

সাইয়্যিআত; যা-লিকা যিক্রা- লিয্যা-কিরীন। ১১৫। ওয়াস্ববির্ ফাইন্নাল্লা-হা লা- ইউদ্বী'উ আজ্রাল্

খারাপ আমলকে। উপদেশ গ্রহণকারীদের জন্য এ এক উপদেশ। (১১৫) আপনি ধৈর্য ধারণ করুন, নিশ্চয় আল্লাহ নেককারদের প্রতিদান মোটেই নষ্ট

الْمُحْسِنِيْنَ ﴿١١٦﴾ فَلَوْلَا كَانَ مِنَ الْقُرُوْنِ مِنْ قَبْلِكُمْ اُولُوْا بَقِيَّةٍ يَّنْهَوْنَ عَنِ

মুহ্সিনীন। ১১৬। ফালাও লা- কা-না মিনাল্ ক্বুরূনি মিন্ ক্বাব্লিকুম উলূ বাক্বীয়্যাতিইঁ ইয়ান্হাওনা 'আনিল্

করবেন না। (১১৬) সুতরাং তোমাদের পূর্ববর্তী লোকদের মধ্যে এমন ভাল লোক ছিল না– যারা পৃথিবীতে বিশৃংখলা সৃষ্টি করতে বাধা

○ বিশ্লেষণ (আঃ ১১০) ঃ ولولا كلمة - এ আয়াতের অর্থ যদি আল্লাহ তায়ালা প্রথমেই তাদের জন্য শাস্তি দেয়ার একটি সময় নির্ধারিত না করে রাখতেন, তবে ঝটপট তাদেরকে ধ্বংস করে দিতেন। (কুঃ কারীম) ○ বিশ্লেষণ (আঃ ১১৪) ঃ اقم الصلوة - দিনের প্রথমভাগের সালাত ফজর এবং দিনের শেষ ভাগের সালাত, জোহর ও আসর। রাতের প্রথমভাগের সালাত মাগরিব ও এশা। (তাঃ কাদেরী) ○ টীকা (আঃ ১১৪) ঃ "দিনের দুই প্রান্ত" অর্থে কেউ কেউ ফজরের ও মাগরেব নামায বলেছেন। আবার কেউ কেউ মনে করেন, "দুই প্রান্ত" বলতে দিনের দু'টি অংশে বুঝায়। প্রথম অংশে ফজরের নামায, আর দ্বিতীয় অংশে যোহর ও আছরের নামায। আর রাত্রির অংশে রয়েছে মাগরেব ও এশার নামায। এই দ্বিতীয় অর্থে আয়াতটিতে পাঁচ ওয়াক্তের নামাযের প্রতিই ইঙ্গিত রয়েছে। আর প্রথম অর্থে যোহর ব্যতীত চার ওয়াক্তের নামাযের উল্লেখ রয়েছে এবং সূরায়ে রূমের ১৮নং আয়াতের 'হীনা তুযহিরূন' শব্দে যোহরের উল্লেখ রয়েছে। (বঃ কোঃ)

الْفَسَادِ فِي الْاَرْضِ اِلَّا قَلِيْلًا مِّمَّنْ اَنْجَيْنَا مِنْهُمْ ۚ وَاتَّبَعَ الَّذِيْنَ ظَلَمُوْا

ফাসা-দি ফিল্ আর্দ্বি ইল্লা- ক্বালীলাম মিম্মান্ আন্জ্বাইনা- মিন্হুম, ওয়াত্তাবা'আল্লাযীনা য্বালামূ

প্রদান করত, শুধু অল্প সংখ্যক লোক ব্যতীত, যাদেরকে আমি তাদের মধ্য হতে নাজাত দিয়েছিলাম। আর অত্যাচারীরা তারই অনুসরণ

مَآ اُتْرِفُوْا فِيْهِ وَكَانُوْا مُجْرِمِيْنَ ﴿١١٧﴾ وَمَا كَانَ رَبُّكَ لِيُهْلِكَ الْقُرٰى بِظُلْمٍ

মা~উত্রিফূ ফীহি ওয়া কা-নূ মুজ্বরিমীন। ১১৭। ওয়ামা- কা-না রাব্বুকা লিইউহ্লিকাল ক্বুরা- বিযুল্মিওঁ

করত যার মধ্যে বিলাসিতা পেত এবং তারা ছিল পাপী। (১১৭) আপনার প্রতিপালক এমন নন যে, কোন জনপদকে অন্যায়ভাবে ধ্বংস করবেন, অথচ সেখানকার বাসিন্দারা

وَّاَهْلُهَا مُصْلِحُوْنَ ﴿١١٨﴾ وَلَوْ شَآءَ رَبُّكَ لَجَعَلَ النَّاسَ اُمَّةً وَّاحِدَةً وَّلَا يَزَالُوْنَ

ওয়া আহ্লুহা- মুস্বলিহূন। ১১৮। ওয়া লাও শা—আ রাব্বুকা লাজ্বা'আলান্ না-সা উম্মাতাওঁ ওয়াহিদাতাওঁ ওয়ালা- ইয়াযা-লূনা

হবে নেককার। (১১৮) যদি আপনার প্রতিপালক ইচ্ছা করতেন, তবে সব মানুষকে একই দলে শামিল করে দিতে পারতেন। তারাতো সর্বদা পারস্পরিক বিভেদ করতেই

مُخْتَلِفِيْنَ ﴿١١٩﴾ اِلَّا مَنْ رَّحِمَ رَبُّكَ ۗ وَلِذٰلِكَ خَلَقَهُمْ ۗ وَتَمَّتْ كَلِمَةُ رَبِّكَ

মুখ্তালিফীন। ১১৯। ইল্লা- মার্ রাহ্বিমা রাব্বুক; ওয়া লিযালিকা খালাক্বাহুম; ওয়া তাম্মাত্ কালিমাতু রাব্বিকা

থাকবে। (১১৯) তবে তারা ব্যতীত, যাদের উপর আপনার প্রতিপালক অনুগ্রহ করেছেন, আর তাদেরকেতো সে উদ্দেশ্যেই তিনি সৃষ্টি করেছেন। এবং আপনার প্রতিপালকের

لَاَمْلَئَنَّ جَهَنَّمَ مِنَ الْجِنَّةِ وَالنَّاسِ اَجْمَعِيْنَ ﴿١٢٠﴾ وَكُلًّا نَّقُصُّ عَلَيْكَ مِنْ اَنْۢبَآءِ

লাআম্লাআন্না জ্বাহান্নামা মিনাল্ জ্বিন্নাতি ওয়ান্না-সি আজ্মা'ঈন। ১২০। ওয়া কুল্লান্ নাক্বুস্বু 'আলাইকা মিন্ আম্বা—য়ির্

একথাও পূর্ণ হবে যে, "আমি জ্বীন ও মানুষ উভয় দ্বারা জাহান্নাম অবশ্যই পূর্ণ করব"। (১২০) আমি রাসূলগণের সকল অবস্থা আপনার

الرُّسُلِ مَا نُثَبِّتُ بِهٖ فُؤَادَكَ ۚ وَجَآءَكَ فِيْ هٰذِهِ الْحَقُّ وَمَوْعِظَةٌ وَّذِكْرٰى

রুসুলি মা- নুছাব্বিতু বিহী ফুওয়াদাক, ওয়া জ্বা~আকা ফী হা-যিহিল হাক্কু ওয়া মাও'ইজ্বাতুওঁ ওয়া যিক্রা-

কাছে বর্ণনা করি আপনার অন্তরকে দৃঢ় করার জন্য, এবং এর মাধ্যমে আপনার কাছে সত্য বিষয় এসেছে এবং মুমিনদের জন্য এসেছে উপদেশ

لِلْمُؤْمِنِيْنَ ﴿١٢١﴾ وَقُلْ لِّلَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ اعْمَلُوْا عَلٰى مَكَانَتِكُمْ ۗ اِنَّا عٰمِلُوْنَ ○

লিল্মু'মিনীন। ১২১। ওয়া কুল্ লিল্লাযীনা লা- ইউ'মিনূনা'মালূ 'আলা- মাকা-নাতিকুম্; ইন্না- 'আ-মিলূন।

ও সাবধান বাণী। (১২১) আর যারা ঈমান আনেনি তাদেরকে বলুন, তোমরা তোমাদের মতে কাজ করে যাও, আমরাও আমাদের মতে কাজ করছি।

﴿١٢٢﴾ وَانْتَظِرُوْا ۚ اِنَّا مُنْتَظِرُوْنَ ﴿١٢٣﴾ وَلِلّٰهِ غَيْبُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَاِلَيْهِ يُرْجَعُ

১২২। ওয়ান্তাজ্বিরূ ইন্না- মুন্তাজ্বিরূন। ১২৩। ওয়ালিল্লা-হি গাইবুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্দ্বি ওয়া ইলাইহি ইউর্জ্বা'উল

(১২২) তোমরা প্রতিক্ষা কর আমরাও প্রতিক্ষা করছি। (১২৩) আকাশ ও পৃথিবীর অদৃশ্যের খবর একমাত্র আল্লাহই জানেন এবং তাঁর নিকটেই সকল বিষয়ের

○ টীকা (আঃ ১১৭) ঃ সারকথা এই যে, তাদের মধ্যে ব্যাপকভাবে নাফরমানী চলছিল এবং বাধা দানের মত লোকও ছিল না। কাজেই শাস্তিও ব্যাপকভাবে আসল। তারা সকলে কাফির হলেও যদি কিছু সংখ্যক লোক এই অনাচার প্রতিরোধ করত, তবে কুফরীর জন্য শাস্তি ব্যাপকভাবে আসত না। আর যারা অনাচারও করেছে, তাদের জন্য স্বতন্ত্ররূপে আযাব আসত; কিন্তু এখন বাধা না দেয়ায় সকলের প্রতিই সমান আযাব আসছে। (বঃ কোঃ)
○ টীকা (আঃ ১২০) ঃ কোরআনের সমস্ত আয়াতেরই অবিচ্ছেদ্য গুণ। তদুপরি এ আয়াতগুলোতে অতিরিক্ত গুণ এই যে, তা শ্রোতামণ্ডলীর জন্য উপদেশ এবং স্মৃতি বিজড়িত। অতএব, এ আয়াতগুলো উপদেশ হিসাবে শ্রোতাদের মনে ভয়ের উদ্রেক করছে এবং স্মারক হিসাবে তাদের সম্মুখে ভবিষ্যতের কর্ম পন্থা পেশ করছে। (বঃ কোঃ)

الأمر كله فاعبده وتوكل عليه ۚ وما ربك بغافل عما تعملون ۝

আম্‌রু কুল্লুহূ ফা'বুদ্‌হু ওয়া তাওয়াক্কাল্ 'আলাইহ্; ওয়ামা- রাব্বুকা বিগা-ফিলিন 'আম্মা- তা'মালূন।

প্রত্যাবর্তন। অতএব তাঁরই ইবাদাত কর এবং তাঁর উপরই ভরসা কর। তোমরা যা কিছু কর সে বিষয় আল্লাহ বেখবর নন।

১০ ع ১৪ ১০ রুকূ

সূরা ইয়ূসুফ
মক্কী

بسم الله الرحمن الرحيم

বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ১১১
রুকূ ঃ ১২

الر ۚ تلك آيات الكتاب المبين ۝١ إنا أنزلناه قرآنا عربيا لعلكم

১। আলিফ লা~ম রা- তিলকা আ-ইয়া-তুল্ কিতা-বিল্ মুবীন। ২। ইন্না~আন্‌যাল্‌না-হু কুরআ-নান 'আরাবিয়্যাল লা'আল্লাকুম

(১) আলিফ লা- ম রা-; এগুলো সুস্পষ্ট কিতাবের আয়াত। (২) নিশ্চয় আমি এ কুরআন আরবী ভাষায় অবতীর্ণ করেছি। যাতে

تعقلون ۝٢ نحن نقص عليك أحسن القصص بما أوحينا إليك هذا

তা'ক্বিলূন। ৩। নাহ্‌নু নাকুস্‌সু 'আলাইকা আহ্‌সানাল্ ক্বাস্বাস্বি বিমা-আওহ্বাইনা~ইলাইকা হা-যাল্

তোমরা বুঝতে পার। (৩) ওহীর মাধ্যমে আমি আপনার নিকট উত্তম কাহিনী বর্ণনা করছি এই কুরআন প্রেরণ করতঃ,

القرآن ۖ وإن كنت من قبله لمن الغافلين ۝٣ إذ قال يوسف لأبيه

কুর্‌আ-ন, ওয়া ইন্ কুন্‌তা মিন্ ক্বাব্‌লিহী লামিনাল্ গা-ফিলীন। ৪। ইয ক্বা-লা ইউসুফু লিআবীহি

এবং এর পূর্বে আপনি এ বিষয় অনবহিত ছিলেন। (৪) যখন ইউসুফ তাঁর পিতাকে বললেন,

يا أبت إني رأيت أحد عشر كوكبا والشمس والقمر رأيتهم لي ساجدين

ইয়া~আ-বাতি ইন্নী রাআইতু আহ্বাদা 'আশারা কাওকাবাওঁ ওয়াশ্ শাম্‌সা ওয়াল্ ক্বামারা রাআইতুহুম্ লী সা-জ্বিদীন।

হে আব্বাজান! নিশ্চয় আমি (স্বপ্নে) এগারটি তারকা এবং সূর্য ও চন্দ্রকে দেখেছি, তারা আমাকে সিজদা করছে।

۝٤ قال يا بني لا تقصص رؤياك على إخوتك فيكيدوا لك كيدا ۖ إن الشيطان

৫। ক্বা-লা ইয়া- বুনাইয়্যা লা- তাক্বস্বুস্ব্ রু'ইয়া-কা 'আলা~ইখ্‌ওয়াতিকা ফাইয়াকীদূ লাকা কাইদা-; ইন্নাশ্ শাইত্বা-না

(৫) তিনি বললেন, হে আমার ছেলে! তোমার এ স্বপ্নের কথা তোমার ভাইদের কাছে বর্ণনা করনা। হতে পারে, তারা তোমার বিরুদ্ধে ষড়যন্ত্র করবে।

للإنسان عدو مبين ۝٥ وكذلك يجتبيك ربك ويعلمك من تأويل

লিল্ ইন্‌সা-নি 'আদুওওম্ মুবীন। ৬। ওয়া কাযা-লিকা ইয়াজ্‌তাবীকা রাব্বুকা ওয়া ইউ'আল্লিমুকা মিন্ তা'ওয়ীলিল্

নিশ্চয় শয়তান মানুষের প্রকাশ্য দুশমন। (৬) এভাবে তোমাকে তোমার প্রতিপালক মনোনীত করবেন এবং তোমাকে স্বপ্নের তাৎপর্য শিখাবেন এবং নিজ

○ শানে নুযূল (আঃ ১) ঃ ইবনে আব্বাস (রা) কর্তৃক বর্ণিত আছে যে, কতিপয় সাহাবী হুযূর (সা)-এর সমীপে এসে কিচ্ছা শুনতে চাইলে তখন সূরা-ইউসুফ নাযিল হয়। ইবনে আব্বাস (রা) আরো বলেছেন, ইহুদীরা পরীক্ষামূলকভাবে হুযূর (সা)-কে ইউসুফ (আ) ও তাঁর ভাইদের ঘটনা জিজ্ঞাসা করলে এই সূরাটি নাযিল হয়। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৩) ঃ এতে পরস্পর সম্পর্কবিশিষ্ট কতিপয় বিষয়ের সমাবেশ হচ্ছে। এ জন্য এটাকে 'আহ্‌সানুল কাছাছ' বলা হয়েছে। (বঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ৪) ঃ انی رایت - মুফাচ্ছিরগণ বলেন, এগারটি তারকা দ্বারা বুঝানো হয়েছে হযরত ইউসুফের (আ) এগার ভাইকে এবং চন্দ্র ও সূর্য দ্বারা তাঁর পিতা ও মাতাকে বুঝানো হয়েছে এবং স্বপ্নের বাস্তবায়ন হয়েছে চল্লিশ অথবা আশি বছর পর। যখন সে এগার ভাই পিতা-মাতাসহ মিশর গিয়েছিল এবং সেখানে সে ভাইয়েরা ইউসুফের (আ) সামনে সিজদায় পড়েছিল। (কুঃ কারীম)

الأحاديث ويتم نعمته عليك وعلى آل يعقوب كما أتمها على أبويك

আহ্বা-দীছি ওয়া ইউতিম্মু নি'মাতাহূ 'আলাইকা ওয়া 'আলা~আ-লি ইয়া'ক্বূবা কামা~আতাম্মাহা- 'আলা~আবাওয়াইকা

নেয়ামত দ্বারা তোমাকে পরিপূর্ণ করবেন এবং ইয়াকুবের পরিবার পরিজনের প্রতিও তার অনুগ্রহ পূর্ণ করবেন, যেভাবে তিনি এর পূর্বে তোমার পিতৃপুরুষ

من قبل إبراهيم وإسحاق ۚ إن ربك عليم حكيم ۝٦ لقد كان في يوسف

মিন্ ক্বাব্‌লু ইব্‌রা-হীমা ওয়া ইসহ্বা-ক্ব; ইন্না রাব্‌বাকা 'আলীমুন হ্বাকীম। ৭। লাক্বাদ্ কা-না ফী ইউসুফা

ইব্রাহীম ও ইসহাকের উপরও তা পূর্ণ করেছিলেন। নিশ্চয় আপনার প্রতিপালক বিজ্ঞ ও প্রজ্ঞাময়। (৭) নিশ্চয় ইউসুফ ও তাঁর ভাইদের

১ ع ১৬ ১১ রুকূ

وإخوته آيات للسائلين ۝٧ إذ قالوا ليوسف وأخوه أحب إلى أبينا

ওয়া ইখওয়াতিহী~আ-ইয়া-তুল্ লিস্ সা~য়িলীন। ৮। ইয ক্বা-লূ লাইউসুফু ওয়া আখূহু আহ্বাব্বু ইলা~আবীনা-

কাহিনীতে প্রশ্নকারীদের জন্য নিদর্শনাবলী রয়েছে। (৮) স্মরণ করুন! যখন তারা বলেছিল, ইউসুফ এবং তাঁর (আপন) ভাই আমাদের পিতার কাছে

منا ونحن عصبة إن أبانا لفي ضلال مبين ۝٨ اقتلوا يوسف أو اطرحوه أرضا

মিন্না- ওয়া নাহ্বনু 'উস্ব্‌বাহ্; ইন্না আবা-না- লাফী দ্বালা-লিম্ মুবীন। ৯। উক্‌তুলূ ইউসুফা আওয়িত্বরাহূহু আরদ্বাই

আমাদের চেয়ে অধিক প্রিয়। অথচ আমরা শক্তিশালী দল। নিশ্চয় আমাদের পিতা স্পষ্ট ভ্রান্তির মধ্যে রয়েছেন। (৯) ইউসুফকে মেরে ফেল অথবা তাঁকে কোন

يخل لكم وجه أبيكم وتكونوا من بعده قوما صالحين ۝٩ قال

ইয়াখ্‌লু লাকুম ওয়াজ্‌হু আবীকুম্ ওয়া তাকূনূ মিম্‌বা'দিহী ক্বাওমান স্বা-লিহ্বীন। ১০। ক্বা-লা

স্থানে ফেলে আস। তবে তোমাদের পিতার মনোযোগ শুধু তোমাদের প্রতিই থাকবে এবং পরে তোমরা সৎ সম্প্রদায় বলে গন্য হবে। (১০) তাদের মধ্যে

قائل منهم لا تقتلوا يوسف وألقوه في غيابت الجب يلتقطه بعض

ক্বা-য়িলু মমিন্‌হুম লা- তাক্বতুলূ ইউসুফা ওয়াআল্‌কূহু ফী গায়া-বাতিল্‌জুব্বি ইয়াল্‌তাক্বিত্বহু বা'দ্বুস্

একজন বলল, ইউসুফকে হত্যা কর না, বরং তাঁকে কোন গভীর কূপে ফেলে দাও, যাতায়াতকারী কোন কাফেলা তাকে তুলে নিয়ে যাবে। যদি তোমরা কিছু

السيارة إن كنتم فاعلين ۝١٠ قالوا يا أبانا ما لك لا تأمنا على يوسف وإنا له

সাইয়্যা-রাতি ইন্ কুন্‌তুম্ ফা-'য়িলীন। ১১। ক্বা-লূ ইয়া~আবা-না- মা- লাকা লা- তা' মান্না- 'আলা- ইউসুফা ওয়া ইন্না- লাহূ

করতেই চাও, তবে এরূপ কর। (১১) তারা বলল, হে আমাদের পিতা! আপনার কি হল যে, ইউসুফের ব্যাপারে আমাদেরকে বিশ্বাস করছেন না? অথচ আমরা তাঁর

لناصحون ۝١١ أرسله معنا غدا يرتع ويلعب وإنا له لحافظون ۝١٢ قال

লানা-স্বিহূন। ১২। আর্‌সিল্‌হু মা'আনা- গাদাই ইয়ার্‌তা' ওয়া ইয়াল্'আব ওয়া ইন্না- লাহূ লাহ্বা-ফিজূন। ১৩। ক্বা-লা

কল্যাণকামী। (১২) আপনি আগামীকাল তাঁকে আমাদের সাথে যেতে দিন। সেখানে সে পরিতৃপ্তভাবে খাবে ও খেলা করবে এবং আমরা তার হেফাজত করবই। (১৩) তিনি

○ টীকা (আঃ ৯) ঃ অর্থাৎ, আমাদের পিতা ইউসূফকে অধিক স্নেহ করেন। কাজেই ইউসূফ থাকতে আমাদের প্রতি পিতার মনোভাবের পরিবর্তনের কোনই আশা নেই। এই কন্টক দূর করতেই হবে, তবে পিতার স্নেহ ও আমাদের মতলব হাসিল হবে। (বঃ কোঃ)

○ টীকা (আঃ ১০) ঃ ভ্রাতাদের মধ্যে একজন বলল, তাকে হত্যা করো না। অবশ্য তাকে দূরদেশে ফেলে আসতে পার। এই উদ্দেশ্যে সম্প্রতি তাকে লোক চলাচল পথের ধারে স্বল্প পানি বিশিষ্ট কোন গভীর কূপে ফেলে আস। সর্বসম্মতিক্রমে এই সিদ্ধান্ত করে তারা পিতার নিকট গমন করল এবং ইউসূফ (আ)-কে তাদের সঙ্গে বেড়াতে যাওয়ার অনুমতি প্রার্থনা করল। তিনি রাযী হলেন না। অবশেষে তারা ইউসূফ (আ)-কে প্রলুব্ধ করলে তিনি ভাইদের সঙ্গে যাওয়ার জন্য পিতাকে পীড়াপীড়ি করলেন। অগত্যা ইয়াকূব (আ) ইউসূফ (আ)-কে অনুমতি দিলেন। (বঃ কোঃ)

إِنِّي لَيَحْزُنُنِي أَن تَذْهَبُوا بِهِ وَأَخَافُ أَن يَأْكُلَهُ الذِّئْبُ وَأَنتُمْ

ইন্নী লাইয়াহ্‌যুনুনী~আন্ তাযহাবূ বিহী ওয়া আখা-ফু আইঁ ইয়া'কুলাহুয যি'বু ওয়া আন্‌তুম্

বললেন, তাঁকে তোমাদের নিয়ে যাওয়া আমাকে চিন্তান্বিত করবে এবং আমি এ ভয়ও করছি যে, তাঁকে বাঘে খেয়ে ফেলবে, আর তোমরা তার থেকে

عَنْهُ غَافِلُونَ ⑬ قَالُوا لَئِنْ أَكَلَهُ الذِّئْبُ وَنَحْنُ عُصْبَةٌ إِنَّا إِذًا لَّخَاسِرُونَ ⑭

'আন্‌হু গা-ফিলূন। ১৪। ক্বা-লূ লাইন্ আকালাহুযযি'বু ওয়া নাহ্‌নু 'উস্‌বাতুন ইন্না~ইযাল্লাখা-সিরূন।

অমনোযোগী থাকবে। (১৪) তারা বলল, আমাদের মত এতবড় একটি শক্তিশালী দলের উপস্থিতিতেও যদি তাঁকে বাঘ খেয়ে ফেলে, তখন আমরা অনিষ্টকারীই হয়ে যাব।

فَلَمَّا ذَهَبُوا بِهِ وَأَجْمَعُوا أَن يَجْعَلُوهُ فِي غَيَابَتِ الْجُبِّ ۚ وَأَوْحَيْنَا

১৫। ফালাম্মা- যাহাবূ বিহী ওয়া আজ্‌মা'উ~আইঁ ইয়াজ্‌'আলূহু ফী গায়া-বাতিল্ জুব্বি, ওয়া আওহাইনা~

(১৫) যখন তারা তাঁকে নিয়ে গেল এবং সকলে মিলে সংকল্প করল যে তাঁকে গভীর কূপে নিক্ষেপ করবে। তখন আমি তাকে ওহীর মাধ্যমে জানিয়ে দিলাম,

إِلَيْهِ لَتُنَبِّئَنَّهُم بِأَمْرِهِمْ هَٰذَا وَهُمْ لَا يَشْعُرُونَ ⑮ وَجَاءُوا أَبَاهُمْ عِشَاءً

ইলাইহি লাতুনাব্বিআন্নাহুম বিআম্‌রিহিম্ হা-যা- ওয়া হুম্ লা- ইয়াশ'উরূন। ১৬। ওয়া জ্বা—উ আবা~হুম্ 'ইশা-আই

আপনি অবশ্যই তাদের এ বিষয় তাদেরকে অবহিত করবেন যখন তারা আপনাকে চিনবে না। (১৬) অতঃপর তারা সন্ধ্যা রাতে তাদের পিতার কাছে

يَبْكُونَ ⑯ قَالُوا يَا أَبَانَا إِنَّا ذَهَبْنَا نَسْتَبِقُ وَتَرَكْنَا يُوسُفَ عِندَ مَتَاعِنَا

ইয়াব্‌কূন। ১৭। ক্বা-লূ ইয়া~আবা-না-~ইন্না- যা-হাব্‌না- নাস্তাবিক্বু ওয়া তারাক্‌না- ইউসুফা 'ইনদা মাতা-'য়িনা-

কাঁদতে কাঁদতে ফিরে এল। (১৭) তারা বলল, হে আমাদের পিতা! আমরা দৌড়ে প্রতিযোগিতা করেছিলাম এবং ইউসুফকে আমাদের মালপত্রের কাছে একা রেখে

فَأَكَلَهُ الذِّئْبُ ۖ وَمَا أَنتَ بِمُؤْمِنٍ لَّنَا وَلَوْ كُنَّا صَادِقِينَ ⑰ وَجَاءُوا عَلَىٰ قَمِيصِهِ

ফাআকালাহুয যি'ব, ওয়া মা~আন্‌তা বিমু'মিনিল্ লানা- ওয়া লাওকুন্না স্বা-দিক্বীন। ১৮। ওয়া জা—উ 'আলা- ক্বামীস্বিহী

গিয়েছিলাম। ইত্যবসরে বাঘ তাঁকে খেয়ে ফেলেছে। আপনি তো আমাদের কথা বিশ্বাস করবেন না। যদিও আমরা সত্যবাদী হয়ে থাকি। (১৮) এবং তারা ইউসুফের

بِدَمٍ كَذِبٍ ۚ قَالَ بَلْ سَوَّلَتْ لَكُمْ أَنفُسُكُمْ أَمْرًا ۖ فَصَبْرٌ جَمِيلٌ ۖ وَاللَّهُ

বিদামিন কাযিব ; ক্বা-লা বাল্ সাওয়্যালাত্ লাকুম্ আন্‌ফুসুকুম্ আম্‌রা-; ফাস্বাব্‌রুন জ্বামীল ; ওয়াল্লা-হুল্

জামায় কৃত্রিম রক্ত মেখে এনেছিল। তিনি বললেন, না বরং তোমাদের মন থেকে তোমরা একটি কথা বানিয়ে নিয়েছ। ধৈর্যই আমার জন্য উত্তম। তোমাদের বানানো

الْمُسْتَعَانُ عَلَىٰ مَا تَصِفُونَ ⑱ وَجَاءَتْ سَيَّارَةٌ فَأَرْسَلُوا وَارِدَهُمْ فَأَدْلَىٰ

মুস্তা'আ-নু 'আলা- মা- তাস্বিফূন। ১৯। ওয়া জ্বা— আত্ সাইয়্যা-রাতুন্ ফাআর্‌সালূ ওয়া-রিদাহুম ফাআদলা-

কথার ব্যাপারে আল্লাহই সাহায্য দাতা। (১৯) আর একটি কাফেলা সেখানে আসল, তারা তাদের পানি সংগ্রহকারীকে প্রেরণ করল। সে তার বালতি (কূপে)

○ বিশ্লেষণ (আঃ ১৮) ঃ بدم كذب - (কৃত্রিম রক্ত) অর্থাৎ ইউসূফের (আ) ভাইয়েরা একটি বকরী যবেহ করে তার রক্ত ইউসূফের (আ) জামায় মেখে নিয়ে এসেছিল। ○ বিশ্লেষণ (আঃ ১৯) ঃ واردهم - অর্থ (তাদের পানি সংগ্রাহক) وارد সে ব্যক্তিকে বলে, যে কাফেলার জন্য পানি ও অন্যান্য জিনিসের ব্যবস্থা করার উদ্দেশ্যে সবার আগে চলে। যাতে তারা কাফেলাকে যথাস্থানে থামাতে পারে। এ পানি সংগ্রাহক যখন কুয়ার কাছে পানি নেয়ার উদ্দেশ্যে সর্ব প্রথম আসল এবং বালতি নীচে ফেলল, তখন ইউসূফ (আ) বালতির রশি ধরে ফেলল। ওয়ারেদ (পানি সংগ্রাহক) সুশ্রী বালক দেখে খুব খুশী হল।

دَلْوَهُ ۖ قَالَ يَا بُشْرَىٰ هَٰذَا غُلَامٌ ۚ وَأَسَرُّوهُ بِضَاعَةً ۚ وَاللَّهُ عَلِيمٌ بِمَا يَعْمَلُونَ

দাল্‌ওয়াহ; ক্বা-লা ইয়া- বুশরা- হা-যা- গুলা-মুন; ওয়া আসাররূহু বিদ্বা-আহ; ওয়াল্লা-হু 'আলীমুম্ বিমা- ইয়া'মালূন।

ফেলল। তখন সে বলল, বাঃ! খুশীর বিষয়! এতো একটি উত্তম বালক, তারা তাঁকে (পণ্য দ্রব্য) রূপে গোপন রাখল। তারা যা করছিল সে ব্যাপারে আল্লাহ অবহিত ছিলেন।

ع ২ ২৪ ১২ রুকূ

⑲ وَشَرَوْهُ بِثَمَنٍ بَخْسٍ دَرَاهِمَ مَعْدُودَةٍ ۚ وَكَانُوا فِيهِ مِنَ الزَّاهِدِينَ ⑳ وَقَالَ

২০। ওয়া শারাওহু বিছামানিম্ বাখ্‌সিন্ দারা-হিমা মা'দূদাহ; ওয়া কা-নূ ফীহি মিনায যা-হিদীন। ২১। ওয়া ক্বা-লা

(২০) তারা তাঁকে মাত্র কতিপয় দেরহামের বিনিময় সস্তা মূল্যে বিক্রি করল এবং তারা ছিল তাঁর ব্যাপারে অনাগ্রহী। (২১) আর মিশরের যে ব্যক্তি

الَّذِي اشْتَرَاهُ مِن مِّصْرَ لِامْرَأَتِهِ أَكْرِمِي مَثْوَاهُ عَسَىٰ أَن يَنفَعَنَا أَوْ نَتَّخِذَهُ

ল্লাযীশ তারা-হু মিম্‌মিস্বরা লিম্‌রাআতিহী~আক্‌রিমী মাছ ওয়া-হু 'আসা~আইঁ ইয়ান্‌ফা'আনা~আও নাত্তাখিযাহূ

তাঁকে ক্রয় করেছিল সে তার স্ত্রীকে বলল, একে খুব মর্যাদার সাথে রাখ। হতে পারে, এ আমাদের উপকারে আসবে। অথবা তাঁকে আমরা আমাদের

وَلَدًا ۚ وَكَذَٰلِكَ مَكَّنَّا لِيُوسُفَ فِي الْأَرْضِ وَلِنُعَلِّمَهُ مِن تَأْوِيلِ الْأَحَادِيثِ

ওয়ালাদা-; ওয়া কাযা-লিকা মাক্কান্না- লিইউসুফা ফিল্ আর্‌দ্বি ওয়ালিনু'আল্লিমাহূ মিন্ তা'বীলিল আহ্বা-দীছ;

পুত্র বানিয়ে নেব। এভাবে আমি ইউসুফকে মিশরের ভূমিতে প্রতিষ্ঠিত করলাম। যাতে আমি তাঁকে স্বপ্নের কিছু ব্যাখ্যা শিক্ষা দিতে পারি।

وَاللَّهُ غَالِبٌ عَلَىٰ أَمْرِهِ وَلَٰكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُونَ ㉑ وَلَمَّا بَلَغَ أَشُدَّهُ

ওয়াল্লা-হু গা-লিবুন 'আলা~আমরিহী ওয়া লা-কিন্না আক্‌ছারান্‌না-সি লা-ইয়া'লামূন। ২২। ওয়া লাম্মা- বালাগা আশুদ্দাহূ~

আল্লাহ তাঁর কার্য সম্পাদনে প্রভাবশালী। কিন্তু অধিকাংশ মানুষ তা জানে না। (২২) তিনি (ইউসুফ) যখন বয়সের দিক দিয়ে পূর্ণতায় পৌছলেন,

آتَيْنَاهُ حُكْمًا وَعِلْمًا ۚ وَكَذَٰلِكَ نَجْزِي الْمُحْسِنِينَ ㉒ وَرَاوَدَتْهُ الَّتِي هُوَ

আ-তাইনা-হু হুক্‌মাওঁ ওয়া 'ইল্‌মা-; ওয়া কাযা-লিকা নাজ্‌যীল্ মুহ্‌সিনীন। ২৩। ওয়া রা-ওদাত্‌হুল্লাতী হুওয়া

তখন আমি তাঁকে হিকমত ও ইলম দান করলাম। আর আমি এভাবে পুণ্যবানদের প্রতিদান দিয়ে থাকি। (২৩) তিনি যে রমণীর গৃহে ছিলেন সে (রমণী)

فِي بَيْتِهَا عَن نَّفْسِهِ وَغَلَّقَتِ الْأَبْوَابَ وَقَالَتْ هَيْتَ لَكَ ۚ قَالَ مَعَاذَ اللَّهِ

ফী বাইতিহা- 'আন্‌নাফ্‌সিহী ওয়া গাল্লাক্বাতিল্ আব্‌ওয়া-বা ওয়াক্বা-লাত্ হাইতা লাক; ক্বা-লা মা 'আ-যাল্লা-হি

তাঁকে অসৎ উদ্দেশ্য সাধনের জন্য প্ররোচনা দিতে লাগল এবং দরজাগুলো বন্ধ করে দিল এবং বলল, এদিকে এসো, ইউসুফ বললেন, আমি আল্লাহর কাছে আশ্রয় চাই।

إِنَّهُ رَبِّي أَحْسَنَ مَثْوَايَ ۖ إِنَّهُ لَا يُفْلِحُ الظَّالِمُونَ ㉓ وَلَقَدْ هَمَّتْ بِهِ ۖ

ইন্নাহূ রাব্বী~আহ্‌সানা মাছওয়া-ই; ইন্নাহূ লা- ইউফ্‌লিহুয্‌ যা-লিমূন। ২৪। ওয়া লাক্বাদ্ হাম্মাত্ বিহী'

নিশ্চয় তিনি (তোমার স্বামী) আমার মুরব্বী, তিনি আমাকে সসম্মানে থাকার ব্যবস্থা করেছেন। অন্যায়কারীগণ কখনো সফল হয় না। (২৪) সে (রমণী) তাঁর প্রতি আকৃষ্ট

○ বিশ্লেষণ (আঃ ২০) ঃ شروه - (তাঁকে তারা বিক্রি করল)– ভাইগণ অথবা কাফের লোকেরা।

○ বিশ্লেষণ (আঃ ২১) ঃ كذالك مكنا - (এমনিভাবে) অর্থাৎ যেভাবে ইউসূফকে (আ) কুয়া থেকে অত্যাচারী ভাইদের থেকে নাজাত দিয়েছি এমনিভাবে আমি ইউসূফকে (আ) মিশরের ভূমিতে সু-প্রতিষ্ঠিত করেছি। (কুঃ কারীম) ○ বিশ্লেষণ (আঃ ২২) ঃ بلغ اشده - (পূর্ণতায় পৌছল) অর্থাৎ আঠার অথবা বাইশ বছর বয়সে পৌছল। কারো মতে, ত্রিশ অথবা চল্লিশ বছর বয়সের মাঝখানে। (তাঃ কাদেরী)

حكما وعلما – হিকমত দ্বারা "নবুওয়াত" অথবা নবুওয়াতের পূর্বজ্ঞান এবং 'ইলম' দ্বারা দ্বীনি জ্ঞান বুঝানো হয়েছে। (কুঃ কারীম)

وَهَمَّ بِهَا لَوْلَآ اَنْ رَّاٰ بُرْهَانَ رَبِّهٖ ؕ كَذٰلِكَ لِنَصْرِفَ عَنْهُ السُّوْٓءَ وَالْفَحْشَآءَ ؕ

ওয়া হাম্মা বিহা- লাওলা~আর্‌রাআ- বুর্‌হা-না রাব্বিহ্; কাযা-লিকা লিনাস্বরিফা 'আন্‌হুস্ সূ—আ ওয়াল্ ফাহ্‌শা—আ;
হয়েছিল এবং তিনি (ইউসুফ)ও তার প্রতি আকৃষ্ট হয়ে পড়তেন, যদি তিনি স্বীয় রবের নিদর্শন না দেখতেন, এটা এজন্য যে, যাতে আমি তাঁকে মন্দ ও অশ্লীল কাজ হতে

اِنَّهٗ مِنْ عِبَادِنَا الْمُخْلَصِيْنَ ﴿٢٤﴾ وَاسْتَبَقَا الْبَابَ وَقَدَّتْ قَمِيْصَهٗ مِنْ دُبُرٍ

ইন্নাহূ মিন্ 'ইবা-দিনাল্ মুখ্‌লাস্বীন। ২৫। ওয়াস্তাবাক্বাল্ বা-বা ওয়া ক্বাদ্দাত্ ক্বামীস্বাহূ মিন্ দুবুরিওঁ
বিরত রাখতে পারি। নিশ্চয় তিনি ছিলেন আমার খাঁটি বান্দাদের অন্তর্ভুক্ত। (২৫) তারা উভয়েই দরজার দিকে দৌড়াল এবং সে (রমণী) পেছন দিক থেকে তার

وَّاَلْفَيَا سَيِّدَهَا لَدَا الْبَابِ ؕ قَالَتْ مَا جَزَآءُ مَنْ اَرَادَ بِاَهْلِكَ سُوْٓءًا

ওয়া আলফায়া- সাইয়্যিদাহা- লাদাল্ বা-ব; ক্বা-লাত মা- জ্বাযা—উ মান্ আরা-দা বিআহ্‌লিকা সূ—আন্
জামা ছিঁড়ে ফেলল এবং উভয়েই রমণীর স্বামীকে দরজার নিকট পেল। রমণী (তার স্বামীকে) বলল, যে লোক তোমার স্ত্রীর সাথে অশ্লীল আচরণের ইচ্ছা করে তার শাস্তি

اِلَّآ اَنْ يُّسْجَنَ اَوْ عَذَابٌ اَلِيْمٌ ﴿٢٥﴾ قَالَ هِيَ رَاوَدَتْنِيْ عَنْ نَّفْسِيْ وَشَهِدَ شَاهِدٌ

ইল্লা~আইঁ ইউস্‌জ্বানা আও 'আযা-বুন আলীম। ২৬। ক্বা-লা হিয়া রা-ওয়াদাত্‌নী 'আন্‌নাফ্‌সী ওয়া শাহিদা শা-হিদুম
এটাই (হতে পারে) যে তাকে বন্দী করে কারাগারে প্রেরণ অথবা কঠিন শাস্তি ছাড়া আর কি হতে পারে। (২৬) তিনি বললেন, এ রমণীই আমাকে (অন্যায় কাজের জন্য)

مِّنْ اَهْلِهَا ۚ اِنْ كَانَ قَمِيْصُهٗ قُدَّ مِنْ قُبُلٍ فَصَدَقَتْ وَهُوَ مِنَ الْكٰذِبِيْنَ ۝

মিন আহ্‌লিহা-, ইন কা-না ক্বামীস্বুহূ ক্বুদ্দা মিন্ ক্বুবুলিন ফাস্বাদাক্বাত্ ওয়া হুওয়া মিনাল্ কা-যিবীন।
প্ররোচিত করছিল। (তখন) সে রমণীর পরিবারের একজন সাক্ষ্য দিল যে, যদি তাঁর জামার অগ্রভাগ ছেঁড়া থাকে, তবে রমণী সত্যবাদিনী এবং সে মিথ্যাবাদী।

﴿٢٦﴾ وَاِنْ كَانَ قَمِيْصُهٗ قُدَّ مِنْ دُبُرٍ فَكَذَبَتْ وَهُوَ مِنَ الصّٰدِقِيْنَ ﴿٢٧﴾ فَلَمَّا

২৭। ওয়া ইন্ কা-না ক্বামীস্বুহূ ক্বুদ্দা মিন্ দুবুরিন ফাকাযাবাত্ ওয়া হুওয়া মিনাস্ব্ স্বা-দিক্বীন। ২৮। ফালাম্মা-
(২৭) আর যদি তাঁর জামা পেছন ভাগ থেকে ছেঁড়া থাকে তবে রমণী মিথ্যাবাদিনী এবং সে সত্যবাদী। (২৮) যখন সে

رَاٰ قَمِيْصَهٗ قُدَّ مِنْ دُبُرٍ قَالَ اِنَّهٗ مِنْ كَيْدِكُنَّ ؕ اِنَّ كَيْدَكُنَّ عَظِيْمٌ ﴿٢٨﴾ يُوْسُفُ

রাআ- ক্বামীস্বাহূ ক্বুদ্দা মিন্ দুবুরিন্ ক্বা-লা ইন্নাহূ মিন্ কাইদিকুন্ন; ইন্না কাইদাকুন্না 'আযীম। ২৯। ইউসুফু
(স্ত্রীর স্বামী) ইউসুফের জামা পেছন থেকে ছেঁড়া দেখল, তখন বলল, এটাতো তোমাদের স্ত্রীদের ছলনা। নিশ্চয় তোমাদের ছলনা খুবই ভয়ানক। (২৯) হে ইউসুফ!

اَعْرِضْ عَنْ هٰذَا ٜ وَاسْتَغْفِرِيْ لِذَنْۢبِكِ ۚ اِنَّكِ كُنْتِ مِنَ الْخٰطِـِٕيْنَ ۝ ع

আ'রিদ্ব 'আন হা-যা- 'ওয়াস্তাগ্‌ফিরী লিযাম্‌বিক, ইন্নাকি কুন্‌তি মিনাল্ খা-ত্বিয়ীন।
তুমি এ থেকে বিরত থাক। (হে রমণী) তুমি তোমার পাপের জন্য ক্ষমা প্রার্থনা কর। নিশ্চয় তুমি পাপীদের অন্তর্ভুক্ত।

৩ ১৩ রুকূ

০ টীকা (আঃ ২৫) ঃ অর্থাৎ, ইউসূফকে আমি যেনা হতে দূরে রাখলাম। বর্ণিত আছে যে, হযরত ইউসূফ (আ)-এর মনে খোদার ভয় আসা মাত্র তিনি তথা হতে দৌড়িয়ে পালালেন। যুলায়খাও পাছে পাছে দৌড়াল। প্রত্যেকটি দরজার নিকট পৌঁছতেই তার তালা খুলে যেত। অবশেষে সর্বশেষ দ্বারের নিকটে পৌঁছতেই যুলায়খা পাছের দিক হতে তাঁর জামার আঁচল ধরে ফেলল এবং হযরত ইউসূফ (আ) সজোরে নিজেকে মুক্ত করতেই তা ছিঁড়ে গেল। তিনি বের হতেই উভয়েই দ্বারের নিকট আযীযকে দেখতে পেল। আযীয উভয়কে সচকিত দেখে সন্দেহ করল। (মুঃ কোঃ) ০ টীকা (আঃ ২৬) ঃ এই সাক্ষীটি ছিল যুলায়খারই বংশের জনৈক শিশু। সে হযরত ইউসূফ (আ)-এর নির্দোষিতার সাক্ষ্য দিল। (বঃ কোঃ)

﴿٢٩﴾ وَقَالَ نِسْوَةٌ فِي الْمَدِيْنَةِ امْرَاَتُ الْعَزِيْزِ تُرَاوِدُ فَتٰىهَا عَنْ نَّفْسِهٖ ۚ

৩০। ওয়া ক্বা-লা নিসওয়াতুন ফিল্ মাদীনাতিম্ রাআতুল্ 'আযীযি তুরা-ওয়িদু ফাতা-হা- 'আন্‌নাফ্‌সিহ,
(৩০) সে শহরের একটি মহিলাদল বলতে লাগল, আযীযের স্ত্রী স্বীয় (যুবক) গোলামকে স্বীয় কামনা হাসিলের জন্য প্ররোচিত করছে। নিশ্চয় তাকে প্রেম

قَدْ شَغَفَهَا حُبًّا ؕ اِنَّا لَنَرٰىهَا فِيْ ضَلٰلٍ مُّبِيْنٍ ﴿٣٠﴾ فَلَمَّا سَمِعَتْ بِمَكْرِهِنَّ اَرْسَلَتْ

ক্বাদ্ শাগাফাহা- হুব্বা-; ইন্না- লানারা-হা- ফী দ্বালা-লিম্ মুবীন। ৩১। ফালাম্মা- সামি'আত্ বিমাক্‌রিহিন্না আর্‌সালাত
আসক্ত করেছে। আমরা তাকে স্পষ্ট ভ্রান্তির মধ্যে দেখছি। (৩১) যখন সে (যোলায়খা) মহিলাদের কুৎসা রটনার কথা শুনল, তখন সে তাদেরকে ডেকে পাঠাল

اِلَيْهِنَّ وَاَعْتَدَتْ لَهُنَّ مُتَّكَاً وَّاٰتَتْ كُلَّ وَاحِدَةٍ مِّنْهُنَّ سِكِّيْنًا وَّقَالَتِ

ইলাইহিন্না ওয়া আ'তাদাত্ লাহুন্না মুত্তাকাআওঁ ওয়া আ-তাত্ কুল্লা ওয়া-হিদাতিম মিন্‌হুন্না সিক্কীনাওঁ ওয়া ক্বা-লাতিখ্
এবং তাদের জন্য (আসন) তৈরী করল। আর তাদের প্রত্যেকের হাতে একখানা ছুড়ি দিল এবং ইউসুফকে বলল, তাদের সামনে বের হও। অনন্তর যখন

اخْرُجْ عَلَيْهِنَّ ۚ فَلَمَّا رَاَيْنَهٗٓ اَكْبَرْنَهٗ وَقَطَّعْنَ اَيْدِيَهُنَّ وَقُلْنَ حَاشَ لِلّٰهِ

রুজ্ 'আলাইহিন্ন, ফালাম্মা- রাআইনাহূ~আক্‌বার্‌নাহূ ওয়া ক্বাত্ত্বা'না আইদিয়াহুন্না ওয়া ক্বুল্‌না হ্বা-শা লিল্লা-হি
তারা তাঁকে দেখল, তখন তাঁকে রূপ ও সৌন্দর্যে মহান (অতুলনীয়) দেখতে পেল এবং তারা নিজেদের হাত কেটে ফেলল এবং বলে উঠল, মহিমা আল্লাহর।

مَا هٰذَا بَشَرًا ؕ اِنْ هٰذَآ اِلَّا مَلَكٌ كَرِيْمٌ ﴿٣١﴾ قَالَتْ فَذٰلِكُنَّ الَّذِيْ لُمْتُنَّنِيْ فِيْهِ ؕ

মা- হা-যা- বাশারা-; ইন্ হা-যা- ইল্লা মালাকুন কারীম। ৩২। ক্বা-লাত্ ফাযা-লিকুন্নাল্লাযী লুম্‌তুন্ননী ফীহ;
এতো মানুষ নয়। এতো সম্মানিত ফিরিশতা। (৩২) সে (যোলায়খা) বলল, এ-ই সে যুবক যার ব্যাপারে তোমরা আমার নিন্দা করেছ। আমি তাঁর

وَلَقَدْ رَاوَدْتُّهٗ عَنْ نَّفْسِهٖ فَاسْتَعْصَمَ ؕ وَلَئِنْ لَّمْ يَفْعَلْ مَآ اٰمُرُهٗ لَيُسْجَنَنَّ

ওয়া লাক্বাদ্ রা-ওয়াদ্‌তুহূ 'আন্‌নাফ্‌সিহী ফাস্তা'স্বাম; ওয়া লাইল্লাম্ ইয়াফ্'আল্ মা- আ-মুরুহূ লাইউস্‌জ্বানান্না
থেকে আমার কামনা পূরণ করতে চেয়েছিলাম। কিন্তু সে নিজেকে বাঁচিয়ে রেখেছে। যদি সে আমার নির্দেশ পালন না করে, অবশ্যই সে কারাগারে প্রেরিত হবে

وَلَيَكُوْنًا مِّنَ الصّٰغِرِيْنَ ﴿٣٢﴾ قَالَ رَبِّ السِّجْنُ اَحَبُّ اِلَيَّ مِمَّا يَدْعُوْنَنِيْٓ

ওয়া লাইয়াকূনাম মিনাস্ব্‌স্বা-গিরীন। ৩৩। ক্বা-লা রাব্বিস সিজ্‌নু আহ্বাব্বু ইলাইয়্যা মিম্মা- ইয়াদ'উনানী~
এবং সে নিকৃষ্ট লোকদের অন্তর্ভুক্ত হবে। (৩৩) ইউসুফ বললেন, হে আমার প্রতিপালক! তারা (মহিলারা) যার প্রতি আমাকে আহ্বান করছে তার চেয়ে

اِلَيْهِ ۚ وَاِلَّا تَصْرِفْ عَنِّيْ كَيْدَهُنَّ اَصْبُ اِلَيْهِنَّ وَاَكُنْ مِّنَ الْجٰهِلِيْنَ ۝

ইলাইহ' ওয়া ইল্লা- তাস্বরিফ 'আন্নী কাইদাহুন্না আস্ববু ইলাইহিন্না ওয়া আকুম মিনাল্ জ্বা-হিলীন।
কারাগার আমার কাছে অধিক প্রিয়। যদি আপনি তাদের ষড়যন্ত্র হতে আমাকে দূরে না রাখেন; তবে আমি তাদের প্রতি ঝুঁকে পড়ব এবং মূর্খদের অন্তর্ভুক্ত হয়ে পড়ব।

০ টীকা (আঃ ৩২) ঃ অর্থাৎ, উপস্থিত মহিলাগণও যুলায়খার পক্ষ হতে ইউসূফ (আ)-কে বুঝাতে লাগল যে, এমন দয়াবতী মনিবের প্রতি এমন অবহেলা করা উচিত নয়। তার কামনা পূরণ করা উচিত। ইউসূফ (আ) তাদের কথা শুনে প্রমাদ গণলেন, অতঃপর খোদার দরবারে এরূপ প্রার্থনা করলেন। (বঃ কোঃ)

পানীয়, যাতে মানুষের জন্য রয়েছে রোগের প্রতিকার। নিশ্চয় এতে জ্ঞানী সম্প্রদায়ের জন্য নিদর্শন রয়েছে। (৭০) আল্লাহ্ই তোমাদেরকে

خَلَقَكُمْ ثُمَّ يَتَوَفَّاكُمْ ۚ وَمِنكُم مَّن يُرَدُّ إِلَىٰ أَرْذَلِ الْعُمُرِ لِكَيْ لَا يَعْلَمَ

খালাক্বাকুম্ ছুম্মা ইয়াতাওয়াফ্ফা-কুম্, ওয়া মিন্কুম্ মাই ইউরাদ্দু ইলা~আর্যালিল্ 'উমুরি লিকাই লা-ইয়া'লামা
সৃষ্টি করেছেন। অতঃপর তিনি তোমাদের মৃত্যু ঘটান এবং তোমাদের মধ্যে অনেককে জরাগ্রস্ত বয়সে পৌঁছে দেয়া হয়। ফলে তার জানা

بَعْدَ عِلْمٍ شَيْئًا ۚ إِنَّ اللَّهَ عَلِيمٌ قَدِيرٌ ۝٧٠ وَاللَّهُ فَضَّلَ بَعْضَكُمْ عَلَىٰ بَعْضٍ

বা'দা 'ইল্মিন্ শাইআন ; ইন্নাল্লা-হা 'আলীমুন্ ক্বাদীর। ৭১। ওয়াল্লা-হু ফাদ্দ্বালা বা'দ্বাকুম্ 'আলা- বা'দ্বিন্
বিষয়ে সে আর সজ্ঞান থাকে না। আল্লাহ্ সর্বজ্ঞ, সর্বশক্তিমান। (৭১) আল্লাহ্ জীবিকা দানে তোমাদের কাউকে কারও উপর শ্রেষ্ঠত্ব

فِي الرِّزْقِ ۚ فَمَا الَّذِينَ فُضِّلُوا بِرَادِّي رِزْقِهِمْ عَلَىٰ مَا مَلَكَتْ أَيْمَانُهُمْ فَهُمْ

ফির্ রিয্ক্বি, ফামাল্ লাযীনা ফুদ্দ্বিলূ বিরা—দ্দী রিয্ক্বিহিম্ 'আলা- মা- মালাকাত্ আইমা-নুহুম ফাহুম
দিয়েছেন। যাদেরকে শ্রেষ্ঠত্ব দেয়া হয়েছে তারা তাদের অধীনস্থ দাস-দাসীদেরকে নিজেদের রিযিক থেকে এমন কিছু দেয় না- যাতে তারা সবাই সমান

فِيهِ سَوَاءٌ ۚ أَفَبِنِعْمَةِ اللَّهِ يَجْحَدُونَ ۝٧١ وَاللَّهُ جَعَلَ لَكُم مِّنْ أَنفُسِكُمْ أَزْوَاجًا

ফীহি সাওয়া—উন্ ; আফাবিনি'মাতিল্লা-হি ইয়াজ্বহাদূন্। ৭২। ওয়াল্লা-হু জ্বা'আলা লাকুম্ মিন্ আন্ফুসিকুম্ আয্ওয়া-জ্বাওঁ
হয়ে যায়। তবে কি তারা আল্লাহ্র নেয়ামতকে অস্বীকার করে? (৭২) আল্লাহ্ তোমাদের নিজেদের থেকে তোমাদের সঙ্গীনী সৃষ্টি করেছেন

وَجَعَلَ لَكُم مِّنْ أَزْوَاجِكُم بَنِينَ وَحَفَدَةً وَرَزَقَكُم مِّنَ الطَّيِّبَاتِ ۚ

ওয়া জ্বা'আলা লাকুম্ মিন্ আয্ওয়া-জ্বিকুম্ বানীনা ওয়া হ্বাফাদাতাওঁ ওয়া রাযাক্বাকুম্ মিনাত্ত্ব ত্বাইয়্যিবা-তি ;
এবং তোমাদের সঙ্গীনী থেকে তোমাদের জন্য পুত্র-পৌত্রাদি সৃষ্টি করেছেন এবং তোমাদেরকে উত্তম রিযিক দান করেছেন।

أَفَبِالْبَاطِلِ يُؤْمِنُوْنَ وَبِنِعْمَتِ اللّٰهِ هُمْ يَكْفُرُوْنَ ﴿٧٣﴾ وَيَعْبُدُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ

আফাবিল্ বা-ত্বিলি ইউ'মিনূনা ওয়া বিনি'মাতিল্লা-হি হুম্ ইয়াক্ফুরূন্ । ৭৩ । ওয়া ইয়া'বুদূনা মিন্ দূনিল্লা-হি
তবুও কি তারা ভিত্তিহীন বিষয়ে বিশ্বাস স্থাপন করবে এবং তারা কি আল্লাহর অনুগ্রহ অস্বীকার করবে ? (৭৩) তারা আল্লাহ্ ব্যতীত এমন জিনিসের

مَا لَا يَمْلِكُ لَهُمْ رِزْقًا مِّنَ السَّمٰوٰتِ وَالْاَرْضِ شَيْـًٔا وَّلَا يَسْتَطِيْعُوْنَ ﴿٧٤﴾ فَلَا

মা- লা- ইয়াম্লিকু লাহুম্ রিয্ক্বাম্ মিনাস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্দ্বি শাইআওঁ ওয়ালা- ইয়াস্তাত্বী'উন্ । ৭৪ । ফালা-
পূজা করে যারা আসমান ও যমীন থেকে সামান্য রিযিক দানেরও অধিকার রাখে না এবং কোন শক্তিও রাখে না । (৭৪) তাই তোমরা

تَضْرِبُوْا لِلّٰهِ الْاَمْثَالَ ۗ اِنَّ اللّٰهَ يَعْلَمُ وَاَنْتُمْ لَا تَعْلَمُوْنَ ﴿٧٥﴾ ضَرَبَ اللّٰهُ مَثَلًا

ত্বাদ্বরিবূ লিল্লা-হিল্ আম্ছা-লা ; ইন্নাল্ লা-হা ইয়া'লামু ওয়া আন্তুম্ লা-তা'লামূন্ । ৭৫ । দ্বারাবাল্লা-হু মাছালান্
আল্লাহ্র কোন সমতুল্য স্থির করো না । নিশ্চয় আল্লাহ্ জানেন, তোমরা জান না । (৭৫) আল্লাহ্ একটি উপমা দিচ্ছেন অপরের

عَبْدًا مَّمْلُوْكًا لَّا يَقْدِرُ عَلٰى شَيْءٍ وَّمَنْ رَّزَقْنٰهُ مِنَّا رِزْقًا حَسَنًا فَهُوَ يُنْفِقُ مِنْهُ

'আবদাম মাম্লূকাল্ লা- ইয়াক্বদিরু 'আলা- শাইয়িওঁ ওয়া মার্ রাযাক্বনা-হু মিন্না- রিয্কান্ হাসানান্ ফাহুওয়া ইউন্ফিক্বু মিন্হু
অধীকারভুক্ত গোলামের ব্যাপারে, যে কোন বিষয়ের শক্তি রাখে না এবং এমন ব্যক্তির উপমা, যাকে তিনি নিজ থেকে উত্তম রিযিক দিয়েছেন । সে তা

سِرًّا وَّجَهْرًا ۗ هَلْ يَسْتَوٗنَ ۗ اَلْحَمْدُ لِلّٰهِ ۗ بَلْ اَكْثَرُهُمْ لَا يَعْلَمُوْنَ ﴿٧٦﴾ وَضَرَبَ اللّٰهُ

সিররাওঁ ওয়া জ্বাহ্রান্ ; হাল্ ইয়াস্তাউনা ; আল্হাম্দু লিল্লা-হি ; বাল্ আক্ছারুহুম্ লা-ইয়া'লামূন্ । ৭৬ । ওয়া দ্বারাবাল্লা-হু
থেকে গোপনে ও প্রকাশ্যে ব্যয় করে । তারা কি সমান ? সকল প্রশংসা আল্লাহ্রই । অথচ তাদের অধিকাংশই জানে না । (৭৬) আল্লাহ্ আরো

مَثَلًا رَّجُلَيْنِ اَحَدُهُمَآ اَبْكَمُ لَا يَقْدِرُ عَلٰى شَيْءٍ وَّهُوَ كَلٌّ عَلٰى مَوْلٰىهُ ۙ

মাছালার রাজুলাইনি আহ্বাদুহুমা~আবকামু লা-ইয়াক্বদিরু 'আলা- শাইয়িওঁ ওয়া হুওয়া কাল্লুন্ 'আলা- মাওলা-হু,
দুই ব্যক্তির উপমা দিচ্ছেন, তাদের একজন বোবা– সে কোন কিছুরই শক্তি রাখে না, সে তার মালিকের জন্য বোঝা স্বরূপ, তাকে

اَيْنَمَا يُوَجِّهْهُّ لَا يَاْتِ بِخَيْرٍ ۗ هَلْ يَسْتَوِيْ هُوَ ۙ وَمَنْ يَّاْمُرُ بِالْعَدْلِ ۙ وَهُوَ عَلٰى

আইনামা- ইউওয়াজ্জিহ্হু লা-ইয়া'তি বিখাইরিন্ ; হাল্ ইয়াস্তাওয়ী হুওয়া, ওয়া মাই ইয়া'মুরু বিল্'আদ্লি, ওয়া হুওয়া 'আলা-
যেখানেই পাঠানো হোক না কেন সে ভাল কিছু করে আসতে পারে না– সে কি সমান হবে ঐ ব্যক্তির, যে ইনসাফের নির্দেশ দেয় এবং

صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ﴿٧٧﴾ وَلِلّٰهِ غَيْبُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۗ وَمَآ اَمْرُ السَّاعَةِ اِلَّا كَلَمْحِ

ছিরা-ত্বিম্ মুস্তাক্বীম্ । ৭৭ । ওয়া লিল্লা-হি গাইবুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্দ্বি ; ওয়ামা~আমরুস্ সা-'আতি ইল্লা-কালাম্হিল
যে আছে সরল পথে ? (৭৭) আকাশ ও পৃথিবীর অদৃশ্য বিষয়ের জ্ঞান একমাত্র আল্লাহ্র জন্যই এবং কিয়ামত তো মুহূর্তের ব্যাপার মাত্র,

১০ ع ১৬ রুকূ

○ টীকা (আঃ ৭৪) ঃ অর্থাৎ আল্লাহ্ তা'আলাকে দুনিয়ার রাজা-মহারাজার বাদশাহের মত মনে করো না । যেমন মোসাহেব এবং দরবারে নৈকট্যপ্রাপ্ত কর্মচারীদের মধ্যস্থতা ছাড়া দুনিয়ার রাজা-বাদশাহর নিকট কেউ নিজের প্রয়োজন ও প্রার্থনার কথা পৌছাতে পারে না । তেমনি আল্লাহ তাআলা সম্পর্কে তোমরা এই ধারণা করছ যে, তিনি নিজের শাহী প্রাসাদে ফেরেশতা, আওলিয়া ও তাঁর অন্যান্য নৈকট্য-প্রাপ্ত অনুগৃহীতজনদের দ্বারা বেষ্টিত হয়ে বসে আছেন এবং তাদের মধ্যস্থতা ছাড়া কারও কোন কাজই আল্লাহর কাছে পৌছে না । (শাঃ হিঃ)

○ টীকা (আঃ ৭৬) ঃ যখন পৃথিবীর প্রভু এবং ভৃত্য পরস্পর সমান হতে পারে না, তখন প্রকৃত প্রভু এবং সত্যিকারের দাস কিরূপে সমান হবে ।

الْبَصَرِ اَوْ هُوَ اَقْرَبُ ۗ اِنَّ اللّٰهَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ﴿٧٨﴾ وَاللّٰهُ اَخْرَجَكُمْ مِّنْ

বাছারি আও হুওয়া আক্বরাবু ; ইন্নাল্ লা-হা 'আলা- কুল্লি শাইয়িন্ ক্বাদীর । ৭৮ । ওয়াল্লা-হু আখরাজাকুম্ মিম্
যেন তা চক্ষুর পলকের ন্যায় কিংবা আরও নিকটবর্তী । আল্লাহ্ অবশ্যই সর্ববিষয়ে সর্বশক্তিমান । (৭৮) আল্লাহ্ তোমাদেরকে মাতৃগর্ভ থেকে

بُطُوْنِ اُمَّهٰتِكُمْ لَا تَعْلَمُوْنَ شَيْـًٔا ۙ وَّجَعَلَ لَكُمُ السَّمْعَ وَالْاَبْصَارَ وَالْاَفْـِٕدَةَ ۙ

বুত্বুনি উম্মাহা-তিকুম্ লা-তা'লামূনা শাইআও ওয়া জ্বা'আলা লাকুমুস্ সাম্'আ ওয়াল্ আব্ছা-রা ওয়াল্ আফ্ইদাতা,
এমনভাবে বের করেছেন যে, তোমরা কিছুই জানতে না । তিনি তোমাদেরকে দিয়েছেন শ্রবণশক্তি,দৃষ্টিশক্তি এবং হৃদয় । যাতে তোমরা কৃতজ্ঞতা

لَعَلَّكُمْ تَشْكُرُوْنَ ﴿٧٩﴾ اَلَمْ يَرَوْا اِلَى الطَّيْرِ مُسَخَّرٰتٍ فِيْ جَوِّ السَّمَآءِ ۗ مَا

লা'আল্লাকুম্ তাশ্কুরূন্ । ৭৯ । আলাম্ ইয়ারাও ইলাত্ব ত্বাইরি মুসাখ্খারা-তিন্ ফী জ্বাওওয়িস্ সামা—ই ; মা-
প্রকাশ করতে পার । (৭৯) তারা কি লক্ষ্য করে না উড়ন্ত পাখির দিকে– যে আকাশের শূণ্যগর্ভে নিয়োজিত রয়েছে ? আল্লাহ্ ছাড়া

يُمْسِكُهُنَّ اِلَّا اللّٰهُ ۗ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّقَوْمٍ يُّؤْمِنُوْنَ ﴿٨٠﴾ وَاللّٰهُ جَعَلَ لَكُمْ

ইউম্সিকুহুন্না ইল্লাল্লা-হু ; ইন্না ফী যা-লিকা লাআ-য়া-তিল্ লিক্বাওমিই ইউ'মিনূন্ । ৮০ । ওয়াল্লা-হু জ্বা'আলা লাকুম্
কেউ তাদেরকে স্থির রাখতে পারে না । নিশ্চয় এতে নিদর্শন রয়েছে মুমিনদের জন্য । (৮০) আল্লাহ্ তোমাদের জন্য তোমাদের গৃহকে তোমাদের

مِّنْۢ بُيُوْتِكُمْ سَكَنًا وَّجَعَلَ لَكُمْ مِّنْ جُلُوْدِ الْاَنْعَامِ بُيُوْتًا تَسْتَخِفُّوْنَهَا يَوْمَ ظَعْنِكُمْ

মিম্ বুইউতিকুম্ সাকানাও ওয়া জ্বা'আলা লাকুম্ মিন্ জুলূদিল্ আন্'আ-মি বুইউতান্ তাস্তাখিফ্ফূনাহা- ইয়াওমা জা'নিকুম্
বাসস্থানের জন্য নির্ধারিত করেছেন এবং তিনি তোমাদের জন্য পশুচর্ম দ্বারা তাঁবুর ব্যবস্থা করেছেন । তোমরা ভ্রমণকালে তা সহজে বহন করতে পার

وَيَوْمَ اِقَامَتِكُمْ ۙ وَمِنْ اَصْوَافِهَا وَاَوْبَارِهَا وَاَشْعَارِهَآ اَثَاثًا وَّمَتَاعًا اِلٰى

ওয়া ইয়াওমা ইক্বা-মাতিকুম্, ওয়া মিন্ আছ্ওয়া-ফিহা- ওয়া আওবা-রিহা- ওয়া আশ্'আ-রিহা~আছা-ছাও ওয়া মাতা'আন ইলা-
এবং অবস্থানকালে সহজে স্থাপন করতে পার এবং তিনি তোমাদের জন্য ব্যবস্থা করেছেন এগুলোর পশম, লোম ও কেশ থেকে নির্দিষ্ট কিছু কালের জন্য

حِيْنٍ ﴿٨١﴾ وَاللّٰهُ جَعَلَ لَكُمْ مِّمَّا خَلَقَ ظِلٰلًا وَّجَعَلَ لَكُمْ مِّنَ الْجِبَالِ اَكْنَانًا

হ্বীন । ৮১ । ওয়াল্লা-হু জ্বা'আলা লাকুম্ মিম্মা- খালাক্বা জিলা-লাও ওয়া জ্বা'আলা লাকুম্ মিনাল্ জ্বিবা-লি আক্না-নাওঁ
ব্যবহার্য সামগ্রী । (৮১) আল্লাহ্ যা কিছু সৃষ্টি করেছেন তা থেকে তোমাদের জন্য ছায়াদার বস্তু এবং আত্মগোপনের জন্য পর্বতমালা তৈরি করেছেন

وَّجَعَلَ لَكُمْ سَرَابِيْلَ تَقِيْكُمُ الْحَرَّ وَسَرَابِيْلَ تَقِيْكُمْ بَاْسَكُمْ ۗ كَذٰلِكَ

ওয়া জ্বা'আলা লাকুম্ সারা-বীলা তাক্বীকুমুল হ্বাররা ওয়া সারা-বীলা তাক্বীকুম্ বা'সাকুম্ ; কাযা-লিকা
এবং ব্যবস্থা করেছেন পরিধেয় বস্ত্র– যা তোমাদেরকে তাপ থেকে বাঁচায় এবং যুদ্ধে আঘাত থেকে রক্ষা করে । এভাবে তিনি তোমাদের প্রতি তাঁর

○ টীকা (আঃ ৮০) ঃ একটি ব্যাপারের মধ্যে কয়েকটি প্রমাণের কথা এজন্য বলা হয়েছে যে, পক্ষীকুলকে এরূপ এক বিশেষ গঠনে সৃষ্টি করা, যার ফলে উড়া সম্ভব হচ্ছে এটা একটি প্রমাণ । (আবার শূন্যমণ্ডলকে এমনভাবে সৃষ্টি করা হয়েছে যাতে উড়া সম্ভব হচ্ছে, এটা একটি প্রমাণ ।) আবার সেই উড়া কার্যটি বাস্তবরূপ গ্রহণ করা আর একটি প্রমাণ । এতদ্ব্যতীত উড়ার ব্যাপারে যত প্রকার উপাদান রয়েছে, আল্লাহ তা'আলার মহিমা এসব উপাদানের উপর উড়া কার্যটি প্রতিষ্ঠিত করেছেন । অতএব, এই একটি ব্যাপারে আল্লাহ তা'আলার অপার ক্ষমতার বহুবিধ প্রমাণ রয়েছে । (বঃ কোঃ)

يُتِمُّ نِعْمَتَهُ عَلَيْكُمْ لَعَلَّكُمْ تُسْلِمُونَ ﴿٨١﴾ فَإِن تَوَلَّوْا فَإِنَّمَا عَلَيْكَ الْبَلَاغُ

ইউতিম্মু নি'মাতাহূ 'আলাইকুম্ লা'আল্লাকুম্ তুস্লিমূন্ । ৮২ । ফাইন্ তাওয়াল্লাও ফাইন্নামা- 'আলাইকাল্ বালা-গুল্
অনুগ্রহ পূর্ণ করেছেন। যাতে তোমরা আত্মসমর্পণ করতে পার। (৮২) অতঃপর তারা যদি মুখ ফিরিয়ে নেয়, তবে আপনার কর্তব্য তো কেবল সুস্পষ্টভাবে

الْمُبِينُ ﴿٨٢﴾ يَعْرِفُونَ نِعْمَتَ اللَّهِ ثُمَّ يُنكِرُونَهَا وَأَكْثَرُهُمُ الْكَافِرُونَ ﴿٨٣﴾ وَيَوْمَ

মুবীন্ । ৮৩ । ইয়া'রিফূনা নি'মাতাল্লা-হি ছুম্মা ইউনকিরূনাহা- ওয়া আক্ছারুহুমুল্ কা-ফিরূন্ । ৮৪ । ওয়া ইয়াওমা
প্রচার করা। (৮৩) তারা আল্লাহ্র নেয়ামত চিনে, অতঃপর তা অস্বীকার করে এবং তাদের অধিকাংশই কাফের। (৮৪) যেদিন আমি প্রত্যেক

نَبْعَثُ مِن كُلِّ أُمَّةٍ شَهِيدًا ثُمَّ لَا يُؤْذَنُ لِلَّذِينَ كَفَرُوا وَلَا هُمْ يُسْتَعْتَبُونَ

নাব্'আছু মিন্ কুল্লি উম্মাতিন্ শাহীদান্ ছুম্মা লা-ইউ'যানু লিল্লাযীনা কাফারূ ওয়ালা- হুম্ ইউস্তা'তাবূন্।
কওম থেকে একজন সাক্ষী উত্থিত করব, সেদিন কাফেরদেরকে কোন কিছুর অনুমতি দেয়া হবে না এবং তাদের কোন অজুহাতও শোনা হবে না।

﴿٨٤﴾ وَإِذَا رَأَى الَّذِينَ ظَلَمُوا الْعَذَابَ فَلَا يُخَفَّفُ عَنْهُمْ وَلَا هُمْ يُنظَرُونَ

৮৫ । ওয়া ইযা-রাআল্লাযীনা জালামুল্ 'আযা-বা ফালা- ইউখাফফাফু 'আনহুম্ ওয়ালা- হুম্ ইউনজারূন্।
(৮৫) যখন জালিমরা আযাব প্রত্যক্ষ করবে, তখন তাদের শাস্তি কমানো হবে না এবং তাদেরকে কোন অবকাশও দেয়া হবে না।

﴿٨٥﴾ وَإِذَا رَأَى الَّذِينَ أَشْرَكُوا شُرَكَاءَهُمْ قَالُوا رَبَّنَا هَٰؤُلَاءِ شُرَكَاؤُنَا الَّذِينَ كُنَّا

৮৬ । ওয়া ইযা- রাআল্লাযীনা আশরাকূ শুরাকা—আহুম্ ক্বা-লূ রাব্বানা- হা~উলা—ই শুরাকা—উনাল্ লাযীনা কুন্না-
(৮৬) মুশরিকরা যখন তাদের উপাস্যদের দেখবে, তখন বলবে 'হে আমাদের প্রতিপালক ! এরাই তো তারা, যাদেরকে আমরা আপনার শরীক সাব্যস্ত

نَدْعُو مِن دُونِكَ ۖ فَأَلْقَوْا إِلَيْهِمُ الْقَوْلَ إِنَّكُمْ لَكَاذِبُونَ ﴿٨٦﴾ وَأَلْقَوْا إِلَى اللَّهِ

নাদ্'উ মিন্ দূনিকা, ফাআলক্বাও ইলাইহিমুল্ ক্বাওলা ইন্নাকুম্ লাকা-যিবূন্ । ৮৭ । ওয়া আলক্বাও ইলাল্লা-হি
করেছিলাম, তাদেরকে আপনার পরিবর্তে ডাকতাম।' তখন তারা তার উত্তরে বলবে, 'তোমরা অবশ্যই মিথ্যাবাদী।' (৮৭) সেদিন তারা আল্লাহ্র নিকট

يَوْمَئِذٍ السَّلَمَ ۖ وَضَلَّ عَنْهُم مَّا كَانُوا يَفْتَرُونَ ﴿٨٧﴾ الَّذِينَ كَفَرُوا وَصَدُّوا عَن

ইয়াওমাইযিন্ নিস্ সালামা ওয়াদ্বাল্লা 'আনহুম মা- কা-নূ ইয়াফতারূন্ । ৮৮ । আল্লাযীনা কাফারূ ওয়াছাদ্দূ 'আন্
আত্মসমর্পণ করবে এবং তারা যে মিথ্যা উদ্ভাবন করত তা তাদের কাছ থেকে উধাও হয়ে যাবে। (৮৮) যারা কুফরী করেছে এবং আল্লাহ্র পথে

سَبِيلِ اللَّهِ زِدْنَاهُمْ عَذَابًا فَوْقَ الْعَذَابِ بِمَا كَانُوا يُفْسِدُونَ ﴿٨٨﴾ وَيَوْمَ نَبْعَثُ

সাবীলিল্লা-হি যিদ্না-হুম্ 'আযা-বান্ ফাওক্বাল্ 'আযা-বি বিমা- কা-নূ ইউফ্সিদূন্ । ৮৯ । ওয়া ইয়াওমা নাব্'আছু
বাধা প্রদান করেছে আমি তাদের আযাবের পর আযাব বৃদ্ধি করব; কারণ, তারা ফাসাদ সৃষ্টি করত। (৮৯) যেদিন আমি প্রত্যেক সম্প্রদায়ের

فِي كُلِّ أُمَّةٍ شَهِيدًا عَلَيْهِم مِّنْ أَنفُسِهِمْ ۖ وَجِئْنَا بِكَ شَهِيدًا عَلَىٰ هَٰؤُلَاءِ ۚ

ফী কুল্লি উম্মাতিন্ শাহীদান্ 'আলাইহিম্ মিন্ আনফুসিহিম্ ওয়া জি'না-বিকা শাহীদান্ 'আলা- হা~উলা—ই ;
মধ্য থেকে তাদেরই একজনকে সাক্ষী হিসেবে উপস্থিত করব এবং তাদের বিষয়ে আপনাকে আমি সাক্ষীস্বরূপ উপস্থিত করব।

وَنَزَّلْنَا عَلَيْكَ الْكِتَابَ تِبْيَانًا لِّكُلِّ شَيْءٍ وَهُدًى وَرَحْمَةً وَبُشْرَىٰ لِلْمُسْلِمِينَ

ওয়া নায্যাল্না 'আলাইকাল্ কিতা-বা তিব্ইয়া-নাল্ লিকুল্লি শাইইওঁ ওয়া হুদাও ওয়া রাহ্মাতাও ওয়া বুশ্রা- লিল্মুস্লিমীন্।
আর আমি মুসলমানদের জন্য প্রত্যেক বস্তুর স্পষ্ট ব্যাখ্যা, পথনির্দেশ, রহমত ও সুসংবাদ স্বরূপ আপনার প্রতি কুরআন নাযিল করেছি।

﴿٨٩﴾ إِنَّ اللَّهَ يَأْمُرُ بِالْعَدْلِ وَالْإِحْسَانِ وَإِيتَاءِ ذِي الْقُرْبَىٰ وَيَنْهَىٰ

৯০। ইন্নাল্লা-হা ইয়া'মুরু বিল্'আদ্লি ওয়াল্ ইহ্সা-নি ওয়া ই-তা—ই- যিল্ কুর্বা- ওয়া ইয়ানহা-
(৯০) নিশ্চয় আল্লাহ্ ন্যায়পরায়ণতা, সদাচারণ ও আত্মীয়-স্বজনকে দানের নির্দেশ দেন এবং অশ্লীলতা,

عَنِ الْفَحْشَاءِ وَالْمُنكَرِ وَالْبَغْيِ ۚ يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُونَ ﴿٩٠﴾ وَأَوْفُوا

'আনিল্ ফাহ্শা—ই ওয়াল্ মুনকারি ওয়াল্ বাগ্ই, ইয়া'ইজুকুম্ লা'আল্লাকুম্ তাযাক্কারূন্ । ৯১ । ওয়া আওফূ
অসৎকর্ম ও সীমালংঘন করতে নিষেধ করেন। তিনি তোমাদেরকে উপদেশ দেন, যাতে তোমরা শিক্ষা গ্রহণ কর। (৯১) তোমরা কখনও

بِعَهْدِ اللَّهِ إِذَا عَاهَدتُّمْ وَلَا تَنقُضُوا الْأَيْمَانَ بَعْدَ تَوْكِيدِهَا وَقَدْ جَعَلْتُمُ اللَّهَ

বি'আহ্দিল্লা-হি ইযা-'আ-হাত্তুম্ ওয়ালা-তানকুদ্বুল্ আইমা-না বা'দা তাওকীদিহা- ওয়া ক্বাদ্ জা'আল্তুমুল্লা-হা
আল্লাহর নামে অঙ্গীকার করলে সে অঙ্গীকার পূর্ণ করবে এবং অঙ্গীকার ভঙ্গ করবে না- শক্তভাবে অঙ্গীকার করে আল্লাহকে

عَلَيْكُمْ كَفِيلًا ۚ إِنَّ اللَّهَ يَعْلَمُ مَا تَفْعَلُونَ ﴿٩١﴾ وَلَا تَكُونُوا كَالَّتِي نَقَضَتْ

'আলাইকুম্ কাফীলান্ ; ইন্নাল্লা-হা ইয়া'লামু মা-তাফ্'আলূন্ । ৯২ । ওয়ালা-তাকূনূ কাল্লাতী নাক্বাদ্বাত্
জামিন করার পর। তোমরা যা কর সে ব্যাপারে আল্লাহ অবশ্যই জানেন। (৯২) তোমরা সেই নারীর মতো হয়ো না- যে সুতা পাকিয়ে মজবুত

غَزْلَهَا مِن بَعْدِ قُوَّةٍ أَنكَاثًا تَتَّخِذُونَ أَيْمَانَكُمْ دَخَلًا بَيْنَكُمْ أَن تَكُونَ

গায্লাহা- মিম্ বা'দি কুওয়্যাতিন্ আন্কা-ছান্ ; তাত্তাখিযূনা আইমা-নাকুম্ দাখালাম্ বাইনাকুম্ আন্ তাকূনা
করার পর তা টুকরো টুকরো করে ছিঁড়ে ফেলে। (তার মতো) তোমরা তো নিজেদের শপথকে বিপর্যয় সৃষ্টির জন্য ব্যবহার কর, যাতে একদল

أُمَّةٌ هِيَ أَرْبَىٰ مِنْ أُمَّةٍ ۚ إِنَّمَا يَبْلُوكُمُ اللَّهُ بِهِ ۚ وَلَيُبَيِّنَنَّ لَكُمْ يَوْمَ الْقِيَامَةِ

উম্মাতুন্ হিয়া আরবা-মিন্ উম্মাতিন্ ; ইন্নামা- ইয়াব্লূ কুমুল্লা-হু বিহী ; ওয়ালা ইউবাইয়্যিনান্না লাকুম্ ইয়াওমাল্ ক্বিয়া-মাতি
অন্যদল থেকে অধিক ক্ষমতাবান হয়ে যায়। আল্লাহ্ তো এর দ্বারা কেবল তোমাদেরকে পরীক্ষাই করেন। তোমরা যে বিষয়ে মতভেদ করছ, আল্লাহ্

مَا كُنتُمْ فِيهِ تَخْتَلِفُونَ ﴿٩٢﴾ وَلَوْ شَاءَ اللَّهُ لَجَعَلَكُمْ أُمَّةً وَاحِدَةً وَلَٰكِن يُضِلُّ

মা- কুন্তুম্ ফীহি তাখ্তালিফূন্ । ৯৩ । ওয়া লাও শা—আল্লা-হু লাজা'আলাকুম্ উম্মাতাওঁ ওয়া-হিদাতাওঁ ওয়ালা-কিঁই ইউদ্বিল্লু
কিয়ামতের দিন তা প্রকাশ করে দেবেন। (৯৩) ইচ্ছা করলে আল্লাহ্ তোমাদের সকলকে এক জাতিতে পরিণত করতে পারতেন ; কিন্তু তিনি যাকে

مَن يَشَاءُ وَيَهْدِي مَن يَشَاءُ ۚ وَلَتُسْأَلُنَّ عَمَّا كُنتُمْ تَعْمَلُونَ ﴿٩٣﴾ وَلَا تَتَّخِذُوا

মাই ইয়াশা—উ ওয়া ইয়াহ্দী মাই ইয়াশা—উ ; ওয়ালা তুস্আলুন্না 'আম্মা- কুন্তুম্ তা'মালূন্ । ৯৪ । ওয়ালা- তাত্তাখিযূ~
ইচ্ছা বিভ্রান্ত করেন এবং যাকে ইচ্ছা সুপথে পরিচালিত করেন। তোমরা যা কর সে বিষয়ে তোমরা অবশ্যই জিজ্ঞাসিত হবে। (৯৪) পরস্পরকে বিপর্যয়

أَيْمَانَكُمْ دَخَلًا بَيْنَكُمْ فَتَزِلَّ قَدَمٌ بَعْدَ ثُبُوتِهَا وَتَذُوقُوا السُّوءَ بِمَا صَدَدْتُمْ

আইমা-নাকুম্ দাখালাম্ বাইনাকুম্ ফাতাযিল্লা ক্বাদামুম্ বা'দা ছুবূতিহা- ওয়া তাযূক্বুস্ সূ—আ বিমা- ছ্বাদাত্তুম্
করার জন্য তোমরা তোমাদের শপথকে ব্যবহার করো না। অন্যথায় তোমরা দৃঢ়পদ হওয়ার পর তোমাদের পা পিছলে যাবে এবং আল্লাহ্র পথে বাধা প্রদানের

عَنْ سَبِيلِ اللَّهِ ۖ وَلَكُمْ عَذَابٌ عَظِيمٌ ۝ وَلَا تَشْتَرُوا بِعَهْدِ اللَّهِ ثَمَنًا قَلِيلًا ۚ

'আন্ সাবীলিল্লা-হি, ওয়ালাকুম্ 'আযা-বুন্ 'আজীম্। ৯৫। ওয়ালা- তাশ্তারূ বি'আহদিল্লা-হি ছামানান্ ক্বালীলান্ ;
কারণে শাস্তি ভোগ করবে। তোমাদের জন্য রয়েছে মহাশাস্তি। (৯৫) তোমরা আল্লাহ্র অঙ্গীকারকে স্বল্পমূল্যে বিক্রয় করো না।

إِنَّمَا عِنْدَ اللَّهِ هُوَ خَيْرٌ لَكُمْ إِنْ كُنْتُمْ تَعْلَمُونَ ۝ مَا عِنْدَكُمْ يَنْفَدُ ۖ وَمَا عِنْدَ

ইন্নামা- 'ইন্দাল্ লা-হি হুওয়া খাইরুল্লাকুম্ ইন্ কুন্তুম্ তা'লামূন্। ৯৬। মা- 'ইন্দাকুম্ ইয়ান্ফাদু ওয়ামা- 'ইন্দাল্
আল্লাহ্র নিকট যা আছে তাই তোমাদের জন্য উত্তম। যদি তোমরা তা জানতে। (৯৬) তোমাদের নিকট যা আছে তা নিঃশেষ হয়ে যাবে এবং

اللَّهِ بَاقٍ ۗ وَلَنَجْزِيَنَّ الَّذِينَ صَبَرُوا أَجْرَهُمْ بِأَحْسَنِ مَا كَانُوا يَعْمَلُونَ ۝

লা-হি বা-ক্বিন্ ; ওয়ালা নাজ্যিয়ান্নাল্ লাযীনা ছ্বাবারূ~আজ্রাহুম্ বিআহ্সানি মা- কা-নূ ইয়া'মালূন্।
আল্লাহর নিকট যা আছে তা সর্বদাই থাকবে। আর যারা ধৈর্যশীল, আল্লাহ্ নিশ্চয় তাদের কর্মের শ্রেষ্ঠ পুরস্কার তাদেরকে প্রদান করবেন।

۝ مَنْ عَمِلَ صَالِحًا مِنْ ذَكَرٍ أَوْ أُنْثَىٰ وَهُوَ مُؤْمِنٌ فَلَنُحْيِيَنَّهُ حَيَاةً طَيِّبَةً ۖ

৯৭। মান্ 'আমিলা ছ্বা-লিহাম্ মিন যাকারিন্ আও উন্ছা- ওয়া হুওয়া মু'মিনুন্ ফালা নুহ্য়িয়ান্নাহূ হ্বায়া-তান্ ত্বাইয়্যিবাতান্,
(৯৭) মুমিন পুরুষ ও নারীর মধ্যে যে কেউ সৎকর্ম করবে তাকে আমি নিশ্চয় উত্তম জীবন দান করব এবং প্রতিদানে

وَلَنَجْزِيَنَّهُمْ أَجْرَهُمْ بِأَحْسَنِ مَا كَانُوا يَعْمَلُونَ ۝ فَإِذَا قَرَأْتَ الْقُرْآنَ فَاسْتَعِذْ

ওয়া লানাজ্যিয়ান্নাহুম আজ্রাহুম্ বিআহ্সানি মা- কা-নূ ইয়া'মালূন্। ৯৮। ফাইযা- ক্বারা'তাল্ কুরআ-না ফাস্তা'ইয্
তাদের কৃতকর্মের কারণে তাদেরকে শ্রেষ্ঠ পুরস্কার প্রদান করব। (৯৮) যখন আপনি কুরআন পাঠ করবেন, তখন আল্লাহ্র

بِاللَّهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ ۝ إِنَّهُ لَيْسَ لَهُ سُلْطَانٌ عَلَى الَّذِينَ آمَنُوا وَعَلَىٰ رَبِّهِمْ

বিল্লা-হি মিনাশ্ শাইত্বা-নির্ রাজীম্। ৯৯। ইন্নাহূ লাইসা লাহূ সুলত্বা-নুন্ 'আলাল্লাযীনা আ-মানূ ওয়া 'আলা রাব্বিহিম্
স্মরণ নেবেন অভিশপ্ত শয়তান থেকে। (৯৯) শয়তানের কোন আধিপত্য চলে না তাদের উপর যারা ঈমান আনে ও তাদের প্রতিপালকের প্রতি

يَتَوَكَّلُونَ ۝ إِنَّمَا سُلْطَانُهُ عَلَى الَّذِينَ يَتَوَلَّوْنَهُ وَالَّذِينَ هُمْ بِهِ مُشْرِكُونَ ۝

ইয়াতাওয়াক্কালূন্ ১০০। ইন্নামা- সুল্ত্বা-নুহূ 'আলাল্লাযীনা ইয়াতাওয়াল্লাওনাহূ ওয়াল্লাযীনা হুম্ বিহী মুশ্রিকূন্।
ভরসা রাখে। (১০০) তার আধিপত্য তো কেবল তাদেরই উপর চলে। যারা তাকে অভিভাবকরূপে গ্রহণ করে এবং যারা আল্লাহ্র সাথে শিরিক করে।

১৩ ع ১৯ রুকূ

۝ وَإِذَا بَدَّلْنَا آيَةً مَكَانَ آيَةٍ ۙ وَاللَّهُ أَعْلَمُ بِمَا يُنَزِّلُ قَالُوا إِنَّمَا أَنْتَ مُفْتَرٍ ۚ

১০১। ওয়া ইযা- বাদ্দাল্না~আ-ইয়াতাম্ মাকা-না আ-ইয়াতিঁও ওয়াল্লা-হু 'আলামু বিমা- ইউনায্যিলু ক্বা-লূ~ইন্নামা~আন্তা মুফ্তারিন্ ;
(১০১) আমি যখন এক আয়াতকে অন্য আয়াত দ্বারা পরিবর্তন করি এবং আল্লাহই অধিক জানেন তিনি যা নাযিল করেছেন; তখন তারা বলে, 'আপনি তো কেবল মিথ্যা

بَلْ أَكْثَرُهُمْ لَا يَعْلَمُونَ ۝ قُلْ نَزَّلَهُ رُوحُ الْقُدُسِ مِنْ رَبِّكَ بِالْحَقِّ

বাল্ আক্ছারুহুম্ লা-ইয়া'লামূন্। ১০২। কুল্ নায্যালাহূ রূহুল্ ক্বুদুসি মির্ রাব্বিকা বিল্হাক্কি
উদ্ভাবনকারী'। কিন্তু তাদের অধিকাংশই তা জানে না। (১০২) বলুন, 'আপনার প্রভুর পক্ষ থেকে একে জিব্রাঈল সত্যসহ নাযিল করেছে-

لِيُثَبِّتَ الَّذِينَ آمَنُوا وَهُدًى وَبُشْرَىٰ لِلْمُسْلِمِينَ ۝ وَلَقَدْ نَعْلَمُ أَنَّهُمْ يَقُولُونَ

লিইউছাব্বিতাল্ লাযীনা আ-মানূ ওয়া হুদাঁও ওয়া বুশ্রা- লিল্মুসলিমীন্। ১০৩। ওয়া লাক্বাদ্ না'লামু আন্নাহুম্ ইয়াক্বূলূনা
ঈমানদারদেরকে দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত করার জন্য, আর মুসলমানদের পথনির্দেশ ও সুসংবাদ স্বরূপ। (১০৩) আমি অবশ্যই জানি যে- তারা বলে,

إِنَّمَا يُعَلِّمُهُ بَشَرٌ ۗ لِسَانُ الَّذِي يُلْحِدُونَ إِلَيْهِ أَعْجَمِيٌّ وَهَٰذَا لِسَانٌ عَرَبِيٌّ

ইন্নামা- ইউ'আল্লিমুহূ বাশারুন্ ; লিসা-নুল্লাযী ইউল্হিদূনা ইলাইহি আ'জামিয়্যুঁও ওয়া হা-যা- লিসা-নুন্ 'আরাবিয়্যুম্
'তাকে [মুহাম্মদ (স)-কে] শিক্ষা দেয় এক জন মানুষ। তারা যার প্রতি ইংগিত করে তার ভাষা তো আরবী নয়; কিন্তু কুরআন তো সুস্পষ্ট আরবী

مُبِينٌ ۝ إِنَّ الَّذِينَ لَا يُؤْمِنُونَ بِآيَاتِ اللَّهِ ۙ لَا يَهْدِيهِمُ اللَّهُ وَلَهُمْ عَذَابٌ أَلِيمٌ ۝

মুবীন্। ১০৪। ইন্নাল্লাযীনা লা-ইউ'মিনূনা বিআ-য়া-তিল্লা-হি, লা-ইয়াহ্দীহিমুল্লা-হু ওয়া লাহুম্ 'আযা-বুন্ আলীম্।
ভাষায় (বর্ণিত)। (১০৪) যারা আল্লাহ্র আয়াতের প্রতি ঈমান আনে না তাদেরকে আল্লাহ্ পথ নির্দেশ করেন না এবং তাদের জন্য রয়েছে যন্ত্রণাদায়ক আযাব।

۝ إِنَّمَا يَفْتَرِي الْكَذِبَ الَّذِينَ لَا يُؤْمِنُونَ بِآيَاتِ اللَّهِ ۖ وَأُولَٰئِكَ هُمُ الْكَاذِبُونَ ۝

১০৫। ইন্নামা- ইয়াফ্তারিল্ কাযিবাল্ লাযীনা লা- ইউ'মিনূনা বিআ-য়া-তিল্লা-হি, ওয়া উলা—ইকা হুমুল্ কা-যিবূন্।
(১০৫) যারা আল্লাহ্র আয়াতের প্রতি ঈমান আনে না তারা তো কেবল মিথ্যা উদ্ভাবন করে এবং তারাই মিথ্যাবাদী।

۝ مَنْ كَفَرَ بِاللَّهِ مِنْ بَعْدِ إِيمَانِهِ إِلَّا مَنْ أُكْرِهَ وَقَلْبُهُ مُطْمَئِنٌّ بِالْإِيمَانِ

১০৬। মান্ কাফারা বিল্লা-হি মিম্ বা'দি ঈমা-নিহী~ইল্লা- মান্ উক্রিহা ওয়া ক্বাল্বুহূ মুত্বমাইন্নুম্ বিল্ঈমা-নি
(১০৬) কেউ আল্লাহ্র প্রতি ঈমান আনার পর তাঁকে অস্বীকার করলে এবং অবিশ্বাসের জন্য হৃদয় উন্মুক্ত করে দিলে তার উপর আল্লাহ্র গজব আপতিত হবে

وَلَٰكِنْ مَنْ شَرَحَ بِالْكُفْرِ صَدْرًا فَعَلَيْهِمْ غَضَبٌ مِنَ اللَّهِ ۖ وَلَهُمْ عَذَابٌ عَظِيمٌ ۝

ওয়ালা-কিম্ মান্ শারাহ্বা বিল্কুফ্রি ছ্বাদ্রান্ ফা'আলাইহিম্ গাদ্বাবুম্ মিনাল্লা-হি ওয়া লাহুম্ 'আযা-বুন্ 'আজীম্।
এবং তার জন্য রয়েছে মহাশাস্তি ; তবে কাউকে কুফরীতে বাধ্য করা হলে এবং তার অন্তর ঈমানের প্রতি অবিচল থাকলে ভিন্ন কথা।

۝ ذَٰلِكَ بِأَنَّهُمُ اسْتَحَبُّوا الْحَيَاةَ الدُّنْيَا عَلَى الْآخِرَةِ ۙ وَأَنَّ اللَّهَ لَا يَهْدِي

১০৭। যা-লিকা বিআন্নাহুমুস্ তাহ্বাব্বুল্ হ্বায়া-তাদ্ দুন্ইয়া- 'আলাল্ আ-খিরাতি ওয়া আন্নাল্লা-হা লা-ইয়াহ্দিল্
(১০৭) এটা এ জন্য যে, তারা পার্থিব জীবনকে পরকালের উপর প্রাধান্য দিয়েছে এবং এজন্য যে, আল্লাহ্ পথনির্দেশ করেন না

○ বিশ্লেষণ (আঃ ১০৩) ঃ انما يعلمه بشر – তাওরাত ও ইঞ্জিল সম্পর্কে অবগত কতিপয় গোলাম (দাস), যারা প্রথমে খৃষ্টান ও ইহুদী ছিল। পরে মুসলমান হয়েছিল, তাদের ভাষাও আরবী ছিল না। মক্কার মুশরিকরা বলত, অমুক গোলাম (দাস) মুহাম্মদ (স)-কে কুরআন শিখায়। আল্লাহ্ তা'আলা বলেন, যাদের ব্যাপারে তারা (কুরাইশরা) একথা বলে, তারা তো আরবী ভাষা সুন্দরভাবে জানে না। অথচ কুরআন তো স্পষ্ট আরবী ভাষা। (কুঃ কারীম) ○ টীকা (আঃ ১০৭) ঃ পূর্ব আয়াতটির সারমর্ম এই, যারা ঈমান আনয়নের পর আবার আল্লাহ্ ও রাসূলের সাথে কুফরী করে, তাদের উপর আল্লাহ্ তা'আলার গযব নাযিল হবে এবং কঠোর শাস্তি হবে। কিন্তু কাফেররা যদি কোন মুমিনের প্রতি বল প্রয়োগ করে অর্থাৎ, হত্যার ভয় দেখায়, তার দ্বারা কুফরী বাক্য উচ্চারণ করায় এবং সে ঈমানের উপর দৃঢ় ও অবিচল থেকে কুফরকে অন্তরের সাথে ঘৃণা করে, তবে এরূপ ব্যক্তি প্রাণের ভয়ে কুফরী বাক্য মুখে উচ্চারণ করলে তার প্রতি আল্লাহ্ তা'আলার গযবও হবে না এবং তার শাস্তিও হবে না। (বঃ কোঃ)

الْقَوْمَ الْكٰفِرِيْنَ ۝١٠٨ اُولٰٓئِكَ الَّذِيْنَ طَبَعَ اللّٰهُ عَلٰى قُلُوْبِهِمْ وَسَمْعِهِمْ وَ

ক্বাওমাল্ কা-ফিরীন্। ১০৮। উলা—ইকাল্লাযীনা ত্বাবা'আল্লা-হু 'আলা- ক্বুলূবিহিম্ ওয়া সাম্'ইহিম্ ওয়া
কাফের সম্প্রদায়কে। (১০৮) এরাই তো তারা, আল্লাহ্ যাদের অন্তর, কর্ণ ও চক্ষুসমূহে মোহর মেরে দিয়েছেন এবং

اَبْصَارِهِمْ ۚ وَاُولٰٓئِكَ هُمُ الْغٰفِلُوْنَ ۝١٠٩ لَا جَرَمَ اَنَّهُمْ فِى الْاٰخِرَةِ هُمُ الْخٰسِرُوْنَ ۝

আব্ছা-রিহিম্, ওয়া উলা—ইকা হুমুল্ গা-ফিলূন্। ১০৯। লা-জ্বারামা আন্নাহুম্ ফিল্ আ-খিরাতি হুমুল্ খা-সিরূন্।
তারাই পরিণাম সম্পর্কে অসচেতন। (১০৯) সন্দেহ নেই, তারা আখেরাতে ক্ষতিগ্রস্ত হবেই।

ثُمَّ اِنَّ رَبَّكَ لِلَّذِيْنَ هَاجَرُوْا مِنْۢ بَعْدِ مَا فُتِنُوْا ثُمَّ جٰهَدُوْا وَصَبَرُوْٓا ۙ اِنَّ

১১০। ছুম্মা ইন্না রাব্বাকা লিল্লাযীনা হা-জ্বারূ মিম্ বা'দি মা- ফুতিনূ ছুম্মা জ্বা-হাদূ ওয়া ছাবারূ~, ইন্না
(১১০) আর যারা নির্যাতিত হওয়ার পর দেশত্যাগ করে, অতঃপর জিহাদ করে এবং ধৈর্যধারণ করে– তবে তাদের প্রতি আপনার

رَبَّكَ مِنْۢ بَعْدِهَا لَغَفُوْرٌ رَّحِيْمٌ ۝١١٠ يَوْمَ تَاْتِيْ كُلُّ نَفْسٍ تُجَادِلُ عَنْ نَّفْسِهَا

রাব্বাকা মিম্ বা'দিহা- লাগাফূরুর্ রাহ্বীম্। ১১১। ইয়াওমা তা'তী কুল্লু নাফ্‌সিন্ তুজ্বা-দিলু 'আন্ নাফ্‌সিহা-
প্রতিপালক অবশ্যই ক্ষমাশীল, পরম দয়ালু। (১১১) যেদিন আত্মপক্ষ সমর্থনে প্রত্যেক ব্যক্তি সওয়াল-জওয়াব করতে করতে

১৪
ع
২০
রুকূ

وَتُوَفّٰى كُلُّ نَفْسٍ مَّا عَمِلَتْ وَهُمْ لَا يُظْلَمُوْنَ ۝١١١ وَضَرَبَ اللّٰهُ مَثَلًا قَرْيَةً

ওয়া তুওয়াফ্‌ফা- কুল্লু নাফ্‌সিম্ মা- 'আমিলাত্ ওয়া হুম্ লা- ইউজ্‌লামূন্। ১১২। ওয়া দ্বারাবাল্লা-হু মাছালান্ ক্বারইয়াতান্
উপস্থিত হবে, সেদিন প্রত্যেককে তার কৃতকর্মের পূর্ণফল দেয়া হবে এবং তাদের প্রতি জুলুম করা হবে না। (১১২) আল্লাহ্ দৃষ্টান্ত দিচ্ছেন এমন এক জনপদের,

كَانَتْ اٰمِنَةً مُّطْمَئِنَّةً يَّاْتِيْهَا رِزْقُهَا رَغَدًا مِّنْ كُلِّ مَكَانٍ فَكَفَرَتْ بِاَنْعُمِ اللّٰهِ

কা-নাত্ আ-মিনাতাম্ মুত্বমাইন্নাতাই ইয়া'তীহা- রিয্‌ক্বুহা- রাগাদাম্ মিন্ কুল্লি মাকা-নিন্ ফাকাফারাত্ বিআন্'উমিল্লা-হি
যা ছিল অত্যন্ত নিরাপদ ও নিশ্চিন্ত অবস্থায়। যেখানে সব দিক থেকে প্রচুর রিযিক আসত। অতঃপর তারা আল্লাহ্‌র প্রদত্ত অনুগ্রহ অস্বীকার করে বসে।

فَاَذَاقَهَا اللّٰهُ لِبَاسَ الْجُوْعِ وَالْخَوْفِ بِمَا كَانُوْا يَصْنَعُوْنَ ۝١١٢ وَلَقَدْ جَآءَهُمْ

ফাআযা-ক্বাহাল লা-হু লিবা-সাল জুই ওয়াল্ খাওফি বিমা- কা-নূ ইয়াছ্‌না'উন। ১১৩। ওয়া লাক্বাদ জ্বা—আহুম্
ফলে তাদের কৃতকর্মের জন্য আল্লাহ্ তাদেরকে ক্ষুধা ও ভীতির স্বাদ আস্বাদ করান। (১১৩) তাদের নিকট অবশ্যই তাদেরই মধ্য থেকে একজন

رَسُوْلٌ مِّنْهُمْ فَكَذَّبُوْهُ فَاَخَذَهُمُ الْعَذَابُ وَهُمْ ظٰلِمُوْنَ ۝١١٣ فَكُلُوْا مِمَّا

রাসূলুম্ মিন্‌হুম্ ফাকায্‌যাবূহু ফাআখাযাহুমুল 'আযা-বু ওয়া হুম্ জা-লিমূন্। ১১৪। ফাকুলূ মিম্মা-
রাসূল এসেছিলেন। তারা তাকে মিথ্যারোপ করেছিল। তাই আযাব তাদেরকে পাকড়াও করল। আর তারা ছিল জালিম। (১১৪) সুতরাং আল্লাহ্ তোমাদেরকে

✪ বিশ্লেষণ (আঃ ১১১) ঃ تجادل عن نفسها - অর্থাৎ, গুনাহগার নিজকে নিজে তিরস্কার করবে। গুনাহগাররা বলবে আমরা কেন গুনাহ করেছিলাম। ইবাদাতকারীগণ বলবে আমরা কেন বেশি পরিমাণ ইবাদাত করিনি, অথবা প্রত্যেকে তার নিজকে বাঁচানোর জন্য বাদানুবাদ (ঝগড়া) করবে এবং নফ্‌সী-নফ্‌সী বলবে। (তাঃ কাদেরী) ✪ টীকা (আঃ ১১২) ঃ পূর্বকালের বহু জনপদেরই এ দশা হয়েছিল যে, বাহ্যিক নেয়ামত, নিরাপত্তা এবং জীবিকার সুব্যবস্থা ছিল এবং অভ্যন্তরীণ নেয়ামত তথা রাসূলগণের আগমনও হয়েছিল। তা সত্ত্বেও তারা বিধর্মাচরণ করেছিল এবং দণ্ডিত হয়েছিল। সুতরাং মক্কাবাসীগণকে সে জনপদগুলোর অবস্থা শুনাচ্ছে যে, তোমরা যদি সেরূপ কর, তবে তোমাদের অবস্থাও তদ্রূপ হবে। (কুঃ কারীম)

رَزَقَكُمُ اللّٰهُ حَلٰلًا طَيِّبًا ۪ وَّاشْكُرُوْا نِعْمَتَ اللّٰهِ اِنْ كُنْتُمْ اِيَّاهُ تَعْبُدُوْنَ ۝

রাযাক্বাকুমুল্লা-হু হ্বালা-লান্ ত্বাইয়্যিবাওঁ, ওয়াশ্‌কুরূ নি'মাতাল্লা-হি ইন্ কুন্‌তুম্ ইয়্যা-হু তা'বুদূন।
যে হালাল রিযিক দান করেছেন তা তোমরা ভক্ষণ কর এবং আল্লাহর নিয়ামতের কৃতজ্ঞতা প্রকাশ কর তোমরা যদি কেবল তাঁরই ইবাদত করতে থাক।

اِنَّمَا حَرَّمَ عَلَيْكُمُ الْمَيْتَةَ وَالدَّمَ وَلَحْمَ الْخِنْزِيْرِ وَمَآ اُهِلَّ لِغَيْرِ اللّٰهِ بِهٖ ۚ فَمَنِ

১১৫। ইন্নামা- হ্বাররামা 'আলাইকুমুল্ মাইতাতা ওয়াদ্দামা ওয়া লাহ্বমাল্ খিন্‌যীরি ওয়ামা~ উহিল্লা লিগাইরিল্লা-হি বিহী, ফামানিদ্
(১১৫) আল্লাহ্ নিশ্চয় মৃত, রক্ত, শূকর-মাংস এবং যে জন্তুকে আল্লাহ্ ব্যতীত অন্যের নামে জবাই করা হয়েছে তা তোমাদের জন্য হারাম করেছেন। তবে

اضْطُرَّ غَيْرَ بَاغٍ وَّلَا عَادٍ فَاِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ۝ وَلَا تَقُوْلُوْا لِمَا تَصِفُ اَلْسِنَتُكُمُ

ত্বুররা গাইরা বা-গিওঁ ওয়ালা- 'আ-দিন্ ফাইন্নাল্লা-হা গাফূরুর্ রাহ্বীম্। ১১৬। ওয়ালা- তাক্বূলূ লিমা- তাছিফু আল্‌সিনাতুকুমুল্
কেউ একান্ত বাধ্য হলে অন্যায় ও সীমালংঘন না করে তা গ্রহণ করলে আল্লাহ্ তো নিশ্চয় ক্ষমাশীল ও পরম দয়ালু। (১১৬) অন্য সব বিষয়ে তোমরা যেভাবে

الْكَذِبَ هٰذَا حَلٰلٌ وَّهٰذَا حَرَامٌ لِّتَفْتَرُوْا عَلَى اللّٰهِ الْكَذِبَ ۗ اِنَّ الَّذِيْنَ

কাযিবা হা-যা- হ্বালা-লুওঁ ওয়া হা-যা- হ্বারামুল্ লিতাফ্‌তারূ 'আলাল্লা-হিল্ কাযিবা ; ইন্নাল্লাযীনা
মিথ্যা বলে থাক– সেভাবে তোমরা বল না যে, এটা হালাল আর এটা হারাম– আল্লাহর প্রতি মিথ্যা অপবাদ আরোপ করার জন্য।' নিশ্চয় যারা আল্লাহর

يَفْتَرُوْنَ عَلَى اللّٰهِ الْكَذِبَ لَا يُفْلِحُوْنَ ۝ مَتَاعٌ قَلِيْلٌ ۪ وَّلَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ۝

ইয়াফ্‌তারূনা 'আলাল্লা-হিল্ কাযিবা লা-ইউফ্‌লিহূন্। ১১৭। মাতা-'উন্ ক্বালীলুওঁ, ওয়া লাহুম্ 'আযা-বুন্ আলীম্।
ব্যাপারে মিথ্যারোপ করে তারা সফলকাম হয় না। (১১৭) তাদের সুখ সম্ভোগ অল্প কয়েকদিনের মাত্র এবং তাদের জন্য বেদনাদায়ক আযাব রয়েছে।

وَعَلَى الَّذِيْنَ هَادُوْا حَرَّمْنَا مَا قَصَصْنَا عَلَيْكَ مِنْ قَبْلُ ۚ وَمَا ظَلَمْنٰهُمْ وَلٰكِنْ كَانُوْٓا

১১৮। ওয়া 'আলাল্লাযীনা হা-দূ হ্বাররাম্‌না- মা-ক্বাছাছ্‌না- 'আলাইকা মিন্ ক্বাব্‌লু, ওয়ামা- জ্বালাম্‌না-হুম্ ওয়ালা-কিন্ কা-নূ~
(১১৮) আপনার নিকট ইতিপূর্বে যা বর্ণনা করেছি, ইহুদীদের জন্য তো কেবল তাই হারাম করেছিলাম এবং আমি তাদের উপর কোন জুলুম করিনি। কিন্তু

اَنْفُسَهُمْ يَظْلِمُوْنَ ۝ ثُمَّ اِنَّ رَبَّكَ لِلَّذِيْنَ عَمِلُوا السُّوْٓءَ بِجَهَالَةٍ ثُمَّ تَابُوْا مِنْۢ

আন্‌ফুসাহুম্ ইয়াজ্‌লিমূন্। ১১৯। ছুম্মা ইন্না রাব্বাকা লিল্লাযীনা 'আমিলুস্ সূ—আ বিজ্বাহা-লাতিন্ ছুম্মা তা-বূ মিম্
তারাই নিজেদের প্রতি জুলুম করে। (১১৯) আর যারা না জেনে মন্দ কাজ করে, অতঃপর তারা তাওবা করলে ও নিজেদের সংশোধন

بَعْدِ ذٰلِكَ وَاَصْلَحُوْٓا ۙ اِنَّ رَبَّكَ مِنْۢ بَعْدِهَا لَغَفُوْرٌ رَّحِيْمٌ ۝ اِنَّ اِبْرٰهِيْمَ كَانَ

বা'দি যা-লিকা ওয়া আছ্‌লাহূ~ইন্না রাব্বাকা মিম্ বা'দিহা- লাগাফূরুর্ রাহ্বীম। ১২০। ইন্না ইব্রা-হীমা কা-না
করলে তাদের জন্য আপনার প্রতিপালক অবশ্যই ক্ষমাশীল ও পরম দয়ালু। (১২০) নিশ্চয় ইব্রাহীম (আ) ছিলেন এক জাতির পথিকৃত।

১৫
ع
২১
রুকূ

اُمَّةً قَانِتًا لِّلّٰهِ حَنِيْفًا ۗ وَلَمْ يَكُ مِنَ الْمُشْرِكِيْنَ ۝ شَاكِرًا لِّاَنْعُمِهٖ ۗ اِجْتَبٰهُ

উম্মাতান্ ক্বা-নিতাল লিল্লা-হি হ্বানীফান্ ; ওয়ালাম্ ইয়াকু মিনাল্ মুশ্‌রিকীন্। ১২১। শা-কিরাল্ লিআন্'উমিহী ; ইজ্‌তাবা-হু
তিনি ছিলেন আল্লাহ্‌র প্রতি একনিষ্ঠ, অনুগত এবং তিনি অংশীবাদীদের অন্তর্ভুক্ত ছিলেন না, (১২১) তিনি আল্লাহ্‌র প্রদত্ত নেয়ামতের শোকর গুজার করেছিলেন।

وَهَدٰىهُ اِلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ﴿١٢٢﴾ وَاٰتَيْنٰهُ فِى الدُّنْيَا حَسَنَةً ۖ وَاِنَّهٗ فِى الْاٰخِرَةِ

ওয়াহাদা-হু ইলা- ছিরা-ত্বিম্ মুস্‌তাক্বীম্। ১২২। ওয়া আ-তাইনা-হু ফিদ্ দুন্‌ইয়া- হ্বাসানাতান্ ; ওয়া ইন্নাহূ ফিল্ আ-খিরাতি

আল্লাহ্ তাকে মনোনীত করেছিলেন এবং সরলপথে চালিত করেছিলেন। (১২২) আমি তাকে পৃথিবীতে মঙ্গল দিয়েছিলাম এবং পরকালেও তিনি

لَمِنَ الصّٰلِحِيْنَ ﴿١٢٣﴾ ثُمَّ اَوْحَيْنَآ اِلَيْكَ اَنِ اتَّبِعْ مِلَّةَ اِبْرٰهِيْمَ حَنِيْفًا ۖ وَمَا

লামিনাছ্ ছা-লিহ্বীন্। ১২৩। ছুম্মা আওহ্বাইনা~ইলাইকা আনিত্তাবি' মিল্লাতা ইব্‌রা-হীমা হ্বানীফান্ ; ওয়ামা-

হবেন সৎলোকদের অন্যতম। (১২৩) অতঃপর আমি আপনার প্রতি ওহী করেছি যে, 'আপনি একনিষ্ঠভাবে ইব্রাহীমের ধর্মাদর্শের অনুসরণ করুন।' তিনি

كَانَ مِنَ الْمُشْرِكِيْنَ ﴿١٢٤﴾ اِنَّمَا جُعِلَ السَّبْتُ عَلَى الَّذِيْنَ اخْتَلَفُوْا فِيْهِ ۖ وَاِنَّ

কা-না মিনাল্ মুশ্‌রিকীন্। ১২৪। ইন্নামা- জু'ইলাস্ সাব্‌তু 'আলাল্লাযীনাখ্ তালাফূ ফীহি ; ওয়া ইন্না

মুশরিকদের অন্তর্ভুক্ত ছিলেন না। (১২৪) শনিবার পালন তো কেবল তাদের জন্যই নির্ধারণ করা হয়েছিল, যারা এতে মতভেদ করত– আপনার

رَبَّكَ لَيَحْكُمُ بَيْنَهُمْ يَوْمَ الْقِيٰمَةِ فِيْمَا كَانُوْا فِيْهِ يَخْتَلِفُوْنَ ﴿١٢٥﴾ اُدْعُ

রাব্বাকা লাইয়াহ্বকুমু বাইনাহুম্ ইয়াওমাল্ ক্বিয়া-মাতি ফীমা- কা-নূ ফীহি ইয়াখ্‌তালিফূন্। ১২৫। উদ্'উ

প্রতিপালক কিয়ামতের দিন সে বিষয়ের ফয়সালা করে দেবেন– যে বিষয়ে তারা মতভেদ করত। (১২৫) আপনি মানুষকে

اِلٰى سَبِيْلِ رَبِّكَ بِالْحِكْمَةِ وَالْمَوْعِظَةِ الْحَسَنَةِ وَجَادِلْهُمْ بِالَّتِيْ هِيَ اَحْسَنُ ۖ

ইলা- সাবীলি রাব্বিকা বিল্‌হ্বিক্‌মাতি ওয়াল মাও'ইজাতিল্ হ্বাসানাতি ওয়া জ্বা-দিল্‌হুম্ বিল্লাতী হিয়া আহ্বসানু ;

প্রজ্ঞা ও সদুপদেশ দ্বারা আপনার রবের পথে আহ্বান করুন এবং তাদের সাথে সদ্ভাবে আলোচনা করুন।

اِنَّ رَبَّكَ هُوَ اَعْلَمُ بِمَنْ ضَلَّ عَنْ سَبِيْلِهٖ وَهُوَ اَعْلَمُ بِالْمُهْتَدِيْنَ ﴿١٢٦﴾ وَاِنْ

ইন্না রাব্বাকা হুওয়া আ'লামু বিমান্ দ্বাল্লা 'আন্ সাবীলিহী ওয়া হুওয়া আ'লামু বিল্‌মুহ্‌তাদীন্। ১২৬। ওয়া ইন্

নিশ্চয় আপনার প্রভু তার ব্যাপারে ভাল করে জানেন– যে তাঁর পথ ছেড়ে বিপথগামী হয়। আর যে সৎপথে আছে তার ব্যাপারে তিনি সবিশেষ জানেন। (১২৬) যদি তোমরা শাস্তির

عَاقَبْتُمْ فَعَاقِبُوْا بِمِثْلِ مَا عُوْقِبْتُمْ بِهٖ ۖ وَلَئِنْ صَبَرْتُمْ لَهُوَ خَيْرٌ لِّلصّٰبِرِيْنَ ○

'আ-ক্বাব্‌তুম্ ফা'আ-ক্বিবূ বিমিছ্‌লি মা-'উক্বিব্‌তুম্ বিহী ; ওয়া লাইন্ ছাবার্‌তুম্ লাহুওয়া খাইরুল্ লিছ্ছা-বিরীন্।

প্রতিশোধ নাও, তবে ততটুকুই প্রতিশোধ নেবে, যতখানি কষ্ট তোমাদেরকে দেয়া হয়েছে। তবে তোমরা যদি ধৈর্যধারণ কর, তবে ধৈর্যশীলদের জন্য তা খুবই উত্তম ব্যাপার।

﴿١٢٧﴾ وَاصْبِرْ وَمَا صَبْرُكَ اِلَّا بِاللّٰهِ وَلَا تَحْزَنْ عَلَيْهِمْ وَلَا تَكُ فِيْ ضَيْقٍ

১২৭। ওয়াছ্‌বির্ ওয়ামা- ছাব্‌রুকা ইল্লা- বিল্লা-হি ওয়ালা- তাহ্বযান্ 'আলাইহিম্ ওয়ালা-তাকু ফী দ্বাইক্বিম্

(১২৭) আপনি ধৈর্যধারণ করুন, আপনার ধৈর্যধারণ কেবল আল্লাহর তৌফীকেই হয়। আর তাদের আচরণে আপনি দুঃখ করবেন না এবং তাদের চক্রান্তের

مِّمَّا يَمْكُرُوْنَ ﴿١٢٨﴾ اِنَّ اللّٰهَ مَعَ الَّذِيْنَ اتَّقَوْا وَّالَّذِيْنَ هُمْ مُّحْسِنُوْنَ ○ ع

মিম্মা- ইয়াম্‌কুরূন্। ১২৮। ইন্নাল্লা-হা মা'আল্লাযী নাত্তাক্বাওঁ ওয়াল্লাযীনা হুম্ মুহ্বসিনূন্।

কারণে আপনি মনক্ষুণ্ণ হবেন না। (১২৮) যারা মুত্তাকী এবং যারা সৎকর্মপরায়ণ, আল্লাহ্ অবশ্যই তাদের সঙ্গে আছেন।

১৬ ع ২২ রুকূ

সূরা বনী-ইসরা-ঈল মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ○

বিসমিল্লা-হির রাহ্বমা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ১১১ রুকূ ঃ ১২

﴿١﴾ سُبْحٰنَ الَّذِيْٓ اَسْرٰى بِعَبْدِهٖ لَيْلًا مِّنَ الْمَسْجِدِ الْحَرَامِ اِلَى الْمَسْجِدِ

১। সুব্হ্বা-নাল্লাযী~আস্‌রা- বি'আব্‌দিহী লাইলাম মিনাল মাসজ্বিদিল হ্বারা-মি ইলাল্ মাস্‌জ্বিদিল

(১) সেই পবিত্র ও সুমহান সত্তা তিনি– যিনি তাঁর বান্দাকে রাত্রিকালে ভ্রমণ করিয়েছিলেন মসজিদুল হারাম থেকে মসজিদুল

الْاَقْصَا الَّذِيْ بٰرَكْنَا حَوْلَهٗ لِنُرِيَهٗ مِنْ اٰيٰتِنَا ۖ اِنَّهٗ هُوَ السَّمِيْعُ الْبَصِيْرُ ﴿٢﴾ وَاٰتَيْنَا

আক্বছাল্লাযী বা-রাক্‌না- হ্বাওলাহূ লিনুরিয়াহূ মিন আ-য়া-তিনা- ; ইন্নাহূ হুওয়াস্ সামী'উল্ বাছীর্। ২। ওয়া আ-তাইনা-

আকসায়, যার পরিবেশ আমি করেছিলাম বরকতময়, আমার নিদর্শন দেখানোর জন্য। নিশ্চয় তিনি সর্বশ্রোতা, সর্বদ্রষ্টা। (২) আমি

مُوْسَى الْكِتٰبَ وَجَعَلْنٰهُ هُدًى لِّبَنِيْٓ اِسْرَآءِيْلَ اَلَّا تَتَّخِذُوْا مِنْ دُوْنِيْ

মূসাল্ কিতা-বা ওয়া জ্বা'আলনা-হু হুদাল্ লিবানী~ইস্‌রা—ঈলা আল্লা- তাত্তাখিযূ মিনদূনী

মূসাকে কিতাব দিয়েছিলাম এবং তা বনী ইস্রাঈলদের জন্য পথনির্দেশক করেছিলাম– যাতে তোমরা আমাকে ছাড়া অন্য কাউকে অভিভাবক

وَكِيْلًا ﴿٣﴾ ذُرِّيَّةَ مَنْ حَمَلْنَا مَعَ نُوْحٍ ۖ اِنَّهٗ كَانَ عَبْدًا شَكُوْرًا ﴿٤﴾ وَقَضَيْنَآ اِلٰى

ওয়াকীলা-। ৩। যুর্‌রিয়্যাতা মান হ্বামাল্‌না- মা'আ নূহ্বিন ; ইন্নাহূ কা-না 'আব্‌দান শাকূরা-। ৪। ওয়া ক্বাদ্বাইনা~ইলা-

সাব্যস্ত না কর। (৩) তোমরা তো তাদেরই সন্তান, যাদেরকে আমি নূহের সাথে সওয়ার করিয়েছিলাম। তিনি ছিলেন এক কৃতজ্ঞ বান্দা।' (৪) আর আমি

بَنِيْٓ اِسْرَآءِيْلَ فِى الْكِتٰبِ لَتُفْسِدُنَّ فِى الْاَرْضِ مَرَّتَيْنِ وَلَتَعْلُنَّ عُلُوًّا كَبِيْرًا

বানী~ইস্‌রা—ঈলা ফিল্ কিতা-বি লাতুফ্‌সিদুন্না ফিল্ আর্‌দ্বি মার্‌রাতাইনি ওয়া লাতা'লুন্না 'উলুওয়্যান্ কাবীরা-।

তাওরাতে ওহী দ্বারা বনী-ইস্রাঈলদেরকে জানিয়ে দিয়েছিলাম, 'নিশ্চয় তোমরা পৃথিবীতে দু'বার ফাসাদ সৃষ্টি করবে এবং তোমরা চরম অবাধ্যতা প্রদর্শন করবে।

﴿٥﴾ فَاِذَا جَآءَ وَعْدُ اُوْلٰىهُمَا بَعَثْنَا عَلَيْكُمْ عِبَادًا لَّنَآ اُولِيْ بَاْسٍ شَدِيْدٍ

৫। ফাইযা- জ্বা—আ ওয়া'দু উলা-হুমা- বা'আছ্‌না- 'আলাইকুম্ 'ইবা-দাল্ লানা~উলী বা'সিন্ শাদীদিন্

(৫) অতঃপর এই দুটি সময়ের প্রথমটির নির্ধারিত সময় যখন আসল, তখন আমি তোমাদের বিরুদ্ধে প্রেরণ করেছিলাম আমার এমন কঠোর যোদ্ধা বান্দাদেরকে, যারা

○ বিশ্লেষণ (আঃ ১) ঃ সূরা বনী ইসরাঈল ঃ এ সূরাকে سورة الاسراء (সূরাতুল ইসরা')ও বলা হয়। কারণ, এ সূরায় রাসলুল্লাহ (স) اسراء (রাত্রিকালীন মসজিদে আকসায় গমন)-এর উল্লেখ রয়েছে। اسراء-এর অর্থ রাতে নিয়ে যাওয়া। ليلا এজন্য বলা হয়েছে, যাতে রাতের কম সময় (এক অংশ) বুঝা যায়। ليلا শব্দটি نكرة ব্যবহার করে বুঝানো হয়েছে– রাতের এক অংশ অথবা কিছু অংশ। অর্থাৎ, চল্লিশ রাতের এ দূরত্বের সফর পূর্ণ এক রাতেও নয় বরং এক রাতের কিছু অংশে সফর করানো হয়েছে। ○ বিশ্লেষণ (আঃ ১) ঃ مسجد الاقصى : اقصى অর্থ দূরবর্তী। বাইতুল মুকাদ্দাস মসজিদটি আলকুদ্‌স শহরের মধ্যে, যা ফিলিস্তিনে অবস্থিত। মক্কা হতে আলকুদস্ পর্যন্ত দূরত্ব ৪০ (চল্লিশ) দিনের। এ কারণে বাইতুল মুকাদ্দাসকে মসজিদে আকসা (দূরের মসজিদ) বলা হয়। (কুঃ কারীম) ○ টীকা (আঃ ১) ঃ বায়তুল মুকাদ্দাস হযরত সুলায়মান (আ) নির্মাণ করেন। বহু নবী এর আশেপাশে সমাহিত থাকাকে ধর্মীয় বরকত এবং তথায় বহু ফলবান বৃক্ষ, নহর এবং শস্য-ক্ষেত্রকে পার্থিব বরকত বলা হয়েছে। আর নিমিষের মধ্যে মক্কা হতে বায়তুল মুকাদ্দাসে চলে যাওয়া, সমস্ত নবী ও ফেরেশতাগণকে নিয়ে নামায পড়া এবং আলোচনা করাকে কুদরতের বিস্ময়কর নিদর্শন বলা হয়েছে। নবুওয়াত প্রাপ্তির দ্বাদশ বর্ষে, রজব মাসের ২৭ তারিখে মে'রাজ অনুষ্ঠিত হয়। উম্মে হানীর ঘর হতে বোরাক যোগে জিবরাঈল (আ) হুযূর (স)-কে বায়তুল মুকাদ্দাস এবং তথা হতে সিদ্‌রাতুল মুন্‌তাহা নিয়ে যান। অতঃপর হুযূর (স) একাকী রফরফ যোগে আল্লাহর দরবারে উপস্থিত হন এবং সেখানেই ৫ ওয়াক্ত নামায এবং রোযা ফরয হয়। ফেরার পথে বেহেশত ও দোযখ ভ্রমণ করেন। (মুঃ কোঃ)

পারা ১৫ মঞ্জিল ৪

وَهَدٰىهُ اِلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ﴿١٢٢﴾ وَاٰتَيْنٰهُ فِى الدُّنْيَا حَسَنَةً ؕ وَاِنَّهٗ فِى الْاٰخِرَةِ

ওয়াহাদা-হু ইলা- ছিরা-ত্বিম্ মুস্তাক্বীম্ । ১২২ । ওয়া আ-তাইনা-হু ফিদ্ দুন্ইয়া- হ্বাসানাতান্ ; ওয়া ইন্নাহূ ফিল্ আ-খিরাতি
আল্লাহ্ তাকে মনোনীত করেছিলেন এবং সরলপথে চালিত করেছিলেন। (১২২) আমি তাকে পৃথিবীতে মঙ্গল দিয়েছিলাম এবং পরকালেও তিনি

لَمِنَ الصّٰلِحِيْنَ ﴿١٢٣﴾ ثُمَّ اَوْحَيْنَاۤ اِلَيْكَ اَنِ اتَّبِعْ مِلَّةَ اِبْرٰهِيْمَ حَنِيْفًا ؕ وَمَا

লামিনাছ্ ছা-লিহ্বীন্ । ১২৩ । ছুম্মা আওহ্বাইনা~ইলাইকা আনিত্তাবি' মিল্লাতা ইব্রা-হীমা হ্বানীফান্ ; ওয়ামা-
হবেন সৎলোকদের অন্যতম। (১২৩) অতঃপর আমি আপনার প্রতি ওহী করেছি যে, 'আপনি একনিষ্ঠভাবে ইব্রাহীমের ধর্মাদর্শের অনুসরণ করুন। তিনি

كَانَ مِنَ الْمُشْرِكِيْنَ ﴿١٢٤﴾ اِنَّمَا جُعِلَ السَّبْتُ عَلَى الَّذِيْنَ اخْتَلَفُوْا فِيْهِ ؕ وَاِنَّ

কা-না মিনাল্ মুশ্রিকীন্। ১২৪ । ইন্নামা- জু'ইলাস্ সাব্তু 'আলাল্লাযীনাখ তালাফূ ফীহি ; ওয়া ইন্না
মুশ্রিকদের অন্তর্ভুক্ত ছিলেন না। (১২৪) শনিবার পালন তো কেবল তাদের জন্যই নির্ধারণ করা হয়েছিল, যারা এতে মতভেদ করত– আপনার

رَبَّكَ لَيَحْكُمُ بَيْنَهُمْ يَوْمَ الْقِيٰمَةِ فِيْمَا كَانُوْا فِيْهِ يَخْتَلِفُوْنَ ﴿١٢٥﴾ اُدْعُ

রাব্বাকা লাইয়াহ্বকুমু বাইনাহুম্ ইয়াওমাল্ ক্বিয়া-মাতি ফীমা- কা-নূ ফীহি ইয়াখ্তালিফূন্ । ১২৫ । উদ্'উ
প্রতিপালক কিয়ামতের দিন সে বিষয়ের ফয়সালা করে দেবেন– যে বিষয়ে তারা মতভেদ করত। (১২৫) আপনি মানুষকে

اِلٰى سَبِيْلِ رَبِّكَ بِالْحِكْمَةِ وَالْمَوْعِظَةِ الْحَسَنَةِ وَجَادِلْهُمْ بِالَّتِىْ هِىَ اَحْسَنُ ؕ

ইলা- সাবীলি রাব্বিকা বিল্হ্বিক্মাতি ওয়াল মাও'ইজাতিল্ হ্বাসানাতি ওয়া জ্বা-দিল্হুম্ বিল্লাতী হিয়া আহ্বসানু ;
প্রজ্ঞা ও সদুপদেশ দ্বারা আপনার রবের পথে আহ্বান করুন এবং তাদের সাথে সদ্ভাবে আলোচনা করুন।

اِنَّ رَبَّكَ هُوَ اَعْلَمُ بِمَنْ ضَلَّ عَنْ سَبِيْلِهٖ وَهُوَ اَعْلَمُ بِالْمُهْتَدِيْنَ ﴿١٢٦﴾ وَاِنْ

ইন্না রাব্বাকা হুওয়া আ'লামু বিমান্ দ্বাল্লা 'আন্ সাবীলিহী ওয়া হুওয়া আ'লামু বিল্মুহ্তাদীন্ । ১২৬ । ওয়া ইন্
নিশ্চয় আপনার প্রভু তার ব্যাপারে ভাল করে জানেন– যে তাঁর পথ ছেড়ে বিপথগামী হয়। আর যে সৎপথে আছে তার ব্যাপারে তিনি সবিশেষ জানেন। (১২৬) যদি তোমরা শাস্তির

عَاقَبْتُمْ فَعَاقِبُوْا بِمِثْلِ مَا عُوْقِبْتُمْ بِهٖ ؕ وَلَئِنْ صَبَرْتُمْ لَهُوَ خَيْرٌ لِّلصّٰبِرِيْنَ ۝

'আ-ক্বাব্তুম্ ফা'আ-ক্বিবূ বিমিছ্লি মা-'উক্বিব্তুম্ বিহী ; ওয়া লাইন্ ছ্বাবার্তুম্ লাহুওয়া খাইরুল্ লিছ্ছ্বা-বিরীন্ ।
প্রতিশোধ নাও, তবে ততটুকুই প্রতিশোধ নেবে, যতখানি কষ্ট তোমাদেরকে দেয়া হয়েছে। তবে তোমরা যদি ধৈর্যধারণ কর, তবে ধৈর্যশীলদের জন্য তা খুবই উত্তম ব্যাপার।

﴿١٢٧﴾ وَاصْبِرْ وَمَا صَبْرُكَ اِلَّا بِاللّٰهِ وَلَا تَحْزَنْ عَلَيْهِمْ وَلَا تَكُ فِىْ ضَيْقٍ

১২৭ । ওয়াছ্বির্ ওয়ামা- ছ্বাব্রুকা ইল্লা- বিল্লা-হি ওয়ালা- তাহ্বযান্ 'আলাইহিম্ ওয়ালা-তাকু ফী দ্বাইক্বিম্
(১২৭) আপনি ধৈর্যধারণ করুন, আপনার ধৈর্যধারণ কেবল আল্লাহর তৌফীকেই হয়। আর তাদের আচরণে আপনি দুঃখ করবেন না এবং তাদের চক্রান্তের

مِّمَّا يَمْكُرُوْنَ ﴿١٢٨﴾ اِنَّ اللّٰهَ مَعَ الَّذِيْنَ اتَّقَوْا وَّالَّذِيْنَ هُمْ مُّحْسِنُوْنَ ۝

মিম্মা- ইয়াম্কুরূন্ । ১২৮ । ইন্নাল্লা-হা মা'আল্লাযী নাত্তাক্বাওঁ ওয়াল্লাযীনা হুম্ মুহ্বসিনূন ।
কারণে আপনি মনক্ষুণ্ণ হবেন না। (১২৮) যারা মুত্তাকী এবং যারা সৎকর্মপরায়ণ, আল্লাহ্ অবশ্যই তাদের সঙ্গে আছেন।

১৬ ع ২২ রুকূ

সূরা বনী-ইসরা-ঈল
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ۝

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি

আয়াত ঃ ১১১
রুকূ ঃ ১২

﴿١﴾ سُبْحٰنَ الَّذِىْٓ اَسْرٰى بِعَبْدِهٖ لَيْلًا مِّنَ الْمَسْجِدِ الْحَرَامِ اِلَى الْمَسْجِدِ

১। সুব্হ্বা-নাল্লাযী~আস্রা- বি'আব্দিহী লাইলাম মিনাল মাসজ্বিদিল হ্বারা-মি ইলাল্ মাস্জ্বিদিল
(১) সেই পবিত্র ও সুমহান সত্ত্বা তিনি– যিনি তাঁর বান্দাকে রাত্রিকালে ভ্রমণ করিয়েছিলেন মসজিদুল হারাম থেকে মসজিদুল

الْاَقْصَا الَّذِىْ بٰرَكْنَا حَوْلَهٗ لِنُرِيَهٗ مِنْ اٰيٰتِنَا ؕ اِنَّهٗ هُوَ السَّمِيْعُ الْبَصِيْرُ ﴿٢﴾ وَاٰتَيْنَا

আক্বছ্বাল্লাযী বা-রাক্না- হ্বাওলাহূ লিনুরিয়াহূ মিন আ-য়া-তিনা- ; ইন্নাহূ হুওয়াস্ সামী'উল্ বাছ্বীর্ । ২ । ওয়া আ-তাইনা-
আকসায়, যার পরিবেশ আমি করেছিলাম বরকতময়, আমার নিদর্শন দেখানোর জন্য। নিশ্চয় তিনি সর্বশ্রোতা, সর্বদ্রষ্টা। (২) আমি

مُوْسَى الْكِتٰبَ وَجَعَلْنٰهُ هُدًى لِّبَنِىْٓ اِسْرَآءِيْلَ اَلَّا تَتَّخِذُوْا مِنْ دُوْنِىْ

মূসাল্ কিতা-বা ওয়া জ্বা'আলনা-হু হুদাল্ লিবানী~ইস্রা—ঈলা আল্লা- তাত্তাখিযূ মিনদূনী
মূসাকে কিতাব দিয়েছিলাম এবং তা বনী ইস্রাঈলদের জন্য পথনির্দেশক করেছিলাম– যাতে তোমরা আমাকে ছাড়া অন্য কাউকে অভিভাবক

وَكِيْلًا ﴿٣﴾ ذُرِّيَّةَ مَنْ حَمَلْنَا مَعَ نُوْحٍ ؕ اِنَّهٗ كَانَ عَبْدًا شَكُوْرًا ﴿٤﴾ وَقَضَيْنَآ اِلٰى

ওয়াকীলা- । ৩ । যুর্রিয়্যাতা মান হ্বামাল্না- মা'আ নূহ্বিন ; ইন্নাহূ কা-না 'আব্দান শাকূরা- । ৪ । ওয়া ক্বাদ্বাইনা~ইলা-
সাব্যস্ত না কর। (৩) তোমরা তো তাদেরই সন্তান, যাদেরকে আমি নূহের সাথে সওয়ার করিয়েছিলাম। তিনি ছিলেন এক কৃতজ্ঞ বান্দা।' (৪) আর আমি

بَنِىْٓ اِسْرَآءِيْلَ فِى الْكِتٰبِ لَتُفْسِدُنَّ فِى الْاَرْضِ مَرَّتَيْنِ وَلَتَعْلُنَّ عُلُوًّا كَبِيْرًا

বানী~ইস্রা—ঈলা ফিল্ কিতা-বি লাতুফ্সিদুন্না ফিল্ আর্দ্বি মার্রাতাইনি ওয়া লাতা'লুন্না 'উলুওয়্যান্ কাবীরা- ।
তাওরাতে ওহী দ্বারা বনী-ইস্রাঈলদেরকে জানিয়ে দিয়েছিলাম, 'নিশ্চয় তোমরা পৃথিবীতে দু'বার ফাসাদ সৃষ্টি করবে এবং তোমরা চরম অবাধ্যতা প্রদর্শন করবে।

﴿٥﴾ فَاِذَا جَآءَ وَعْدُ اُوْلٰىهُمَا بَعَثْنَا عَلَيْكُمْ عِبَادًا لَّنَآ اُولِىْ بَاْسٍ شَدِيْدٍ

৫ । ফাইযা- জ্বা—আ ওয়া'দু উলা-হুমা- বা'আছ্না- 'আলাইকুম্ 'ইবা-দাল্ লানা~উলী বা'সিন্ শাদীদিন্
(৫) অতঃপর এই দুটি সময়ের প্রথমটির নির্ধারিত সময় যখন আসল, তখন আমি তোমাদের বিরুদ্ধে প্রেরণ করেছিলাম আমার এমন কঠোর যোদ্ধা বান্দাদেরকে, যারা

○ বিশ্লেষণ (আঃ ১) ঃ সূরা বনী ইসরাঈল ঃ এ সূরাকে سورة الاسراء (সূরাতুল ইসরা')ও বলা হয়। কারণ, এ সূরায় রাসলুল্লাহ (স) اسراء (রাত্রিকালীন মসজিদে আকসায় গমন)-এর উল্লেখ রয়েছে। اسراء-এর অর্থ রাতে নিয়ে যাওয়া। ليلا এজন্য বলা হয়েছে, যাতে রাতের কম সময় (এক অংশ) বুঝা যায়। ليلا শব্দটি نكرة ব্যবহার করে বুঝানো হয়েছে– রাতের এক অংশ অথবা কিছু অংশ। অর্থাৎ, চল্লিশ রাতের এ দূরত্বের সফর পূর্ণ এক রাতেও নয় বরং এক রাতের কিছু অংশে সফর করানো হয়েছে। ○ বিশ্লেষণ (আঃ ১) ঃ مسجد الاقصى : اقصى অর্থ দূরবর্তী। বাইতুল মুকাদ্দাস মসজিদটি আলকুদ্স শহরের মধ্যে, যা ফিলিস্তিনে অবস্থিত। মক্কা হতে আলকুদস্ পর্যন্ত দূরত্ব ৪০ (চল্লিশ) দিনের। এ কারণে বাইতুল মুকাদ্দাসকে মসজিদে আকসা (দূরের মসজিদ) বলা হয়। (কুঃ কারীম) ○ টীকা (আঃ ১) ঃ বায়তুল মুকাদ্দাস হযরত সুলায়মান (আ) নির্মাণ করেন। বহু নবী এর আশেপাশে সমাহিত থাকাকে ধর্মীয় বরকত এবং তথায় বহু ফলবান বৃক্ষ, নহর এবং শস্য-ক্ষেত্রকে পার্থিব বরকত বলা হয়েছে। আর নিমিষের মধ্যে মক্কা হতে বায়তুল মুকাদ্দাসে চলে যাওয়া, সমস্ত নবী ও ফেরেশতাগণকে নিয়ে নামায পড়া এবং আলোচনা করাকে কুদরতের বিস্ময়কর নিদর্শন বলা হয়েছে। নবুওয়াত প্রাপ্তির দ্বাদশ বর্ষে, রজব মাসের ২৭ তারিখে মে'রাজ অনুষ্ঠিত হয়। উম্মে হানীর ঘর হতে বোরাক যোগে জিবরাঈল (আ) হুযুর (স)-কে বায়তুল মুকাদ্দাস এবং তথা হতে সিদ্রাতুল মুনতাহা নিয়ে যান। অতঃপর হুযুর (স) একাকী রফরফ যোগে আল্লাহর দরবারে উপস্থিত হন এবং সেখানেই ৫ ওয়াক্ত নামায এবং রোযা ফরয হয়। ফেরার পথে বেহেশত ও দোযখ ভ্রমণ করেন। (মুঃ কোঃ)

পারা ১৫
মঞ্জিল ৪

فَجَاسُوا خِلٰلَ الدِّيَارِ ۭ وَكَانَ وَعْدًا مَّفْعُوْلًا ﴿٥﴾ ثُمَّ رَدَدْنَا لَكُمُ الْكَرَّةَ عَلَيْهِمْ

ফাজ্বা-সূ খিলা-লাদ্ দিয়া-রি ; ওয়া কা-না ওয়া'দাম্ মাফ্'উলা- । ৬ । ছুম্মা রাদাদ্না- লাকুমুল্ কার্রাতা 'আলাইহিম
ঘরে ঘরে ঢুকে সবকিছু বিধ্বস্ত করে দিয়েছিল। আর এ ছিল এক প্রতিশ্রুতি, যা কার্যকর হওয়ারই ছিল। (৬) অতঃপর আমি তোমাদেরকে পুনরায় তাদের উপর প্রতিষ্ঠিত

وَاَمْدَدْنٰكُمْ بِاَمْوَالٍ وَّبَنِيْنَ وَجَعَلْنٰكُمْ اَكْثَرَ نَفِيْرًا ﴿٦﴾ اِنْ اَحْسَنْتُمْ اَحْسَنْتُمْ

ওয়া আম্দাদ্না-কুম্ বিআম্ওয়া-লিওঁ ওয়া বানীনা ওয়া জ্বা'আলনা-কুম্ আক্ছারা নাফীরা- । ৭ । ইন্ আহ্সান্তুম আহ্সান্তুম্
করলাম, তোমাদেরকে ধন-সম্পদ ও সন্তান-সন্ততি দ্বারা শক্তিশালী করলাম এবং তোমাদেরকে সংখ্যাগরিষ্ঠ করলাম। (৭) তোমরা সৎকাজ করলে নিজেদেরই জন্যই

لِاَنْفُسِكُمْ ۣ وَاِنْ اَسَاْتُمْ فَلَهَا ۭ فَاِذَا جَاۗءَ وَعْدُ الْاٰخِرَةِ لِيَسُوْۗءٗا وُجُوْهَكُمْ

লিআন্ফুসিকুম্, ওয়া ইন্ আসা'তুম্ ফালাহা-; ফাইযা- জ্বা—আ ওয়া'দুল আ-খিরাতি লিইয়াসূ—উ উজূহাকুম্
তা করবে এবং মন্দ কাজ করলে তাও করবে নিজেদের জন্য। অতঃপর যখন দ্বিতীয় সময়টি আসল, আমি তখন আমার অন্য বান্দাদের পাঠাই, যাতে তারা তোমাদের

وَلِيَدْخُلُوا الْمَسْجِدَ كَمَا دَخَلُوْهُ اَوَّلَ مَرَّةٍ وَّلِيُتَبِّرُوْا مَا عَلَوْا تَتْبِيْرًا ﴿٧﴾ عَسٰى

ওয়ালিইয়াদ্খুলুন্ মাস্জ্বিদা কামা- দাখালূহ্ আওয়্যালা মার্রাতিওঁ ওয়া লিইউতাব্বিরূ মা- 'আলাও তাত্বীরা- । ৮ । 'আসা-
চেহারা বিকৃত করে দেয়, এবং তাদের মত মসজিদে ঢুকে পড়ে যারা প্রথমবার ঢুকেছিল। আর তারা যা দখল করে নিয়েছিল তা যাতে ধ্বংস করে দেয়। (৮) হয়ত তোমাদের

رَبُّكُمْ اَنْ يَّرْحَمَكُمْ ۚ وَاِنْ عُدْتُّمْ عُدْنَا ۘ وَجَعَلْنَا جَهَنَّمَ لِلْكٰفِرِيْنَ حَصِيْرًا ﴿٨﴾

রাব্বুকুম্ আইঁ ইয়ারহ্বামাকুম, ওয়া ইন্ 'উত্তুম্ 'উদ্না- । ওয়া জা'আলনা- জ্বাহান্নামা লিল্কা-ফিরীনা হ্বাছীরা- ।
প্রতিপালক তোমাদের প্রতি দয়া করবেন; কিন্তু তোমরা যদি পুনরায় তাই কর তবে আমিও পুনরায় তাই করব। আর জাহান্নামকে আমি কাফেরদের জন্য কারাগার করেছি।

اِنَّ هٰذَا الْقُرْاٰنَ يَهْدِيْ لِلَّتِيْ هِيَ اَقْوَمُ وَيُبَشِّرُ الْمُؤْمِنِيْنَ الَّذِيْنَ يَعْمَلُوْنَ

৯ । ইন্না হা-যাল্ ক্বুরআ-না ইয়াহ্দী লিল্লাতী হিয়া আক্বওয়ামু ওয়াইউবাশ্শিরুল্ মু'মিনীনাল্লাযীনা ইয়া'মালূনাছ্
(৯) এই কুরআন নিশ্চয় সুদৃঢ় পথের দিকে হেদায়েত করে এবং সৎকর্মপরায়ণ মুমিনদেরকে সুসংবাদ দেয় যে,

الصّٰلِحٰتِ اَنَّ لَهُمْ اَجْرًا كَبِيْرًا ﴿٩﴾ وَّاَنَّ الَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ بِالْاٰخِرَةِ اَعْتَدْنَا

ছ্বা-লিহ্বা-তি আন্না লাহুম্ আজ্বরান্ কাবীরা- । ১০ । ওয়া আন্নাল্লাযীনা লা-ইউ'মিনূনা বিল্আ-খিরাতি আ'তাদ্না-
তাদের জন্য মহাপুরস্কার রয়েছে। (১০) আর যারা আখেরাতকে বিশ্বাস করে না তাদের জন্য আমি কঠিন আযাব

لَهُمْ عَذَابًا اَلِيْمًا ﴿١٠﴾ وَيَدْعُ الْاِنْسَانُ بِالشَّرِّ دُعَاۗءَهٗ بِالْخَيْرِ ۭ وَكَانَ الْاِنْسَانُ

লাহুম 'আযা-বান্ আলীমা- । ১১ । ওয়া ইয়াদ্'উল্ ইন্সা-নু বিশ্শাররি দু'আ—আহূ বিলখাইরি ; ওয়া কানা—ল ইন্সা-নু
প্রস্তুত করে রেখেছি। (১১) মানুষ যেমন কল্যাণ কামনা করে তেমনি অকল্যাণ কামনা করে। আর মানুষ তো অতি

১ রুকূ

০ বিশ্লেষণ (আঃ ৭) ঃ جاء وعد الاخرة - বনী ইসরাঈল সম্পর্কে তাওরাতে বর্ণিত ছিল– তারা দু'বার পৃথিবীতে বিশৃংখলা সৃষ্টি করবে এবং সেজন্য শাস্তি ভোগ করবে। প্রথমবার অন্যায়ের জন্য ব্যবিলনের অধিপতি 'বুখ্ত নাস্র'-এর হাতে ধ্বংস ও লাঞ্ছিত হয়েছিল। দ্বিতীয়বার পুনরায় যখন তারা বিশৃংখলা সৃষ্টি করা শুরু করল, হযরত যাকারিয়া (আ)-কে হত্যা করল, হযরত ঈসা (আ)-কেও হত্যা করার ষড়যন্ত্র করছিল, তার পরিণামে আল্লাহ তা'আলা রোমক সম্রাট তাস্তসকে তাদের উপর নিযুক্ত করলেন। সে তাদেরকে হত্যা করল। তাদের ধন-সম্পদ লুট করে নিল। (কুঃ কারীম)

عَجُوْلًا ﴿١١﴾ وَجَعَلْنَا الَّيْلَ وَالنَّهَارَ اٰيَتَيْنِ فَمَحَوْنَآ اٰيَةَ الَّيْلِ وَجَعَلْنَآ اٰيَةَ النَّهَارِ

'আজ্বূলা- । ১২ । ওয়া জ্বা'আল্নাল্ লাইনা ওয়ান্নাহা-রা আ-য়াতাইনি ফামাহ্বাওনা~আ-য়াতাল্ লাইলি ওয়া জ্বা'আলনা~আ-য়াতান্ না-হারি
তড়িৎ প্রিয়। (১২) আমি রাত ও দিনকে দুটি নিদর্শন করেছি। অতঃপর রাতের নিদর্শনকে আমি করেছি আলোকহীন এবং দিনের নিদর্শনকে করেছি আলোকময়,

مُبْصِرَةً لِّتَبْتَغُوْا فَضْلًا مِّنْ رَّبِّكُمْ وَلِتَعْلَمُوْا عَدَدَ السِّنِيْنَ وَالْحِسَابَ ۭ وَكُلَّ

মুবছ্বিরাতাল্ লিতাব্তাগূ ফাদ্বলাম্ মির্ রাব্বিকুম ওয়ালিতা'লামূ 'আদাদাস্ সিনীনা ওয়াল্ হ্বিসা-বা ; ওয়া কুল্লা
যাতে তোমরা তোমাদের প্রতিপালকের অনুগ্রহ তালাশ করতে পার এবং যাতে তোমরা বর্ষ গণনা ও হিসাব সম্পর্কে জানতে পার। আর আমি

شَيْءٍ فَصَّلْنٰهُ تَفْصِيْلًا ﴿١٢﴾ وَكُلَّ اِنْسَانٍ اَلْزَمْنٰهُ طٰۗىِٕرَهٗ فِيْ عُنُقِهٖ ۭ وَنُخْرِجُ لَهٗ يَوْمَ

শাইয়িন্ ফাছ্ছ্বাল্না-হু তাফ্ছ্বীলা- । ১৩ । ওয়া কুল্লা ইন্সা-নিন্ আল্যাম্না-হু ত্বা—ইরাহূ ফী 'উনুক্বিহী ; অনুখরিজু লাহূ ইয়াওমাল্
সকল বিষয়ই বিশদভাবে বর্ণনা করেছি। (১৩) প্রত্যেক মানুষের কৃতকর্মকে আমি তার কণ্ঠলগ্ন করে দিয়েছি এবং কিয়ামতের দিন প্রত্যেকের সম্মুখে বের

الْقِيٰمَةِ كِتٰبًا يَّلْقٰىهُ مَنْشُوْرًا ﴿١٣﴾ اِقْرَاْ كِتٰبَكَ ۭ كَفٰى بِنَفْسِكَ الْيَوْمَ عَلَيْكَ

ক্বিয়া-মাতি কিতা-বাইঁ ইয়াল্ক্বা-হু মান্শূরা- । ১৪ । ইক্বরা' কিতা-বাকা ; কাফা- বিনাফ্সিকাল ইয়াওমা 'আলাইকা
করে আনব তার আমলনামা, যা সে পাবে উন্মুক্ত। (১৪) (বলব) পাঠ কর 'তুমি তোমার আমলনামা। আজ তোমার হিসাব-নিকাশের জন্য

حَسِيْبًا ﴿١٤﴾ مَنِ اهْتَدٰى فَاِنَّمَا يَهْتَدِيْ لِنَفْسِهٖ ۚ وَمَنْ ضَلَّ فَاِنَّمَا يَضِلُّ عَلَيْهَا ۭ

হ্বাসীবা- । ১৫ । মানিহ্তাদা- ফাইন্নামা- ইয়াহ্তাদী লিনাফসিহী, ওয়ামান্ দ্বাল্লা ফাইন্নামা- ইয়াদ্বিল্লু 'আলাইহা- ;
তুমিই যথেষ্ট।' (১৫) যারা সৎপথে চলে তারা তো নিজেদের মঙ্গলের জন্যই সৎপথে চলে এবং যারা পথভ্রষ্ট হয় তারা তো পথভ্রষ্ট হয় নিজেদেরই ধ্বংসের জন্য।

وَلَا تَزِرُ وَازِرَةٌ وِّزْرَ اُخْرٰى ۭ وَمَا كُنَّا مُعَذِّبِيْنَ حَتّٰى نَبْعَثَ رَسُوْلًا ﴿١٥﴾ وَاِذَآ

ওয়ালা-তাযিরু ওয়া-যিরাতুওঁ ওয়িয্রা উখ্রা-; ওয়ামা- কুন্না- মু'আয্যিবীনা হ্বাত্তা-নাব্'আছা রাসূলা- । ১৬ । ওয়া ইযা~
আর কেউ অন্য কারও ভার বহন করবে না। আর আমি কোন রাসূল না পাঠান পর্যন্ত কাউকে আযাব দেই না। (১৬) আমি যখন কোন জনপদ ধ্বংস করতে চাই, তখন সেখানকার

اَرَدْنَآ اَنْ نُّهْلِكَ قَرْيَةً اَمَرْنَا مُتْرَفِيْهَا فَفَسَقُوْا فِيْهَا فَحَقَّ عَلَيْهَا الْقَوْلُ فَدَمَّرْنٰهَا

আরাদ্না~আন্ নুহ্লিকা ক্বারইয়াতান্ আমার্না- মুত্রাফীহা- ফাফাসাক্ব ফীহা- ফাহ্বাক্ক্বা 'আলাইহাল্ ক্বাওলু ফাদাম্মার্না-হা-
সম্পদে সমৃদ্ধশালীদেরকে আদেশ করি সৎকর্মের; কিন্তু তারা অসৎকর্ম করে। ফলে তার উপর শাস্তির দণ্ডাদেশ অবধারিত হয়ে যায় এবং আমি তা সমূলে বিধ্বস্ত

تَدْمِيْرًا ﴿١٦﴾ وَكَمْ اَهْلَكْنَا مِنَ الْقُرُوْنِ مِنْۢ بَعْدِ نُوْحٍ ۭ وَكَفٰى بِرَبِّكَ بِذُنُوْبِ

তাদ্মীরা- । ১৭ । ওয়া কাম্ আহ্লাক্না- মিনাল ক্বুরূনি মিম্ বা'দি নূহ্বিন ; ওয়া কাফা- বিরাব্বিকা বিযুনূবি
করে দেই। (১৭) আমি নূহের পর কত মানবগোষ্ঠীকে ধ্বংস করেছি। আর আপনার প্রতিপালকই তাঁর বান্দাদের পাপসমূহের সংবাদ রাখার

০ বিশ্লেষণ (আঃ ১৩) ঃ طائر - طير অর্থ পাখী, عنق অর্থ গর্দান। ইমাম ইবনে কাসীর বলেন, طائر দ্বারা মানুষের আমল বুঝানো হয়েছে। عنقه-এর অর্থ মানুষের ভাল ও মন্দ আমলগুলো গলার হারের ন্যায় তাদের সাথে থাকবে। অর্থাৎ, তাদের প্রতিটি আমল লেখা হবে এবং আল্লাহ তা'আলার কাছে তা যথাযথভাবে সংরক্ষিত থাকবে। কিয়ামতের দিন সে অনুযায়ী ফয়সালা হবে। (কুঃ কারীম) ০ টীকা (আঃ ১৬) ঃ বিশেষ করে বিলাস জীবন-যাপনকারীদের কথা উল্লেখের তাৎপর্য এই যে, তারা সমাজে প্রতিপত্তিশালী হওয়ার দরুন সমাজের সাধারণ লোকেরা তাদের অনুগত হয়ে পড়ে। এতদ্ব্যতীত এরা সাধারণত অধিকতর অসাবধান, অবাধ্য এবং সাধারণ জ্ঞান বিবর্জিত হয়। (বঃ কোঃ)

عِبَادِهٖ خَبِيْرًا بَصِيْرًا ۞ مَنْ كَانَ يُرِيْدُ الْعَاجِلَةَ عَجَّلْنَا لَهٗ فِيْهَا مَا نَشَآءُ لِمَنْ

'ইবা-দিহী খাবীরাম্ বাছীরা-। ১৮। মান্ কা-না ইউরীদুল্ 'আ-জ্বিলাতা 'আজ্জ্বাল্না- লাহূ ফীহা- মা- নাশা—উ লিমান্

ব্যাপারে ও পর্যবেক্ষণের জন্য যথেষ্ট। (১৮) কেউ পার্থিব সুখ কামনা করলে সে যতই কামনা করবে আমি তাকে দুনিয়াতেই তা দিয়ে দেব।

نُّرِيْدُ ثُمَّ جَعَلْنَا لَهٗ جَهَنَّمَ ۚ يَصْلٰىهَا مَذْمُوْمًا مَّدْحُوْرًا ۞ وَمَنْ اَرَادَ الْاٰخِرَةَ

নুরীদু ছুম্মা জ্বা'আল্না- লাহূ জ্বাহান্নামা, ইয়াছ্লা-হা-মায্মূমাম মাদ্হূরা-। ১৯। ওয়া মান্ আরা-দাল্ আ-খিরাতা

অতঃপর তার জন্য আমি জাহান্নাম নির্ধারণ করি। তারা সেখানে নিন্দিত ও বিতাড়িত অবস্থায় প্রবেশ করবে। (১৯) যারা ঈমানদার হয়ে আখেরাত

وَسَعٰى لَهَا سَعْيَهَا وَهُوَ مُؤْمِنٌ فَاُولٰٓئِكَ كَانَ سَعْيُهُمْ مَّشْكُوْرًا ۞ كُلًّا

ওয়া সা'আ- লাহা-সা'ইয়াহা- ওয়া হুওয়া মু'মিনুন্ ফাউলা—ইকা কা-না সা'ইউহুম্ মাশ্কূরা-। ২০। কুল্লান

কামনা করে এবং তার জন্য যথাযথ চেষ্টা করে, তাদের চেষ্টাই গ্রহণযোগ্য হয়ে থাকে। (২০) এদের এবং

نُّمِدُّ هٰٓؤُلَآءِ وَهٰٓؤُلَآءِ مِنْ عَطَآءِ رَبِّكَ ؕ وَمَا كَانَ عَطَآءُ رَبِّكَ مَحْظُوْرًا ۞ اُنْظُرْ

নুমিদ্দু হা~উলা—ই ওয়া হা~উলা—ই মিন্ 'আত্বা—ই রাব্বিকা ; ওয়ামা-কা-না 'আত্বা—উ রাব্বিকা মাহ্জূরা-। ২১। উন্জুর

তাদের প্রত্যেককে আমি আপনার প্রতিপালকের দান থেকে সাহায্য করি এবং আপনার পালনকর্তার দান উন্মুক্ত। (২১) লক্ষ্য করুন,

كَيْفَ فَضَّلْنَا بَعْضَهُمْ عَلٰى بَعْضٍ ؕ وَلَلْاٰخِرَةُ اَكْبَرُ دَرَجٰتٍ وَّاَكْبَرُ تَفْضِيْلًا ○

কাইফা ফাদ্দ্বালনা-বা'দ্বাহুম 'আলা বা'দ্বিন ; ওয়ালাল আ-খিরাতু আক্বারু দারাজ্বা-তিওঁ ওয়া আকবারু তাফ্দ্বীলা-।

আমি কিভাবে তাদের একদলকে অন্য দলের উপর শ্রেষ্ঠত্ব দিয়েছিলাম। আর পরকালতো নিশ্চয় মর্যাদায় শ্রেষ্ঠ এবং ফযীলতে শ্রেষ্ঠতর।

۞ لَا تَجْعَلْ مَعَ اللّٰهِ اِلٰهًا اٰخَرَ فَتَقْعُدَ مَذْمُوْمًا مَّخْذُوْلًا ۞ وَقَضٰى رَبُّكَ اَلَّا

২২। লা-তাজ্ব'আল্ মা'আল্লা-হি ইলা-হান্ আ-খারা ফাতাক্ব'উদা মায্মূমাম মাখ্জূলা। ২৩। ওয়া ক্বাদ্বা- রাব্বুকা আল্লা-

(২২) আল্লাহর সাথে অন্য কোন ইলাহ স্থির করো না। করলে নিন্দিত ও সহায়হীন হয়ে পড়বে। (২৩) আপনার প্রভু তাঁকে ছাড়া অন্য কারও

২ ৪২ ২ রুকূ

تَعْبُدُوْٓا اِلَّآ اِيَّاهُ وَبِالْوَالِدَيْنِ اِحْسَانًا ؕ اِمَّا يَبْلُغَنَّ عِنْدَكَ الْكِبَرَ اَحَدُهُمَآ

তা'বুদূ~ইল্লা~ইয়্যা-হু ওয়াবিল্ওয়া-লিদাইনি ইহ্সা-নান্ ; ইম্মা- ইয়াব্লুগান্না 'ইন্দাকাল কিবারা আহ্বাদুহুমা~

উপাসনা না করতে এবং পিতা-মাতার প্রতি সদ্ব্যবহার করতে আদেশ দিয়েছেন। তাদের একজন বা উভয়ই তোমার জীবদ্দশায় বার্ধক্যে উপনীত হলে

اَوْ كِلٰهُمَا فَلَا تَقُلْ لَّهُمَآ اُفٍّ وَّلَا تَنْهَرْهُمَا وَقُلْ لَّهُمَا قَوْلًا كَرِيْمًا ۞ وَاخْفِضْ

আওকিলা-হুমা-ফালা-তাক্বুল্লাহুমা~উফফিওঁ ওয়ালা- তান্হারহুমা- ওয়া কুল্লাহুমা- ক্বাওলান্ কারীমা-। ২৪। ওয়াখ্ফিদ্ব

তাদেরকে কখনও 'উফ' বলো না এবং তাদেরকে ধমক দিয়োনা। আর তাদের সাথে সম্মানসূচক কথা বলিও। (২৪) মমতাভরে তাদের প্রতি বিনয়ের

فَقُلِ اللَّهُ أَعْلَمُ بِمَا تَعْمَلُونَ ﴿٦٩﴾ اللَّهُ يَحْكُمُ بَيْنَكُمْ يَوْمَ الْقِيَامَةِ فِيمَا كُنْتُمْ

ফাকুলিল্লা-হু আ'লামু বিমা- তা'মালূন। ৬৯। আল্লা-হু ইয়াহ্বকুমু বাইনাকুম্ ইয়াওমাল্ ক্বিয়া-মাতি ফীমা- কুন্‌তুম্
আপনার সাথে তর্ক করে তবে আপনি বলে দিন যে, তোমাদের কর্মসমূহ আল্লাহ ভালভাবেই জানেন। (৬৯) আল্লাহ কিয়ামতের দিন তোমাদের মাঝে ফয়সালা করবেন,

فِيهِ تَخْتَلِفُونَ ﴿٧٠﴾ أَلَمْ تَعْلَمْ أَنَّ اللَّهَ يَعْلَمُ مَا فِي السَّمَاءِ وَالْأَرْضِ ۗ إِنَّ ذَٰلِكَ

ফীহি তাখ্‌তালিফূন। ৭০। আলাম্ তা'লাম্ আন্নাল্লা-হা ইয়া'লামু মা- ফিস্ সামা—ই ওয়াল্ আরদ্ব; ইন্না যা-লিকা
যে ব্যাপারে তোমরা পরস্পরে মতভেদ করছ। (৭০) হে মানুষ! তুমি কি জান না যে, আকাশ ও পৃথিবীর সব কিছুই আল্লাহ জানেন? এসব কিছুই

فِي كِتَابٍ ۚ إِنَّ ذَٰلِكَ عَلَى اللَّهِ يَسِيرٌ ﴿٧١﴾ وَيَعْبُدُونَ مِنْ دُونِ اللَّهِ مَا لَمْ

ফী কিতা-ব, ইন্না যা-লিকা 'আলাল্লা-হি ইয়াসীর। ৭১। ওয়া ইয়া'বুদূনা মিন্ দূনিল্লা-হি মা- লাম্
কিতাবে লিখিত (রক্ষিত) আছে। আল্লাহর নিকট এ কাজ অতি সহজ। (৭১) তারা আল্লাহ ব্যতীত এমন কিছুর ইবাদাত করে, যার ব্যাপারে আল্লাহ

يُنَزِّلْ بِهِ سُلْطَانًا وَمَا لَيْسَ لَهُمْ بِهِ عِلْمٌ ۗ وَمَا لِلظَّالِمِينَ مِنْ نَصِيرٍ ﴿٧٢﴾ وَإِذَا

ইয়ুনায্‌যিল্ বিহী সুলত্বা-নাওঁ ওয়া মা- লাইসা লাহুম বিহী 'ইল্‌ম; ওয়া মা- লিয্‌যা-লিমীনা মিন্‌নাস্বীর। ৭২। ওয়া ইযা-
কোন (প্রকার) সনদ অবতীর্ণ করেন নি এবং না তারা সে ব্যাপারে কোন জ্ঞান রাখে। বস্তুতঃ অন্যায়কারীদের কোনই সাহায্যকারী নেই। (৭২) যখন

تُتْلَىٰ عَلَيْهِمْ آيَاتُنَا بَيِّنَاتٍ تَعْرِفُ فِي وُجُوهِ الَّذِينَ كَفَرُوا الْمُنْكَرَ ۖ

তুত্‌লা- 'আলাইহিম্ আ-ইয়া-তুনা- বাইয়্যিনা-তিন্ তা'রিফু ফী উজূহিল্‌লাযীনা কাফারুল্ মুন্‌কার;
তাদের সামনে আমার সুস্পষ্ট আয়াতসমূহ পাঠ করা হয়, তখন আপনি কাফিরদের চেহারায় অসন্তুষ্টির চিহ্ন দেখতে পাবেন।

يَكَادُونَ يَسْطُونَ بِالَّذِينَ يَتْلُونَ عَلَيْهِمْ آيَاتِنَا ۗ قُلْ أَفَأُنَبِّئُكُمْ بِشَرٍّ مِنْ

ইয়া কা-দূনা ইয়াস্‌তূনা বিল্লাযীনা ইয়াত্‌লূনা 'আলাইহিম আ-ইয়া-তিনা; কুল্ আফা উনাব্বিউকুম বিশার্‌রিম্মিন্
তখন তারা আমার আয়াতসমূহ পাঠকারীদের উপর হামলা করতে উদ্যত হয়। আপনি বলুন, আমি কি তোমাদেরকে এর চেয়েও মন্দ কোন বিষয়ের

ع ৯ ১৬ রুকূ

ذَٰلِكُمُ ۗ النَّارُ وَعَدَهَا اللَّهُ الَّذِينَ كَفَرُوا ۖ وَبِئْسَ الْمَصِيرُ ﴿٧٣﴾ يَا أَيُّهَا

যা-লিকুম্; আন্না-রু; ওয়া'আদাহাল্লা-হুল্লাযীনা কাফারূ; ওয়া বি'সাল্ মাস্বীর। ৭৩। ইয়া~আইয়্যুহান
সংবাদ দিব? সেটা হচ্ছে সে আগুন, যার প্রতিশ্রুতি আল্লাহ কাফিরদের সাথে করেছেন এবং তা খুবই নিকৃষ্ট গন্তব্যস্থল। (৭৩) হে

النَّاسُ ضُرِبَ مَثَلٌ فَاسْتَمِعُوا لَهُ ۚ إِنَّ الَّذِينَ تَدْعُونَ مِنْ دُونِ اللَّهِ

নাসু দ্বুরিবা মাছালূন্ ফাস্তামি'উ লাহ; ইন্নাল্লাযীনা তাদ্'ঊনা মিন্ দূনিল্লা-হি
মানুষ! একটি দৃষ্টান্ত বর্ণনা করা হচ্ছে একাগ্রতার সাথে তা শ্রবণ কর, আল্লাহকে ব্যতীত তোমরা যাদেরকে

لَنْ يَخْلُقُوا ذُبَابًا وَلَوِ اجْتَمَعُوا لَهُ ۖ وَإِنْ يَسْلُبْهُمُ الذُّبَابُ شَيْئًا لَا

লাই ইয়াখ্‌লুকু যুবা-বাওঁ ওয়া লাওয়িজ্‌তামা'উ লাহ; ওয়া ইঈঁইয়াস্‌লুব হুমুয্‌যুবা-বু শাইয়াল্‌লা-
ডাকছ, তারা কখনই একটি মাছিও সৃষ্টি করতে পারবে না। যদি তারা সব মিলে একত্রও হয়। বরং যদি মাছি তাদের থেকে কিছু ছিনিয়ে নিয়ে যায়, তবে তারা

يَسْتَنْقِذُوهُ مِنْهُ ۗ ضَعُفَ الطَّالِبُ وَالْمَطْلُوبُ ﴿٧٣﴾ مَا قَدَرُوا اللَّهَ حَقَّ

ইয়াস্তানক্বিযূহু মিন্হু; দ্বা'উফাত্ব ত্বা-লিবু ওয়াল্ মাত্বলূব। ৭৪। মা- ক্বাদারুল্লা-হা হাক্ক্বা

তার কাছ থেকে তারা তা ছাড়া নিতে পারবে না। উপসনাকারী এবং উপাস্য উভয়ই অক্ষম। (৭৪) তারা আল্লাহকে যথোচিৎ সম্মান

قَدْرِهِ ۗ إِنَّ اللَّهَ لَقَوِيٌّ عَزِيزٌ ﴿٧٤﴾ اللَّهُ يَصْطَفِي مِنَ الْمَلَائِكَةِ رُسُلًا وَمِنَ

ক্বাদ্‌রিহ্; ইন্নাল্লা-হা লাক্বাওয়িয়্যুন 'আযিয। ৭৫। আল্লা-হু ইয়াস্ত্বাফী মিনাল্ মালা~ইকা-তি রুসুলাওঁ ওয়া মিনান্

করে না। নিশ্চয় আল্লাহ অধিক ক্ষমতাবান, পরাক্রমশালী। (৭৫) ফিরিশতাদের মধ্য হতে এবং মানুষদের মধ্য হতে আল্লাহই রাসূল মনোনীত

النَّاسِ ۚ إِنَّ اللَّهَ سَمِيعٌ بَصِيرٌ ﴿٧٥﴾ يَعْلَمُ مَا بَيْنَ أَيْدِيهِمْ وَمَا خَلْفَهُمْ ۗ

না-স; ইন্নাল্লা-হা সামী'উম্ বাস্বীর। ৭৬। ইয়া'লামু মা- বাইনা আইদীহিম্ ওয়া মা- খাল্‌ফাহুম;

করেন। নিশ্চয় আল্লাহ সর্বশ্রোতা, সর্বদ্রষ্টা। (৭৬) তাদের সম্মুখে এবং পশ্চাতে যা কিছু আছে তা তিনি (আল্লাহ) ভালভাবেই জানেন,

وَإِلَى اللَّهِ تُرْجَعُ الْأُمُورُ ﴿٧٦﴾ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا ارْكَعُوا وَاسْجُدُوا

ওয়া ইলাল্লা-হি তুরজা'উল্ উমূর। ৭৭। ইয়া~আইয়্যুহাল লাযীনা আ-মানুরকা'উওয়াস্‌জুদূ

এবং আল্লাহর নিকটই সব কাজ প্রত্যাবর্তিত হবে। (৭৭) হে মুমিনগণ! তোমরা রুকূ' কর, সিজদা কর এবং তোমাদের

সিজদাহ

وَاعْبُدُوا رَبَّكُمْ وَافْعَلُوا الْخَيْرَ لَعَلَّكُمْ تُفْلِحُونَ ﴿٧٧﴾ وَجَاهِدُوا فِي اللَّهِ

ওয়া'বুদূ রাব্বাকুম্ ওয়াফ্'আলূল্ খাইরা লা'আল্লাকুম তুফ্লিহূন। ৭৮। ওয়া জ্বা-হিদূ ফিল্লা-হি

প্রতিপালকের ইবাদাত কর এবং সৎকাজ কর, যাতে তোমরা কৃতকার্য হতে পার। (৭৮) এবং আল্লাহর পথে এভাবে মেহনত কর যেভাবে

حَقَّ جِهَادِهِ ۚ هُوَ اجْتَبَاكُمْ وَمَا جَعَلَ عَلَيْكُمْ فِي الدِّينِ مِنْ حَرَجٍ ۚ مِلَّةَ

হাক্ক্বা জ্বিহা-দিহ; হুওয়াজ্‌তাবা-কুম ওয়া মা- জ্বা'আলা 'আলাইকুম ফিদ্ দীন মিন্ হারাজ্ব মিল্লাতা

মেহনত করা উচিত। তিনিই তোমাদেরকে মনোনীত করেছেন এবং তোমাদের প্রতি দ্বীনের ব্যাপারে কোন প্রকার সংকীর্ণতা (জটিলতা) করেননি। তোমরা তোমাদের

أَبِيكُمْ إِبْرَاهِيمَ ۚ هُوَ سَمَّاكُمُ الْمُسْلِمِينَ مِنْ قَبْلُ وَفِي هَٰذَا لِيَكُونَ

আবীকুম্ ইবরা-হীম; হুওয়া সাম্মা-কুমুল্ মুস্লিমীন মিন্ ক্বাব্‌লু ওয়া ফী হা-যা- লিইয়াকূনার্

পিতা ইবরাহীমের ধর্মের উপর কায়েম থাকে। তিনি (আল্লাহ) তোমাদের নাম মুসলমান রেখেছেন এ কুরআনের পূর্বে এবং এ কুরআনের মধ্যেও, যাতে

الرَّسُولُ شَهِيدًا عَلَيْكُمْ وَتَكُونُوا شُهَدَاءَ عَلَى النَّاسِ ۚ فَأَقِيمُوا الصَّلَاةَ

রাসূলু শাহীদান 'আলাইকুম ওয়া তাকূনূ শুহাদা—আ 'আলান্না-স। ফাআক্বীমুস্ব স্বালা-তা

রাসূল তোমাদের উপর সাক্ষী হয়ে যান এবং তোমরাও সব মানুষের উপর সাক্ষী হয়ে যাও। সুতরাং তোমরা নামায কায়েম কর

وَآتُوا الزَّكَاةَ وَاعْتَصِمُوا بِاللَّهِ هُوَ مَوْلَاكُمْ ۖ فَنِعْمَ الْمَوْلَىٰ وَنِعْمَ النَّصِيرُ ○

ওয়া আ-তুযযাকা-তা ওয়া'তাস্বিমূ বিল্লা-হ; হুওয়া মাওলা-কুম, ফানি'মাল মাওলা- ওয়া নি'মান্নাস্বীর।

এবং যাকাত আদায় কর এবং আল্লাহকে মজবুতভাবে ধারণ কর। তিনিই তোমাদের অভিভাবক, কতই উত্তম অভিভাবক এবং কতই উত্তম সাহায্যকারী।

১০ ع ৬ ১৭ রুকূ

শাফেয়ী (রহ)-এর মতে সিজদাহ

সূরা মু'মিনূন মক্কী

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ ○

বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ১১৮ রুকূ ঃ ৬

قَدْ أَفْلَحَ الْمُؤْمِنُونَ ﴿١﴾ الَّذِينَ هُمْ فِي صَلَاتِهِمْ خَاشِعُونَ ﴿٢﴾ وَالَّذِينَ هُمْ

১। ক্বাদ্ আফ্‌লাহাল্ মু'মিনূন ২। আল্লাযীনা হুম ফী স্বালা-তিহিম্ খা-শি'ঊন। ৩। ওয়াল্লাযীনা হুম্

(১) মুমিনরা অবশ্যই সফলকাম হয়েছে, (২) যারা নিজেদের নামাযে বিনয়-বিনম্র, (৩) যারা অনর্থক

عَنِ اللَّغْوِ مُعْرِضُونَ ﴿٣﴾ وَالَّذِينَ هُمْ لِلزَّكَاةِ فَاعِلُونَ ﴿٤﴾ وَالَّذِينَ هُمْ لِفُرُوجِهِمْ

'আনিল লাগ্‌ওয়ি মু'রিদ্বূন। ৪। ওয়াল্লাযীনা হুম্ লিয্‌যাকা-তি ফা-'ইলূন। ৫। ওয়াল্লাযীনা হুম্ লিফুরূজ্বিহিম্

কথা-বার্তা থেকে বিরত থাকে। (৪) যারা যাকাত প্রদানে সক্রিয়, (৫) যারা নিজেদের যৌনাঙ্গকে হেফাজত

حَافِظُونَ ﴿٥﴾ إِلَّا عَلَىٰ أَزْوَاجِهِمْ أَوْ مَا مَلَكَتْ أَيْمَانُهُمْ فَإِنَّهُمْ غَيْرُ مَلُومِينَ ○

হ্বা-ফিযূনা। ৬। ইল্লা- 'আলা~আযওয়া-জ্বিহিম্ আও মা- মালাকাত্ আইমা-নুহুম্ ফাইন্নাহুম গাইরু মালূমীন।

করে, (৬) তবে তাদের স্ত্রী অথবা অধিকারভুক্ত দাসীদের ক্ষেত্রে তারা সংযত না থাকলে ভিন্ন কথা। তখন তারা নিন্দনীয় হবে না;

فَمَنِ ابْتَغَىٰ وَرَاءَ ذَٰلِكَ فَأُولَٰئِكَ هُمُ الْعَادُونَ ﴿٧﴾ وَالَّذِينَ هُمْ لِأَمَانَاتِهِمْ وَ

৭। ফামানিব্ তাগা- ওয়ারা-আ যা—লিকা ফাউলা—য়িকা হুমুল্ 'আ-দূন। ৮। ওয়াল্লাযীনা হুম্ লিআমা-না-তিহিম ওয়া

(৭) সুতরাং কেউ এদেরকে ছাড়া অন্যকে কামনা করলে তারাই সীমালংঘনকারী হবে; (৮) এবং যারা সংরক্ষিত আমানত ও

عَهْدِهِمْ رَاعُونَ ﴿٨﴾ وَالَّذِينَ هُمْ عَلَىٰ صَلَوَاتِهِمْ يُحَافِظُونَ ﴿٩﴾ أُولَٰئِكَ هُمُ

'আহ্‌দিহিম্ রা-'ঊন। ৯। ওয়াল্লাযীনা হুম্ 'আলা- স্বালাওয়া-তিহিম্ ইউহ্বা-ফিযূন। ১০। উলা—য়িকা হুমুল্

প্রতিশ্রুতি রক্ষা করে, (৯) যারা নিজেদের নামাযে যত্নবান থাকে, (১০) তারাই পাবে

الْوَارِثُونَ ﴿١٠﴾ الَّذِينَ يَرِثُونَ الْفِرْدَوْسَ هُمْ فِيهَا خَالِدُونَ ﴿١١﴾ وَلَقَدْ خَلَقْنَا

ওয়া-রিছূন ১১। আল্লাযীনা ইয়ারিছূনাল্ ফির্‌দাওস ; হুম্ ফীহা- খা-লিদূন। ১২। ওয়া লাক্বাদ্ খালাক্বনাল্

উত্তরাধিকারী, (১১) তারা উত্তরাধিকারী হবে জান্নাতুল ফিরদাউসের, যাতে তারা চিরস্থায়ী থাকবে। (১২) আমি তো মানুষকে

الْإِنْسَانَ مِنْ سُلَالَةٍ مِنْ طِينٍ ﴿١٢﴾ ثُمَّ جَعَلْنَاهُ نُطْفَةً فِي قَرَارٍ مَكِينٍ ﴿١٣﴾ ثُمَّ خَلَقْنَا

ইনসা-না মিন সুলা-লাতিমমিন ত্বীন। ১৩। ছুম্মা জ্বা'আল্‌না-হু নুত্বফাতান ফী ক্বারা-রিম মাকীন। ১৪। ছুম্মা খালাক্বনান্

মাটির নির্যাস থেকে সৃষ্টি করেছি, (১৩) অতঃপর আমি তাকে শুক্রবিন্দু রূপে এক নির্ধারিত আধারে স্থাপন করেছি। (১৪) অতঃপর

○ বিশ্লেষণ (আঃ ২) ঃ خشعون - অর্থ- অন্তর এবং শরীরের একাগ্রতা ও নিবিষ্টতা। অন্তরে একাগ্রতা হল, নামায পড়া অবস্থায় সকল প্রকার পার্থিব চিন্তা ও কুমন্ত্রণা থেকে অন্তরকে মুক্ত রাখা এবং আল্লাহ্ তায়ালার ভয়-ভীতি অন্তরে সৃষ্টি করা এবং শরীরের নিবিষ্টতা হল নামাযের মধ্যে এদিক ওদিক না তাকান ও কাপড়-চোপড় ঠিক না করা বরং বিনয়ের সাথে এমনভাবে দাঁড়ান, যেমনিভাবে দুনিয়ার বাদশাহ্ অথবা কোন বিশেষ ব্যক্তির সামনে দাঁড়ান হয়। (কুঃ কারীম) ○ বিশ্লেষণ (আঃ ৮) ঃ لامنتهم - আমানত রক্ষা করা অর্থ- তাদের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে আদায় করে, গোপন কথা ফাঁস করে না, আমানতকৃত মাল যথাযথভাবে হেফাজত করে। আর ওয়াদাসমূহ রক্ষার মধ্যে আল্লাহর সাথে কৃত ওয়াদা এবং মানুষের সাথে কৃত ওয়াদা উভয়ই অন্তর্ভুক্ত। (কুঃ কারীম)

পারা ১৮

يَسْتَنْقِذُوْهُ مِنْهُ ۚ ضَعُفَ الطَّالِبُ وَالْمَطْلُوْبُ ﴿٧٣﴾ مَا قَدَرُوا اللّٰهَ حَقَّ

ইয়াস্তানক্বিযূহু মিন্‌হ; দ্বা'উফাত্ ত্বা-লিবু ওয়াল্ মাত্বলূব। ৭৪। মা- ক্বাদারুল্লা-হা হাক্ক্বা

তার কাছ থেকে তারা তা ছাড়া নিতে পারবে না। উপসনাকারী এবং উপাস্য উভয়ই অক্ষম। (৭৪) তারা আল্লাহকে যথোচিৎ সম্মান

قَدْرِهٖ ۗ اِنَّ اللّٰهَ لَقَوِيٌّ عَزِيْزٌ ﴿٧٤﴾ اَللّٰهُ يَصْطَفِيْ مِنَ الْمَلٰٓئِكَةِ رُسُلًا وَّمِنَ

ক্বাদ্‌রিহ; ইন্নাল্লা-হা লাক্বাওয়িয়্যুন 'আযিয। ৭৫। আল্লা-হু ইয়াস্ত্বাফী মিনাল্ মালা~ইকা-তি রুসুলাওঁ ওয়া মিনান্

করে না। নিশ্চয় আল্লাহ অধিক ক্ষমতাবান, পরাক্রমশালী। (৭৫) ফিরিশতাদের মধ্য হতে এবং মানুষদের মধ্য হতে আল্লাহই রাসূল মনোনীত

النَّاسِ ۗ اِنَّ اللّٰهَ سَمِيْعٌۢ بَصِيْرٌ ﴿٧٥﴾ يَعْلَمُ مَا بَيْنَ اَيْدِيْهِمْ وَمَا خَلْفَهُمْ ۗ

না-স; ইন্নাল্লা-হা সামী'উম্ বাস্বীর। ৭৬। ইয়া'লামু মা- বাইনা আইদীহিম্ ওয়া মা- খাল্‌ফাহুম;

করেন। নিশ্চয় আল্লাহ সর্বশ্রোতা, সর্বদ্রষ্টা। (৭৬) তাদের সম্মুখে এবং পশ্চাতে যা কিছু আছে তা তিনি (আল্লাহ) ভালভাবেই জানেন,

وَاِلَى اللّٰهِ تُرْجَعُ الْاُمُوْرُ ﴿٧٦﴾ يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا ارْكَعُوْا وَاسْجُدُوْا

ওয়া ইলাল্লা-হি তুরজা'উল্ উমূর। ৭৭। ইয়া~আইয়্যুহাল লাযীনা আ-মানুরকা'উওয়াস্‌জুদূ

এবং আল্লাহর নিকটই সব কাজ প্রত্যাবর্তিত হবে। (৭৭) হে মুমিনগণ! তোমরা রুকু' কর, সিজদা কর এবং তোমাদের

সিজদাহ

وَاعْبُدُوْا رَبَّكُمْ وَافْعَلُوا الْخَيْرَ لَعَلَّكُمْ تُفْلِحُوْنَ ﴿٧٧﴾ وَجَاهِدُوْا فِي اللّٰهِ

ওয়া'বুদূ রাব্বাকুম্ ওয়াফ্'আলুল্ খাইরা লা'আল্লাকুম তুফ্‌লিহূন। ৭৮। ওয়া জা-হিদূ ফিল্লা-হি

প্রতিপালকের ইবাদাত কর এবং সৎকাজ কর, যাতে তোমরা কৃতকার্য হতে পার। (৭৮) এবং আল্লাহর পথে এভাবে মেহনত কর যেভাবে

حَقَّ جِهَادِهٖ ۗ هُوَ اجْتَبٰىكُمْ وَمَا جَعَلَ عَلَيْكُمْ فِي الدِّيْنِ مِنْ حَرَجٍ ۗ مِلَّةَ

হাক্ক্বা জিহা-দিহ; হুওয়াজ্‌তাবা-কুম ওয়া মা- জা'আলা 'আলাইকুম ফিদ্ দীন মিন্ হারাজ্ মিল্লাতা

যেরূপ করা উচিত। তিনিই তোমাদেরকে মনোনীত করেছেন এবং তোমাদের প্রতি দ্বীনের ব্যাপারে কোনপ্রকার সংকীর্ণতা (জটিলতা) করেননি। তোমরা তোমাদের

اَبِيْكُمْ اِبْرٰهِيْمَ ۗ هُوَ سَمّٰىكُمُ الْمُسْلِمِيْنَ ۙ۬ مِنْ قَبْلُ وَفِيْ هٰذَا لِيَكُوْنَ

আবীকুম ইব্‌রা-হীম; হুওয়া সাম্মা-কুমুল্ মুস্‌লিমীন মিন্ ক্বাব্‌লু ওয়া ফী হা-যা- লিইয়াকূনার্

পিতা ইবরাহীমের ধর্মের উপর কায়েম থাকো। তিনি (আল্লাহ) তোমাদের নাম মুসলমান রেখেছেন এ কুরআনের পূর্বে এবং এ কুরআনের মধ্যেও, যাতে

الرَّسُوْلُ شَهِيْدًا عَلَيْكُمْ وَتَكُوْنُوْا شُهَدَآءَ عَلَى النَّاسِ ۖۚ فَاَقِيْمُوا الصَّلٰوةَ

রাসূলু শাহীদান 'আলাইকুম ওয়া তাকূনূ শুহাদা—আ 'আলান্‌না-স। ফাআক্বীমুস্ব স্বালা-তা

রাসূল তোমাদের উপর সাক্ষী হয়ে যান এবং তোমরাও সব মানুষের উপর সাক্ষী হয়ে যাও। সুতরাং তোমরা নামায কায়েম কর

وَاٰتُوا الزَّكٰوةَ وَاعْتَصِمُوْا بِاللّٰهِ ۗ هُوَ مَوْلٰىكُمْ ۚ فَنِعْمَ الْمَوْلٰى وَنِعْمَ النَّصِيْرُ ﴿٧٨﴾

ওয়া আ-তুযযাকা-তা ওয়া'তাসিমূ বিল্লা-হ; হুওয়া মাওলা-কুম, ফানি'মাল মাওলা- ওয়া নি'মান্নাস্বীর।

এবং যাকাত আদায় কর এবং আল্লাহকে মজবুতভাবে ধারণ কর। তিনিই তোমাদের অভিভাবক, কতই উত্তম অভিভাবক এবং কতই উত্তম সাহায্যকারী।

শাফেয়ী (রহ)-এর মতে সিজদাহ

১০ রুকূ' ১৭

সূরা মু'মিনূন মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

আয়াত ঃ ১১৮ রুকূ ঃ ৬

قَدْ اَفْلَحَ الْمُؤْمِنُوْنَ ﴿١﴾ الَّذِيْنَ هُمْ فِيْ صَلَاتِهِمْ خٰشِعُوْنَ ﴿٢﴾ وَالَّذِيْنَ هُمْ

১। ক্বাদ্ আফলাহাল্ মু'মিনূন ২। আল্লাযীনা হুম ফী স্বালা-তিহিম্ খা-শি'উন। ৩। ওয়াল্লাযীনা হুম

(১) মুমিনরা অবশ্যই সফলকাম হয়েছে, (২) যারা নিজেদের নামাযে বিনয়-বিনম্র, (৩) যারা অনর্থক

عَنِ اللَّغْوِ مُعْرِضُوْنَ ﴿٣﴾ وَالَّذِيْنَ هُمْ لِلزَّكٰوةِ فٰعِلُوْنَ ﴿٤﴾ وَالَّذِيْنَ هُمْ لِفُرُوْجِهِمْ

'আনিল লাগ্‌ওয়ি মু'রিদূন। ৪। ওয়াল্লাযীনা হুম্ লিযযাকা-তি ফা-'ইলূন। ৫। ওয়াল্লাযীনা হুম্ লিফুরূজিহিম্

কথা-বার্তা থেকে বিরত থাকে। (৪) যারা যাকাত প্রদানে সক্রিয়, (৫) যারা নিজেদের যৌনাঙ্গকে হেফাজত

حٰفِظُوْنَ ﴿٥﴾ اِلَّا عَلٰٓى اَزْوَاجِهِمْ اَوْ مَا مَلَكَتْ اَيْمَانُهُمْ فَاِنَّهُمْ غَيْرُ مَلُوْمِيْنَ ﴿٦﴾

হা-ফিযূনা। ৬। ইল্লা- 'আলা~আযওয়া-জিহিম্ আও মা- মালাকাত্ আইমা-নুহুম্ ফাইন্নাহুম গাইরু মালূমীন।

করে, (৬) তবে তাদের স্ত্রী অথবা অধিকারভুক্ত দাসীদের ক্ষেত্রে তারা সংযত না থাকলে ভিন্ন কথা। তখন তারা নিন্দনীয় হবে না;

فَمَنِ ابْتَغٰى وَرَآءَ ذٰلِكَ فَاُولٰٓئِكَ هُمُ الْعٰدُوْنَ ﴿٧﴾ وَالَّذِيْنَ هُمْ لِاَمٰنٰتِهِمْ وَ

৭। ফামানিব্ তাগা- ওয়ারা-আ যা— লিকা ফাউলা—য়িকা হুমুল্ 'আ-দূন। ৮। ওয়াল্লাযীনা হুম্ লিআমা-না-তিহিম ওয়া

(৭) সুতরাং কেউ এদেরকে ছাড়া অন্যকে কামনা করলে তারাই সীমালংঘনকারী হবে; (৮) এবং যারা সংরক্ষিত আমানত ও

عَهْدِهِمْ رٰعُوْنَ ﴿٨﴾ وَالَّذِيْنَ هُمْ عَلٰى صَلَوٰتِهِمْ يُحَافِظُوْنَ ﴿٩﴾ اُولٰٓئِكَ هُمُ

'আহ্‌দিহিম্ রা-'উন। ৯। ওয়াল্লাযীনা হুম্ 'আলা- স্বালাওয়া-তিহিম্ ইউহা-ফিযূন। ১০। উলা—য়িকা হুমুল

প্রতিশ্রুতি রক্ষা করে, (৯) যারা নিজেদের নামাযে যত্নবান থাকে, (১০) তারাই পাবে

الْوٰرِثُوْنَ ﴿١٠﴾ الَّذِيْنَ يَرِثُوْنَ الْفِرْدَوْسَ ۗ هُمْ فِيْهَا خٰلِدُوْنَ ﴿١١﴾ وَلَقَدْ خَلَقْنَا

ওয়া-রিছূন ১১। আল্লাযীনা ইয়ারিছূনাল্ ফিরদাওস ; হুম্ ফীহা- খা-লিদূন। ১২। ওয়া লাক্বাদ্ খালাক্বনাল

উত্তরাধিকারী, (১১) তারা উত্তরাধিকারী হবে জান্নাতুল ফিরদাউসের, যাতে তারা চিরস্থায়ী থাকবে। (১২) আমি তো মানুষকে

الْاِنْسَانَ مِنْ سُلٰلَةٍ مِّنْ طِيْنٍ ﴿١٢﴾ ثُمَّ جَعَلْنٰهُ نُطْفَةً فِيْ قَرَارٍ مَّكِيْنٍ ﴿١٣﴾ ثُمَّ خَلَقْنَا

ইনসা-না মিন সুলা-লাতিমমিন ত্বীন। ১৩। ছুম্মা জ্বা'আল্‌না-হু নুত্বফাতান ফী ক্বারা-রিম মাকীন। ১৪। ছুম্মা খালাক্বনান

মাটির নির্যাস থেকে সৃষ্টি করেছি, (১৩) অতঃপর আমি তাকে শুক্রবিন্দু রূপে এক নির্ধারিত আধারে স্থাপন করেছি। (১৪) অতঃপর

✪ বিশ্লেষণ (আঃ ২) ঃ خٰشِعُوْنَ - অর্থ- অন্তর এবং শরীরের একাগ্রতা ও নিবিষ্টতা। অন্তরে একাগ্রতা হল, নামায পড়া অবস্থায় সকল প্রকার পার্থিব চিন্তা ও কুমন্ত্রণা থেকে অন্তরকে মুক্ত রাখা এবং আল্লাহ তায়ালার ভয়-ভীতি অন্তরে সৃষ্টি করা এবং শরীরের নিবিষ্টতা হল নামাযের মধ্যে এদিক ওদিক না তাকান ও কাপড়-চোপড় ঠিক না করা বরং বিনয়ের সাথে এমনভাবে দাঁড়ান, যেমনিভাবে দুনিয়ার বাদশাহ অথবা কোন বিশেষ ব্যক্তির সামনে দাঁড়ান হয়। (কুঃ কারীম) ✪ বিশ্লেষণ (আঃ ৮) ঃ لِاَمٰنٰتِهِمْ - আমানত রক্ষা করা অর্থ- তাদের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে আদায় করে, গোপন কথা ফাঁস করে না, আমানতকৃত মাল যথাযথভাবে হেফাজত করে। আর ওয়াদাসমূহ রক্ষার মধ্যে আল্লাহর সাথে কৃত ওয়াদা এবং মানুষের সাথে কৃত ওয়াদা উভয়ই অন্তর্ভুক্ত। (কুঃ কারীম)

النطفة علقة فخلقنا العلقة مضغة فخلقنا المضغة عظما فكسونا العظم

নুত্বফাতা 'আলাক্বাতান ফাখালাক্বনাল 'আলাক্বাতা মুদ্বগাতান ফাখালাক্বনাল মুদ্বগাতা- 'ইযা-মান ফাকাসাওয়নাল্ 'ইযা-মা
আমি শুক্রবিন্দুকে পরিণত করেছি জমাট রক্তে, অতঃপর জমাট রক্তকে পরিণত করেছি মাংস পিণ্ডে এবং মাংস পিণ্ডকে পরিণত করেছি হাড়ে, অতঃপর

لحما ثم انشانه خلقا اخر فتبرك الله احسن الخلقين ﴿١٤﴾ ثم انكم بعد

লাহ্বমান, ছুম্মা আনশা'না-হু খালক্বান আ-খার, ফাতাবা-রাকাল্লা-হু আহ্বসানুল্ খা-লিক্বীন। ১৫। ছুম্মা ইন্নাকুম বা'দা
হাড়কে মাংস দ্বারা ঢেকে দিয়েছি, অবশেষে তাকে অন্য এক সৃষ্টি রূপে উপস্থাপন করেছি। সুমহান আল্লাহ্, কত সুনিপুণ সৃষ্টিকর্তা! (১৫) এরপর তোমাদের

ذلك لميتون ﴿١٥﴾ ثم انكم يوم القيمة تبعثون ﴿١٦﴾ ولقد خلقنا فوقكم سبع

যা-লিকা লামাইয়্যিতূন। ১৬। ছুম্মা ইন্নাকুম ইয়াওমাল ক্বিয়া-মাতি তুব'আছূন। ১৭। ওয়া লাক্বাদ্ খালাক্বনা- ফাওক্বাকুম্ সাব্'আ
অবশ্যই মৃত্যু হবে। (১৬) অতঃপর কিয়ামতের দিন তোমাদেরকে পুনরুত্থিত করা হবে। (১৭) আমিই তো তোমাদের উর্ধ্বে সৃষ্টি

طرائق وما كنا عن الخلق غفلين ﴿١٧﴾ وانزلنا من السماء ماء بقدر فاسكنه

ত্বরা—য়িক্ব; ওয়া মা- কুন্না- 'আনিল্ খাল্ক্বি গা-ফিলীন। ১৮। ওয়া আন্যালনা- মিনাস্ সামা—য়ি মা— আম্ বিক্বাদারিন ফাআস্কান্না-হু
করেছি সপ্তাকাশ এবং আমি সৃষ্টির ব্যাপারে অসচেতন নই। (১৮) আমি আকাশ থেকে পরিমিতভাবে পানি বর্ষণ করি, অতঃপর

في الارض وانا على ذهاب به لقدرون ﴿١٨﴾ فانشانا لكم به جنت من

ফিল্ আরদ্বি ওয়া ইন্না- 'আলা- যাহা-বিম্বিহী লাক্বা-দিরূন। ১৯। ফাআনশা'না- লাকুম্ বিহী জান্না-তিম মিন
আমি তা যমীনে সংরক্ষিত রাখি; আমি এই পানি অপসারন করতেও সক্ষম। (১৯) অতঃপর আমি তা দ্বারা তোমাদের জন্য খেজুর ও

نخيل واعناب لكم فيها فواكه كثيرة ومنها تاكلون ﴿١٩﴾ وشجرة

নাখীলিওঁ ওয়া 'আনা-ব। লাকুম ফীহা- ফাওয়া-কিহু কাছীরাতুওঁ ওয়া মিন্হা- তা'কুলূন। ২০। ওয়া শাজ্বারাতান
আঙ্গুরের বাগান সৃষ্টি করি ; এতে তোমাদের জন্য প্রচুর ফল হয়। আর তা থেকে তোমরা খেয়ে থাক। (২০) এবং সৃষ্টি করি

تخرج من طور سيناء تنبت بالدهن وصبغ للاكلين ﴿٢٠﴾ وان لكم في

তাখ্রুজু মিন্ তূরি সাইনা— আ তানবুতু বিদ্দুহ্বনি ওয়া স্বিবগিল্ আ-কিলীন ২১। ওয়া ইন্না লাকুম ফিল্
(যায়তুন) বৃক্ষ, যা সিনাই পর্বতে জন্মায়, এর দ্বারা ভক্ষণকারীদের জন্য তৈল ও ব্যঞ্জন উৎপন্ন হয়। (২১) আর চতুষ্পদ জন্তুতে তোমাদের জন্য

الانعام لعبرة نسقيكم مما في بطونها ولكم فيها منافع كثيرة ومنها

আন'আ-মি লা'ইব্রাহ; নুসক্বীকুম মিম্মা- ফী বুত্বূনিহা- ওয়ালাকুম্ ফীহা- মানা-ফি'উ কাছীরাতুওঁ ওয়া মিন্হা-
শিক্ষণীয় বিষয় রয়েছে; তোমাদেরকে আমি তাদের পেটে যা আছে তা পান করাই এবং তাতে তোমাদের জন্য প্রচুর উপকারিতা রয়েছে। আর তোমরা তার কিছু

○ বিশ্লেষণ (আঃ ১৭) ঃ سبع طرائق - طرائق অর্থ- তাফসীরকারদের কাছে স্তর, অর্থাৎ আকাশের সাতটি স্তর, উপর নীচ করে বানিয়েছেন। কেউ বলেন طرائق অর্থ- রাস্তা ; অর্থাৎ সপ্ত আকাশ বানিয়েছেন, সেখানে ফিরিশতাদের যাতায়াত হয়ে থাকে। (তাঃ ওসমানী) ○ টীকা (আঃ ১৮) ঃ অর্থাৎ, আমি পানিকে বায়ুর সহিত মিশাইয়া দিতে পারি, কিংবা যমীনের এত নীচে নামাইয়া দিতে পারি, যাহাতে তোমরা যন্ত্র দ্বারাও বাহির করিতে পারিবে না। কিন্তু আমি তা করি নি। (বঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ২১) ঃ وشجرة - এ বৃক্ষ দ্বারা যায়তুন বৃক্ষ বুঝানো হয়েছে। যার দ্বারা তৈল উৎপন্ন হয়। বহু মানুষ তার ফল তরকারী হিসেবে ব্যবহার করে থাকে। এ বৃক্ষটি বহু উপকারী বিধায়, বিশেষভাবে এ বৃক্ষটির কথা উল্লেখ করা হয়েছে। (তাঃ ওসমানী)

তাকলون ﴿٢١﴾ وعليها وعلى الفلك تحملون ﴿٢٢﴾ ولقد ارسلنا نوحا الى قومه

তা'কুলূন। ২২। ওয়া 'আলাইহা- ওয়া 'আলাল ফুলকি তুহ্বমালূন। ২৩। ওয়া লাক্বাদ আরসালনা- নূহ্বান ইলা- ক্বাওমিহী
আহার করে থাক। (২২) তোমরা উটে ও জলযানে আরোহণ করে থাক। (২৩) আমি নূহ্কে তার সম্প্রদায়ের কাছে পাঠিয়েছিলাম।

فقال يقوم اعبدوا الله ما لكم من اله غيره افلا تتقون ﴿٢٣﴾ فقال الملؤا

ফাক্বা-লা ইয়া-ক্বাওমি'বুদুল্লা-হা মা- লাকুম্ মিন্ ইলা-হিন গাইরুহু; আফালা- তাত্তাকূন। ২৪। ফাক্বালাল্ মালাউল
তিনি বলেছিলেন, 'হে আমার কওম! আল্লাহ্র ইবাদত কর। তিনি ব্যতীত তোমাদের কোন ইলাহ নেই। তোমরা কি ভয় কর না!' (২৪) তখন তার

الذين كفروا من قومه ما هذا الا بشر مثلكم يريد ان يتفضل عليكم

লাযীনা কাফারূ মিন্ ক্বাওমিহী মা- হা-যা~ইল্লা- বাশারুম মিছ্লুকুম্ ইউরীদু আইঁ ইয়াতাফাদ্দ্বালা 'আলাইকুম্;
সম্প্রদায়ের কাফের প্রধানরা বলল, 'এ তো তোমাদের মতই একজন মানুষ। যে তোমাদের উপর শ্রেষ্টত্ব পেতে চায়।

ولو شاء الله لانزل ملئكة ما سمعنا بهذا في ابائنا الاولين ﴿٢٤﴾ ان هو الا

ওয়া লাও শা—আল্লা-হু লাআন্যালা মালা—য়িকাতাম্; মা- সামি'না- বিহা-যা- ফী~আ-বা— য়িনাল আওওয়ালীন। ২৫। ইন্ হুওয়া ইল্লা-
আল্লাহ্ (রাসূল পাঠানোর) ইচ্ছা করলে ফেরেশ্তাই পাঠাতেন। আমরা তো আমাদের পূর্বপুরুষদের মধ্যে এরূপ কথা শুনিনি।' (২৫) 'সে-তো একজন উন্মাদ,

رجل به جنة فتربصوا به حتى حين ﴿٢٥﴾ قال رب انصرني بما كذبون ﴿٢٦﴾

রাজুলুম বিহী জিন্নাতুন ফাতারাব্বাস্বূ বিহী হ্বাত্তা- হ্বীন। ২৬। ক্বা-লা রাব্বিন্ স্বুর্নী বিমা- কায্যাবূন।
তাই এর বিষয়ে নির্দিষ্ট সময় পর্যন্ত অপেক্ষা কর।' (২৬) নূহ বললেন, হে আমার প্রতিপালক! আমাকে সাহায্য করুন, আমাকে তারা মিথ্যাবাদী বলছে।'

فاوحينا اليه ان اصنع الفلك باعيننا ووحينا فاذا جاء امرنا وفار التنور

২৭। ফাআওহ্বাইনা ~ইলাইহি আনিস্না'ইল্ ফুল্কা বি'আ'ইউনিনা- ওয়া ওয়াহ্বয়িনা- ফাইযা- জ্বা- আ আমরুনা- ওয়া ফা-রাত্তান্নূরু,
(২৭) অতঃপর আমি তার কাছে অহী পাঠালাম, 'আপনি আমার তত্ত্বাবধানে ও আমার নির্দেশে নৌকা তৈরী করুন। এরপর যখন আমার আদেশ আসবে ও যমীন

فاسلك فيها من كل زوجين اثنين واهلك الا من سبق عليه القول منهم

ফাস্লুক্ ফীহা- মিন্ কুল্লি যাওজ্বাইনিছ্নাইনি ওয়া আহ্লাকা ইল্লা- মান্ সাবাক্বা 'আলাইহিল্ ক্বাওলু মিন্হুম,
প্লাবিত হবে, তখন উঠিয়ে নিবেন প্রতিটি প্রাণী এক জোড়া করে এবং আপনার পরিবার বর্গকে। তাদের মধ্যে যাদের বিরুদ্ধে পূর্ব সিদ্ধান্ত হয়েছে তাদেরকে ছাড়া।

ولا تخاطبني في الذين ظلموا انهم مغرقون ﴿٢٧﴾ فاذا استويت انت

ওয়ালা- তুখা-ত্বিব্নী ফিল্লাযীনা য্বালামূ' ইন্নাহুম মুগ্রাক্বূন। ২৮। ফাইযাস তাওয়াইতা আন্তা
আর জালিমদের সম্পর্কে আপনি আমাকে কিছু বলবেন না, তারা নিমজ্জিত হবেই। (২৮) যখন আপনি ও আপনার সঙ্গীরা

○ টীকা (আঃ ২৬) ঃ এ জন্যাবস্তায় বিপরীত কথা আওড়াইতেছে, যেমন "আমি রাসূল, আর মা'বূদ একা" এস্থলে প্রশ্ন এই যে, পাগলের ইচ্ছাশক্তি থাকে না, সে প্রাধান্য লাভের ইচ্ছা কিরূপে করবে? কাফেররা এমন পরস্পর বিরোধী উক্তি কেমন করে করল? উত্তর ঃ পাগলামীর প্রথম স্তরে ইচ্ছাশক্তি বিলুপ্ত হয় না, তখন প্রাধান্য লাভের ইচ্ছা হইতে পারে। আর যদি বদ্ধ পাগলই উদ্দেশ্য হয়, তবে তো পরস্পর বিরোধী উক্তির দরুন কাফেরবাই পাগল সাব্যস্ত হল। ○ বিশ্লেষণ (আঃ ২৬) ঃ رب انصرني - সাড়ে নয়শ' বছর ধরে দ্বীনের প্রচার করার পরেও যখন নূহের (আ) সব প্রচেষ্টা ব্যর্থ হল তখন তিনি আল্লাহর কাছে দোয়া করলেন যে, আমাকে তাদের মোকাবেলায় সাহায্য করুন। কেননা, ওরা আমাকে প্রকাশ্যে মিথ্যাবাদী বলে। আমার দ্বীন প্রচারের পথে ওরা প্রতিবন্ধী। (তাঃ ওসমানী)

وَمَنْ مَّعَكَ عَلَى الْفُلْكِ فَقُلِ الْحَمْدُ لِلّٰهِ الَّذِيْ نَجّٰنَا مِنَ الْقَوْمِ الظّٰلِمِيْنَ ۝

ওয়া মাম্ মা'আকা 'আলালফুল্কি ফাক্বুলি লহ্বাম্দু লিল্লা-হিললাযী নাজ্জা-না মিনাল ক্বাওমিয্ যা-লিমীন।
জলযানে আরোহণ করবেন, তখন বলবেন, সমস্ত প্রশংসা আল্লাহ্রই, যিনি আমাদেরকে জালিম সম্প্রদায় থেকে উদ্ধার করেছেন।

وَقُلْ رَّبِّ اَنْزِلْنِيْ مُنْزَلًا مُّبٰرَكًا وَّاَنْتَ خَيْرُ الْمُنْزِلِيْنَ ۝٢٩ اِنَّ فِيْ ذٰلِكَ

২৯। ওয়া ক্বুর্ রাব্বি আন্যিলনী মুন্যালাম মুবা-রাকাওঁ ওয়া আন্তা খাইরুল্ মুন্যিলীন। ৩০। ইন্না-ফী যা-লিকা
(২৯) আরও বলবেন-'হে আমার প্রতিপালক! আমাকে কল্যাণের সাথে নামিয়ে দিন; আপনিই তো শ্রেষ্ঠ অবতরণকারী।' (৩০) এতে অবশ্যই নিদর্শন

لَاٰيٰتٍ وَّاِنْ كُنَّا لَمُبْتَلِيْنَ ۝٣٠ ثُمَّ اَنْشَاْنَا مِنْۢ بَعْدِهِمْ قَرْنًا اٰخَرِيْنَ ۝٣١ فَاَرْسَلْنَا

লাআ-ইয়া-তিওঁ ওয়া ইন্ কুন্না- লামুব্তালীন। ৩১। ছুম্মা আন্শা'না- মিম্ বা'দিহিম ক্বারনান্ আ-খারীন। ৩২। ফাআরসাল্না-
রয়েছে। আর আমি মানুষকে নিশ্চয় পরীক্ষা করে থাকি। (৩১) অতঃপর অন্য এক জাতিকে তাদের পরে সৃষ্টি করেছিলাম। (৩২) তাদের মধ্যে একজন

فِيْهِمْ رَسُوْلًا مِّنْهُمْ اَنِ اعْبُدُوا اللّٰهَ مَا لَكُمْ مِّنْ اِلٰهٍ غَيْرُهٗ ؕ اَفَلَا تَتَّقُوْنَ ۝

ফীহিম রাসূলাম্মিন্হুম আনি'বুদুল্লা-হা মা- লাকুমমিন ইলা-হিন্ গাইরুহ; আফালা- তাত্তাকূন।
রসূলকে এমর্মে পাঠিয়েছিলাম যে, 'তোমরা আল্লাহ্র ইবাদত কর, তিনি ব্যতীত তোমাদের কোন ইলাহ নেই, তবুও কি তোমরা তাকওয়া অবলম্বন করবে না?'

রুকূ ২

۝٣٢ وَقَالَ الْمَلَاُ مِنْ قَوْمِهِ الَّذِيْنَ كَفَرُوْا وَكَذَّبُوْا بِلِقَآءِ الْاٰخِرَةِ وَاَتْرَفْنٰهُمْ فِي

৩৩। ওয়া ক্বা-লাল মালাউ মিন্ ক্বাওমিহিল লাযীনা কাফারূ ওয়া কায্যাবূ বিলিক্বা—য়িল্ আ-খিরাতি ওয়া আত্রাফ্না-হুম ফিল্
(৩৩) তার সম্প্রদায়ের কাফের প্রধানরা– যারা পরকালের সাক্ষাৎকে মিথ্যা প্রতিপন্ন করত এবং যাদেরকে আমি পার্থিব জীবনে ভোগ

الْحَيٰوةِ الدُّنْيَا ۙ مَا هٰذَآ اِلَّا بَشَرٌ مِّثْلُكُمْ ۙ يَاْكُلُ مِمَّا تَاْكُلُوْنَ مِنْهُ وَيَشْرَبُ

হ্বায়া-তিদ দুন্ইয়া-, মা- হা-যা ~ইল্লা- বাশারুম মিছ্লুকুম্, ইয়া'কুলু মিম্মা- তা'কুলূনা মিন্হু ওয়া ইয়াশ্রাবু
সম্ভার দিয়েছিলাম তারা বলেছিল, 'এতো তোমাদেরই মত একজন মানুষ; তোমরা যা খাও সেও তাই খায় এবং তোমরা যা পান কর সেও

مِمَّا تَشْرَبُوْنَ ۝٣٣ وَلَئِنْ اَطَعْتُمْ بَشَرًا مِّثْلَكُمْ اِنَّكُمْ اِذًا لَّخٰسِرُوْنَ ۝٣٤ اَيَعِدُكُمْ

মিম্মা- তাশরাবূন। ৩৪। ওয়া লাইন আত্বা'তুম্ বাশারাম মিছ্লাকুম্ ইন্নাকুম ইযাল লাখা-সিরূন। ৩৫। আইয়া'ইদুকুম্
তাই পান করে।'(৩৪) 'যদি তোমরা তোমাদেরই মত একজন মানুষের অনুগত হও, তবে তোমরা অবশ্যই ক্ষতিগ্রস্ত হবে;' (৩৫) 'সে কি তোমাদেরকে এ

اَنَّكُمْ اِذَا مِتُّمْ وَكُنْتُمْ تُرَابًا وَّعِظَامًا اَنَّكُمْ مُّخْرَجُوْنَ ۝٣٥ هَيْهَاتَ هَيْهَاتَ

আন্নাকুম্ ইযা- মিত্তুম ওয়া কুন্তুম্ তুরা-বাওঁ ওয়া 'ইযা-মান আন্নাকুম্ মুখ্রাজূন। ৩৬। হাইহা-তা হাইহা-তা
ওয়াদাই দেয় যে, তোমরা মরে গিয়ে মাটি ও অস্থিতে পরিণত হলে তোমাদেরকে পুনরায় বের করা হবে।' (৩৬) 'তোমাদেরকে যে ওয়াদা দেয়া হয়েছে তা অনেক

○ টীকা (আঃ ২৯) ঃ এস্থলে অবতরণ অর্থ মেযবানি। হযরত নূহ (আ)-এর উদ্দেশ্য এই ছিল যে, হে খোদা, জমীন আপনারই, আমার যখন নামিব, তখন আপনারই মেহমান হব। আর আপনি হবেন মেযবান। অতএব আপনি আমাদের মেহ্মানী উত্তমরূপে করবেন, অর্থাৎ স্বচ্ছলভাবে পান-আহার দিবেন। এমনই তো অন্য লোকও মেহ্মানী করে থাকে; কিন্তু আপনি তাদের সকলের অপেক্ষা উত্তম এবং যথাযথ মেযবানী আদায় করে থাকেন। অর্থাৎ আপনিই রুজিদাতা। ○ বিশ্লেষণ (আঃ ৩১) ঃ قرنا اخرين - এর দ্বারা আ'দ ও সামূদ সম্প্রদায়কে বুঝানো হয়েছে। ○ বিশ্লেষণ (আঃ ৩২) ঃ رسولا منهم - হযরত হুদ অথবা হযরত সালেহ (আ)। (তাঃ ওসমানী)

لِمَا تُوْعَدُوْنَ ۝٣٦ اِنْ هِيَ اِلَّا حَيَاتُنَا الدُّنْيَا نَمُوْتُ وَنَحْيَا وَمَا نَحْنُ

লিমা- তূ'আদূন। ৩৭। ইন্ হিয়া ইল্লা- হ্বায়া-তুনাদদুন্ইয়া- নামূতু ওয়া নাহ্বইয়া- ওয়ামা- নাহ্বনু
দূরের কথা, অনেক দূরের!' (৩৭) 'একমাত্র পার্থিব জীবনই আমাদের জীবন। আমাদের বাঁচা-মরা সব এখানেই। আর আমরা পুনরুত্থিত

بِمَبْعُوْثِيْنَ ۝٣٧ اِنْ هُوَ اِلَّا رَجُلُ ۨافْتَرٰى عَلَى اللّٰهِ كَذِبًا وَّمَا نَحْنُ لَهٗ

বিমাব্'উছীন। ৩৮। ইন্ হুওয়া ইল্লা- রাজুলু নিফতারা- 'আলাল্লা-হি কাযিবাওঁ ওয়া মা- নাহ্বনু লাহূ
হবো না!' (৩৮) 'সে এমন এক ব্যক্তি যে আল্লাহ্ সম্বন্ধে মিথ্যা উদ্ভাবন করেছে এবং আমরা তার প্রতি বিশ্বাস স্থাপনকারী

بِمُؤْمِنِيْنَ ۝٣٨ قَالَ رَبِّ انْصُرْنِيْ بِمَا كَذَّبُوْنِ ۝٣٩ قَالَ عَمَّا قَلِيْلٍ لَّيُصْبِحُنَّ

বিমু'মিনীন। ৩৯। ক্বা-লা রাব্বিন্ স্বুরনী- বিমা- কাযযাবূন। ৪০। ক্বা-লা 'আম্মা- ক্বালীলিল লাইউস্ব্বিহুন্না
নই।' (৩৯) তিনি বললেন, 'হে আমার প্রতিপালক! আমাকে সাহায্য করুন; তারা আমাকে মিথ্যাবাদী সাব্যস্ত করছে।' (৪০) আল্লাহ্ বললেন,'অচিরেই তারা অনুতপ্ত

نٰدِمِيْنَ ۝٤٠ فَاَخَذَتْهُمُ الصَّيْحَةُ بِالْحَقِّ فَجَعَلْنٰهُمْ غُثَآءً ۚ فَبُعْدًا لِّلْقَوْمِ

না-দিমীন। ৪১। ফাআখাযাত্ হুমুস্ স্বাইহ্বাতু বিল হ্বাক্কি ফাজা'আলনা-হুম্ গুছা—আ, ফাবু'দাল লিল ক্বাওমিয্
হবে।' (৪১) অতঃপর ওয়াদা অনুযায়ী এক মহাগর্জন তাদেরকে পাকড়াও করল। আমি তাদেরকে চূর্ণ বিচূর্ণ করে আবর্জনা সদৃশ করে দিলাম; সুতরাং ধ্বংস হোক

الظّٰلِمِيْنَ ۝٤١ ثُمَّ اَنْشَاْنَا مِنْۢ بَعْدِهِمْ قُرُوْنًا اٰخَرِيْنَ ۝٤٢ مَا تَسْبِقُ مِنْ اُمَّةٍ اَجَلَهَا

য্বা-লিমীন। ৪২। ছুম্মা- আনশা'না- মিম বা'দিহিম্ কুরূনান আ-খারীন। ৪৩। মা- তাস্বিকু মিন্ উম্মাতিন আজ্বালাহা-
জালিম সম্প্রদায়। (৪২) অতঃপর আমি তাদের পর বহু জাতি সৃষ্টি করেছি। (৪৩) কোন জাতিই তার নির্ধারিত সময়ের আগে যেতে পারে না,

وَمَا يَسْتَاْخِرُوْنَ ۝٤٣ ثُمَّ اَرْسَلْنَا رُسُلَنَا تَتْرَا ؕ كُلَّمَا جَآءَ اُمَّةً رَّسُوْلُهَا كَذَّبُوْهُ

ওয়া মা- ইয়াস্তা'খিরূন। ৪৪। ছুম্মা আরসাল্না- রুসুলানা- তাত্রা-; কুল্লামা- জ্বা—আ উম্মাতার্ রাসূলুহা- কায্যাবূহ্
পিছনেও থাকতে পারে না। (৪৪) পরে আমি একাধিক্রমে রাসূল পাঠিয়েছি। যখনই কোন জাতির কাছে রাসূল এসেছে, তখনই তারা তাকে মিথ্যাবাদী বলেছে।

فَاَتْبَعْنَا بَعْضَهُمْ بَعْضًا وَّجَعَلْنٰهُمْ اَحَادِيْثَ ۚ فَبُعْدًا لِّقَوْمٍ لَّا يُؤْمِنُوْنَ ۝٤٤ ثُمَّ

ফাআত্বা'না- বা'দ্বাহুম্ বা'দ্বাওঁ ওয়া জ্বা'আলনা-হুম আহ্বা-দীস, ফাবু'দাললিক্বাওমিল্লা- ইউ'মিনূন। ৪৫। ছুম্মা
অতঃপর তাদের একের পর একেকে ধ্বংস করে দিলাম। আর তাদেরকে আমি কাহিনীর বিষয়ে পরিণত করেছি। সুতরাং অবিশ্বাসীরা ধ্বংস হোক! (৪৫) অতঃপর

اَرْسَلْنَا مُوْسٰى وَاَخَاهُ هٰرُوْنَ ۙ بِاٰيٰتِنَا وَسُلْطٰنٍ مُّبِيْنٍ ۝٤٥ اِلٰى فِرْعَوْنَ وَمَلَا۟ئِهٖ

আরসাল্না- মূসা- ওয়া আখা-হু হা-রূনা; বিআ-ইয়া-তিনা- ওয়া সুল্ত্বা-নিম মুবীন। ৪৬। ইলা- ফির'আওনা ওয়া মালায়িহী
আমি মূসা ও তার ভাই হারুনকে আমার নিদর্শন ও সুস্পষ্ট প্রমাণাদিসহ পাঠালাম (৪৬) ফেরাউন ও তার পরিষদবর্গের নিকট;

○ টীকা (আঃ ৪১) ঃ এক অর্থ এও হতে পারে যে, তাদেরক যথাযোগ্যভাবে কঠিন শব্দ এসে ধরেছিল। অর্থাৎ এই ধরা তাদের প্রতি অপরিহার্য ছিল, আর তারা যোগ্যও ছিল। ○ বিশ্লেষণ (আঃ ৪৪) ঃ فاتبعنا بعضهم - যেমনিভাবে একের পর এক রাসূল এসেছেন, তেমনিভাবে নবুওয়াতের অস্বীকার করার কারণে এ সম্প্রদায় একের পর এক শাস্তি ও ধ্বংসের মধ্যে লেগেই রয়েছে। (কুঃ কারীম)
○ টীকা (আঃ ৪৫) ঃ নিদর্শনাবলী অর্থাৎ মো'জিযাহ্গুলি সমস্ত মিলে সেগুলোই সুস্পষ্ট দলীল ছিল, কিম্বা "মোজিযাতে মুছায়ী"র মধ্যে লাঠি প্রধান মো'জিযাহ্ ছিল। এটিকে অন্যান্য মো'জিযাহ হইতে পৃথক করে সুস্পষ্ট বলেছেন, কিম্বা সুস্পষ্ট দলীল বলতে সে দলীলগুলি যা হযরত মূসা (আ) ফেরাউনের সাথে তর্কালোচনা করার সময় বর্ণনা করতেন।

فَاسْتَكْبَرُوا وَكَانُوا قَوْمًا عَالِينَ ﴿٤٧﴾ فَقَالُوا أَنُؤْمِنُ لِبَشَرَيْنِ مِثْلِنَا وَقَوْمُهُمَا

ফাস্তাক্বারূ ওয়া কা-নূ ক্বাওমান 'আ-লীন। ৪৭। ফাক্বা-লূ~আনু'মিনু লিবাশারাইনি মিছলিনা- ওয়া ক্বাওমুহুমা-

কিন্তু তারা অহঙ্কার করল। তারা ছিল এক উদ্ধত সম্প্রদায়। (৪৭) তারা বলল, 'আমাদেরই মত দুজন মানুষকে বিশ্বাস করব ? অথচ তাদের কওম আমাদের

لَنَا عَابِدُونَ ﴿٤٨﴾ فَكَذَّبُوهُمَا فَكَانُوا مِنَ الْمُهْلَكِينَ ﴿٤٩﴾ وَلَقَدْ آتَيْنَا مُوسَى الْكِتَابَ

লানা- 'আ-বিদূন। ৪৮। ফাকায্যাবূ হুমা- ফাকা-নূ মিনাল্ মুহ্লাকীন। ৪৯। ওয়া লাক্বাদ্ আ-তাইনা- মূসাল্ কিতা-বা

দাসত্ব করে।' (৪৮) অতঃপর তারা তাদের মিথ্যা প্রতিপন্ন করল, ফলে তারা ধ্বংসপ্রাপ্ত হল। (৪৯) আমি মূসাকে গ্রন্থ দিয়েছিলাম,

لَعَلَّهُمْ يَهْتَدُونَ ﴿٥٠﴾ وَجَعَلْنَا ابْنَ مَرْيَمَ وَأُمَّهُ آيَةً وَآوَيْنَاهُمَا إِلَى رَبْوَةٍ

লা'আল্লাহুম্ ইয়াহ্তাদূন। ৫০। ওয়া জ্বা'আলনাব্না মারইয়ামা ওয়া উম্মাহূ~আ-ইয়াতাওঁ ওয়া আ-ওয়াইনা-হুমা- ইলা- রাব্ওয়াতিন্

যাতে তারা সৎপথপ্রাপ্ত হয়। (৫০) আমি মরিয়ম-তনয় ও তার জননীকে নিদর্শন স্বরূপ করেছি। তাদেরকে এক নিরাপদ ও প্রস্রবণ

৩ ع ৩ রুকূ

ذَاتِ قَرَارٍ وَمَعِينٍ ﴿٥١﴾ يَا أَيُّهَا الرُّسُلُ كُلُوا مِنَ الطَّيِّبَاتِ وَاعْمَلُوا صَالِحًا إِنِّي

যা-তি ক্বারা-রিওঁ ওয়া মা'ঈন। ৫১। ইয়া~আইয়্যাহার্ রুসুলু কুলূ মিনাত্ব ত্বাইয়্যিবা-তি- ওয়া'মালূ স্বা-লিহ্বা' ইন্নী

বিশিষ্ট টিলায় আশ্রয় দিয়েছিলাম। (৫১) বলেছিলাম 'হে রাসূলগণ! পবিত্র বস্তু আহার করুন এবং সৎকাজ করুন; আপনাদের কৃতকর্ম

بِمَا تَعْمَلُونَ عَلِيمٌ ﴿٥٢﴾ وَإِنَّ هَذِهِ أُمَّتُكُمْ أُمَّةً وَاحِدَةً وَأَنَا رَبُّكُمْ فَاتَّقُونِ

বিমা তা'মালূনা 'আলীম। ৫২। ওয়া ইন্না হা-যিহী~উম্মাতুকুম্ উম্মাতাওঁ ওয়া- হ্বিদাতাওঁ ওয়া আনা রাব্বুকুম ফাত্তাক্বূন।

সম্পর্কে আমি অবহিত। (৫২) তোমাদের এই জাতি তো একই জাতি। আর আমিই তোমাদের প্রতিপালক! তাই আমাকেই ভয় কর।

فَتَقَطَّعُوا أَمْرَهُمْ بَيْنَهُمْ زُبُرًا كُلُّ حِزْبٍ بِمَا لَدَيْهِمْ فَرِحُونَ ﴿٥٣﴾ فَذَرْهُمْ فِي ﴿٥٤﴾

৫৩। ফাতাক্বাত্ত্বা'উ~আম্রাহুম বাইনাহুম্ যুবুরা; কুল্লু হ্বিয্বিম্ বিমা- লাদাইহিম্ ফারিহ্বূন। ৫৪। ফাযার্হুম ফী

(৫৩) কিন্তু তারা নিজেদের ধর্মপন্থাকে বহু বিভক্ত করেছে। প্রত্যেক দলই স্ব স্ব মতবাদ নিয়ে সন্তুষ্ট। (৫৪) তাই তাদেরকে কিছুকালের

غَمْرَتِهِمْ حَتَّى حِينٍ ﴿٥٥﴾ أَيَحْسَبُونَ أَنَّمَا نُمِدُّهُمْ بِهِ مِنْ مَالٍ وَبَنِينَ ﴿٥٦﴾ نُسَارِعُ

গাম্রাতিহিম্ হ্বাত্তা- হ্বীন। ৫৫। আইয়াহ্বসাবূনা আন্নামা- নুমিদ্দুহুম বিহী- মিম্মা-লিওঁ ওয়া বানীন। ৫৬। নুসা-রি'উ

জন্য তাদের মূর্খতায় থাকতে দিন। (৫৫) তারা কি ধারণা করে, আমি তাদেরকে যে ধনৈশ্বর্য ও সন্তানাদি দিয়ে থাকি- (৫৬) তাতে করে

لَهُمْ فِي الْخَيْرَاتِ بَلْ لَا يَشْعُرُونَ ﴿٥٧﴾ إِنَّ الَّذِينَ هُمْ مِنْ خَشْيَةِ رَبِّهِمْ

লাহুম্ ফিল্ খাইরা-ত; বাল্লা- ইয়াশ্'উরূন। ৫৭। ইন্নাল্লাযীনা হুম্ মিন্ খাশ্ইয়াতি রাব্বিহিম

তাদেরকে দ্রুত মঙ্গলের দিকে নিয়ে যাব ? বরং তারা বোঝে না। (৫৭) যারা তাদের প্রতিপালকের ভয়ে

০ বিশ্লেষণ (আঃ ৪৯) ঃ ولقد اتينا - ইমাম ইবনে কাসীর (র) বলেন, ফিরআউন এবং তার দল ডুবে যাবার পর হযরত মূসা (আ)-কে তাওরাত দেয়া হয়েছিল এবং তাওরাত অবতীর্ণের পরে আল্লাহ কোন সম্প্রদায়কে সাধারণভাবে শাস্তি (গযব) দ্বারা ধ্বংস করেন নি। কিন্তু মুমিনগণকে এ হুকুম দেয়া হয়েছে যে, কাফিরদের সাথে জিহাদ কর। (কুঃ কারীম) ০ বিশ্লেষণ (আঃ ৫২) ঃ امة واحدة - এখানে প্রথম- امتكم দ্বারা সমকালিন নবীর উম্মতগণকে এবং পরবর্তী امة দ্বারা দ্বীনকে বুঝানো হয়েছে এবং এক হবার অর্থ হচ্ছে যে, সব নবীদের (আ) দাওয়াত একই। তাঁরা প্রত্যেকেই এক আল্লাহর ইবাদাত করার জন্য দাওয়াত দিয়েছেন। কিন্তু মানুষ আল্লাহর দ্বীন ছেড়ে দিয়ে আলাদা আলাদা দলে বিভক্ত হয়ে গেছে এবং প্রত্যেক দলই তাদের আকীদা ও আমলের উপর খুশী। তারা সত্য পথ থেকে কতই না দূরে। (কুঃ কারীম)

مُشْفِقُونَ ﴿٥٨﴾ وَالَّذِينَ هُمْ بِآيَاتِ رَبِّهِمْ يُؤْمِنُونَ ﴿٥٩﴾ وَالَّذِينَ هُمْ بِرَبِّهِمْ لَا

মুশ্ফিকূন। ৫৮। ওয়াল্ লাযীনা হুম্ বিআ-ইয়া-তি রাব্বিহিম ইউ'মিনূন। ৫৯। ওয়াল্ লাযীনা হুম্ বিরাব্বিহিম্ লা-

ভীত-সন্ত্রস্ত, (৫৮) যারা তাদের প্রতিপালকের নিদর্শনাবলির প্রতি ঈমান আনে। (৫৯) যারা তাদের প্রতিপালকের সাথে কাউকে

يُشْرِكُونَ ﴿٦٠﴾ وَالَّذِينَ يُؤْتُونَ مَا آتَوْا وَقُلُوبُهُمْ وَجِلَةٌ أَنَّهُمْ إِلَى رَبِّهِمْ

ইউশ্রিকূন। ৬০। ওয়াল্লাযীনা ইউ'তূনা মা~আ-তাওঁ ওয়া কুলূবুহুম্ ওয়াজ্বিলাতুন আন্নাহুম্ ইলা- রাব্বিহিম্

শরীক করে না। (৬০) যারা তাদের প্রতিপালকের কাছে ফিরে যাবে- এ বিশ্বাসে তারা যা দান করার তা ভীত-কম্পিত হৃদয়ে

رَاجِعُونَ ﴿٦١﴾ أُولَئِكَ يُسَارِعُونَ فِي الْخَيْرَاتِ وَهُمْ لَهَا سَابِقُونَ ﴿٦٢﴾ وَلَا نُكَلِّفُ نَفْسًا

রা-জ্বি'উন। ৬১। উলা— য়িকা ইউসা-রি'উনা ফিল্ খাইরা-তি ওয়া হুম্ লাহা- সা-বিকূন। ৬২। ওয়া লা- নুকাল্লিফু নাফ্সান

দান করে, (৬১) তারাই দ্রুত কল্যাণকর কাজে অগ্রসর হয় এবং তারা তাতে অগ্রগামী হয়। (৬২) আমি কাউকেও তার সাধ্যাতীত দায়িত্ব অর্পণ করি না।

إِلَّا وُسْعَهَا وَلَدَيْنَا كِتَابٌ يَنْطِقُ بِالْحَقِّ وَهُمْ لَا يُظْلَمُونَ ﴿٦٣﴾ بَلْ قُلُوبُهُمْ فِي

ইল্লা- উস'আহা- ওয়া লাদাইনা- কিতা-বুঁই ইয়ান্ত্বিক্ব বিল্ হ্বাক্বক্বি ওয়া হুম্ লা- ইউয্বলামূন। ৬৩। বাল্ কুলূবুহুম্ ফী

আর আমার নিকট এমন এক কিতাব আছে, যা সত্যের সাথে অবস্থা বর্ণনা করে। আর তাদের প্রতি জুলুম করা হবে না; (৬৩) বরং এ বিষয়ে তাদের

غَمْرَةٍ مِنْ هَذَا وَلَهُمْ أَعْمَالٌ مِنْ دُونِ ذَلِكَ هُمْ لَهَا عَامِلُونَ ﴿٦٤﴾ حَتَّى إِذَا أَخَذْنَا

গামরাতিম্মিন হা-যা- ওয়া লাহুম্ 'আমা-লুম্মিন দূনি যা-লিকা হুম্ লাহা- 'আ-মিলূন। ৬৪। হ্বাত্তা~ইয়া~আখাযনা-

অন্তর অজ্ঞানতায় আচ্ছন্ন, এছাড়া আরও মন্দ কাজ আছে, যা তারা করে থাকে। (৬৪) এমন কি আমি যখন তাদের স্বচ্ছল ব্যক্তিদেরকে

مُتْرَفِيهِمْ بِالْعَذَابِ إِذَا هُمْ يَجْأَرُونَ ﴿٦٥﴾ لَا تَجْأَرُوا الْيَوْمَ إِنَّكُمْ مِنَّا لَا

মুত্রাফীহিম্ বিল্'আযা-বি ইযা-হুম্ ইয়াজ্বআরূন। ৬৫। লা- তাজ্বআরুল ইয়াওমা ইন্নাকুম মিন্না- লা-

আযাব দ্বারা পাকড়াও করব তখনই তারা আর্তনাদ করে ওঠবে। (৬৫) তাদেরকে বলা হবে, আজ আর্তনাদ করো না। তোমরা আমার কাছ থেকে কোন সাহায্য

تُنْصَرُونَ ﴿٦٦﴾ قَدْ كَانَتْ آيَاتِي تُتْلَى عَلَيْكُمْ فَكُنْتُمْ عَلَى أَعْقَابِكُمْ تَنْكِصُونَ

তুনস্বারূন। ৬৬। ক্বাদ্ কা-নাত্ আ-ইয়া-তী তুত্লা- 'আলাইকুম্ ফাকুন্তুম্ 'আলা~'আ'কা-বিকুম তান্কিস্বূন।

পাবে না।' (৬৬) আমার আয়াত তো তোমাদের নিকট আবৃত্তি করা হত, তখন তোমরা উল্টো পায়ে পালাতে-

مُسْتَكْبِرِينَ بِهِ سَامِرًا تَهْجُرُونَ ﴿٦٧﴾ أَفَلَمْ يَدَّبَّرُوا الْقَوْلَ أَمْ جَاءَهُمْ مَا لَمْ يَأْتِ ﴿٦٨﴾

৬৭। মুস্তাক্বিরীনা বিহী সা-মিরান তাহ্জুরূন। ৬৮। আফালাম্ ইয়াদ্দাব্বারুল্ ক্বাওলা আম্ জ্বা—আহুম্ মা- লাম্ ইয়া'তি

(৬৭) অহংকার প্রদর্শন করে কুরআনের ব্যাপারে অর্থহীন গল্পগুজব করতে করতে।' (৬৮) তবে কি তারা এই কালামের ব্যাপারে চিন্তাভাবনা করে না? না তাদের নিকট এমন

০ টীকা (আঃ ৬১) ঃ মু'মেনদের পক্ষেও যেমন আল্লাহ্ তাআলার নিদর্শনসমূহের প্রতি বিশ্বাস স্থাপন করা ব্যতীত আরও নেক কাজসমূহ রয়েছে। অনুরূপভাবে তারাও শিরক-এর সঙ্গে সঙ্গে আরও বহু অসৎ কার্যে সর্বদা অভ্যস্ত থাকে। (বঃ কোঃ)

০ বিশ্লেষণ (আঃ ৬৭) ঃ به سمرا - به এর সম্বোধন অধিকাংশ তফসীরকারদের মতে البيت العتيق (কাবাগৃহ) অথবা হেরেম শরীফ। অর্থাৎ কা'বাগৃহের দায়িত্ব ও রক্ষণাবেক্ষণের ভার যে তাদের উপর ছিল তার অহংকারে তারা আল্লাহর আয়াতকে উপহাস করে বা অস্বীকার করে সেখান (পাঠের স্থান) থেকে চলে যেত। কেউ কেউ তার সম্বোধন কুরআনের দিকেও বলেছেন। (কুঃ কারীম)

أباءهم الاولين ﴿٦٩﴾ ام لم يعرفوا رسولهم فهم له منكرون ﴿٧٠﴾ ام يقولون

আ-বা—আহুমুল্ আওওয়ালীন। ৬৯। আম্ লাম্ ইয়া'রিফূ রাসূলাহুম্ ফাহুম্ লাহূ মুন্কিরূন। ৭০। আম্ ইয়াকূলূনা
কিছু এসেছে যা তাদের পূর্বপুরুষদের নিকট আসেনি ? (৬৯) নাকি তারা তাদের রসূলকে চেনে না বলে তাকে অস্বীকার করে? (৭০) নাকি তারা বলে,

به جنة ط بل جاءهم بالحق واكثرهم للحق كرهون ﴿٧١﴾ ولو اتبع الحق اهواءهم

বিহী জিন্নাহ্, বাল জ্বা—আহুম্ বিল্ হ্বাক্বক্বি ওয়া আক্ছারুহুম লিল্ হ্বাক্বক্বি কা-রিহূন। ৭১। ওয়া লাওয়িত তাবা'আল হ্বাক্বক্বু আহ্ওয়া—আহুম
তিনি পাগল; বরং তিনি তাদের নিকট সত্য নিয়ে এসেছেন এবং তাদের অধিকাংশই সত্যকে অপছন্দ করে। (৭১) দীনে হক যদি তাদের কামনা-বাসনার

لفسدت السموت والارض ومن فيهن ط بل اتينهم بذكرهم فهم عن ذكرهم

লাফাসাদাতিস সামা-ওয়া-তু ওয়াল্ আরদ্বু ওয়া মান্ ফীহিন্না ; বাল্ আতাইনা-হুম্ বিযিক্রিহিম্ ফাহুম্ 'আন যিক্রিহিম্
অনুগামী হত, তবে আসমান, যমীন এবং তার মধ্যবর্তী সব কিছুই বিপর্যস্ত হয়ে পড়ত; বরং তাদেরকে আমি উপদেশ দিয়েছি; কিন্তু তারা উপদেশ থেকে

معرضون ﴿٧٢﴾ ام تسئلهم خرجا فخراج ربك خير صلے وهو خير الرزقين ﴿٧٣﴾ وانك

মু'রিদ্বূন। ৭২। আম্ তাস্আলুহুম খারজান ফাখারা-জু রাব্বিকা খাইরুওঁ, ওয়াহুয়া খাইরুর রা-যিক্বীন। ৭৩। ওয়া ইন্নাকা
মুখ ফিরে রয়েছে। (৭২) আপনি কি তাদের কাছে কোন প্রতিদান চান? আপনার প্রতিপালকের প্রতিদানই শ্রেষ্ঠ এবং তিনিই শ্রেষ্ঠ রিযিকদাতা (৭৩) আপনি তো

لتدعوهم الى صراط مستقيم ﴿٧٤﴾ وان الذين لا يؤمنون بالاخرة عن

লাতাদ্'উহুম্ ইলা- স্বিরা-ত্বিম মুস্তাক্বীম। ৭৪। ওয়া ইন্নাল্ লাযীনা লা- ইউ'মিনূনা বিল্ আ-খিরাতি 'আনিস্ব
অবশ্যই তাদেরকে সরল পথে ডাকছেন। (৭৪) নিশ্চয় যারা আখেরাতের প্রতি ঈমান আনে না, তারা তো সরল পথ থেকে

الصراط لنكبون ﴿٧٥﴾ ولو رحمنهم وكشفنا ما بهم من ضر للجوا في طغيانهم

স্বিরা-ত্বি লানা-কিবূন। ৭৫। ওয়া লাও রাহ্বিম্না-হুম্ ওয়া কাশাফ্না- মা- বিহিম্ মিন দ্বুররিল্লাজ্বজু ফী ত্বুগ্ইয়া-নিহিম্
সরে পড়েছে। (৭৫) আমি তাদেরকে দয়া করলেও এবং তাদের দুঃখ- দুর্দশা দূর করলেও তারা বার বার অবাধ্যতায় বিভ্রান্ত হয়ে

يعمهون ﴿٧٦﴾ ولقد اخذنهم بالعذاب فما استكانوا لربهم وما يتضرعون ٥

ইয়া'মাহূন। ৭৬। ওয়া লাক্বাদ্ আখাযনা-হুম্ বিল্ 'আযা-বি ফামাস তাকা-নূ লিরাব্বিহিম ওয়া মা- ইয়াতাদ্বাররা'উন।
ঘুরতে থাকবে। (৭৬) আমি তাদেরকে আযাব দ্বারা পাকড়াও করেছিলাম, কিন্তু তারা তাদের প্রতিপালকের প্রতি বিনীত হল না এবং কাতর হয়ে প্রার্থনাও করল না।

﴿٧٧﴾ حتى اذا فتحنا عليهم بابا ذا عذاب شديد اذا هم فيه مبلسون ﴿٧٨﴾ وهو

৭৭। হ্বাত্তা~ইযা- ফাতাহ্না- 'আলাইহিম্ বা-বান যা- 'আযা-বিন শাদীদিন ইযা-হুম্ ফীহি মুবলিসূন। ৭৮। ওয়া হুওয়াল
(৭৭) এমনকি যখন আমি তাদের জন্য কঠিন আযাবের দুয়ার খুলে দেই, তখনই তারা এতে হতাশ হয়ে পড়ে। (৭৮) তিনিই

৪ ع ২৭ ৪ রুকূ

○ টীকা (আঃ ৭১) ঃ কেননা, সত্য ধর্মকে তাদের ইচ্ছার বশীভূত করে দিলে জগতে বিধর্মাচরণ ও অংশীবাদ ছড়াইয়া পড়ত। ফলে আল্লাহ তা'আলার গযব এসে তার প্রতিক্রিয়াস্বরূপ সমস্ত আসমান, যমীন এবং তন্মধ্যস্থিত সবকিছু ধ্বংস হয়ে যেত। কিয়ামতের পূর্বক্ষণে বিধর্মাচরণ ব্যাপক হওয়ায় কিয়ামত কায়েম হয়ে সবকিছু ধ্বংস হবে। (বঃ কোঃ) ○ শানে নুযূল (আঃ ৭৭) ঃ মক্কার কাফেরদের অবাধ্যাচরণের দরুন রাসূল (স) বদ-দো'আ করলে মক্কায় ভীষণ দুর্ভিক্ষ দেখা দিল। আবু সুফইয়ান হুযুর (স)-কে বলল, আপনি জগতের জন্য রহমত। কুরাইশরা আপনারই আত্মীয়। দো'আ করুন, যাতে দুর্ভিক্ষ দূর হয়। রাসূল (স) দো'আ করলে দুর্ভিক্ষ দূর হয়ে গেল, কিন্তু কুরাইশরা পুনরায় সে অবাধ্যাচরণ শুরু করল। এ সম্বন্ধে এ আয়াতগুলি নাযিল হয়। (কুঃ কাঃ)

الذي انشا لكم السمع والابصار والافئدة ط قليلا ما تشكرون ﴿٧٨﴾ وهو

লাযী~আনশাআ লাকুমুস সাম্'আ ওয়াল্ আব্স্বা-রা ওয়াল্ আফ্য়িদাহ্; ক্বালীলামমা- তাশ্কুরূন। ৭৯। ওয়া হুওয়াল্
তোমাদের জন্য কর্ণ, চক্ষু ও অন্তঃকরণ সৃষ্টি করেছেন। তোমরা অল্পই কৃতজ্ঞতা প্রকাশ করে থাক। (৭৯) তিনিই তোমাদেরকে

الذي ذراكم في الارض واليه تحشرون ﴿٧٩﴾ وهو الذي يحي ويميت

লাযী যারাআকুম ফিল্ আরদ্বি ওয়া ইলাইহি তুহ্শারূন। ৮০। ওয়া হুওয়াল্লাযী ইউহ্য়ী ওয়া ইউমীতু
পৃথিবীতে বিস্তার করেছেন এবং তাঁরই নিকট তোমাদেরকে সমবেত করা হবে (৮০) তিনিই জীবন দান করেন এবং মৃত্যু ঘটান

وله اختلاف اليل والنهار ط افلا تعقلون ﴿٨٠﴾ بل قالوا مثل ما قال

ওয়া লাহুখ্ তিলা-ফুল্ লাইলি ওয়ান্নাহা-র, আফালা- তা'ক্বিলূন। ৮১। বাল্ ক্বা-লূ মিছ্লা মা- ক্বা-লাল্
এবং তাঁরই বিধানে রাত ও দিন পরিবর্তিত হয়। তবুও কি তোমরা বুঝবে না? (৮১) তারপরও তারা তাদের পূর্ববর্তীদের মতই

الاولون ﴿٨١﴾ قالوا ءاذا متنا وكنا ترابا وعظاما ءانا لمبعوثون ﴿٨٢﴾ لقد وعدنا

আওওয়ালূন। ৮২। ক্বা-লূ~আ ইযা- মিত্না- ওয়া কুন্না- তুরা-বাওঁ ওয়া 'ইযা-মান আইন্না- লামাব্'উছূন। ৮৩। লাক্বাদ্ উ'য়িদ্না-
কথা বলে, (৮২) তারা বলে, 'আমাদের মৃত্যু ঘটলে এবং আমরা মাটি ও অস্থিতে পরিণত হলেও কি পুনরুত্থিত হব?' (৮৩) ইতিপূর্বে

نحن واباؤنا هذا من قبل ان هذا الا اساطير الاولين ﴿٨٣﴾ قل لمن الارض

নাহ্নু ওয়া আ-বা— উনা- হা-যা- মিন্ ক্বাবলু ইন্ হা-যা~ইল্লা~আসা-ত্বীরুল আওওয়ালীন। ৮৪। কুল্ লিমানিল্ আরদ্বু
আমাদেরকে এবং আমাদের পূর্বপুরুষদেরকেও এ ওয়াদা দেয়া হয়েছে। এ তো সেকালের উপকথা ছাড়া অন্য কিছু নয়।' (৮৪) বলুন, যদি তোমরা জান তবে বল,

ومن فيها ان كنتم تعلمون ﴿٨٤﴾ سيقولون لله ط قل افلا تذكرون ﴿٨٥﴾ قل من

ওয়া মান্ ফীহা~ইন্ কুন্তুম্ তা'লামূন। ৮৫। সাইয়াকূলূনা লিল্লা-হ; কুল্ আফালা- তাযাক্কারূন। ৮৬। কুল মার্
'পৃথিবী ও তার মধ্যে যা কিছু আছে তা কার? (৮৫) তারা বলবে, 'আল্লাহর।' বলুন, তবুও কি তোমরা উপদেশ গ্রহণ করবে না?' (৮৬) বলুন,

رب السموت السبع ورب العرش العظيم ﴿٨٦﴾ سيقولون لله ط قل افلا تتقون ٥

রাব্বুস্ সামা-ওয়া-তিস সাব্'য়ি ওয়া রাব্বুল্ 'আরশিল্ 'আযীম। ৮৭। সাইয়াকূলূনা লিল্লা-হ, কুল আফালা- তাত্তাকূন।
'কে সপ্তাকাশ এবং মহাআরশের অধিপতি ? (৮৭) তখন তারা বলবে, 'আল্লাহ।' বলুন, 'তবুও কি তোমরা সাবধান হবে না?'

﴿٨٧﴾ قل من بيده ملكوت كل شيء وهو يجير ولا يجار عليه ان كنتم تعلمون ٥

৮৮। কুল মাম্ বিইয়াদিহী মালাকূতু কুল্লি শাইয়িওঁ ওয়া হুওয়া ইউজীরু ওয়া লা- ইউজা-রু 'আলাইহি ইন কুন্তুম্ তা'লামূন।
(৮৮) বলুন, 'যদি তোমরা জান, তবে বল, সব কিছুর কর্তৃত্ব কার হাতে, যিনি রক্ষা করেন এবং যার কবল থেকে কেউ কাউকে রক্ষা করতে পারবে না?'

○ টীকা (আঃ ৮২) ঃ অর্থাৎ, তাঁর অসীম ক্ষমতার এ প্রমাণসমূহ দ্বারা তাঁর একত্ব এবং পুনরুত্থানের ক্ষমতা উভয়ই প্রমাণিত হয়। কিন্তু তবুও তোমরা মান না। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৮৪) ঃ তাহাদের এ উক্তিতে আল্লাহ্ তা'আলার ক্ষমতা অস্বীকার করা হচ্ছে এবং তদ্দ্বারা পুনরুত্থানে অবিশ্বাসের সঙ্গে সঙ্গে একত্ববাদের প্রতিও অবিশ্বাস প্রকাশ পাচ্ছে। সুতরাং উক্ত কথার উত্তরে আল্লাহ্ তা'আলার ক্ষমতা প্রমাণের সঙ্গে সঙ্গে সম্মুখের দিকে তাঁর একত্বও প্রমাণ করা হচ্ছে। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৮৬) ঃ ভাবিয়া দেখলেই তো আল্লাহ্ তা'আলার পুনর্জীবন দানের ক্ষমতা এবং তাঁর এককতা এই উভয়ের প্রমাণ পাবে। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৮৮) ঃ বরং তাঁর ক্ষমতা এবং পুনর্জীবন প্রদানের নিদর্শনসমূহ অবিশ্বাস করছ। (বঃ কোঃ)

﴿٨٨﴾ سيقولون لله ۚ قل فانى تسحرون ﴿٨٩﴾ بل اتينهم بالحق وانهم

৮৯। সাইয়াকূলূনা লিল্লা-হ; ক্বুল ফাআন্না- তুস্হ্বারূন। ৯০। বাল্ আতাইনা-হুম্ বিল হ্বাক্বক্বি ওয়া ইন্নাহুম
(৮৯) তারা বলবে, 'আল্লাহ্র।' বলুন, 'তাহলে তোমরা কিভাবে জাদুগ্রস্ত হচ্ছ?' (৯০) বরং আমি তো তাদের কাছে সত্যবাণী পৌঁছিয়েছি; কিন্তু তারা তো

لكذبون ﴿٩٠﴾ ما اتخذ الله من ولد وما كان معه من اله اذا لذهب كل اله

লাকা-যিবূন। ৯১। মাত্তাখাযাল্লা-হু মিওঁ ওয়ালাদিওঁ ওয়া মা- কা-না মা'আহূ মিন্ ইলা-হিন ইযাল্লাযাহাবা কুল্লু ইলা-হিম্
মিথ্যাবাদী। (৯১) আল্লাহ্ কোন সন্তান গ্রহণ করেননি এবং তাঁর সাথে কোন ইলাহও নেই; থাকলে প্রত্যেক উপাস্য স্ব স্ব সৃষ্টি নিয়ে বিভক্ত

بما خلق ولعلا بعضهم على بعض ۚ سبحن الله عما يصفون ﴿٩١﴾ علم الغيب

বিমা- খালাক্বা ওয়া লা'আলা- বা'দ্বুহুম 'আলা- বা'দ্ব, সুব্হ্বা-নাল্লা-হি 'আম্মা- ইয়াস্বিফূন। ৯২। 'আ-লিমিল্ গাইবি
হয়ে যেত এবং একে অন্যের উপর প্রাধান্য পেতে চাইত। তারা যা বলে তা থেকে আল্লাহ্ পবিত্র। (৯২) তিনি দৃশ্য ও অদৃশ্যের পরিজ্ঞাতা। তারা যাকে

والشهادة فتعلى عما يشركون ﴿٩٢﴾ قل رب اما ترينى ما يوعدون ﴿٩٣﴾ رب فلا

ওয়াশ্ শাহা-দাতি ফাতা'আ-লা- আম্মা- ইউশ্রিকূন। ৯৩। ক্বুর্ রাব্বি ইম্মা- তুরিয়ান্নী মা- ইউ'আদূন। ৯৪। রাব্বি ফালা-
শরীক করে তিনি তার বহু উর্ধ্বে। (৯৩) বলুন, 'হে আমার প্রতিপালক! যে আযাবের ওয়াদা সেই কাফেরদের সাথে করেছেন তা যদি আমাকে দেখাতে চান,' (৯৪) (তবে)

৫ রুকূ

تجعلنى فى القوم الظلمين ﴿٩٤﴾ وانا على ان نريك ما نعدهم لقدرون ﴿٩٥﴾ ادفع

তাজ্'আলনী ফিল্ ক্বাওমিয্ যোয়া-লিমীন। ৯৫। ওয়া ইন্না- 'আলা~আন্ নুরিইয়াকা মা- না'ইদুহুম লাক্বা-দিরূন। ৯৬। ইদ্ফা'
'আমাকে সেই জালিমদের অন্তর্ভুক্ত করবেন না।' (৯৫) আমি তাদের সাথে যে বিষয়ের ওয়াদা করেছি তা আপনাকে আমি অবশ্যই দেখাতে পারব। (৯৬) যা

بالتى هى احسن السيئة ۚ نحن اعلم بما يصفون ﴿٩٦﴾ وقل رب اعوذبك من

বিল্লাতী হিয়া আহ্বসানুস্ সাইয়্যিআহ; নাহ্বনু আ'লামু বিমা- ইয়াস্বিফূন। ৯৭। ওয়া ক্বুর্রাব্বি আ'ঊযুবিকা মিন্
উত্তম তা দিয়ে মন্দের জবাব দিন। তারা যা বলে আমি সে সম্বন্ধে সবিশেষ অবহিত। (৯৭) বলুন, 'হে আমার প্রতিপালক! আমি শয়তানের প্ররোচনা

همزت الشيطين ﴿٩٧﴾ واعوذبك رب ان يحضرون ﴿٩٨﴾ حتى اذا جاء

হামাযা-তিশ্ শায়া-ত্বীন। ৯৮। ওয়া আ'ঊযুবিকা রাব্বি আইঁ ইয়াহ্বদুরূন। ৯৯। হ্বাত্তা~ইযা- জ্বা— আ
থেকে আপনার পানাহ চাই, (৯৮) বলুন, 'হে আমার প্রতিপালক! আমি তাদের উপস্থিতি থেকে আপনার কাছে আশ্রয় প্রার্থনা করি,' (৯৯) যখন তাদের কারও

احدهم الموت قال رب ارجعون ﴿٩٩﴾ لعلى اعمل صالحا فيما تركت كلا ۚ انها

আহ্বাদাহুমুল মাওতু ক্বা-লা রাব্বির্জ্বি'উন। ১০০। লা'আল্লী~আ'মালু স্বা-লিহ্বান ফীমা- তারাক্তু কাল্লা-; ইন্নাহা-
কাছে মৃত্যু আসে তখন সে বলে, 'হে আমার প্রতিপালক! আমাকে পুনরায় (পৃথিবীতে) পাঠিয়ে দিন,' (১০০) 'যাতে আমি সৎকাজ করতে পারি, যা আমি

○ টীকা (আঃ ৯০) ঃ যার ফলে সব সূচনা স্বীকার করছে, কিন্তু উহার শেষফল, একত্ববাদ ও পুনরুত্থানে, অবিশ্বাস করছ। (বঃ কোঃ)
○ টীকা (আঃ ৯১) ঃ অর্থাৎ, যদি আল্লাহ্ তা'আলার সঙ্গী আরও মা'বূদ থাকত, তবে তার নিজ নিজ অংশ বণ্টন করে নিত। ফলে প্রত্যেকে অপরের অংশ ছিনিয়ে নেয়ার জন্য কাড়াকাড়ি করত। তাতে বিশৃঙ্খলার সৃষ্টি হত। কিন্তু কোন বিশৃঙ্খলা দেখা যাচ্ছে না। সুতরাং বুঝতে হবে যে, এক আল্লাহ্ ছাড়া দ্বিতীয় মা'বূদ নেই। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৯৬) ঃ এই আদেশটি জেহাদের আদেশের বিপরীত নয়। ইহা হুযুর (স)-এর ব্যক্তিগত ব্যাপার, আর জেহাদের আদেশ ধর্মীয় স্বার্থ রক্ষার ব্যাপার। ○ টীকা (আঃ ৯৭) ঃ এই প্রার্থনাটি 'নাউযুবিল্লাহ্' এই কারনে ছিল না যে, হুযুর (স)-এর দণ্ডিত হবার সম্ভাবনা ছিল; বরং এতে কাফেরদের প্রতি আগত শাস্তির ভয়াবহতা প্রকাশ করাই উদ্দেশ্য। (বঃ কোঃ)

كلمة هو قائلها ۚ ومن ورائهم برزخ الى يوم يبعثون ﴿١٠٠﴾ فاذا نفخ فى

কালিমাতুন হুওয়া ক্বা—য়িলুহা-; ওয়া মিওঁ ওয়ারা—য়িহিম্ বারযাখুন ইলা- ইয়াওমি ইয়ুব্'আছূন। ১০১। ফাইযা- নুফিখা ফিস্
পূর্বে করিনি।' কখনও তা হবার নয়। এ তো তার কথার কথা মাত্র। তাদের সম্মুখে পুনরুত্থান দিবস পর্যন্ত এক আড়াল থাকবে। (১০১) যখন শিঙ্গায় ফুক

الصور فلا انساب بينهم يومئذ ولا يتساءلون ﴿١٠١﴾ فمن ثقلت موازينه

স্বূরি ফালা~আনসা-বা বাইনাহুম্ ইয়াওমায়িযিওঁ ওয়া লা- ইয়াতাসা—আলূন। ১০২। ফামান্ ছাক্বুলাত্ মাওয়া-যীনুহূ
দেয়া হবে তখন তাদের পারস্পরিক আত্মীয়তা থাকবে না, কেউ কাউকে কিছু জিজ্ঞেসও করতে পারবে না। (১০২) আর যাদের পাল্লা

فاولئك هم المفلحون ﴿١٠٢﴾ ومن خفت موازينه فاولئك الذين خسروا

ফাউলা— য়িকা হুমুল্ মুফ্লিহ্বূন। ১০৩। ওয়া মান খাফ্ফাত্ মাওয়াযীনুহূ ফাউলা—য়িকাল্ লাযীনা খাসিরূ~
ভারী হবে, তারাই হবে সফল কাম। (১০৩) আর যাদের পাল্লা হালকা হবে তারাই নিজেদের ক্ষতি করেছে;

انفسهم فى جهنم خلدون ﴿١٠٣﴾ تلفح وجوههم النار وهم فيها كلحون ﴿١٠٤﴾ الم

আন্ফুসাহুম্ ফী জ্বাহান্নামা খা-লিদূন। ১০৪। তালফাহ্বু উজ্বূহাহুমুন্না-রু ওয়া হুম্ ফীহা- কা-লিহ্বূন। ১০৫। আলাম্
তারা জাহান্নামে চিরকাল থাকবে। (১০৪) অগ্নি তাদের চেহারা ঝলসে দিবে এবং তাদের চেহারা হবে বীভৎস; (১০৫) তোমাদের

تكن ايتى تتلى عليكم فكنتم بها تكذبون ﴿١٠٥﴾ قالوا ربنا غلبت علينا

তাকুন্ আ-ইয়া-তী তুত্লা- 'আলাইকুম ফাকুন্তুম্ বিহা- তুকায্যিবূন। ১০৬। ক্বা-লূ রাব্বানা- গালাবাত্ 'আলাইনা-
কাছে কি আমার আয়াতসমূহ পাঠ করা হয়নি? তোমরা তো তা মিথ্যা প্রতিপন্ন করতে। (১০৬) তারা বলবে, 'হে আমাদের প্রতিপালক! দুর্ভাগ্য আমাদেরকে ঘিরে নিয়েছিল

شقوتنا وكنا قوما ضالين ﴿١٠٦﴾ ربنا اخرجنا منها فان عدنا فانا ظلمون ﴿١٠٧﴾

শিক্ওয়াতুনা- ওয়া কুন্না- ক্বাওমান দ্বা— ল্লীন। ১০৭। রাব্বানা~আখরিজ্বনা- মিন্হা- ফাইন্ 'উদ্না- ফাইন্না- যোয়া-লিমূন।
এবং আমরা পথভ্রষ্ট জাতি ছিলাম। (১০৭) 'হে আমাদের প্রতিপালক! এ থেকে আমাদেরকে মুক্ত করুন, যদি পুনরায় আমরা তা করি, তবে আমরা অবশ্যই জালিম হব।

﴿١٠٧﴾ قال اخسئوا فيها ولا تكلمون ﴿١٠٨﴾ انه كان فريق من عبادى يقولون

১০৮। ক্বা-লাখ্সাউ ফীহা- ওয়া লা- তুকাল্লিমূন। ১০৯। ইন্নাহূ কা-না ফারীকুম্মিন 'ইবা-দী ইয়াকূলূনা
(১০৮) আল্লাহ্ বলবেন, 'তোমরা বিতাড়িত হয়ে এখানেই থাক ও আমার সঙ্গে কোন কথা বলবে না।' (১০৯) আমার বান্দাদের একদল বলত,

ربنا امنا فاغفر لنا وارحمنا وانت خير الرحمين ﴿١٠٩﴾ فاتخذتموهم سخريا

রাব্বানা~আ-মান্না- ফাগ্ফিরলানা- ওয়ার্ হ্বাম্না- ওয়া আন্তা খাইরুর রা-হ্বিমীন। ১১০। ফাত্তাখাযতুমূহুম্ সিখরিয়্যান
'হে আমাদের প্রতিপালক! আমরা ঈমান এনেছি; সুতরাং আপনি আমাদেরকে ক্ষমা ও রহম করুন, আপনিই তো শ্রেষ্ঠ দয়ালু।' (১১০) তাদেরকে তোমরা ঠাট্টার পাত্র

○ টীকা (আঃ ১০১) ঃ এই মৃত্যুই পৃথিবীতে তাদের প্রত্যাবর্তনের পথে প্রতিবন্ধকরূপে দণ্ডায়মান থাকবে। কেননা, মৃত্যু না ঘটিয়ে উপায় নেই। আবহমান কাল হতেই তাদের সম্মুখে মৃত্যুকালে এই বিপদ উপস্থিত হয়ে এসেছে। তখন সকলেই এরূপ আকাঙ্ক্ষা জ্ঞাপন করে এসেছে। কিন্তু কারও আকাঙ্ক্ষা পূর্ণ হয় নি। ○ টীকা (আঃ ১০২) ঃ মোটকথা, প্রত্যেকেই সেদিন নিজ নিজ চিন্তায় অস্থির থাকবে এবং কেহ কাউকে জিজ্ঞাসাবাদও করবে না যে, ভাই তুমি কি অবস্থায় আছ? তথায় আত্মীয়তাও কাজে আসবে না। পারস্পরিক বন্ধুত্বের পরিচয়ও না। একমাত্র ঈমানই তথায় কাজে আসবে। যার পরিচয় সাধারণ্যে প্রকাশের জন্য একটি দাঁড়িপাল্লা প্রতিষ্ঠিত হবে এবং উহা দ্বারা আকায়েদ ও আমল ওযন করা হবে। (বঃ কোঃ)

حتى انسوكم ذكرى وكنتم منهم تضحكون ﴿١١١﴾ انى جزيتهم اليوم بما

হাত্তা~আনসাওকুম্ যিক্‌রী ওয়া কুনতুম মিন্‌হুম্ তাদ্বহাকূন। ১১১। ইন্নী জ্বাযাইতুহুমুল্ ইয়াওমা বিমা-
বানিয়েছিলে। এমনকি তা তোমাদেরকে আমার কথা ভুলিয়ে দিয়েছিল। তোমরা তো তাদেরকে নিয়ে পরিহাস করতে। (১১১) 'আমি আজ তাদেরকে ধৈর্যধারণের

صبروا انهم هم الفائزون ﴿١١٢﴾ قل كم لبثتم فى الارض عدد سنين

স্বাবারূ~আন্নাহুম্ হুমুল্ ফা—য়িযূন। ১১২। ক্বা-লা কাম্ লাবিছতুম্ ফিল্ আরদ্বি 'আদাদা সিনীন।
প্রতিদান দিয়েছি যে, তারাই হয়েছে সফলকাম।' (১১২) আল্লাহ্ বলবেন, 'তোমরা পৃথিবীতে ক'বছর অবস্থান করেছিলে?'

﴿١١٣﴾ قالوا لبثنا يوما او بعض يوم فسئل العادين ﴿١١٤﴾ قل ان لبثتم الا قليلا

১১৩। ক্বা-লূ লাবিছনা- ইওয়ামান আও বা'দ্বা ইয়াওমিন্ ফাস্‌আলিল্ 'আ— দ্দীন। ১১৪। ক্বা-লা ইল্‌লাবিছতুম্ ইল্লা- ক্বালীলাল্‌লাও
(১১৩) তারা বলবে,'আমরা একদিন বা একদিনের কিছু সময় অবস্থান করেছি। নয়তো গণনাকারীদেরকে জিজ্ঞেস করুন।' (১১৪) তিনি বলবেন, 'তোমরা অল্পকালই

لو انكم كنتم تعلمون ﴿١١٥﴾ افحسبتم انما خلقنكم عبثا وانكم الينا لا

আন্নাকুম কুন্‌তুম তা'লামূন। ১১৫। আফা হ্বাসিব্‌তুম্ আন্নামা- খালাক্বনা-কুম্ 'আবাছাওঁ ওয়া আন্নাকুম্ ইলাইনা- লা-
অবস্থান করেছিলে, যদি তোমরা তা জানতে।' (১১৫) তোমরা কি মনে করেছিলে, আমি তোমাদেরকে অনর্থক সৃষ্টি করেছি এবং তোমরা আমার কাছে

ترجعون ﴿١١٦﴾ فتعلى الله الملك الحق لا اله الا هو رب العرش الكريم

তুরজ্বা'উন। ১১৬। ফাতা'আ-লাল্লা-হুল মালিকুল্ হ্বাক্বক্বু, লা~ইলা-হা ইল্লা- হুওয়া, রাব্‌বুল 'আর্‌শিল কারীম।
ফিরবে না? (১১৬) মহিমান্বিত আল্লাহ্, তিনিই প্রকৃত মালিক, তিনি ব্যতীত কোন ইলাহ নেই ; সুমহান আরশের প্রভু তিনিই।

﴿١١٧﴾ ومن يدع مع الله الها اخر لا برهان له به فانما حسابه عند ربه

১১৭। ওয়া মাঁই ইয়াদ্‌'উ মা'আল্লা-হি ইলা-হান আ-খারা, লা-বুর্‌হা-না লাহূ বিহী, ফাইন্নামা- হ্বিসা-বুহূ 'ইনদা রাব্‌বিহ;
(১১৭) যে ব্যক্তি আল্লাহ্‌র সঙ্গে অন্য উপাস্যকে ডাকে– যার স্বপক্ষে কোন সনদ নেই; তার হিসাব তার প্রতিপালকের নিকটেই রয়েছে।

انه لا يفلح الكفرون ﴿١١٨﴾ وقل رب اغفر وارحم وانت خير الرحمين

ইন্নাহূ লা- ইউফ্‌লিহুল কা-ফিরূন। ১১৮। ওয়া কুর্ রাব্‌বিগ্‌ফির ওয়ারহ্বাম ওয়া আন্‌তা খাইরুর্ রা-হ্বিমীন।
নিশ্চয় কাফেররা সফলকাম হবে না। (১১৮) বলুন, 'হে আমার প্রভু! ক্ষমা করুন ও অনুগ্রহ করুন। নিশ্চয় দয়ালুদের মধ্যে আপনিই তো শ্রেষ্ঠ দয়ালু।'

রুকূ ৬

০ বিশ্লেষণ (আঃ ১১৩) ঃ العادين - (গণনাকারী)-এর দ্বারা সে ফিরিশতাগণকে বুঝান হয়েছে। যারা মানুষের আমলসমূহ এবং বয়সসমূহ লিখে রাখার জন্য নির্দেশপ্রাপ্ত। অথবা সে সব ব্যক্তিদেরকে বুঝান হয়েছে, যারা হিসাব গণনায় অভিজ্ঞ। (কুঃ কারীম)

০ টীকা (আঃ ১১৫) ঃ অর্থাৎ, কি ভাল হত, যদি তোমরা পৃথিবীতে বুঝতে পারতে যে, পরকালের দীর্ঘতার তুলনায় পৃথিবীর জীবন হিসাবের যোগ্য নয়; বরং স্থায়ী বাসের জন্য ইহা ছাড়া অন্য কোন স্থান রয়েছে! কিন্তু তোমরা মনে করেছিল যে, জীবন শুধু পৃথিবীতেই সীমাবদ্ধ। এখন যে তোমাদের ভুল প্রকাশ পেয়েছে এবং ঠিক বুঝতে পেরেছ ইহা নিষ্ফল। (বঃ কোঃ)

০ টীকা (আঃ ১১৭) ঃ ১১৭ নং আয়াতে 'আল্লাহ্‌র সাথে' শব্দটি যোগ করে কাফেরদের প্রকৃত অবস্থা প্রকাশ করা হয়েছে। কেননা, তারা খোদার অস্তিত্ব স্বীকার করত। পক্ষান্তরে এই শব্দটি যোগ করার ফলে নাস্তিকদের স্বরূপ উদ্‌ঘাটিত হয়ে পড়েছে। কেননা, বহু মূর্তিপূজকরাও খোদার অস্তিত্ব অস্বীকার করে না। আর ইহারা কোন দেবতার উপাসনা না করেও খোদার অস্তিত্ব মানে না। মোটকথা, এবাদতের ইচ্ছাই এদের নেই। (বঃ কোঃ)

সূরা আন নূর
মাদানী

بسم الله الرحمن الرحيم

বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ৬৪
রুকূ ঃ ৯

﴿١﴾ سورة انزلنها وفرضنها وانزلنا فيها ايت بينت لعلكم تذكرون

১। সূরাতুন আন্‌যাল্‌না-হা- ওয়া ফারাদ্বনা-হা ওয়া আন্‌যাল্‌না- ফীহা~আ-ইয়া-তিম্ বাইয়্যিনা-তিল্ লা'আল্লাকুম্ তাযাক্‌কারূন।
(১) এ এক সূরা, যা আমিই নাযিল করেছি এবং ফরয করেছি এর বিধান। এতে আমি সুস্পষ্ট আয়াতসমূহ নাযিল করেছি, যাতে তোমরা নসীহত প্রাপ্ত হও।

﴿٢﴾ الزانية والزانى فاجلدوا كل واحد منهما مائة جلدة ولا تاخذكم

২। আয্‌যা-নিয়াতু ওয়ায্‌যা-নী ফাজ্বলিদূ কুল্লা ওয়া-হ্বিদিম্‌মিনহুমা- মিয়াতা জ্বাল্‌দাহ; ওয়ালা- তা'খুযকুম্
(২) ব্যভিচারিণী নারী ও ব্যভিচারী পুরুষ তাদের প্রত্যেককে একশ' বেত্রাঘাত করবে। আর আল্লাহ্‌র বিধান প্রতিষ্ঠা করার সময় তাদের

بهما رافة فى دين الله ان كنتم تؤمنون بالله واليوم الاخر وليشهد عذابهما

বিহিমা- রা'ফাতুন ফী দীনিল্লা-হি ইন্ কুন্‌তুম্ তু'মিনূনা- বিল্লা-হি ওয়াল ইয়াওমিল্ আ-খির, ওয়াল্ ইয়াশ্‌হাদ্ 'আযা-বাহুমা-
প্রতি দয়া যেন তোমাদেরকে প্রভাবিত না করে, যদি তোমরা আল্লাহ্ এবং পরকালের প্রতি বিশ্বাসী হও। আর ঈমানদারদের একটি দল যেন তাদের শাস্তির

طائفة من المؤمنين ﴿٣﴾ الزانى لا ينكح الا زانية او مشركة والزانية لا

ত্বা—য়িফাতুম্‌মিনাল্ মু'মিনীন। ৩। আয্‌যা-নী লা- ইয়ান্‌কিহু ইল্লা- যা-নিয়াতান আও মুশ্‌রিকাতাওঁ, ওয়ায্‌যা-নিয়াতু লা-
সময় উপস্থিত থাকে। (৩) ব্যভিচারী পুরুষ কেবল ব্যভিচারিণী নারী অথবা মুশরিকা নারীকেই বিবাহ করবে এবং ব্যভিচারিণী মহিলাকে

ينكحها الا زان او مشرك وحرم ذلك على المؤمنين ﴿٤﴾ والذين يرمون

ইয়ানকিহুহা~ইল্লা- যা-নিন আও মুশ্‌রিক, ওয়া হুর্‌রিমা যা-লিকা 'আলাল্ মু'মিনীন। ৪। ওয়াল্‌লাযীনা ইয়ার্‌মূনাল্
কেবল ব্যভিচারী বা মুশরিক পুরুষই বিয়ে করবে এবং মুমিনদের জন্য এদেরকে হারাম করা হয়েছে। (৪) যারা সতী

المحصنت ثم لم ياتوا باربعة شهداء فاجلدوهم ثمنين جلدة ولا

মুহ্‌স্বানা-তি ছুম্মা লাম্ ইয়া'তূ বিআর্‌বা'আতি শুহাদা—আ ফাজ্বলিদূহুম্ ছামা-নীনা জ্বাল্‌দাতাওঁ ওয়ালা-
নারীর প্রতি অপবাদ আরোপ করে এবং এর স্বপক্ষে চারজন সাক্ষী উপস্থিত করে না, তাদেরকে আশিটি বেত্রাঘাত করবে এবং

০ বিশ্লেষণ (আঃ ২) ঃ ......فاجلدوا - এ শাস্তি সে ব্যভিচারী ও ব্যভিচারিণীর জন্য, যে স্বাধীন, বোধশক্তি সম্পন্ন, বয়ঃপ্রাপ্ত (বালেগ) এবং অবিবাহিত। অথবা বিবাহ করার পরে যৌন সম্ভোগ (সহবাস) করেনি, এবং যে স্বাধীন নয়। তার জন্য পঞ্চাশ কোড়ার অধিক নয় এবং যে মুসলমান স্বাধীন, বোধশক্তিসম্পন্ন বালেগ এবং বিবাহিত তার শাস্তি রজম (প্রস্তরাঘাতে হত্যা)। (তাঃ ওসমানী)

০ বিশ্লেষণ (আঃ ৩) ঃ حرم ذلك - অর্থাৎ যে পুরুষ ও মহিলা এ কুঅভ্যাসে লিপ্ত তার জন্য এটা কখনো উচিত হবে না যে, সে একজন চরিত্রবান মুসলমানের সাথে তার স্বামী-স্ত্রী ও পারিবারিক সম্পর্ক কায়েম করে। তার কু-চরিত্র এবং কুঅভ্যাসের প্রেক্ষিতে তার মতই অথবা তার চেয়েও জঘন্য চরিত্রের কোন (মুশরিক) পুরুষ মহিলার সাথে তার সম্পর্ক হওয়া উচিৎ। (তাঃ ওসমানী)

০ বিশ্লেষণ (আঃ ৪) ঃ فاجلدوهم - এখানে মিথ্যা অপবাদকারীর শাস্তি সম্পর্কে বলা হয়েছে। যে ব্যক্তি কোন পবিত্র সতী মহিলা অথবা পুরুষের উপর ব্যভিচারের অপবাদ দেয় অনুরূপভাবে যে মহিলা কোন পবিত্র সৎ পুরুষ অথবা মহিলার উপর ব্যভিচারের অপবাদ দেয় এবং তাদের এ ব্যাপারে চারজন সাক্ষী উপস্থিত করতে পারে না। তখন তার জন্য তিনটি হুকুম ঃ ১. তাকে আশিটি কোড়া (দোররা) দেয়া, ২. তার সাক্ষী গ্রহণ না করা, ৩. এবং সে আল্লাহ তা'আলা ও মানুষের কাছে ফাসিক (বিশৃংখলাকারী পাপী) বলে গণ্য।

تَقْبَلُوا لَهُمْ شَهَادَةً اَبَدًا ۚ وَاُولٰٓئِكَ هُمُ الْفٰسِقُوْنَ ﴿٥﴾ اِلَّا الَّذِيْنَ تَابُوْا مِنْۢ بَعْدِ

তাক্বালূ লাহুম্ শাহা-দাতান আবাদা-, ওয়া উলা~য়িকা হুমুল ফা-সিকূন। ৫। ইল্লাল্লাযীনা তা-বূ মিম্ বা'দি
কখনও তাদের সাক্ষ্য গ্রহণ করবে না। এরাই তো সত্যত্যাগী। (৫) যদি এরপর তারা তওবা করে ও নিজেকে সংশোধন করে

ذٰلِكَ وَاَصْلَحُوْا ۚ فَاِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿٦﴾ وَالَّذِيْنَ يَرْمُوْنَ اَزْوَاجَهُمْ وَلَمْ

যা-লিকা ওয়া আস্লাহূ, ফাইন্নাল্লা-হা গাফূরুর রাহীম। ৬। ওয়াল্লাযীনা ইয়ারমূনা আয্ওয়া-জাহুম্ ওয়া লাম
নেয়, তবে নিশ্চয় আল্লাহ্ ক্ষমাশীল ও পরম দয়ালু। (৬) আর যারা তাদের স্ত্রীদের প্রতি অপবাদ আরোপ করে এবং নিজেদের ছাড়া

يَكُنْ لَّهُمْ شُهَدَآءُ اِلَّآ اَنْفُسُهُمْ فَشَهَادَةُ اَحَدِهِمْ اَرْبَعُ شَهٰدٰتٍۭ بِاللّٰهِ ۙ اِنَّهٗ

ইয়াকুল্লাহুম্ শুহাদা—উ ইল্লা~আনফুসুহুম্ ফাশাহা-দাতু আহাদিহিম আর্বা'উ শাহা-দাতা-তিম্ বিল্লা-হি, ইন্নাহূ
তাদের অন্য কোন সাক্ষী না থাকে, এরূপ ব্যক্তির সাক্ষ্য এভাবে হবে যে, সে আল্লাহ্র শপথ করে চারবার এই বলে সাক্ষ্য দেবে,

لَمِنَ الصّٰدِقِيْنَ ﴿٧﴾ وَالْخَامِسَةُ اَنَّ لَعْنَتَ اللّٰهِ عَلَيْهِ اِنْ كَانَ مِنَ الْكٰذِبِيْنَ ﴿٨﴾ وَيَدْرَؤُا

লামিনাস্ স্বা-দিক্বীন। ৭। ওয়াল্ খা-মিসা-তু আন্না লা'নাতাল্লা-হি 'আলাইহি ইন কা-না মিনাল্ কা-যিবীন। ৮। ওয়া ইয়াদ্রাউ
সে অবশ্যই সত্যবাদী, (৭) এবং পঞ্চমবার বলবে, 'সে মিথ্যাবাদী হলে তার উপর আল্লাহ্র গজব নেমে আসবে।' (৮) আর স্ত্রীর

عَنْهَا الْعَذَابَ اَنْ تَشْهَدَ اَرْبَعَ شَهٰدٰتٍۭ بِاللّٰهِ ۙ اِنَّهٗ لَمِنَ الْكٰذِبِيْنَ ۙ

'আনহাল্ 'আযা-বা আন্ তাশ্হাদা আর্বা'আ শাহা-দা-তিম্ বিল্লা-হি, ইন্নাহূ লামিনাল্ কা-যিবীন।
শাস্তি রহিত করা হবে যদি সে চারবার আল্লাহ্র শপথ করে এমর্মে সাক্ষ্য দেয় যে, তার স্বামী অবশ্যই মিথ্যাবাদী।

﴿٩﴾ وَالْخَامِسَةَ اَنَّ غَضَبَ اللّٰهِ عَلَيْهَآ اِنْ كَانَ مِنَ الصّٰدِقِيْنَ ﴿١٠﴾ وَلَوْلَا فَضْلُ اللّٰهِ

৯। ওয়াল খা-মিসাতা আন্না গাদ্বাবাল্লা-হি 'আলাইহা~ইন্ কা-না মিনাস্ স্বা-দিক্বীন। ১০। ওয়া লাওলা- ফাদ্বলুল্লা-হি
(৯) এবং পঞ্চমবার বলবে,'তার স্বামী সত্যবাদী হলে তার নিজের উপর আল্লাহ্র গযব নেমে আসবে।' (১০) আর তোমাদের প্রতি আল্লাহ্র

عَلَيْكُمْ وَرَحْمَتُهٗ وَاَنَّ اللّٰهَ تَوَّابٌ حَكِيْمٌ ﴿١١﴾ اِنَّ الَّذِيْنَ جَآءُوْ بِالْاِفْكِ عُصْبَةٌ

'আলাইকুম্ ওয়া রাহ্মাতুহূ ওয়া আন্নাল্লা-হা তাওওয়াবুন হাকীম্। ১১। ইন্নাল্লাযীনা জ্বা—উ বিল্ইফকি 'উস্ববাতুম্
অনুগ্রহ ও দয়া না থাকলে এবং আল্লাহ্ তওবাগ্রহণকারী ও প্রজ্ঞাময়ী না হলে তোমাদের বড় ক্ষতি হয়ে যেত। (১১) যারা এই জঘন্য মিথ্যা অপবাদ রটনা করেছে

ع ১০ ৭ রুকূ

مِنْكُمْ ۭ لَا تَحْسَبُوْهُ شَرًّا لَّكُمْ ۭ بَلْ هُوَ خَيْرٌ لَّكُمْ ۭ لِكُلِّ امْرِئٍ مِّنْهُمْ مَّا اكْتَسَبَ

মিনকুম; লা- তাহ্সাবূহু শার্রাল্লাকুম্, বাল্ হুওয়া খাইরুল্লাকুম; লিকুল্লিমরিইম মিনহুম্মাক্তাসাবা
তারা তোমাদেরই একটি দল। একে তোমাদের নিজেদের জন্য অকল্যাণ মনে করো না; বরং তা তোমাদের জন্য কল্যাণকর। তাদের প্রত্যেকের ততটুকুই আছে,

مِنَ الْاِثْمِ ۚ وَالَّذِيْ تَوَلّٰى كِبْرَهٗ مِنْهُمْ لَهٗ عَذَابٌ عَظِيْمٌ ﴿١٢﴾ لَوْلَآ اِذْ سَمِعْتُمُوْهُ ظَنَّ

মিনাল্ ইছ্ম, ওয়াল্লাযী তাওল্লা- কিব্রাহূ মিন্হুম্ লাহূ 'আযা-বুন 'আযীম। ১২। লাও লা~ইয সামি'তুমূহু যান্নাল্
যতটুকু সে পাপ করেছে এবং তাদের মধ্যে যে এর প্রধান ভূমিকায় ছিল তার জন্য রয়েছে কঠিন আযাব। (১২) তোমরা এ কথা শোনার পর

الْمُؤْمِنُوْنَ وَالْمُؤْمِنٰتُ بِاَنْفُسِهِمْ خَيْرًا ۙ وَّقَالُوْا هٰذَآ اِفْكٌ مُّبِيْنٌ ﴿١٣﴾ لَوْلَا جَآءُوْ

মু'মিনূনা ওয়াল্ মু'মিনা-তু বিআন্ফুসিহিম্ খাইরাওঁ, ওয়া ক্বা-লূ হা-যা~ইফ্কুম্মুবীন। ১৩। লাওলা- জ্বা—উ
মুমিন পুরুষ ও নারীরা কেন নিজেদের বিষয়ে সৎ ধারণা করনি এবং বলনি 'এ তো প্রকাশ্য অপবাদ?' (১৩) তারা কেন এ

عَلَيْهِ بِاَرْبَعَةِ شُهَدَآءَ ۚ فَاِذْ لَمْ يَاْتُوْا بِالشُّهَدَآءِ فَاُولٰٓئِكَ عِنْدَ اللّٰهِ هُمُ الْكٰذِبُوْنَ ﴿

'আলাইহি বিআরবা 'আতি শুহাদা—আ, ফাইযলাম্ ইয়া'তূ বিশ্শুহাদা—য়ি ফাউলা—য়িকা 'ইন্দাল্লা-হি হুমুল্ কা-যিবূন।
ব্যাপারে চারজন সাক্ষী উপস্থিত করেনি? সুতরাং তারা যেহেতু সাক্ষী উপস্থিত করেনি সে কারণে তারা আল্লাহ্র কাছে মিথ্যাবাদী।

﴿١٤﴾ وَلَوْلَا فَضْلُ اللّٰهِ عَلَيْكُمْ وَرَحْمَتُهٗ فِي الدُّنْيَا وَالْاٰخِرَةِ لَمَسَّكُمْ فِيْ مَآ اَفَضْتُمْ

১৪। ওয়া লাওলা- ফাদ্বলুল্লা-হি 'আলাইকুম ওয়া রাহ্মাতুহূ ফিদ্ দুন্ইয়া- ওয়াল্ আ-খিরা-তি লামাস্সাকুম্ ফী মা~আফাদ্বতুম্
(১৪) ইহলোকে ও পরলোকে তোমাদের প্রতি আল্লাহ্র অনুগ্রহ ও দয়া না থাকলে, তোমরা যাতে লিপ্ত ছিলে তার জন্য কঠিন আযাব তোমাদেরকে

فِيْهِ عَذَابٌ عَظِيْمٌ ﴿١٥﴾ اِذْ تَلَقَّوْنَهٗ بِاَلْسِنَتِكُمْ وَتَقُوْلُوْنَ بِاَفْوَاهِكُمْ مَّا لَيْسَ لَكُمْ

ফীহি 'আযা-বুন 'আযীম। ১৫। ইয্ তালাক্ক্বাওনাহূ বিআল্সিনাতিকুম ওয়াতাকূলূনা বিআফ্ওয়া-হিকুম্ মা- লাইসা লাকুম্
পাকড়াও করত। (১৫) যখন তোমরা মুখে মুখে এ কথা প্রচার করছিলে এবং এমন বিষয় মুখে উচ্চারণ করছিলে যার কোন জ্ঞান তোমাদের

بِهٖ عِلْمٌ وَّتَحْسَبُوْنَهٗ هَيِّنًا ۖ وَّهُوَ عِنْدَ اللّٰهِ عَظِيْمٌ ﴿١٦﴾ وَلَوْلَآ اِذْ سَمِعْتُمُوْهُ قُلْتُمْ مَّا يَكُوْنُ

বিহী 'ইলমুওঁ ওয়া তাহ্সাবূনাহূ হাইয়িনাওঁ; ওয়া হুওয়া 'ইন্দাল্লা-হি 'আযীম। ১৬। ওয়ালাও লা~ইয সামি'তুমূহু ক্বুলতুম্ মা- ইয়াকূনু
ছিল না এবং তোমরা একে হালকা বিষয় মনে করেছিলে। অথচ আল্লাহ্র কাছে এ ছিল গুরুতর বিষয়। (১৬) যখন তোমরা এ কথা শুনলে তখন কেন বললে না-

لَنَآ اَنْ نَّتَكَلَّمَ بِهٰذَا ۖ سُبْحٰنَكَ هٰذَا بُهْتَانٌ عَظِيْمٌ ﴿١٧﴾ يَعِظُكُمُ اللّٰهُ اَنْ تَعُوْدُوْا

লানা~আন্ নাকাতাল্লামা বিহা-যা-; সুব্হা-নাকা হা-যা- বুহ্তা-নুন 'আযীম্। ১৭। ইয়া'ইযুকুমুল্লা-হু আন্ তা'উদূ
'এ বিষয়ে কথা বলা আমাদের উচিত নয়; আল্লাহ্ই পবিত্র, মহান, এ তো এক গুরুতর অপবাদ? (১৭) আল্লাহ তোমাদেরকে উপদেশ দিচ্ছেন, 'তোমরা যদি ঈমানদার

لِمِثْلِهٖٓ اَبَدًا اِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ ﴿١٨﴾ وَيُبَيِّنُ اللّٰهُ لَكُمُ الْاٰيٰتِ ۭ وَاللّٰهُ عَلِيْمٌ حَكِيْمٌ ﴿

লিমিছ্লিহী~আবাদান ইন্ কুন্তুম মু'মিনীন। ১৮। ওয়া ইউবাইয়িনুল্লা-হু লাকুমুল আ-ইয়া-তি, ওয়াল্লা-হু 'আলীমুন হাকীম।
হও, তবে পুনরায় কখনও এরূপ আচরণ করো না। (১৮) আল্লাহ্ তোমাদের জন্য তাঁর আয়াতসমূহ সুস্পষ্ট রূপে বর্ণনা করেন এবং আল্লাহ্ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।

﴿١٩﴾ اِنَّ الَّذِيْنَ يُحِبُّوْنَ اَنْ تَشِيْعَ الْفَاحِشَةُ فِي الَّذِيْنَ اٰمَنُوْا لَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ۙ فِي

১৯। ইন্নাল্লাযীনা ইউহ্বিবূনা আন্ তাশী'আল্ ফা-হিশাতু ফিল্লাযীনা আ-মানূ লাহুম্ 'আযা-বুন আলীমুন, ফিদ্
(১৯) মুমিনদের মধ্যে যারা অশ্লীলতার চর্চা পছন্দ করে, তাদের জন্য রয়েছে ইহলোকে ও পরলোকে

الدُّنْيَا وَالْاٰخِرَةِ ۭ وَاللّٰهُ يَعْلَمُ وَاَنْتُمْ لَا تَعْلَمُوْنَ ﴿٢٠﴾ وَلَوْلَا فَضْلُ اللّٰهِ عَلَيْكُمْ وَرَحْمَتُهٗ

দুনইয়া- ওয়াল্ আ-খিরাহ্; ওয়াল্লা-হু ইয়া'লামু ওয়া আন্তুম্ লা- তা'লামূন। ২০। ওয়া লাওলা- ফাদ্বলুল্লা-হি 'আলাইকুম ওয়া রাহ্মাতুহূ
কঠিন আযাব। আর আল্লাহ্ জানেন এবং তোমরা জান না। (২০) তোমাদের প্রতি আল্লাহ্র অনুগ্রহ ও দয়া না থাকলে এবং আল্লাহ্ স্নেহময়

وَاَنَّ اللّٰهَ رَءُوْفٌ رَّحِيْمٌ ﴿٢١﴾ يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَتَّبِعُوْا خُطُوٰتِ الشَّيْطٰنِ ؕ

ওয়া আন্নাল্লা-হা রাউফুর্ রাহীম। ২১। ইয়া~আইয়্যুহাল লাযীনা আ-মানূ- লা- তাত্তা-বি'উ খুতুওয়া-তিশ্ শাইত্বা-ন,

ও পরম দয়ালু না হলে তোমাদের কেউ রেহাই পেতে না। (২১) হে মুমিনগণ! তোমরা শয়তানের পদাঙ্ক অনুসরণ করো না।

وَمَنْ يَّتَّبِعْ خُطُوٰتِ الشَّيْطٰنِ فَاِنَّهٗ يَاْمُرُ بِالْفَحْشَآءِ وَالْمُنْكَرِ ؕ وَلَوْلَا فَضْلُ اللّٰهِ

ওয়া মাই ইয়াত্তাবি' খুতুওয়া-তিশ্ শাইত্বা-নি ফাইন্নাহূ ইয়া'মুরু বিল্ ফাহ্শা—য়ি ওয়াল্ মুনকার; ওয়া লাওলা- ফাদ্বলুল্লা-হি

কেউ শয়তানের পদাঙ্ক অনুসরণ করলে মনে রেখ, শয়তান নিশ্চয় অশ্লীলতা ও মন্দ কাজের নির্দেশ দেয়। তোমাদের প্রতি আল্লাহ্‌র

عَلَيْكُمْ وَرَحْمَتُهٗ مَا زَكٰى مِنْكُمْ مِّنْ اَحَدٍ اَبَدًا ۙ وَّلٰكِنَّ اللّٰهَ يُزَكِّيْ مَنْ يَّشَآءُ ؕ

'আলাইকুম্ ওয়া রাহ্মাতুহূ মা- যাকা- মিন্‌কুম মিন্ আহাদিন আবাদাওঁ, ওয়া লা-কিন্নাল্লা-হা ইউযাক্কী মাই ইয়াশা—উ;

অনুগ্রহ ও দয়া না থাকলে তোমাদের কেউ কখনও পরিশুদ্ধ হতে পারতে না। তবে আল্লাহ্ যাকে ইচ্ছা পরিশুদ্ধ করে থাকেন

وَاللّٰهُ سَمِيْعٌ عَلِيْمٌ ﴿٢٢﴾ وَلَا يَاْتَلِ اُولُوا الْفَضْلِ مِنْكُمْ وَالسَّعَةِ اَنْ يُّؤْتُوْۤا اُولِى

ওয়াল্লা-হু সামী'উন 'আলীম। ২২। ওয়া লা- ইয়া'তালি উলুল্ ফাদ্বলি মিন্‌কুম্ ওয়াস্ সা'আতি আই ইউ'তূ~উলিল্

এবং আল্লাহ্ সর্বশ্রোতা, সর্বজ্ঞ। (২২) তোমাদের মধ্যে যারা মর্যাদাবান ও প্রাচুর্যের অধিকারী, তারা যেন এ শপথ না করে যে, তারা আত্মীয়-স্বজন, অভাবগ্রস্ত

الْقُرْبٰى وَالْمَسٰكِيْنَ وَالْمُهٰجِرِيْنَ فِيْ سَبِيْلِ اللّٰهِ ۖۚ وَلْيَعْفُوْا وَلْيَصْفَحُوْا ؕ اَلَا

কুর্বা- ওয়াল্ মাসা-কীনা ওয়াল্ মুহা-জ্বিরীনা ফী সাবীলিল্লা-হ; ওয়াল ইয়া'ফূ ওয়াল্ ইয়াস্ফাহূ; আলা-

এবং আল্লাহর পথে হিজরতকারীদেরকে কিছু দেবে না। তারা যেন তাদেরকে ক্ষমা করে ও তাদের দোষ- ত্রুটি উপেক্ষা করে। তোমরা কি

تُحِبُّوْنَ اَنْ يَّغْفِرَ اللّٰهُ لَكُمْ ؕ وَاللّٰهُ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿٢٣﴾ اِنَّ الَّذِيْنَ يَرْمُوْنَ الْمُحْصَنٰتِ

তুহিব্বূনা আই ইয়াগ্‌ফিরাল্লা-হু লাকুম; ওয়াল্লা-হু গাফূরুর রাহীম। ২৩। ইন্নাল্‌লাযীনা ইয়ারমূনাল্ মুহ্‌স্বানা-তিল্

পছন্দ কর না, আল্লাহ্ তোমাদেরকে ক্ষমা করেন? আল্লাহ্ ক্ষমাশীল ও পরম দয়ালু। (২৩) যারা মুমিনা সতী ও নিরীহ নারীদের প্রতি

الْغٰفِلٰتِ الْمُؤْمِنٰتِ لُعِنُوْا فِى الدُّنْيَا وَالْاٰخِرَةِ ۖ وَلَهُمْ عَذَابٌ عَظِيْمٌ ﴿٢٤﴾ يَّوْمَ

গা-ফিলা-তিল মু'মিনা-তি লু'ইনূ ফিদ্ দুন্ইয়া- ওয়াল্ আ-খিরা, ওয়ালাহুম্ 'আযা-বুন 'আযীম। ২৪। ইয়াওমা

অপবাদ আরোপ করে তারা ইহলোকে ও পরলোকে অভিশপ্ত হবে এবং তাদের জন্য রয়েছে মহা আযাব। (২৪) সেদিন তাদের

تَشْهَدُ عَلَيْهِمْ اَلْسِنَتُهُمْ وَاَيْدِيْهِمْ وَاَرْجُلُهُمْ بِمَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿٢٥﴾ يَوْمَئِذٍ يُّوَفِّيْهِمُ

তাশ্হাদু 'আলাইহিম্ আলসিনাতুহুম্ ওয়া আইদীহিম্ ওয়া আর্জুলুহুম্ বিমা- কা-নূ ইয়া'মালূন। ২৫। ইয়াওমাইযিঁই ইউ ওয়াফ্‌ফীহিমুল

বিরুদ্ধে তাদের জিহ্বা,তাদের হাত ও তাদের পা তাদের কৃতকর্ম সম্বন্ধে সাক্ষ্য দেবে– (২৫) সে দিন আল্লাহ্ তাদের প্রাপ্য

○ শানে নুযূল (আঃ ২২) ঃ ولا يأتل - হযরত আয়শার (রা) বিরুদ্ধে মিথ্যা অপবাদ রটনাকারীদের মধ্যে কতিপয় মুসলমান অজ্ঞতার কারণে জড়িত হয়ে পড়েছিল। তার মধ্যে একজন ছিলেন হযরত মাসতাহ। যিনি একজন গরীব মুহাজের ছিলেন। এছাড়াও তিনি হযরত আবু বকরের (রা) আত্মীয় (খালাতো ভাই) ছিলেন। তিনি তাকে আর্থিক দিক দিয়ে অনেক সাহায্যও করেছিলেন। যখন হযরত আয়শার (রা) অপবাদের ব্যাপারে সে জড়িয়ে পড়ল। তখন হযরত আবু বকর (রা) তাকে সাহায্য করা বন্ধ করে দিলেন। এ প্রেক্ষিতে এ আয়াত নাযিল হয়।

اللّٰهُ دِيْنَهُمُ الْحَقَّ وَيَعْلَمُوْنَ اَنَّ اللّٰهَ هُوَ الْحَقُّ الْمُبِيْنُ ﴿٢٥﴾ اَلْخَبِيْثٰتُ لِلْخَبِيْثِيْنَ

লা-হু দীনাহুমুল হাক্কা ওয়া ইয়া'লামূনা আন্নাল্লা-হা হুওয়াল্ হাক্কুল্ মুবীন। ২৬। আল্ খাবীছা-তু লিল্‌খাবীছীনা

প্রতিদান পুরোপুরি দেবেন এবং তারা জানতে পারবে, আল্লাহ্ই সত্য, স্পষ্ট ব্যক্তকারী। (২৬) দুশ্চরিত্রা নারী দুশ্চরিত্র পুরুষের জন্য;

وَالْخَبِيْثُوْنَ لِلْخَبِيْثٰتِ ۚ وَالطَّيِّبٰتُ لِلطَّيِّبِيْنَ وَالطَّيِّبُوْنَ لِلطَّيِّبٰتِ ۚ اُولٰٓئِكَ

ওয়াল্ খাবীছূনা লিল্ খাবীছা-তি, ওয়াত্ব ত্বায়্যিবা-তু লিত্ব ত্বাইয়্যিবীনা ওয়াত্ব ত্বাইয়্যিবূনা লিত্ব ত্বাইয়্যিবা-ত, উলা—য়িকা

দুশ্চরিত্র পুরুষ দুশ্চরিত্রা নারীর জন্য; সচ্চরিত্রা নারী সচ্চরিত্র পুরুষের জন্য এবং সচ্চরিত্র পুরুষ সচ্চরিত্রা নারীর জন্য। তাদের ব্যাপারে তারা

مُبَرَّءُوْنَ مِمَّا يَقُوْلُوْنَ ؕ لَهُمْ مَّغْفِرَةٌ وَّرِزْقٌ كَرِيْمٌ ﴿٢٦﴾ يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَدْخُلُوْا

মুবার্‌রাউনা মিম্মা- ইয়া'কূলূনা, লাহুম্‌মাগ্‌ফিরাতুওঁ ওয়া রিয্‌কুন কারীম। ২৭। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ লা-তাদ্‌খুলূ

যা বলে তারা তা থেকে পবিত্র। তাদের জন্য রয়েছে ক্ষমা এবং সম্মানজনক জীবিকা। (২৭) হে ঈমানদারগণ! তোমরা নিজেদের ঘর

بُيُوْتًا غَيْرَ بُيُوْتِكُمْ حَتّٰى تَسْتَاْنِسُوْا وَتُسَلِّمُوْا عَلٰۤى اَهْلِهَا ؕ ذٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ لَعَلَّكُمْ

বুয়ূতান গাইরা বুয়ূতিকুম্ হাত্তা- তাস্তা'নিসূ ওয়া তুসাল্লিমূ 'আলা~আহ্‌লিহা-; যা-লিকুম্ খাইরুল্লাকুম্ লা'আল্লাকুম্

ছাড়া অন্য কারও ঘরে তাদের অনুমতি না নিয়ে ও তাদেরকে সালাম না দিয়ে প্রবেশ করো না। এটিই তোমাদের জন্য উত্তম, যাতে তোমরা

تَذَكَّرُوْنَ ﴿٢٧﴾ فَاِنْ لَّمْ تَجِدُوْا فِيْهَاۤ اَحَدًا فَلَا تَدْخُلُوْهَا حَتّٰى يُؤْذَنَ لَكُمْ ۚ وَاِنْ

তাযাক্‌কারূন। ২৮। ফাইল্‌লাম্ তাজ্বিদূ ফীহা~আহাদান ফালা- তাদখুলূহা- হাত্তা- ইউ'যানা লাকুম্, ওয়া ইন্

সতর্ক হতে পার। (২৮) যদি তোমরা ঘরে কাউকেও না পাও, তবে তোমাদেরকে যতক্ষণ না অনুমতি দেয়া হয়, ততক্ষণ তাতে প্রবেশ করবে না।

قِيْلَ لَكُمُ ارْجِعُوْا فَارْجِعُوْا هُوَ اَزْكٰى لَكُمْ ؕ وَاللّٰهُ بِمَا تَعْمَلُوْنَ عَلِيْمٌ ﴿٢٨﴾ لَيْسَ

ক্বীলা লাকুমুরজ্বি'উ ফারজ্বি'উ হুওয়া আযকা- লাকুম্, ওয়াল্লা-হু বিমা- তা'মালূনা 'আলীম। ২৯। লাইসা

যদি বলা হয়, 'ফিরে যাও' তবে তোমরা ফিরে আসবে। এটিই তোমাদের জন্য উত্তম। আর আল্লাহ্ তোমাদের কৃতকর্ম সম্বন্ধে জানেন। (২৯) জন বসতিহীন

عَلَيْكُمْ جُنَاحٌ اَنْ تَدْخُلُوْا بُيُوْتًا غَيْرَ مَسْكُوْنَةٍ فِيْهَا مَتَاعٌ لَّكُمْ ؕ وَاللّٰهُ يَعْلَمُ مَا تُبْدُوْنَ

'আলাইকুম জুনা-হুন আন্ তাদ্‌খুলূ বুয়ূতান্ গাইরা মাস্‌কূনাতিন ফীহা- মাতা-'উল লাকুম্, ওয়াল্লা-হু ইয়া'লামু মা- তুব্‌দূনা

ঘরে তোমাদের কোন আসবাবপত্র থাকলে সেখানে প্রবেশে তোমাদের কোনও অসুবিধা নেই। আর আল্লাহ্ জানেন যা তোমরা প্রকাশ কর

وَمَا تَكْتُمُوْنَ ﴿٢٩﴾ قُلْ لِّلْمُؤْمِنِيْنَ يَغُضُّوْا مِنْ اَبْصَارِهِمْ وَيَحْفَظُوْا فُرُوْجَهُمْ ؕ ذٰلِكَ

ওয়ামা- তাক্‌তুমূন। ৩০। কুল্লিল্ মু'মিনীনা ইয়াগুদ্দূ মিন্ আব্‌স্বা-রিহিম্ ওয়া ইয়াহ্‌ফাযূ ফুরূজ্বাহুম্; যা-লিকা

এবং যা তোমরা গোপন কর। (৩০) ঈমানদারদেরকে বলুন, তারা যেন তাদের দৃষ্টিকে সংযত করে এবং তাদের যৌনাঙ্গকে হেফাজতে

○ বিশ্লেষণ (আঃ ২৯) ঃ ليس عليكم - যে গৃহে বিনা অনুমতিতে প্রবেশ বৈধ, সে গৃহ সম্পর্কে কেউ বলেন, এর দ্বারা সে গৃহকে বুঝানো হয়েছে যে গৃহ মেহমানদের জন্য ভিন্নভাবে তৈরি করা হয়েছে। অথবা যে গৃহটি মেহমানদের জন্য নির্ধারিত করে দেয়া হয়েছে। এখানে গৃহের মালিকের প্রথমবারের অনুমতিই যথেষ্ট। কেউ বলেন, এ গৃহ দ্বারা সে গৃহকে বুঝানো হয়েছে যা পথিকের জন্য তৈরি করা হয়েছে অথবা ব্যবসার গৃহ। (কুঃ কারীম)

أزكى لهم ط إن الله خبير بما يصنعون ﴿٣٠﴾ وقل للمؤمنت يغضضن من أبصارهن

আয্‌কা- লাহুম্; ইন্নাল্লা-হা খাবীরুম বিমা- ইয়াস্‌না'উন। ৩১। ওয়া কুল্লিল্ মু'মিনা-তি ইয়াগ্‌দুদ্‌না মিন্ আব্‌স্বা-রিহিন্না
রাখে; এটিই তাদের জন্য উত্তম। তারা যা করে আল্লাহ্ সে বিষয়ে জানেন। (৩১) ঈমানদার নারীদেরকে বলুন, তারা যেন তাদের

ويحفظن فروجهن ولا يبدين زينتهن إلا ما ظهر منها وليضربن بخمرهن

ওয়া ইয়াহ্‌ফায্‌না ফুরূজাহুন্না ওয়া লা- ইউব্‌দীনা যী-নাতাহুন্না ইল্লা- মা- যাহারা মিন্‌হা- ওয়াল্ ইয়াদ্বরিব্‌না বিখুমুরিহিন্না
দৃষ্টিকে সংযত করে ও তাদের লজ্জাস্থানকে রক্ষা করে। যা সাধারণতঃ উন্মুক্ত থাকে তা ছাড়া, তারা যেন তাদের সৌন্দর্য প্রদর্শন না করে।

على جيوبهن ص ولا يبدين زينتهن إلا لبعولتهن أو ءابائهن أو ءاباء بعولتهن

'আলা- জুয়ূবিহিন্না, ওয়ালা- ইউব্‌দীনা যীনাতাহুন্না ইল্লা- লিবু'উলা-তিহিন্না আও আ-বা—য়িহিন্না আও আ-বা—য়ি বু'উ লা-তিহিন্না
তাদের গ্রীবা ও বক্ষদেশ যেন মাথার কাপড় দ্বারা আবৃত করে রাখে। তারা তাদের স্বামী, পিতা,

أو أبنائهن أو أبناء بعولتهن أو إخوانهن أو بني إخوانهن أو بني أخوتهن

আও আব্‌না—য়িহিন্না আও আব্‌না—য়ি বু'উলাতিহিন্না আও ইখ্‌ওয়া-নিহিন্না আও বানী~ইখ্‌ওয়া-নিহিন্না আও বানী ~আখাওয়া-তিহিন্না
শ্বশুর, ছেলে, স্বামীর ছেলে, ভাই, ভাইয়ের ছেলে, বোনের ছেলে, নিকটস্থ মহিলা,

أو نسائهن أو ما ملكت أيمانهن أو التبعين غير أولي الإربة من الرجال

আও নিসা—য়িহিন্না আও মা- মালাকাত্ আইমা-নুহুন্না আওয়িত্তা-বি'ঈনা গাইরি উলিল্ ইর্‌বাতি মিনার্ রিজ্বা-লি
সেবিকা- যারা তাদের অধিকারভুক্ত-অনুগত, যৌনকামনা-রহিত পুরুষ এবং নারীদের গোপন অঙ্গ সম্বন্ধে

أو الطفل الذين لم يظهروا على عورت النساء ص ولا يضربن بأرجلهن

আওয়িত্ত্বিফ্‌লিল্ লাযীনা লাম্ ইয়াযহারূ- 'আলা- 'আওরা-তিন্‌নিসা—য়ি, ওয়ালা- ইয়াদ্বরিব্‌না বিআর্‌জুলিহিন্না
অজ্ঞ বালক ব্যতীত কারও নিকট যেন তারা তাদের সৌন্দর্য প্রকাশ না করে। তারা যেন তাদের গোপন সাজ-সজ্জা প্রদর্শনের

ليعلم ما يخفين من زينتهن ط وتوبوا إلى الله جميعا أيه المؤمنون لعلكم

লিইউ'লামা মা- ইউখ্‌ফীনা মিন্ যীনাতিহিন্না; ওয়া তূবূ ইলাল্লা-হি জ্বামী'আন আইয়্যুহাল্ মু'মিনূনা লা'আল্লাকুম
উদ্দেশ্যে যমীনে সজোরে পা না ফেলে। হে ঈমানদারগণ! তোমরা সকলে আল্লাহ্‌র কাছে তওবা কর, যাতে তোমরা সফলকাম

تفلحون ﴿٣١﴾ وأنكحوا الأيامى منكم والصلحين من عبادكم وإمائكم ط

তুফ্‌লিহূন। ৩২। ওয়া আন্‌কিহুল্ আয়া-মা- মিন্‌কুম্ ওয়াস্ব্‌স্বা-লিহীনা মিন্ 'ইবা-দিকুম্ ওয়া ইমা—য়িকুম্;
হতে পার। (৩২) তোমাদের মধ্যে অবিবাহিতদেরকে বিয়ে করিয়ে দাও এবং তোমাদের দাস-দাসীদের মধ্যে যারা সৎ তাদেরকেও।

○ বিশ্লেষণ (আঃ ৩১) ঃ ولا يبدين زينتهن - দ্বারা পোশাক এবং অলংকারসমূহ বুঝানো হয়েছে, যা মহিলারা নিজ রূপসৌন্দর্য বৃদ্ধির জন্য ব্যবহার করে থাকে। * إلا ما ظهر - এ আয়াতাংশে সে পোশাক, অলংকার এবং শরীরের সে অংশকে বুঝানো হয়েছে যা ঢেকে রাখা ও পর্দা করা অসম্ভব। যেমন, কোন প্রয়োজনীয় জিনিস স্পর্শ করার সময় হাত এবং তা দেখার সময় চোখ প্রকাশ পাওয়া। হাতের আংটি, মেহেদী, চোখের সুরমা, কাজল এবং বোরকা অথবা চাদর এগুলোও এক প্রকার অলংকার। এগুলো অনেক সময় প্রয়োজনে প্রকাশ হয়ে পড়ে। এখানে সেগুলোর কথাই বুঝানো হয়েছে। (তবে ফিতনা থেকে অবশ্যই বেঁচে থাকতে হবে)। (কুঃ কারীম) * نسائهن - (আপন মহিলাগণ) ঃ অর্থাৎ, যে মহিলারা তাদের কাছে যাতায়াত করে। তবে তাদের নেককার হতে হবে। অসৎ মহিলাদের সামনে নয়। কারো মতে এ মহিলাদের দ্বারা মুসলমান মহিলাগণকে বুঝানো হয়েছে। (তাঃ ওসমানী)

إن يكونوا فقراء يغنهم الله من فضله ط والله وسع عليم ﴿٣٢﴾ وليستعفف الذين

ইঁই ইয়াকূনূ ফুক্বারা—আ ইউগ্‌নিহিমুল্লা-হু মিন্ ফাদ্বলিহ; ওয়াল্লা-হু ওয়া-সি'উন 'আলীম। ৩৩। ওয়াল্ ইয়াস্তা'ফিফিল্লাযীনা
তারা নিঃস্ব হলে আল্লাহ নিজ অনুগ্রহে তাদেরকে স্বচ্ছল করে দেবেন; আল্লাহ্ তো প্রাচুর্যময়, সর্বজ্ঞ। (৩৩) যারা বিয়ে করতে

لا يجدون نكاحا حتى يغنيهم الله من فضله ط والذين يبتغون الكتب مما

লা- ইয়াজ্বিদূনা নিকা-হান হাত্তা- ইউগ্‌নিয়াহুমুল্লা-হু মিন্ ফাদ্বলিহ; ওয়াল্লাযীনা ইয়াব্‌তাগূনাল্ কিতা-বা মিম্মা-
অক্ষম, আল্লাহ্ তাদেরকে নিজ অনুগ্রহে স্বচ্ছল না করা পর্যন্ত তারা যেন সংযম অবলম্বন করে এবং তোমাদের অধিকারভুক্ত দাস-দাসীদের মধ্যে যারা মুক্তির

ملكت أيمانكم فكاتبوهم إن علمتم فيهم خيرا صلے وءاتوهم من مال الله

মালাকাত্ আইমা-নুকুম্ ফাকা-তিবূহুম্ ইন্ 'আলিম্‌তুম্ ফীহিম্ খাইরাওঁ; ওয়া আ-তূহুম্ মিমমা-লিল্লা-হিল
জন্য লিখিত চুক্তি করতে চায়, তাদের সাথে চুক্তিতে আবদ্ধ হও, যদি মনে কর তাদের মুক্তিদানে কল্যাণ আছে। আল্লাহ্ তোমাদেরকে যে সম্পদ দিয়েছেন

الذي ءاتكم ط ولا تكرهوا فتيتكم على البغاء إن أردن تحصنا لتبتغوا

লাযী~আ-তা-কুম; ওয়ালা- তুক্‌রিহূ ফাতাইয়া-তিকুম্ 'আলাল বিগা—য়ি ইন্ আরাদ্‌না তাহাস্‌সুনাল্ লিতাব্‌তাগূ
তা থেকে তাদেরকে দান কর। তোমাদের দাসীরা সততা রক্ষা করতে চাইলে পার্থিব জীবনের ধন সম্পদের লোভে তাদেরকে ব্যভিচারিণী

عرض الحيوة الدنيا ط ومن يكرههن فإن الله من بعد إكراههن غفور رحيم ﴿٣٣﴾

'আরাদ্বাল্ হাইয়া-তিদ্ দুন্‌ইয়া-; ওয়া মাই ইউক্‌রিহ্‌হুন্না ফাইন্নাল্লা-হা মিম্ বা'দি ইক্‌রা-হিহিন্না গাফূরুর রাহীম।
হতে বাধ্য করো না। কেউ যদি তাদেরকে বাধ্য করে, সেক্ষেত্রে তাদের উপর জবরদস্তির পর আল্লাহ্ ক্ষমাশীল ও পরম করুনাময়।

ولقد أنزلنا إليكم ءايت مبينت ومثلا من الذين خلوا من قبلكم

৩৪। ওয়া লাক্বাদ্ আন্‌যাল্‌না— ইলাইকুম্ আ-ইয়া-তিম্ মুবাইয়্যিনা-তিওঁ ওয়া মাছালাম্ মিনাল্লাযীনা খালাও মিন্ ক্বাবলিকুম্
(৩৪) নিশ্চয় আমি তোমাদের নিকট সুস্পষ্ট আয়াতসমূহ নাযিল করেছি এবং দৃষ্টান্ত পেশ করেছি তোমাদের পূর্ববর্তীদের।

৪ ع ১০ রুকূ

وموعظة للمتقين ﴿٣٤﴾ الله نور السموت والأرض ط مثل نوره كمشكوة فيها

ওয়া মাও'ইযাতাল্ লিল্‌মুত্তাক্বীন। ৩৫। আল্লা-হু নূরুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্ব; মাছালু নূরিহী কামিশ্‌কা-তিন ফীহা-
আর মুত্তাকীদের জন্য দিয়েছি উপদেশ। (৩৫) আল্লাহ্ই আকাশ ও পৃথিবীর জ্যোতি; তাঁর জ্যোতির উপমা প্রদীপ দানের মত, যার মধ্যে আছে

مصباح ط المصباح في زجاجة ط الزجاجة كأنها كوكب دري يوقد من شجرة

মিস্ববা-হুন্; আল্ মিস্ববা-হু ফী যুজ্বা-জ্বাহ ; আয্‌যুজ্বা-জ্বাতু কাআন্নাহা- কাওকাবুন দুর্‌রিয়্যুই ইউক্বাদু মিন্ শাজ্বারাতিম্
এক প্রদীপ, প্রদীপটি একটি কাঁচের পাত্রে স্থাপিত, কাচের পাত্রটি একটি উজ্জ্বল নক্ষত্রের মত; পবিত্র যয়তুন বৃক্ষের তৈল দ্বারা যা প্রজ্জ্বলিত

○ শানে নুযূল (আঃ ৩৩) ঃ ولا تكرهوا - জাহেলিয়াতের যুগে বিভিন্ন লোক নিজের দাসীদের দ্বারা অর্থ আয় করত। মুনাফিক নেতা আবদুল্লাহ বিন উবাইর কাছে কিছু দাসী ছিল, যাদের দ্বারা অশ্লীল কাজ করিয়ে অর্থ আয় করত। তাদের মধ্য হতে অনেকে মুসলমান হয়েছিল, তারা এ ধরনের অসৎ কাজ করতে অস্বীকার করলে আবদুল্লাহ বিন উবাই তাদের উপর অশ্লীল কাজ করার জন্য জবরদস্তি করত। এ প্রেক্ষিতে এ আয়াত অবতীর্ণ হয়। (তাঃ ওসমানী)
○ বিশ্লেষণ (আঃ ৩৫) ঃ ...... لا شرقية - অর্থাৎ, সে বৃক্ষটি এমন উন্মুক্ত ময়দানে অবস্থিত যেখানে শুধু সূর্য উদয় ও অস্তের সময়ই আলো পড়ে না সারা দিনই (সর্বক্ষণ) আলো পড়তে থাকে এবং এ ধরনের বৃক্ষের ফল সুস্বাদু হয়ে থাকে। এর দ্বারা যয়তুন বৃক্ষকে বুঝানো হয়েছে।
يهدى الله لنوره - এখানে نور দ্বারা ঈমান ও ইসলামকে বুঝানো হয়েছে। (কুঃ কারীম)

مُّبٰرَكَةٍ زَيْتُوْنَةٍ لَّا شَرْقِيَّةٍ وَّلَا غَرْبِيَّةٍ ۙ يَّكَادُ زَيْتُهَا يُضِيْٓءُ وَلَوْ لَمْ تَمْسَسْهُ نَارٌ ؕ

মুবা-রাকাতিন যাইতূনাতিল লা- শার্কিয়্যাতিওঁ ওয়া লা- গার্বিয়্যাতি, ই ইয়াকা-দু যাইতুহা- ইউদ্বি—উ ওয়া লাও লাম্ তাম্সাস্হু না-র;
করা হয়, যা পূর্ব মুখীও নয় এবং পশ্চিম মুখীও নয়। তাতে অগ্নিসংযোগ না করলেও মনে হয় তার তৈল যেন উজ্জ্বল আলো দিচ্ছে;

نُوْرٌ عَلٰى نُوْرٍ ؕ يَهْدِى اللّٰهُ لِنُوْرِهٖ مَنْ يَّشَآءُ ؕ وَيَضْرِبُ اللّٰهُ الْاَمْثَالَ لِلنَّاسِ ؕ

নূরুন 'আলা- নূর; ইয়াহ্দিল্লা-হু লিনূরিহী মাই ইয়াশা—উ; ওয়া ইয়াদ্বরিবুল্লা-হুল্ আম্ছা-লা লিন্না-স;
জ্যোতির উপর জ্যোতি! আল্লাহ্ যাকে ইচ্ছা তাকে তার জ্যোতির দিকে পথ প্রদর্শন করেন। আর আল্লাহ্ মানুষের জন্য উপমা দিয়ে থাকেন

وَاللّٰهُ بِكُلِّ شَىْءٍ عَلِيْمٌ ۙ﴿۳۵﴾ فِىْ بُيُوْتٍ اَذِنَ اللّٰهُ اَنْ تُرْفَعَ وَيُذْكَرَ فِيْهَا اسْمُهٗ ۙ يُسَبِّحُ

ওয়াল্লা-হু বিকুল্লি শাইয়িন 'আলীম। ৩৬। ফী বুয়ূতিন আযিনাল্লা-হু আন্ তুরফা'আ ওয়া ইউযকারা ফীহাস্মুহূ, ইউসাব্বিহু
এবং আল্লাহ্ সর্ববিষয়ে জানেন। (৩৬) আল্লাহ্ যেসব ঘরে সুউচ্চ মর্যাদাবান করার জন্য এবং তাঁর নাম নেয়ার জন্য আদেশ করেছেন সেখানে সকাল ও

لَهٗ فِيْهَا بِالْغُدُوِّ وَالْاٰصَالِ ﴿۳۶﴾ رِجَالٌ ۙ لَّا تُلْهِيْهِمْ تِجَارَةٌ وَّلَا بَيْعٌ عَنْ ذِكْرِ اللّٰهِ

লাহূ ফীহা- বিল্গুদুওয়ি ওয়াল্ আ-স্বা-ল। ৩৭। রিজা-লুল্, লা-তুল্হীহিম্ তিজা-রাতুওঁ ওয়ালা- বাই'উন 'আন্ যিক্রিল্লা-হি
সন্ধ্যায় তার পবিত্রতা ও মহিমা ঘোষণা করে– (৩৭) সে সব লোক, যাদেরকে ব্যবসা-বাণিজ্য এবং ক্রয়-বিক্রয় আল্লাহ্র স্মরণ থেকে

وَاِقَامِ الصَّلٰوةِ وَاِيْتَآءِ الزَّكٰوةِ ۙ يَخَافُوْنَ يَوْمًا تَتَقَلَّبُ فِيْهِ الْقُلُوْبُ

ওয়া ইক্বা-মিস্ব স্বালা-তি ওয়া ঈতা—য়িয্যাকা-তি; ইয়াখা-ফূনা ইয়াওমান তাতাক্বাল্লাবু ফীহিল্ ক্বুলূবু
এবং নামায কায়েম রাখতে ও যাকাত প্রদানে বিরত রাখে না। তারা ভয় করে সেদিনকে, যেদিন অন্তর ও দৃষ্টিসমূহ

وَالْاَبْصَارُ ﴿۳۷﴾ لِيَجْزِيَهُمُ اللّٰهُ اَحْسَنَ مَا عَمِلُوْا وَيَزِيْدَهُمْ مِّنْ فَضْلِهٖ ؕ وَاللّٰهُ يَرْزُقُ

ওয়াল্ আবস্বা-র। ৩৮। লিইয়াজ্যি যিয়াহুমুল্লা-হু আহ্সানা মা- 'আমিলূ ওয়া ইয়াযীদা হুম্ মিন ফাদ্বলিহ; ওয়াল্লা-হু ইয়ারযুক্বু
উল্টে যাবে। (৩৮) যাতে তাদেরকে তাদের সৎকাজের জন্য আল্লাহ্ উত্তম পুরস্কার দিতে পারেন এবং নিজ অনুগ্রহে আরো অধিক দান করতে পারেন। আল্লাহ্ যাকে

مَنْ يَّشَآءُ بِغَيْرِ حِسَابٍ ﴿۳۸﴾ وَالَّذِيْنَ كَفَرُوْٓا اَعْمَالُهُمْ كَسَرَابٍۭ بِقِيْعَةٍ يَّحْسَبُهُ

মাই ইয়াশা—উ বিগাইরি হ্বিসা-ব। ৩৯। ওয়াললাযীনা কাফারূ~আ'মা-লুহুম্ কাসারা-বিম্ বিক্বী'আতিই ইয়াহ্সাবুহুয্ যাম্
ইচ্ছা অপরিমিত জীবিকা দান করেন। (৩৯) যারা কাফের তাদের কর্ম, শূন্য মরুভূমির মরীচিকার মত, পিপাসার্ত ব্যক্তি যাকে পানি মনে করে।

الظَّمْاٰنُ مَآءً ؕ حَتّٰٓى اِذَا جَآءَهٗ لَمْ يَجِدْهُ شَيْـًٔا وَّوَجَدَ اللّٰهَ عِنْدَهٗ فَوَفّٰىهُ حِسَابَهٗ ؕ

আ-নু মা—আ; হ্বাত্তা~ইযা- জা—আহূ লাম ইয়াজিদ্হু শাইয়াওঁ ওয়া ওয়াজাদাল্লা-হা 'ইনদাহূ ফাওয়াফ্ফা-হু হ্বিসা-বাহ;
অতঃপর সে যখন কাছে যায় তখন কিছুই পায় না এবং সেখানে সে আল্লাহ্কে পায়। অতঃপর তিনি তার কর্মফল পূর্ণমাত্রায় দিয়ে দেন,

وَاللّٰهُ سَرِيْعُ الْحِسَابِ ﴿۳۹﴾ اَوْ كَظُلُمٰتٍ فِىْ بَحْرٍ لُّجِّىٍّ يَّغْشٰىهُ مَوْجٌ مِّنْ فَوْقِهٖ مَوْجٌ

ওয়াল্লা-হু সারী'উল্ হ্বিসা-ব। ৪০। আও কাযুলুমা-তিন ফী বাহ্রিল লুজ্জিয়্যিই ইয়াগ্শা-হু মওজুম্মিন্ ফাওক্বিহী- মাওজুম্
আল্লাহ্ হিসাব গ্রহণে দ্রুততর। (৪০) অথবা তাদের কর্মের উপমা সমুদ্রের অতল অন্ধকারের মত, তরঙ্গের পর তরঙ্গ যাকে গ্রাস করে ফেলে,

مِّنْ فَوْقِهٖ سَحَابٌ ؕ ظُلُمٰتٌۢ بَعْضُهَا فَوْقَ بَعْضٍ ؕ اِذَآ اَخْرَجَ يَدَهٗ لَمْ يَكَدْ يَرٰىهَا ؕ وَ

মিন্ ফাওক্বিহী সাহ্বা-ব; জুলুমা-তুম্ বা'দুহা- ফাওক্বা বা'দ্ব; ইযা~আখ্রাজা ইয়াদাহূ লাম্ ইয়াকাদ্ ইয়ারা-হা; ওয়া
যার উর্ধ্বদেশে ঘনমেঘ থাকে। যেন এক অন্ধকারের উপর আর এক অন্ধকার। সে যখন তার হাত বের করে, তখন প্রায় কিছুই

৫ রুকূ ১১ ع

مَنْ لَّمْ يَجْعَلِ اللّٰهُ لَهٗ نُوْرًا فَمَا لَهٗ مِنْ نُّوْرٍ ﴿۴۰﴾ اَلَمْ تَرَ اَنَّ اللّٰهَ يُسَبِّحُ لَهٗ مَنْ فِى

মাল্লাম্ ইয়াজ্'আ লিল্লা-হু লাহূ নূরান ফামা- লাহূ মিন্ নূর। ৪১। আলাম্ তারা আন্নাল্লা-হা ইউসাব্বিহু লাহূ মান ফিস্
দেখতে পায় না। আল্লাহ্ যাকে আলো দান করেন না, তার জন্য কোনও আলো নেই। (৪১) তুমি কি দেখ না, আকাশ ও

السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَالطَّيْرُ صٰٓفّٰتٍ ؕ كُلٌّ قَدْ عَلِمَ صَلَاتَهٗ وَتَسْبِيْحَهٗ ؕ وَاللّٰهُ

সামা-ওয়া-তি ওয়াল্ আর্দ্বি ওয়াত্ত্বাইরু স্বা—ফ্ফা-ত; কুল্লুন ক্বাদ্ 'আলিমা স্বালা-তাহূ ওয়া তাস্বীহ্বাহ; ওয়াল্লা-হ
পৃথিবীতে যারা আছে তারা এবং উড়ন্ত পাখীরা তাদের ডানা বিস্তার করে আল্লাহ্র পবিত্রতা ও মহিমা ঘোষণা করে? সকলেই তার প্রশংসা ও মহিমা-ঘোষণার পদ্ধতি জানে।

عَلِيْمٌۢ بِمَا يَفْعَلُوْنَ ﴿۴۱﴾ وَلِلّٰهِ مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۚ وَاِلَى اللّٰهِ الْمَصِيْرُ ○

'আলীমুম্ বিমা- ইয়াফ'আলূন। ৪২। ওয়া লিল্লা-হি মুল্কুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্দ্ব, ওয়া ইলাল্লা-হিল্ মাস্বীর।
তারা যা করে সে বিষয়ে আল্লাহ্ ভাল করেই জানেন। (৪২) আকাশমন্ডলি ও ভূমন্ডলের সার্বভৌমত্ব একমাত্র আল্লাহ্রই এবং তাঁরই দিকে সকলের প্রত্যাবর্তন।

﴿۴۲﴾ اَلَمْ تَرَ اَنَّ اللّٰهَ يُزْجِىْ سَحَابًا ثُمَّ يُؤَلِّفُ بَيْنَهٗ ثُمَّ يَجْعَلُهٗ رُكَامًا فَتَرَى الْوَدْقَ

৪৩। আলাম্ তারা আন্নাল্লা-হা ইউয্জী সাহ্বা-বান্ ছুম্মা ইউআল্লিফু বাইনাহূ ছুম্মা ইয়াজ্'আলুহূ রুকা-মান ফাতারাল্ ওয়াদ্ক্বা
(৪৩) তুমি কি দেখ না, আল্লাহ্ মেঘমালাকে সঞ্চালিত করেন, পরে অন্য মেঘমালার সাথে তাকে একত্রিত করেন। অতঃপর সেগুলো

يَخْرُجُ مِنْ خِلٰلِهٖ ۚ وَيُنَزِّلُ مِنَ السَّمَآءِ مِنْ جِبَالٍ فِيْهَا مِنْۢ بَرَدٍ فَيُصِيْبُ بِهٖ

ইয়াখ্রুজু মিন্ খিলা-লিহ; ওয়া ইউনায্যিলু মিনাস্ সামা—য়ি মিন্ জ্বিবা-লিন ফীহা- মিম্ বারাদিন ফাউস্বীবু বিহী
স্তরে স্তরে বিন্যাস করেন। তুমি তখন দেখতে পাও তার মধ্য থেকে নির্গত হয় বৃষ্টির ধারা; আর আকাশে অবস্থিত শিলাস্তূপ থেকে তিনি বর্ষণ করেন শিলা

مَنْ يَّشَآءُ وَيَصْرِفُهٗ عَنْ مَّنْ يَّشَآءُ ؕ يَكَادُ سَنَا بَرْقِهٖ يَذْهَبُ بِالْاَبْصَارِ ○ؕ

মাঁই ইয়াশা—উ ওয়া ইয়াস্বরিফুহূ 'আম্মাঁই ইয়াশা—উ; ইয়াকা-দু সানা- বারক্বিহী ইয়াযহাবু বিল্ আব্স্বা-র।
এবং এর দ্বারা তিনি যাকে ইচ্ছা তাকে আঘাত করেন এবং যাকে ইচ্ছা তার উপর থেকে তা হটিয়ে দেন। আর মেঘের বিদ্যুৎ-চমক দৃষ্টি শক্তি প্রায় কেড়ে নেয়।

﴿۴۳﴾ يُقَلِّبُ اللّٰهُ الَّيْلَ وَالنَّهَارَ ؕ اِنَّ فِىْ ذٰلِكَ لَعِبْرَةً لِّاُولِى الْاَبْصَارِ ﴿۴۴﴾ وَاللّٰهُ خَلَقَ كُلَّ

৪৪। ইউক্বাল্লিবুল্লা-হুল লাইলা ওয়ান নাহা-র; ইন্না ফী যা-লিকা লা'ইব্রাতাল লিউলীল্ আব্স্বা-র। ৪৫। ওয়াল্লা-হু খালাক্বা কুল্লা
(৪৪) আল্লাহ্ দিন ও রাতের পরিবর্তন ঘটান। নিশ্চয় অন্তর্দৃষ্টি সম্পন্নদের জন্য এতে শিক্ষা রয়েছে। (৪৫) আল্লাহ্ বিচরণশীল

○ বিশ্লেষণ (আঃ ৪১) ঃ علم صلاته - প্রত্যেক সৃষ্টিকেই আল্লাহ তায়ালার পক্ষ থেকে নির্দেশ বা বার্তা প্রেরণ করা হয়েছে যে, সে আল্লাহ তায়ালার ইবাদাত কিভাবে করবে।

من جبال - অর্থ আকাশে শিলার পাহাড় রয়েছে, যার থেকে শিলা বর্ষিত হয়। (ইবনে কাসীর) কারো মতে جبال অর্থ– পাহাড়ের মত বড় বড় টুকরা। অর্থাৎ, আল্লাহ তায়ালা আকাশ থেকে শুধু বৃষ্টি নয়; বরং যখন ইচ্ছা করেন তখন শিলার বড় বড় টুকরাও বর্ষণ করেন। (ফতহুল কাদীর) অথবা পাহাড়ের মত বড় বড় মেঘমালা থেকে শিলা বর্ষণ করেন। (কুঃ কারীম)

دَآبَّةٍ مِّنْ مَّآءٍ ۚ فَمِنْهُمْ مَّنْ يَّمْشِيْ عَلٰى بَطْنِهٖ ۚ وَمِنْهُمْ مَّنْ يَّمْشِيْ عَلٰى

দা—ব্বাতিম্ মিম্মা—য়ি; ফামিনহুম মাই ইয়াম্শী 'আলা- বাত্বনিহ; ওয়া মিনহুমমাই ইয়াম্শী 'আলা-
সকল জীব-জন্তুকে পানি দ্বারা সৃষ্টি করেছেন; তাদের কতক পেটে ভর দিয়ে চলে, কতক দু পায়ে ভর দিয়ে

رِجْلَيْنِ ۚ وَمِنْهُمْ مَّنْ يَّمْشِيْ عَلٰٓى اَرْبَعٍ ۗ يَخْلُقُ اللّٰهُ مَا يَشَآءُ ۗ اِنَّ اللّٰهَ عَلٰى كُلِّ

রিজ্লাইন, ওয়া মিন্হুমমাই ইয়াম্শী 'আলা- আরবা'ই; ইয়াখ্লুকুল্লা-হু মা- ইয়াশা—উ; ইন্নাল্লা-হা 'আলা- কুল্লি
চলে এবং কতক চার পায়ে ভর দিয়ে চলে। আল্লাহ যা ইচ্ছা তাই সৃষ্টি করেন। আল্লাহ সর্ববিষয়ে

شَيْءٍ قَدِيْرٌ ۝ لَقَدْ اَنْزَلْنَآ اٰيٰتٍ مُّبَيِّنٰتٍ ۗ وَاللّٰهُ يَهْدِيْ مَنْ يَّشَآءُ اِلٰى صِرَاطٍ

শাইয়িন ক্বাদীর। ৪৬। লাক্বাদ আন্যাল্না~আ-ইয়া-তিম মুবাইয়িনা-ত; ওয়াল্লা-হু ইয়াহ্দী মাই ইয়াশা— উ ইলা- স্বিরা-ত্বিম
সর্বশক্তিমান। (৪৬) আমি অবশ্যই সুস্পষ্ট নিদর্শন নাযিল করেছি, আর আল্লাহ যাকে ইচ্ছা তাকে সরল পথ

مُّسْتَقِيْمٍ ۝ وَيَقُوْلُوْنَ اٰمَنَّا بِاللّٰهِ وَبِالرَّسُوْلِ وَاَطَعْنَا ثُمَّ يَتَوَلّٰى فَرِيْقٌ مِّنْهُمْ مِّنْ

মুস্তাক্বীম। ৪৭। ওয়া ইয়াকূলূনা আ-মান্না- বিল্লা-হি ওয়া বির্ রাসূলি ওয়া আত্বা'না- ছুম্মা- ইয়াতাওয়াল্লা- ফারীকুমমিনহুম মিম্
প্রদর্শন করেন। (৪৭) আর তারা বলে, 'আমরা আল্লাহ ও রাসূলের প্রতি ঈমান এনেছি এবং আমরা তাদের আনুগত্য করি।

بَعْدِ ذٰلِكَ ۗ وَمَآ اُولٰٓئِكَ بِالْمُؤْمِنِيْنَ ۝ وَاِذَا دُعُوْٓا اِلَى اللّٰهِ وَرَسُوْلِهٖ

বা'দি যা-লিক; ওয়ামা— উলা- য়িকা বিল মু'মিনীন। ৪৮। ওয়া ইযা- দু'উ~ইলাল্লা-হি ওয়া রাসূলিহী
অতঃপর তাদের একদল এরপর মুখ ফিরিয়ে নেয়। বস্তুতঃ তারা ঈমানদার নয়। (৪৮) আর আল্লাহ্ এবং তাঁর রাসূলের প্রতি তাদের মধ্যে ফয়সালা করে

لِيَحْكُمَ بَيْنَهُمْ اِذَا فَرِيْقٌ مِّنْهُمْ مُّعْرِضُوْنَ ۝ وَاِنْ يَّكُنْ لَّهُمُ الْحَقُّ يَاْتُوْٓا

লিইয়াহ্কুমা- বাইনাহুম ইযা- ফারীকুমমিনহুম মু'রিদ্বূন। ৪৯। ওয়া ই ইয়াকুললাহুমুল হাক্কু ইয়া'তূ~
দেয়ার জন্য যখন তাদেরকে আহ্বান করা হয় তখন তাদের একদল মুখ ফিরিয়ে নেয়, (৪৯) কিন্তু সত্য তাদের স্বপক্ষে প্রতিষ্ঠিত হলে তারা বিনীতভাবে রাসূলের

اِلَيْهِ مُذْعِنِيْنَ ۝ اَفِيْ قُلُوْبِهِمْ مَّرَضٌ اَمِ ارْتَابُوْٓا اَمْ يَخَافُوْنَ اَنْ يَّحِيْفَ اللّٰهُ

ইলাইহি মুয্'ইনীন। ৫০। আফী কুলূবিহিম্ মারাদ্বুন আমিরতা-বূ~আম ইয়াখা-ফূনা আই ইয়াহীফাল্লা-হু
কাছে ছুটে আসে। (৫০) তাদের অন্তরে কি মহাব্যাধি আছে, না তারা সন্দিহান হয়ে আছে? না তারা ভয় করে যে, আল্লাহ্ ও

عَلَيْهِمْ وَرَسُوْلُهٗ ۗ بَلْ اُولٰٓئِكَ هُمُ الظّٰلِمُوْنَ ۝ اِنَّمَا كَانَ قَوْلَ الْمُؤْمِنِيْنَ اِذَا

'আলাইহিম্ ওয়া রাসূলুহ; বাল্ উলা— য়িকা হুমুয্ যা-লিমূন। ৫১। ইন্নামা- কা-না ক্বাওলাল মু'মিনীনা ইযা-
তাঁর রাসূল তাদের প্রতি জুলুম করবেন? বরং তারাই তো জালিম। (৫১) যখন ঈমানদারদেরকে তাদের মধ্যে ফয়সালার জন্য

○ টীকা (আঃ ৪৭) ঃ অর্থাৎ, মুনাফেকরা আল্লাহ্ ও রাসূলের প্রতি ঈমান আনয়নের দাবী করে, কিন্তু এই দাবীর সত্যতা প্রকাশে তাদের মধ্য হতে দুষ্ট প্রকৃতির লোকেরা আল্লাহ ও রাসূলের আদেশ হতে মুখ ফিরায়ে নয়। অর্থাৎ, কোন মীমাংসার জন্য কেউ তাদেরকে রাসূল (স)-এর দরবারে যেতে বললে তারা অস্বীকার করে। কেননা, তারা জানে, রাসূল (স)-এর দরবারে প্রাপ্য সাব্যস্ত হলে তিনি তদনুযায়ীই ফয়সালা করবেন। (বঃ কোঃ)

○ টীকা (আঃ ৪৭) ঃ ফলকথা, প্রকৃত, ঈমান তো কোন মুনাফেকের অন্তরই নেই, কিন্তু এই শ্রেণীর মুনাফেকদের অন্তরে তো বাহ্যিক ঈমানও নেই। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৫০) ঃ অর্থাৎ, তাহারা দেনাদার হলে তো দেনা সাব্যস্ত হওয়ার ভয়ে হুযূর (স)-এর দরবারে যেতে অস্বীকার করে, কিন্তু নিজেরা প্রাপক হলে তাহাদের দাবী সংরক্ষিত হবে বলিয়া দৃঢ় বিশ্বাস সহকারে হুযূর (স)-এর দরবারে চলে যায়। (বঃ কোঃ)

دُعُوْٓا اِلَى اللّٰهِ وَرَسُوْلِهٖ لِيَحْكُمَ بَيْنَهُمْ اَنْ يَّقُوْلُوْا سَمِعْنَا وَاَطَعْنَا ۗ وَاُولٰٓئِكَ هُمُ

দু'উ~ইলাল্লা-হি ওয়া রাসূলিহী লিইয়াহ্কুমা বাইনাহুম আঁই ইয়াকূলূ সামি'না- ওয়া আত্বা'না; ওয়া উলা—য়িকা হুমুল
আল্লাহ ও তার রাসূলের দিকে আহ্বান করা হয়, তখন তারা তাদের কথায় বলে, আমরা শুনলাম ও মান্য করলাম। বস্তুতঃ তারাই

الْمُفْلِحُوْنَ ۝ وَمَنْ يُّطِعِ اللّٰهَ وَرَسُوْلَهٗ وَيَخْشَ اللّٰهَ وَيَتَّقْهِ فَاُولٰٓئِكَ هُمُ

মুফ্লিহূন। ৫২। ওয়া মাই ইউত্বি'ইল্লা-হা ওয়া রাসূলাহূ ওয়া ইয়াখ্শাল্লা-হা ওয়া ইয়াত্তাক্বহি ফাউলা—য়িকা হুমুল
সফলকাম। (৫২) যারা আল্লাহ ও তাঁর রসূলের আনুগত্য করে, আল্লাহকে ভয় করে ও তার শাস্তি থেকে সতর্কতা অবলম্বন করে, তারাই

الْفَآئِزُوْنَ ۝ وَاَقْسَمُوْا بِاللّٰهِ جَهْدَ اَيْمَانِهِمْ لَئِنْ اَمَرْتَهُمْ لَيَخْرُجُنَّ ۗ قُلْ

ফা—য়িযূন। ৫৩। ওয়া আক্বসামূ বিল্লা-হি জাহ্দা আইমা-নিহিম্ লায়িন্ আমারতাহুম লাইয়াখ্রুজুন্ন; কুল
সফলকাম। (৫৩) তারা আল্লাহর নামে কঠিন শপথ করে বলে, আপনি আদেশ করলে তারা জিহাদের জন্য অবশ্যই বের হবে। বলুন,

لَّا تُقْسِمُوْا ۚ طَاعَةٌ مَّعْرُوْفَةٌ ۗ اِنَّ اللّٰهَ خَبِيْرٌۢ بِمَا تَعْمَلُوْنَ ۝ قُلْ اَطِيْعُوا اللّٰهَ

লা- তুক্বসিমূ, ত্বা-আতুম মা'রূফাহ্; ইন্নাল্লা-হা খাবীরুম বিমা- তা'মালূন। ৫৪। কুল আত্বী'উল্লা-হা
তোমরা শপথ করো না, তোমাদের আনুগত্যের প্রকৃতি তো জানাই আছে।' আল্লাহ অবশ্যই তোমাদের কৃতকর্মের খবর রাখেন।' (৫৪) বলুন, তোমরা 'আল্লাহর

وَاَطِيْعُوا الرَّسُوْلَ ۚ فَاِنْ تَوَلَّوْا فَاِنَّمَا عَلَيْهِ مَا حُمِّلَ وَعَلَيْكُمْ مَّا حُمِّلْتُمْ ۗ وَاِنْ

ওয়া আত্বী'উর রাসূল, ফাইন তাওয়াল্লাও ফাইন্নামা- 'আলাইহি মা- হুম্মিলা ওয়া 'আলাইকুম মা- হুম্মিলতুম; ওয়া ইন
আনুগত্য কর এবং রাসূলের আনুগত্য কর।' অতঃপর যদি তোমরা মুখ ফিরিয়ে নাও, তবে জেনে রেখ, তার উপর অর্পিত দায়িত্বের জন্য তিনিই দায়ী ও তোমাদের

تُطِيْعُوْهُ تَهْتَدُوْا ۗ وَمَا عَلَى الرَّسُوْلِ اِلَّا الْبَلٰغُ الْمُبِيْنُ ۝ وَعَدَ اللّٰهُ الَّذِيْنَ اٰمَنُوْا

তুত্বী'উহু তাহ্তাদূ; ওয়ামা- 'আলার রাসূলি ইল্লাল্ বালা-গুল মুবীন। ৫৫। ওয়া'আদাল্লা-হুল লাযীনা আ-মানূ
উপর অর্পিত দায়িত্বের জন্য তোমরাই দায়ী। তার আনুগত্য করলে সৎপথ পাবে। রাসূলের কাজ তো শুধু সুস্পষ্টভাবে প্রচার করা। (৫৫) তোমাদের মধ্যে যারা ঈমান আনে ও

مِنْكُمْ وَعَمِلُوا الصّٰلِحٰتِ لَيَسْتَخْلِفَنَّهُمْ فِى الْاَرْضِ كَمَا اسْتَخْلَفَ الَّذِيْنَ مِنْ

মিনকুম ওয়া 'আমিলুস্ব স্বা-লিহা-তি লাইয়াস্ তাখলিফান্নাহুম ফিল্ আরদ্বি কামাস তাখলাফাল লাযীনা মিন্
সৎকাজ করে আল্লাহ তাদেরকে এ প্রতিশ্রুতি দিয়েছেন যে, তিনি তাদেরকে পৃথিবীতে অবশ্যই শাসন কর্তৃত্ব দান করবেন, যেমন তাদের পূর্ববর্তীদেরকে শাসন ভার

قَبْلِهِمْ ۖ وَلَيُمَكِّنَنَّ لَهُمْ دِيْنَهُمُ الَّذِى ارْتَضٰى لَهُمْ وَلَيُبَدِّلَنَّهُمْ مِّنْۢ بَعْدِ

ক্বাবলিহিম, ওয়া লাইউমাককিনান্না লাহুম দীনাহুমুল লাযীরতাদ্বা- লাহুম ওয়ালা ইউবাদ্দিলান্নাহুম মিম্ বা'দি
দান করেছিলেন। আর তিনি অবশ্যই তাদের জন্য তাদের দীনকে– যা তিনি তাদের জন্য মনোনীত করেছেন– সুদৃঢ় করবেন এবং অবশ্যই তাদের ভয়-

خَوْفِهِمْ اَمْنًا ۗ يَعْبُدُوْنَنِيْ لَا يُشْرِكُوْنَ بِيْ شَيْـًٔا ۗ وَمَنْ كَفَرَ بَعْدَ ذٰلِكَ فَاُولٰٓئِكَ هُمُ

খাওফিহিম্ আম্না-; ইয়া'বুদূনানী লা- ইউশ্রিকূনা বী শাইয়া-; ওয়া মান কাফারা বা'দা যা-লিকা ফাউলা—য়িকা হুমুল
ভীতির পর এর পরিবর্তে তাদেরকে নিরাপত্তা দান করবেন। তারা আমার ইবাদত করে, আমার সাথে কোন শরীক করে না। এরপর কেউ কুফরী করলে তারাই

الْفٰسِقُوْنَ ﴿٥٥﴾ وَاَقِيْمُوا الصَّلٰوةَ وَاٰتُوا الزَّكٰوةَ وَاَطِيْعُوا الرَّسُوْلَ لَعَلَّكُمْ تُرْحَمُوْنَ ۝

ফা-সিক্বূন। ৫৬। ওয়া আক্বীমুস্ব স্বালা-তা ওয়াআ-তুয যাকা-তা ওয়া আত্বী'উর্ রাসূলা লা'আল্লাকুম্ তুরহ্বামূন।

সত্যত্যাগী হবে। (৫৬) তোমরা যথাযথভাবে নামায আদায় কর, যাকাত প্রদান কর এবং রাসূলের আনুগত্য কর। যাতে তোমরা অনুগ্রহভাজন হতে পার।

﴿٥٧﴾ لَا تَحْسَبَنَّ الَّذِيْنَ كَفَرُوْا مُعْجِزِيْنَ فِي الْاَرْضِ ۚ وَمَاْوٰىهُمُ النَّارُ ؕ وَلَبِئْسَ

৫৭। লা- তাহ্বসাবান্নাল্ লাযীনা কাফারূ মু'জিযীনা ফিল্ আরদ্ব, ওয়ামা' ওয়া-হুমুননা-র, ওয়া লাবি'সাল

(৫৭) তোমরা কাফেরদেরকে পৃথিবীতে প্রবল মনে করো না। তাদের আশ্রয়স্থল তো জাহান্নাম; কত নিকৃষ্ট তাদের

الْمَصِيْرُ ﴿٥٧﴾ يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لِيَسْتَاْذِنْكُمُ الَّذِيْنَ مَلَكَتْ اَيْمَانُكُمْ وَالَّذِيْنَ لَمْ

ع ৭ ১৩ রুকূ

মাস্বীর। ৫৮। ইয়া~আইয়্যুহাল্লাযীনা আ-মানূ লিইয়াস্তা'যিনকুমুল্ লাযীনা মালাকাত্ আইমা-নুকুম্ ওয়াল্লাযীনা লাম্

প্রত্যাবর্তনস্থল! (৫৮) হে ঈমানদারগণ! তোমাদের অধিকারভুক্ত দাস-দাসীরা এবং তোমাদের মধ্যে যারা প্রাপ্তবয়স্ক হয়নি, তারা যেন তোমাদের কাছে আসতে

يَبْلُغُوا الْحُلُمَ مِنْكُمْ ثَلٰثَ مَرّٰتٍ ؕ مِنْ قَبْلِ صَلٰوةِ الْفَجْرِ وَحِيْنَ تَضَعُوْنَ ثِيَابَكُمْ

ইয়াব্লুগুল্ হুলুমা মিনকুম্ ছালা-ছা মার্‌রা-ত; মিন্ ক্বাব্লি স্বালা-তিল্ফাজ্‌রি ওয়া হ্বীনা তাদ্বা'ঊনা ছিয়া- বাকুম্

এই তিন সময়ে তোমাদের কাছে অনুমতি গ্রহণ করে যে, ফজরের নামাযের পূর্বে, দ্বিপ্রহরে যখন তোমরা বিশ্রামের উদ্দেশ্যে

مِّنَ الظَّهِيْرَةِ وَمِنْۢ بَعْدِ صَلٰوةِ الْعِشَآءِ ۫ ثَلٰثُ عَوْرٰتٍ لَّكُمْ ؕ لَيْسَ عَلَيْكُمْ

মিনায্বযাহীরাতি ওয়া মিম্বা'দি স্বালা-তিল্ 'ইশা—য়ি; ছালা-ছু 'আওরা-তিল্লাকুম্; লাইসা 'আলাইকুম্

বস্ত্র খুলে রাখ তখন এবং এশার নামাযের পর; এ তিন সময় তোমাদের গোপনীয়তা অবলম্বনের সময়। এ সময় ছাড়া অনুমতি ব্যতীত প্রবেশ করলে তোমাদের

وَلَا عَلَيْهِمْ جُنَاحٌۢ بَعْدَهُنَّ ؕ طَوّٰفُوْنَ عَلَيْكُمْ بَعْضُكُمْ عَلٰى بَعْضٍ ؕ كَذٰلِكَ يُبَيِّنُ

ওয়ালা- 'আলাইহিম্ জুনা-হুম্ বা'দা হুন্না; ত্বাওয়্যাফূনা 'আলাইকুম্ বা'দ্বুকুম্ 'আলা- বা'দ্ব; কাযা-লিকা ইউবাইয়্যিনুল্

এবং তাদের কোন দোষ নেই। তোমাদের একে অপরের কাছে তো আসা-যাওয়া করতেই হয়। এভাবে আল্লাহ্ তোমাদের কাছে তার

اللّٰهُ لَكُمُ الْاٰيٰتِ ؕ وَاللّٰهُ عَلِيْمٌ حَكِيْمٌ ﴿٥٨﴾ وَاِذَا بَلَغَ الْاَطْفَالُ مِنْكُمُ الْحُلُمَ فَلْيَسْتَاْذِنُوْا

লা-হু লাকুমুল্ আ-য়া-ত; ওয়াল্লা-হু 'আলীমুন হ্বাকীম। ৫৯। ওয়া ইযা- বালাগাল্ আত্বফা-লু মিনকুমুল্ হুলুমা ফাল্ ইস্তা'যিনূ

আয়াতসমূহ সুস্পষ্টভাবে বিবৃত করেন। আল্লাহ্ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়। (৫৯) আর তোমাদের সন্তান-সন্ততিরা বয়ঃপ্রাপ্ত হলে তারাও যেন

كَمَا اسْتَاْذَنَ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ ؕ كَذٰلِكَ يُبَيِّنُ اللّٰهُ لَكُمْ اٰيٰتِهٖ ؕ وَاللّٰهُ عَلِيْمٌ حَكِيْمٌ ۝

কামাস তা'যানাল্লাযীনা মিন্ ক্বাবলিহিম্' কাযা-লিকা ইউবাইয়্যিনুল্লা-হু লাকুম আ-ইয়া-তিহ; ওয়াল্লা-হু 'আলীমুন হ্বাকীম।

তাদের বয়োজ্যেষ্ঠদের মত অনুমতি প্রার্থনা করে। এভাবে আল্লাহ্ তোমাদের জন্য তাঁর বিধি-বিধান সুস্পষ্টভাবে বিবৃত করেন। আল্লাহ্ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।

○ শানে নুযূল (আঃ ৫৮) ঃ يا ايها الذين امنوا - রাসূলুল্লাহ্ (স) একদা এক আনসারী গোলামকে দুপুরের সময় হযরত ওমরকে (রা) ডেকে আনার জন্য পাঠালেন। গোলাম বিনা অনুমতিতে তাঁর গৃহে প্রবেশ করেন। তখন ওমর ফারুক (রা) শোয়া অবস্থায় ছিলেন এবং তাঁর শরীরের কিছু অংশ থেকে কাপড় সরে গিয়েছিল। অন্য এক বর্ণনা মতে, তিনি স্ত্রীর সাথে আলাপ করতে ছিলেন। গোলামের বিনা অনুমতিতে প্রবেশ করাটা ওমর ফারুকের (রা) কাছে খুবই অপছন্দ হল। হঠাৎ তাঁর মুখ থেকে একথা বের হয়ে আসল যে, "কতইনা ভাল হত যদি আল্লাহ্ তায়ালা এ নিষেধ করে দিতেন যে, মাতা-পিতা, পুত্র এবং চাকর ভৃত্যরাও এমন সময় বিনা অনুমতিতে আমাদের গৃহে যেন প্রবেশ না করে।" অতঃপর যখন ওমর ফারুক (রা) রাসূলুল্লাহর দরবারে উপস্থিত হলেন তখন এ আয়াত অবতীর্ণ হয়। (তাঃ কাদেরী)

﴿٦٠﴾ وَالْقَوَاعِدُ مِنَ النِّسَآءِ الّٰتِيْ لَا يَرْجُوْنَ نِكَاحًا فَلَيْسَ عَلَيْهِنَّ جُنَاحٌ اَنْ يَّضَعْنَ

৬০। ওয়াল ক্বাওয়া'ইদু মিনান্‌নিসা—য়িল্লা-তী লা- ইয়ারজুনা নিকা-হ্বান ফালাইসা 'আলাইহিন্না জুনা-হুন আঁই ইয়াদ্বা'না

(৬০) বৃদ্ধা নারী, যারা বিবাহের আশা রাখে না, তাদের কোন অপরাধ নেই, যদি তারা তাদের সৌন্দর্য প্রদর্শন না করে

ثِيَابَهُنَّ غَيْرَ مُتَبَرِّجٰتٍۭ بِزِيْنَةٍ ؕ وَاَنْ يَّسْتَعْفِفْنَ خَيْرٌ لَّهُنَّ ؕ وَاللّٰهُ سَمِيْعٌ عَلِيْمٌ ۝

ছিয়া-বাহুন্না গাইরা মুতাবার্‌রিজা-তিম্ বিযীনাহ; ওয়া আঁই ইস্তা'ফিফ্না খাইরুল্লাহুন্না, ওয়াল্লা-হু সামী'উন 'আলীম।

তাদের অতিরিক্ত কাপড় খুলে রাখে। তবে এ থেকে বিরত থাকাই তাদের জন্য উত্তম। আল্লাহ্ সর্বশ্রোতা, সর্বজ্ঞ।

﴿٦١﴾ لَيْسَ عَلَى الْاَعْمٰى حَرَجٌ وَّلَا عَلَى الْاَعْرَجِ حَرَجٌ وَّلَا عَلَى الْمَرِيْضِ حَرَجٌ وَّلَا عَلٰۤى

৬১। লাইসা 'আলাল্ 'আমা- হ্বারাজুঁও ওয়া লা- 'আলাল 'আরাজি হ্বারাজুঁও ওয়ালা- 'আলাল্ মারীদ্বি হ্বারাজুঁও ওয়া লা- 'আলা~

(৬১) দোষণীয় নয় অন্ধের জন্য, খঞ্জের জন্য, রুগ্নের জন্য এবং তোমাদের নিজেদের জন্যও আহার করা

اَنْفُسِكُمْ اَنْ تَاْكُلُوْا مِنْۢ بُيُوْتِكُمْ اَوْ بُيُوْتِ اٰبَآئِكُمْ اَوْ بُيُوْتِ اُمَّهٰتِكُمْ

আন্‌ফুসিকুম্ আন্ তা'কুলূ মিন্ বুয়ূতিকুম্ আও বুয়ূতি আ-বা—য়িকুম্ আও বুয়ূতি উম্মাহা-তিকুম্

তোমাদের সন্তানদের গৃহে, অথবা তোমাদের পিতৃগৃহে, মাতৃগৃহে,

اَوْ بُيُوْتِ اِخْوَانِكُمْ اَوْ بُيُوْتِ اَخَوٰتِكُمْ اَوْ بُيُوْتِ اَعْمَامِكُمْ اَوْ بُيُوْتِ عَمّٰتِكُمْ

আও বুয়ূতি ইখ্‌ওয়া-নিকুম্ আও বুয়ূতি আখাওয়া-তিকুম্ আও বুয়ূতি 'আমা-মিকুম্ আও বুয়ূতি 'আম্মা-তিকুম্

ভ্রাতৃগৃহে, ভগিনীগৃহে, পিতৃব্যদের গৃহে, ফুফুদের গৃহে,

اَوْ بُيُوْتِ اَخْوَالِكُمْ اَوْ بُيُوْتِ خٰلٰتِكُمْ اَوْ مَا مَلَكْتُمْ مَّفَاتِحَهٗۤ اَوْ صَدِيْقِكُمْ ؕ

আও বুয়ূতি আখ্‌ওয়া-লিকুম্ আও বুয়ূতি খালা-তিকুম্ আও মা- মালাক্‌তুম মা-ফা-তিহ্বাহূ~আও স্বাদীক্বিকুম্;

মামাদের গৃহে,খালাদের গৃহে অথবা সে সব গৃহে যার চাবি তোমাদের হাতে আছে অথবা তোমাদের বন্ধুদের গৃহে;

لَيْسَ عَلَيْكُمْ جُنَاحٌ اَنْ تَاْكُلُوْا جَمِيْعًا اَوْ اَشْتَاتًا ؕ فَاِذَا دَخَلْتُمْ بُيُوْتًا فَسَلِّمُوْا

লাইসা 'আলাইকুম্ জুনা-হুন আন্ তা'কুলূ জ্বামী'আন আও আশ্‌তা-তা-; ফাইযা- দাখাল্‌তুম্ বুয়ূতান ফাসাল্লিমূ

তোমরা একসঙ্গে আহার কর অথবা পৃথকভাবে আহার কর- তাতে তোমাদের কোন অপরাধ নেই। তবে যখন তোমরা গৃহে প্রবেশ করবে, তখন তোমাদের

عَلٰۤى اَنْفُسِكُمْ تَحِيَّةً مِّنْ عِنْدِ اللّٰهِ مُبٰرَكَةً طَيِّبَةً ؕ كَذٰلِكَ يُبَيِّنُ اللّٰهُ لَكُمُ الْاٰيٰتِ

'আলা- আনফুসিকুম্ তাহ্বিয়্যাতাম্‌মিন্ 'ইনদিল্লা-হি মুবা-রাকাতান ত্বাইয়্যিবাহ; কাযা-লিকা ইউবাইয়্যিনুল্লা-হু লাকুমুল্ আ-ইয়া-তি

স্বজনদের প্রতি সালাম করবে- এ হবে আল্লাহ্‌র পক্ষ থেকে কল্যাণকর ও পবিত্র সম্ভাষণ। এভাবে আল্লাহ্ তোমাদের জন্য তার নির্দেশ স্পষ্টভাবে বিবৃত করেন,

○ টীকা (আঃ ৬০) ঃ কেননা, ইহা বেগানা পুরুষের সম্মুখে মুক্ত করা একেবারেই নিষিদ্ধ। অতএব, শুধু মুখমণ্ডল ও দু'হাতের এবং পায়ের পাতা খোলা রাখা জায়েয। যুবতী স্ত্রীলোক ঢাকিয়া রাখিবে। (বঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ৬০) ঃ ان يضعن ثيابهن - হযরত শাহ্ সাহেব (র) বলেন, বৃদ্ধা মহিলা গৃহে যদি অল্প পোশাকে থাকে তা বৈধ। আর যদি পূর্ণ পর্দাসহ থাকে তা সর্বোত্তম এবং গৃহ হতে বের হবার সময়ও যদি অতিরিক্ত পোশাক যেমন বোরকা ইত্যাদি খুলে রাখে তাতে অপরাধ নেই। তবে তার সে অলংকারাদি কোনভাবেই প্রকাশ হতে পারবে না যা গোপন রাখার জন্য নির্দেশ দেয়া হয়েছে। (তাঃ ওসমানী) ○ টীকা (আঃ ৬১) ঃ অর্থাৎ, যদি তুমি কোন অন্ধ, খঞ্জ, রুগ্ন কিংবা অভাবগ্রস্ত ব্যক্তি সঙ্গে নিয়ে তোমার কোন স্বজনের গৃহে গিয়ে গৃহস্বামীর সম্মতিক্রমে কিছু পানাহার কর, তবে কোন ক্ষতি নেই। (বঃ কোঃ)

ع ৪ ১৪ রুকূ

لَعَلَّكُمْ تَعْقِلُوْنَ ﴿٦١﴾ اِنَّمَا الْمُؤْمِنُوْنَ الَّذِيْنَ اٰمَنُوْا بِاللّٰهِ وَرَسُوْلِهٖ وَاِذَا كَانُوْا مَعَهٗ

লা'আল্লাকুম্ তা'ক্বিলূন। ৬২। ইন্নামাল মু'মিনূনাল্ লাযীনা আ-মানূ বিল্লা-হি ওয়া রাসূলিহী ওয়া ইযা- কা-নূ মা'আহূ
যাতে তোমরা বুঝতে পার। (৬২) তারাই মুমিন, যারা আল্লাহ্ এবং তাঁর রাসূলের প্রতি ঈমান আনে এবং রাসূলের সঙ্গে সমষ্টিগত

عَلٰۤى اَمْرٍ جَامِعٍ لَّمْ يَذْهَبُوْا حَتّٰى يَسْتَاْذِنُوْهُ ؕ اِنَّ الَّذِيْنَ يَسْتَاْذِنُوْنَكَ اُولٰٓئِكَ

'আলা- আমরিন জ্বা-মি'য়িল্লাম্ ইয়াযহাবূ হাত্তা- ইয়াস্তা'যিনূহ; ইন্নাল্ লাযীনা ইয়াস্তা'যিনূনাকা উলা—য়িকাল্
কোন কাজে একত্রিত হলে তার অনুমতি ব্যতীত সরে না পড়ে। যারা আপনার অনুমতি প্রার্থনা করে তারাই আল্লাহ্

الَّذِيْنَ يُؤْمِنُوْنَ بِاللّٰهِ وَرَسُوْلِهٖ ۚ فَاِذَا اسْتَاْذَنُوْكَ لِبَعْضِ شَاْنِهِمْ فَاْذَنْ لِّمَنْ

লাযীনা ইউ'মিনূনা বিল্লা-হি ওয়া রাসূলিহ, ফাইযাস্ তা'যানূকা লিবা'দ্বি শা'নিহিম্ ফা'যাল লিমান্
এবং তার রাসূলের প্রতি বিশ্বাসী। সুতরাং তারা তাদের কোন কাজে আপনার অনুমতি চাইলে তাদের মধ্য থেকে যাকে ইচ্ছা তাকে অনুমতি দিয়ে দিন এবং

شِئْتَ مِنْهُمْ وَاسْتَغْفِرْ لَهُمُ اللّٰهَ ؕ اِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿٦٢﴾ لَا تَجْعَلُوْا دُعَآءَ

শি'তা মিন্হুম্ ওয়াস্তাগ্ফির লাহুমুল্লা-হ; ইন্নাল্লা-হা গাফূরুর রাহীম। ৬৩। লা- তাজ্'আলূ দু'আ—
তাদের জন্য আল্লাহ্র কাছে ক্ষমা প্রার্থনা করুন। নিশ্চয় আল্লাহ্ ক্ষমাশীল ও পরম দয়ালু। (৬৩) রাসূলের আহ্বানকে তোমরা

الرَّسُوْلِ بَيْنَكُمْ كَدُعَآءِ بَعْضِكُمْ بَعْضًا ؕ قَدْ يَعْلَمُ اللّٰهُ الَّذِيْنَ يَتَسَلَّلُوْنَ مِنْكُمْ

আর্ রাসূলি বাইনাকুম্ কাদু'আ—য়ি বা'দ্বিকুম্ বা'দ্বা; ক্বাদ্ ইয়া'লামুল্লা-হুল্ লাযীনা ইয়াতাসাল্লানূনা মিন্কুম্
তোমাদের একে অপরের সাধারণ আহ্বানের মত মনে করো না। তোমাদের মধ্যে যারা তোমাদের দৃষ্টি ফাঁকি দিয়ে চুপি চুপি সরে

لِوَاذًا ۚ فَلْيَحْذَرِ الَّذِيْنَ يُخَالِفُوْنَ عَنْ اَمْرِهٖۤ اَنْ تُصِيْبَهُمْ فِتْنَةٌ اَوْ يُصِيْبَهُمْ

লিওয়া-যা-, ফাল্ ইয়াহ্যারিল্ লাযীনা ইউখা-লিফূনা 'আন্ আমরিহী~আন্ তুস্বীবাহুম্ ফিত্নাতুন আও ইউস্বীবাহুম্
পড়ে, আল্লাহ্ তাদেরকে জানেন; সুতরাং যারা তাঁর আদেশের বিরুদ্ধাচারণ করে তারা যেন সতর্ক হয় যে, বিপর্যয় বা কঠিন আযাব

عَذَابٌ اَلِيْمٌ ﴿٦٣﴾ اَلَاۤ اِنَّ لِلّٰهِ مَا فِى السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ قَدْ يَعْلَمُ مَاۤ اَنْتُمْ

'আযা-বুন আলীম। ৬৪। আলা~ইন্না লিল্লা-হি মা- ফিস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্ব; ক্বাদ্ ইয়া'লামু মা~আন্তুম্
তাদেরকে গ্রাস করবেই। (৬৪) জেনে রেখ, আকাশ ও পৃথিবীতে যা কিছু আছে তা আল্লাহ্রই। তোমরা যা কিছু কর আল্লাহ্ তা

○ শানে নুযূল (আঃ ৬২) ঃ পরিখার যুদ্ধে ক্লান্ত মুসলমানগণ মদীনায় যাওয়ার প্রয়োজন হলে হুযূর (স)-এর অনুমতি নিয়ে যেতেন। অনুরূপভাবে জুমুআ ও অন্যান্য ধর্মীয় সমাবেশ হতে কোন কোন মুসলমান বিশেষ প্রয়োজনে হুযূর (স)-এর অনুমতি নিয়ে বাইরে যেতেন। এই সুযোগে এদের আড়ালে মুনাফেকরাও বিনা প্রয়োজনে গোপনে সরে পড়ত। (বঃ কোঃ) ○ শানে নুযূল (আঃ ৬২) ঃ ليس على الاعمى - জিহাদে যাবার সময় সাহাবাগণ (রা) এ আয়াতের প্রেক্ষিতে, অক্ষম ব্যক্তিদের কাছে তাদের ঘরের চাবি রেখে যেতেন এবং তাদেরকে ঘরের খাদ্যদ্রব্য খাবার জন্য অনুমতি দিয়ে যেতেন। কিন্তু অক্ষম সাহাবাগণ (রা) অনুমতি পাবার পরেও মালিকের অনুপস্থিতিতে সে গৃহে খাওয়া-দাওয়া করা বৈধ মনে করতেন না। আল্লাহ আয়াত অবতীর্ণ করেন যে, "আত্মীয়-স্বজন এবং যে গৃহের চাবি তার কাছে আছে সেখানে খেতে কোন গুনাহ নেই।" (কুঃ কারীম)

○ বিশ্লেষণ (আঃ ৬৩) ঃ لاتجعلو دعا۔ - অর্থাৎ যেমনিভাবে তোমরা একে অন্যকে নাম ধরে ডাক, রাসূলুল্লাহকে (স) সেভাবে নাম ধরে ডেক না। যেমন- হে মুহাম্মদ (স)। তবে ইয়া রাসূলাল্লাহ অথবা ইয়া নবীয়াল্লাহ ইত্যাদি বলে ডাক। (কুঃ কারীম) ○ টীকা (আঃ ৬৪) ঃ একথার উদ্দেশ্য এই নয় যে, তারা হয় ইহলোকে না হয় পরলোকে শাস্তি ভোগ করিবে; বরং উভয় কালেই তাদের শাস্তি ভোগের সম্ভাবনা রয়েছে। কেননা, আল্লাহ্ তা'আলার আদেশ লঙ্ঘনে তাঁর ক্রোধ হওয়া স্বাভাবিক এবং এই আদেশ লঙ্ঘন তাঁর অজ্ঞাতও নয়। সুতরাং তাদের শাস্তি অনিবার্য। (বঃ কোঃ)

৯ ع ১৫ রুকূ

عَلَيْهِ ؕ وَيَوْمَ يُرْجَعُوْنَ اِلَيْهِ فَيُنَبِّئُهُمْ بِمَا عَمِلُوْا ؕ وَاللّٰهُ بِكُلِّ شَيْءٍ عَلِيْمٌ ۝

'আলাইহ; ওয়া ইয়াওমা ইউর্জ্বা'ঊনা ইলাইহি ফাইউনাব্বিউহুম্ বিমা- 'আমিলূ; ওয়াল্লা-হু বিকুল্লি শাইয়িন 'আলীম।
জানেন। যেদিন তারা তাঁর কাছে প্রত্যাবর্তিত হবে সেদিন তারা যা করত তিনি তা জানিয়ে দেবেন। আল্লাহ্ সর্ববিষয়ে জানেন।

সূরা ফুরক্বা-ন
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি

আয়াত ঃ ৭৭
রুকূ ঃ ৬

تَبٰرَكَ الَّذِيْ نَزَّلَ الْفُرْقَانَ عَلٰى عَبْدِهٖ لِيَكُوْنَ لِلْعٰلَمِيْنَ نَذِيْرًا ﴿١﴾ الَّذِيْ لَهٗ

১। তারা-রাকাল্লাযী নায্যালাল্ ফুরক্বা-না 'আলা- 'আব্দিহী লিইয়াকূনা লিল্ 'আ-লামীনা নাযীরা। ২। নিল্লাযী লাহূ
(১) কত মহান তিনি, যিনি তাঁর বান্দার প্রতি কুরআন নাযিল করেছেন, যাতে তিনি বিশ্ববাসীর জন্য সতর্ককারী হতে পারেন। (২) আকাশমন্ডলি

مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَلَمْ يَتَّخِذْ وَلَدًا وَّلَمْ يَكُنْ لَّهٗ شَرِيْكٌ فِى الْمُلْكِ

মুলকুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্বি ওয়ালাম্ ইয়াত্তাখিয ওয়ালাদাওঁ ওয়ালাম্ ইয়াকুল্লাহূ শারীকুন্ ফিল্ মুল্কি
ও ভূমন্ডলির সার্বভৌমত্ব তো তারই। তিনি কোন সন্তান গ্রহণ করেননি; সার্বভৌমত্বেও তার কোন শরিক নেই। তিনিই সমস্ত

وَخَلَقَ كُلَّ شَيْءٍ فَقَدَّرَهٗ تَقْدِيْرًا ﴿٢﴾ وَاتَّخَذُوْا مِنْ دُوْنِهٖۤ اٰلِهَةً لَّا يَخْلُقُوْنَ

ওয়া খালাক্বা কুল্লা শাইয়িন ফাক্বাদ্দারাহূ তাক্বদীরা-। ৩। ওয়াত্তাখাযূ মিন্ দূনিহী আ-লিহাতাল লা- ইয়াখ্লুক্বূনা
কিছু সৃষ্টি করেছেন এবং পরিমিতভাবে প্রতিপালন করছেন। (৩) তারা তাঁর পরিবর্তে অন্য উপাস্য গ্রহণ করেছে,

شَيْئًا وَّهُمْ يُخْلَقُوْنَ وَلَا يَمْلِكُوْنَ لِاَنْفُسِهِمْ ضَرًّا وَّلَا نَفْعًا وَّلَا يَمْلِكُوْنَ مَوْتًا

শাইয়াওঁ ওয়া হুম্ ইউখ্লাক্বূনা ওয়া লা- ইয়াম্লিকূনা লিআন্ফুসিহিম্ দ্বার্রাওঁ ওয়া লা- নাফ্'আওঁ ওয়ালা- ইয়াম্লিকূনা মাওতাওঁ
যারা কিছুই সৃষ্টি করে না; বরং তারা নিজেরাই সৃষ্ট। যারা নিজেদের ভাল ও মন্দের মালিক নয়। আর যারা জীবন ও মৃত্যু

وَّلَا حَيٰوةً وَّلَا نُشُوْرًا ﴿٣﴾ وَقَالَ الَّذِيْنَ كَفَرُوْۤا اِنْ هٰذَاۤ اِلَّاۤ اِفْكُ افْتَرٰىهُ وَاَعَانَهٗ

ওয়ালা- হায়া-তাওঁ ওয়ালা- নুশূরা-। ৪। ওয়া ক্বা-লাল্ লাযীনা কাফারূ~ইন্ হা-যা- ইল্লা~ইফ্কুনিফ্ তারা-হু ওয়া আ'আ-নাহূ
এবং পুনরুত্থানের মালিক নয়। (৪) কাফেররা বলে, 'এ মিথ্যা ব্যতীত কিছুই নয়; তিনিই [রাসূল (স)] তা উদ্ভাবন করেছেন এবং অন্য

عَلَيْهِ قَوْمٌ اٰخَرُوْنَ ۚ فَقَدْ جَآءُوْ ظُلْمًا وَّزُوْرًا ﴿٤﴾ وَقَالُوْۤا اَسَاطِيْرُ الْاَوَّلِيْنَ

'আলাইহি ক্বাওমুন আ-খারূন; ফাক্বাদ্ জ্বা—ঊ যুল্মাওঁ ওয়াযূরা-। ৫। ওয়া ক্বা-লূ~আসা-ত্বীরুল আওওয়ালীনাক্
এক সম্প্রদায় তাকে এ ব্যাপারে সাহায্য করেছে।' তারা অবশ্যই সীমালংঘনে ও মিথ্যায় লিপ্ত। (৫) আর তারা বলে, 'এগুলি তো সেকালের

○ বিশ্লেষণ (আঃ ১) ঃ الفرقان - অর্থ সত্য-মিথ্যা, তাওহীদ-শিরক, ন্যায়-অন্যায় এর মধ্যে পার্থক্যকারী। এ কুরআন সুস্পষ্টভাবে এর পার্থক্যকারী। এজন্য এ কুরআনকে ফুরকান বলা হয়েছে। (কুঃ কারীম)

○ টীকা (আঃ ৪) ঃ 'অন্যান্য লোকেরা' বলতে ঐসকল ইহুদী নাছারাকেই উদ্দেশ্য করা হয়েছে, যাহারা তখন ইসলাম গ্রহণ করেছিল। কিংবা যে সমস্ত ইহুদী ও নাছারা এমনি তাঁর দরবারে সময় সময় আসা-যাওয়া করত। (বঃ কোঃ)

اكْتَتَبَهَا فَهِىَ تُمْلٰى عَلَيْهِ بُكْرَةً وَّاَصِيْلًا ۝ قُلْ اَنْزَلَهُ الَّذِىْ يَعْلَمُ السِّرَّ فِى

তাতাবাহা- ফাহিয়া তুম্‌লা- 'আলাইহি বুক্‌রাতাওঁ ওয়া আস্বীলা- । ৬ । কুল্ আন্‌যালাহুল্‌লাযী ইয়া'লামুস্ সিররা ফিস্
উপকথা, যা তিনি লিখে নিয়েছেন । এগুলি সকাল-সন্ধ্যা তার নিকট পাঠ করা হয় ।' (৬) বলুন, 'এটি তিনিই নাযিল করেছেন যিনি

السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ اِنَّهٗ كَانَ غَفُوْرًا رَّحِيْمًا ۝ وَقَالُوْا مَالِ هٰذَا الرَّسُوْلِ

সামা- ওয়া-তি ওয়াল্ আর্‌দ্ব; ইন্নাহূ কা-না গাফূরার রাহ্বীমা- । ৭ । ওয়া ক্বা-লূ মা-লি হা-যার রাসূলি
আকাশ ও পৃথিবীর সকল গোপন বিষয় জানেন । নিশ্চয় তিনি ক্ষমাশীল ও পরম দয়ালু । (৭) তারা বলে, ' এ কেমন রাসূল যে

يَاْكُلُ الطَّعَامَ وَيَمْشِىْ فِى الْاَسْوَاقِ ؕ لَوْلَآ اُنْزِلَ اِلَيْهِ مَلَكٌ فَيَكُوْنَ مَعَهٗ

ইয়া'কুলুত্ব ত্বা'আ-মা ওয়া ইয়াম্‌শী ফিল আস্‌ওয়া-ক্ব; লাওলা~উন্‌যিলা ইলাইহি মালাকুন ফাইয়াকূনা মা'আহূ
আহার করে এবং হাটে-বাজারে চলাফেরা করে । তার নিকট কেন কোন ফেরেশ্‌তা নাযিল করা হল না, যে তার সাথে সতর্ককারীরূপে

نَذِيْرًا ۝ اَوْ يُلْقٰٓى اِلَيْهِ كَنْزٌ اَوْ تَكُوْنُ لَهٗ جَنَّةٌ يَّاْكُلُ مِنْهَا ؕ وَقَالَ الظّٰلِمُوْنَ

নাযীরা- । ৮ । আও ইউল্‌ক্বা~ইলাইহি কান্‌যুন আও তাকূনু লাহূ জ্বান্নাতুন ইয়া'কুলু মিন্‌হা-; ওয়া ক্বা-লায্ যা-লিমূনা
থাকত?' (৮) অথবা 'তাকে কোন ধনভাণ্ডার দেয়া হয় না কেন অথবা তার একটি বাগান নেই কেন যা থেকে তিনি আহার করতে পারেন ?' জালিমরা আরও বলে,

اِنْ تَتَّبِعُوْنَ اِلَّا رَجُلًا مَّسْحُوْرًا ۝ اُنْظُرْ كَيْفَ ضَرَبُوْا لَكَ الْاَمْثَالَ فَضَلُّوْا فَلَا

ইন্ তাত্তাবি'উনা ইল্লা- রাজুলাম্ মাস্‌হূরা । ৯ । উন্‌যুর কাইফা দ্বারাবূ লাকাল্ আম্‌ছা-লা ফাদ্বাল্লূ ফালা-
'তোমরা এক যাদুগ্রস্ত ব্যক্তিরই অনুসরণ করছ ।' (৯) লক্ষ করুন, তারা আপনার কি উপমা দেয়; সুতরাং তারা পথভ্রষ্ট হয়েছে

يَسْتَطِيْعُوْنَ سَبِيْلًا ۝ تَبٰرَكَ الَّذِىْٓ اِنْ شَآءَ جَعَلَ لَكَ خَيْرًا مِّنْ ذٰلِكَ جَنّٰتٍ

ইয়াস্তাত্বী'উনা সাবীলা- । ১০ । তাবা-রাকাল লাযী ~ইন্ শা—আ জ্বা'আলা লাকা খাইরাম্‌মিন যা-লিকা জ্বান্নাতিন
এবং তারা পথ পাবে না । (১০) কত মহান তিনি, যিনি ইচ্ছা করলে আপনাকে এর চেয়ে উৎকৃষ্টতর বস্তু দিতে পারেন– যেমন

ع
১৬
রুকূ

تَجْرِىْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ ۙ وَيَجْعَلْ لَّكَ قُصُوْرًا ۝ بَلْ كَذَّبُوْا بِالسَّاعَةِ

তাজ্বরী মিন্ তাহ্বতিহাল্ আন্‌হা-রু, ওয়া ইয়াজ্ব'আল্ লাকা ক্বাসূরা- । ১১ । বাল্ কায্‌যাবূ বিস্ সা-'আতি
উদ্যানসমূহ, যার নিম্নদেশে নদীনালা প্রবাহিত হয় এবং তিনি আপনার জন্য বানাতে পারেন প্রাসাদ সমূহ । (১১) কিন্তু তারা কিয়ামতকে মিথ্যা প্রতিপন্ন করে ।

وَاَعْتَدْنَا لِمَنْ كَذَّبَ بِالسَّاعَةِ سَعِيْرًا ۝ اِذَا رَاَتْهُمْ مِّنْ مَّكَانٍ بَعِيْدٍ سَمِعُوْا لَهَا

ওয়া আ'তাদ্‌না- লিমান্ কায্‌যাবা বিস্ সা-'আতি সা'ঈরা- । ১২ । ইযা- রাআত্‌হুম মিম্ মাকানিম্ বা'ঈদিন সামি'উ লাহা-
যারা কিয়ামতকে মিথ্যা প্রতিপন্ন করে, তাদের জন্য আমি অগ্নিশিখা প্রস্তুত করে রেখেছি । (১২) দূর থেকে অগ্নি যখন তাদেরকে দেখবে, তখন তারা এর বিক্ষুব্ধ

تَغَيُّظًا وَّزَفِيْرًا ۝ وَاِذَآ اُلْقُوْا مِنْهَا مَكَانًا ضَيِّقًا مُّقَرَّنِيْنَ دَعَوْا هُنَالِكَ ثُبُوْرًا ۝

তাগাইয়্যুযাওঁ ওয়া যাফীরা । ১৩ । ওয়া ইযা- উল্‌ক্বূ মিন্‌হা- মাকা-নান্ দ্বাইয়্যিক্বাম মুক্বার্‌রানীনা দা'আও হুনা-লিকা ছুবূরা- ।
○ টীকা (আঃ ৫৯) ঃ এ আয়াত দ্বারা আল্লাহ তাঁর বান্দাদেরকে কোন ভাষণ দানের প্রাক্কালে সর্ব প্রথম আল্লাহর প্রশংসা ও তার প্রিয় পাত্র নেক বান্দাদের প্রতি সালাম পেশ করার রীতি শিক্ষা দিয়েছেন । এরপর আল্লাহ ক্রমাগতভাবে তাঁর কুদরত ও তার সৃষ্টি ক্ষমতার এক একটি কীর্তিকে উল্লেখ করে জিজ্ঞেস করেছেন– বল এগুলি কার কাজ? এসব কাজে আল্লাহর সাথে কি অপর কেউ শরীক আছে? যদি না থাকে তবে তোমরা যাদের উপাস্য বলে মনে কর তারা কারা? হাদীস শরীফে উল্লেখ আছে, নবী করীম রাসূল (স) যখন এ আয়াতটি তেলওয়াত করতেন । তখন সংগে সংগে জবাবে বলতেন বালিল্লাহু খাইরুও ওয়া আবকা ।

⑥٠ امن خلق السموت والارض وانزل لكم من السماء ماء فانبتنا به

৬০ । আম্মান্ খালাক্বাস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্‌দ্বা ওয়া আন্‌যালা লাকুম্ মিনাস্ সামা—ই মা—আন, ফাআম্‌বাত্‌না- বিহী
(৬০) (আচ্ছা বলতো) আকাশমণ্ডলী ও পৃথিবী কে সৃষ্টি করেছেন? এবং কে তোমাদের জন্য আকাশ থেকে পানি (বৃষ্টি) বর্ষণ করেছেন? আমি তা দ্বারা সৃষ্টি করেছি

حدائق ذات بهجة ما كان لكم ان تنبتوا شجرها ءاله مع الله بل هم

হ্বাদা—ইক্বা যা-তা বাহ্‌জ্বাতিন, মা- কা-না লাকুম আন্ তুম্‌বিতূ শাজ্বারাহা-; আইলা-হুম্ মা'আল্লা-হি ; বাল্ হুম্
সুন্দর বাগান, তার বৃক্ষাদি উৎপন্ন করা তোমাদের পক্ষে (কোনভাবেই) সম্ভব ছিল না । আল্লাহর সাথে আর অন্য কোন মাবুদ আছে কি? বরং ওরাই

قوم يعدلون ⑥١ امن جعل الارض قرارا وجعل خللها انهرا وجعل لها

ক্বাওমুই ইয়া'দিলূন । ৬১ । আম্মান্ জ্বা'আলাল্ আর্‌দ্বা ক্বারা-রাওঁ ওয়া জ্বা'আলা খিলা-লাহা~আন্‌হা-রাওঁ ওয়া জ্বা'আলা লাহা-
সত্যভ্রষ্ট সম্প্রদায় । (৬১) বলতো কে পৃথিবীকে করেছেন বাসের যোগ্য এবং তার মধ্যে নদীসমূহ প্রবাহিত করেছেন এবং সৃষ্টি করেছেন তার

رواسي وجعل بين البحرين حاجزا ءاله مع الله بل اكثرهم لا يعلمون

রাওয়া-সিয়া ওয়া জ্বা'আলা বাইনাল্ বাহ্বরাইনি হ্বা-জিযান; আইলা-হুম্ মা'আল্লা-হি; বাল্ আক্‌ছারুহুম লা-ইয়া'লামূন ।
(স্থিরতার) জন্য মজবুত পাহাড়সমূহ এবং করে রেখেছেন দু'সমুদ্রের মধ্যে প্রতিবন্ধক? আল্লাহর সাথে অন্য আর কেউ মাবুদ আছেন? বরং তাদের অধিকাংশই জ্ঞান রাখে না ।

⑥٢ امن يجيب المضطر اذا دعاه ويكشف السوء ويجعلكم خلفاء

৬২ । আম্মাই ইউজ্বীবুল মুদ্বত্বার্‌রা ইযা- দা'আ-হু ওয়া ইয়াক্‌শিফুস্ সূ—আ ওয়া ইয়াজ্ব'আলুকুম খুলাফা—আল্
(৬২) কে সাড়া দেন অসহায়দের ডাকে, যখন সে তাঁকে ডাকে এবং কে বিপদ দূর করে দেন এবং তোমাদেরকে পৃথিবীর খলীফা (উত্তরাধিকারী) করেন? সুতরাং

الارض ءاله مع الله قليلا ما تذكرون ⑥٣ امن يهديكم في ظلمت البر

আরদ্বি ; আ-ইলাহুম্ মা'আল্লা-হি ; ক্বালীলাম্ মা- তাযাক্কারূন । ৬৩ । আম্মাই ইয়াহ্‌দীকুম ফী জুলুমা-তিল্ বার্‌রি
আল্লাহর সাথে অন্য আরও মাবুদ আছে কি? তোমরা অল্প সংখ্যক লোকই উপদেশ গ্রহণ করে থাক । (৬৩) কে তোমাদেরকে স্থল ও সমুদ্রের অন্ধকারে পথ

والبحر ومن يرسل الريح بشرا بين يدي رحمته ءاله مع الله

ওয়াল্ বাহ্বরি ওয়া মাই ইউর্‌সিলুর্ রিয়া-হ্বা বুশ্‌রাম্ বাইনা ইয়াদাই রাহ্‌মাতিহী; আইলা-হুম্ মা'আল্লা-হি ;
প্রদর্শন করেন এবং কে তাঁর রহমতের (বৃষ্টির) পূর্বেই সুসংবাদবাহী বায়ু পরিচালনা করেন? (অতএব) আল্লাহর সাথে অন্য কোন মাবুদ আছে কি? তারা যেগুলোকে

تعلى الله عما يشركون ⑥٤ امن يبدؤا الخلق ثم يعيده ومن يرزقكم

তা'আ-লাল্লা-হু 'আম্মা- ইউশ্‌রিকূন । ৬৪ । আম্মাই ইয়াব্‌দাউল্ খাল্‌ক্বা ছুম্মা ইউ'ঈদুহূ ওয়ামাই ইয়ার্‌যুক্বুকুম্
শরীক করে তাদের থেকে আল্লাহ অনেক উর্ধ্বে । (৬৪) কে প্রথমবার সৃষ্টি করেন সৃষ্টিকে; অতঃপর তা (পুনরায়) প্রত্যাবর্তন করাবেন? কে তোমাদেরকে

○ টীকা (আঃ ৬৪) ঃ এই আয়াতে আল্লাহ তায়ালা পরকাল অবিশ্বাসীদের শিক্ষার জন্য উদাহরণ স্বরূপ একই জাতীয় বস্তুর বার বার জন্মের উল্লেখ করেছেন । প্রকৃতপক্ষে যেমন ঋতুর পর ঋতু, বৎসরের পর বৎসর আসে; কালের গতিরোধ হয় না । তদ্রূপ উদ্ভিদ ও প্রাণী জগতে বার বার তাদের উৎপত্তি বা জন্ম হয়ে থাকে । জন্মের গতিরোধ হয় না । আমরা এটা পার্থিব জগতে প্রত্যক্ষ করে থাকি । তথাপি আমরা জন্ম রহস্য উদঘাটন করতে পারি না । এরূপ জন্মদাতা ও স্রষ্টার পক্ষে 'কেয়ামতে' পুনর্জীবিত করা আদৌ অস্বীকার করা যায় না ।
আলোচ্য আয়াতে আরও বুঝতে পারা যায় যে, যে মহান আল্লাহ এই বিরাট সৃষ্টিকে বিনা নমুনায় প্রথমবার সৃষ্টি করতে অনায়াসে সক্ষম, তিনি আবার এই সৃষ্টিকে পুনর্জীবিত করতেও সক্ষম ।

ومكرنا مكرا وهم لا يشعرون ۝ فانظر كيف كان عاقبة مكرهم انا

ওয়া মাকারনা- মাক্‌রাওঁ ওয়া হুম লা- ইয়াশ'উরূন। ৫১। ফান্‌জুর কাইফা কা-না 'আ-ক্বিবাতু মাক্‌রিহিম, আন্না-

এবং আমিও এক কৌশল করেছিলাম; অথচ তারা তা অনুভব করতে পারলেন। (৫১) (এখন) দেখ, তাদের চক্রান্তের পরিণাম কেমন হয়েছিল? আমি তাদেরকে

دمرنهم وقومهم اجمعين ۝ فتلك بيوتهم خاوية بما ظلموا ان في ذلك

দাম্মারনা-হুম ওয়া ক্বাওমাহুম আজ্‌মা'ঈন।৫২। ফাতিল্‌কা বুয়ূতুহুম খা-ওয়িয়াতাম্ বিমা- য্বালামূ ; ইন্না ফী যা-লিকা

এবং তাদের সম্প্রদায়ের সকলকে ধ্বংস করে দিয়েছি। (৫২) এ হলো তাদের বাড়ি-ঘর, যা তাদের কুফরীর কারণে উজাড় অবস্থায় পড়ে রয়েছে, নিঃসন্দেহে যারা জ্ঞানী সম্প্রদায়

لاية لقوم يعلمون ۝ وانجينا الذين امنوا وكانوا يتقون ۝ ولوطا اذ قال

লাআ-ইয়াতান্ লিক্বাওমিই ইয়া'লামূন। ৫৩। ওয়া আনজ্বাইনাল্ লাযীনা আ-মানূ ওয়া কা-নূ ইয়াত্তাক্বূন। ৫৪ ওয়া লূত্বান্ ইয্ ক্বা-লা

তাদের জন্য রয়েছে এর মধ্যে উপদেশ। (৫৩) এবং আমি রক্ষা করেছি তাদেরকে, যারা মুমিন এবং পরহেযগার ছিল। (৫৪) এবং লূতের (কাহিনী) স্মরণ করুন,

لقومه اتاتون الفاحشة وانتم تبصرون ۝ ائنكم لتاتون الرجال شهوة من

লিক্বাওমিহী~আতা'তূনাল ফা-হ্বিশাতা ওয়া আন্‌তুম তুব্‌স্বিরূন। ৫৫। আইন্নাকুম লাতা'তূনার রিজা-লা শাহ্‌ওয়াতাম্ মিন্

যখন তিনি তাঁর সম্প্রদায়কে বললেন, তোমরা কি অশ্লীলতা করছ, এমনাবস্থায় যে, তোমরা (এর খারাবি) দেখছ? (৫৫) তোমরা কি নারীদের বর্জন করে পুরুষদে সহিত

دون النساء بل انتم قوم تجهلون ۝ فما كان جواب قومه الا ان قالوا اخرجوا

দূনিন্ নিসা—ই ; বাল্ আন্‌তুম ক্বাওমুন্ তাজ্‌হালূন। ৫৬। ফামা- কা-না জ্বাওয়া-বা ক্বাওমিহী~ইল্লা~আন্ ক্বা-লূ~আখ্‌রিজূ~

কামভাব মিটানোর জন্য আসছ? বরং তোমরা নির্বোধ সম্প্রদায়। (৫৬) তখন তাদের এছাড়া আর কোনই উত্তর ছিল না যে, তারা বলল, লূতের সম্প্রদায়কে তোমাদের শহর

ال لوط من قريتكم انهم اناس يتطهرون ۝ فانجينه واهله الا

আ-লা লূত্বিম্ মিন্ ক্বারইয়াতিকুম, ইন্নাহুম উনা-সুঁই ইয়াতাত্বাহ্‌হারূন। ৫৭। ফাআন্‌জ্বাইনা-হু ওয়া আহ্‌লাহূ~ইল্লাম

থেকে "বের করে দাও"। তারা এমন মানুষ যে তারা পবিত্র থাকতে চায়।" (৫৭) অতঃপর আমি তাকে ও তার পরিবারকে রক্ষা করলাম, তাঁর স্ত্রী ব্যতীত। তার ব্যাপারে নির্ধারণ

امراته قدرنها من الغبرين ۝ وامطرنا عليهم مطرا فساء مطر المنذرين

রাআতাহ, ক্বাদ্দারনা-হা-মিনাল গা-বিরীন। ৫৮। ওয়া আম্‌ত্বারনা- 'আলাইহিম্ মাত্বারা- ; ফাসা—আ মাত্বারুল মুন্‌যারীন।

করেছিলাম পশ্চাদবর্তীদের অন্তর্ভুক্ত থাকা। (৫৮) আমি তাদের উপর (পাথরের) বৃষ্টি বর্ষণ করেছিলাম, আর যাদের সতর্ক করা হয়েছিল তাদের উপর এ বৃষ্টি কতইনা খারাপ ছিল।

৪ ع ১৯ রুকূ

قل الحمد لله وسلم على عباده الذين اصطفى الله خير اما يشركون

৫৯। কুলিল্ হামদু লিল্লা-হি ওয়া সালা-মুন 'আলা- 'ইবা-দিহিল্লাযীনাস্বত্বাফা- ; আ—ল্লা-হু খাইরুন্ আম্মা- ইউশরিকূন।

(৫৯) বলুন, প্রশংসা আল্লাহরই, এবং তার মনোনিত বান্দাদের প্রতি সালাম। (বলুন) আল্লাহ উত্তম, না যাদেরকে তারা (আল্লাহর সাথে) শরীক করে (তারা)?

○ টীকা (আঃ ৫৯) ঃ এ আয়াত দ্বারা আল্লাহ তাঁর বান্দাদেরকে কোন ভাষণ দানের প্রাক্কালে সর্ব প্রথম আল্লাহর প্রশংসা ও তাঁর প্রিয় পাত্র নেক বান্দাদের প্রতি সালাম পেশ করার রীতি শিক্ষা দিয়েছেন। এরপর আল্লাহ ক্রমাগতভাবে তাঁর কুদরত ও তার সৃষ্টি ক্ষমতার এক একটি কীর্তিকে উল্লেখ করে জিজ্ঞেস করেছেন– বল এগুলি কার কাজ? এসব কাজে আল্লাহর সাথে কি অপর কেউ শরীক আছে? যদি না থাকে তবে তোমরা যাদের উপাস্য বলে মনে কর তারা কারা? হাদীস শরীফে উল্লেখ আছে, নবী করীম রাসূল (স) যখন এ আয়াতটি তেলওয়াত করতেন। তখন সংগে সংগে জবাবে বলতেন বালিল্লাহু খাইরুও ওয়া আবকা।

পারা ২০

امن خلق السموت والارض وانزل لكم من السماء ماء فانبتنا به

৬০। আম্মান্ খালাক্বাস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্বা ওয়া আন্‌যালা লাকুম্ মিনাস্ সামা—ই মা—আন, ফাআম্‌বাত্‌না- বিহী

(৬০) (আচ্ছা বলতো) আকাশমণ্ডলী ও পৃথিবী কে সৃষ্টি করেছেন? এবং কে তোমাদের জন্য আকাশ থেকে পানি (বৃষ্টি) বর্ষণ করেছেন? আমি তা দ্বারা সৃষ্টি করেছি

حدائق ذات بهجة ما كان لكم ان تنبتوا شجرها ءاله مع الله بل هم

হ্বাদা—ইক্বা যা-তা বাহ্‌জ্বাতিন, মা- কা-না লাকুম আন্ তুম্‌বিতূ শাজ্বারাহা-; আইলা-হুম্ মা'আল্লা-হি ; বাল্ হুম্

সুন্দর বাগান, তার বৃক্ষাদি উৎপন্ন করা তোমাদের পক্ষে (কোনভাবেই) সম্ভব ছিল না। আল্লাহর সাথে আর অন্য কোন মাবুদ আছে কি? বরং ওরাই

قوم يعدلون ۝ امن جعل الارض قرارا وجعل خللها انهرا وجعل لها

ক্বাওমুই ইয়া'দিলূন। ৬১। আম্মান্ জ্বা'আলাল্ আরদ্বা ক্বারা-রাওঁ ওয়া জ্বা'আলা খিলা-লাহা~আন্‌হা-রাওঁ ওয়া জ্বা'আলা লাহা-

সত্যভ্রষ্ট সম্প্রদায়। (৬১) বলতো কে পৃথিবীকে করেছেন বাসের যোগ্য এবং তার মধ্যে নদীসমূহ প্রবাহিত করেছেন এবং সৃষ্টি করেছেন তার

رواسي وجعل بين البحرين حاجزا ءاله مع الله بل اكثرهم لا يعلمون

রাওয়া-সিয়া ওয়া জ্বা'আলা বাইনাল্ বাহ্‌রাইনি হ্বা-জ্বিযান; আইলা-হুম্ মা'আল্লা-হি; বাল্ আক্‌ছারুহুম লা-ইয়া'লামূন।

(স্থিরতার) জন্য মজবুত পাহাড়সমূহ এবং করে রেখেছেন দু'সমুদ্রের মধ্যে প্রতিবন্ধক? আল্লাহর সাথে অন্য আর কেউ মাবুদ আছেন? বরং তাদের অধিকাংশই জ্ঞান রাখে না।

امن يجيب المضطر اذا دعاه ويكشف السوء ويجعلكم خلفاء

৬২। আম্মাই ইউজ্বীবুল মুদ্বত্বার্‌রা ইযা- দা'আ-হু ওয়া ইয়াক্‌শিফুস্ সূ—আ ওয়া ইয়াজ্‌'আলুকুম খুলাফা—আল্

(৬২) কে সাড়া দেন অসহায়দের ডাকে, যখন সে তাঁকে ডাকে এবং কে বিপদ দূর করে দেন এবং তোমাদেরকে পৃথিবীর খলীফা (উত্তরাধিকারী) করেন? সুতরাং

الارض ءاله مع الله قليلا ما تذكرون ۝ امن يهديكم في ظلمت البر

আরদ্বি ; আ-ইলাহুম্ মা'আল্লা-হি ; ক্বালীলাম্ মা- তাযাক্কারূন। ৬৩। আম্মাই ইয়াহ্‌দীকুম ফী জুলুমা-তিল্ বার্‌রি

আল্লাহর সাথে অন্য আরও মাবুদ আছে কি? তোমরা অল্প সংখ্যক লোকই উপদেশ গ্রহণ করে থাক। (৬৩) কে তোমাদেরকে স্থল ও সমুদ্রের অন্ধকারে পথ

والبحر ومن يرسل الريح بشرا بين يدي رحمته ءاله مع الله

ওয়াল্ বাহ্‌রি ওয়া মাইঁ ইউর্‌সিলুর রিয়া-হ্বা বুশ্‌রাম্ বাইনা ইয়াদাই রাহ্‌মাতিহী; আইলা-হুম্ মা'আল্লা-হি ;

প্রদর্শন করেন এবং কে তাঁর রহমতের (বৃষ্টির) পূর্বেই সুসংবাদবাহী বায়ু পরিচালনা করেন? (অতএব) আল্লাহর সাথে অন্য কোন মাবুদ আছে কি? তারা যেগুলোকে

تعلى الله عما يشركون ۝ امن يبدؤا الخلق ثم يعيده ومن يرزقكم

তা'আ-লাল্লা-হু 'আম্মা- ইউশ্‌রিকূন। ৬৪। আম্মাইঁ ইয়াব্‌দাউল্ খাল্‌ক্বা ছুম্মা ইউ'ঈদুহূ ওয়ামাইঁ ইয়ার্‌যুক্বুকুম্

শরীক করে তাদের থেকে আল্লাহ অনেক উর্ধ্বে। (৬৪) কে প্রথমবার সৃষ্টি করেন সৃষ্টিকে; অতঃপর তা (পুনরায়) প্রত্যাবর্তন করাবেন? কে তোমাদেরকে

○ টীকা (আঃ ৬৪) ঃ এই আয়াতে আল্লাহ তায়ালা পরকাল অবিশ্বাসীদের শিক্ষার জন্য উদাহরণ স্বরূপ একই জাতীয় বস্তুর বার বার জন্মের উল্লেখ করেছেন। প্রকৃতপক্ষে যেমন ঋতুর পর ঋতু, বৎসরের পর বৎসর আসে; কালের গতিরোধ হয় না। তদ্রূপ উদ্ভিদ ও প্রাণী জগতে বার বার তাদের উৎপত্তি বা জন্ম হয়ে থাকে। জন্মের গতিরোধ হয় না। আমরা এটা পার্থিব জগতে প্রত্যক্ষ করে থাকি। তথাপি আমরা জন্ম রহস্য উদঘাটন করতে পারি না। এরূপ জন্মদাতা ও স্রষ্টার পক্ষে 'কেয়ামতে' পুনর্জীবিত করা আদৌ অস্বীকার করা যায় না।
আলোচ্য আয়াতে আরও বুঝতে পারা যায় যে, যে মহান আল্লাহ এই বিরাট সৃষ্টিকে বিনা নমুনায় প্রথমবার সৃষ্টি করতে অনায়াসে সক্ষম, তিনি আবার এই সৃষ্টিকে পুনর্জীবিত করতেও সক্ষম।

من السماء والارض ءاله مع الله قل هاتوا برهانكم ان كنتم صدقين

মিনাস্ সামা—ই ওয়াল্ আরদ্বি ; আইলা-হুম্ মা'আল্লা-হি ; কুল্ হা-তূ বুর্হা-নাকুম ইন্ কুন্তুম্ স্বা-দিক্বীন।
আকাশ ও পৃথিবী হতে খাদ্য দান করেন? অতএব আল্লাহর সাথে কি অন্য মাবূদ আছে? আপনি বলুন, যদি তোমরা সত্যবাদী হও তবে তোমাদের প্রমাণ পেশ কর।

قل لا يعلم من في السموت والارض الغيب الا الله وما يشعرون

৬৫। ক্বুল্ লা-ইয়া'লামু মান্ ফিস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্বিল্ গাইবা ইল্লাল্লা-হ ; ওয়ামা- ইয়াশ্'উরূনা
(৬৫) আপনি বলুন, আল্লাহ ব্যতীত আকাশ ও পৃথিবীর কেউই অদৃশ্য বিষয়ের খবর রাখে না এবং তারা এ খবরও রাখে না যে,

ايان يبعثون بل ادرك علمهم في الاخرة بل هم في شك منها

আইয়্যা-না ইউব্'আছূন। ৬৬। বালিদ্ দা-রাকা 'ইল্মুহুম ফিল্ আ-খিরাতি ; বাল্ হুম ফী শাক্কিম্ মিন্হা-,
তারা কবে পুনরুত্থান হবে। (৬৬) পরকাল (সংঘটন) সম্পর্কে তাদের জ্ঞান শেষ হয়েছে; বরং তারা এ সম্পর্কে সন্দেহের মধ্যে রয়েছে।

بل هم منها عمون وقال الذين كفروا ءاذا كنا ترابا واباؤنا ائنا

বাল্ হুম্ মিন্হা- 'আমূন। ৬৭। ওয়া ক্বা-লাল্ লাযীনা কাফারূ~আইযা- কুন্না- তুরা-বাওঁ ওয়াআ-বা—উনা~আইন্না-
বরং এ ব্যাপারে তারা অন্ধ। (৬৭) কাফিরেরা বলে, যখন আমরা এবং আমাদের পিতৃ পুরুষেরা মাটি হয়ে যাব, তখনও কি আমাদেরকে (কবর থেকে)

রুকূ ৫

لمخرجون لقد وعدنا هذا نحن واباؤنا من قبل ان هذا الا اساطير

লামুখ্রাজূন। ৬৮। লাক্বাদ্ উ'ইদ্না- হা-যা- নাহ্নু ওয়া আ-বা—উনা- মিন্ ক্বাব্লু ইন্ হা-যা~ইল্লা~আসা-ত্বীরুল্
বের করা হবে? (৬৮) এ ব্যাপারে আমাদেরকে এবং পূর্বে আমাদের পিতৃ পুরুষগণকে প্রতিশ্রুতি দেয়া হয়েছে। এটাতো আগেকার লোকদের গল্প কাহিনী ছাড়া

الاولين قل سيروا في الارض فانظروا كيف كان عاقبة المجرمين

আওয়্যালীন। ৬৯। ক্বুল সীরূ ফিল্ আর্দ্বি ফান্জুরূ কাইফা কা-না 'আ-ক্বিবাতুল মুজ্বরিমীন।
আর কিছুই নয়। (৬৯) আপনি বলুন, পৃথিবীতে ভ্রমণ করুন এবং দেখুন, পাপীরদের পরিণাম কেমন হয়েছে।

ولا تحزن عليهم ولا تكن في ضيق مما يمكرون ويقولون متى هذا

৭০। ওয়ালা- তাহ্যান্ 'আলাইহিম ওয়ালা- তাকুন্ ফী দ্বাইক্বিম্ মিম্মা- ইয়াম্কুরূন। ৭১। ওয়া ইয়াক্বূলূনা মাতা- হা-যাল্
(৭০) আপনি তাদের (বিরোধিতার) ব্যাপারে চিন্তা করবেন না এবং তাদের ষড়যন্ত্রে কষ্ট পাবেন না। (৭১) তারা বলে, তোমাদের এ প্রতিশ্রুতি কখন (বাস্তবায়িত)

الوعد ان كنتم صدقين قل عسى ان يكون ردف لكم بعض الذي

ওয়া'দু ইন্ কুন্তুম স্বা-দিক্বীন। ৭২। ক্বুল্ 'আসা~আঁই ইয়াকূনা রাদিফা লাকুম্ বা'দুল্লাযী
হবে? যদি তোমরা সত্যবাদী হও তবে বলে দাও। (৭২) আপনি (তাদের) বলুন, তোমরা যা দ্রুত কামনা করছ সম্ভবতঃ তার কিছু (বাস্তবায়িত হবার সময়) অতি

○ টীকা (আঃ ৬৫) ঃ অর্থাৎ, আল্লাহর একত্ব সম্বন্ধে এই প্রমাণগুলি শ্রবণ করেও যদি তারা বলে, অন্য মা'বূদও এবাদতের যোগ্য রয়েছে, তবে তাদেরকে বলে দিন, এ দাবিতে তোমরা সত্য হলে এর পক্ষে এমন যুক্তিসঙ্গত প্রমাণ আনয়ন কর, যাতে তাদের উপাস্য হওয়ার যোগ্যতা প্রমাণিত হয়। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৬৭) ঃ ফলকথা, পথ না দেখার কারণে অন্ধের পক্ষে যেমন গন্তব্য স্থানে পৌঁছা দুরূহ, তদ্রূপ, পরকালের যে প্রমাণসমূহ রয়েছে, ঈর্ষা ও বিরোধিতার কারণে তৎপ্রতি এরা মনোনিবেশ না করার দরুনই উক্ত প্রমাণসমূহ তাদের জ্ঞান-চক্ষুর গোচরীভূত হয় না। এই অন্ধ সেজে থাকা, সন্দিহান হওয়া অপেক্ষা জঘন্য। কেননা, প্রমাণের প্রতি লক্ষ্য করলে সন্দিহান ব্যক্তির সন্দেহ দূর হয়ে থাকে। আর তারা লক্ষ্যই করে না। (বঃ কোঃ)

تستعجلون وان ربك لذو فضل على الناس ولكن اكثرهم لا يشكرون

তাস্তা'জিলূন। ৭৩। ওয়া ইন্না রাব্বাকা লাযূ ফাদ্বলিন্ 'আলান্ না-সি ওয়ালা-কিন্না আক্ছারাহুম লা-ইয়াশ্কুরূন।
নিকটবর্তী হয়ে গেছে। (৭৩) নিশ্চয়ই তোমার প্রতিপালক মানুষের উপর বড়ই দয়াশীল, কিন্তু তাদের অধিকাংশ লোকেই অকৃতজ্ঞ।

وان ربك ليعلم ما تكن صدورهم وما يعلنون وما من غائبة في السماء

৭৪। ওয়া ইন্না রাব্বাকা লাইয়া'লামু মা- তুকিন্নু স্বুদূরুহুম ওয়ামা- ইউ'লিনূন। ৭৫। ওয়া মা- মিন্ গা—ইবাতিন্ ফিস্ সামা—ই
(৭৪) নিশ্চয়ই তোমার প্রতিপালক সে বিষয়গুলো জানেন, যা তাদের অন্তরে গোপন রাখে এবং যা তারা প্রকাশ করে। (৭৫) আকাশ ও পৃথিবীতে

والارض الا في كتب مبين ان هذا القران يقص على بني اسراءيل

ওয়াল্ আরদ্বি ইল্লা- ফী কিতা-বিম্ মুবীন। ৭৬। ইন্না হা-যাল্ ক্বুর্আ-না ইয়াক্বুস্বস্বু 'আলা- বানী~ ইস্রা—ঈলা
এমন কোন গোপন বিষয় নেই, যা সুস্পষ্ট কিতাবে না আছে। (৭৬) নিশ্চয়ই এ কুরআন বনী ঈসরাঈলের সামনে সে

اكثر الذي هم فيه يختلفون وانه لهدى ورحمة للمؤمنين ان

আকছারাল্ লাযী হুম ফীহি ইয়াখ্তালিফূন। ৭৭। ওয়া ইন্নাহূ লাহুদাওঁ ওয়া রাহ্মাতুল্ লিল্ মু'মিনীন। ৭৮। ইন্না
বিষয়ের অধিকাংশই বর্ণনা করে, যাতে তারা মতভেদ করে। (৭৭) নিশ্চয়ই এ কুরআন মুমিনগণের জন্য পথ প্রদর্শক ও অনুগ্রহ স্বরূপ। (৭৮) আপনার

ربك يقضي بينهم بحكمه وهو العزيز العليم فتوكل على الله انك

রাব্বাকা ইয়াক্বদ্বী বাইনাহুম্ বিহুক্মিহী, ওয়া হুওয়াল্ 'আযীযুল 'আলীম। ৭৯। ফাতাওয়াক্কাল্ 'আলাল্লা-হি, ইন্নাকা
রব তাদের মধ্যে নিজ নির্দেশ দ্বারা ফয়সালা করে দিবেন এবং তিনি মহাপরাক্রমশালী মহাজ্ঞানী। (৭৯) সুতরাং একমাত্র আল্লাহর উপরই ভরসা করুন আপনি তো অবশ্যই

على الحق المبين انك لا تسمع الموتى ولا تسمع الصم الدعاء اذا ولوا

'আলাল্ হাক্কিল্ মুবীন্। ৮০। ইন্নাকা লা- তুস্মি'উল মাওতা- ওয়ালা- তুস্মি'উছ্ ছুম্মাদ্ দু'আ—আ ইযা- ওয়াল্লাও
স্পষ্ট সত্য পথের উপর আছেন। (৮০) নিশ্চয়ই আপনি মৃতকে শোনাতে পারবেন না এবং শোনাতে পারবেন না বধিরকে আপনার আহ্বান, যখন তারা পৃষ্ঠ ফিরায়ে

مدبرين وما انت بهدي العمي عن ضللتهم ان تسمع الا من يؤمن

মুদ্বিরীন্। ৮১। ওয়ামা~আন্তা বিহা-দিল্ 'উম্য়ি 'আন্ দ্বালা-লাতিহিম্ ; ইন্ তুস্মিউ ইল্লা- মাইঁ ইউ'মিনু
চলে যায়। (৮১) এবং আপনি (সত্য) পথ প্রদর্শন করতে পারবেন না অন্ধদেরকে, তাদের ভ্রষ্টতা হতে; আপনিতো শুধু তাদেরকেই শোনাতে পারবেন, যারা আমার আয়াতের

باياتنا فهم مسلمون واذا وقع القول عليهم اخرجنا لهم دابة من الارض

বিআ-ইয়া-তিনা- ফাহুম্ মুস্লিমূন। ৮২। ওয়া ইযা- ওয়াক্বা'আল্ ক্বাওলু 'আলাইহিম আখ্রাজ্না- লাহুম্ দা—ব্বাতাম্ মিনাল্ আর্দ্বি
উপর ঈমান রাখে আর তারাই মুসলমান। (৮২) যখন এসে যাবে তাদের উপর সে (ওয়াদাকৃত) বাণী (শাস্তি), তখন আমি মাটির নীচ হতে তাদের জন্য বের করব এক পশু,

○ বিশ্লেষণ (আঃ ৭৫) ঃ كتب مبين - "সু-স্পষ্ট কিতাব" দ্বারা 'লওহে মাহফুজকে' বুঝানো হয়েছে।
○ বিশ্লেষণ (আঃ ৮২) ঃ لهم دابة – হযরত শাহ ছাহেব (র) বলেন, 'কিয়ামতের পূর্বে মক্কার সাফা পাহাড় ফেটে যাবে' এবং সেখান হতে একটি পশু বের হবে। সেটি মানুষদেরকে বলবে যে, 'কিয়ামত অতি নিকটবর্তী' এবং সেটি, প্রকৃত ঈমান ও অপরাধ গোপনকারীদেরকে চিহ্নিত করে পৃথক করে দিবে। অন্য বর্ণনা মতে, এটি, সেদিন বের হবে, যেদিন সূর্য পশ্চিম দিক থেকে উদিত হবে। এটা কিয়ামতের আলামতসমূহের মধ্যে একটি। (তাঃ ওসমানী)

تُكَلِّمُهُمْ اَنَّ النَّاسَ كَانُوْا بِاٰيٰتِنَا لَا يُوْقِنُوْنَ ﴿۸۳﴾ وَيَوْمَ نَحْشُرُ مِنْ كُلِّ اُمَّةٍ فَوْجًا

তুকাল্লিমুহুম আন্নান্ না-সা কা-নূ বিআ-ইয়া-তিনা- লা- ইউক্বিনূন। ৮৩। ওয়া ইয়াওমা নাহ্শুরু মিন্ কুল্লি উম্মাতিন্ ফাওজাম্

যারা তাদের সাথে কথা বলবে, এজন্য যে, মানুষ আমার নিদর্শনসমূহ বিশ্বাস করে না। (৮৩) এবং যেদিন আমি প্রত্যেক উম্মতের মধ্য হতে সে দলকে একত্রিত করব, যারা

مِمَّنْ يُّكَذِّبُ بِاٰيٰتِنَا فَهُمْ يُوْزَعُوْنَ ﴿۸۴﴾ حَتّٰٓى اِذَا جَآءُوْ قَالَ اَكَذَّبْتُمْ بِاٰيٰتِيْ

মিম্মাঁই ইউকায্যিবু বিআ-ইয়া-তিনা- ফাহুম ইউযা'উন। ৮৪। হাত্তা~ইযা- জ্বা—উ ক্বা-লা আকায্যাব্তুম্ বিআ-ইয়া-তী

আমার আয়াতকে অবিশ্বাস করতো, অতঃপর তাদেরকে ভিন্ন ভিন্ন দলে বিন্যাস করা হবে। (৮৪) যখন তারা উপস্থিত হয়ে যাবে, তখন আল্লাহ বলবেন, তোমরা কি আমার আয়াতকে

وَلَمْ تُحِيْطُوْا بِهَا عِلْمًا اَمَّاذَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿۸۵﴾ وَوَقَعَ الْقَوْلُ عَلَيْهِمْ بِمَا ظَلَمُوْا

ওয়া লাম্ তুহীতূ বিহা- 'ইল্মান আম্মা- যা- কুন্তুম তা'মালূন। ৮৫। ওয়া- ওয়াক্বা'আল্ ক্বাওলু 'আলাইহিম্ বিমা- জালামূ

অবিশ্বাস করেছিলে? এমতাবস্থায় যে, তোমরা এ বিষয়ের জ্ঞান আয়ত্ত করতে পারনি? আসছিল না? বা বল, তোমরা আর কি করছিলে? (৮৫) তাদের জুলুম করার কারণেই তাদের উপর বাণী এসে পড়বে

فَهُمْ لَا يَنْطِقُوْنَ ﴿۸۶﴾ اَلَمْ يَرَوْا اَنَّا جَعَلْنَا الَّيْلَ لِيَسْكُنُوْا فِيْهِ وَالنَّهَارَ مُبْصِرًا ؕ اِنَّ

ফাহুম লা- ইয়ান্তিক্বূন। ৮৬। আলাম্ ইয়ারাও আন্না- জা'আল্নাল্ লাইলা লিইয়াস্কুনূ ফীহি ওয়ান্নাহা-রা মুব্সিরান্ ; ইন্না

এবং তারা কোন কথা বলতে পারবে না। (৮৬) তারা কি দেখছে না যে,আমি রাতকে বানিয়েছি, যাতে তারা তাতে আরাম করতে পারে এবং দিনকে আমি করেছি

فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّقَوْمٍ يُّؤْمِنُوْنَ ﴿۸۷﴾ وَيَوْمَ يُنْفَخُ فِي الصُّوْرِ فَفَزِعَ مَنْ فِي السَّمٰوٰتِ

ফী যা-লিকা লাআ-ইয়া-তিল্ লিক্বাওমিঁই ইউ'মিনূন। ৮৭। ওয়া ইয়াওমা ইউন্ফাখু ফিস্ব সূরি ফাফাযি'আ মান্ ফিস্ সামা-ওয়া-তি

আলোকিত? মুমিন সম্প্রদায়ের জন্য এর মধ্যে রয়েছে নিদর্শন। (৮৭) যেদিন শিংগায় ফুৎকার দেয়া হবে, তখন আকাশ ও পৃথিবীতে যারা আছে সব ভীত হয়ে যাবে,

وَمَنْ فِي الْاَرْضِ اِلَّا مَنْ شَآءَ اللّٰهُ ؕ وَكُلٌّ اَتَوْهُ دٰخِرِيْنَ ﴿۸۸﴾ وَتَرَى الْجِبَالَ

ওয়া মান্ ফিল্ আরদ্বি ইল্লা- মান শা—আল লাহু ; ওয়া কুল্লুন্ আতাওহু দা-খিরীন। ৮৮। ওয়া তারাল্ জ্বিবা-লা

কিন্তু, যাদেরকে আল্লাহ চাইবেন তারা ব্যতীত এবং সবাই তাঁর সামনে উপস্থিত হবে নত অবস্থায়। (৮৮) তুমি পাহাড়সমূহ দেখে সেগুলো নিজ জায়গায়

تَحْسَبُهَا جَامِدَةً وَّهِيَ تَمُرُّ مَرَّ السَّحَابِ ؕ صُنْعَ اللّٰهِ الَّذِيْٓ اَتْقَنَ كُلَّ شَيْءٍ ؕ

তাহ্সাবুহা- জ্বা-মিদাতাওঁ ওয়া হিয়া তামুর্রু মার্রাস্ সাহ্বা-বি ; স্বুন্'আল্লা-হিল্ লাযী~আত্ক্বানা কুল্লা শাইয়িন ;

অবিচল ধারণা করছ, কিন্তু সেগুলোও (ফুৎকারের দিন) চলবে, চলমান মেঘমালার মত। এটা আল্লাহরই সৃষ্টি, যিনি সব বস্তুকে করেছেন সুদৃঢ়।

اِنَّهٗ خَبِيْرٌۢ بِمَا تَفْعَلُوْنَ ﴿۸۹﴾ مَنْ جَآءَ بِالْحَسَنَةِ فَلَهٗ خَيْرٌ مِّنْهَا ۚ وَهُمْ مِّنْ فَزَعٍ

ইন্নাহূ খাবীরুম্ বিমা- তাফ্'আলূন। ৮৯। মান্ জ্বা—আ বিল্ হ্বাসানাতি ফালাহূ খাইরুম্ মিন্হা-, ওয়া হুম্ মিন্ ফাযা'ইঁ

তোমরা যা কর তা নিশ্চয়ই তিনি জানেন। (৮৯) যে নেক আমল নিয়ে আসবে, তার জন্য রয়েছে এর চেয়েও উত্তম প্রতিদান এবং তারা সেদিনের আতংক থেকে

○ বিশ্লেষণ (আঃ ৮৭) ঃ ففزع من فى السموات..... - অর্থাৎ যেদিন আল্লাহ তায়ালার নির্দেশে হযরত ইস্রাফীল (আ) শিংগায় ফুৎকার দিবেন, দু অথবা দুয়ের অধিক শিংগায় ফুৎকার দেয়া হবে। প্রথম ফুৎকারে দুনিয়াবাসী ভীত হয়ে যাবে। দ্বিতীয় ফুৎকারে মৃত্যুমুখী হয়ে পড়বে, তৃতীয় ফুৎকারে সব লোক কবর থেকে জীবিত হয়ে উঠে দাঁড়াবে। কারো মতে, চতুর্থ ফুৎকার হবে, যাতে সব মানুষ হাশরের ময়দানে সমবেত হবে। এখানে কোন ফুৎকার বুঝানো হয়েছে, সে ব্যাপারে ইমাম ইবনে কাসীর (র) বলেন যে, প্রথম ফুৎকার বুঝানো হয়েছে। আর ইমাম শাওকানী বলেন (র) তৃতীয় ফুৎকার বুঝানো হয়েছে। (কুঃ কারীম)

يَوْمَئِذٍ اٰمِنُوْنَ ﴿۸۹﴾ وَمَنْ جَآءَ بِالسَّيِّئَةِ فَكُبَّتْ وُجُوْهُهُمْ فِي النَّارِ ؕ هَلْ تُجْزَوْنَ

ইয়াওমাইযিন্ আ-মিনূন। ৯০। ওয়া মান্ জ্বা—আ বিস্ সাইয়্যিআতি ফাকুব্বাত্ উজূহুহুম্ ফিন্ না-রি ; হাল্ তুজ্যাওনা

নিরাপদে থাকবে। (৯০) আর যে আসবে খারাপ আমল নিয়ে, তাকে উপুড় মুখ করে জাহান্নামে নিক্ষেপ করা হবে, (এবং বলা হবে) তোমাদেরকে সে প্রতিফলই দেয়া হয়েছে,

اِلَّا مَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿۹۰﴾ اِنَّمَآ اُمِرْتُ اَنْ اَعْبُدَ رَبَّ هٰذِهِ الْبَلْدَةِ الَّذِيْ حَرَّمَهَا

ইল্লা- মা- কুন্তুম্ তা'মালূন। ৯১। ইন্নামা~উমির্তু আন্ আ'বুদা রাব্বা হা-যিহিল্ বাল্দাতিল্ লাযী হার্রামাহা-

যা তোমরা (পৃথিবীতে) করতে। (৯১) আমাকে তো শুধু এ নির্দেশই দেয়া হয়েছে যে, আমি যেন এ শহরের প্রতিপালকের ইবাদাত করি, যিনি একে সম্মানিত করেছেন।

وَلَهٗ كُلُّ شَيْءٍ ؗ وَّاُمِرْتُ اَنْ اَكُوْنَ مِنَ الْمُسْلِمِيْنَ ﴿۹۱﴾ وَاَنْ اَتْلُوَا الْقُرْاٰنَ ۚ

ওয়া লাহূ কুল্লু শাইয়িওঁ ওয়া উমির্তু আন্ আকূনা মিনাল্ মুস্লিমীন। ৯২। ওয়া আন্ আত্লুওয়াল্ কুরআ-না

সবকিছুই তাঁরই কর্তৃত্বে এবং আমাকে এ নির্দেশও দেয়া হয়েছে যে, আমি যেন আত্মসমর্পণকারীদের অন্তর্ভুক্ত হই। (৯২) এবং আমি যেন কুরআন পাঠ করি,

فَمَنِ اهْتَدٰى فَاِنَّمَا يَهْتَدِيْ لِنَفْسِهٖ ۚ وَمَنْ ضَلَّ فَقُلْ اِنَّمَآ اَنَا مِنَ الْمُنْذِرِيْنَ ۝

ফামানিহ্তাদা- ফাইন্নামা- ইয়াহ্তাদী লিনাফ্সিহী, ওয়া মান্ দ্বাল্লা ফাকুল্ ইন্নামা ~আনা মিনাল মুন্যিরীন।

যে সঠিক (সত্য) পথে চলে, সে একমাত্র নিজেরই উপকারের জন্য সঠিক (সত্য) পথে চলে, আর যে পথভ্রষ্ট হয়, আপনি বলে দিন আমি তো শুধুমাত্র সাবধানকারী।

وَقُلِ الْحَمْدُ لِلّٰهِ سَيُرِيْكُمْ اٰيٰتِهٖ فَتَعْرِفُوْنَهَا ؕ وَمَا رَبُّكَ بِغَافِلٍ عَمَّا تَعْمَلُوْنَ ۝ ﴿۹۳﴾

৯৩। ওয়া কুলিল্ হ্বাম্দু লিল্লা-হি সাইউরীকুম আ-ইয়া-তিহী ফাতা'রিফূনাহা- ; ওয়া মা- রাব্বুকা বিগা-ফিলিন্ 'আম্মা- তা'মালূন।

(৯৩) এবং বলুন, যাবতীয় প্রশংসা আল্লাহর জন্য, তিনি (আল্লাহ) অতিশীঘ্র তোমাদেরকে তাঁর নিদর্শনাবলি দেখাবেন। তোমরা (তখন) তা জানতে পারবে এবং তোমরা যা কিছু কর সে সম্পর্কে আপনার প্রতিপালক অনবহিত নন।

রুকু ৭

সূরা ক্বাছাছ মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

আয়াত ঃ ৮৮ রুকূ ঃ ৯

طٰسٓمّٓ ﴿۱﴾ تِلْكَ اٰيٰتُ الْكِتٰبِ الْمُبِيْنِ ﴿۲﴾ نَتْلُوْا عَلَيْكَ مِنْ نَّبَاِ مُوْسٰى

১। ত্বা- সী—ম্ মী—ম্। ২। তিল্কা আ-ইয়া-তুল কিতা-বিল মুবীন্। ৩। নাত্লূ 'আলাইকা মিন্ নাবাই মূসা-

(১) ত্বা- সী-ম মী-ম (২) এ আয়াতসমূহ সুস্পষ্ট কিতাবের। (৩) আমি আপনার কাছে মূসা এবং ফিরআউনের সঠিক ঘটনা বিবৃত করছি।

وَفِرْعَوْنَ بِالْحَقِّ لِقَوْمٍ يُّؤْمِنُوْنَ ﴿۳﴾ اِنَّ فِرْعَوْنَ عَلَا فِي الْاَرْضِ وَجَعَلَ اَهْلَهَا

ওয়া ফির'আওনা বিল্ হ্বাক্কি লিক্বাওমিঁই ইউ'মিনূন। ৪। ইন্না ফির'আওনা 'আলা- ফিল্ আরদ্বি ওয়া জ্বা'আলা আহ্লাহা-

বিশ্বাসী সম্প্রদায়ের উদ্দেশ্যে। (৪) নিশ্চয়ই ফিরআউন (মিশর) দেশে বিদ্রোহ করছিল এবং সেখানকার অধিবাসীদেরকে কয়েকটি দলে বিভক্ত করে রেখেছিল

✪ টীকা (আঃ ৯১) ঃ আলোচ্য আয়াতে আল্লাহ মক্কা শহরকে 'সম্মানিত' রূপে উল্লেখ করেছেন এই হেতু তার মধ্যে হত্যা বা অশান্তি উপদ্রব করতে দৃঢ়রূপে নিষিদ্ধ করা হয়েছে। কোন ব্যক্তি তার মধ্যে আশ্রয়প্রার্থী হলে তাকে গ্রেপ্তার করতে পারবে না। আরও উক্ত মক্কাস্থিত কাবাগৃহের কেউ বিন্দুমাত্র ক্ষতিসাধন করতে পারবে না। যখন হতে তা নির্মিত হয়েছে, নিখিল বিশ্বের কোটি কোটি লোক এর সম্মান ও পুণ্যসঞ্চয় উদ্দেশ্যে এর সৌন্দর্য দর্শন করে আসতেছে। ✪ টীকা (আঃ ৯৩) ঃ হযরত নবী করীম (স) ইসলামের শত্রুগণকে পার্থিব বিপদ সম্বন্ধেও ভীতি প্রদর্শন করতেন। তিনি বলতেন যে, তোমরা মুসলমানদের কবলিত এবং যুদ্ধে তাদের নিকট পরাজিত হবে, উহার পরিণাম ফলস্বরূপ দেশে দুর্ভিক্ষ দেখা দিবে। আলোচ্য আয়াতে এরূপ পূর্বাভাসই ব্যক্ত হচ্ছে। তজ্জন্য তিনি আরও বলতেন যে, তোমরা আমার কথা মান্য করছ না কিন্তু যখন তোমাদের উপর পার্থিব বিপদ আপতিত হবে তখনই তোমাদের জ্ঞানচক্ষু ফুটিবে এবং বুঝবে যে, আমিই তোমাদেরকে পূর্ব হতে এ বিষয়ে সতর্ক করতাম।

شِيَعًا يَّسْتَضْعِفُ طَآئِفَةً مِّنْهُمْ يُذَبِّحُ اَبْنَآءَهُمْ وَيَسْتَحْيٖ نِسَآءَهُمْ ۚ اِنَّهٗ كَانَ

শিয়া'আই ইয়াস্তাদ্ব্'ইফু ত্বা—ইফাতাম্ মিন্হুম ইউযাব্বিহু আব্না—আহুম ওয়া ইয়াস্তাহ্ইঈ নিসা—আহুম ; ইন্নাহূ কা-না
এবং তার মধ্য হতে একটি দলকে দুর্বল করে রেখেছিল এবং তাদের পুত্র সন্তানগণকে যবেহ করত ও তাদের কন্যা সন্তানগণকে জীবিত রাখত; নিশ্চয়ই সে ছিল

مِنَ الْمُفْسِدِيْنَ ﴿٤﴾ وَنُرِيْدُ اَنْ نَّمُنَّ عَلَى الَّذِيْنَ اسْتُضْعِفُوْا فِى الْاَرْضِ وَنَجْعَلَهُمْ

মিনাল মুফ্সিদীন। ৫। ওয়া নুরীদু আন্ নামুন্না 'আলাল্ লাযীনাস্ তুদ্ব'ইফু ফিল্ আরদ্বি ওয়া নাজ্'আলাহুম
বিনষ্টকারীদের অন্তর্ভুক্ত। (৫) অতঃপর আমার ইচ্ছা হল যে, আমি তাদের উপর অনুগ্রহ করব, যাদেরকে (মিশর) দেশে দুর্বল করা হয়েছিল এবং আমি তাদেরকে

اَئِمَّةً وَّنَجْعَلَهُمُ الْوٰرِثِيْنَ ﴿٥﴾ وَنُمَكِّنَ لَهُمْ فِى الْاَرْضِ وَنُرِيَ فِرْعَوْنَ وَهَامٰنَ

আইম্মাতাওঁ ওয়া নাজ্'আলাহুমুল্ ওয়া-রিছীন। ৬। ওয়া নুমাক্কিনা লাহুম্ ফিল্ আর্দ্বি ওয়া নুরিয়া ফির'আওনা ওয়া হা-মা-না
নেতা করে দিব, (দেশের) উত্তরাধিকারী করে দিব। (৬) এবং (আরও ইচ্ছা হল যে) আমি তাদেরকে দেশে প্রতিষ্ঠিত করব এবং ফিরআউন, হামান

وَجُنُوْدَهُمَا مِنْهُمْ مَّا كَانُوْا يَحْذَرُوْنَ ﴿٦﴾ وَاَوْحَيْنَآ اِلٰٓى اُمِّ مُوْسٰٓى اَنْ اَرْضِعِيْهِ ۚ

ওয়া জুনূদাহুমা- মিন্হুম্ মা- কা-নূ ইয়াহ্যারূন। ৭। ওয়া আওহাইনা~ইলা~উম্মি মূসা~আন্ আরদ্বি'ঈহি,
এবং তাদের সৈন্য বাহিনীকে দেখিয়ে দিব যা তারা আশংকা করছিল। (৭) আমি মূসার মাকে অহীর মাধ্যমে জানিয়ে দিলাম যে, তাকে দুধ পান করাতে থাক,

فَاِذَا خِفْتِ عَلَيْهِ فَاَلْقِيْهِ فِى الْيَمِّ وَلَا تَخَافِيْ وَلَا تَحْزَنِيْ ۚ اِنَّا رَآدُّوْهُ اِلَيْكِ

ফাইযা- খিফ্তি 'আলাইহি ফাআল্ক্বীহি ফিল্ ইয়াম্মি ওয়ালা- তাখা-ফী ওয়ালা- তাহ্যানী ইন্না- রা—দ্দূহু ইলাইকি
আর যখন তার ব্যাপারে তুমি কোন আশংকা করবে, তখন তুমি তাকে সমুদ্রে ভাসিয়ে দিবে এবং ভয় ও চিন্তা করবে না, নিশ্চয়ই আমি তাকে তোমার কাছে ফিরিয়ে দিব

وَجَاعِلُوْهُ مِنَ الْمُرْسَلِيْنَ ﴿٧﴾ فَالْتَقَطَهٗٓ اٰلُ فِرْعَوْنَ لِيَكُوْنَ لَهُمْ عَدُوًّا وَّحَزَنًا ۗ

ওয়া জ্বা-'ইলূহু মিনাল্ মুরসালীন। ৮। ফাল্তাক্বাত্বাহূ~আ-লু ফির'আওনা লিয়াকূনা লাহুম 'আদুওয়্যাওঁ ওয়া হ্বাযানান ;
এবং তাকে রাসূলগণের অন্তর্ভুক্ত করব। (৮) অতঃপর ফিরআউনের লোকেরা তাকে (শিশুটিকে) উঠিয়ে নিল, যাতে এ শিশু তাদের শত্রু ও চিন্তার কারণ হয়,

اِنَّ فِرْعَوْنَ وَهَامٰنَ وَجُنُوْدَهُمَا كَانُوْا خٰطِـِٕيْنَ ﴿٨﴾ وَقَالَتِ امْرَاَتُ فِرْعَوْنَ قُرَّتُ

ইন্না ফির'আওনা ওয়া হা-মা-না ওয়া জুনূদাহুমা- কা-নূ খা-ত্বিঈন। ৯। ওয়া ক্বা-লাতিম্ রাআতু ফির'আওনা কুর্রাতু
নিঃসন্দেহে ফিরআউন, হামান এবং তাদের সৈন্যবাহিনী ছিল পাপাচারী। (৯) ফিরআউনের স্ত্রী বলল, এ (শিশু) তো আমার এবং তোমার চোখের সান্ত্বনা, একে

عَيْنٍ لِّيْ وَلَكَ ۗ لَا تَقْتُلُوْهُ ۖ عَسٰٓى اَنْ يَّنْفَعَنَآ اَوْ نَتَّخِذَهٗ وَلَدًا وَّهُمْ لَا يَشْعُرُوْنَ

'আইনিল্লী ওয়া লাকা ; লা-তাক্বতুলূহু 'আসা~আই ইয়ান্ফা'আনা~আওনাত্তাখিযাহু ওয়ালাদাওঁ ওয়া হুম লা- ইয়াশ'উরূন।
হত্যা কর না, হয়তো এ আমাদের কোন উপকারে আসতে পারে, বা আমরা এ (শিশু)টিকে নিজেদের পুত্র বানিয়েই নিব, অথচ তারা (পরিণাম) বুঝতেই পারেনি।

○ টীকা (আঃ ৫) ঃ ফেরআউন তার প্রধান মন্ত্রী হামান এবং তাদের সৈন্যবাহিনী আল্লাহর যমিনে অবস্থান করে পৃথিবীর মানুষের প্রভুত্ব করতে চেয়েছিল। আর কোন শক্তি তাদের উপর যাতে বিজয়ী না হতে পারে সুপরিকল্পিত ভাবে নীল-নকশা অনুযায়ী একটি জাতিকে হীনবল করার হীন ষড়যন্ত্র চালিয়ে যাচ্ছিল ঃ মহান আল্লাহ্তাআলা তাদের অপটৌকন সমূলে ধ্বংস করে বিশ্বাসীকে জানিয়ে দিয়েছেন, পৃথিবীতে কোন শক্তি চীরস্থায়ী হয় না। আরো জানিয়ে দেন মানুষের ইচ্ছাই ইচ্ছা নয় বরং আল্লাহ্ যা ইচ্ছা করেন তাই কার্যাকর হয়। (বঃ কোঃ)

○ বিশ্লেষণ (আঃ ৬) ঃ ما كانوا يحذرون - অর্থাৎ যে ভয়ে তারা (ফেরআউন বাহিনী), বনী ইসরাঈলের কয়েক হাজার শিশু হত্যা করেছিল, আমি সে ভয় তাদের সামনে উপস্থিত করে দিতে ইচ্ছা করলাম। (তাঃ ওসমানী)

وَاَصْبَحَ فُؤَادُ اُمِّ مُوْسٰى فٰرِغًا ۗ اِنْ كَادَتْ لَتُبْدِيْ بِهٖ لَوْلَآ اَنْ رَّبَطْنَا عَلٰى قَلْبِهَا ﴿١٠﴾

১০। ওয়া আস্বাহ্বা ফুআ-দু উম্মি মূসা- ফা-রিগান ; ইন্ কা-দাত লাতুব্দী বিহী লাওলা~আর্ রাবাত্বনা- 'আলা- ক্বাল্বিহা-
(১০) মূসার মায়ের অন্তর অধৈর্য হয়ে পড়ল। সে (অস্থিরতার কারণে) এ ঘটনা প্রায় প্রকাশ করে ফেলেছিল, যদি না আমি তার অন্তরকে দৃঢ় করতাম। আর এটা এজন্য যে,

لِتَكُوْنَ مِنَ الْمُؤْمِنِيْنَ ﴿١٠﴾ وَقَالَتْ لِاُخْتِهٖ قُصِّيْهِ ۫ فَبَصُرَتْ بِهٖ عَنْ جُنُبٍ وَّهُمْ

লিতাকূনা মিনাল্ মু'মিনীন। ১১। ওয়া ক্বা-লাত্ লিউখ্তিহী কুস্সীহি ফাবাস্বুরাত্ বিহী 'আন্ জুনুবিওঁ ওয়া হুম
সে যাতে (মূসা সম্পর্কে) আস্থাবান হয়। (১১) সে মূসার বোনকে বলল, তুমি তার পিছে পিছে যাও, সে তাকে দূর থেকে দেখেছিল অথচ তারা (ফিরআউনের লোকেরা) তা

لَا يَشْعُرُوْنَ ﴿١١﴾ وَحَرَّمْنَا عَلَيْهِ الْمَرَاضِعَ مِنْ قَبْلُ فَقَالَتْ هَلْ اَدُلُّكُمْ عَلٰٓى اَهْلِ

লা-ইয়াশ'উরূন। ১২। ওয়া হ্বার্রাম্না- 'আলাইহিল্ মারা-দ্বি'আ মিন্ ক্বাব্লু ফাক্বা-লাত্ হাল্ আদুল্লুকুম্ 'আলা~আহ্লি
বুঝতে পারছিল না। (১২) এবং পূর্ব হতেই আমি মূসাকে স্তন্য দান কারিনীদের দুধ পান থেকে বিরত রেখেছিলাম, সে (মূসার বোন বলল, আমি কি তোমাদেরকে

بَيْتٍ يَّكْفُلُوْنَهٗ لَكُمْ وَهُمْ لَهٗ نٰصِحُوْنَ ﴿١٢﴾ فَرَدَدْنٰهُ اِلٰٓى اُمِّهٖ كَيْ تَقَرَّ عَيْنُهَا وَلَا

বাইতিই ইয়াক্ফুলূনাহূ লাকুম ওয়া হুম লাহূ না-স্বিহূন। ১৩। ফারাদাদ্না-হু ইলা~উম্মিহী কাই তাক্বার্রা 'আইনুহা- ওয়ালা-
এমন এক পরিবার সম্পর্কে তথ্য দিব, যে এ শিশুটি কে তোমাদের জন্য লালন-পালন করবে এবং সে এ শিশুর হিতাকাঙ্ক্ষী? (১৩) অতঃপর আমি তাঁকে তার মায়ের কাছে দিলাম

تَحْزَنَ وَلِتَعْلَمَ اَنَّ وَعْدَ اللّٰهِ حَقٌّ وَّلٰكِنَّ اَكْثَرَهُمْ لَا يَعْلَمُوْنَ ﴿١٣﴾ وَلَمَّا بَلَغَ اَشُدَّهٗ

তাহ্যানা ওয়া লিতা'লামা আন্না ওয়া'দাল্লা-হি হ্বাক্কুওঁ ওয়া লা-কিন্না আক্ছারাহুম লা-ইয়া'লামূন। ১৪। ওয়া লাম্মা- বালাগা আশুদ্দাহূ
যাতে তার চক্ষু ঠাণ্ডা থাকে এবং চিন্তিত না হয় এবং সে যেন বুঝতে পারে যে, আল্লাহর প্রতিশ্রুতি সত্য, কিন্তু অধিকাংশ লোকই তা জানেনা। (১৪) যখন মূসা পূর্ণ যৌবনে পৌঁছল

وَاسْتَوٰٓى اٰتَيْنٰهُ حُكْمًا وَّعِلْمًا ۗ وَكَذٰلِكَ نَجْزِى الْمُحْسِنِيْنَ ﴿١٤﴾ وَدَخَلَ الْمَدِيْنَةَ

ওয়াস্তাওয়া~আ-তাইনা-হু হুক্মাওঁ ওয়া 'ইল্মান্ ; ওয়া কাযা-লিকা নাজ্যিল্ মুহ্সিনীন। ১৫। ওয়া দাখালাল্ মাদীনাতা
এবং পূর্ণ শক্তিশালী হয়ে গেল, তখন আমি তাকে হিকমত ও জ্ঞান দান করলাম; আমি এভাবেই পুণ্যবানদেরকে পুরস্কার দিয়ে থাকি। (১৫) মূসা এমন এক সময় শহরে প্রবেশ

عَلٰى حِيْنِ غَفْلَةٍ مِّنْ اَهْلِهَا فَوَجَدَ فِيْهَا رَجُلَيْنِ يَقْتَتِلٰنِ ۫ هٰذَا مِنْ شِيْعَتِهٖ وَهٰذَا مِنْ

'আলা- হ্বীনি গাফ্লাতিম্ মিন্ আহ্লিহা- ফাওয়াজ্বাদা ফীহা- রাজুলাইনি ইয়াক্বতাতিলা-নি, হা-যা- মিন্ শী'আতিহী ওয়া হা-যা- মিন্
করল, যখন শহরের লোকেরা ছিল অসতর্ক, সেখানে দু'ব্যক্তিকে লড়াই করতে দেখল, এরা একজন তার নিজ সম্প্রদায়ের মধ্যে ছিল এবং অন্য একজন তার

عَدُوِّهٖ ۚ فَاسْتَغَاثَهُ الَّذِيْ مِنْ شِيْعَتِهٖ عَلَى الَّذِيْ مِنْ عَدُوِّهٖ ۙ فَوَكَزَهٗ مُوْسٰى

'আদুওয়্যিহী, ফাস্তাগা-ছাহুল্ লাযী মিন্ শী'আতিহী 'আলাল্ লাযী মিন্ 'আদুওয়্যিহী ফাওয়াকাযাহূ মূসা-
শত্রুদলের ছিল। তাঁর সম্প্রদায়ের লোকটি তার শত্রু লোকটির মোকাবেলায় তার কাছে সাহায্য কামনা করল। তখন মূসা তাকে ঘুষি মারল,

○ টীকা (আঃ ১৩) ঃ যেহেতু তখন তারা মূসা (আ)-কে কারও দুধ পান করাতে পারতেছিল না। সুতরাং মূসার (আ) বোনের কাছে, শিশুটির হিতাকাঙ্ক্ষীর ঠিকানা জিজ্ঞেস করল। সে এ সুযোগে তাহার মাতার ঠিকানা বলে দিল। অবশেষে তাকে ডেকে আনা হল এবং মূসা (আ)-কে তাঁর কোলে দেয়া মাত্রই তিনি দুধ পান করতে লাগলেন। অতঃপর তাদের অনুমতিক্রমে মাতা শান্ত মনে মূসা (আ)-কে বাড়িতে নিয়ে এলেন। মাঝে মাঝে নিয়ে তাদেরকে দেখিয়ে আনতেন। একটি মারফূ' হাদীসে আছে যে, মূসা (আ)-এর মাতা তাঁকে দুগ্ধ পান করাবার বিনিময়ও ফেরাউন হতে গ্রহণ করেছিলেন। কেননা, তাঁর ধারণা হয়েছিল, বিনিময় গ্রহণ না করলে তারা ধারণা করবে, এই স্ত্রীলোকটি শিশুটির মাতা। অতএব, সে বাৎসল্য বশতঃ বিনিময় গ্রহণ করতে অস্বীকার করতেছে। (বঃ কোঃ)

فَقَضٰى عَلَيْهِ ۖ قَالَ هٰذَا مِنْ عَمَلِ الشَّيْطٰنِ ؕ اِنَّهٗ عَدُوٌّ مُّضِلٌّ مُّبِيْنٌ ﴿١٥﴾ قَالَ رَبِّ

ফাক্বাদ্বা- 'আলাইহি ক্বা-লা হা-যা- মিন্ 'আমালিশ্ শাইত্বা-নি ; ইন্নাহূ 'আদুওয়্যউম্ মুদ্বিল্লুম মুবীন্ । ১৬ । ক্বা-লা রাব্বি

যাতে সে মারা গেল। মূসা বলল, এটা শয়তানের কাজ; নিশ্চয়ই সে (শয়তান) প্রকাশ্য বিভ্রান্তকারী শত্রু। (১৬) সে (মূসা) বলল, হে আমার প্রতিপালক।

اِنِّيْ ظَلَمْتُ نَفْسِيْ فَاغْفِرْ لِيْ فَغَفَرَ لَهٗ ؕ اِنَّهٗ هُوَ الْغَفُوْرُ الرَّحِيْمُ ﴿١٦﴾ قَالَ رَبِّ بِمَآ

ইন্নী জালামতু নাফ্সী ফাগ্ফির্লী ফাগাফারা লাহূ ; ইন্নাহূ হুওয়াল গাফূরুর রাহীম । ১৭ । ক্বা-লা রাব্বি বিমা~

আমি আমার নিজের প্রতি অবিচার করেছি, আমাকে মাফ করে দিন; আল্লাহ তাঁকে মাফ করলেন, নিশ্চয়ই তিনি ক্ষমাশীল দয়ালু। (১৭) সে আরও বলল, হে আমার

اَنْعَمْتَ عَلَيَّ فَلَنْ اَكُوْنَ ظَهِيْرًا لِّلْمُجْرِمِيْنَ ﴿١٧﴾ فَاَصْبَحَ فِي الْمَدِيْنَةِ خَآئِفًا

আন্'আমতা 'আলাইয়্যা ফালান্ আকূনা জাহীরাল্ লিল্ মুজ্রিমীন্ । ১৮ । ফাআস্বাহ্বা ফিল্ মাদীনাতি খা—ইফাঁই

প্রতিপালক! যেভাবে আপনি আমার উপর রহম করেছেন, এরপরে আমি কখনও কোন পাপীদের সাহায্যকারী হব না। (১৮) শহরে ভীত সন্ত্রস্ত অবস্থায় মূসার প্রভাত

يَّتَرَقَّبُ فَاِذَا الَّذِي اسْتَنْصَرَهٗ بِالْاَمْسِ يَسْتَصْرِخُهٗ ؕ قَالَ لَهٗ مُوْسٰٓى اِنَّكَ

ইয়াতারাক্বক্বাবু ফাইযাল্ লাযিস্ তান্স্বারাহূ বিল্আম্সি ইয়াস্তাস্বরিখুহূ ; ক্বা-লা লাহূ মূসা~ইন্নাকা

হল। অকস্মাৎ সে দেখতে পেল, যে ব্যক্তি আগের দিন তার সাহায্য চেয়েছিল সে চিৎকার করে সাহায্যের জন্য তাকে ডাকতেছে; মূসা, তাকে বলল, নিশ্চয়ই

لَغَوِيٌّ مُّبِيْنٌ ﴿١٨﴾ فَلَمَّآ اَنْ اَرَادَ اَنْ يَّبْطِشَ بِالَّذِيْ هُوَ عَدُوٌّ لَّهُمَا ۙ قَالَ يٰمُوْسٰٓى

লাগাওয়িয়্যুম্ মুবীন। ১৯। ফালাম্মা~আন আরা-দা আইঁ ইয়াব্‌ত্বিশা বিল্লাযী হুওয়া 'আদুওয়্যুল্ লাহুমা- ক্বা-লা ইয়া-মূসা~

তুমি পথভ্রষ্ট। (১৯) মূসা যখন সে লোকটাকে পাকড়াও করতে চেয়েছিল, যে তাদের উভয়ের শত্রু ছিল, তখন সে বলল, হে মূসা!

اَتُرِيْدُ اَنْ تَقْتُلَنِيْ كَمَا قَتَلْتَ نَفْسًا بِالْاَمْسِ ۖ اِنْ تُرِيْدُ اِلَّآ اَنْ تَكُوْنَ جَبَّارًا

আতুরীদু আন্ তাক্বতুলানী কামা- ক্বাতাল্তা নাফ্সাম্ বিল্ আম্সি, ইন্ তুরীদু ইল্লা~আন্ তাকূনা জাব্বা-রান্

যে ভাবে তুমি গতকাল এক ব্যক্তিকে হত্যা করেছ, সেভাবে তুমি আমাকেও হত্যা করতে চাও? তুমি তো পৃথিবীতে অত্যাচারী হয়ে

فِي الْاَرْضِ وَمَا تُرِيْدُ اَنْ تَكُوْنَ مِنَ الْمُصْلِحِيْنَ ﴿١٩﴾ وَجَآءَ رَجُلٌ مِّنْ اَقْصَا الْمَدِيْنَةِ

ফিল্ আরদ্বি ওয়া মা- তুরীদু আন্ তাকূনা মিনাল্ মুস্বলিহ্বীন । ২০ । ওয়া জ্বা—আ রাজুলুম্ মিন্ আক্বস্বাল্ মাদীনাতি

চলতে চাও এবং তুমি শান্তি প্রতিষ্ঠাকারী হতে চাও না (২০) এক ব্যক্তি শহরের দূরবর্তী স্থান থেকে দৌড়াতে দৌড়াতে আসল

يَسْعٰى ۫ قَالَ يٰمُوْسٰٓى اِنَّ الْمَلَاَ يَاْتَمِرُوْنَ بِكَ لِيَقْتُلُوْكَ فَاخْرُجْ اِنِّيْ لَكَ

ইয়াস্'আ- ক্বা-লা ইয়া-মূসা~ইন্নাল মালাআ ইয়া'তামিরূনা বিকা লিইয়াক্বতুলূকা ফাখ্রুজ্ ইন্নী লাকা

এবং বলল, হে মূসা! (মিশরের) নেতারা তোমাকে হত্যা করার পরামর্শ করছে। সুতরাং তুমি দ্রুত (এ শহর থেকে) বের হয়ে যাও, নিশ্চয়ই আমি

✪ টীকা (আঃ ১৮) ঃ এখানে পাপিষ্ঠলোক বলতে শয়তানই উদ্দেশ্য। বহুবচন রূপ ব্যবহার করে ঐসমস্ত লোককেও শামিল করেছেন, যাদের মধ্যে শয়তানের ন্যায় পাপের প্ররোচনা দেয়ার স্বভাব রয়েছে। মূসা (আ)-এর প্রার্থনার সারমর্ম এই, আমি শয়তানের কথা কখনও মান্য করব না। অর্থাৎ, ভুল হবার সম্ভাবনার স্থলে সতর্কতার সহিত কার্য করিব। (বঃ কোঃ) ✪ বিশ্লেষণ (আঃ ১৮) ঃ خائفا يترقب - (ভীত ও সন্ত্রস্ত অবস্থায়) অর্থাৎ মূসা (আ) প্রতীক্ষা করেছিলেন যে, হত্যা কৃতের কোন অভিভাবক ফিরআউনের কাছে এ অভিযোগ নিয়ে যায় কিনা এবং সে কি ফয়সালা নির্ধারণ করে এবং তার সাথে কিরূপ আচরণ করে। (তাঃ ওসমানী) ✪ বিশ্লেষণ (আঃ ২০) ঃ جاء رجل - এ ব্যক্তি কে ছিল? কারো মতে, এ ব্যক্তি ফেরআউনেরই দলের লোক ছিল, কিন্তু মূসার (আ) মংগলকামী ছিল। কারো মতে, এ ব্যক্তি মূসার (আ) নিকটবর্তী এক আত্মীয় ছিল।

مِنَ النّٰصِحِيْنَ ﴿٢٠﴾ فَخَرَجَ مِنْهَا خَآئِفًا يَّتَرَقَّبُ ۫ قَالَ رَبِّ نَجِّنِيْ مِنَ الْقَوْمِ

মিনান্ না-স্বিহ্বীন । ২১ । ফাখারাজ্বা মিন্হা- খা—ইফাঁই ইয়াতারাক্বক্বাবু ক্বা-লা রাব্বি নাজ্জিনী মিনাল্ ক্বাওমিজ্

তোমার কল্যাণকামী। (২১) মূসা সেখান থেকে ভীত সন্ত্রস্ত অবস্থায় বের হল। সে বলল, হে আমার প্রতিপালক! আমাকে রক্ষা করুন অত্যাচারী

রুকু

الظّٰلِمِيْنَ ﴿٢١﴾ وَلَمَّا تَوَجَّهَ تِلْقَآءَ مَدْيَنَ قَالَ عَسٰى رَبِّيْٓ اَنْ يَّهْدِيَنِيْ سَوَآءَ السَّبِيْلِ

জা-লিমীন। ২২। ওয়া লাম্মা- তাওয়াজ্জাহা তিল্ক্বা—আ মাদ্ইয়ানা ক্বা-লা 'আসা- রাব্বী~আইঁ ইয়াহ্দিয়ানী সাওয়া—আস্ সাবীল।

সম্প্রদায় হতে। (২২) যখন মূসা মাদায়েনের দিকে রওয়ানা হল তখন বলল, আশা করা যায়, আমার প্রতিপালক আমাকে সঠিক পথ প্রদর্শন করবেন।

﴿٢٢﴾ وَلَمَّا وَرَدَ مَآءَ مَدْيَنَ وَجَدَ عَلَيْهِ اُمَّةً مِّنَ النَّاسِ يَسْقُوْنَ ۟ وَوَجَدَ مِنْ دُوْنِهِمُ

২৩। ওয়া লাম্মা- ওয়ারাদা মা—আ মাদ্ইয়ানা ওয়াজ্বাদা 'আলাইহি উম্মাতাম্ মিনান্ না-সি ইয়াসক্বূনা ; ওয়া ওয়াজ্বাদা মিন্ দূনিহিমুম

(২৩) যখন সে মাদায়েনের পানির কূপের কাছে এসে পৌঁছল, তখন দেখতে পেল যে, মানুষের একটি দল সেখান থেকে (পশুগুলোকে) পানি পান করাচ্ছে এবং দু'জন মহিলাকে

امْرَاَتَيْنِ تَذُوْدٰنِ ۚ قَالَ مَا خَطْبُكُمَا ؕ قَالَتَا لَا نَسْقِيْ حَتّٰى يُصْدِرَ الرِّعَآءُ ٜ

রাআতাইনি তাযূদা-নি, ক্বা-লা মা- খাত্ববুকুমা-; ক্বা-লাতা- লা- নাস্ক্বী হাত্তা- ইউস্বদিরার্ রি'আ—উ,

দেখতে পেল যে, তারা আলাদাভাবে দাঁড়িয়ে তাদের জানোয়ারগুলো সামলিয়ে রাখছে। মূসা বলল, তোমাদের খবর কি? তারা বলল, আমরা পান করাতে পারব না, যতক্ষণে

وَاَبُوْنَا شَيْخٌ كَبِيْرٌ ﴿٢٣﴾ فَسَقٰى لَهُمَا ثُمَّ تَوَلّٰٓى اِلَى الظِّلِّ فَقَالَ رَبِّ اِنِّيْ لِمَآ اَنْزَلْتَ

ওয়া আবূনা শাইখুন্ কাবীর। ২৪। ফাসাক্বা- লাহুমা- ছুম্মা তাওয়াল্লা~ইলাজ্ জিল্লি ফাক্বা-লা রাব্বি ইন্নী লিমা~আন্যাল্তা

রাখালেরা (কূয়ার কাছ থেকে) সরে না যায় এবং আমাদের পিতা বড়ই বৃদ্ধ। (২৪) মূসা নিজে তাদের জানোয়ারদেরকে পানি পান করাল। অতঃপর সে ছায়ার কাছে ফিরে গেল, অতঃপর বলল, হে আমার প্রতিপালক!

اِلَيَّ مِنْ خَيْرٍ فَقِيْرٌ ﴿٢٤﴾ فَجَآءَتْهُ اِحْدٰىهُمَا تَمْشِيْ عَلَى اسْتِحْيَآءٍ ۫ قَالَتْ اِنَّ اَبِيْ

ইলাইয়্যা মিন্ খাইরিন ফাক্বীর। ২৫। ফাজ্বা—আত্হু ইহ্দা-হুমা- তাম্শী 'আলাস্ তিহ্ইয়া—ইন, ক্বা-লাত্ ইন্না আবী

আপনি যা কিছু অনুগ্রহ আমাকে দান করেন, আমি তার প্রত্যাশী। (২৫) এর মধ্যে সে দু'নারীর একজন লজ্জাশীলা অবস্থায় তার কাছে পায়ে হেঁটে চলে আসল এবং বলল,

يَدْعُوْكَ لِيَجْزِيَكَ اَجْرَ مَا سَقَيْتَ لَنَا ؕ فَلَمَّا جَآءَهٗ وَقَصَّ عَلَيْهِ الْقَصَصَ ۙ قَالَ

ইয়াদ্'উকা লিইয়াজ্‌যিয়াকা আজ্‌রা মা- সাক্বাইতা লানা-; ফালাম্মা- জ্বা—আহূ ওয়া ক্বাস্বস্বা 'আলাইহিল্ ক্বাস্বাস্বা ক্বা-লা

তুমি আমাদের (পশুগুলো)-কে যে পানি পান করিয়েছ, তার পারিশ্রমিক দিবেন; আমার পিতা তোমাকে ডাকছেন। অতঃপর যখন মূসা তার কাছে আসল এবং তার কাছে সব

✪ বিশ্লেষণ (আঃ ২২) ঃ ان يهديني - আল্লাহ তায়ালা ঘোড়ার পৃষ্ঠে একজন ফিরিশতা প্রেরণ করেন, যিনি তাঁকে সঠিক পথ প্রদর্শন করেন। (কুঃ কারীম) ✪ টীকা (আঃ ২৩) ঃ তাদের এ কথা বলবার অভিপ্রায় ছিল যে, আমাদের গৃহে এমন কেউ সক্ষম পুরুষ লোক নেই, যে ব্যক্তি আবশ্যক মত ছাগলগুলিকে পানি পান করাতে পারেন এক মাত্র পিতা আছে, তিনি বৃদ্ধ ও গমনাগমন করতে অক্ষম। সুতরাং বাধ্য হয়েই আমাদেরকে আসতে হয়। ✪ টীকা (আঃ ২৪) ঃ নিজে ক্ষুধার্ত থেকেও পরের উপকার করলেন তথাপি তিনি মানুষের সাহায্য বা অনুগ্রহ প্রার্থী হলেন না। এটিতেও হযরত মূসা (আ)-এর পয়গাম্বরোচিত সদগুণের পরিচয় পাওয়া যায়। অবশ্য ইহা আল্লাহ তায়ালারই প্রদত্ত। ✪ বিশ্লেষণ (আঃ ২৫) ঃ قالت ان ابى - মহিলা দুটির পিতা কে ছিলেন? কুরআন মাজীদের দ্বারা স্পষ্ট কোন নাম বুঝা যায় না। অধিকাংশ মুফাসসির হযরত শোয়ায়েবের (আ) কথা বলেন, তিনি মাদায়েনবাসীগণের প্রতি প্রেরিত হয়েছিলেন। ইমাম ইবনে কাসীর (র) বলেন, হযরত শোয়ায়েবের (আ) সময়কাল, মূসার (আ) অনেক পূর্বে ছিল, তাই এখানে হযরত শোয়ায়েবের (আ) সম্প্রদায়ের কোন এক ব্যক্তিকে বুঝান হয়েছে। (কুঃ কারীম)

لَا تَخَفْ نَجَوْتَ مِنَ الْقَوْمِ الظّٰلِمِيْنَ ﴿٢٥﴾ قَالَتْ اِحْدٰىهُمَا يٰۤاَبَتِ اسْتَاْجِرْهُ

লা-তাখাফ্ ; নাজ্বাওতা মিনাল্ ক্বাওমিজ্ জা-লিমীন্ । ২৬ । ক্বা-লাত্ ইহ্দা-হুমা- ইয়া~আবাতিস্ তা'জ্বিরহু,
কাহিনী বর্ণনা করল, সে বলল, তুমি ভয় কর না; তুমি অত্যাচারী সম্প্রদায় থেকে রক্ষা পেয়েছ। (২৬) সে দুজনার একজন (মহিলা) বলল, হে আব্বাজী! তুমি তাকে মজদুর

اِنَّ خَيْرَ مَنِ اسْتَاْجَرْتَ الْقَوِيُّ الْاَمِيْنُ ﴿٢٦﴾ قَالَ اِنِّيْۤ اُرِيْدُ اَنْ اُنْكِحَكَ

ইন্না খাইরা মানিস্ তা'জ্বার্তাল ক্বাওয়িয়্যুল্ আমীন। ২৭। ক্বা-লা ইন্নী~উরীদু আন্ উন্কিহ্বাকা
হিসেবে রেখে দাও, কেননা, মজদুর হিসেবে সে ব্যক্তিই ভাল হবে, যে শক্তিশালী, বিশ্বাসী। (২৭) সে (পিতা) মূসাকে বলল, আমি আমার দু'কন্যার মধ্যে একজনকে তোমার

اِحْدَى ابْنَتَيَّ هٰتَيْنِ عَلٰۤى اَنْ تَاْجُرَنِيْ ثَمٰنِيَ حِجَجٍ ۚ فَاِنْ اَتْمَمْتَ عَشْرًا

ইহ্দাব্ নাতাইয়্যা হা-তাইনি 'আলা~আন্ তা'জুরানী ছামা-নিয়া হ্বিজ্বাজ্বিন, ফাইন্ আত্মাম্তা 'আশ্রান্
সাথে এ শর্তের উপর বিবাহ দিতে চাচ্ছি যে, তুমি আট বছর আমার মজদুর হিসেবে কাজ করবে, হ্যাঁ যদি তুমি দশ বছর পূর্ণ কর, তবে সেটা (স্বইচ্ছায়) তোমার তরফ

فَمِنْ عِنْدِكَ ۚ وَمَاۤ اُرِيْدُ اَنْ اَشُقَّ عَلَيْكَ ؕ سَتَجِدُنِيْۤ اِنْ شَآءَ اللّٰهُ مِنَ الصّٰلِحِيْنَ ﴿٢٧﴾

ফামিন্ 'ইন্দিকা ওয়া মা~উরীদু আন্ আশুক্ক্বা 'আলাইকা ; সাতাজ্বিদুনী~ ইন্ শা—আল্লাহু মিনাস্ব স্বা-লিহ্বীন্।
থেকে (অনুগ্রহ হিসেবে) হবে, আমি এটা চাচ্ছি না যে, তোমাকে কোন কষ্টের মধ্যে ফেলব; তুমি আমাকে (দেখতে) পাবে আল্লাহর ইচ্ছায় সৎ ব্যক্তিদের মধ্যে।

قَالَ ذٰلِكَ بَيْنِيْ وَبَيْنَكَ ؕ اَيَّمَا الْاَجَلَيْنِ قَضَيْتُ فَلَا عُدْوَانَ عَلَيَّ ؕ وَاللّٰهُ

২৮। ক্বা-লা যা-লিকা বাইনী ওয়া বাইনাকা ; আইয়্যামাল্ আজ্বালাইনি ক্বাদ্বাইতু ফালা- 'উদ্ওয়া-না 'আলাইয়্যা ; ওয়াল্লা-হু
(২৮) মূসা বলল, আমার ও আপনার মধ্যে একথা পাকাপাকি হয়ে গেল, এ দুটি কালের মধ্যে আমি যেটাই পূর্ণ করি না কেন, (এরপরে যেন) আমার উপর বাড়াবাড়ি না করা হয়।

عَلٰى مَا نَقُوْلُ وَكِيْلٌ ﴿٢٨﴾ فَلَمَّا قَضٰى مُوْسَى الْاَجَلَ وَسَارَ بِاَهْلِهٖۤ اٰنَسَ مِنْ جَانِبِ

'আলা- মা- নাক্বূলু ওয়াকীল্। ২৯। ফালাম্মা- ক্বাদ্বা- মূসাল্ আজ্বালা ওয়া সা-রা বিআহ্লিহী~আ-নাসা মিন্ জ্বা-নিবিত্ব
আমরা যা কিছু বলছি এ সব কিছুর আল্লাহ্ ব্যবস্থাপক। (২৯) যখন মূসা তার সময়কাল পূর্ণ করল এবং তার পরিবার-পরিজন নিয়ে রওয়ানা হল, তখন সে

ع ৬ রুকূ

الطُّوْرِ نَارًا ۚ قَالَ لِاَهْلِهِ امْكُثُوْۤا اِنِّيْۤ اٰنَسْتُ نَارًا لَّعَلِّيْۤ اٰتِيْكُمْ مِّنْهَا بِخَبَرٍ

তূরি না-রান, ক্বা-লা লিআহ্লিহিম্ কুছূ~ইন্নী~আ-নাস্তু না-রাল্ লা'আল্লী ~আ-তীকুম মিন্হা- বিখাবারিন্
তূর পাহাড়ের দিকে আগুন দেখতে পেল, সে তার স্ত্রীকে বলল, থাম! আমি আগুন দেখেছি, সম্ভবতঃ আমি সেখান থেকে তোমাদের কাছে কোন তথ্য নিয়ে আসতে পারি,

اَوْ جَذْوَةٍ مِّنَ النَّارِ لَعَلَّكُمْ تَصْطَلُوْنَ ﴿٢٩﴾ فَلَمَّاۤ اَتٰىهَا نُوْدِيَ مِنْ شَاطِئِ الْوَادِ

আও জ্বায্ওয়াতিম্ মিনান্ না-রি লা'আল্লাকুম্ তাস্বত্বালূন। ৩০। ফালাম্মা ~আতা-হা নূদিয়া মিন্ শা-ত্বিইল্ ওয়া-দিল্
বা আগুনের কোন (জ্বলন্ত) অংগার নিয়ে আসতে পারি, যাতে তোমরা তাপ নিতে পার। (৩০) যখন মূসা সেখানে পৌছল তখন তাকে

✪ টীকা (আঃ ২৯) ঃ অর্থাৎ, পূর্ণ দশ বৎসর কাল শোআয়েব (আ)-এর চাকুরী করলেন এবং তাঁর বকরী চরালেন। অতঃপর প্রতিশ্রুত কাল পূর্ণ হলে তিনি শ্বশুরের অনুমতিপূর্বক বিদায় নিয়ে সস্ত্রীক মিশর অভিমুখে যাত্রা করলেন। তখন শীতকাল ছিল, রাত্রির অন্ধকারে পথ হারিয়ে তাঁরা জঙ্গলে গিয়ে উপস্থিত হলেন। তাঁর স্ত্রী ছিলেন আসন্ন প্রসবা। প্রসব বেদনা উপস্থিত হল। শীত ও ব্যথা নিবারণের জন্য স্বামীকে আগুন জ্বালাতে বললেন। চম্মকি ঠুকিয়া আগুন জ্বালাবার চেষ্টা করিলেন, আগুন জ্বালাতে পারল না। ইতিমধ্যে তূর পর্বতের দিকে আগুন দেখা গেল। মূসা (আঃ) বললেন, আমি পর্বতের দিকে যাচ্ছি, হয়ত তথা হতে আগুন আনব বা পথের সন্ধান আনব। এ বলে তিনি স্ত্রীকে সেখানে রেখে তূর পর্বতের দিকে চলে গেলেন। (মুঃ কোঃ)

الْاَيْمَنِ فِي الْبُقْعَةِ الْمُبٰرَكَةِ مِنَ الشَّجَرَةِ اَنْ يّٰمُوْسٰۤى اِنِّيْۤ اَنَا اللّٰهُ رَبُّ

আইমানি ফিল্ বুক্ব'আতিল্ মুবা-রাকাতি মিনাশ্ শাজ্বারাতি আই ইয়া-মূসা~ইন্নী~আনাল লা-হু রাব্বুল্
বরকতময় ভূমিস্থিত ময়দানের ডান পার্শ্বের বৃক্ষ হতে, আওয়াজ দেয়া হল হে মূসা! আমিই আল্লাহ, সারা জাহানের

الْعٰلَمِيْنَ ﴿٣٠﴾ وَاَنْ اَلْقِ عَصَاكَ ؕ فَلَمَّا رَاٰهَا تَهْتَزُّ كَاَنَّهَا جَآنٌّ وَّلّٰى مُدْبِرًا وَّلَمْ يُعَقِّبْ ؕ

'আ-লামীন। ৩১। ওয়া আন্ আল্ক্বি 'আস্বা-কা ; ফালাম্মা- রাআ-হা- তাহ্তায্যু কাআন্নাহা-জ্বা—নুঁও ওয়াল্লা- মুদ্বিরাও ওয়া লাম্ ইউ'আক্কিব্ ;
প্রতিপালক। (৩১) এবং (আরও বলে দেয়া হল যে) তুমি তোমার লাঠি (মাটিতে) ফেলে দাও। যখন সেটিকে দেখল যে, সাপের মত দ্রুত চলছে, তখন পৃষ্ঠ প্রদর্শন করে ফিরে

يٰمُوْسٰۤى اَقْبِلْ وَلَا تَخَفْ ۫ اِنَّكَ مِنَ الْاٰمِنِيْنَ ﴿٣١﴾ اُسْلُكْ يَدَكَ فِيْ جَيْبِكَ

ইয়া-মূসা~আক্ববিল্ ওয়ালা- তাখাফ্, ইন্নাকা মিনাল্ আ-মিনীন। ৩২। উস্লুক ইয়াদাকা ফী জ্বাইবিকা
যেতে লাগল এবং সে পিছনে তাকিয়েও দেখল না। তাকে আমি বললাম হে মূসা! সামনে অগ্রসর হও, তুমি সর্বদিক হতেই নিরাপদ। (৩২) তুমি তোমার হাত তোমার

تَخْرُجْ بَيْضَآءَ مِنْ غَيْرِ سُوْٓءٍ ۫ وَّاضْمُمْ اِلَيْكَ جَنَاحَكَ مِنَ الرَّهْبِ فَذٰنِكَ بُرْهَانٰنِ

তাখ্রুজ্ব বাইদ্বা—আ মিন্ গাইরি সূ—ইওঁও ওয়াদ্বমুম্ ইলাইকা জ্বানা-হ্বাকা মিনার্ রাহ্বি ফাযা-নিকা বুরহা-না-নি
জামার বাহুমূলে প্রবেশ করাও, সেটি কোন রোগ ছাড়াই সাদা চকচকে অবস্থায় বের হবে, এবং তোমার হাত তোমার (বুকের সাথে) মিলিয়ে রাখ ভয় থেকে বাঁচার জন্য।

مِنْ رَّبِّكَ اِلٰى فِرْعَوْنَ وَمَلَا۟ئِهٖ ؕ اِنَّهُمْ كَانُوْا قَوْمًا فٰسِقِيْنَ ﴿٣٢﴾ قَالَ رَبِّ اِنِّيْ قَتَلْتُ

মির্ রাব্বিকা ইলা- ফির'আওনা ওয়া মালাইহী ; ইন্নাহুম কা-নূ ক্বাওমান্ ফা-সিক্বীন। ৩৩। ক্বা-লা রাব্বি ইন্নী ক্বাতাল্তু
এ দুটো-(মুজেযা) তোমার রবের পক্ষ হতে প্রমাণ, ফিরআউন ও তার নেতৃবৃন্দের জন্য। নিশ্চয়ই তারা পাপাচারী সম্প্রদায়। (৩৩) মূসা বলল, হে আমার রব! আমি তাদের এক

مِنْهُمْ نَفْسًا فَاَخَافُ اَنْ يَّقْتُلُوْنِ ﴿٣٣﴾ وَاَخِيْ هٰرُوْنُ هُوَ اَفْصَحُ مِنِّيْ لِسَانًا فَاَرْسِلْهُ

মিন্হুম নাফ্সান্ ফাআখা-ফু আই ইয়াক্বতুলূন। ৩৪। ওয়া আখী হা-রূনু হুওয়া আফ্স্বাহু মিন্নী লিসা-নান্ ফাআর্সিল্হু
ব্যক্তিকে হত্যা করেছি, এখন আমি আশংকা করছি তারা আমাকেও হত্যা করবে। (৩৪) এবং আমার ভাই হারুন আমার চেয়েও স্পষ্ট ভাষী, সুতরাং তাকেও আমার সাহায্যকারী

مَعِيَ رِدْاً يُّصَدِّقُنِيْۤ ؗ اِنِّيْۤ اَخَافُ اَنْ يُّكَذِّبُوْنِ ﴿٣٤﴾ قَالَ سَنَشُدُّ عَضُدَكَ

মা'ইয়া রিদ্আই ইউস্বাদ্দিক্বুনী~ইন্নী~আখা-ফু আই ইউকায্যিবূন। ৩৫। ক্বা-লা সানাশুদ্দু 'আদ্বুদাকা
বানিয়ে আমার সাথে প্রেরণ কর, সে আমাকে সত্যায়িত করবে। আমি ভয় করছি যে, তারা আমাকে মিথ্যাবাদী বলবে। (৩৫) আল্লাহ বলেন, আমি তোমার ভাইয়ের

بِاَخِيْكَ وَنَجْعَلُ لَكُمَا سُلْطٰنًا فَلَا يَصِلُوْنَ اِلَيْكُمَا ۚ بِاٰيٰتِنَاۤ ۚ اَنْتُمَا وَمَنِ

বিআখীকা ওয়া নাজ্ব'আলু লাকুমা- সুল্ত্বা-নান ফালা- ইয়াস্বিলূনা ইলাইকুমা-বিআ-ইয়া-তিনা~আন্তুমা- ওয়া মানিত্
সাথে তোমার বাহু (শক্তি) দৃঢ় করে দিব এবং তোমাদের উভয়কে বিজয়ী করব, ফিরআউনরা তোমাদের পর্যন্ত পৌঁছতে পারবে না, তোমরা দুজন এবং তোমাদের

اتَّبَعَكُمَا الْغٰلِبُوْنَ ﴿٣٥﴾ فَلَمَّا جَآءَهُمْ مُّوْسٰى بِاٰيٰتِنَا بَيِّنٰتٍ قَالُوْا مَا هٰذَاۤ اِلَّا سِحْرٌ

তাবা'আকুমাল গা-লিবূন। ৩৬। ফালাম্মা- জ্বা—আহুম মূসা- বিআ-ইয়া-তিনা- বাইয়্যিনা-তিন ক্বা-লূ মা- হা-যা~ইল্লা- সিহ্রুম্
অনুসারীরা আমার নিদর্শনাবলির কারণে বিজয়ী হবে। (৩৬) যখন মূসা তাদের কাছে আমার (প্রদত্ত) স্পষ্ট নিদর্শনাবলি নিয়ে উপস্থিত হল, তখন তারা বলল,

مفترى وما سمعنا بهذا في اباءنا الاولين ﴿٣٧﴾ وقال موسى ربي اعلم بمن

মুফ্‌তারাওঁ ওয়া মা- সামি'না- বিহা-যা- ফী~আ-বা—ইনাল আওয়্যালীন। ৩৭। ওয়া ক্বা-লা মূসা- রাব্বী~আ'লামু বিমান্

এগুলো শুধু বানানো যাদু, আমরা আমাদের পূর্ব পিতৃ পুরুষদের যুগে কখনও এরূপ শুনিনি। (৩৭) মূসা বলল, আমার প্রতিপালক খুব জানেন,

جاء بالهدى من عنده ومن تكون له عاقبة الدار انه لا يفلح الظلمون

জা—আ বিল্‌হুদা- মিন্ 'ইন্‌দিহী ওয়া মান্ তাকূনু লাহূ 'আ-কিবাতুদ্ দা-রি ; ইন্নাহূ লা- ইউফলিহুজ্ জা-লিমূন।

কে তাঁর কাছ থেকে সঠিক পথ নিয়ে এসেছে এবং কার জন্য পরকালে পরিণাম কল্যাণময় হবে; অত্যাচারীরা সফলকাম হবেই না।

﴿٣٨﴾ وقال فرعون يايها الملا ما علمت لكم من اله غيري فاوقد لي يهامن

৩৮। ওয়া ক্বা-লা ফির'আওনু ইয়া~আইয়্যুহাল্ মালাউ মা- 'আলিম্‌তু লাকুম্ মিন্ ইলা-হিন গাইরী ফাআওক্বিদ্ লী ইয়া-হা-মা-নু

(৩৮) ফিরআউন বলল, হে নেতৃবৃন্দ! আমি ছাড়া অন্য কেউ তোমাদের মাবুদ আছে বলে আমিতো জানি না, হে হামান! তুমি আমার জন্য মাটিকে আগুন দ্বারা জ্বালাও

على الطين فاجعل لي صرحا لعلي اطلع الى اله موسى واني لاظنه من

'আলাত্ব ত্বীনি ফাজ্'আল্‌লী স্বার্‌হাল্ লা'আল্লী ~আত্তালি'উ ইলা~ইলা-হি মূসা- ওয়া ইন্নী লাআজুন্নুহূ মিনাল্

(ইট বানাও), অতঃপর আমার জন্য একটি প্রাসাদ তৈরি কর, যেন তাতে চড়ে আমি মূসার মাবূদকে চুপে চুপে দেখে নিতে পারি। কিন্তু আমি তাকে মিথ্যাবাদীদের অন্তর্ভুক্ত

الكذبين ﴿٣٩﴾ واستكبر هو وجنوده في الارض بغير الحق وظنوا انهم الينا لا

কা-যিবীন। ৩৯। ওয়াস্‌তাক্‌বারা হুওয়া ওয়া জুনূদুহূ ফিল্ আরদ্বি বিগাইরিল হাক্বক্বি ওয়া জান্নূ~আন্নাহুম ইলাইনা- লা-

মনে করি। (৩৯) ফিরআউন এবং তার সৈন্যবাহিনী অন্যায়ভাবে পৃথিবীতে বড়াই করেছিল এবং তারা ধারণা করেছিল যে, তারা আমার নিকট ফিরে

يرجعون ﴿٤٠﴾ فاخذنه وجنوده فنبذنهم في اليم فانظر كيف كان عاقبة الظلمين

ইউরজ্বা'উন। ৪০। ফাআখায্‌না-হু ওয়া জুনূদাহূ ফানাবায্‌না-হুম ফিল্ ইয়াম্মি, ফান্‌জুর কাইফা কা-না 'আ-ক্বিবাতুজ্ জা-লিমীন।

আসবে না। (৪০) অবশেষে আমি তাকে এবং তার সৈন্যবাহিনীকে পাকড়াও করলাম এবং তাদেরকে সমুদ্রে নিক্ষেপ করলাম। দেখুন! অত্যাচারীদের পরিণাম কেমন হয়।

﴿٤١﴾ وجعلنهم ائمة يدعون الى النار ويوم القيمة لا ينصرون ﴿٤٢﴾ واتبعنهم

৪১। ওয়া জ্বা'আল্‌না-হুম আইম্মাতাইঁ ইয়াদ্'উনা ইলান্ না-রি, ওয়া ইয়াওমাল্ ক্বিয়া-মাতি লা- ইউন্‌স্বারূন। ৪২। ওয়া আত্‌বা'না- হুম

(৪১) আমি তাদেরকে এমন নেতা বানিয়েছিলাম যে, তারা লোকদেরকে জাহান্নামের দিকে ডাকত, কেয়ামতের দিন তাদেরকে সাহায্য করা হবে না। (৪২) আমি এ পার্থিব

في هذه الدنيا لعنة ويوم القيمة هم من المقبوحين ﴿٤٣﴾ ولقد اتينا موسى

ফী হা-যিহিদ্ দুন্‌ইয়া- লা'নাতান্ ওয়া ইয়াওমাল্ ক্বিয়া-মাতি হুম্ মিনাল্ মাক্ববূহীন। ৪৩। ওয়া লাক্বাদ্ আ-তাইনা- মূসাল্

জীবনেও তাদের পিছনে লাগিয়ে দিয়েছি অভিশাপ এবং কিয়ামতের দিনেও তারা নিকৃষ্টদের মধ্যে হবে। (৪৩) আর আমি পূর্ববর্তী বহু দলকে ধ্বংস করার পরে,

৪ ع ১৪ ৭ রুকূ

○ টীকা (আঃ ৩৮) ঃ অর্থাৎ, পূর্বোক্ত আয়াতে বর্ণিত তাহাদের কথার উত্তরে মূসা (আ) বলিলেন, অকাট্য প্রমাণ থাকা সত্ত্বেও এবং তাতে সন্দেহ করার কোন যুক্তিসঙ্গত কারণ উপস্থিত করিতে না পারা সত্ত্বেও যখন তোমরা আমার নুবুওয়াতের সত্যতা স্বীকার করিতেছ না, তখন বলতে হয়, ইহা তোমাদের একগুঁয়েমী ছাড়া আর কিছুই নয়। তোমাদের ও আমাদের মধ্যে কে সত্য এবং কে মিথ্যা আল্লাহই তা ভালরূপে জানেন। মৃত্যুর সাথে সাথেই প্রত্যেকের অবস্থা ও ফলাফল প্রকাশিত হয়ে পড়বে। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৩৮) ঃ ফেরআউনের আশংকা হল, মূসা (আঃ)-এর প্রমাণ ও নিদর্শনসমূহ দেখে তার অনুবর্তীগণ মূসা (আ)-এর প্রতি ঝুঁকতে পারে। কাজেই তাদেরকে প্রতারিত করার উদ্দেশ্যে সে মন্ত্রী হামানকে বলল....। (বঃ কোঃ)

الكتب من بعد ما اهلكنا القرون الاولى بصائر للناس وهدى ورحمة

কিতা-বা মিম্ বা'দি মা~আহ্‌লাক্‌নাল্ কুরূনাল্ উলা- বাছা—ইরা লিন্‌না-সি ওয়া হুদাওঁ ওয়া রাহ্‌মাতাল্

মূসাকে এমন কিতাব দান করেছিলাম, যা মানব জাতির জন্য দলীল এবং পথ প্রদর্শক ও রহমত স্বরূপ, যাতে তারা

لعلهم يتذكرون ﴿٤٤﴾ وما كنت بجانب الغربي اذ قضينا الى موسى

লা'আল্লাহুম ইয়াতাযাক্কারূন। ৪৪। ওয়া মা- কুন্‌তা বিজ্বা-নিবিল্ গারবিইয়্যি ইয্ ক্বাদ্বাইনা~ইলা- মূসাল

উপদেশ গ্রহণ করতে পারে। (৪৪) আর পশ্চিম প্রান্তে (তূর পাহাড়ে) আপনি তখন উপস্থিত ছিলেন না, যখন আমি মূসাকে (সেখানে) বিধান (সম্পর্কিত ওহী) প্রেরণ

الامر وما كنت من الشهدين ﴿٤٥﴾ ولكنا انشانا قرونا فتطاول عليهم العمر

আম্‌রা ওয়া মা- কুন্‌তা মিনাশ্ শা-হিদীন। ৪৫। ওয়ালা-কিন্না~আন্‌শা'না- কুরূনান্ ফাতাত্বা-ওয়ালা 'আলাইহিমুল্ 'উমুরু

করেছিলাম এবং আপনি দর্শক হিসেবেও (তখন) ছিলেন না। (৪৫) বরং আমি সৃষ্টি করেছিলাম বহু দল (উম্মত), যাদের উপর দীর্ঘ কাল অতিবাহিত হয়ে গেছে।

وما كنت ثاويا في اهل مدين تتلوا عليهم ايتنا ولكنا كنا مرسلين

ওয়ামা- কুন্‌তা ছা-ওয়িয়ান্ ফী~আহ্‌লি মাদ্‌ইয়ানা তাত্‌লূ 'আলাইহিম্ আ-ইয়া-তিনা-ওয়ালা-কিন্না- কুন্না- মুরসিলীন।

এবং আপনিতো মাদায়েনবাসীর মাঝে অবস্থানকারী ছিলেন না, তাদের কাছে আমার আয়াত পাঠ করার জন্য; বরং আমিই রাসূল প্রেরণকারী ছিলাম।

﴿٤٦﴾ وما كنت بجانب الطور اذ نادينا ولكن رحمة من ربك لتنذر قوما ما

৪৬। ওয়া মা- কুন্‌তা বিজ্বা-নিবিত্ব তূরি ইয্ না-দাইনা- ওয়ালা-কির্ রাহ্‌মাতাম্ মির্ রাব্বিকা লিতুন্‌যিরা ক্বাওমাম্ মা~

(৪৬) এবং আপনি তূর পাহাড়ের পার্শ্বে উপস্থিত ছিলেন না, যখন (মূসাকে) সম্বোধন করেছিলাম, বরং এটা রহমত স্বরূপ আপনার রবের পক্ষ হতে, যাতে আপনি এমন এক সম্প্রদায়কে সাবধান করে দিতে পারেন, যাদের কাছে আপনার পূর্বে

اتهم من نذير من قبلك لعلهم يتذكرون ﴿٤٧﴾ ولولا ان تصيبهم مصيبة بما

আতা-হুম মিন্ নাযীরিম মিন্ ক্বাবলিকা লা'আল্লাহুম ইয়াতাযাক্কারূন। ৪৭। ওয়া লাওলা~আন্ তুস্বীবাহুম্ মুস্বীবাতুম্ বিমা-

কোন সাবধানকারী আসেনি। হয়তো তারা উপদেশ গ্রহণ করতে পারে। (৪৭) যদি এটা (রাসূল প্রেরণ) না হত, আর তাদের কৃতকর্মের জন্য তাদের উপর কোন বিপদ এসে যেত

قدمت ايديهم فيقولوا ربنا لولا ارسلت الينا رسولا فنتبع ايتك

ক্বাদ্দামাত্ আইদীহিম ফাইয়াকূলূ রাব্বানা- লাওলা~আরসাল্‌তা ইলাইনা- রাসূলান্ ফানাত্তাবি'আ আ-ইয়া-তিকা

তখন তারা বলত, হে আমাদের প্রতিপালক! তুমি আমাদের কাছে কোন রাসূল কেন প্রেরণ করনি? (যদি প্রেরণ করতে) আমরা তোমার আয়াতসমূহের অনুসরণ করতাম

ونكون من المؤمنين ﴿٤٨﴾ فلما جاءهم الحق من عندنا قالوا لولا اوتي مثل

ওয়া নাকূনা মিনাল্ মু'মিনীন। ৪৮। ফালাম্মা- জ্বা—আহুমুল্ হাক্বক্বু মিন্ 'ইন্‌দিনা- ক্বা-লূ লাওলা~উতিয়া মিছ্‌লা

এবং আমরা মুমিনের অন্তর্ভুক্ত হতাম। (৪৮) অতঃপর যখন তাদের কাছে আমার পক্ষ হতে সত্য (রাসূল ও কিতাব) পৌছল, তখন তারা বলল, মূসাকে যেভাবে (মু'জেযা) দেয়া

○ টীকা (আঃ ৪৬) ঃ বরং প্রাচীনকালের কাহিনীগুলো ওহী দ্বারা আমি আপনাকে জানিয়েছি। কেননা, মূসা (আ)-এর পরে আমি বহু সম্প্রদায় সৃষ্টি করেছি এবং তাদের উপর দীর্ঘকাল অতীত হয়েছে। মানুষ ধর্মপথ ও ধর্ম-কর্ম ত্যাগ করে বিপথগামী হয়েছে। আলেম, নেক্‌কার ও ধর্ম শিক্ষা লোপ পেয়ে মূর্খ লোকের কর্তৃত্ব হয়ে পড়েছে। পুনরায় তাদেরকে সৎপথ প্রদর্শনের প্রয়োজন দেখা দিয়েছে। তখন আমি আপনাকে নবী করে ওহী দ্বারা সে প্রাচীন কাহিনীগুলি আপনার নিকট পাঠিয়েছি। ○ বিশ্লেষণ (আঃ ৪৮) ঃ سحران تظاهرا - দুজন যাদুকর দ্বারা হযরত মূসা ও হারুনকে (আ) বুঝান হয়েছে। অর্থাৎ ফিরআউন বাহিনী এ দুজনকে যাদুকর বলেছে। অথবা, আরবের মুশরিকরা বলেছে, কুরআন ও তাওরাত উভয়ই যাদু। (তাঃ কাদেরী)

مَآ أُوتِيَ مُوسَىٰٓ ۚ أَوَلَمْ يَكْفُرُوا۟ بِمَآ أُوتِيَ مُوسَىٰ مِن قَبْلُ ۖ قَالُوا۟ سِحْرَانِ

○ বিশ্লেষণ (আঃ ৪৫) ঃ ولذكر الله اكبر - [আল্লাহর সর্বশেষ (আমল)] অর্থাৎ অশ্লীল ও গুনাহের কাজ থেকে বিরত রাখার ব্যাপারে নামাজের চেয়েও আল্লাহর যিকির অধিক ফলদায়ক। কারণ, মানুষ যখন পর্যন্ত নামাজে থাকে, ততক্ষণ অশ্লীল কাজ থেকে বিরত থাকে, নামাজের পরে এর ততটা প্রভাব থাকে না। কিন্তু সর্বদা আল্লাহর যিকির (স্মরণ) করার দ্বারা, আল্লাহর যিকিরই, তাকে অশ্লীল ও গুনাহের কাজ থেকে সর্ব সময়ের জন্য বিরত রাখে। তাই বান্দার উচিত কখনও আল্লাহর স্মরণ থেকে গাফিল না থাকা। ○ বিশ্লেষণ (আঃ ৪৬) ঃ انزل البنا - অর্থাৎ কুরআন মাজীদ انزل البكم তাওরাত ইঞ্জিল ও যাবুর। ○ বিশ্লেষণ (আঃ ৪৭) ঃ يؤمنون - যারা আবদুল্লাহ ইবন সালাম (রা) প্রমুখকে বুঝান হয়েছে।

وَمَا يَجْحَدُ بِاٰيٰتِنَآ اِلَّا الظّٰلِمُوْنَ ﴿٤٩﴾ وَقَالُوْا لَوْلَآ اُنْزِلَ عَلَيْهِ اٰيٰتٌ مِّنْ رَّبِّهٖ ؕ

ওয়ামা- ইয়াজ্হাদু বিআ-ইয়া-তিনা~ইল্লাজ্ জা-লিমূন। ৫০। ওয়া ক্বা-লূ লাওলা~উন্যিলা 'আলাইহি আ-ইয়া-তুম্ মির্ রাব্বিহী ;
আমার আয়াতের অস্বীকারকারী, জালিম ব্যতীত আর অন্য কেউই নয়। (৫০) তারা বলে, এর উপর কোন নিদর্শন তার প্রতিপালকের পক্ষ হতে কেন অবতীর্ণ করা হয় না?

قُلْ اِنَّمَا الْاٰيٰتُ عِنْدَ اللّٰهِ ؕ وَاِنَّمَآ اَنَا نَذِيْرٌ مُّبِيْنٌ ﴿٥٠﴾ اَوَلَمْ يَكْفِهِمْ اَنَّآ اَنْزَلْنَا

কুল ইন্নামাল্ আ-ইয়া-তু 'ইন্দাল্লা-হি ; ওয়া ইন্নামা~আনা নাযীরুম্ মুবীন। ৫১। আওয়া লাম্ ইয়াক্ফিহিম আন্না~আন্যাল্না-
বলুন, নিদর্শনতো সব আল্লাহর কাছে; আমিতো শুধু একজন প্রকাশ্য সতর্ককারী। (৫১) তাদের জন্য এটাকি যথেষ্ট নয় যে, আমি

৫ ২৭ ১ রুকূ

عَلَيْكَ الْكِتٰبَ يُتْلٰى عَلَيْهِمْ ؕ اِنَّ فِيْ ذٰلِكَ لَرَحْمَةً وَّذِكْرٰى لِقَوْمٍ يُّؤْمِنُوْنَ ۝

'আলাইকাল্ কিতা-বা ইউত্লা-, 'আলাইহিম ; ইন্না ফী যা-লিকা লারাহ্মাতাওঁ ওয়া যিক্রা- লিক্বাওমিঁই ইউ'মিনূন।
আপনার প্রতি কিতাব অবতীর্ণ করেছি, যা তাদের কাছে পাঠ করা হয়? তার মধ্যে রয়েছে মুমিন লোকদের জন্য, করুণা ও উপদেশ।

﴿٥١﴾ قُلْ كَفٰى بِاللّٰهِ بَيْنِيْ وَبَيْنَكُمْ شَهِيْدًا ۚ يَعْلَمُ مَا فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ وَ

৫২। কুল্ কাফা- বিল্লা-হি বাইনী ওয়া বাইনাকুম শাহীদান ; ইয়া'লামু মা- ফিস্ সামা-ওয়া-তি ওয়াল আরদ্বি ; ওয়াল
(৫২) বলুন, আমার মধ্যে ও তোমাদের মধ্যে আল্লাহর স্বাক্ষ্য থাকাই যথেষ্ট; তিনি আকাশ ও পৃথিবীর সব কিছুই জানেন; এবং

الَّذِيْنَ اٰمَنُوْا بِالْبَاطِلِ وَكَفَرُوْا بِاللّٰهِ ۙ اُولٰٓئِكَ هُمُ الْخٰسِرُوْنَ ﴿٥٢﴾ وَيَسْتَعْجِلُوْنَكَ

লাযীনা আ-মানূ বিল্ বা-ত্বিলি ওয়া কাফারূ বিল্লা-হি, উলা—ইকা হুমুল খা-সিরূন। ৫৩। ওয়া ইয়াস্তা'জিলূনাকা
যারা মিথ্যায় বিশ্বাস রাখে আর আল্লাহর সাথে কুফরী করে তারাই ক্ষতিগ্রস্ত। (৫৩) তারা আপনার কাছে দ্রুত কামনা করে

بِالْعَذَابِ ؕ وَلَوْلَآ اَجَلٌ مُّسَمًّى لَّجَآءَهُمُ الْعَذَابُ ؕ وَلَيَاْتِيَنَّهُمْ بَغْتَةً وَّهُمْ

বিল্ 'আযা-বি ; ওয়া লাওলা~আজালুম্ মুসাম্মাল্ লাজ্বা—আহুমুল 'আযা-বু ; ওয়ালা ইয়া'তিইয়ান্নাহুম বাগ্তাতাওঁ ওয়া হুম
শাস্তি। যদি আমার পক্ষ থেকে (শাস্তির) সময় নির্ধারিত না থাকত, তবে তাদের উপর শাস্তি এসে যেত। অবশ্যই তাদের উপর (শাস্তি) আকস্মাৎ আসবে, অথচ

لَا يَشْعُرُوْنَ ﴿٥٣﴾ يَسْتَعْجِلُوْنَكَ بِالْعَذَابِ ؕ وَاِنَّ جَهَنَّمَ لَمُحِيْطَةٌۢ بِالْكٰفِرِيْنَ ۝

লা- ইয়াশ'উরূন। ৫৪। ইয়াস্তা'জিলূনাকা বিল 'আযা-বি ; ওয়া ইন্না জ্বাহান্নামা লামুহীত্বাতুম্ বিল কা-ফিরীন।
তারা (তা) বুঝতেও পারবে না। (৫৪) তারা আপনাকে শাস্তি দ্রুত নিয়ে আসতে বলে, নিশ্চয়ই জাহান্নাম কাফিরদেরকে ঘেরাও করে রাখবে।

﴿٥٤﴾ يَوْمَ يَغْشٰهُمُ الْعَذَابُ مِنْ فَوْقِهِمْ وَمِنْ تَحْتِ اَرْجُلِهِمْ وَيَقُوْلُ ذُوْقُوْا

৫৫। ইয়াওমা ইয়াগ্শা-হুমুল 'আযা-বু মিন্ ফাওক্বিহিম ওয়া মিন্ তাহ্তি আর্জুলিহিম ওয়া ইয়াক্বূলু যূক্ব
(৫৫) সেদিন শাস্তি তাদেরকে তাদের (মাথার) উপর ও পায়ের নীচ হতে ঢেকে রাখবে, এবং আল্লাহ বলবেন, এখন তোমাদের কৃত

○ টীকা (আঃ ৫১) ঃ বারবার শুনাবার স্বার্থকতা এই যে, একবার শ্রবনে তার অলৌকিকতার উপলব্ধি না হলে তৎপরে অবশ্যই হবে। পক্ষান্তরে কোরআন ব্যতীত অন্য কোন মু'জেযায় এই সুবিধা হত না; কেননা, সে গুলোর অস্বাভাবিকতা গুন কোরআনের ন্যায় স্থায়ী হত না। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৫১) ঃ রহমত এই যে, এতে আল্লাহর আহকাম শিক্ষা দেয়া হয়েছে, যা নিছক হিতকর। আর উপদেশ এই যে, এতে নেক নেক কাজের প্রতি উৎসাহ এবং পাপকার্য হতে ভীতি প্রদর্শন করা হয়েছে। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৫৩) ঃ অর্থাৎ, মৃত্যু এবং কিয়ামতের মধ্যবর্তী কালে নমুনাস্বরূপ আযাব প্রত্যক্ষ করলেও কিয়ামতের শাস্তি অধিকতর কঠোর হবে। তদ্রূপ কঠোর শাস্তি কখনও দেখে নি। সুতরাং কিয়ামতের শাস্তি সম্বন্ধে তখন দিব্য জ্ঞান জন্মিলেও প্রত্যক্ষ করা আকস্মাৎই হবে। (বঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ৫৫) ঃ ويقول - আল্লাহ তায়ালা অথবা ফিরিশতাগণ বলবেন।

مَا كُنتُمْ تَعْمَلُونَ ۝ يَٰعِبَادِيَ الَّذِينَ آمَنُوا إِنَّ أَرْضِي وَاسِعَةٌ فَإِيَّايَ

মা- কুন্তুম তা'মালূন। ৫৬। ইয়া- 'ইবা-দিয়াল্ লাযীনা আ-মানূ~ইন্না আরদ্বী ওয়া-সি'আতুন ফাইয়্যা-ইয়া
কর্মের প্রতিফল ভোগ কর। (৫৬) হে আমার মুমিন বান্দাগণ! আমার পৃথিবী খুবই প্রশস্ত, সুতরাং তোমরা শুধু আমারই

فَاعْبُدُونِ ۝ كُلُّ نَفْسٍ ذَائِقَةُ الْمَوْتِ ثُمَّ إِلَيْنَا تُرْجَعُونَ ۝ وَالَّذِينَ

ফা'বুদূন। ৫৭। কুল্লু নাফ্সিন যা—ইক্বাতুল মাওতি, ছুম্মা ইলাইনা-তুরজা'উন। ৫৮। ওয়াল্লাযীনা
ইবাদাত কর। (৫৭) প্রতিটি জীবই মৃত্যুর স্বাদ গ্রহণ করবে, অতঃপর আমার দিকে প্রত্যাবর্তিত হবে। (৫৮) যারা ঈমান আনে

آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ لَنُبَوِّئَنَّهُم مِّنَ الْجَنَّةِ غُرَفًا تَجْرِي مِن تَحْتِهَا الْأَنْهَارُ

আ-মানূ ওয়া 'আমিলুস্ব স্বা-লিহা-তি লানুবাওয়্যি আন্নাহুম মিনাল্ জান্নাতি গুরাফান্ তাজ্বরী মিন্ তাহ্‌তিহাল আনহা-রু
ও সৎকাজ করে, তাদেরকে আমি অবশ্যই স্থান দিব জান্নাতের সে সুউচ্চ স্থানে, যার তলদেশে নহরসমূহ প্রবাহিত, যেখানে তারা চিরস্থায়ী

خَالِدِينَ فِيهَا نِعْمَ أَجْرُ الْعَامِلِينَ ۝ الَّذِينَ صَبَرُوا وَعَلَىٰ رَبِّهِمْ يَتَوَكَّلُونَ ۝

খা-লিদীনা ফীহা- ; নি'মা আজ্‌রুল্ 'আ-মিলীন। ৫৯। আল্লাযীনা স্বাবারূ ওয়া 'আলা-রাব্বিহিম ইয়াতাওয়াক্কালূন।
ভাবে বসবাস করবে; কতইনা উত্তম প্রতিদান পুণ্যবানদের। (৫৯) যারা ধৈর্য্যধারণ করে এবং তাদের প্রতিপালকের প্রতি ভরসা রাখে।

وَكَأَيِّن مِّن دَابَّةٍ لَّا تَحْمِلُ رِزْقَهَا اللَّهُ يَرْزُقُهَا وَإِيَّاكُمْ وَهُوَ السَّمِيعُ

৬০। ওয়া কাআইয়্যিম মিন্ দা—ব্বাতিন লা- তাহ্‌মিলু রিয্‌ক্বাহা-, আল্লা-হু ইয়ারযুকুহা- ওয়া ইয়্যা-কুম, ওয়া হুওয়াস্ সামী'উল
(৬০) অনেক জীব জন্তু তো এমনও আছে যারা তাদের রিযিক সংগ্রহ করার শক্তি রাখে না। আল্লাহই তাদের ও তোমাদের রিযিক দিয়ে থাকেন, তিনি সর্বশ্রোতা,

الْعَلِيمُ ۝ وَلَئِن سَأَلْتَهُم مَّنْ خَلَقَ السَّمَاوَاتِ وَالْأَرْضَ وَسَخَّرَ الشَّمْسَ

'আলীম। ৬১। ওয়া লাইন্ সাআল্‌তাহুম্ মান্ খালাক্বাস্ সামা-ওয়া-তি ওয়াল আরদ্বা ওয়া সাখ্‌খারাশ শাম্‌সা
সর্বজ্ঞাত। (৬১) যদি আপনি তাদের কাছে জিজ্ঞেস করেন, কে সৃষ্টি করেছেন আকাশ ও পৃথিবী? এবং কে সূর্য ও চন্দ্রকে কাজে লাগিয়েছেন?

وَالْقَمَرَ لَيَقُولُنَّ اللَّهُ فَأَنَّىٰ يُؤْفَكُونَ ۝ اللَّهُ يَبْسُطُ الرِّزْقَ لِمَن يَشَاءُ مِنْ

ওয়াল্ ক্বামারা লাইয়াকূলুন্নাল্লা-হু, ফাআন্না- ইউ'ফাকূন। ৬২। আল্লা-হু ইয়াবসুতুর রিয্‌ক্বা লিমাই ইয়াশা—উ মিন্
তবে তারা অবশ্যই বলবে যে, আল্লাহই। এরপরেও তারা কোথায় ফিরে যাচ্ছে। (৬২) আল্লাহ রিযিক প্রশস্ত করে দেন যাকে ইচ্ছা করেন এবং যাকে ইচ্ছা

عِبَادِهِ وَيَقْدِرُ لَهُ إِنَّ اللَّهَ بِكُلِّ شَيْءٍ عَلِيمٌ ۝ وَلَئِن سَأَلْتَهُم مَّن نَّزَّلَ

'ইবা-দিহী ওয়া ইয়াক্বদিরু লাহূ ; ইন্নাল্লা-হা বিকুল্লি শাইয়িন 'আলীম। ৬৩। ওয়া লাইন্ সাআল্‌তাহুম্ মান্ নায্‌যালা
তার জন্য (রিযিক) সংকীর্ণ করে দেন। নিশ্চয়ই আল্লাহ প্রতিটি বিষয়ই অবগত আছেন। (৬৩) যদি আপনি তাদেরকে জিজ্ঞেস করেন

○ বিশ্লেষণ (আঃ ৫৬) ঃ ارضى واسعة - অর্থাৎ মক্কার কাফিরেরা যদি তোমাদের ইবাদতে বাধা দেয়, তবে আল্লাহর যমীন সংকীর্ণ নয়। তোমরা অন্যত্র গিয়ে আল্লাহর ইবাদত কর। মুসলমানগণ প্রথমে মক্কা থেকে হাবশায় পরে মদীনায় হিজরত করেন। ○ টীকা (আঃ ৬০) ঃ ইসলামের প্রাথমিক যুগে যখন ইসলাম সুপ্রতিষ্ঠিত হয় নি তখন নবদীক্ষিত মুসলমানগণ সর্বত্র কাফিরগণের প্রভাবাধীন থাকত। তারা মুসলমানদেরকে একক আল্লাহর উপাসনা করতে নিষেধ করত। এসব কারণে আল্লাহর ইঙ্গিত মোতাবেক হযরত রাসূল (স) কতিপয় মুসলমানসহ মদীনায় গমন করলেন। অবশিষ্ট মুসলমান অন্ন সংস্থানের আশঙ্কায় পূর্বের ন্যায় কাফিরগণের আধিপত্য স্বীকার করে মক্কায় অবস্থান করতে লাগল তাদেরকে উদ্দেশ্য করে আল্লাহর নির্দেশ হলো– 'তোমরা জীবিকার্জনের লালসায় কাফিরগণের বশ্যতা স্বীকার করিতেছ কেন? আমিত তোমাদের আহারের সংস্থানকারী, অতএব তোমরা তাদের প্রভাবাধীন হতে বহির্গত হয়ে পড়'। আল্লাহর রাজাসীমার অন্ত নেই আর ফকীরের পদক্ষেপের বিরাম নেই। (কুঃ করীম)

مِنَ السَّمَاءِ مَاءً فَأَحْيَا بِهِ الْأَرْضَ مِن بَعْدِ مَوْتِهَا لَيَقُولُنَّ اللَّهُ قُلِ

মিনাস্ সামা—ই মা—আন্ ফাআহ্ইয়া- বিহিল্ আরদ্বা মিম্ বা'দি মাওতিহা- লাইয়াকূলুন্নাল্লা-হু ; কুলিল্
যমীন মৃত্যু (শুষ্ক) হয়ে যাবার পরে, আকাশ হতে পানি বর্ষণ করে পুনরায় তা জীবিত (সতেজ) কে করেন? তবে তারা এটাই বলবে যে, আল্লাহ। আপনি বলুন,

الْحَمْدُ لِلَّهِ بَلْ أَكْثَرُهُمْ لَا يَعْقِلُونَ ۝ وَمَا هَٰذِهِ الْحَيَاةُ الدُّنْيَا إِلَّا لَهْوٌ

হ্বাম্‌দু লিল্লা-হি ; বাল্ আক্‌ছারুহুম লা- ইয়া'ক্বিলূন। ৬৪। ওয়া মা- হা-যিহিল্ হ্বাইয়া-তুদ্ দুন্‌ইয়া~ইল্লা- লাহ্‌উওঁ
সব প্রশংসা আল্লাহরই। কিন্তু তাদের অনেকেই তা বুঝে না। (৬৪) এ পার্থিব জীবনতো শুধু মাত্র খেল তামাশার (জীবন);

وَلَعِبٌ وَإِنَّ الدَّارَ الْآخِرَةَ لَهِيَ الْحَيَوَانُ لَوْ كَانُوا يَعْلَمُونَ ۝ فَإِذَا

ওয়া লা'ইবুন ; ওয়া ইন্নাদ্ দা-রাল আ-খিরাতা লাহিয়াল্ হ্বাইয়াওয়া-নু। লাও কা-নূ ইয়া'লামূন। ৬৫। ফাইযা-
পরকালের জীবনইতো আসল জীবন। কতইনা ভাল হত যদি তারা এটা জানত। (৬৫) যখন তারা নৌকায় আরোহণ

رَكِبُوا فِي الْفُلْكِ دَعَوُا اللَّهَ مُخْلِصِينَ لَهُ الدِّينَ فَلَمَّا نَجَّاهُمْ إِلَى

রাকিবূ ফিল্ ফুল্‌কি দা'আউল লা-হা মুখ্‌লিস্বীনা লাহুদ্ দীনা, ফালাম্মা- নাজ্জা-হুম ইলাল্
করে, তখন আল্লাহকে এমন অবস্থায় ডাকে যে, তারা (যেন) আল্লাহর প্রতি একনিষ্ঠভাবে বিশ্বাসী। যখন তিনি তাদেরকে কূলে এনে রক্ষা করেন, তখন তারা

الْبَرِّ إِذَا هُمْ يُشْرِكُونَ ۝ لِيَكْفُرُوا بِمَا آتَيْنَاهُمْ وَلِيَتَمَتَّعُوا فَسَوْفَ

বাররি ইযা-হুম ইউশ্‌রিকূন। ৬৬। লিইয়াক্‌ফুরূ বিমা~আ-তাইনা-হুম, ওয়া লিইয়াতামাত্তা'উ, ফাসাওফা
শিরক করতে থাকে। (৬৬) ফলে তারা তাদের উপর আমার প্রদত্ত অনুগ্রহের অকৃতজ্ঞ হয়ে যায় এবং পৃথিবীর অস্থায়ী আনন্দ ভোগ করতে থাকে; সুতরাং তারা অতিশীঘ্রই

يَعْلَمُونَ ۝ أَوَلَمْ يَرَوْا أَنَّا جَعَلْنَا حَرَمًا آمِنًا وَيُتَخَطَّفُ النَّاسُ مِنْ حَوْلِهِمْ

ইয়া'লামূন। ৬৭। আওয়া লাম ইয়ারাও আন্না- জ্বা'আল্‌না- হ্বারামান আ-মিনাওঁ ওয়া ইউতাখাত্তাফুন্ না-সু মিন্ হাওলিহিম ;
(পরিণাম) জানতে পারবে। (৬৭) তারা কি দেখে না যে, আমি হারামকে নিরাপদ স্থান করেছি, অথচ তার চার পাশের লোকদেরকে আক্রমণ করা হয়, এরপরও কি তারা

أَفَبِالْبَاطِلِ يُؤْمِنُونَ وَبِنِعْمَةِ اللَّهِ يَكْفُرُونَ ۝ وَمَنْ أَظْلَمُ مِمَّنِ افْتَرَىٰ عَلَى اللَّهِ

আফাবিল্ বা-ত্বিলি ইউ'মিনূনা ওয়া বিনি'মাতিল্লা-হি ইয়াকফুরূন। ৬৮। ওয়া মান্ আজ্‌লামু মিম্ মানিফ্ তারা- 'আলাল্লা-হি
মিথ্যাকে বিশ্বাস করবে এবং আল্লাহর অনুগ্রহের অকৃতজ্ঞ হবে? (৬৮) তার চেয়ে অধিক জালিম আর কে হতে পারে, যে আল্লাহর প্রতি

كَذِبًا أَوْ كَذَّبَ بِالْحَقِّ لَمَّا جَاءَهُ أَلَيْسَ فِي جَهَنَّمَ مَثْوًى لِّلْكَافِرِينَ

কাযিবান আও কায্‌যাবা বিল্‌হ্বাক্বি লাম্মা-জ্বা—আহূ ; আলাইসা ফী জ্বাহান্নামা মাছ্‌ওয়াল্ লিল্ কা-ফিরীন।
মিথ্যারোপ করে বা যখন তার কাছে সত্য বিষয় আসে তখন সে তা মিথ্যা বলে? (এরপরেও কি) কাফিরদের ঠিকানা কি জাহান্নামে হবে না?

○ টীকা (আঃ ৬৭) ঃ পবিত্র কাবাগৃহ নির্মিত হওয়া অবধি সকলেই তার সম্মান করে আসছে। হযরত মুহাম্মদ (স)-এর আবির্ভাবের পূর্বেও লোক ভক্তিসহকারে তা দর্শন করত। তখন যদিও সমগ্র আরবে হত্যাকাণ্ড, চৌর্যবৃত্তি অব্যাহতভাবে চলত। তথাপি কাবাগৃহের সম্মানার্থে মক্কা শহরে কেউ অশান্তি-উপদ্রব করত না। কিন্তু মক্কার চতুষ্পার্শ্বের অধিবাসীরা নিরাপদে থাকতে পারত না। অন্যায় কার্যে লিপ্ত থাকত, সুযোগমত যে যাকে পারত ক্রীতদাস রূপে রাখত বা বাজারে বিক্রয় করত। ○ বিশ্লেষণ (আঃ ৬৭) ঃ حرما امنا - অর্থাৎ, আল্লাহ হারাম (মক্কা শহর)কে নিরাপদ জায়গা বানিয়েছেন। যার বাসিন্দারা খুন, রাহাজানি, লুটতরাজ ইত্যাদি থেকে নিরাপদ। অথচ আরবের অন্যান্য এলাকা নিরাপদ নয়। এটা মক্কাবাসীর প্রতি আল্লাহর অনুগ্রহ।

وَالَّذِيْنَ جَاهَدُوْا فِيْنَا لَنَهْدِيَنَّهُمْ سُبُلَنَا ۗ وَاِنَّ اللّٰهَ لَمَعَ الْمُحْسِنِيْنَ ﴿٦٩﴾

৬৯। ওয়াল্লাযীনা জ্বা-হাদূ ফীনা- লানাহ্‌দিয়ান্নাহুম সুবুলানা- ; ওয়া ইন্নাল্লা-হা লামা'আল মুহ্‌সিনীন।
(৬৯) যারা আমার পথে পরিশ্রম (সাধনা) করে, আমি তাঁকে অবশ্যই আমার পথ প্রদর্শন করব। আল্লাহ পুণ্যবানদের সাথেই আছেন।

রুকূ ৭ / ৩

সূরা রূম
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

আয়াত ঃ ৬০
রুকূ ঃ ৬

الٓمّٓ ﴿١﴾ غُلِبَتِ الرُّوْمُ ﴿٢﴾ فِيْٓ اَدْنَى الْاَرْضِ وَهُمْ مِّنْۢ بَعْدِ غَلَبِهِمْ سَيَغْلِبُوْنَ ﴿٣﴾

১। আলিফ লা—ম্ মী—ম্। ২। গুলিবাতির রূম। ৩। ফী~ আদ্‌নাল্ আরদ্বি ওয়াহুম্ মিম্ বা'দি গালাবিহিম সাইয়াগ্‌লিবূন।
(১) আলিফ লা-ম মীম (২) রোমানগণ পরাজিত হয়েছে, (৩) নিকটবর্তী ভূমিতে, এবং তারা এ পরাজিত হবার পরে অতিশীঘ্রই বিজয়ী হবে।

فِيْ بِضْعِ سِنِيْنَ ۗ لِلّٰهِ الْاَمْرُ مِنْ قَبْلُ وَمِنْۢ بَعْدُ ۗ وَيَوْمَئِذٍ يَّفْرَحُ الْمُؤْمِنُوْنَ ﴿٤﴾

৪। ফী বিদ্'ই সিনীনা ; লিল্লা-হিল আম্‌রু মিন্ ক্বাব্‌লু ওয়া মিম্ বা'দু ; ওয়া ইয়াওমাইযিঁই ইয়াফ্‌রাহুল মু'মিনূন।
(৪) অল্প কয়েক বছরের মধ্যে। পূর্বের ও পরের বিষয়টি আল্লাহরই ইচ্ছায়। আর সেদিন মুমিনগণ আনন্দিত হবে,

بِنَصْرِ اللّٰهِ ۗ يَنْصُرُ مَنْ يَّشَآءُ ۗ وَهُوَ الْعَزِيْزُ الرَّحِيْمُ ﴿٥﴾ وَعْدَ اللّٰهِ ۗ لَا يُخْلِفُ اللّٰهُ

৫। বিনাস্বরিল লা-হি ; ইয়ান্‌স্বুরু মাইঁ ইয়াশা—উ; ওয়া হুওয়াল 'আযীযুর রাহীম। ৬। ওয়া'দাল্লা-হি ; লা- ইউখ্‌লিফুল্লা-হু
(৫) আল্লাহর সাহায্যে। তিনি যাকে চান, তাকে সাহায্য করেন এবং তিনি (আল্লাহ) পরাক্রমশালী, অসীম দয়ালু। (৬) এটা আল্লাহরই প্রতিশ্রুতি; আল্লাহ ভংগ করেন না

وَعْدَهٗ وَلٰكِنَّ اَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُوْنَ ﴿٦﴾ يَعْلَمُوْنَ ظَاهِرًا مِّنَ الْحَيٰوةِ الدُّنْيَا ۚ وَ

ওয়া'দাহূ ওয়া লা-কিন্না আক্‌ছারান্ না-সি লা- ইয়া'লামূন। ৭। ইয়া'লামূনা জা-হিরাম্ মিনাল্ হায়া-তিদ্ দুন্‌ইয়া-, ওয়া
কখনও তার প্রতিশ্রুতি; কিন্তু অধিকাংশ লোক জানে না। (৭) তারা তো (শুধু) পার্থিব জীবনের প্রকাশ্য (বিষয়) কে জানে এবং

هُمْ عَنِ الْاٰخِرَةِ هُمْ غٰفِلُوْنَ ﴿٧﴾ اَوَلَمْ يَتَفَكَّرُوْا فِيْٓ اَنْفُسِهِمْ ۗ مَا خَلَقَ اللّٰهُ السَّمٰوٰتِ

হুম 'আনিল্ আ-খিরাতি হুম্ গা-ফিলূন। ৮। আওয়া লাম্ ইয়াতাফাক্কারূ ফী~আন্‌ফুসিহিম্, মা- খালাক্বাল্লা-হুস্ সামা-ওয়া-তি
পরকাল সম্পর্কে একেবারেই বেখবর। (৮) তারা কি আন্তরিকভাবে এ বিষয়টি চিন্তা করে দেখে না যে, আল্লাহ সৃষ্টি করেছেন আকাশ

وَالْاَرْضَ وَمَا بَيْنَهُمَآ اِلَّا بِالْحَقِّ وَاَجَلٍ مُّسَمًّى ۗ وَاِنَّ كَثِيْرًا مِّنَ النَّاسِ بِلِقَآئِ

ওয়াল আরদ্বা ওয়ামা- বাইনাহুমা~ইল্লা- বিলহাক্কি ওয়া আজ্বালিম্ মুসাম্মান ; ওয়া ইন্না কাছীরাম্ মিনান্ না-সি বিলিক্বা—ই
ও পৃথিবী এবং তার মধ্যস্থ সব কিছু সঠিকভাবে এবং নির্দিষ্ট এক সময়ের জন্য; আর অধিকাংশ লোক (পরকালে)

○ শানে নুযূল (আঃ ২-৩) ঃ غلبت الروم ..... سيغلبون - রাসূলুল্লাহর (সা) নবুওয়াতের কয়েক বছর পরে পারসিক ও রোমান জাতির মধ্যে যুদ্ধ হয়। যুদ্ধে রোমানগণ পরাজিত হয়। এতে মক্কার মুশরিকরা খুবই আনন্দিত হয়। আর মুসলমানগণ একটু চিন্তিত হয়ে পড়ে। কেননা মক্কার মুশরিকদের সাথে পারসিকদের বন্ধুত্ব ছিল। যেহেতু উভয়ই ছিল ধর্ম বিরোধী। আর রোমানগণ যেহেতু মুসলমানের মত কিতাবধারী ছিল, তাই মুসলমানের সাথে তাদের আন্তরিকতা ছিল। এ প্রেক্ষিতে আল্লাহ তায়ালা মুসলমানের সান্ত্বনা দেয়ার জন্য রোমানগণের অতিশীঘ্র বিজয়ের সুসংবাদ দিয়ে এ আয়াত অবতীর্ণ করেন। (কুঃ কারীম)

رَبِّهِمْ لَكٰفِرُوْنَ ﴿٨﴾ اَوَلَمْ يَسِيْرُوْا فِي الْاَرْضِ فَيَنْظُرُوْا كَيْفَ كَانَ عَاقِبَةُ الَّذِيْنَ

রাব্বিহিম লাকা-ফিরূন। ৯। আওয়ালাম ইয়াসীরূ ফিল্ আরদ্বি ফাইয়ান্‌জুরূ কাইফা কা-না 'আ-ক্বিবাতুল্ লাযীনা
ব্যাপারে অস্বীকারকারী। (৯) তারা কি পৃথিবীতে ভ্রমণ করে না? তাহলে দেখতে পেত যে, তাদের পূর্ববর্তীদের পরিণাম কেমন হয়েছিলো?

مِنْ قَبْلِهِمْ ۗ كَانُوْٓا اَشَدَّ مِنْهُمْ قُوَّةً وَّاَثَارُوا الْاَرْضَ وَعَمَرُوْهَآ اَكْثَرَ مِمَّا عَمَرُوْهَا

মিন্ ক্বাব্‌লিহিম ; কা-নূ~আশাদ্দা মিন্‌হুম কুওয়্যাতাওঁ ওয়া আছা-রুল আর্‌দ্বা ওয়া 'আমারূহা~আক্‌ছারা মিম্মা- 'আমারূহা-
যারা ছিল তাদের চেয়ে খুবই শক্তিশালী, তারা যমীন চাষ করত এবং তা আবাদ করত তাদের চেয়ে অধিক, তাদের কাছে

وَجَآءَتْهُمْ رُسُلُهُمْ بِالْبَيِّنٰتِ ۗ فَمَا كَانَ اللّٰهُ لِيَظْلِمَهُمْ وَلٰكِنْ كَانُوْٓا اَنْفُسَهُمْ

ওয়া জ্বা—আত্‌হুম রুসুলুহুম্ বিল বাইয়্যিনা-তি ; ফামা- কা-নাল্লা-হু লিইয়াজ্‌লিমাহুম ওয়া লা-কিন্ কা-নূ~আন্‌ফুসাহুম
তাদের রাসূল স্পষ্ট নিদর্শন নিয়ে এসেছিলেন; তাদের প্রতি জুলুম করা আল্লাহর অভিপ্রায় ছিল না, কিন্তু তারা নিজেরাই তাদের উপর জুলুম

يَظْلِمُوْنَ ﴿٩﴾ ثُمَّ كَانَ عَاقِبَةَ الَّذِيْنَ اَسَآءُوا السُّوْٓاٰى اَنْ كَذَّبُوْا بِاٰيٰتِ اللّٰهِ

ইয়াজ্‌লিমূন। ১০। ছুম্মা কা-না 'আ-ক্বিবাতাল্ লাযীনা আসা—উস্ সূ—আ~আন্ কায্‌যাবূ বিআ-ইয়া-তিল্লা-হি
করেছিল। (১০) অতঃপর যারা মন্দ কাজ করেছে তাদের পরিণাম মন্দ হয়েছে; কারণ তারা আল্লাহর আয়াতকে মিথ্যা বলেছিল এবং এ আয়াত সম্পর্কে

রুকূ ১ / ৪

وَكَانُوْا بِهَا يَسْتَهْزِءُوْنَ ﴿١٠﴾ اَللّٰهُ يَبْدَؤُا الْخَلْقَ ثُمَّ يُعِيْدُهٗ ثُمَّ اِلَيْهِ تُرْجَعُوْنَ ﴿١١﴾ وَيَوْمَ

ওয়া কা-নূ বিহা- ইয়াস্তাহ্‌যিউন। ১১। আল্লা-হু ইয়াব্‌দাউল্ খাল্‌ক্বা ছুম্মা ইউ'ঈদুহূ ছুম্মা ইলাইহি তুরজ্বা'উন। ১২। ওয়া ইয়াওমা
উপহাস করত। (১১) আল্লাহই সৃষ্টিকে প্রথমে সৃষ্টি করেন, অতঃপর তিনিই (মৃত্যুর পরে) দ্বিতীয়বার জীবিত করবেন এবং তাঁর কাছেই প্রত্যাবর্তিত হবে।'(১২) যেদিন

تَقُوْمُ السَّاعَةُ يُبْلِسُ الْمُجْرِمُوْنَ ﴿١٢﴾ وَلَمْ يَكُنْ لَّهُمْ مِّنْ شُرَكَآئِهِمْ شُفَعٰٓؤُا وَكَانُوْا

তাকূমুস্ সা-'আতু ইউব্‌লিসুল্ মুজ্‌রিমূন। ১৩। ওয়া লাম ইয়াকুল্লাহুম মিন্ শুরাকা—ইহিম শুফা'আ—উ ওয়া কা-নূ
কেয়ামত কায়েম হবে, সেদিন পাপীরা হতাশ হয়ে পড়বে। (১৩) আর তাদের অংশীদার (প্রতিমা) গুলোর মধ্যে কেউই তাদের জন্য সুপারিশ করবে না এবং তারাই

بِشُرَكَآئِهِمْ كٰفِرِيْنَ ﴿١٣﴾ وَيَوْمَ تَقُوْمُ السَّاعَةُ يَوْمَئِذٍ يَّتَفَرَّقُوْنَ ﴿١٤﴾ فَاَمَّا الَّذِيْنَ

বিশুরাকা—ইহিম কা-ফিরীন। ১৪। ওয়া ইয়াওমা তাকূমুস্ সা-'আতু ইয়াওমাইযিঁই ইয়াতাফার্‌রাকূন। ১৫। ফাআম্মাল্ লাযীনা
তাদের অংশীদার গুলোকে অস্বীকার করবে। (১৪) যেদিন কেয়ামত কায়েম হবে সেদিন (মানুষ) আলাদা আলাদা (দল হয়ে যাবে)। (১৫) যারা ঈমান

اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ فَهُمْ فِيْ رَوْضَةٍ يُّحْبَرُوْنَ ﴿١٥﴾ وَاَمَّا الَّذِيْنَ كَفَرُوْا وَكَذَّبُوْا

আ-মানূ ওয়া 'আমিলুস্ব স্বা-লিহা-তি ফাহুম ফী রাওদ্বাতিইঁ ইউহ্‌বারূন। ১৬। ওয়া আম্মাল্ লাযীনা কাফারূ ওয়া কায্‌যাবূ
এনেছে ও নেক আমল করেছে, তারা বাগানে (জান্নাতে) উৎফুল্ল (অবস্থায়) থাকবে। (১৬) আর যারা ঈমান আনেনি এবং

○ বিশ্লেষণ (আঃ ১০) ঃ والسوأى - পরিণাম খারাপ দ্বারা কঠিন শাস্তিকে বুঝান হয়েছে। কেহ বলেন, السوأى এটি জাহান্নামের নাম। যেমন حسنى বেহেশতের নাম। অর্থাৎ জাহান্নাম মুশরিকদের পরিণাম। (তাঃ কাদেরী)
○ বিশ্লেষণ (আঃ ১৪) ঃ يتفرقون - অর্থাৎ মুমিন ও কাফির আলাদা আলাদা হয়ে যাওয়া। মুমিনগণ জান্নাতে এবং কাফির ও মুশরিক জাহান্নামে চলে যাবে এবং তাদের মধ্যে স্থায়ীভাবে বিচ্ছেদ (ভিন্নতা) হয়ে যাবে। এ দু' দল আর কখনও একত্রিত হবে না। এ ভিন্নতা হিসাব-নিকাশের পর হবে। (কুঃ কারীম)

بِاٰيٰتِنَا وَلِقَاۤئِ الْاٰخِرَةِ فَاُولٰۤئِكَ فِى الْعَذَابِ مُحْضَرُوْنَ ﴿١٦﴾ فَسُبْحٰنَ اللّٰهِ

বিআ-ইয়া-তিনা- ওয়া লিক্বা—ইল্ আ-খিরাতি ফাউলা—ইকা ফিল্ 'আযা-বি মুহ্বদ্বারূন। ১৭। ফাসুব্হ্বা-নাল্লা-হি

আমার আয়াতসমূহ ও পরকালের সাক্ষাৎকে অস্বীকার করেছে তাদেরকেই শাস্তির সামনে উপস্থিত করা হবে; (১৭) সুতরাং তোমরা আল্লাহর পবিত্রতা

حِيْنَ تُمْسُوْنَ وَحِيْنَ تُصْبِحُوْنَ ﴿١٧﴾ وَلَهُ الْحَمْدُ فِى السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَعَشِيًّا

হ্বীনা তুম্‌সূনা ওয়া হ্বীনা তুছ্বিহূন। ১৮। ওয়া লাহুল্ হ্বাম্‌দু ফিস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্‌দ্বি ওয়া 'আশিয়্যাওঁ

বর্ণনা কর সন্ধ্যা এবং সকালে। (১৮) (কেননা) তাঁর জন্যই সব প্রশংসা আকাশ ও পৃথিবীতে। আর (তাসবীহ পাঠ কর) বিকেলে

وَّحِيْنَ تُظْهِرُوْنَ ﴿١٨﴾ يُخْرِجُ الْحَيَّ مِنَ الْمَيِّتِ وَيُخْرِجُ الْمَيِّتَ مِنَ الْحَيِّ وَيُحْيِ

ওয়া হ্বীনা তুজ্‌হিরূন। ১৯। ইউখ্‌রিজুল হ্বাইয়্যা মিনাল মাইয়্যিতি ওয়া ইউখ্‌রিজুল মাইয়্যিতা মিনাল্ হাইয়্যি ওয়া ইউহ্বইল

এবং জোহরের সময়। (১৯) তিনিই জীবিতকে মৃত থেকে এবং মৃতকে জীবিত থেকে বের করেন, আর তিনিই যমীনকে তার মৃত (শুষ্ক) হবার পরে জীবিত (সজীব)

الْاَرْضَ بَعْدَ مَوْتِهَا ؕ وَكَذٰلِكَ تُخْرَجُوْنَ ﴿١٩﴾ وَمِنْ اٰيٰتِهٖۤ اَنْ خَلَقَكُمْ مِّنْ تُرَابٍ

আরদ্বা বা'দা মাওতিহা- ; ওয়া কাযা-লিকা তুখ্‌রাজুন। ২০। ওয়া মিন আ-ইয়া-তিহী~আন্ খালাক্বাকুম্ মিন্ তুরা-বিন্

করেন। এভাবেই তোমাদেরকেও (কবর থেকে) বের করা হবে। (২০) আর তাঁর নিদর্শনাবলীর মধ্যে রয়েছে যে, তিনি তোমাদেরকে মাটি থেকে সৃষ্টি করেছেন। অতঃপর

ثُمَّ اِذَاۤ اَنْتُمْ بَشَرٌ تَنْتَشِرُوْنَ ﴿٢٠﴾ وَمِنْ اٰيٰتِهٖۤ اَنْ خَلَقَ لَكُمْ مِّنْ اَنْفُسِكُمْ

ছুম্মা ইযা~আন্তুম বাশারুন্ তান্তাশিরূন। ২১। ওয়া মিন্ আ-ইয়া-তিহী~আন্ খালাক্বা লাকুম্ মিন্ আন্‌ফুসিকুম

এখন মানুষ হয়ে তোমরা যমীনে ছড়িয়ে পড়ছে। (২১) তাঁর নিদর্শবালীর মধ্যে আরও রয়েছে যে, তিনি সৃষ্টি করেছেন তোমাদের মধ্য হতে, তোমাদেরই জন্য

اَزْوَاجًا لِّتَسْكُنُوْۤا اِلَيْهَا وَجَعَلَ بَيْنَكُمْ مَّوَدَّةً وَّرَحْمَةً ؕ اِنَّ فِىْ ذٰلِكَ لَاٰيٰتٍ

আয্‌ওয়া-জাল্ লিতাস্‌কুনূ~ইলাইহা- ওয়া জা'আলা বাইনাকুম্ মাওয়াদ্দাতাওঁ ওয়া রাহ্বমাতান ; ইন্না ফী যা-লিকা লাআ-ইয়া-তিল্

স্ত্রীগণকে, যাতে তোমরা তাদের কাছে আরাম পাও এবং তিনি তোমাদের মাঝে ভালবাসা ও করুণা সৃষ্টি করেছেন; নিশ্চয়ই এর

لِّقَوْمٍ يَّتَفَكَّرُوْنَ ﴿٢١﴾ وَمِنْ اٰيٰتِهٖ خَلْقُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَاخْتِلَافُ

লিক্বাওমিই ইয়াতাফাক্কারূন। ২২। ওয়া মিন্ আ-ইয়া-তিহী খাল্‌কুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্বি ওয়াখ্‌তিলা-ফু

মধ্যে রয়েছে চিন্তাশীলদের জন্য নিদর্শন। (২২) এবং তাঁর নিদর্শনাবলীর মধ্যে রয়েছে আকাশ ও পৃথিবীর সৃষ্টি এবং তোমাদের

اَلْسِنَتِكُمْ وَاَلْوَانِكُمْ ؕ اِنَّ فِىْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّلْعٰلِمِيْنَ ﴿٢٢﴾ وَمِنْ اٰيٰتِهٖ مَنَامُكُمْ

আল্‌সিনাতিকুম ওয়া আল্‌ওয়া-নিকুম ; ইন্না ফী যা-লিকা লাআ-ইয়া-তিল্ লিল 'আ-লিমীন। ২৩। ওয়া মিন্ আ-ইয়া-তিহী মানা-মুকুম্

ভাষা ও বর্ণের; বিচিত্রতা। নিশ্চয়ই এর মধ্যে রয়েছে জ্ঞানীদের জন্য নিদর্শন। (২৩) তাঁর নিদর্শনাবলীর মধ্যে রয়েছে রাতে ও

০ টীকা (আঃ ১৮) ঃ এই আয়াতে নামাজের নির্দিষ্ট সময়ের প্রতি ইঙ্গিত রয়েছে। সন্ধ্যাকালে মাগরেব ও এশার নামায এবং অপরাহ্নে যোহর ও আছরের নামায। আবার যেহেতু حين تظهرون শব্দে যোহরের কথা স্পষ্টরূপেই বর্ণিত হয়েছে। সুতরাং عشيا শব্দে শুধু আছরের নামাযই বুঝতে হবে। আর ফজরের নামাযের কথা তো স্পষ্টভাবেই বর্ণিত হইয়াছে। (বঃ কোঃ) ০ বিশ্লেষণ (আঃ ১৯) ঃ يخرج الحى...... - যেমন মুরগী হতে ডিমকে ও ডিম হতে মুরগীর বাচ্চাকে, বীর্য হতে মানুষকে ও মানুষ হতে বীর্যকে এবং কাফির হতে মুমিন ও মুমিন হতে কাফিরকে সৃষ্টি করেন। (কুঃ করীম)

০ টীকা (আঃ ২০) ঃ হয়তো এরূপ আদিমুল আদম (আ) মাটি হতে সৃষ্টি হয়েছেন। অথবা এরূপ যে, খাদ্য হতে শুক্রের উৎপত্তি হয়, আর খাদ্য ধাতবদ্রব্যসমূহ হতে, তন্মধ্যে মৃত্তিকার প্রভাবই অধিক। সুতরাং শুক্রসৃষ্টি মানুষের উৎপত্তি, মাটি হতেই বলা যায়। (বঃ কোঃ)

بِالَّيْلِ وَالنَّهَارِ وَابْتِغَاۤؤُكُمْ مِّنْ فَضْلِهٖ ؕ اِنَّ فِىْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّقَوْمٍ يَّسْمَعُوْنَ ﴿٢٣﴾

বিল্লাইলি ওয়ান্নাহা-রি ওয়াব্‌তিগা—উকুম মিন্ ফাদ্বলিহী ; ইন্না ফী যা-লিকা লাআ-ইয়া-তিল্ লিক্বাওমিই ইয়াস্‌মা'উন।

দিবসে তোমাদের নিদ্রা; এবং তাঁর অনুগ্রহ (রুযী) তোমাদের তালাস করা। নিশ্চয়ই শ্রবণকারীদের জন্য এর মধ্যে রয়েছে এক নিদর্শন।

وَمِنْ اٰيٰتِهٖ يُرِيْكُمُ الْبَرْقَ خَوْفًا وَّطَمَعًا وَّيُنَزِّلُ مِنَ السَّمَاۤءِ مَاۤءً فَيُحْيٖ بِهِ

২৪। ওয়া মিন্ আ-ইয়া-তিহী ইউরীকুমুল্ বার্‌ক্বা খাওফাও ওয়া ত্বামা'আও ওয়া ইউনায্‌যিলু মিনাস্ সামা—ই মা—আন্ ফাইউহ্বয়ী বিহিল্

(২৪) এবং তাঁর নিদর্শন সমূহের মধ্যে রয়েছে যে, তিনি তোমাদের ভয় ও আশা দানের জন্য বিজলী প্রদর্শন করেন আর আকাশ থেকে পানি (বৃষ্টি) বর্ষণ করেন এবং সে পানি

الْاَرْضَ بَعْدَ مَوْتِهَا ؕ اِنَّ فِىْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّقَوْمٍ يَّعْقِلُوْنَ ﴿٢٤﴾ وَمِنْ اٰيٰتِهٖۤ اَنْ تَقُوْمَ

আর্‌দ্বা বা'দা মাওতিহা- ; ইন্না ফী যা-লিকা লাআ-ইয়া-তিল্ লিক্বাওমিই ইয়া'ক্বিলূন। ২৫। ওয়া মিন্ আ-ইয়া-তিহী~আন্ তাক্বূমাস্

দ্বারা জীবিত করেন মৃত (শুষ্ক) যমীনকে। এর মধ্যে অবশ্যই জ্ঞানীদের জন্য রয়েছে এক নিদর্শন। (২৫) এবং তাঁর নিদর্শনাবলীর মধ্যে রয়েছে যে, তাঁরই নির্দেশে কায়েম

السَّمَاۤءُ وَالْاَرْضُ بِاَمْرِهٖ ؕ ثُمَّ اِذَا دَعَاكُمْ دَعْوَةً ۖ مِّنَ الْاَرْضِ ۖ اِذَاۤ اَنْتُمْ

সামা—উ ওয়াল্ আর্‌দ্বু বিআম্‌রিহী ; ছুম্মা ইযা- দা'আ-কুম দা'ওয়াতাম্ মিনাল্ আর্‌দ্বি, ইযা~আন্তুম

রয়েছে আকাশ ও পৃথিবী। অতঃপর যখন তিনি (আল্লাহ) তোমাদেরকে যমীন থেকে ওঠার জন্য একবার ডাক দিবেন, সাথে সাথেই তোমরা

تَخْرُجُوْنَ ﴿٢٥﴾ وَلَهٗ مَنْ فِى السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ كُلٌّ لَّهٗ قٰنِتُوْنَ ﴿٢٦﴾ وَهُوَ الَّذِىْ

তাখ্‌রুজুন। ২৬। ওয়া লাহূ মান্ ফিস্ সামা-ওয়া-তি ওয়াল আর্‌দ্বি ; কুল্‌লুল্ লাহূ ক্বা-নিতূন। ২৭। ওয়া হুওয়াল্লাযী

বেরিয়ে আসবে। (২৬) আকাশ ও পৃথিবীর সব কিছুই তাঁর কর্তৃত্বে। সব (সৃষ্টি) তাঁরই অধীন। (২৭) তিনিই (আল্লাহ) প্রথমবারে

يَبْدَؤُا الْخَلْقَ ثُمَّ يُعِيْدُهٗ وَهُوَ اَهْوَنُ عَلَيْهِ ؕ وَلَهُ الْمَثَلُ الْاَعْلٰى فِى السَّمٰوٰتِ

ইয়াব্‌দাউল খাল্‌ক্বা ছুম্মা ইউ'ঈদুহূ ওয়া হুওয়া আহ্‌ওয়ানু 'আলাইহি ; ওয়া লাহুল মাছালুল 'আলা- ফিস্ সামা-ওয়া-তি

সৃষ্টি করেন সৃষ্টিকে; অতঃপর (মৃত্যুর পরে) দ্বিতীয়বার সৃষ্টি করবেন; এটাতো তাঁর জন্য খুবই সহজ কাজ; আকাশ ও পৃথিবীতে তাঁরই মর্যাদা সর্বোচ্চ

وَالْاَرْضِ ۚ وَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ﴿٢٧﴾ ضَرَبَ لَكُمْ مَّثَلًا مِّنْ اَنْفُسِكُمْ ؕ هَلْ لَّكُمْ

ওয়াল্ আরদ্বি, ওয়া হুওয়াল 'আযীযুল হ্বাকীম। ২৮। দ্বারাবা লাকুম্ মাছালাম্ মিন্ আন্‌ফুসিকুম ; হাল্ লাকুম

এবং তিনি পরাক্রমশালী, প্রজ্ঞাবান। (২৮) (হে মানুষ!) আল্লাহ তোমাদের মধ্য হতে তোমাদেরই জন্য একটি দৃষ্টান্ত বর্ণনা করছেন, তোমাদের

مِّنْ مَّا مَلَكَتْ اَيْمَانُكُمْ مِّنْ شُرَكَاۤءَ فِىْ مَا رَزَقْنٰكُمْ فَاَنْتُمْ فِيْهِ سَوَاۤءٌ تَخَافُوْنَهُمْ

মিম্ মা- মালাকাত্ আইমা-নুকুম মিন শুরাকা—আ ফী মা-রাযাক্বনা-কুম ফাআন্তুম ফীহি সাওয়া—উন্ তাখা-ফূনাহুম

মালিকানাধীন দাস-দাসীরা সে জিনিসে তোমাদের কি অংশীদার যা আমি তোমাদেরকে দিয়েছি, যাতে তোমরা এবং তারা উভয়ই সমান হয়েছ? এবং তোমরা কি তাদের

০ টীকা (আঃ ২৫) ঃ এ বাক্যটির মধ্যে বর্ণিত হয়েছে যে, যাবতীয় বস্তুর সংরক্ষণ আল্লাহই করে থাকেন। আর উপরে ২২ নং আয়াতে বর্ণিত হয়েছে, যাবতীয় বস্তু আল্লাহর সৃষ্টি এবং জাগতিক কার্যাবলীর এ ক্রমবিবর্তন ও ধারাবাহিকতা অর্থাৎ, তোমাদের সন্তান উৎপাদনের ধারাবাহিক প্রচলন, পরস্পর বিবাহ সূত্রে আবদ্ধ হওয়া, আসমান ও যমীন বর্তমান অবস্থায় কায়েম থাকা, ভাষা ও বর্ণের বিভিন্নতা এবং দিবারাত্রির ক্রমবিবর্তনের মধ্যে বিশেষ উদ্দেশ্য ও সুবিধা নিহিত থাকা, বৃষ্টি বর্ষিত হওয়া এবং উহার প্রাথমিক অবস্থা ও লক্ষণসমূহের প্রকাশ– এসব কার্য শুধু পার্থিব জীবনের ধারা চলিত থাকা পর্যন্তই বিদ্যমান থাকবে। পরিশেষে একদিন সব কিছুরই অবসান ঘটবে। (বঃ কোঃ)

০ বিশ্লেষণ (আঃ ২৮) ঃ ضرب لكم ...... - এ উদাহরণের অর্থ দাস-দাসীগণকে মালিকের সম্পত্তি ও ব্যবসার অংশীদার করা হয়নি এবং মালিকের বরাবরও করা হয়নি। আর এটা (আজাদ) মালিকদের পছন্দ ও নয়। তখন প্রকৃত মালিক আল্লাহ তায়ালার সাথে তাঁর সৃষ্টি (গোলাম) কে কিভাবে শরীক করা যেতে পারে?

২ রুকূ ৫ রুকূ

৬ রুকূ ৩ রুকূ এক চতুর্থাংশ

كَخِيفَتِكُمْ أَنفُسَكُمْ ۚ كَذَٰلِكَ نُفَصِّلُ الْآيَاتِ لِقَوْمٍ يَعْقِلُونَ ﴿٢٨﴾ بَلِ اتَّبَعَ الَّذِينَ

কাখীফাতিকুম আন্‌ফুসাকুম ; কাযা-লিকা নুফাস্বস্বিলুল্ আ-ইয়া-তি লিক্বাওমিঁই ইয়া'ক্বিলূন। ২৯। বালিত্ তাবা'আল লাযীনা

ব্যাপারে ভয় কর যেমনি ভয় কর তোমাদের নিজেদেরকে? এভাবেই আমি জ্ঞানী লোকদের জন্য নিদর্শনাবলী বিস্তারিতভাবে বর্ণনা করি। (২৯) বরং জালিমরা মূর্খতার

ظَلَمُوا أَهْوَاءَهُم بِغَيْرِ عِلْمٍ ۖ فَمَن يَهْدِي مَنْ أَضَلَّ اللَّهُ ۖ وَمَا لَهُم مِّن نَّاصِرِينَ ﴿٢٩﴾

জালামূ~আহ্‌ওয়া—আহুম্ বিগাইরি 'ইল্‌মিন, ফামাঁই ইয়াহ্‌দী মান্ আদ্বাল্লাল্লা-হু ; ওয়া মা- লাহুম মিন্ না-স্বিরীন।

কারণে তাদের নিজ ইচ্ছার অনুসরণ করে থাকে; সুতরাং তাকে কে পথ প্রদর্শন করবে, যাকে আল্লাহ পথভ্রষ্ট করেছেন? এবং তাদের কোনই সাহায্যকারী হবে না।

فَأَقِمْ وَجْهَكَ لِلدِّينِ حَنِيفًا ۚ فِطْرَتَ اللَّهِ الَّتِي فَطَرَ النَّاسَ عَلَيْهَا ۚ لَا تَبْدِيلَ

৩০। ফাআক্বিম্ ওয়াজ্‌হাকা লিদ্দীনি হ্বানীফান ; ফিত্বরাতাল্লা-হিল লাতী ফাত্বারান্ না-সা 'আলাইহা- ; লা- তাব্‌দীলা

(৩০) অতএব আপনি নিজকে দ্বীনের উপর একাগ্রতার সাথে কায়েম রাখুন। আল্লাহর সে স্বাভাবিক দ্বীনের উপর কয়েম থাকুন যার উপর তিনি মানুষকে সৃষ্টি করেছেন;

لِخَلْقِ اللَّهِ ۚ ذَٰلِكَ الدِّينُ الْقَيِّمُ وَلَٰكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُونَ ﴿٣٠﴾ مُنِيبِينَ إِلَيْهِ

লিখালক্বিল্লা-হি ; যা-লিকাদ্ দীনুল ক্বাইয়্যিমু ওয়া লা-কিন্না আকছারান্ না-সি লা-ইয়া'লামূন। ৩১। মুনীবীনা ইলাইহি

আল্লাহর সৃষ্টিতে কোনই পরিবর্তন নেই। এটাই সঠিক দ্বীন; কিন্তু অধিকাংশ মানুষ জানেনা। (৩১)। আল্লাহর দিকে প্রত্যাবর্তিত হয়ে

وَاتَّقُوهُ وَأَقِيمُوا الصَّلَاةَ وَلَا تَكُونُوا مِنَ الْمُشْرِكِينَ ﴿٣١﴾ مِنَ الَّذِينَ فَرَّقُوا دِينَهُمْ

ওয়াত্তাক্বূহু ওয়া আক্বীমুস্ব স্বালা-তা ওয়ালা- তাকূনূ মিনাল্ মুশ্‌রিকীন। ৩২। মিনাল্ লাযীনা ফার্‌রাক্বূ দীনাহুম

তাকেই ভয় কর এবং নামাজ কায়েম কর এবং মুশরিকদের অন্তর্ভুক্ত হয়ো না, (৩২) যারা তাদের দ্বীনকে পৃথক (ভিন্নভিন্ন) করে দিয়েছে এবং নিজেরাও

وَكَانُوا شِيَعًا ۖ كُلُّ حِزْبٍ بِمَا لَدَيْهِمْ فَرِحُونَ ﴿٣٢﴾ وَإِذَا مَسَّ النَّاسَ ضُرٌّ دَعَوْا

ওয়া কা-নূ শিয়া'আন ; কুল্লু হিয্‌বিম্ বিমা- লাদাইহিম ফারিহূন। ৩৩। ওয়া ইযা- মাস্‌সান্ না-সা দুর্‌রুন্ দা'আও

আলাদা আলাদা দলে বিভক্ত হয়ে গেছে। প্রতিটি দলই নিজ নিজ অবস্থানের উপর আনন্দিত। (৩৩) যখন দুঃখ কষ্ট মানুষকে স্পর্শ করে, তখন তারা তাদের

رَبَّهُم مُّنِيبِينَ إِلَيْهِ ثُمَّ إِذَا أَذَاقَهُم مِّنْهُ رَحْمَةً إِذَا فَرِيقٌ مِّنْهُم بِرَبِّهِمْ

রাব্বাহুম্ মুনীবীনা ইলাইহি ছুম্মা ইযা~আযা-ক্বাহুম মিনহু রাহ্‌মাতান ইযা- ফারীকুম্ মিন্‌হুম্ বিরাব্বিহিম

প্রতিপালককে ডাকে তাঁর প্রতি প্রত্যাবর্তিত হয়ে। যখন তিনি তাঁর পক্ষ থেকে অনুগ্রহ উপভোগ করান, তখন তাদের মধ্য হতে একদল তাদের প্রতিপালকের সাথে শরীক

يُشْرِكُونَ ﴿٣٣﴾ لِيَكْفُرُوا بِمَا آتَيْنَاهُمْ ۚ فَتَمَتَّعُوا فَسَوْفَ تَعْلَمُونَ ﴿٣٤﴾ أَمْ أَنزَلْنَا

ইউশ্‌রিকূন। ৩৪। লিয়াক্‌ফুরূ বিমা~আ-তাইনা-হুম ; ফাতামাত্তা'উ, ফাসাওফা তা'লামূন। ৩৫। আম্ আন্‌যাল্‌না-

করে থাকে। (৩৪) ফলে আমি তাদেরকে যা দিয়েছি তা অস্বীকার করে; সুতরাং তোমরা উপভোগ করে লও; অতিশীঘ্রই তোমরা জানতে পারবে। (৩৫) আমি কি

○ বিশ্লেষণ (আঃ ৩০) ঃ فطرت الله - فطرت -এর অর্থ সৃষ্টি এখানে অর্থ হবে ইসলাম ধর্ম (তাওহীদ)। অর্থাৎ সব কিছুইর সৃষ্টিই ইসলাম ও তাওহীদের উপর হয়ে থাকে। এজন্য তাওহীদ (ইসলাম) হচ্ছে তার স্বভাব বা সৃষ্টি। রাসূলুল্লাহ (স) বলেন, "প্রতিটি শিশু ফিতরতের উপরই জন্ম গ্রহণ করে। কিন্তু তার পিতা মাতা তাকে ইয়াহুদী, নাসারা এবং পৌত্তলিক ইত্যাদি বানিয়ে দেয়। কেহ বলেন, فطرت -এর অর্থ ইসলাম গ্রহণ করার যোগ্যতা। অর্থাৎ সবাকেই আল্লাহ ইসলাম গ্রহণ করার যোগ্যতা দিয়ে সৃষ্টি করেন। (কুঃ কাঃ) ○ টীকা (আঃ ৩০) ঃ 'আল্লাহর প্রকৃতি' অর্থে তফছীরকারগণ ইসলামকে নির্ধারণ করেছেন। এসম্বন্ধে হযরত নবী করীম (স)-এর প্রিয় সহচর হযরত আবু হুরায়রা (রা)-এর বর্ণনা সমধিক উল্লেখযোগ্য এবং সে হাদীস অনুযায়ী 'ফেৎরাতুল্লাহ' বা 'আল্লাহর প্রকৃতি'কে ইসলাম বলাই যুক্তিযুক্ত। কারণ জগতে একমাত্র ইসলামই মানবের প্রকৃতিগত সত্যধর্ম।

عَلَيْهِمْ سُلْطَانًا فَهُوَ يَتَكَلَّمُ بِمَا كَانُوا بِهِ يُشْرِكُونَ ﴿٣٥﴾ وَإِذَا أَذَقْنَا النَّاسَ رَحْمَةً

'আলাইহিম সুল্‌ত্বা-নান্ ফাহুওয়া ইয়াতাকাল্লামু বিমা- কা-নূ বিহী ইউশ্‌রিকূন। ৩৬। ওয়া ইযা~আযাক্বনান্ না-সা রাহ্‌মাতান্

তাদের উপর এমন কোন দলীল অবতীর্ণ করেছি, যা তাদেরকে আল্লাহর সাথে শরীক করতে বলে? (৩৬) আমি যখন লোকদেরকে অনুগ্রহ ভোগ করাই, তখন তারা

فَرِحُوا بِهَا ۖ وَإِن تُصِبْهُمْ سَيِّئَةٌ بِمَا قَدَّمَتْ أَيْدِيهِمْ إِذَا هُمْ يَقْنَطُونَ ﴿٣٦﴾ أَوَلَمْ

ফারিহূ বিহা- ; ওয়া ইন্ তুস্বিবৃহুম সাইয়্যিআতুম্ বিমা- ক্বাদ্দামাত আইদীহিম ইযা- হুম ইয়াক্বনাতূন। ৩৭। আওয়া লাম

তাতে আনন্দিত হয় এবং যদি তাদের কৃতকার্যের কোন অমংগল (বিপদ) তাদের উপর পৌছে, তখন তারা হতাশ হয়ে যায়। (৩৭) তারা কি

يَرَوْا أَنَّ اللَّهَ يَبْسُطُ الرِّزْقَ لِمَن يَشَاءُ وَيَقْدِرُ ۚ إِنَّ فِي ذَٰلِكَ لَآيَاتٍ لِّقَوْمٍ

ইয়ারাও আন্নাল্লা-হা ইয়াব্‌সুত্বুর্ রিয্‌ক্বা লিমাঁই ইয়াশা—উ ওয়া ইয়াক্বদিরু ; ইন্না ফী যা-লিকা লাআ-ইয়া-তিল্ লিক্বাওমিঁই

দেখেনা যে, আল্লাহ্ রিযিক প্রশস্ত করে দেন যাকে ইচ্ছা করেন এবং যাকে ইচ্ছা করেন তার জন্য রিযিক সংকীর্ণ করে দেন। নিশ্চয়ই মুমিনগণের জন্য এর মধ্যে

يُؤْمِنُونَ ﴿٣٧﴾ فَآتِ ذَا الْقُرْبَىٰ حَقَّهُ وَالْمِسْكِينَ وَابْنَ السَّبِيلِ ۚ ذَٰلِكَ خَيْرٌ

ইউ'মিনূন। ৩৮। ফাআ-তি যাল্ কুর্‌বা- হাক্বক্বাহূ ওয়াল্ মিস্‌কীনা ওয়াব্‌নাস্ সাবীলি ; যা-লিকা খাইরুল্

রয়েছে (এক) নিদর্শন; (৩৮) সুতরাং আত্মীয়দেরকে তার প্রাপ্য প্রদান কর এবং মিসকীনকে ও মুসাফিরকেও। এ কাজ তার জন্য

لِّلَّذِينَ يُرِيدُونَ وَجْهَ اللَّهِ ۖ وَأُولَٰئِكَ هُمُ الْمُفْلِحُونَ ﴿٣٨﴾ وَمَا آتَيْتُم مِّن

লিল্লাযীনা ইউরীদূনা ওয়াজ্‌হাল্লা-হি, ওয়া উলা—ইকা হুমুল্ মুফ্‌লিহূন। ৩৯। ওয়া মা~আ-তাইতুম্ মির্

উত্তম যে আল্লাহর সন্তুষ্টির আশা করে। আর এসব লোকেরাই কৃতকার্য। (৩৯) তোমরা সুদে এ ধারণায় দেও যে, তোমাদের সম্পদ

رِّبًا لِّيَرْبُوَ فِي أَمْوَالِ النَّاسِ فَلَا يَرْبُو عِندَ اللَّهِ ۖ وَمَا آتَيْتُم مِّن زَكَاةٍ تُرِيدُونَ

রিবাল্ লিয়ারবুওয়া- ফী~আম্‌ওয়া-লিন্ না-সি ফালা-ইয়ারবূ 'ইন্দাল্লা-হি, ওয়া মা~আ-তাইতুম্ মিন্ যাকা-তিন্ তুরীদূনা

লোকদের সম্পদে বেড়ে যাবে, কিন্তু আল্লাহর কাছে তা বাড়ে না, কিন্তু যা কিছু যাকাত বাবদ তোমরা দিয়ে থাক আল্লাহর সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে,

وَجْهَ اللَّهِ فَأُولَٰئِكَ هُمُ الْمُضْعِفُونَ ﴿٣٩﴾ اللَّهُ الَّذِي خَلَقَكُمْ ثُمَّ رَزَقَكُمْ ثُمَّ يُمِيتُكُمْ

ওয়াজ্‌হাল্লা-হি ফাউলা—ইকা হুমুল মুদ্ব'ইফূন। ৪০। আল্লা-হুল্লাযী খালাক্বাকুম ছুম্মা রাযাক্বাকুম ছুম্মা ইউমীতুকুম

তা বহুগুণে বৃদ্ধি পায়। (৪০) আল্লাহ্ এমন মহান যিনি তোমাদেরকে সৃষ্টি করেছেন অতঃপর তোমাদেরকে রিযিক দান করেছেন, এরপরে তোমাদের মৃত্যু ঘটাবেন,

ثُمَّ يُحْيِيكُمْ ۖ هَلْ مِن شُرَكَائِكُم مَّن يَفْعَلُ مِن ذَٰلِكُم مِّن شَيْءٍ ۚ سُبْحَانَهُ

ছুম্মা ইউহ্‌ঈকুম ; হাল্ মিন্ শুরাকা—ইকুম্ মাঁই ইয়াফ'আলু মিন্ যা-লিকুম্ মিন্ শাইয়্যিন্; সুব্‌হা-নাহূ

অতঃপর তোমাদেরকে জীবিত করবেন। বল, তোমাদের শরীকদের মধ্য হতে কেহ এমন আছে কি, যে এর মধ্য হতে কোন কিছু করতে পারে? তারা যাকে

○ টীকা (আঃ ৩৮) ঃ যেমন অন্নপ্রাশন বা বিবাহ অনুষ্ঠানাদিতে অধিকাংশ সময় এজন্য টাকা দেয়া হয় যে, এব্যক্তি আমার কোন অনুষ্ঠানে এই টাকার সঙ্গে আরও কিছু যোগ করে দান করবে। মনে রেখ এরূপ দান আল্লাহর নিকট বর্ধিত হয় না। কেননা, আল্লাহর নিকট বর্ধিত হওয়া সেই মালের সাথে নির্দিষ্ট যাহা কেবল আল্লাহর সন্তুষ্টি লাভের জন্যই দান করা হয়। হাদীসে আছে, আল্লাহর দরবারে কবুল হওয়ার যোগ্য একটি খোরমা ওহোদ পর্বত অপেক্ষাও অধিক বর্ধিত হইয়া থাকে। (বঃ কোঃ)

○ বিশ্লেষণ (আঃ ৩৮) ঃ ذا القربى - (আত্মীয়) ঃ আত্মীয়কে এখানে অগ্রাধিকার এজন্য দেয়া হয়েছে যে, এর ফজীলত অধিক। হাদীস শরীফে আছে, গরীব আত্মীয়কে দান করায় দ্বিগুণ সওয়াব পাওয়া যায়। এক, সদকার সওয়াব। দুই, আত্মীয়তার সম্পর্ক বজায় রাখার সওয়াব। (কুঃ কারীম)

وَتَعٰلٰى عَمَّا يُشْرِكُوْنَ ﴿٤٠﴾ ظَهَرَ الْفَسَادُ فِى الْبَرِّ وَالْبَحْرِ بِمَا كَسَبَتْ اَيْدِى

ওয়া তা'আ-লা- 'আম্মা- ইউশ্রিকূন। ৪১। জাহারাল্ ফাসা-দু ফিল্ বার্রি ওয়াল্ বাহ্রি বিমা- কাসাবাত্ আইদিন্
শরীক করে, তা থেকে আল্লাহ পবিত্র এবং মহান। (৪১) সমুদ্রে ও স্থলে, মানুষের (খারাপ) কৃতকর্মের জন্য বিপদাপদ ছড়িয়ে পড়ে, ফলে তাদেরকে তাদের কিছু

النَّاسِ لِيُذِيْقَهُمْ بَعْضَ الَّذِىْ عَمِلُوْا لَعَلَّهُمْ يَرْجِعُوْنَ ﴿٤١﴾ قُلْ سِيْرُوْا فِى الْاَرْضِ

না-সি লিইউযীক্বাহুম বা'দ্বাল লাযী 'আমিলূ লা'আল্লাহুম ইয়ারজি'ঊন। ৪২। কুল্ সীরূ ফিল্ আরদ্বি
কিছু (খারাপ) কর্মের ফল আল্লাহ ভোগ করান, যাতে তারা (খারাপ কাজ থেকে) ফিরে আসে। (৪২) আপনি (মুশরিকদেরকে) বলুন, পৃথিবীতে ভ্রমণ

فَانْظُرُوْا كَيْفَ كَانَ عَاقِبَةُ الَّذِيْنَ مِنْ قَبْلُ ۚ كَانَ اَكْثَرُهُمْ مُّشْرِكِيْنَ ﴿٤٢﴾ فَاَقِمْ

ফান্জুরূ কাইফা কা-না 'আ-ক্বিবাতুল্ লাযীনা মিন্ ক্বাব্লি ; কা-না আক্ছারুহুম্ মুশ্রিকীন। ৪৩। ফাআক্বিম্
করে দেখ যে, তাদের পরিণাম কি হয়েছে, যারা তোমাদের পূর্বে অতীত হয়ে গেছে, তাদের অনেকেই মুশরিক ছিল। (৪৩) সুতরাং (হে মানব!) তুমি তোমার

وَجْهَكَ لِلدِّيْنِ الْقَيِّمِ مِنْ قَبْلِ اَنْ يَّاْتِىَ يَوْمٌ لَّا مَرَدَّ لَهٗ مِنَ اللّٰهِ يَوْمَئِذٍ

ওয়াজ্হাকা লিদ্দীনিল্ ক্বাইয়্যিমি মিন্ ক্বাব্লি আই ইয়া'তিয়া ইয়াওমুল্ লা- মারাদ্দা লাহূ মিনাল্লা-হি ইয়াওমায়িযিঁই
নিজেকে সত্যের উপর কায়েম রাখ, সে দিবস আগমনের পূর্বে, যে দিবস উপস্থিত হবেই, যা আল্লাহর পক্ষ থেকে কখনও স্থগিত হবার নয়। সেদিন সব আলাদা আলাদা

يَّصَّدَّعُوْنَ ﴿٤٣﴾ مَنْ كَفَرَ فَعَلَيْهِ كُفْرُهٗ ۚ وَمَنْ عَمِلَ صَالِحًا فَلِاَنْفُسِهِمْ يَمْهَدُوْنَ ﴿٤٤﴾ لِيَجْزِىَ

ইয়াস্সাদ্দা'ঊন। ৪৪। মান্ কাফারা ফা'আলাইহি কুফ্রুহূ, ওয়া মান্ 'আমিলা স্বা-লিহান্ ফালি আন্ফুসিহিম্ ইয়াম্হাদূন। ৪৫। লিয়াজ্যিয়াল্
হয়ে যাবে। (৪৪) যে কুফরী করে, তার উপর বর্তিবে তার কুফরীর শাস্তি এবং যে নেক কাজ করে সে তাঁর নিজের জন্য বিশ্রামাগার সুসজ্জিত করে। (৪৫) কারণ যারা

الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ مِنْ فَضْلِهٖ ۚ اِنَّهٗ لَا يُحِبُّ الْكٰفِرِيْنَ ﴿٤٥﴾ وَمِنْ

লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুস্বস্বা-লিহা-তি মিন্ ফাদ্বলিহী ; ইন্নাহূ লা- ইউহিব্বুল্ কা-ফিরীন। ৪৬। ওয়া মিন্
ঈমান আনে ও নেক কাজ করে তাদের আল্লাহ প্রতিদান দেন তাঁর নিজ অনুগ্রহে; নিশ্চয়ই আল্লাহ কাফিরদেরকে ভালবাসেন না। (৪৬) তাঁর নিদর্শনাবলীর

اٰيٰتِهٖۤ اَنْ يُّرْسِلَ الرِّيَاحَ مُبَشِّرٰتٍ وَّلِيُذِيْقَكُمْ مِّنْ رَّحْمَتِهٖ وَلِتَجْرِىَ الْفُلْكُ

আ-ইয়া-তিহী~আঁই ইউরসিলার রিয়া-হা মুবাশ্শিরা-তিও ওয়া লিইউযীক্বাকুম মির্ রাহ্মাতিহী ওয়া লিতাজ্রিয়াল্ ফুল্কু
মধ্যে রয়েছে, সুসংবাদ বাহক বায়ুসমূহ প্রেরণ এজন্য যে, তোমাদেরকে তাঁর রহমতের স্বাদ গ্রহণ করাবেন এবং এজন্য যে, যাতে তাঁর নির্দেশে নৌকাগুলো চলে,

بِاَمْرِهٖ وَلِتَبْتَغُوْا مِنْ فَضْلِهٖ وَلَعَلَّكُمْ تَشْكُرُوْنَ ﴿٤٦﴾ وَلَقَدْ اَرْسَلْنَا مِنْ قَبْلِكَ رُسُلًا

বিআম্রিহী ওয়া লিতাব্তাগূ মিন্ ফাদ্বলিহী ওয়া লা'আল্লাকুম তাশ্কুরূন। ৪৭। ওয়া লাক্বাদ্ আরসাল্না- মিন্ ক্বাব্লিকা রুসুলান্
যেন তোমরা তালাস কর তাঁর অনুগ্রহ এবং যাতে তাঁর কৃতজ্ঞতা স্বীকার কর। (৪৭) আর আমি আপনার পূর্বেও রাসূলগণকে তাদের সম্প্রদায়ের কাছে

○ টীকা (আঃ ৪৪) ঃ অর্থাৎ, পৃথিবীর বিশেষ বিশেষ শাস্তির সময়কে আল্লাহ্ কিয়ামত দিবসের প্রতিশ্রুত সময়ের প্রতি অপসারণ করে যাচ্ছেন। কিন্তু ঐ প্রতিশ্রুত দিবস এসে পড়লে আর অবকাশ দেয়া হবে না। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৪৬) ঃ অর্থাৎ, বৃষ্টির যাবতীয় উপকারিতা তোমাদিগকে দান করেন।
○ টীকা (আঃ ৪৬) ঃ অর্থাৎ, নৌকা চলাচল এবং জীবিকান্বেষণ, উভয়ই বায়ু প্রবহণের দরুন হয়। কাজেই বায়ু প্রবহণ নৌকা চলাচলের জন্য নিকটবর্তী কারণ। আর জীবিকার্জনের জন্য দূরবর্তী কারণ; কেননা, বায়ুর সাহায্যে নৌকার সাহায্যে জীবিকান্বেষণ করা হয়। (বঃ কোঃ)
○ টীকা (আঃ ৪৭) ঃ তদ্রূপ এই সমস্ত মুশরেক যাহারা এমন পূর্ণাঙ্গ প্রমাণসমূহ ও নেয়ামতসমূহ সত্ত্বেও আল্লাহর শরীক করে এবং আপনার বিরুদ্ধাচরণ করে, আমি তাদের হতেও প্রতিশোধ গ্রহণ করব। (বঃ কোঃ)

اِلٰى قَوْمِهِمْ فَجَآءُوْهُمْ بِالْبَيِّنٰتِ فَانْتَقَمْنَا مِنَ الَّذِيْنَ اَجْرَمُوْا ۚ وَكَانَ حَقًّا

ইলা- ক্বাওমিহিম ফাজা-উহুম বিল্ বাইয়্যিনা-তি ফান্তাক্বাম্না- মিনাল্ লাযীনা আজ্রামূ : ওয়া কা-না হাক্ক্বান্
পাঠিয়েছিলাম, তাঁরা তাদের কাছে সু-স্পষ্ট নিদর্শন নিয়ে এসেছিল, অতঃপর আমি পাপীদের থেকে প্রতিশোধ নিয়েছিলাম। আর মুমিনগণকে

عَلَيْنَا نَصْرُ الْمُؤْمِنِيْنَ ﴿٤٧﴾ اَللّٰهُ الَّذِىْ يُرْسِلُ الرِّيٰحَ فَتُثِيْرُ سَحَابًا فَيَبْسُطُهٗ

'আলাইনা- নাস্বরুল্ মু'মিনীন। ৪৮। আল্লা-হুল লাযী ইউরসিলুর্ রিয়া-হা ফাতুছীরু সাহা-বান্ ফাইয়াব্সুতুহূ
সাহায্য করা আমার উপর কর্তব্য। (৪৮) আল্লাহ, যিনি বায়ুসমূহ চালিয়ে থাকেন। ফলে সে (বায়ু) মেঘমালাকে উঠিয়ে নেয়,

فِى السَّمَآءِ كَيْفَ يَشَآءُ وَيَجْعَلُهٗ كِسَفًا فَتَرَى الْوَدْقَ يَخْرُجُ مِنْ خِلٰلِهٖ ۚ فَاِذَآ

ফিস্ সামা—ই কাইফা ইয়াশা—উ ওয়া ইয়াজ্'আলুহূ কিসাফান্ ফাতারাল্ ওয়াদ্ক্বা ইয়াখ্রুজু মিন্ খিলা-লিহী, ফাইযা~
অতঃপর আল্লাহর ইচ্ছানুযায়ী তা আকাশে ছড়িয়ে দেন, এবং পরে তা টুকরা টুকরা করে দেন, অতঃপর তুমি দেখতে পাও যে, তার মধ্য হতে নির্গত হয় বৃষ্টি, এবং

اَصَابَ بِهٖ مَنْ يَّشَآءُ مِنْ عِبَادِهٖۤ اِذَا هُمْ يَسْتَبْشِرُوْنَ ﴿٤٨﴾ وَاِنْ كَانُوْا مِنْ قَبْلِ

আস্বা-বা বিহী মাঁই ইয়াশা—উ মিন্ 'ইবা-দিহী~ইযা- হুম ইয়াস্তাব্শিরূন। ৪৯। ওয়া ইন্ কা-নূ মিন্ ক্বাব্লি
যাকে আল্লাহ চান সে বান্দার (যমীনের) উপর তা (বৃষ্টি) পৌঁছান। তখন তারা হয় অত্যন্ত খুশী। (৪৯) যদিও বৃষ্টি তাদের উপর

اَنْ يُّنَزَّلَ عَلَيْهِمْ مِّنْ قَبْلِهٖ لَمُبْلِسِيْنَ ﴿٤٩﴾ فَانْظُرْ اِلٰۤى اٰثٰرِ رَحْمَتِ اللّٰهِ كَيْفَ يُحْىِ

আঁই ইউনায্যালা 'আলাইহিম মিন ক্বাব্লিহী লামুব্লিসীন। ৫০। ফান্জুর্ ইলা~আ-ছা-রি রাহ্মাতিল্লা-হি কাইফা ইউহ্য়িল্
বর্ষণের পূর্বে তারা (বৃষ্টি থেকে) হতাশ ছিল। (৫০) অতএব আল্লাহর রহমতের নিদর্শন দেখ, যমীনের মৃত্যুর পরে (অর্থাৎ শুষ্ক হবার পরে) কিভাবে আল্লাহ তা

الْاَرْضَ بَعْدَ مَوْتِهَا ۚ اِنَّ ذٰلِكَ لَمُحْىِ الْمَوْتٰى ۚ وَهُوَ عَلٰى كُلِّ شَىْءٍ قَدِيْرٌ ﴿٥٠﴾ وَلَئِنْ

আরদ্বা বা'দা মাওতিহা- ; ইন্না যা-লিকা লামুহ্য়িল্ মাওতা-, ওয়া হুওয়া 'আলা- কুল্লি শাইয়িন্ ক্বাদীর। ৫১। ওয়া লাইন্
জীবিত (সতেজ) করেন। নিশ্চয়ই তিনি এভাবে জীবিত করেন মৃতকে এবং তিনি সর্ব বিষয়ের উপর ক্ষমতাবান। (৫১) এবং যদি আমি (ধ্বংসকারী)

اَرْسَلْنَا رِيْحًا فَرَاَوْهُ مُصْفَرًّا لَّظَلُّوْا مِنْۢ بَعْدِهٖ يَكْفُرُوْنَ ﴿٥١﴾ فَاِنَّكَ لَا تُسْمِعُ الْمَوْتٰى

আরসাল্না- রীহান ফারাআওহু মুস্বফার্রাল্ লাজাল্লূ মিম্ বা'দিহী ইয়াক্ফুরূন। ৫২। ফাইন্নাকা লা- তুস্মি'উল্ মাওতা-
বায়ু প্রেরণ করি এবং (যার কারণে) ক্ষেতকে তারা যদি হলুদ (ফ্যাকাশে) বর্ণের দেখে, তখন তারা অকৃতজ্ঞ হয়ে যায়। (৫২)(হে নবী!) নিশ্চয়ই আপনি মৃতদেরকে

وَلَا تُسْمِعُ الصُّمَّ الدُّعَآءَ اِذَا وَلَّوْا مُدْبِرِيْنَ ﴿٥٢﴾ وَمَآ اَنْتَ بِهٰدِ الْعُمْىِ عَنْ ضَلٰلَتِهِمْ

ওয়ালা- তুস্মি'উস্ব সুম্মাদ্ দু'আ—আ ইযা-ওয়াল্লাও মুদ্বিরীন। ৫৩। ওয়া মা~আন্তা বিহা-দিল্ 'উম্ই 'আন্ দ্বালা-লাতিহিম;
শোনাতে পারবেন না এবং শোনাতে পারবেন না বধিরকেও আপনার কথা যখন তারা পৃষ্ঠ প্রদর্শন করে ফিরে যায়। (৫৩) এবং অন্ধকেও তাদের পথ ভ্রষ্টতা হতে সঠিক পথে

○ টীকা (আঃ ৪৮) ঃ একত্রিত মেঘ হতে তো বৃষ্টি প্রায়ই বর্ষিত হয় এবং কোন কোন মৌসুমে অনেক সময় খণ্ড খণ্ড মেঘ হতেও বৃষ্টি বর্ষিয়া থাকে।
○ টীকা (আঃ ৫০) ঃ অর্থাৎ, বৃষ্টি বর্ষণ করে শুষ্ক ও অনুর্বর ভূমিকে সজীব ও সরস করে দেয়া আল্লাহর নেয়ামত এবং একত্বের প্রমাণ ব্যতীত একথারও প্রমাণ রয়েছে যে, তিনি সমস্ত প্রাণীকে মৃত্যুর পর পুনরায় জীবিত করতেও সক্ষম। কেননা, সাধারণ জ্ঞানে বুঝা যায়, উভয় কার্যই সম্ভব হওয়ার দিক দিয়া সমান। কাজেই উভয়ের উপর আল্লাহর ক্ষমতাও সমান। (বঃ কোঃ)
○ টীকা (আঃ ৫২) ঃ এবং পূর্ববর্তী সমস্ত নেয়ামতের কথা ভুলিয়া যায়। আর এদের অসতর্কতা ও অকৃতজ্ঞতা যখন এত বৃদ্ধি পেয়েছে, তখন বুঝা যায়, এদের অনুভব শক্তি লোপ পেয়েছে। অতএব, এদের ঈমান আনা না আনায় আপনি দুঃখিত হবেন না। (বঃ কোঃ)

রুকূ ৫/৮

إِنْ تُسْمِعُ إِلَّا مَنْ يُؤْمِنُ بِاٰيٰتِنَا فَهُمْ مُسْلِمُوْنَ ۝ اَللّٰهُ الَّذِىْ خَلَقَكُمْ مِنْ ضَعْفٍ

ইন্ তুস্‌মি'উ ইল্লা-মাই ইউ'মিনু বিআ-ইয়া-তিনা- ফাহুম্ মুস্‌লিমূন। ৫৪। আল্লা-হুল্লাযী খালাক্বাকুম্ মিন্ দ্বু'ফিন

আনতে পারবেন না; আপনিতো শুধু তাদেরকেই শোনাতে পারবেন, যারা আমার নিদর্শনকে বিশ্বাস করে। কারণ তারা নির্দেশের অনুগত। (৫৪) আল্লাহ এমন, যিনি

ثُمَّ جَعَلَ مِنْۢ بَعْدِ ضَعْفٍ قُوَّةً ثُمَّ جَعَلَ مِنْۢ بَعْدِ قُوَّةٍ ضَعْفًا وَّشَيْبَةً ۚ يَخْلُقُ مَا يَشَآءُ ۚ

ছুম্মা জ্বা'আলা মিম্ বা'দি দ্বু'ফিন কুওয়্যাতান্ ছুম্মা জ্বা'আলা মিম্ বা'দি কুওয়্যাতিন্ দ্বু'ফাওঁ ওয়া শাইবাতান ; ইয়াখ্‌লুক্বু মা- ইয়াশা' —উ,

তোমাদেরকে দুর্বল অবস্থায় সৃষ্টি করেছেন। অতঃপর দুর্বলতার পর শক্তি প্রদান করেছেন, শক্তি প্রদানের পর পুনরায় দুর্বলতাও বার্ধক্য দেন। তিনি যা চান তা সৃষ্টি করেন,

وَهُوَ الْعَلِيْمُ الْقَدِيْرُ ۝ وَيَوْمَ تَقُوْمُ السَّاعَةُ يُقْسِمُ الْمُجْرِمُوْنَ ۙ مَا لَبِثُوْا غَيْرَ سَاعَةٍ ۚ

ওয়া হুওয়াল্ 'আলীমুল ক্বাদীর। ৫৫। ওয়া ইয়াওমা তাক্বূমুস্ সা-'আতু ইউক্বসিমুল্ মুজ্‌রিমূনা, মা- লাবিছূ গাইরা সা-'আতিন ;

তিনি মহাজ্ঞানী ও মহা ক্ষমতাবান। (৫৫) এবং যেদিন কেয়ামত কায়েম হবে সেদিন পাপীরা কসম করে বলবে যে, (পৃথিবীতে) তারা এক মুহূর্তের বেশী থাকেনি।

كَذٰلِكَ كَانُوْا يُؤْفَكُوْنَ ۝ وَقَالَ الَّذِيْنَ اُوْتُوا الْعِلْمَ وَالْاِيْمَانَ لَقَدْ لَبِثْتُمْ فِىْ

কাযা-লিকা কা-নূ ইউ'ফাকূন। ৫৬। ওয়া ক্বা-লাল্লাযীনা উতুল 'ইল্‌মা ওয়াল্ ঈমা-না লাক্বাদ্ লাবিছ্‌তুম ফী

এভাবেই তারা সত্য পথ থেকে ফিরে যেত। (৫৬) এবং যাদেরকে জ্ঞান ও ঈমান দান করা হয়েছে তারা (পাপীদেরকে) বলবে, তোমরাতো অবস্থান করেছ

كِتٰبِ اللّٰهِ اِلٰى يَوْمِ الْبَعْثِ ۫ فَهٰذَا يَوْمُ الْبَعْثِ وَلٰكِنَّكُمْ كُنْتُمْ لَا تَعْلَمُوْنَ ۝

কিতা-বিল্লা-হি ইলা- ইয়াওমিল্ বা'ছি ফাহা-যা- ইয়াওমুল্ বা'ছি ওয়ালা- কিন্নাকুম কুন্তুম লা- তা'লামূন।

আল্লাহর ফয়সালা অনুযায়ী পুনরুত্থান দিবস পর্যন্ত সুতরাং আজকে এ দিবসই পুনরুত্থান দিবস, কিন্তু তোমরা (এ দিবসকে সত্য বলে) জানতে না।

فَيَوْمَئِذٍ لَّا يَنْفَعُ الَّذِيْنَ ظَلَمُوْا مَعْذِرَتُهُمْ وَلَا هُمْ يُسْتَعْتَبُوْنَ ۝ وَلَقَدْ

৫৭। ফাইয়াওমাইযিল্ লা- ইয়ান্‌ফা'উল্ লাযীনা জালামূ মা'যিরাতুহুম ওয়ালা- হুম ইউস্তা'তাবূন। ৫৮। ওয়া লাক্বাদ্

(৫৭) সেদিন জালিমদের অজুহাত তাদের কোনই উপকারে আসবে না এবং তাদেরকে তওবা করে আল্লাহর সন্তুষ্টির সুযোগও দেয়া হবে না। (৫৮) আমি

ضَرَبْنَا لِلنَّاسِ فِىْ هٰذَا الْقُرْاٰنِ مِنْ كُلِّ مَثَلٍ ۚ وَلَئِنْ جِئْتَهُمْ بِاٰيَةٍ لَّيَقُوْلَنَّ

দ্বারাব্‌না- লিন্না-সি ফী হা-যাল কুরআ-নি মিন্ কুল্লি মাছালিন ; ওয়া লাইন্ জ্বি'তাহুম বিআ-ইয়াতিল্ লাইয়াক্বু লান্নাল্

মানুষের জন্য এ কুরআনে প্রতিটি প্রকারের দৃষ্টান্ত বর্ণনা করেছি; আপনি যদি তাদের কাছে কোন নিদর্শন পেশ করেন, তবে কাফিরেরা

الَّذِيْنَ كَفَرُوْٓا اِنْ اَنْتُمْ اِلَّا مُبْطِلُوْنَ ۝ كَذٰلِكَ يَطْبَعُ اللّٰهُ عَلٰى قُلُوْبِ الَّذِيْنَ

লাযীনা কাফারূ~ইন্ আন্‌তুম ইল্লা- মুব্‌ত্বিলূন। ৫৯। কাযা-লিকা ইয়াত্ববা'উল্লা-হু 'আলা- কুলূবিল্লাযীনা

অবশ্যই বলবে যে, তোমরা (পয়গম্বর ও মুমিনগণ) মিথ্যা প্রতিপন্নকারী। (৫৯) আল্লাহ এভাবে তাদের অন্তরে মোহর মেরে দেন,

○ **টীকা (আঃ ৫৭) ঃ** আলোচ্য আয়াতের মর্ম এই যে, কাফিরগণ পৃথিবীতে যেরূপ বাক্‌চাতুর্যে কার্যোদ্ধার করতো কেয়ামতেও তদ্রূপ ভিত্তিহীন চতুরতা ও নানারূপ ওজর-আপত্তি উত্থাপন করে বলবে যে, আমরা পৃথিবীতে যথেষ্ট সময় পাইনি; খুব বেশী হলেও এক ঘন্টাকাল অবসর পেয়েছিলাম, এতে আমরা কি করতে পারতাম? তাদের এই ভিত্তিহীন ওজরের প্রতিবাদ করে ধার্মিকগণ বলবেন– আল্লাহ তায়ালার কিতাব অনুযায়ী কিয়ামতের পূর্বক্ষণ পর্যন্ত তোমাদের অবসর ছিল এবং উহা সৎকার্য করিবার জন্য যথেষ্ট ছিল। কোরআন শরীফের অন্যত্র এই সম্পর্কে আরও বিস্তারিতভাবে উল্লেখ আছে।

রুকূ ৬/৯

لَا يَعْلَمُوْنَ ۝ فَاصْبِرْ اِنَّ وَعْدَ اللّٰهِ حَقٌّ وَّلَا يَسْتَخِفَّنَّكَ الَّذِيْنَ لَا يُوْقِنُوْنَ ۝

লা- ইয়া'লামূন। ৬০। ফাস্ববির্ ইন্না ওয়া'দাল্লা-হি হ্বাক্বকু ওয়ালা-ইয়াস্তাখিফ্‌ফান্নাকাল্ লাযীনা লা-ইউক্বিনূন।

যারা জ্ঞান রাখে না। (৬০) সুতরাং হে নবী! আপনি ধৈর্যধারণ করুন, নিশ্চয়ই আল্লাহর ওয়াদা সত্য অবিশ্বাসীরা যেন তোমাকে বিচলিত করতে না পারে।

সূরা লুক্বমা-ন
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

আয়াত ঃ ৩৪
রুকূ ঃ ৪

الٓمّٓ ۝ تِلْكَ اٰيٰتُ الْكِتٰبِ الْحَكِيْمِ ۝ هُدًى وَّرَحْمَةً لِّلْمُحْسِنِيْنَ ۝

১। আলিফ্ লা—ম্ মী—ম্ ২। তিল্‌কা আ-ইয়া-তুল্‌হু কিতা-বিল্ হ্বাকীম। ৩। হুদা ওয়া রাহ্বমাতাল্ লিল্ মুহ্বসিনীন।

(১) আলিফ লা-ম মী-ম। (২) এগুলো বিজ্ঞানময় কিতাবের আয়াত। (৩) যা পূণ্যবানদের জন্য সঠিক পথনির্দেশ ও (আল্লাহর) অনুগ্রহ স্বরূপ।

الَّذِيْنَ يُقِيْمُوْنَ الصَّلٰوةَ وَيُؤْتُوْنَ الزَّكٰوةَ وَهُمْ بِالْاٰخِرَةِ هُمْ يُوْقِنُوْنَ ۝

৪। আল্লাযীনা ইউক্বীমূনাস্ব হ্বালা-তা ওয়া ইউ'তূনায্ যাকা-তা ওয়া হুম্ বিল আ-খিরাতি হুম ইউক্বিনূন।

(৪) যারা নামাজ কায়েম করে ও যাকাত আদায় করে আর তারা পরকালের প্রতি দৃঢ় বিশ্বাস রাখে,

اُولٰٓئِكَ عَلٰى هُدًى مِّنْ رَّبِّهِمْ وَاُولٰٓئِكَ هُمُ الْمُفْلِحُوْنَ ۝ وَمِنَ النَّاسِ

৫। উলা—ইকা 'আলা- হুদাম্ মিরঞ্জরাব্বিহিম ওয়া উলা—ইকা হুমুল মুফ্‌লিহ্বূন। ৬। ওয়া মিনান্ না-সি

(৫) তারাই তাঁদের প্রতিপালকের তরফ থেকে সঠিক পথে আছে এবং তারাই কৃতকার্য। (৬) কতিপয় লোক এমনও আছে যারা

مَنْ يَّشْتَرِىْ لَهْوَ الْحَدِيْثِ لِيُضِلَّ عَنْ سَبِيْلِ اللّٰهِ بِغَيْرِ عِلْمٍ ۖ وَّيَتَّخِذَهَا هُزُوًا ۚ

মাই ইয়াশ্‌তারী লাহ্‌ওয়াল্ হ্বাদীছি লিইউদ্বিল্লা 'আন্ সাবীলিল্লা-হি বিগাইরি 'ইল্‌মিও; ওয়া ইয়াত্তাখিযাহা- হুযুওয়ান ;

অজ্ঞতার কারণে লোকদেরকে পথভ্রষ্ট আল্লাহর রাস্তা থেকে বের করার জন্য খেল তামাশার কথা ক্রয় করে এবং তা (আল্লাহর দ্বীন) নিয়ে ঠাট্টা তামাসা করে;

اُولٰٓئِكَ لَهُمْ عَذَابٌ مُّهِيْنٌ ۝ وَاِذَا تُتْلٰى عَلَيْهِ اٰيٰتُنَا وَلّٰى مُسْتَكْبِرًا كَاَنْ لَّمْ

উলা—ইকা লাহুম 'আযা-বুম্ মুহীন। ৭। ওয়া ইযা- তুত্‌লা- 'আলাইহি আ-ইয়া-তুনা- ওয়াল্লা-মুস্তাক্‌বিরান্ কাআল্ লাম

এসব লোকদের জন্যই লাঞ্ছনাদায়ক শাস্তি। (৭) যখন তার সামনে আমার আয়াতসমূহ পাঠ করা হয়, তখন সে অহংকারে এমনভাবে মুখ ফিরিয়ে নেয়, মনে হয়

يَسْمَعْهَا كَاَنَّ فِىْٓ اُذُنَيْهِ وَقْرًا ۚ فَبَشِّرْهُ بِعَذَابٍ اَلِيْمٍ ۝ اِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا

ইয়াস্‌মা'হা- কাআন্না ফী~উযুনাইহি ওয়াক্বরান, ফাবাশ্‌শির্‌হু বি'আযা-বিন আলীম। ৮। ইন্নাল্লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুস্ব

যেন সে, তা শোনতেই পায়নি যেন তার উভয় কর্ণই শ্রবণ শক্তিহীন, সুতরাং তাকে যন্ত্রণাময় শাস্তির সুসংবাদ দাও। (৮) যারা ঈমান আনে ও নেক কাজ করে

○ **বিশ্লেষণ (আঃ ৪) ঃ** ...... الذين يقيمون – নামাজ, যাকাত এবং পরকালে বিশ্বাস এ তিনটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। এজন্য এগুলোকে বিশেষ ভাবে উল্লেখ করা হয়েছে। নতুবা মুহসিনীন (নেককার) এবং পরহেজগারগণ ফরজ, সুন্নত এমনকি নফল ইবাদত পর্যন্ত আমল করে থাকেন। (কুঃ কাঃ)

○ **শানে নুযূল (আঃ ৬) ঃ** ......ومن الناس – কাফির নেতা নাযার বিন হারিস ব্যবসার উদ্দেশ্যে পারস্যে যেত। সেখান থেকে বড় বড় বাদশাহদের কাহিনী ও ইতিহাস ক্রয় করে নিয়ে এসে কুরায়শদেরকে বলত, মুহাম্মদ (সা) তো 'আদ ও সামুদের কাহিনী, সুলায়মান ও দাউদের বাদশাহীর কথা তোমাদেরকে শোনায়। আজ আমি তোমাদেরকে রুস্তম, ইসকান্দার এবং পারস্যের বাদশাহদের কাহিনী শোনাব। এছাড়াও সে এক সুন্দরী গায়িকা ক্রয় করে এনেছিল। তা দিয়ে মানুষদেরকে নাচ দেখিয়ে ও গান শোনায়ে পথভ্রষ্ট করতে চেষ্টা করত। সে প্রেক্ষিতে এ আয়াত অবতীর্ণ হয়। (তাঃ ওসমানী)

الصلحت لهم جنت النعيم ﴿٨﴾ خلدين فيها ۖ وعد الله حقا ۖ وهو العزيز

স্বা-লিহ্বা-তি লাহুম জ্বান্না-তুন্ না'ঈম। ৯। খা-লিদীনা ফীহা- ; ওয়া'দাল্লা-হি হ্বাক্ব্ক্বান ; ওয়া হুওয়াল 'আযীযুল

তাদের জন্য অবশ্যকই রয়েছে শান্তিময় জান্নাত। (৯) তারা চিরস্থায়ীভাবে সেখানে থাকবে; আল্লাহর প্রতিশ্রুতি সত্য, তিনি মহা শক্তিশালী

الحكيم ﴿٩﴾ خلق السموت بغير عمد ترونها والقى في الارض رواسي ان

হ্বাকীম। ১০। খালাক্বাস্ সামা-ওয়া-তি বিগাইরি 'আমাদিন্ তারাওনাহা- ওয়া আল্‌ক্বা-ফিল আরদ্বি রাওয়া-সিয়া আন্

প্রজ্ঞাবান। (১০) তিনিই আকাশকে বিনা খুঁটিতে সৃষ্টি করেছেন, তোমরা তা দেখছ। এবং (তিনি) পৃথিবীতে পাহাড়সমূহ স্থাপন করেছেন, যাতে সে (পৃথিবী)

تميد بكم وبث فيها من كل دابة ۚ وانزلنا من السماء ماء فانبتنا فيها

তামীদা বিকুম ওয়া বাছ্ছা ফীহা- মিন কুল্লি দা—ব্বাতিন ; ওয়া আন্‌যাল্‌না- মিনাস্ সামা—ই মা—আন্ ফাআম্বাত্‌না- ফীহা-

তোমাদেরকে নিয়ে ঝাঁকুনি না দেয় এবং সর্ব প্রকারের জীব প্রাণী যমীনে ছড়িয়ে দিয়েছেন; এবং আমি বর্ষণ করি আকাশ থেকে পানি (বৃষ্টি), অতঃপর উৎপন্ন করি

من كل زوج كريم ﴿١٠﴾ هذا خلق الله فاروني ماذا خلق الذين من دونه ۚ

মিন্ কুল্লি যাওজ্বিন্ কারীম। ১১। হা-যা- খাল্‌কুল্লা-হি ফাআরূনী মা-যা- খালাক্বাল্ লাযীনা মিন্ দূনিহী ;

সর্ব প্রকার উৎকৃষ্ট উদ্ভিদ। (১১) এটা আল্লাহরই সৃষ্টি। এখন আমাকে দেখাও আল্লাহ্ ব্যতীত অন্যেরা কি কি সৃষ্টি করেছে।

بل الظلمون في ضلل مبين ﴿١١﴾ ولقد اتينا لقمن الحكمة ان اشكر لله ۚ ومن يشكر

বালিজ্ জা-লিমূনা ফী দ্বালা-লিম্ মুবীন। ১২। ওয়া লাক্বাদ্ আ-তাইনা-লুক্বমা-নাল্ হিক্‌মাতা আনিশ্‌কুর লিল্লা-হি ; ওয়া মাঁই ইয়াশ্‌কুর

বরং এ জালিমরা স্পষ্ট ভ্রান্তির মধ্যে রয়েছে। (১২) আমি লোকমানকে এ মর্মে প্রজ্ঞা দান করেছিলাম যে, কৃতজ্ঞতা প্রকাশ কর আল্লাহর জন্য; এবং কৃতজ্ঞতা প্রকাশকারী

১০ রুকু

فانما يشكر لنفسه ۚ ومن كفر فان الله غني حميد ﴿١٢﴾ واذ قال لقمن

ফাইন্নামা- ইয়াশ্‌কুরু লিনাফ্‌সিহী, ওয়া মান্ কাফারা ফাইন্নাল্লা-হা গানিয়্যুন্ হ্বামীদ। ১৩। ওয়া ইয্ ক্বা-লা লুক্বমা-নু

নিজের স্বার্থেই কৃতজ্ঞতা প্রকাশ করে আর যে অকৃতজ্ঞ হয় আল্লাহ্ অমুখাপেক্ষী প্রশংসিত। (১৩) আর যখন লোকমান বলেছিল তার

لابنه وهو يعظه يبني لا تشرك بالله ۗ ان الشرك لظلم عظيم ﴿١٣﴾ ووصينا

লিব্‌নিহী ওয়া হুওয়া ইয়া'ইজুহূ ইয়া-বুনাইয়্যা লা-তুশ্‌রিক বিল্লা-হি ; ইন্নাশ্ শির্‌কা লাজুল্‌মুন 'আজীম। ১৪। ওয়া ওয়াস্ব স্বাইনাল্

পুত্রকে উপদেশ প্রদানের উদ্দেশ্যে, হে আমার সন্তান! আল্লাহর সাথে শরীক কর না; নিশ্চয়ই শিরক মহাপাপ। (১৪) আমি উপদেশ দিয়েছি মানুষকে তার মাতা-পিতা

الانسان بولديه ۚ حملته امه وهنا على وهن وفصله في عامين ان اشكر لي

ইন্‌সা-না বিওয়া-লিদাইহি, হ্বামালাত্‌হু উম্মুহূ ওয়াহ্‌নান্ 'আলা-ওয়াহ্‌নিওঁ ওয়া ফিস্বা-লুহূ ফী 'আ-মাইনি আনিশ্‌কুর লী

সম্পর্কে। তার মাতা ক্লান্তির পর ক্লান্তি সহ্য করেও তাকে গর্ভে ধারণ করে এবং দুধ ছাড়ান হয় দু'বছরের সময়, সুতরাং তুমি আমার কৃতজ্ঞতা প্রকাশ কর

○ বিশ্লেষণ (আঃ ১২) ঃ ......ولقد اتينا لقمن - অধিকাংশ আলিমগণের মতে, হযরত লোকমান পয়গম্বর ছিলেন না। একজন বিশেষ পরহেজগার ব্যক্তি ছিলেন। আল্লাহ তাঁকে বিশেষ জ্ঞান বিচক্ষণতা ও ভাষা জ্ঞান দান করে উচ্চ মর্যাদার অধিকারী করেছিলেন। তাঁর বিচক্ষণতাপূর্ণ উপদেশগুলো এবং তাঁর প্রজ্ঞাপূর্ণ কথাসমূহ প্রসিদ্ধ হয়ে আছে। আল্লাহ কুরআন মাজীদে তাঁর প্রসংগে আলোচনা করে তাঁর মর্যাদা আরও বৃদ্ধি করে দিয়েছেন। হযরত লোকমান কোন দেশের অধিবাসী ছিলেন এবং কোন সময়ের ছিলেন তার পূর্ণ তথ্য পাওয়া যায়নি। তবে অনেকের মতে, তিনি হাবশী ছিলেন এবং হযরত দাউদের (আ) সময়ের ছিলেন। তাঁর অনেক কাহিনী ও কথা তাফসীর সমূহে বর্ণনা করা হয়েছে। (তাঃ ওসমানী)

ولولديك ۚ الي المصير ﴿١٤﴾ وان جاهدك على ان تشرك بي ما ليس لك به

ওয়া লি ওয়া-লিদাইকা ; ইলাইয়্যাল্ মাস্বীর। ১৫। ওয়া ইন জ্বা-হাদা-কা 'আলা~আন্ তুশ্‌রিকা বী মা- লাইসা লাকা বিহী

এবং তোমার মাতা পিতার। আমার কাছেই ফিরে আসতে হবে। (১৫) আর যদি তারা (মাতা-পিতা) তোমাকে চেষ্টা করে আমার সাথে এমন কাউকে শরীক করতে

علم ۙ فلا تطعهما وصاحبهما في الدنيا معروفا ۖ واتبع سبيل من اناب الي ۚ

'ইল্‌মুন; ফালা- তুত্বি'হুমা- ওয়া স্বা-হিব্‌হুমা- ফিদ্দুন্‌ইয়া- মা'রূফাওঁ ওয়াত্তাবি' সাবীলা মান্ আনা-বা ইলাইয়্যা,

যে ব্যাপারে তোমার কোন কিছুই জানা নেই, তখন তুমি তাদের কথা মানবেনা এবং পার্থিব জীবনে তাদের সাথে সদ্ভাবে বসবাস করবে তার অনুসরণ করবে, যিনি

ثم الي مرجعكم فانبئكم بما كنتم تعملون ﴿١٥﴾ يبني انها ان تك مثقال

ছুম্মা ইলাইয়্যা, মারজ্বি'উকুম ফাউনাব্বিউকুম্ বিমা- কুন্তুম তা'মালূন। ১৬। ইয়া-বুনাইয়্যা ইন্নাহা~ইন্ তাকু মিছ্‌ক্বা-লা

আমার দিকে ঝুঁকেছে। অতঃপর আমার কাছেই তোমাদের প্রত্যাবর্তন। তখন তোমরা যা কিছু করতে, সেগুলো তোমাদেরকে জানিয়ে দিব। (১৬) হে আমার সন্তান।

حبة من خردل فتكن في صخرة او في السموت او في الارض يات

হ্বাব্বাতিম্ মিন্ খার্‌দালিন ফাতাকুন্ ফী স্বাখ্‌রাতিন্ আও ফিস্ সামা-ওয়া-তি আও ফিল্ আর্‌দ্বি ইয়া'তি

কোন জিনিস যদি সরিষার দানা পরিমাণও হয়, আর সেটা যদি প্রস্তর খন্ডের মধ্যে অথবা আকাশে অথবা যমীনের (তলদেশে) থাকে, তাও আল্লাহ এনে উপস্থিত

بها الله ۚ ان الله لطيف خبير ﴿١٦﴾ يبني اقم الصلوة وامر بالمعروف وانه

বিহাল্লা-হু ; ইন্নাল্লা-হা লাত্বীফুন খাবীর। ১৭। ইয়া-বুনাইয়্যা আক্বিমিস্ব স্বালা-তা ওয়া'মুর বিল্‌মা'রূফি ওয়ান্‌হা

করবেন। নিশ্চয়ই আল্লাহ্ সূক্ষ্মদর্শী, সর্বজ্ঞ। (১৭) হে আমার সন্তান! তুমি নামাজ কায়েম কর, সৎ কাজের উপদেশ দাও এবং খারাপ

عن المنكر واصبر على ما اصابك ۖ ان ذلك من عزم الامور ﴿١٧﴾ ولا تصعر

বিফা-হ্বিশাতিম্ মুবাইয়্যিনাতিইঁ ইউদ্বা-'আফ্ লাহাল 'আযা-বু দ্বি'ফাইনি ; ওয়া কা-না যা-লিকা 'আলাল্লা-হি ইয়াসীরা-।

তোমাদের মধ্য হতে যে প্রকাশ্য অশ্লীল কাজ করবে, তাঁর দ্বিগুণ শাস্তি হবে। আর এ (কাজ)টি আল্লাহর পক্ষে খুবই সহজ।

○ টীকা (আঃ ২৬) ঃ যে যুদ্ধের বিষয় পূর্ববর্তী কতিপয় আয়াতে বর্ণিত হয়েছে, উহা 'খন্দক বা আহ্‌যাবের যুদ্ধ নামে বিখ্যাত। আহ্‌যাবের শাব্দিক অর্থ- দল। বস্তুতঃ উক্ত যুদ্ধে মদীনার পার্শ্ববর্তী মুশরিক, ইহুদী ও পল্লীবাসীদের বিভিন্ন দল একত্র মিলিত হইয়া মদীনা আক্রমণ করিতে এসেছিল এই হেতু উক্ত যুদ্ধ আহযাবের যুদ্ধ বলে কথিত হয়; এবং মুসলমাগণের তাদের আক্রমণ হতে আত্মরক্ষা হেতু মদীনায় চতুঃপার্শ্বে পরিখা খনন করেছিল, বলে তাকে 'খন্দক' বা 'পরিখার যুদ্ধ' বলে অভিহিত করা হয়। হিজরতের পরে মদীনার প্রধান অংশে মুসলমানদের আধিপত্য ছিল। বনী নজীর নামীয় এক ইহুদী গোত্রও তথায় বসবাস করিত কিন্তু তারা মুসলমানদিগকে শান্তির সাথে থাকতে দিত না। কাজেই নিরাপদ ও যুক্তিযুক্ত মনে করিয়া হযরত রাসূলে করীম (স) তাদেরকে মদীনা হতে বহির্গত করে দিলেন। এই সুযোগে তারা মদীনার চতুষ্পার্শ্বে অশান্তির অনল প্রজ্জ্বলিত করল এবং বার সহস্র লোককে অবরোধ করল। সে সময় মুসলমানের মোট সংখ্যা তিন সহস্র ছিল। তন্মধ্যে অধিকাংশ নিরস্ত্র এবং কতিপয় কপটাচারী মুনাফিকও ছিল। এক মাসকাল বিপক্ষদল মদীনা অবরোধ করে রাখে, অবশ্য দূরে দূরে সামান্য সংঘর্ষ হত। পরিণামে আল্লাহর মহিমায় ভীষণ ঝটিকা প্রবাহিত হল, এতে অবরোধকারীগণ বিশৃঙ্খলায় পতিত হয়ে আতঙ্কিত হল। যুদ্ধ শিবিরের তাম্বুগুলো উৎপাটিতে হল এবং অশ্বশকট প্রভৃতি যুদ্ধ উপকরণ ব্যবহারের অযোগ্য হয়ে পড়ল। বাধ্য হয়ে তারা অবরোধ উঠায়ে চলে গেল। ○ বিশ্লেষণ (আঃ ২৭) ঃ وارضا لم تطئوها - কেহ বলেন, এর দ্বারা খয়বরের যমীনকে বুঝানো হয়েছে। কেননা এর পরেই ৬ হিজরীতে হোদায়বিয়ার সন্ধির পরে মুসলমানগণ খয়বর বিজয় করেছিলেন। কেহ বলেন, এর দ্বারা মক্কা শরীফকে বুঝানো হয়েছে। কেহ বলেন, কেয়ামত পর্যন্ত যে সব জায়গায় মুসলমানগণ জয় করবেন সেসব জায়গাকে বুঝানো হয়েছে। (কুঃ কারীম)

وَمَنْ يَّقْنُتْ مِنْكُنَّ لِلّٰهِ وَرَسُوْلِهٖ وَتَعْمَلْ صَالِحًا نُّؤْتِهَاۤ اَجْرَهَا مَرَّتَيْنِ ۙ

৩১। ওয়া মাঁই ইয়াক্বনুত্ মিন্‌কুন্না লিল্লা-হি ওয়া রাসূলিহী ওয়া তা'মাল্ স্বা-লিহ্বান্ নু'তিহা~আজ্বরাহা- মার্‌রাতাইনি

(৩১) তোমাদের মধ্যে যে কেউ আল্লাহ এবং তাঁর রাসূলের আনুগত্য করবে এবং নেক কাজ করবে আমি তাকে দুবার প্রতিদান দিব এবং আমি তাঁর জন্য

পারা ২২

وَاَعْتَدْنَا لَهَا رِزْقًا كَرِيْمًا ۝٣١ يٰنِسَآءَ النَّبِىِّ لَسْتُنَّ كَاَحَدٍ مِّنَ النِّسَآءِ اِنِ اتَّقَيْتُنَّ

ওয়া 'আতাদ্‌না-লাহা- রিয্‌ক্বান্ কারীমা-। ৩২। ইয়া-নিসা—আন্ নাবিয়্যি লাস্‌তুন্না কাআহ্বাদিম্ মিনান্ নিসা—ই ইনিত্ তাক্বাইতুন্না

তৈরী করে রেখেছি উত্তম রিযিক। (৩২) হে নবীর স্ত্রীগণ! তোমরা অন্য (সাধারণ) স্ত্রীদের মত নও, যদি তোমরা পরহেজগারী অবলম্বন কর, তবে তোমরা

فَلَا تَخْضَعْنَ بِالْقَوْلِ فَيَطْمَعَ الَّذِىْ فِىْ قَلْبِهٖ مَرَضٌ وَّقُلْنَ قَوْلًا مَّعْرُوْفًا ۝

ফালা- তাখ্'দ্বানা বিল্‌ক্বাওলি ফাইয়াত্বমা'আল্ লাযী ফী ক্বাল্‌বিহী মারাদ্বুঁও ওয়া কুল্‌না ক্বাওলাম্ মা'রূফা-।

এমন বিনয়ী (আকর্ষণীয়) ভাবে কথা বল না, যাতে যার অন্তরে (কুপ্রবৃত্তির) রোগ রয়েছে সে (তাতে) লালায়িত হয় এবং তোমরা সঙ্গত ভাবে কথাবার্তা বল।

وَقَرْنَ فِىْ بُيُوْتِكُنَّ وَلَا تَبَرَّجْنَ تَبَرُّجَ الْجَاهِلِيَّةِ الْاُوْلٰى وَاَقِمْنَ الصَّلٰوةَ

৩৩। ওয়া ক্বার্‌না ফী বুয়ূতিকুন্না ওয়ালা-তাবার্‌রাজ্বনা তাবার্‌রুজ্বাল্ জ্বা-হিলিয়্যাতিল্ উলা- ওয়া আক্বিম্‌নাস্ব স্বালা-তা

(৩৩) এবং তোমরা তোমাদের নিজ গৃহে দৃঢ়ভাবে থাক এবং প্রাচীন জাহেলী যুগের মত তোমরা নিজেদের (সাজ-সজ্জা) প্রদর্শন করে চল না এবং নামায আদায় করবে

وَاٰتِيْنَ الزَّكٰوةَ وَاَطِعْنَ اللّٰهَ وَرَسُوْلَهٗ ؕ اِنَّمَا يُرِيْدُ اللّٰهُ لِيُذْهِبَ عَنْكُمُ

ওয়া আ-তীনায্ যাকা-তা ওয়া আত্বি'নাল্লা-হা ওয়া রাসূলাহূ ; ইন্নামা- ইউরীদুল্লা-হু লিইউয্‌হিবা 'আন্‌কুমুর্

এবং যাকাত প্রদান করবে এবং আল্লাহ ও তাঁর রাসূলের অনুগত হয়ে চলবে। হে (নবীর) পরিবারগণ! আল্লাহ তো কেবলমাত্র এটাই চান যে, তোমাদের থেকে

الرِّجْسَ اَهْلَ الْبَيْتِ وَيُطَهِّرَكُمْ تَطْهِيْرًا ۝٣٣ وَاذْكُرْنَ مَا يُتْلٰى فِىْ بُيُوْتِكُنَّ مِنْ

রিজ্বসা আহ্‌লাল্ বাইতি ওয়া ইউত্বাহ্‌হিরাকুম তাত্বহীরা-। ৩৪। ওয়ায্‌কুর্‌না মা- ইউত্‌লা- ফী বুয়ূতিকুন্না মিন্

তিনি (সর্ব ধরনের) অপবিত্রতাকে দূর করে দিবেন এবং তোমাদেরকে অতি পবিত্র করবেন। (৩৪) তোমাদের গৃহে আল্লাহর যে আয়াতসমূহ

৪ ع ১ রুকূ

اٰيٰتِ اللّٰهِ وَالْحِكْمَةِ ؕ اِنَّ اللّٰهَ كَانَ لَطِيْفًا خَبِيْرًا ۝٣٤ اِنَّ الْمُسْلِمِيْنَ

আ-ইয়া-তিল্লা-হি ওয়াল্ হ্বিক্‌মাতি ; ইন্নাল্লা-হা কা-না লাত্বীফান্ খাবীরা-। ৩৫। ইন্নাল্ মুস্‌লিমীনা

ও হিকমত (নবীর হাদীস) পাঠ করা হয় তা তোমরা স্বরণ রেখ; নিশ্চয়ই আল্লাহ সূক্ষ্মদর্শী ও মহাবিজ্ঞ। (৩৫) নিশ্চয়ই মুসলমান পুরুষ

وَالْمُسْلِمٰتِ وَالْمُؤْمِنِيْنَ وَالْمُؤْمِنٰتِ وَالْقٰنِتِيْنَ وَالْقٰنِتٰتِ وَالصّٰدِقِيْنَ

ওয়াল্ মুসলিমা-তি ওয়াল্ মু'মিনীনা ওয়াল্ মু'মিনা-তি ওয়াল্ ক্বা-নিতীনা ওয়াল্ ক্বা-নিতা-তি ওয়াস্ব স্বা-দিক্বীনা

ও মুসলমান মহিলা, মুমিন পুরুষ ও মুমিন মহিলা, অনুগত পুরুষ ও অনুগত মহিলা, সত্যবাদী পুরুষ

○ শানে নুযূল (আঃ ৩১) ঃ مرتين - (দু'বার) প্রতিদান দ্বারা বুঝানো হয়েছে- (১) একবার আল্লাহ তায়ালার আনুগত্যতার জন্য। (২) দ্বিতীয়বার রাসূলুল্লাহর (সা) সন্তুষ্টি অর্জনের জন্য। (তাঃ ক্বাদেরী) ○ বিশ্লেষণ (আঃ ৩৩) ঃ اهل البيت কতকের মতে, "আহলে বাইত" দ্বারা "রাসূলুল্লাহর (সা) পবিত্র স্ত্রীগণকে বুঝান হয়েছে। যা কুরআন হাদীস দ্বারা প্রমাণিত। কুরআন মাজীদ "আহলে বাইত" দ্বারা, হযরত আলী (রা)। হযরত ফাতিমা (রা) হযরত হাসান ও হোসাইন (রা)-কে বুঝান হয়েছে। তাঁরা রাসূলুল্লাহর (সা) স্ত্রীগণকে "আহলে বাইত" বলতে চন না। তবে উভয়ের বর্ণনার মতে, সামঞ্জস্য হলো এই যে, উভয়গণই " আহলে বাইতের অন্তর্ভুক্ত। কারণ, রাসূলুল্লাহর (সা) স্ত্রীগণ, আহলে বাইত, তাতো কুরআন মাজীদ দ্বারা সু-স্পষ্টভাবে প্রমাণিত। আর রাসূলুল্লাহর (সা) জামাতা ও তাদের সন্তানগণ যে "আহলে বাইত" তাও বিশুদ্ধ হাদীস দ্বারা প্রমাণিত। সুতরাং, উভয় বর্ণনাই সঠিক। (কুঃ কারীম)

وَالصّٰدِقٰتِ وَالصّٰبِرِيْنَ وَالصّٰبِرٰتِ وَالْخٰشِعِيْنَ وَالْخٰشِعٰتِ وَالْمُتَصَدِّقِيْنَ

ওয়াস্ব স্বা-দিক্বা-তি ওয়াস্ব স্বা-বিরীনা ওয়াস্ব স্বা- বিরা-তি ওয়াল্ খা-শি'ঈনা ওয়াল্ খা-শি'আ-তি ওয়াল্ মুতাসাদ্দিক্বীনা
ও সত্যবাদী মহিলা, ধৈর্য্যশীল পুরুষ ও ধৈর্য্যশীলা মহিলা, বিনয়ী পুরুষ ও বিনয়ী মহিলা, দানশীল পুরুষ

وَالْمُتَصَدِّقٰتِ وَالصَّآئِمِيْنَ وَالصّٰٓئِمٰتِ وَالْحٰفِظِيْنَ فُرُوْجَهُمْ وَالْحٰفِظٰتِ

ওয়াল্ মুতাসাদ্দিক্বা-তি ওয়াস্ব স্বা—ইমীনা ওয়াস্ব স্বা—ইমা-তি ওয়াল্ হ্বা-ফিজীনা ফুরূজাহুম্ ওয়াল্ হ্বা-ফিজা-তি
ও দানশীলা মহিলা, রোজা পালনকারী পুরুষ ও রোজা পালনকারী মহিলা, নিজ গোপন অংগ হেফাজতকারী পুরুষ ও গোপন অংগ হিফাজতকারী মহিলা,

وَالذّٰكِرِيْنَ اللّٰهَ كَثِيْرًا وَّالذّٰكِرٰتِ اَعَدَّ اللّٰهُ لَهُمْ مَّغْفِرَةً وَّاَجْرًا عَظِيْمًا ۝

ওয়ায্ যা-কিরীনাল্লা-হা কাছীরাওঁ ওয়ায্ যা-কিরা-তি, আ'আদ্দাল্লা-হু লাহুম্ মাগ্‌ফিরাতাওঁ ওয়া আজ্‌রান্ 'আজীমা-।
এবং আল্লাহর অধিক যিকিরকারী পুরুষ ও অধিক যিকিরকারী মহিলার এদের জন্য আল্লাহ রেখে দিয়েছেন ক্ষমা এবং বিরাট (সম্মানজনক) প্রতিদান।

۝٣٦ وَمَا كَانَ لِمُؤْمِنٍ وَّلَا مُؤْمِنَةٍ اِذَا قَضَى اللّٰهُ وَرَسُوْلُهٗٓ اَمْرًا اَنْ يَّكُوْنَ لَهُمُ

৩৬। ওয়া মা-কা-না লিমু'মিনিওঁ ওয়ালা- মু'মিনাতিন্ ইযা- ক্বাদ্বাল্লা-হু ওয়া রাসূলুহূ~আমরান্ আঁই ইয়াকূনা লাহুমুল্
(৩৬) কোন মুমিন পুরুষ ও মহিলার উচিত নয় যে, আল্লাহ ও তাঁর রাসূলের নির্দেশের পরে তার নিজের কোন কাজ (সিদ্ধান্ত)

الْخِيَرَةُ مِنْ اَمْرِهِمْ ۗ وَمَنْ يَّعْصِ اللّٰهَ وَرَسُوْلَهٗ فَقَدْ ضَلَّ ضَلٰلًا مُّبِيْنًا ۝٣٧ وَاِذْ

খিয়ারাতু মিন্ আমরিহিম্ ; ওয়া মাই ই'য়াস্বিল্লা-হা ওয়া রাসূলাহূ ফাক্বাদ্ দ্বাল্লা দ্বালা-লাম্ মুবীনা-। ৩৭। ওয়া ইয্
কে পছন্দ করা; যে কেহ আল্লাহ ও তাঁর রাসূলের নাফরমানী করবে সে স্পষ্ট ভ্রান্তির মধ্যে পড়বে। (৩৭) স্মরণ করুন,

تَقُوْلُ لِلَّذِيْٓ اَنْعَمَ اللّٰهُ عَلَيْهِ وَاَنْعَمْتَ عَلَيْهِ اَمْسِكْ عَلَيْكَ زَوْجَكَ وَاتَّقِ

তাক্বূলু লিল্লাযী~আন্'আমাল্লা-হু 'আলাইহি ওয়া আন্'আম্‌তা 'আলাইহি আম্‌সিক্ 'আলাইকা যাওজাকা ওয়াত্তাক্বিল্
আল্লাহ যাকে অনুগ্রহ করেছেন এবং আপনিও যার প্রতি অনুগ্রহ করেছে আপনি তাকে বলেছিলেন, 'তুমি তোমার স্ত্রীকে ত্যাগ করো না এবং আল্লাহকে ভয় কর-'

اللّٰهَ وَتُخْفِيْ فِيْ نَفْسِكَ مَا اللّٰهُ مُبْدِيْهِ وَتَخْشَى النَّاسَ ۚ وَاللّٰهُ اَحَقُّ

লা-হা ওয়া তুখ্‌ফী ফী নাফ্‌সিকা মাল্লা-হু মুব্‌দীহি ওয়া তাখ্‌শান্ না-সা, ওয়াল্লা-হু আহ্বাক্কু
তখন আপনি আপনার অন্তরে যা গোপন করছিলেন আল্লাহ তা প্রকাশ করে দিচ্ছেন। আপনি লোকভয় করছিলেন অথচ আল্লাহকে ভয় করাই আপনার পক্ষে অধিকতর

اَنْ تَخْشٰىهُ ۗ فَلَمَّا قَضٰى زَيْدٌ مِّنْهَا وَطَرًا زَوَّجْنٰكَهَا لِكَيْ لَا يَكُوْنَ عَلَى

আন্ তাখ্‌শা-হু ; ফালাম্মা- ক্বাদ্বা- যাইদুম্ মিন্‌হা- ওয়াত্বারান্ যাওওয়্যাজ্‌না-কাহা- লিকাই লা-ইয়াকূনা 'আলাল্
সঙ্গত। অতঃপর যায়েদ যখন যয়নবের সাথে বৈবাহিক সম্পর্ক ছিন্ন করল, তখন আমি তাকে আপনার সাথে বৈবাহিক বন্ধনে আবদ্ধ করলাম। যাতে মুমিনদের মনে

○ শানে নুযূল (আঃ ৩৬) ঃ ......وما كان لمؤمن - রাসূলুল্লাহ (সা) হযরত যায়েদ বিন হারিস (রা) এর বিবাহের জন্য, তাঁর নিজের ফুফুর কন্যা হযরত যয়নবের (রা) কাছে প্রস্তাব পাঠালেন। এ প্রস্তাবে যয়নব (রা) ও তাঁর ভাই হযরত আবদুল্লাহ রাজী হননি। তাঁরা বললেন, যায়েদ একজন আজাদকৃত গোলাম এবং আমরা অভিজাত বংশের। এ প্রেক্ষিতে এ আয়াত নাযিল হয়। (কুঃ কারীম) ○ শানে নুযূল (আঃ ৩৭) ঃ উপরোক্ত আয়াতটি নাযিল হওয়ার ফলে বিবাহে স্বীকৃতি প্রদান করা হল। কিন্তু ঘটনাক্রমে বিবাহের পর তাহাদের মনের মিল হল না। কাজেই হযরত যায়েদ (রা) হযরত যয়নব (রা)-কে তালাক দিতে মনস্থ করিয়া হুযূরের পরামর্শ চাইলেন। হুযূর (সা) তাকে উপদেশ দিলেন যে, তালাক দিও না। কিন্তু কোনক্রমেই যখন তাঁদের মনের মিল হইল না, তখন পুন-রায় তালাক দেওয়ার সংকল্প প্রকাশ করিলে এই আয়াতটি নাযিল হয়। (বঃ কোঃ)

الْمُؤْمِنِيْنَ حَرَجٌ فِيْٓ اَزْوَاجِ اَدْعِيَآئِهِمْ اِذَا قَضَوْا مِنْهُنَّ وَطَرًا ۗ وَكَانَ

মু'মিনীনা হ্বারাজুন ফী~আযওয়া-জি আদ্'ইয়া—ইহিম ইযা- ক্বাদ্বাও মিন্‌হুন্না ওয়াত্বারান ; ওয়া কা-না
এব্যাপারে কোন সংশয় না থাকে যে, পোষ্যপুত্রের তালাকপ্রাপ্তা স্ত্রীর সাথে বৈবাহিক বন্ধনে আবদ্ধ হওয়াতে কোন দোষ নেই। আর

اَمْرُ اللّٰهِ مَفْعُوْلًا ۝٣٨ مَا كَانَ عَلَى النَّبِيِّ مِنْ حَرَجٍ فِيْمَا فَرَضَ اللّٰهُ لَهٗ ۗ سُنَّةَ اللّٰهِ

আম্‌রুল্লা-হি মাফ্'উলা-। ৩৮। মা- কা-না 'আলান্ নাবিয়্যি মিন্ হ্বারাজিন্ ফীমা- ফারাদ্বাল্লা-হু লাহূ ; সুন্নাতাল্লা-হি
আল্লাহর আদেশ কার্যকর হয়েই থাকে। (৩৮) নবীর জন্য (তা করতে) কোনই বাধা নেই, যা আল্লাহ তাঁর জন্য নির্ধারিত করে দিয়েছেন। আল্লাহর এ নিয়ম

فِي الَّذِيْنَ خَلَوْا مِنْ قَبْلُ ۗ وَكَانَ اَمْرُ اللّٰهِ قَدَرًا مَّقْدُوْرَا ۝٣٩ الَّذِيْنَ يُبَلِّغُوْنَ

ফিল্ লাযীনা খালাও মিন্ ক্বাব্‌লু ; ওয়া কা-না আম্‌রুল্লা-হি ক্বাদারাম্ মাক্বদূরা- ৩৯। নিল্লাযীনা ইউবাল্লিগূনা
সে নবীদের মধ্যেও ছিল যারা পূর্বে অতীত হয়েছেন; আল্লাহর নির্দেশ (বিধান) সুনির্দিষ্ট। (৩৯) তারা আল্লাহর বাণী

رِسٰلٰتِ اللّٰهِ وَيَخْشَوْنَهٗ وَلَا يَخْشَوْنَ اَحَدًا اِلَّا اللّٰهَ ۗ وَكَفٰى بِاللّٰهِ حَسِيْبًا ۝

রিসা-লা-তিল্লা-হি ওয়া ইয়াখ্‌শাওনাহূ ওয়ালা- ইয়াখ্‌শাওনা আহ্বাদান্ ইল্লাল্লা-হা ; ওয়া কাফা- বিল্লা-হি হ্বাসীবা-।
প্রচার করতো এবং তাঁকে ভয় করত এবং আল্লাহ ছাড়া অন্য কাউকে ভয় করতো না। হিসাব গ্রহণে আল্লাহই যথেষ্ট।

۝٤٠ مَا كَانَ مُحَمَّدٌ اَبَآ اَحَدٍ مِّنْ رِّجَالِكُمْ وَلٰكِنْ رَّسُوْلَ اللّٰهِ وَخَاتَمَ النَّبِيّٖنَ ۗ

৪০। মা-কা-না মুহ্বাম্মাদুন্ আবা~আহ্বাদিম্ মির্ রিজা-লিকুম্ ওয়ালা-কির্ রাসূলাল্লা-হি ওয়া খা-তামান নাবিয়্যীনা ;
(৪০) মুহাম্মাদ (সা) তোমাদের পুরুষদের মধ্য হতে কারও পিতা নন, বরং তিনি আল্লাহর একজন রাসূল এবং সর্বশেষ নবী।

وَكَانَ اللّٰهُ بِكُلِّ شَيْءٍ عَلِيْمًا ۝٤١ يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا اذْكُرُوا اللّٰهَ ذِكْرًا

ওয়া কা-নাল্লা-হু বিকুল্লি শাইয়িন্ 'আলীমা-। ৪১। ইয়া~আইয়্যুহাল্লাযীনা আমানুয্ কুরুল্লা-হা যিক্‌রান্
আল্লাহ সর্ব বিষয়ে পূর্ণ অবগত আছেন। (৪১) হে মুমিনগণ! তোমরা অধিক পরিমাণে আল্লাহর যিকির

كَثِيْرًا ۝٤٢ وَّسَبِّحُوْهُ بُكْرَةً وَّاَصِيْلًا ۝٤٣ هُوَ الَّذِيْ يُصَلِّيْ عَلَيْكُمْ وَمَلٰٓئِكَتُهٗ

কাছীরা-। ৪২। ওয়া সাব্বিহুহু বুক্‌রাতাওঁ ওয়া আস্বীলা-। ৪৩। হুওয়াল্লাযী ইউস্বাল্লী 'আলাইকুম্ ওয়া মালা—ইকাতুহু
কর, (৪২) এবং তাঁর তাসবীহ বর্ণনা কর, সকাল ও সন্ধ্যায়। (৪৩) তিনি (আল্লাহ) তোমাদের উপর রহমত প্রেরণ করেন এবং ফিরিশতাগণও (মাগফিরাত)

لِيُخْرِجَكُمْ مِّنَ الظُّلُمٰتِ اِلَى النُّوْرِ ۗ وَكَانَ بِالْمُؤْمِنِيْنَ رَحِيْمًا ۝٤٤ تَحِيَّتُهُمْ

লিইউখ্‌রিজাকুম্ মিনাজ্ জুলুমা-তি ইলান্ নূরি ; ওয়া কা-না বিল্ মু'মিনীনা রাহ্বীমা-। ৪৪। তাহিয়্যাতুহুম্
কামনা করেন, তোমাদেরকে অন্ধকার হতে আলোর দিকে নিয়ে যাবার জন্য এবং আল্লাহ মুমিনগণের প্রতি বড়ই দয়ালু। (৪৪) যেদিন তারা আল্লাহর সাথে সাক্ষাৎ করবে,

○ টীকা (আঃ ৩৮) ঃ অর্থাৎ, "পোষ্য-পুত্রের স্ত্রীকে বিবাহ করা নিষিদ্ধ নয়," এই বিধানটি প্রকাশ করা আমার উদ্দেশ্য ছিল। কাজেই আপনার পোষ্যপুত্রের পরিত্যক্ত স্ত্রীর সহিত আপনার বিবাহ করায়ে দিলাম। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৪০) ঃ "তোমাদের পুরুষদের" বলতে ঐসমস্ত লোক উদ্দেশ্য যারা হুযূর (সা)-এর ঔরসজাত পুত্র নয়। ○ টীকা (আঃ ৪০) ঃ কিয়ামতের পূর্বক্ষণে ঈসা (আ) নবীরূপে আবির্ভূত হলেও হুযূর (সা) শেষ নবী। কেননা, হযরত ঈসা (আ) নূতন নুবুওয়াত পেয়ে স্বতন্ত্র নবীরূপে আসবেন না; বরং হযরতের শরীঅতের প্রচারকরূপে আসবেন। (বঃ কোঃ)
○ টীকা (আঃ ৪৪) ঃ অর্থাৎ, তোমরা যে জ্ঞান এবং হেদায়াতের তওফীক লাভ করেছ এবং তার উপর স্থায়ী রয়েছে, তা আল্লাহর অনুগ্রহে এবং ফেরেশতাগণের দো'আর বরকতেই সম্ভব হইয়াছে।

يوم يلقونه سلم وأعد لهم أجرا كريما ﴿٤٥﴾ يأيها النبي إنا أرسلنك

ইয়াওমা ইয়াল্ক্বাওনাহূ সালা-মুন্; ওয়া আ'আদ্দা লাহুম আজ্‌রান্ কারীমা- । ৪৫ । ইয়া~আইয়্যুহান্ নাবিয়্যু ইন্না~আর্‌সাল্‌না-কা
সেদিন তাদেরকে অভিবাদন করা হবে 'সালাম' (দ্বারা), তাদের জন্য আল্লাহ সম্মানজনক প্রতিদান রেখেছেন। (৪৫) হে নবী! নিশ্চয়ই আমি আপনাকে প্রেরণ করেছি

شاهدا ومبشرا ونذيرا ﴿٤٦﴾ وداعيا إلى الله بإذنه وسراجا منيرا ﴿٤٧﴾ وبشر

শা-হিদাওঁ ওয়া মুবাশ্‌শিরাওঁ ওয়া নাযীরা- । ৪৬ । ওয়া দা-'ইয়ান্ ইলাল্লা-হি বিইয্‌নিহী ওয়া সিরা-জাম্ মুনীরা- । ৪৭ । ওয়া বাশ্‌শিরিল্
সাক্ষী দাতা, সুসংবাদদাতা ও সাবধানকারীরূপে, (৪৬) এবং আল্লাহর নির্দেশক্রমে তাঁর দিকে আহ্বানকারীরূপে এবং আলোকপ্রদ প্রদীপরূপে। (৪৭) আপনি মুমিনগণকে

المؤمنين بأن لهم من الله فضلا كبيرا ﴿٤٨﴾ ولا تطع الكفرين والمنفقين

মু'মিনীনা বিআন্না লাহুম্ মিনাল্লা-হি ফাদ্বলান্ কাবীরা- । ৪৮ । ওয়ালা- তুত্বি'ইল্ কা-ফিরীনা ওয়াল্ মুনা-ফিক্বীনা
সুসংবাদ দিন যে, তাদের জন্য আল্লাহর পক্ষ থেকে রয়েছে বিরাট মর্যাদা। (৪৮) এবং আপনি কাফির ও মুনাফিকদের কথা শোনবেন না

ودع أذىهم وتوكل على الله وكفى بالله وكيلا ﴿٤٩﴾ يأيها الذين امنوا

ওয়া দা' আযা-হুম ওয়া তাওয়াক্কাল্ 'আলাল্লা-হি ; ওয়া কাফা- বিল্লা-হি ওয়াকীলা- । ৪৯ । ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আমানূ~
এবং তাদের আঘাতকে উপেক্ষা করুন এবং আল্লাহর উপর ভরসা রাখুন। ব্যবস্থাপক হিসাবে আল্লাহই যথেষ্ট। (৪৯) হে মুমিনগণ!

إذا نكحتم المؤمنت ثم طلقتموهن من قبل أن تمسوهن فما لكم عليهن

ইযা- নাকাহ্‌তুমুল্ মু'মিনা-তি ছুম্মা ত্বাল্লাক্ব্‌তুমূহুন্না মিন্ ক্বাব্‌লি আন্ তামাস্‌সূহুন্না ফামা- লাকুম্ 'আলাইহিন্না
যখন তোমরা মুমিন নারীগণকে বিবাহ কর, অতঃপর তাকে স্পর্শ করার পূর্বেই তালাক দাও, তখন তোমাদের জন্য তাদের ব্যাপারে কোন

من عدة تعتدونها فمتعوهن وسرحوهن سراحا جميلا ﴿٥٠﴾ يأيها النبي

মিন্ 'ইদ্দাতিন তা'তাদ্দূনাহা-, ফামাত্তি'উহুন্না ওয়া সার্‌রিহূহুন্না সারা-হান্ জামীলা- । ৫০ । ইয়া ~আইয়্যুহান্ নাবিয়্যু
ইদ্দত নেই, যা তোমরা গণনা করবে, তোমরা তাদের কিছু না কিছু দিয়ে দাও এবং উত্তম পন্থায় তাদেরকে বিদায় দিবে। (৫০) হে নবী! আমি আপনার জন্য

إنا أحللنا لك أزوجك التي اتيت أجورهن وما ملكت يمينك مما

ইন্না~আহ্‌লাল্‌না-লাকা আয্‌ওয়া-জাকাল্ লা-তী~আ-তাইতা উজূরাহুন্না ওয়ামা-মালাকাত্ ইয়ামীনুকা মিম্মা~
আপনার সে সব স্ত্রীগণকে হালাল রেখেছি, যাদেরকে আপনি তাদের মহর আদায় করেছেন এবং (হালাল রেখেছি) সেসব দাসীদেরকে যাদেরকে আল্লাহ গণীমত হিসেবে

أفاء الله عليك وبنت عمك وبنت عمتك وبنت خالك وبنت خلتك

আফা—আল লা-হু 'আলাইকা ওয়া বানা-তি 'আম্মিকা ওয়া বানা-তি 'আম্মা-তিকা ওয়া বানা-তি খা-লিকা ওয়া বানা-তি খা-লা-তিকাল্
আপনার মালিকাধীন করেছেন এবং (হালাল করেছি) আপনার চাচার কন্যা, ফুফুর কন্যা, মামার কন্যা এবং আপনার খালার কন্যাকেও

التي هاجرن معك وامرأة مؤمنة إن وهبت نفسها للنبي إن أراد

লা-তি হা-জার্‌না মা'আকা, ওয়াম্‌রাআতাম্ মু'মিনাতান্ ইঁও ওয়াহাবাত্ নাফ্‌সাহা- লিন্নাবিয়্যি ইন্ আরা-দান্
যারা আপনার সাথে হিজরত করেছে, এবং সে মুমিন নারীও (নবীর জন্য হালাল) যে নিজেকে নবীর জন্য দান করেছেন এবং

النبي أن يستنكحها خالصة لك من دون المؤمنين قد علمنا ما فرضنا

নাবিয়্যু আইঁ ইয়াস্‌তান্‌কিহাহা-, খা-লিস্বাতাল্ লাকা মিন্ দূনিল মু'মিনীনা ; ক্বাদ্ 'আলিম্‌না- মা- ফারাদ্বনা-
নবীও তাকে বিবাহ করতে ইচ্ছা করেন; এটা বিশেষ ভাবে (শুধু) আপনারই জন্য, কিন্তু অন্য মুমিনগণের জন্য নয়। আমি ভালভাবেই জানি,

عليهم في أزوجهم وما ملكت أيمنهم لكيلا يكون عليك حرج

'আলাইহিম ফী~আয্‌ওয়া-জিহিম্ ওয়ামা-মা লাকাত্ আইমা-নুহুম্ লিকাইলা- ইয়াকূনা 'আলাইকা হ্বারাজুন ;
যা আমি নির্ধারণ করে দিয়েছি তাদের উপর তাদের স্ত্রীগণ এবং তাদের দাসীগণের ব্যাপারে। যাতে আপনার জন্য কোন জটিলতা সৃষ্টি না হয়।

وكان الله غفورا رحيما ﴿٥١﴾ ترجي من تشاء منهن وتؤوي إليك من تشاء

ওয়া কা-নাল্লা-হু গাফূরার্ রাহ্বীমা- । ৫১ । তুর্‌জী মান্ তাশা—উ মিন্‌হুন্না ওয়া তু'ওয়ী ~ইলাইকা মান্ তাশা—উ ;
আল্লাহ ক্ষমাশীল অসীম দয়ালু। (৫১) তাদের মধ্য হতে আপনি যাকে চান তাকে আপনার থেকে আলাদা রাখতে পারেন, যাকে চান তাকে আপনার কাছে রাখতে পারেন, যাদেরকে

ومن ابتغيت ممن عزلت فلا جناح عليك ذلك أدنى أن تقر أعينهن

ওয়া মানিব্ তাগাইতা মিম্মান্ 'আযাল্‌তা ফালা- জুনা-হ্বা 'আলাইকা ; যা-লিকা আদ্‌না~আন্ তাক্বার্‌রা আ'ইউনুহুন্না
আপনি আপনার কাছ থেকে আলাদা রেখেছেন তাদের মধ্য হতে কাউকে কাছে ডাকলে তাতে আপনার জন্য কোন অপরাধ নেই। এতে খুবই সম্ভাবনা যে, তাদের চক্ষু শীতল

ولا يحزن ويرضين بما اتيتهن كلهن والله يعلم ما في قلوبكم

ওয়ালা- ইয়াহ্বযান্না ওয়া ইয়ার্‌দ্বাইনা বিমা~আ-তাইতাহুন্না কুল্‌লুহুন্না ; ওয়াল্লা-হু ইয়া'লামু মা-ফী কুলূবিকুম্ ;
থাকবে। এবং তারা দুঃখিত হবে না এবং আপনি তাদেরকে যা কিছু দিবেন, তারা সবাই তাতে সন্তুষ্ট থাকবেন; আর তোমাদের অন্তরে যা আছে, আল্লাহ তা জানেন।

وكان الله عليما حليما ﴿٥٢﴾ لا يحل لك النساء من بعد ولا أن تبدل بهن

ওয়া কা-নাল্লা-হু 'আলীমান্ হ্বালীমা- । ৫২ । লা-য়াহ্বিল্লু লাকান্ নিসা—উ মিম্ বা'দু ওয়ালা~আন্ তাবাদ্দালা বিহিন্না
আল্লাহ মহাজ্ঞানী, সহনশীল। (৫২) এরপরে আপনার জন্য আর কোন নারীই হালাল নয় এবং (এটাও) হালাল নয় যে, আপনার স্ত্রীদের পরিবর্তে

من أزوج ولو أعجبك حسنهن إلا ما ملكت يمينك وكان الله على

মিন্ আয্‌ওয়া-জিওঁ ওয়ালাও 'আজ্বাবাকা হুস্‌নুহুন্না ইল্লা-মা-মালাকাত্ ইয়ামীনুকা ; ওয়া কা-নাল্লা-হু 'আলা-
অন্য কোন স্ত্রীকে গ্রহণ করবেন, যদিও তাদের সৌন্দর্য আপনাকে মুগ্ধ করে, কিন্তু তাদের কথা ভিন্ন যারা আপনার মালিকানা ভুক্ত (দাসী)। আল্লাহ

কুকূ ৬

كل شيء رقيبا ﴿٥٣﴾ يأيها الذين امنوا لا تدخلوا بيوت النبي إلا أن

কুল্লি শাইয়্যির্ রাক্বীবা- । ৫৩ । ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ লা-তাদ্‌খুলূ বুয়ূতান্ নাবিয়্যি ইল্লা~আঁই
সব কিছুরই নিয়ন্ত্রক। (৫৩) হে মুমিনগণ! যতক্ষণ তোমাদেরকে অনুমতি প্রদান না করা হয় তোমরা নবীর গৃহে (এমন সময়) খাবার জন্য প্রবেশ কর না

✪ শানে নুযূল (আঃ ৫৩) : ......يايها الذين امنوا – রাসূলুল্লাহর (সা) দাওয়াতে হযরত যয়নবের (রা) ওলীমায় সাহাবীগণ হাযির হলেন। যার মধ্যে কতিপয় ,খানার শেষে সেখানে বসে কথাবার্তা বলতে ছিলেন। যাতে রাসূলুল্লাহর (স) বেশ কষ্ট হতে ছিলেন। যেহেতু রাসূল (সা) খুব লাজুক ছিলেন তাই তাদেরকে উঠে যাবার জন্য বলেননি। এ প্রেক্ষিতে এ আয়াত নাযিল হয়। (কুঃ কারীম) ✪ শানে নুযূল (আঃ ৫৩) : যয়নব (রা)-এর সাথে হুযূর (স)-এর বিবাহের পর তিনি সাহাবীদেরকে ওলীমার দাওয়াত করেন। কেহ কেহ আহারের পর হুযূর (সা)-এর গৃহে বসে আলাপ করতেছিল। হুযূর (সা) গাত্রোত্থানের ইচ্ছা করলেন, যেন তারা চলে যায়। কিন্তু তারা ইঙ্গিতই বুঝল না। অবশেষে হুযূর (সা) উঠে দাঁড়ালে সকলে উঠে গেল; কিন্তু তিনজন তখনও বসে তাদেরকে আলাপে রত দেখে ফিরে গেলেন। এবার তারা উঠে গেল। অতঃপর তিনিঘরে আসেন তখন এই পর্দার আয়াতটি নাযিল হয়। (বঃ কোঃ)

يُؤْذَنَ لَكُمْ إِلَىٰ طَعَامٍ غَيْرَ نَٰظِرِينَ إِنَىٰهُ وَلَٰكِنْ إِذَا دُعِيتُمْ فَادْخُلُوا فَإِذَا

ইউ'যানা লাকুম্ ইলা- ত্বা'আ-মিন্ গাইরা না-জিরীনা ইনা-হু, ওয়ালা-কিন্ ইযা- দু'ঈতুম্ ফাদ্খুলূ ফাইযা-

যে, তোমাদের খাদ্য প্রস্তুতির অপেক্ষা করতে হয়। বরং যখন তোমাদেরকে ডাকা হয়, তখন গৃহে প্রবেশ কর। আর যখন খাওয়া শেষ হয় তখন তোমরা (গৃহ থেকে)

طَعِمْتُمْ فَانتَشِرُوا وَلَا مُسْتَأْنِسِينَ لِحَدِيثٍ ۚ إِنَّ ذَٰلِكُمْ كَانَ يُؤْذِي النَّبِيَّ

ত্বা'ইম্তুম্ ফানতাশিরূ ওয়ালা- মুস্তা'নিসীনা লিহ্বাদীছিন ; ইন্না- যা-লিকুম্ কা-না ইউ'যিন্ নাবিয়্যা

বের হয়ে পড়। এবং সেখানে (নবীর গৃহে) তোমরা কথাবার্তার জন্য বসে থেক না; তোমাদের এ কথাবার্তায় নবীর কষ্ট হয়। সে তোমাদেরকে চলে যাবার জন্য

فَيَسْتَحْيِي مِنكُمْ ۖ وَاللَّهُ لَا يَسْتَحْيِي مِنَ الْحَقِّ ۚ وَإِذَا سَأَلْتُمُوهُنَّ مَتَاعًا

ফাইয়াস্ তাহ্য়ী মিন্কুম্, ওয়াল্লা-হু লা- ইয়াস্তাহ্য়ী মিনাল্ হাক্কি ; ওয়া ইযা- সাআল্তুমূহুন্না মাতা-'আন্

বলতে সংকোচবোধ করেন। অথচ আল্লাহ সত্য (কথা) বলতে সংকোচবোধ করেন না। যখন তোমরা নবীর স্ত্রীদের কাছে কিছু চাইবে

فَاسْأَلُوهُنَّ مِن وَرَاءِ حِجَابٍ ۚ ذَٰلِكُمْ أَطْهَرُ لِقُلُوبِكُمْ وَقُلُوبِهِنَّ ۚ وَمَا كَانَ

ফাস্আলূ হুন্না মিওঁ ওয়ারা—ই হিজ্বা-বিন ; যা-লিকুম্ আত্বহারু লিকুলূবিকুম্ ওয়া কুলূবিহিন্না ; ওয়ামা- কা-না

তখন পর্দার আড়াল থেকে চাও। এটাই তোমাদের এবং তাদের অন্তরের জন্য পূর্ণ পবিত্রতা। তোমাদের জন্য এটা কখনও উচিত নয় যে,

لَكُمْ أَن تُؤْذُوا رَسُولَ اللَّهِ وَلَا أَن تَنكِحُوا أَزْوَاجَهُ مِن بَعْدِهِ أَبَدًا ۚ إِنَّ

লাকুম্ আন্ তু'যূ রাসূলাল্লা-হি ওয়ালা~আন্ তান্কিহূ~আয্ওয়া-জ্বাহূ মিম্ বা'দিহী~আবাদান ; ইন্না-

তোমরা আল্লাহর রাসূলকে কষ্ট দিবে এবং তার স্ত্রীগণকে তার (ইন্তেকালের) পরে বিবাহ করবে। আল্লাহর

ذَٰلِكُمْ كَانَ عِندَ اللَّهِ عَظِيمًا ﴿٥٣﴾ إِن تُبْدُوا شَيْئًا أَوْ تُخْفُوهُ فَإِنَّ اللَّهَ كَانَ

যা-লিকুম্ কা-না 'ইনদাল্লা-হি 'আজীমা-। ৫৪। ইন্ তুব্দূ শাইআন্ আও তুখ্ফূহু ফাইন্নাল্লা-হা কা-না

কাছে এটা বড় ধরনের অপরাধ। (৫৪) তোমরা কোন বিষয়কে প্রকাশ কর অথবা গোপন কর আল্লাহ প্রতিটি বিষয়কে

بِكُلِّ شَيْءٍ عَلِيمًا ﴿٥٤﴾ لَّا جُنَاحَ عَلَيْهِنَّ فِي آبَائِهِنَّ وَلَا أَبْنَائِهِنَّ وَلَا إِخْوَانِهِنَّ

বিকুল্লি শাইয়িন্ 'আলীমা-। ৫৫। লা- জুনা-হা 'আলাইহিন্না ফী~আ-বা—ইহিন্না ওয়ালা~আব্না—ইহিন্না ওয়ালা~ইখ্ওয়া-নিহিন্না

ভালভাবে জানেন। (৫৫) তাদের (নবীর স্ত্রীদের) উপর কোন গুনাহ নেই, তাদের পিতাগণ, পুত্রগণ, ভ্রাতৃগণ, ভ্রাতুষ্পুত্রগণ,

وَلَا أَبْنَاءِ إِخْوَانِهِنَّ وَلَا أَبْنَاءِ أَخَوَاتِهِنَّ وَلَا نِسَائِهِنَّ وَلَا مَا مَلَكَتْ أَيْمَانُهُنَّ ۗ

ওয়ালা~আব্না—ই ইখ্ওয়া-নিহিন্না ওয়ালা~আব্না—ই আখাওয়া-তিহিন্না ওয়ালা- নিসা—ইহিন্না ওয়ালা- মা- মালাকাত্ আইমা-নুহুন্না,

ভগ্নিপুত্রগণ, তাদের মহিলাগণ (অর্থাৎ ঈমানদার মহিলা) এবং তাদের মালিকানাভুক্ত (দাস-দাসী) গণের সামনে (উপস্থিত) হওয়াতে।

وَاتَّقِينَ اللَّهَ ۚ إِنَّ اللَّهَ كَانَ عَلَىٰ كُلِّ شَيْءٍ شَهِيدًا ﴿٥٥﴾ إِنَّ اللَّهَ وَمَلَائِكَتَهُ يُصَلُّونَ

ওয়াত্তাক্বীনাল্লা-হা ; ইন্নাল্লা-হা কা-না 'আলা- কুল্লি শাইয়িন্ শাহীদা-। ৫৬। ইন্নাল্লা-হা ওয়া মালা—ইকাতাহূ ইউস্বাল্লূনা

(হে স্ত্রীগণ) তোমরা আল্লাহকে ভয় কর; নিশ্চয়ই আল্লাহ প্রতিটি বিষয়ের প্রত্যক্ষদর্শী। (৫৬) আল্লাহ এবং তাঁর ফিরিশতাগণ

عَلَى النَّبِيِّ ۚ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا صَلُّوا عَلَيْهِ وَسَلِّمُوا تَسْلِيمًا ﴿٥٦﴾ إِنَّ الَّذِينَ

'আলান্ নাবিয়্যি ; ইয়া~আইয়্যুহাল্লাযীনা আ-মানূ স্বাল্লূ 'আলাইহি ওয়া সাল্লিমূ তাস্লীমা-। ৫৭। ইন্নাল্লাযীনা

নবীর প্রতি রহমত বর্ষণ করেন, (অতএব) হে মুমিনগণ! তোমরাও তার প্রতি দরূদ প্রেরণ কর এবং (মহব্বতের সাথে) সালাম প্রেরণ কর। (৫৭) নিশ্চয়ই যারা

يُؤْذُونَ اللَّهَ وَرَسُولَهُ لَعَنَهُمُ اللَّهُ فِي الدُّنْيَا وَالْآخِرَةِ وَأَعَدَّ لَهُمْ عَذَابًا

ইউ'যূনাল্লা-হা ওয়া রাসূলাহূ লা'আনাহুমুল্লা-হু ফিদ্ দুন্ইয়া- ওয়াল্ আ-খিরাতি ওয়া আ'আদ্দা লাহুম 'আযা-বাম্

আল্লাহ ও তার রাসূলকে কষ্ট দেয়, তার প্রতি রয়েছে ইহকাল ও পরকালে আল্লাহর অভিশাপ এবং তাদের জন্য তিনি প্রস্তুত করে রেখেছেন

مُّهِينًا ﴿٥٧﴾ وَالَّذِينَ يُؤْذُونَ الْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنَاتِ بِغَيْرِ مَا اكْتَسَبُوا فَقَدِ

মুহীনা-। ৫৮। ওয়াল্লাযীনা ইউ'যূনাল্ মু'মিনীনা ওয়াল্ মু'মিনা-তি বিগাইরি মাক্তাসাবূ ফাক্বাদিহ্

লাঞ্ছনাদায়ক শাস্তি। (৫৮) আর যারা মুমিন পুরুষ ও মুমিন নারীগণকে অহেতুক কষ্ট দেয়, নিশ্চয়ই তারা (মাথায়) বহন করে

৭ ع ৪ রুকূ

احْتَمَلُوا بُهْتَانًا وَإِثْمًا مُّبِينًا ﴿٥٨﴾ يَا أَيُّهَا النَّبِيُّ قُل لِّأَزْوَاجِكَ وَبَنَاتِكَ

তামালূ বুহ্তা-নাওঁ ওয়া ইছ্মাম্ মুবীনা-। ৫৯। ইয়া~আইয়্যুহান্ নাবিয়্যু কুল্ লিআয্ওয়া-জ্বিকা ওয়া বানা-তিকা

অপবাদ ও প্রকাশ্য পাপের বোঝা। (৫৯) হে নবী! আপনি স্ত্রীগণকে, আপনার কন্যাগণকে ও মুমিন নারীগণকে বলুন,

وَنِسَاءِ الْمُؤْمِنِينَ يُدْنِينَ عَلَيْهِنَّ مِن جَلَابِيبِهِنَّ ۚ ذَٰلِكَ أَدْنَىٰ أَن يُعْرَفْنَ

ওয়ানিসা—ইল্ মু'মিনীনা ইউদ্নীনা 'আলাইহিন্না মিন্ জ্বালা-বীবিহিন্না ; যা-লিকা আদ্না~আইঁ ই'উরাফ্না

তারা যেন তাদের (শরীর ও চেহারার) উপর তাদের চাদর (কিছুটা) তুলে দেয়, এতে অতি সহজেই তারা (পবিত্রা ও আজাদ হিসেবে)

فَلَا يُؤْذَيْنَ ۗ وَكَانَ اللَّهُ غَفُورًا رَّحِيمًا ﴿٥٩﴾ لَّئِن لَّمْ يَنتَهِ الْمُنَافِقُونَ وَالَّذِينَ فِي

ফালা- ইউ'যাইনা ; ওয়া কা-নাল লা-হু গাফূরার্ রাহীমা-। ৬০। লাইল্লাম্ ইয়ান্তাহিল্ মুনা-ফিক্বূনা ওয়াল্লাযীনা ফী

সনাক্ত হবে। ফলে তাদেরকে (পথে) বিরক্ত করা হবে না। আল্লাহ ক্ষমাশীল, অসীম দয়ালু। (৬০) যদি (এর পরেও) বিরত না থাকে, মুনাফিক এবং যাদের

قُلُوبِهِم مَّرَضٌ وَالْمُرْجِفُونَ فِي الْمَدِينَةِ لَنُغْرِيَنَّكَ بِهِمْ ثُمَّ لَا يُجَاوِرُونَكَ

কুলূবিহিম্ মারাদ্বুওঁ ওয়াল্ মুর্জ্বিফূনা ফিল্ মাদীনাতি লানুগ্রিয়ান্নাকা বিহিম্ ছুম্মা লা- ইউজ্বা-ওয়িরূনাকা

অন্তরে ব্যাধি আছে (তারা) এবং মদীনা (শহরে) মিথ্যা কথা রটনাকারীরা, তবে আমি আপনাকে তাদের উপর ক্ষমতাবান করে দিব, অতঃপর অল্প সংখ্যক আপনার পড়শী

فِيهَا إِلَّا قَلِيلًا ﴿٦٠﴾ مَّلْعُونِينَ ۖ أَيْنَمَا ثُقِفُوا أُخِذُوا وَقُتِّلُوا تَقْتِيلًا ﴿٦١﴾ سُنَّةَ اللَّهِ

ফীহা~ইল্লা- ক্বালীলা-। ৬১। মাল্'উনীনা, আইনামা- ছুক্বিফূ~উখিযূ ওয়া কুত্তিলূ তাক্বতীলা-। ৬২। সুন্নাতাল্লা-হি

হিসেবে এ শহরে থাকবে, (৬১) অভিশপ্ত অবস্থায়, তাদেরকে যেখানেই পাওয়া যাবে পাকড়াও করা হবে এবং টুকরা টুকরা করে হত্যা করা হবে। (৬২) আল্লাহর এ নিয়ম

সূরা আহ্যাব ৩৩ : ৬২

○ টীকা (আঃ ৬০) ঃ মিথ্যা গুজব রটনাকারীদের সম্বন্ধে তফসীরকারগণের মত এই যে, যখন মুসলমান সৈন্যবাহিনী জেহাদের জন্য যুদ্ধে থাকত, কতিপয় বিরুদ্ধবাদী কপট প্রকৃতির লোক মদীনায় এরূপ গুজব রটনা করত যে, মুসলিম সৈন্যগণ যুদ্ধে নিহত ও পরাজিত হয়ে পলায়ন করেছেন। এতে জেহাদকারী সৈন্যদের আত্মীয় ও প্রিয়জন বিচলিত হয়ে পড়ত। আলোচ্য আয়াত উক্ত মিথ্যা গুজব রটনাকারীদের সতর্ক করার জন্য অবতীর্ণ হয়েছিল। কিন্তু আয়াতের পূর্বে ও পশ্চাতের আয়াতগুলির সাথে পরস্পর যেরূপ সংযোগ সম্বন্ধে বুঝতে পারা যায়, তাতে আলোচ্য আয়াত 'উম্মুল মুমিনীন' হযরত আয়েশা সিদ্দীকা (রা)-এর প্রতি আরোপিত মিথ্যা অপবাদের প্রতি ইঙ্গিত করছে বলে মনে করা বিচিত্র নয়। অবশ্য ঐ মিথ্যা অপবাদের বিস্তারিত বিবরণ সূরা নূরে বর্ণিত হয়েছে।

فِي الَّذِينَ خَلَوْا مِنْ قَبْلُ ۖ وَلَنْ تَجِدَ لِسُنَّةِ اللَّهِ تَبْدِيلًا ﴿٦٢﴾ يَسْأَلُكَ النَّاسُ

ফিল্লাযীনা খালাও মিন্ ক্বাবলু, ওয়া লান্ তাজিদা লিসুন্নাতিল্লা-হি তাব্দীলা- । ৬৩ । ইয়াস্আলুকান্ না-সু

তাদের ব্যাপারেও প্রচলিত ছিল যারা এর পূর্বে অতিবাহিত হয়ে গেছে, আপনি আল্লাহর নিয়মে কখনও পরিবর্তন পাবেন না। (৬৩) মানুষ আপনার কাছে

عَنِ السَّاعَةِ ۖ قُلْ إِنَّمَا عِلْمُهَا عِنْدَ اللَّهِ ۚ وَمَا يُدْرِيكَ لَعَلَّ السَّاعَةَ تَكُونُ قَرِيبًا ﴿٦٣﴾

'আনিস্ সা-'আতি ; কুল্ ইন্নামা- 'ইল্মুহা- 'ইন্দাল্লা-হি ; ওয়া মা- ইউদ্রীকা লা'আল্লাস্ সা-'আতা তাকূনু ক্বারীবা- ।

কিয়ামত সম্পর্কে জিজ্ঞেস করে, আপনি বলুন, এ (কিয়ামত) সম্পর্কিত জ্ঞান শুধু মাত্র আল্লাহরই, যা অতি শীঘ্রই সংঘটিত হবে।

إِنَّ اللَّهَ لَعَنَ الْكَافِرِينَ وَأَعَدَّ لَهُمْ سَعِيرًا ﴿٦٤﴾ خَالِدِينَ فِيهَا أَبَدًا ۖ لَا يَجِدُونَ

৬৪ । ইন্নাল্লা-হা লা'আনাল্ কা-ফিরীনা ওয়া আ'আদ্দা লাহুম স্বা'ঈরা- । ৬৫ । খা-লিদীনা ফীহা~আবাদান্; লা- ইয়াজিদূনা

(৬৪) আল্লাহ অভিশাপ করেন কাফিরদের উপর এবং তাদের জন্য (জাহান্নামের) প্রজ্বলিত অগ্নি তৈরী করে রেখেছেন (৬৫) যাতে তারা চিরস্থায়ী থাকবে; তারা সেখানে কোন

وَلِيًّا وَلَا نَصِيرًا ﴿٦٥﴾ يَوْمَ تُقَلَّبُ وُجُوهُهُمْ فِي النَّارِ يَقُولُونَ يَا لَيْتَنَا أَطَعْنَا اللَّهَ

ওয়ালিয়্যাওঁ ওয়ালা- নাস্বীরা- । ৬৬ । ইয়াওমা তুক্বাল্লাবু উজূহুহুম ফিন্না-রি ইয়াক্বূলূনা ইয়া- লাইতানা~আ'ত্বা'নাল্লা-হা

বন্ধু ও সাহায্যকারী পাবে না। (৬৬) যেদিন তাদের চেহারা অগ্নিতে ওলট-পালট করা হবে সেদিন তারা বলবে, হায় আফসোস। যদি আমরা (পৃথিবীতে) আল্লাহর নির্দেশ পালন

وَأَطَعْنَا الرَّسُولَا ﴿٦٦﴾ وَقَالُوا رَبَّنَا إِنَّا أَطَعْنَا سَادَتَنَا وَكُبَرَاءَنَا فَأَضَلُّونَا السَّبِيلَا

ওয়া আ'ত্বা'নার রাসূলা- । ৬৭ । ওয়া ক্বা-লূ রাব্বানা~ইন্না~আ'ত্বা'না- সা-দাতানা- ওয়া কুবারা—আনা- ফাআদ্বাল্লূনাস্ সাবীলা- ।

করতাম এবং রাসূলের অনুসরণ করতাম। (৬৭) এবং তারা বলবে, হে আমাদের প্রতিপালক! আমরা আমাদের সরদার এবং আমাদের বড় (নেতা) দেরকে অনুসরণ করেছিলাম। ফলে তারাই আমাদেরকে সঠিক পথ থেকে বিভ্রান্ত করেছিল।

رَبَّنَا آتِهِمْ ضِعْفَيْنِ مِنَ الْعَذَابِ وَالْعَنْهُمْ لَعْنًا كَبِيرًا ﴿٦٨﴾ يَا أَيُّهَا الَّذِينَ

৬৮ । রাব্বানা~আ-তিহিম্ দ্বি'ফাইনি মিনাল্ 'আযা-বি ওয়াল্ 'আন্হুম লা'নান্ কাবীরা- ৬৯ । ইয়া~আইয়্যুহাল্ লাযীনা

(৬৮) হে আমাদের প্রপািলক! তাদেরকে দ্বিগুণ শাস্তি দিন এবং তাদের উপর (করুন) ভীষণ অভিশাপ (শাস্তি) প্রদান। (৬৯) হে মুমিনগণ!

৪০ ৫ রুকূ

آمَنُوا لَا تَكُونُوا كَالَّذِينَ آذَوْا مُوسَىٰ فَبَرَّأَهُ اللَّهُ مِمَّا قَالُوا ۚ وَكَانَ عِنْدَ اللَّهِ

আ-মানূ লা-তাকূনূ কাল্লাযীনা আ-যাও মূসা- ফাবাররাআহুল্লা-হু মিম্মা- ক্বা-লূ ; ওয়া কা-না 'ইন্দাল্লা-হি

তোমরা তাদের মত হয়ো না, যারা মূসাকে কষ্ট দিয়েছিল, তারা যে (মিথ্যা) কথা বলেছিল, আল্লাহ তাকে তা থেকে মুক্ত করেছিলেন এবং সে আল্লাহর কাছে

وَجِيهًا ﴿٦٩﴾ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللَّهَ وَقُولُوا قَوْلًا سَدِيدًا ﴿٧٠﴾ يُصْلِحْ لَكُمْ

ওয়া জীহা- । ৭০ । ইয়া~আয়্যুহাল্লাযীনা আমানুত তাক্বুল্লা-হা ওয়া ক্বূলূ ক্বাওলান সাদীদা- ৭১ । ইউস্লিহ্ লাকুম্

মর্যাদাবান ছিলেন। (৭০) হে মুমিনগণ! আল্লাহকে ভয় কর এবং সত্য কথা বল। (৭১) তবে আল্লাহ তোমাদের কাজগুলো

○ বিশ্লেষণ (আঃ ৬৯) ঃ فبراه الله – হযরত মূসা (আ) খুবই লাজুক ছিলেন। তিনি তাঁর শরীর মানুষের সামনে প্রকাশ করতেন না। বনী ইসরাইলগণ বলতে লাগল যে, মূসার (আ) শরীরে কুষ্ঠের দাগ থাকার কারণে সে পোশাক খোলেন না। একবার হযরত মূসা (আ) একটি পাথরের উপর কাপড় রেখে নির্জনে গোসল করছিলেন। পাথর আল্লাহর হুকুমে কাপড় নিয়ে ভেগে যেতে লাগল। মূসা (আ) পাথরের পিছনে পিছনে ছুটতে লাগলেন। শেষ পর্যন্ত বনী ইসরাইলের এক মজলিসে গিয়ে পৌঁছলেন। তারা হযরত মূসার (আ) শরীর উন্মুক্ত দেখে তাদের সব সন্দেহ দূর হল। আল্লাহ তায়ালা এভাবে তাকে সন্দেহমুক্ত করেছিলেন। (কুঃ কারীম)

أَعْمَالَكُمْ وَيَغْفِرْ لَكُمْ ذُنُوبَكُمْ ۗ وَمَنْ يُطِعِ اللَّهَ وَرَسُولَهُ فَقَدْ فَازَ فَوْزًا

'আমা-লাকুম ওয়া ইয়াগ্ফির্লাকুম যুনূবাকুম ; ওয়া মাই ইউত্বি'ইল্লা-হা ওয়া রাসূলাহূ ফাক্বাদ্ ফা-যা ফাওযান্

সংশোধন করে দিবেন (যাতে গ্রহণযোগ্য হয়) এবং তোমাদের গুনাহসমূহ মাফ করে দিবেন; । যে আল্লাহ ও তাঁর রাসূলের অনুগত হবে, সে মর্যাদাপূর্ণ

عَظِيمًا ﴿٧١﴾ إِنَّا عَرَضْنَا الْأَمَانَةَ عَلَى السَّمَاوَاتِ وَالْأَرْضِ وَالْجِبَالِ فَأَبَيْنَ

'আজীমা- । ৭২ । ইন্না- 'আরাদ্বনাল্ আমা-নাতা 'আলাস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্বি ওয়াল্ জিবা-লি ফাআবাইনা

সফলতা লাভ করবে। (৭২) আমি আমার আমানতকে পেশ করেছিলাম আকাশের প্রতি, যমীনের প্রতি এবং পাহাড়সমূহের প্রতি, কিন্তু তারা তা

أَنْ يَحْمِلْنَهَا وَأَشْفَقْنَ مِنْهَا وَحَمَلَهَا الْإِنْسَانُ ۖ إِنَّهُ كَانَ ظَلُومًا

আই ইয়াহ্মিল্নাহা- ওয়া আশ্ফাক্বনা- মিন্হা- ওয়া হামালাহাল ইন্সা-নু ; ইন্নাহূ কা-না জালূমান্

বহন করতে (ভয়ে) অস্বীকার করল এবং তাতে ভয় পেয়ে গেল। (কিন্তু) মানুষ তা বহন করল, নিশ্চয়ই সে (মানুষ) ছিল জালিম,

جَهُولًا ﴿٧٢﴾ لِيُعَذِّبَ اللَّهُ الْمُنَافِقِينَ وَالْمُنَافِقَاتِ وَالْمُشْرِكِينَ وَالْمُشْرِكَاتِ

জ্বাহূলা- । ৭৩ । লিইউ'আয্যিবাল্লা-হুল্ মুনা-ফিক্বীনা ওয়াল্ মুনা-ফিক্বা-তি ওয়াল্ মুশ্রিকীনা ওয়াল্ মুশ্রিকা-তি

নির্বোধ। (৭৩) ফলে, আল্লাহ শাস্তি দিবেন মুনাফিক পুরুষ, মুনাফিক মহিলা, মুশরিক পুরুষ ও মুশরিক মহিলাদেরকে,

وَيَتُوبَ اللَّهُ عَلَى الْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنَاتِ ۗ وَكَانَ اللَّهُ غَفُورًا رَحِيمًا ﴿٧٣﴾

ওয়া ইয়াতূবাল্লা-হু 'আলাল্ মু'মিনীনা ওয়াল্ মু'মিনা-তি; ওয়া কা-নাল্লা-হু গাফূরার্ রাহীমা- ।

এবং মুমিন পুরুষ ও মুমিন মহিলাগণকে ক্ষমা করবেন' আল্লাহ ক্ষমাশীল, অসীম দয়ালু।

সূরা ছাবা মাদানী

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

আয়াত ঃ ৫৪ রুকূ ঃ ৬

الْحَمْدُ لِلَّهِ الَّذِي لَهُ مَا فِي السَّمَاوَاتِ وَمَا فِي الْأَرْضِ وَلَهُ الْحَمْدُ فِي الْآخِرَةِ ۚ

১ । আলহাম্দু লিল্লা-হিল্ লাযী লাহূ মা-ফিস্ সামা-ওয়া-তি ওয়ামা-ফিল্ আরদ্বি ওয়া লাহুল্ হাম্দু ফিল্ আ-খিরাতি ;

(১) যাবতীয় প্রশংসা আল্লাহর জন্যই, যাঁর মালিকানায় রয়েছে আকাশ ও পৃথিবীতে যা কিছু রয়েছে সব কিছু; আর পরকালেও প্রশংসা তাঁরই জন্য।

وَهُوَ الْحَكِيمُ الْخَبِيرُ ﴿١﴾ يَعْلَمُ مَا يَلِجُ فِي الْأَرْضِ وَمَا يَخْرُجُ مِنْهَا وَمَا يَنْزِلُ

ওয়া হুওয়াল্ হাকীমুল্ খাবীর । ২ । ইয়া'লামু মা- ইয়ালিজু ফিল্ আরদ্বি ওয়া মা- ইয়াখ্রুজু মিন্হা- ওয়ামা-ইয়ানযিলু

তিনি প্রজ্ঞাপূর্ণ, মহাবিজ্ঞ। (২) তিনি জানেন, যা যমীনে প্রবেশ করে (যেমন- বৃষ্টি) এবং যা তা থেকে বের হয় (যেমন- উদ্ভিদ) আর যা বর্ষিত হয়

○ টীকা (আঃ ২) ঃ আকাশ ও পৃথিবী উভয় হতে 'বহির্গত ও প্রবেশের' বিবিধ দৃষ্টান্ত মিলতে পারে। তন্মধ্যে পানি বর্ষণ ও ফেরেশতার পৃথিবীতে আকাশ হতে বহির্গতের অন্তর্ভুক্ত; এবং সৎকার্য, ফেরেশতাগণের আরোহণ ও বাষ্পের উত্থান প্রভৃতি উহাতে প্রবেশ করে থাকে। আর মৃতদেহ সমাহিত করা ও ঐ সমস্ত বস্তু যা মৃত্তিকায় প্রোথিত করা হয় এগুলি পৃথিবীতে প্রবিষ্টের অন্তর্গত এবং বৃক্ষাদির উদ্ভব খনিজ পদার্থের আবিষ্কার ও কেয়ামতের দিবস মুরদাদের পুনরুত্থান ইত্যাদি পৃথিবী হতে বহির্গত বস্তুর শামিল। লক্ষ্য করিলে এরূপ অনেক দৃষ্টান্ত পাওয়া যায়। (কুঃ কাঃ)

مِنَ السَّمَآءِ وَمَا يَعْرُجُ فِيهَا ۚ وَهُوَ الرَّحِيمُ الْغَفُورُ ﴿٣﴾ وَقَالَ الَّذِينَ كَفَرُوا

মিনাস্ সামা—ই ওয়ামা- ইয়া'রুজু ফীহা- ; ওয়া হুওয়ার্ রাহ্বীমুল্ গাফূর। ৩। ওয়া ক্বা-লাল্ লাযীনা কাফারূ
আকাশ থেকে (যেমন- আল্লাহর রহমত) এবং যা আকাশে উঠে যায় (যেমন- বান্দার আমল)। তিনি দয়াশীল, ক্ষমাশীল। (৩) কাফিরেরা বলে,

لَا تَأْتِينَا السَّاعَةُ ۖ قُلْ بَلٰى وَرَبِّي لَتَأْتِيَنَّكُمْ عٰلِمِ الْغَيْبِ ۖ لَا يَعْزُبُ عَنْهُ

লা- তা'তীনাস্ সা-'আতু ; ক্বুল্ বালা- ওয়া রাব্বী লাতা'তিইয়ান্নাকুম্, 'আ-লিমিল্ গাইবি, লা- ই'য়াযুবু 'আন্হু
আমাদের উপর কেয়ামত আসবে না; বলুন, কেন আসবে না, আমার প্রতিপালকের শপথ! যিনি অদৃশ্য বিষয়ে মহাজ্ঞানী, তা তোমাদের নিকট আসবেই,

مِثْقَالُ ذَرَّةٍ فِي السَّمٰوٰتِ وَلَا فِي الْاَرْضِ وَلَآ اَصْغَرُ مِنْ ذٰلِكَ وَلَآ اَكْبَرُ

মিছ্ক্বা-লু যার্রাতিন্ ফিস্ সামা-ওয়া-তি ওয়ালা- ফিল্ আর্দ্বি ওয়ালা~আস্বগারু মিন্ যা-লিকা ওয়ালা~আক্বারু
তার থেকে বিন্দু পরিমাণ জিনিসও গোপন নয়, না আকাশে, না পৃথিবীতে, বরং তার চেয়েও অতি ক্ষুদ্র এবং বড় জিনিসও

اِلَّا فِي كِتٰبٍ مُّبِيْنٍ ﴿٤﴾ لِّيَجْزِيَ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ ۗ اُولٰٓئِكَ

ইল্লা- ফী কিতা-বিম্ মুবীন। ৪। লিইয়াজ্বযিয়াল্ লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুস্ব স্বা-লিহা-তি ; উলা—ইকা
স্পষ্ট কিতাবে (লিখিত) রয়েছে। (৪) (কেয়ামত না আসার) কারণ নেই যে, তিনি (আল্লাহ) মুমিনগণ ও নেককারগণকে প্রতিদান দিবেন। এদের জন্যই রয়েছে

لَهُمْ مَّغْفِرَةٌ وَّرِزْقٌ كَرِيْمٌ ﴿٥﴾ وَالَّذِيْنَ سَعَوْ فِيْٓ اٰيٰتِنَا مُعٰجِزِيْنَ اُولٰٓئِكَ لَهُمْ

লাহুম্ মাগ্ফিরাতুঁও ওয়া রিয্ক্বুন্ কারীম। ৫। ওয়াল্লাযীনা সা'আও ফী~আ-ইয়া-তিনা- মু'আ-জ্বিযীনা উলা—ইকা লাহুম
ক্ষমা এবং সম্মানজনক রিযিক। (৫) যারা আমার আয়াতসমূহকে অপারগ করার চেষ্টা করে তাদের জন্যই রয়েছে

عَذَابٌ مِّنْ رِّجْزٍ اَلِيْمٌ ﴿٦﴾ وَيَرَى الَّذِيْنَ اُوْتُوا الْعِلْمَ الَّذِيْٓ اُنْزِلَ اِلَيْكَ

'আযা-বুম্ মির্ রিজ্বযিন্ আলীম। ৬। ওয়া ইয়ারাল লাযীনা উতুল্ 'ইল্মাল্লাযী~উন্যিলা ইলাইকা
নিকৃষ্ট যন্ত্রণাময় শাস্তি। (৬) আর যাদেরকে জ্ঞান দান করা হয়েছে তারা জানে যে, যা কিছু আপনার কাছে আপনার

مِنْ رَّبِّكَ هُوَ الْحَقَّ ۙ وَيَهْدِيْٓ اِلٰى صِرَاطِ الْعَزِيْزِ الْحَمِيْدِ ﴿٧﴾ وَقَالَ الَّذِيْنَ

মির্ রাব্বিকা হুওয়াল্ হ্বাক্ক্বা, ওয়া ইয়াহ্দী~ইলা- স্বিরা-ত্বিল্ 'আযীযিল্ হ্বামীদ্। ৭। ওয়া ক্বা-লাল্লাযীনা
প্রতিপালকের তরফ থেকে অবতীর্ণ হয়েছে তা সত্য এবং তা মহা ক্ষমতাবান, প্রশংসাযোগ্য আল্লাহর দিকে পথ প্রদর্শন করেন। (৭) কাফিরেরা (একে অপরকে)

كَفَرُوْا هَلْ نَدُلُّكُمْ عَلٰى رَجُلٍ يُّنَبِّئُكُمْ اِذَا مُزِّقْتُمْ كُلَّ مُمَزَّقٍ ۙ اِنَّكُمْ لَفِيْ

কাফারূ হাল্ নাদুল্লুকুম্ 'আলা- রাজুলিই ইউনাব্বিউকুম্ ইযা- মুয্যিক্বতুম্ কুল্লা মুমায্যাক্বিন, ইন্নাকুম্ লাফী
বলে, আমরা কি তোমাদেরকে এমন এক ব্যক্তির কথা বলব, যে তোমাদেরকে এ সংবাদ দেয় যে, যখন তোমরা (কবরে) একেবারে টুকরা টুকরা হয়ে যাবে, তখন

خَلْقٍ جَدِيْدٍ ﴿٨﴾ اَفْتَرٰى عَلَى اللّٰهِ كَذِبًا اَمْ بِهٖ جِنَّةٌ ۗ بَلِ الَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ

খাল্ক্বিন্ জ্বাদীদ। ৮। আফ্তারা- 'আলাল্লা-হি কাযিবান্ আম্ বিহী জ্বিন্নাতুন; বালিল লাযীনা লা- ইউ'মিনূনা
তোমরা (পুনরায়) নতুন সৃষ্টি রূপে ওঠবে? (৮) অবে সেকি আল্লাহ সম্পর্কে মিথ্যা কথা বানিয়েছে, না সে উম্মাদগ্রস্ত? বরং পরকালে অবিশ্বাসীরা

بِالْاٰخِرَةِ فِي الْعَذَابِ وَالضَّلٰلِ الْبَعِيْدِ ﴿٩﴾ اَفَلَمْ يَرَوْا اِلٰى مَا بَيْنَ اَيْدِيْهِمْ

বিল্ আ-খিরাতি ফিল্ 'আযা-বি ওয়াদ্বদ্বালা-লিল্ বা'ঈদ। ৯। আফালাম্ ইয়ারাও ইলা- মা- বাইনা আইদীহিম
(পৃথিবীতে) শাস্তির মধ্যে ও চরম বিভ্রান্তির মধ্যে রয়েছে। (৯) তারা কি সেগুলোকে? দেখে না, যা তাদের সামনে

وَمَا خَلْفَهُمْ مِّنَ السَّمَآءِ وَالْاَرْضِ ۗ اِنْ نَّشَاْ نَخْسِفْ بِهِمُ الْاَرْضَ اَوْ نُسْقِطْ عَلَيْهِمْ

ওয়ামা- খাল্ফাহুম্ মিনাস্ সামা—ই ওয়াল্ আর্দ্বি ; ইন্ নাশা' নাখ্সিফ্ বিহিমুল্ আর্দ্বা আও নুসক্বিত্ব 'আলাইহিম্
ও পিছনে, আকাশ ও পৃথিবীতে আছে? যদি আমি ইচ্ছা করি তাদের সহ পৃথিবীতে দাবিয়ে দিব অথবা তাদের উপর আকাশের

كِسَفًا مِّنَ السَّمَآءِ ۗ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيَةً لِّكُلِّ عَبْدٍ مُّنِيْبٍ ﴿١٠﴾ وَلَقَدْ اٰتَيْنَا دَاوٗدَ

ع ১ ৭ রুকূ

কিসাফাম্ মিনাস্ সামা—ই ; ইন্না ফী যা-লিকা লাআ-য়াতাল্ লিকুল্লি 'আব্দিম্ মুনীব্। ১০। ওয়া লাক্বাদ্ আ-তাইনা- দা-উদা
টুকরা ফেলে দিব। নিশ্চয়ই এর মধ্যে নিদর্শন রয়েছে (আল্লাহর দিকে) প্রত্যাবর্তনকারী প্রত্যেক বান্দার জন্য। (১০) নিশ্চয়ই আমি দাউদের প্রতি আমার অনুগ্রহ দান করেছিলাম

مِنَّا فَضْلًا ۖ يٰجِبَالُ اَوِّبِيْ مَعَهٗ وَالطَّيْرَ ۚ وَاَلَنَّا لَهُ الْحَدِيْدَ ﴿١١﴾ اَنِ اعْمَلْ

মিন্না- ফাদ্বলান্ ; ইয়া-জ্বিবা-লু আওয়্যিবী মা'আহূ ওয়াত্ত্বাইরা, ওয়া আলান্না- লাহুল্ হ্বাদীদ্। ১১। আ'নিমাল্
এবং (বলেছিলাম) হে পাহাড়! তার সাথে মধুর আওয়াজে (তাসবীহ) পাঠ কর এবং পাখীকেও (বলেছিলাম) এবং তাঁর জন্য লোহাকে নরম করে দিয়েছিলাম। (১১) যাতে আপনি

سٰبِغٰتٍ وَّقَدِّرْ فِي السَّرْدِ وَاعْمَلُوْا صَالِحًا ۗ اِنِّيْ بِمَا تَعْمَلُوْنَ بَصِيْرٌ ﴿١٢﴾ وَلِسُلَيْمٰنَ

সা-বিগা-তিও ওয়া ক্বাদ্দির্ ফিস্ সার্দি ও'য়ামালূ স্বা-লিহ্বান; ইন্নী বিমা- তা'মালূনা বাস্বীর। ১২। ওয়া লিসুলাইমা-নার্
প্রশস্ত বর্ম তৈরী করতে পারেন এবং বানানোর পরিমাণও ঠিক রাখতে পারেন এবং তোমরা নেক কাজ কর নিশ্চয়ই আমি তোমাদের কর্মসমূহ দেখি। (১২) আমি সুলায়মানের

الرِّيْحَ غُدُوُّهَا شَهْرٌ وَّرَوَاحُهَا شَهْرٌ ۚ وَاَسَلْنَا لَهٗ عَيْنَ الْقِطْرِ ۗ وَمِنَ الْجِنِّ مَنْ

রীহ্বা গুদুওয়্যুহা- শাহ্রুঁও ওয়া রাওয়া-হুহা- শাহ্রুন্, ওয়া আসাল্না- লাহূ 'আইনাল ক্বিত্ব্রি ; ওয়া মিনাল্ জ্বিন্নি মাই
জন্য বায়ুকে অধীন করে দিয়েছিলাম, সকালে তার ভ্রমণ এক মাসের পথ হত এবং সন্ধ্যায় তার ভ্রমণ এক মাসের পথ হত এবং আমি তার জন্য গলিত তামার ঝরণা প্রবাহিত

يَّعْمَلُ بَيْنَ يَدَيْهِ بِاِذْنِ رَبِّهٖ ۗ وَمَنْ يَّزِغْ مِنْهُمْ عَنْ اَمْرِنَا نُذِقْهُ مِنْ عَذَابِ

ই'য়ামালু বাইনা ইয়াদাইহি বিইয্নি রাব্বিহী ; ওয়া মাই ইয়াযিগ্ মিন্হুম্ 'আন্ আম্রিনা- নুযিক্বহু মিন্ 'আযা-বিস্
করেছিলাম, কতিপয় জীন তার প্রতিপালকের নির্দেশে তার অধীনস্থ হয়ে তাঁর সামনে কাজ করত। তাদের মধ্য হতে যে কেহ আমার নির্দেশের অবাধ্য হয়, আমি তাকে প্রজ্জ্বলিত

السَّعِيْرِ ﴿١٣﴾ يَعْمَلُوْنَ لَهٗ مَا يَشَآءُ مِنْ مَّحَارِيْبَ وَتَمَاثِيْلَ وَجِفَانٍ كَالْجَوَابِ

সা'ঈর। ১৩। ই'য়ামালূনা লাহূ মা- ইয়াশা—উ মিম্ মাহা-রীবা ওয়া তামা-ছীলা ওয়া জ্বিফা-নিন্ কাল্ জ্বাওয়া-বি
(জাহান্নামের) অগ্নির শাস্তির স্বাদ উপভোগ করাব। (১৩) সুলায়মান যা চাইত, তা তারা (জীনেরা) বানিয়ে দিত, যেমন সুন্দর প্রাসাদ, প্রতিকৃতি, পানির হাউজের ন্যায় বড় পাত্র

○ টীকা (আঃ ১০) ঃ হযরত দাউদ (আ)-এর অতিশয় মধুরকণ্ঠ ছিল। তিনি যখন তাঁর স্বভাবসিদ্ধ সুমিষ্টস্বরে আল্লাহর 'তস্বীহ' ও 'জিকের' প্রগাঢ় ভক্তি
সহকারে নিমগ্ন হতেন, তখন মানুষ ত দূরের কথা, পর্বত সগর্জনে প্রতিধ্বনিত হয়ে উঠত এবং অরণ্যের পক্ষীকুলও হর্ষোন্মত্ত হয়ে পড়ত। (কুঃ কাঃ)
○ টীকা (আঃ ১৩) ঃ তৎকালীন শরিয়তে নিষিদ্ধ ছিল না বলিয়া তাহারা নবীগণ, ফেরেশতা বা অন্যান্য জীবজন্তুর কাল্পনিক ও বাস্তব মূর্তিসমূহ তৈরী
করত। মূর্তিপূজার মূলোচ্ছেদ করার উদ্দেশ্যে বর্তমান ইসলামী শরিয়তে প্রাণীর ছবি অঙ্কন ও মূর্তি গঠন করা সম্পূর্ণ নিষিদ্ধ করা হয়েছে। (কুঃ কাঃ)
○ বিশ্লেষণ (আঃ ১৩) ঃ تماثيل - অর্থ প্রতিকৃতি, ভাস্কর্য, মূর্তি। যা তামা ও সাদা পাথরের নির্মিত ছিল, কাতাদাহ (রা) বলেন, সেগুলো মাটি ও কাঁচের
ছিল। হযরত সুলায়মান (আ)-এর শরীয়তে ভাস্কর্য নির্মাণ করা নিষিদ্ধ ছিল না। কিন্তু ইসলামে এগুলো নির্মাণ করা কঠোরভাবে নিষিদ্ধ করা হয়েছে।

وقدور رسيت اعملوا آل داود شكرا وقليل من عبادي الشكور ۝

ওয়া ক্বুদূরির্ রা-সিয়া-তিন্ ; 'ইমালূ~আ-লা দাউদা শুকরান ; ওয়া ক্বালীলুম্ মিন্ 'ইবা-দিয়াশ্ শাকূর্।
এবং চুলার উপরে স্থাপিত বিরাট ডেগ। হে দাউদ গোত্রীয় লোকজন! এর কৃতজ্ঞতা স্বরূপ নেক কাজ কর। আমার বান্দাদের মধ্যে কৃতজ্ঞ খুবই অল্প।

⑭ فلما قضينا عليه الموت ما دلهم على موته الا دابة الارض تاكل منساته

১৪। ফালাম্মা- ক্বাদ্বাইনা- 'আলাইহিল্ মাওতা মা-দাল্লাহুম্ 'আলা মাওতিহী~ইল্লা- দা—ব্বাতুল্ আরদ্বি তা'কুলু মিন্সাআতাহু,
(১৪) যখন আমি সুলায়মানের মৃত্যু সঙ্ঘটিত করলাম, তখন জ্বিনদেরকে তার মৃত্যু সম্পর্কিত খবর মাটির পোকা ব্যতীত, কেউ জানায় নি যারা তার (সুলায়মানের)

فلما خر تبينت الجن ان لو كانوا يعلمون الغيب ما لبثوا في العذاب

ফালাম্মা- খার্রা তাবাইয়্যানাতিল্ জ্বিন্নু আল লাও কা-নূ ইয়া'লামূনাল্ গাইবা মা-লাবিছূ ফিল্ 'আযা-বিল
লাঠি খেতে ছিল। যখন সুলায়মান মাটিতে পড়ে গেল তখন জিনেরা জানতে পারল যে, যদি তারা অদৃশ্য বিষয় জানত, তবে তারা অপমানকর শাস্তির মধ্যে থাকত

المهين ⑮ لقد كان لسبا في مسكنهم اية جنتن عن يمين وشمال كلوا

মুহীন। ১৫। লাক্বাদ্ কা-না লিসাবাইন্ ফী মাস্কানিহিম আ-ইয়াতুন্, জ্বান্নাতা-নি 'আইঁ ইয়ামীনিওঁ ওয়া শিমা-লিন ; কুলূ
না। (১৫) সাবা (সম্প্রদায়)-এর জন্য তাদের বাসস্থানে (আল্লাহর কুদরতের) নিদর্শন ছিল। তাদের ডানে ও বামে দুটি বাগান ছিল। (আমি তাদেরকে নির্দেশ দিয়েছিলাম যে,)

من رزق ربكم واشكروا له بلدة طيبة ورب غفور ⑯ فاعرضوا

মির্ রিয্ক্বি রাব্বিকুম্ ওয়াশ্কুরূ লাহূ ; বাল্দাতুন্ ত্বাইয়্যিবাতুওঁ ওয়া রাব্বুন্ গাফূর। ১৬। ফা'আরাদ্বূ
তোমাদের প্রতিপালকের দেয়া রিযিক খাও এবং তাঁর কৃতজ্ঞতা স্বীকার কর এটি উত্তম শহর এবং প্রতিপালক (আল্লাহ) মহা ক্ষমাশীল। (১৬) কিন্তু তারা

فارسلنا عليهم سيل العرم وبدلنهم بجنتيهم جنتين ذواتى اكل

ফাআর্সাল্না- 'আলাইহিম সাইলাল্ 'আরিমি ওয়া বাদ্দাল্না-হুম বিজ্বান্নাতাইহিম জ্বান্নাতাইনি যাওয়া-তাই উকুলিন্
অবাধ্য হল, ফলে আমি তাদের উপর তীব্র (পানির) স্রোত প্রবাহিত করে দিলাম এবং আমি তাদের (সুন্দর) দুটি বাগানের পরিবর্তে (এমন) দুটি বাগান দিলাম যাতে ছিল

خمط واثل وشيء من سدر قليل ⑰ ذلك جزينهم بما كفروا وهل

খাম্ত্বিওঁ ওয়া আছ্লিওঁ ওয়া শাইয়িম্ মিন্ সিদ্রিন্ ক্বালীল্। ১৭। যা-লিকা জ্বাযাইনা-হুম্ বিমা- কাফারূ ; ওয়া হাল্
স্বাদহীন (তিক্ত) ফল, ঝাউ এবং কিছু কুল বৃক্ষ। (১৭) আমি তাদেরকে এটা তাদের প্রতিফলস্বরূপ দিয়েছিলাম, তাদের কুফরীর কারণে। আমি (এ ধরনের) প্রতিফল

نجزي الا الكفور ⑱ وجعلنا بينهم وبين القرى التي بركنا فيها قرى

নুজ্বা-যী~ইল্লাল্ কাফূর। ১৮। ওয়া জ্বা'আল্না- বাইনাহুম ওয়া বাইনাল্ ক্বুরাল্লাতী বা-রাক্না- ফীহা- ক্বুরান্
শুধু অকৃতজ্ঞদেরকে দিয়ে থাকি। (১৮) আমি তাদের এবং সে জনপদের মাঝে যেখানে আমি কল্যাণ দান করেছিলাম, কিছু প্রকাশ্য জনবসতি সৃষ্টি করেছিলাম

০ বিশ্লেষণ (আঃ ১৪) ঃ يعلمون الغيب – হযরত সুলায়মান (আ)-এর যুগে জিনদের বিশ্বাস ছিল যে, সুলায়মান (আ) অদৃশ্যের খবর অবশ্যই জানেন। কিন্তু হযরত সুলায়মানের (আ) ওফাতের দ্বারা জিনদের এই বিশ্বাস দূরিভূত হলো। (কুঃ কারীম)

০ বিশ্লেষণ (আঃ ১৫) ঃ بلدة طيبة – শহরে প্রচুর ফলের বাগান থাকার কারণে উত্তম শহর বলা হয়েছে। কারো মতে, উক্ত শহরের আবহাওয়া খুবই উত্তম ও স্বাস্থ্যকর হওয়ার কারণে উত্তম শহরে বলা হয়েছে। উত্তম আবহাওয়ার কারণে, এ শহরটি ছিল, মশা-মাছি ও দুর্গন্ধ থেকে মুক্ত শহর। (কুঃ কারীম)

ظاهرة وقدرنا فيها السير سيروا فيها ليالي واياما امنين ⑲ فقالوا ربنا

জা-হিরাতাওঁ ওয়া ক্বাদ্দার্না- ফীহাস্ সাইরা ; সীরূ ফীহা- লায়া-লিয়া ওয়া আইয়্যা মান্ আ-মিনীন। ১৯। ফাক্বা-লূ রাব্বানা-
এবং সেখানে ভ্রমণের পথও নির্ধারণ করে দিয়েছিলাম এবং যেখানে রাতে ও দিনে তোমরা নিরাপদে ভ্রমণ (চলাফেরা) কর। (১৯) কিন্তু তারা বলল, হে আমাদের প্রতিপালক।

بعد بين اسفارنا وظلموا انفسهم فجعلنهم احاديث ومزقنهم كل ممزق

বা-'ইদ্ বাইনা আস্ফা-রিনা- ওয়া জালামূ~আন্ফুসাহুম্ ফাজ্বা'আল্না-হুম্ আহ্বা-দীছা ওয়া মায্যাক্বনা-হুম্ কুল্লা মুমায্যাক্বিন্ ;
আমাদের ভ্রমণের পথ দূরত্ব করে দাও তারা তাদের নিজেদের উপর জুলুম করেছে। ফলে আমি তাদেরকে আলোচনার বস্তু হিসেবে পরিণত করলাম এবং তাদেরকে টুকরা টুকরা

ان في ذلك لايت لكل صبار شكور ⑳ ولقد صدق عليهم ابليس ظنه

ইন্না ফী যা-লিকা লাআ-য়া-তিল্ লিকুল্লি স্বাব্বা-রিন্ শাকূর্। ২০। ওয়া লাক্বাদ্ স্বাদ্দাক্বা 'আলাইহিম ইব্লীসু জান্নাহূ
করে দিলাম। নিশ্চয়ই এতে প্রত্যেক ধৈর্যশীল, কৃতজ্ঞের জন্য রয়েছে দৃষ্টান্ত। (২০) ইবলীস (শয়তান) তাদের ব্যাপারে, তার নিজ ধারণা সত্য করে দেখিয়েছে,

فاتبعوه الا فريقا من المؤمنين ㉑ وما كان له عليهم من سلطن الا لنعلم

ফাত্তাবা'উহু ইল্লা- ফারীক্বাম্ মিনাল্ মু'মিনীন। ২১। ওয়া মা- কা-না লাহূ 'আলাইহিম্ মিন্ সুল্ত্বা-নিন্ ইল্লা- লিনা'লামা
শুধু মাত্র মুমিনগণের একটি দল ব্যতীত সবাই তার অনুসরণ করেছিল। (২১) যাদের উপর ইবলীস (শয়তান) এর কোনই ক্ষমতা ছিল না। কিন্তু (এর দ্বারা) আমার

২ ع ৮ রুকু

من يؤمن بالاخرة ممن هو منها في شك وربك على كل شيء حفيظ ۝

মাইঁ ইউ'মিনু বিল আ-খিরাতি মিম্মান্ হুওয়া মিন্হা- ফী শাক্কিন্ ; ওয়া রাব্বুকা 'আলা- কুল্লি শাইয়িন্ হ্বাফীজ্।
উদ্দেশ্য ছিল যে, আমি (প্রকাশ্য ভাবে) জেনে নিব, কে পরকালে বিশ্বাসী এবং কে সে (পরকাল) ব্যাপারে সন্দেহের মধ্যে। আপনার প্রতিপালক সর্ব বিষয়ের রক্ষক।

㉒ قل ادعوا الذين زعمتم من دون الله لا يملكون مثقال ذرة في

২২। ক্বুলিদ্'উল্ লাযীনা যা'আম্তুম্ মিন্ দূনিল্লা-হি, লা- ইয়াম্লিকূনা মিছ্ক্বা-লা যার্রাতিন্ ফিস্
(২২) বলুন, তোমরা ডাক তাদেরকে, যাদেরকে তোমরা আল্লাহ ব্যতীত (মাবুদ) ধারণা কর। তারা

السموت ولا في الارض وما لهم فيهما من شرك وما له منهم من ظهير ۝

সামা-ওয়া-তি ওয়ালা- ফিল্ আর্দ্বি ওয়া মা- লাহুম ফীহিমা- মিন্ শির্কিওঁ ওয়ামা- লাহূ মিন্হুম্ মিন্ জাহীর।
আকাশ ও পৃথিবীতে বিন্দু পরিমাণ (জিনিস) এরও মালিক নয় এবং এতদুভয়ের মধ্যে তাদের কোনই অংশ নেই এবং তাদের মধ্যে কেহ আপনার সাহায্যকারীও নয়।

ولا تنفع الشفاعة عنده الا لمن اذن له حتى اذا فزع عن قلوبهم

২৩। ওয়ালা- তান্ফা'উশ্ শাফা-'আতু 'ইন্দাহূ~ইল্লা- লিমান্ আযিনা লাহূ ;হ্বাত্তা~ ইযা- ফুয্যি'আ 'আন্ ক্বুলূবিহিম্
(২৩) যাকে (সুপারিশ করার) অনুমতি দেয়া হয় সে ছাড়া কারও সুপারিশ আল্লাহর কাছে কাজে আসবে না। যখন তাদের অন্তর হতে ভয় উঠিয়ে নেয়া হবে তখন তারা

قالوا ماذا قال ربكم قالوا الحق وهو العلي الكبير ㉓ قل من يرزقكم

ক্বা-লূ মা-যা-, ক্বা-লা রাব্বুকুম ; ক্বা-লুল্ হ্বাক্ব্ক্বা, ওয়া হুওয়াল্ 'আলিয়্যুল্ কাবীর। ২৪। ক্বুল্ মাইঁ ইয়ার্যুক্বুকুম্
একে অপরকে বলবে, তোমাদের প্রতিপালক কি বলেছেন? জবাবে তারা বলবে, যা সত্য তাই বলেছেন, তিনি মহান, সমুন্নত। (২৪) আপনি বলুন, কে তোমাদের

مِّنَ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ قُلِ اللّٰهُ ۙ وَاِنَّاۤ اَوْ اِيَّاكُمْ لَعَلٰى هُدًى اَوْ فِىْ ضَلٰلٍ

মিনাস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্দ্বি ; কুলিল্লা-হু, ওয়া ইন্না~আও ইয়্যা-কুম লা'আলা- হুদান্ আও ফী দ্বালা-লিম্

আকাশ এবং পৃথিবী হতে রিযিক প্রদান করে? আপনিই বলুন, আল্লাহ; (তাদেরকে এটাও বলুন যে) নিশ্চয়ই আমরা বা তোমরা হয় সৎ পথে আছি, না হয় স্পষ্ট ভ্রান্তির মধ্যে

مُّبِيْنٍ ﴿٢٤﴾ قُلْ لَّا تُسْـَٔلُوْنَ عَمَّاۤ اَجْرَمْنَا وَلَا نُسْـَٔلُ عَمَّا تَعْمَلُوْنَ ﴿٢٥﴾ قُلْ يَجْمَعُ

মুবীন। ২৫। কুল্ লা- তুস্আলূনা 'আম্মা~আজ্রাম্না- ওয়ালা- নুস্আলু 'আম্মা- 'তামালূন। ২৬। কুল্ ইয়াজ্মা'উ

আছি। (২৫) আপনি বলে দিন, আমাদের কৃত অপরাধের জন্য তোমরা জিজ্ঞাসিত হবে না এবং তোমাদের কৃত কাজের জন্য আমরা জিজ্ঞাসিত হব না। (২৬) বলুন, আমাদের

بَيْنَنَا رَبُّنَا ثُمَّ يَفْتَحُ بَيْنَنَا بِالْحَقِّ ؕ وَهُوَ الْفَتَّاحُ الْعَلِيْمُ ﴿٢٦﴾ قُلْ اَرُوْنِىَ الَّذِيْنَ

বাইনানা- রাব্বুনা- ছুম্মা ইয়াফ্তাহু বাইনানা- বিল্ হাক্কি ; ওয়া হুয়াল্ ফাত্তা-হুল্ 'আলীম। ২৭। কুল্ আরূনিয়াল্ লাযীনা

সবাইকে আমাদের প্রতিপালক একত্রিত করবেন, অতঃপর (তিনি) আমাদের মাঝে ন্যায়ের সাথে ফয়সালা করে দিবেন। তিনি ন্যায় বিচারকারী, মহাজ্ঞানী। (২৭) আপনি বলুন, আচ্ছা তোমরা আমাকে তাদেরকে দেখাও যাদেরকে

اَلْحَقْتُمْ بِهٖ شُرَكَآءَ كَلَّا ؕ بَلْ هُوَ اللّٰهُ الْعَزِيْزُ الْحَكِيْمُ ﴿٢٧﴾ وَمَاۤ اَرْسَلْنٰكَ اِلَّا كَآفَّةً

আল্হাক্বতুম্ বিহী শুরাকা—আ কাল্লা- ; বাল্ হুওয়াল্লা-হুল্ 'আযীযুল্ হাকীম। ২৮। ওয়া মা~আর্সাল্না-কা ইল্লা- কা—ফ্ফাতাল্

তোমরা শরীক হিসেবে তাঁর সাথে মিলিয়ে রেখেছ। কখনই (তা পারবে) না, বরং তিনি (আল্লাহ) মহা শক্তিশালী, প্রজ্ঞাবান। (২৮) আমি আপনাকে প্রেরণ করেছি সমগ্র

لِّلنَّاسِ بَشِيْرًا وَّنَذِيْرًا وَّلٰكِنَّ اَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُوْنَ ﴿٢٨﴾ وَيَقُوْلُوْنَ مَتٰى

লিন্না-সি বাশীরাওঁ ওয়া নাযীরাওঁ ওয়ালা- কিন্না আক্ছারান্ না-সি লা- ই'য়ালামূন। ২৯। ওয়া ইয়াকূলূনা মাতা-

মানুষের জন্য শুধু সু সংবাদদাতা, ভীতি প্রদর্শনকারী হিসেবে, অধিকাংশ মানুষ তা জানে না। (২৯) তারা বলে, সে (শাস্তি বা কিয়ামতের) প্রতিশ্রুতি কখন পূর্ণ হবে,

هٰذَا الْوَعْدُ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٢٩﴾ قُلْ لَّكُمْ مِّيْعَادُ يَوْمٍ لَّا تَسْتَاْخِرُوْنَ عَنْهُ

হা-যাল্ ও'য়াদু ইন্ কুন্তুম স্বা-দ্বিক্বীন। ৩০। কুল্ লাকুম্ মী'আ-দু ইয়াওমিল্ লা- তাস্তা'খিরূনা 'আন্হু

যদি সত্যবাদী হয়ে থাক তবে বল? (৩০) বলুন, তোমাদের জন্য একটি প্রতিশ্রুতির দিন নির্ধারিত রয়েছে, যা থেকে তোমরা এক মুহূর্ত সময়

سَاعَةً وَّلَا تَسْتَقْدِمُوْنَ ﴿٣٠﴾ وَقَالَ الَّذِيْنَ كَفَرُوْا لَنْ نُّؤْمِنَ بِهٰذَا الْقُرْاٰنِ

সা-'আতাওঁ ওয়ালা- তাস্তাক্বদিমূন। ৩১। ওয়া ক্বা-লাল্লাযীনা কাফারূ লান্ নু'মিনা বিহা-যাল্ কুরআ-নি

পিছনেও হটাতে পারবে না এবং সামনেও আগাতে পারবে না। (৩১) আর কাফিরেরা বলে যে, আমরা কখনই এ কুরআনকে বিশ্বাস করব না

ع ৩ ৯ রুকূ

وَلَا بِالَّذِىْ بَيْنَ يَدَيْهِ ؕ وَلَوْ تَرٰۤى اِذِ الظّٰلِمُوْنَ مَوْقُوْفُوْنَ عِنْدَ رَبِّهِمْ ۖ

ওয়ালা- বিল্লাযী বাইনা ইয়াদাইহি ; ওয়ালাও তারা~ইযিজ্ জা-লিমূনা মাওকূফূনা 'ইন্দা রাব্বিহিম;

এবং এর পূর্বের কিতাবের উপরেও নয়; (হে নবী!) আপনি যদি দেখতেন, যখন জালিমদেরকে দাঁড় করান হবে তাদের প্রতিপালকের সামনে,

○ টীকা (আঃ ২৮) ঃ অর্থাৎ, জিন জাতীয় ও মানব জাতীর, আরবী এবং অনারবী, বর্তমানের এবং ভবিষ্যতের সকলের জন্য। (বঃ কোঃ)

○ টীকা (আঃ ২৯) ঃএবং না বুঝার কারণে মূর্খতা বশতঃ আপনার রেসালত অবিশ্বাস করে। অবশ্য চিন্তা করিলে তাহারা বিশ্বাস অর্জন করিতেও পারিত; কিন্তু মূর্খতা বশতঃ চিন্তাই করে না। ○ বিশ্লেষণ (আঃ ৩১) ঃ بين يديه – অর্থাৎ, তাওরাত, জাবুর, ইঞ্জিল, ইত্যাদি আসমানী কিতাবসমূহ। কারো মতে, এখানে কেয়ামতকে বুঝানো হয়েছে। (কুঃ কারীম) ○ টীকা (আঃ ৩১) ঃ অর্থাৎ, এই জিজ্ঞাসাবাদ দ্বারা সে কিয়ামত দিবসকে অস্বীকার করাই তোমাদের উদ্দেশ্য। উহার নির্দিষ্ট প্রতিশ্রুতির সময় অবশ্যই আসিবে। যদিও আমি এখন উহার নির্দিষ্ট সময়ের কথা বলে না দেই। (বঃ কোঃ)

সূরা ছাবা ঃ ৩৪ নূরানী বাংলা উচ্চারণ ক্বোরআন শরীফ ওয়া মাই ইয়াক্বনুত্ ঃ ২২

يَرْجِعُ بَعْضُهُمْ اِلٰى بَعْضِ ِۨ الْقَوْلَ ۚ يَقُوْلُ الَّذِيْنَ اسْتُضْعِفُوْا لِلَّذِيْنَ

ইয়ার্জ্বি'উ বা'দ্বুহুম্ ইলা- বা'দ্বিনিল্ ক্বাওলা, ইয়াকূলুল্ লাযীনাস্ তুদ্ব'ইফূ লিল্লাযীনাস্

তখন তারা একে অন্যের প্রতি (দোষ চাপিয়ে) কথা বলতে থাকবে। যাদেরকে দুর্বল (অনুগত) করে রাখত, তারা, বড়দেরকে বলবে,

اسْتَكْبَرُوْا لَوْلَاۤ اَنْتُمْ لَكُنَّا مُؤْمِنِيْنَ ﴿٣١﴾ قَالَ الَّذِيْنَ اسْتَكْبَرُوْا لِلَّذِيْنَ

তাক্বারূ লাওলা~আন্তুম্ লাকুন্না- মু'মিনীন। ৩২। ক্বা-লাল্লাযীনাস্ তাক্বারূ লিল্লাযীনাস্

যদি তোমরা না হতে, তবে আমরা অবশ্যই মুমিন হতাম। (৩২) যারা বড় (অহংকারী নেতা), তারা যাদেরকে দুর্বল (অনুগত) করে রাখত

اسْتُضْعِفُوْۤا اَنَحْنُ صَدَدْنٰكُمْ عَنِ الْهُدٰى بَعْدَ اِذْ جَآءَكُمْ بَلْ كُنْتُمْ مُّجْرِمِيْنَ ﴿٣٢﴾

তুদ্ব'ইফূ~আনাহ্নু স্বাদাদ্না-কুম্ 'আনিল্ হুদা- বা'দা ইয্ জ্বা—আকুম্ বাল্ কুন্তুম মুজ্বরিমীন।

তাদেরকে (জবাবে) বলবে, তোমাদের কাছে যখন সত্য পথ এসেছিল, এরপরে কি আমরা তোমাদেরকে তা থেকে বিরত রেখেছিলাম? বরং তোমরা ছিলে পাপী।

وَقَالَ الَّذِيْنَ اسْتُضْعِفُوْا لِلَّذِيْنَ اسْتَكْبَرُوْا بَلْ مَكْرُ الَّيْلِ وَالنَّهَارِ

৩৩। ওয়া ক্বা-লাল্ লাযীনাস্ তুদ্ব'ইফূ লিল্লাযীনাস্ তাক্বারূ বাল্ মাক্রুল্লাইলি ওয়ান্নাহা-রি

(৩৩) যাদেরকে দূর্বল (অনুগত) করে রাখা হত, তারা বড় (অহংকারী নেতা)-দেরকে বলবে, বরং তোমরাই রাত দিন চক্রান্ত (প্রতারণা) করে

اِذْ تَاْمُرُوْنَنَاۤ اَنْ نَّكْفُرَ بِاللّٰهِ وَنَجْعَلَ لَهٗۤ اَنْدَادًا ؕ وَاَسَرُّوا النَّدَامَةَ لَمَّا رَاَوُا

ইয্ তা'মুরূনানা~আন্ নাক্ফুরা বিল্লা-হি ওয়া নাজ্'আলা লাহূ~আন্দা-দান ; ওয়া আসারুরুন্ নাদা-মাতা লাম্মা- রাআউল্

আমাদেরকে নির্দেশ দিতে যে, আমরা যেন আল্লাহকে অবিশ্বাস করি এবং তাঁর সাথে অংশীদার নির্ধারণ করি। যখন তারা শাস্তি দেখবে, তখন তারা (উভয় দল)

الْعَذَابَ ؕ وَجَعَلْنَا الْاَغْلٰلَ فِىْۤ اَعْنَاقِ الَّذِيْنَ كَفَرُوْا ؕ هَلْ يُجْزَوْنَ اِلَّا

'আযা-বা ; ওয়া জ্বা'আলনাল্ আগ্লা-লা ফী~'আনা-ক্বিল্লাযীনা কাফারূ ; হাল্ ইউজ্বযাওনা ইল্লা-

অন্তরের আলোচনা (অন্তরেই) গোপন রাখবে, আর আমি কাফিরদের গর্দানে (অগ্নির) শিকল পড়াব। তাদেরকে শুধু তাদের কৃতকর্মেরই

مَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿٣٣﴾ وَمَاۤ اَرْسَلْنَا فِىْ قَرْيَةٍ مِّنْ نَّذِيْرٍ اِلَّا قَالَ مُتْرَفُوْهَاۤ ۙ اِنَّا

মা- কা-নূ ই'য়ামালূন। ৩৪। ওয়া মা~আর্সাল্না- ফী ক্বার্ইয়াতিম্ মিন্ নাযীরিন্ ইল্লা- ক্বা-লা মুত্রাফূহা~, ইন্না-

প্রতিফল দেয়া হবে। (৩৪) আমি যখনই কোন জনপদে প্রেরণ করেছি কোন ভীতি প্রদর্শনকারী (অর্থাৎ- নবী), তখনই সেখানকার বিলাস জীবন-যাপনকারীরা বলেছে,

بِمَاۤ اُرْسِلْتُمْ بِهٖ كٰفِرُوْنَ ﴿٣٤﴾ وَقَالُوْا نَحْنُ اَكْثَرُ اَمْوَالًا وَّاَوْلَادًا ۙ وَّمَا نَحْنُ

বিমা~উর্সিল্তুম্ বিহী কা-ফিরূন। ৩৫। ওয়া ক্বা-লূ নাহ্নু আক্ছারু আম্ওয়া-লাওঁ ওয়া আওলা-দাওঁ, ওয়ামা- নাহ্নু

যা সহ তোমরা প্রেরিত হয়েছ, আমরা তার অস্বীকারকারী। (৩৫) আর বলেছে, আমরা ধন-সম্পদ ও সন্তান-সন্ততিতে অনেক বেশী, সুতরাং কিছুতেই আমাদেরকে

○ টীকা (আঃ ৩২) ঃ কেননা, সত্যধর্ম প্রকাশিত হওয়ার পরেও তোমরা তা কবুল করনি, এখন আমাদের উপর দোষ চাপাচ্ছ। (বঃ কোঃ)

○ টীকা (আঃ ৩৩) ঃ প্রচেষ্টা বলতে উৎসাহ প্রদান এবং ভীতি প্রদর্শনই উদ্দেশ্য। সুতরাং তোমাদের এ দিবা-রাত্রির প্রচেষ্টা ক্রিয়া করেছে, এর ফলেই আমরা বিনষ্ট হয়েছি। অতএব, তোমরাই আমাদের সর্বনাশকারী। এরূপে তারা একে অপরকে দোষী সাব্যস্ত করলেও মনে মনে প্রত্যেকেই নিজ নিজ অপরাধও উপলব্ধি করবে। পথভ্রষ্টকারীরা মনে করবে, সত্যিই এরূপ করেছিলাম। আর পথভ্রষ্টগণ মনে করবে, এরা আমাদেরকে ভ্রান্ত পথপ্রদর্শন করলেও আমাদেরও তো হিতাহিত জ্ঞান ছিল। কাজেই আমাদেরও দোষ আছে। বরং আমরাই অধিক দোষী। (বঃ কোঃ)

بِمُعَذَّبِيْنَ ﴿٣٥﴾ قُلْ اِنَّ رَبِّيْ يَبْسُطُ الرِّزْقَ لِمَنْ يَّشَاۤءُ وَيَقْدِرُ وَلٰكِنَّ اَكْثَرَ النَّاسِ

বিমু'আয্যাবীন। ৩৬। ক্বুল্ ইন্না রাব্বী ইয়াবসুত্বুর রিয্ক্বা লিমাইঁ ইয়াশা—উ ওয়া ইয়াক্বদিরু ওয়া লা-কিন্না আক্ছারান্ না-সি
শাস্তি দেয়া হবে না। (৩৬) বলুন, আমার প্রতিপালক যাকে চান তার রিযিক বাড়িয়ে দেন আর যাকে চান সংকীর্ণ (কম) করে দেন। কিন্তু অধিকাংশ লোক

لَا يَعْلَمُوْنَ ﴿٣٦﴾ وَمَاۤ اَمْوَالُكُمْ وَلَاۤ اَوْلَادُكُمْ بِالَّتِيْ تُقَرِّبُكُمْ عِنْدَنَا زُلْفٰۤى

লা-ই'য়ালামূন। ৩৭। ওয়া মা~আম্ওয়া-লুকুম্ ওয়ালা~আওলা-দুকুম্ বিল্লাতী তুক্বার্‌রিবুকুম্ 'ইন্দানা- যুল্ফা~
তা জানে না। (৩৭) তোমাদের ধন-সম্পদ এবং সন্তান-সন্ততি এমন নয় যে, যা তোমাদেরকে আমার নৈকট্য করে দিবে।

اِلَّا مَنْ اٰمَنَ وَعَمِلَ صَالِحًا فَاُولٰۤئِكَ لَهُمْ جَزَاۤءُ الضِّعْفِ بِمَا عَمِلُوْا وَهُمْ فِي

ইল্লা- মান্ আ-মানা ওয়া 'আমিলা স্বা-লিহ্বান্, ফাউলা—ইকা লাহুম জ্বাযা—উদ্ব দ্বিফি বিমা- 'আমিলূ ওয়াহুম ফিল্
তবে যারা ঈমান আনে এবং নেক কাজ করে তাদের জন্য প্রতিদান (সওয়াব) বহুগুণ, তাদের (সৎ) কর্মের কারণে এবং তারা নিরাপদে

الْغُرُفٰتِ اٰمِنُوْنَ ﴿٣٧﴾ وَالَّذِيْنَ يَسْعَوْنَ فِيْۤ اٰيٰتِنَا مُعٰجِزِيْنَ اُولٰۤئِكَ فِي

গুরুফা-তি আ-মিনূন। ৩৮। ওয়াল্লাযীনা ইয়াস্'আওনা ফী~আ-ইয়া-তিনা- মু'আ-জ্বিযীনা উলা—ইকা ফিল্
(জান্নাতের) সুউচ্চ অট্টালিকায় থাকবে। (৩৮) যারা আমার আয়াতসমূহকে ব্যর্থ করতে চেষ্টা করবে, এদেরকে (পাকড়াও করে) শাস্তির মধ্যে

الْعَذَابِ مُحْضَرُوْنَ ﴿٣٨﴾ قُلْ اِنَّ رَبِّيْ يَبْسُطُ الرِّزْقَ لِمَنْ يَّشَاۤءُ مِنْ عِبَادِهٖ

'আযা-বি মুহ্বদ্বারূন। ৩৯। ক্বুল্ ইন্না রাব্বী ইয়াব্সুত্বুর্ রিয্ক্বা লিমাইঁ ইয়াশা—উ মিন্ 'ইবা-দিহী
উপস্থিত করা হবে। (৩৯) বলুন, আমার প্রতিপালক তাঁর বান্দাদের মধ্যে যাকে চান তার রিযিক বাড়িয়ে দেন এবং যার জন্য চান

وَيَقْدِرُ لَهٗ ؕ وَمَاۤ اَنْفَقْتُمْ مِّنْ شَيْءٍ فَهُوَ يُخْلِفُهٗ ۚ وَهُوَ خَيْرُ الرّٰزِقِيْنَ ﴿٣٩﴾ وَيَوْ

ওয়া ইয়াক্বদিরু লাহূ ; ওয়ামা~আন্ফাক্বতুম্ মিন্ শাইয়িন্ ফাহুওয়া ইউখ্লিফুহূ, ওয়া হুওয়া খাইরুর রা-যিক্বীন। ৪০। ওয়া ইয়াওমা
তার রিযিক কম করে দেন। তোমরা যা কিছু (আল্লাহর পথে) ব্যয় করবে, তিনি তার প্রতিদান দিবেন। তিনিই উত্তম রিযিকদাতা। (৪০) যেদিন

يَحْشُرُهُمْ جَمِيْعًا ثُمَّ يَقُوْلُ لِلْمَلٰۤئِكَةِ اَهٰۤؤُلَاۤءِ اِيَّاكُمْ كَانُوْا يَعْبُدُوْنَ ۝

ইয়াহ্বশুরুহুম্ জ্বামী'আন্ ছুম্মা ইয়াক্বূলু লিল্ মালা—ইকাতি আহা~উলা—ই ইয়্যা-কুম কা-নূ ই'য়াবুদূন।
(আল্লাহ) তাদেরকে একত্রিত করবেন, অতঃপর ফিরিশতাগণকে জিজ্ঞেস করবেন যে, এরা কি তোমাদের ইবাদত করত?

﴿٤٠﴾ قَالُوْا سُبْحٰنَكَ اَنْتَ وَلِيُّنَا مِنْ دُوْنِهِمْ ۚ بَلْ كَانُوْا يَعْبُدُوْنَ الْجِنَّ ۚ اَكْثَرُهُمْ

৪১। ক্বা-লূ সুব্হ্বা-নাকা আন্তা ওয়ালিয়্যুনা- মিন্ দূনিহিম, বাল্ কা-নূ ই'য়াবুদূনাল্ জ্বিন্না,,আক্ছারুহুম্
(৪১) ফিরিশতাগণ বলবে, আপনি পবিত্র আপনি আমাদের অভিভাবক। তারা (আমাদের কিছুই) নয়। বরং তারা জ্বীনদের ইবাদাত (পূজা) করত, তাদের অনেকেই

○ বিশ্লেষণ (আঃ ৪০) ঃ يقول الملٰئكة – মুশরিকদের লাঞ্ছিত ও অপমানিত করার জন্য আল্লাহ তায়ালা ফিরিশতাগণকে এরূপ কথা বলবেন যে, পরে হযরত ঈসা (আ) সম্পর্কে বর্ণিত আছে যে, আল্লাহ তায়ালা তাকেও জিজ্ঞাসা করবেন। তুমি কি লোকদেরকে এই কথা বলেছিলে যে, তোমরা আমাকে ও আমার মা (মরিয়ম)-কে আল্লাহ ব্যতীত মাবুদ রূপে গ্রহণ কর? (মায়েদা) ○ টীকা (আঃ ৪১) ঃ যেহেতু আরবের মোশরেকরা ফেরেশতাদেরকে উপাস্য গণ্য করতো সেজন্যে আল্লাহ তায়ালা এরশাদ করেছেন ঃ কেয়ামতের দিন যখন ফেরেশতাদেরকে প্রশ্ন করা হবে তখন তারা উত্তর দেবে– "আসলে এরা আমাদের বন্দেগী (উপাসনা) করতো না, বরং আমাদের নাম নিয়ে শয়তানদের বন্দেগী করতো। কারণ শয়তানরাই তাদের এই শিক্ষা দিয়েছিল যে– 'তোমরা আল্লাহ ছাড়া অন্যান্যদেরকে অভাব ও প্রয়োজন পূর্ণকারী মনে কর এবং তাদের সামনে নজর-নিয়াজ (উপঢৌকন ও নৈবেদ্য) পেশ কর।

৪ রুকু ৬ ১০ রুকু

بِهِمْ مُّؤْمِنُوْنَ ﴿٤١﴾ فَالْيَوْمَ لَا يَمْلِكُ بَعْضُكُمْ لِبَعْضٍ نَّفْعًا وَّلَا ضَرًّا ؕ وَنَقُوْلُ

বিহিম্ মু'মিনূন। ৪২। ফাল্‌ইয়াওমা লা- ইয়াম্লিকু 'বাদ্বুকুম লি'বাদ্বিন্ নাফ্'আওঁ ওয়ালা- দ্বার্‌রান ; ওয়া নাক্বূলু
ওদের প্রতি (মাবূদ বলে) বিশ্বাস রাখত। (৪২) আজ তোমাদের কেউ কারও জন্য (কোন প্রকারের) উপকার ও ক্ষতি করার ক্ষমতা রাখে না। আর আমি

لِلَّذِيْنَ ظَلَمُوْا ذُوْقُوْا عَذَابَ النَّارِ الَّتِيْ كُنْتُمْ بِهَا تُكَذِّبُوْنَ ﴿٤٢﴾ وَاِذَا تُتْلٰى

'লিল্লাযীনা জ্বালামূ যূক্বূ 'আযা-বান্না-রিল্ লাতী কুন্তুম্ বিহা- তুকায্যিবূন। ৪৩। ওয়া ইযা- তুত্লা-
জালিমদেরকে বলব, (জাহান্নামের) সে শাস্তি উপভোগ কর, যা তোমরা মিথ্যা বলতে। (৪৩) যখন তাদের সামনে আমার

عَلَيْهِمْ اٰيٰتُنَا بَيِّنٰتٍ قَالُوْا مَا هٰذَاۤ اِلَّا رَجُلٌ يُّرِيْدُ اَنْ يَّصُدَّكُمْ عَمَّا كَانَ

'আলাইহিম আ-য়া-তুনা- বাইয়্যিনা-তিন্ ক্বা-লূ মা- হা-যা~ইল্লা-রাজুলুঁই ইউরীদু আইঁ ইয়াস্বুদ্দাকুম 'আম্মা- কা-না
স্পষ্ট আয়াতসমূহ পাঠ করা হয় তখন তারা বলে, এ এমন এক ব্যক্তি যে (ব্যক্তি), তোমাদের পিতৃ পুরুষরা যার ইবাদাত করত, তার (ইবাদাত) থেকে তোমাদেরকে

يَعْبُدُ اٰبَاۤؤُكُمْ ۚ وَقَالُوْا مَا هٰذَاۤ اِلَّاۤ اِفْكٌ مُّفْتَرًى ؕ وَقَالَ الَّذِيْنَ كَفَرُوْا لِلْحَقِّ

ইয়া'বুদু আ-বা—উকুম্ ওয়া ক্বা-লূ মা- হা-যা~ইল্লা~ইফ্কুম্ মুফ্তারান ; ওয়া ক্বা-লাল লাযীনা কাফারূ লিল্‌হ্বাক্ক্বি
বিরত রাখতে চায়। তারা (একথাও) বলে যে, (এ পঠিত কুরআন) তো (নিজ) তৈরীকৃত ছাড়া আর কিছুই নয়। কাফিরদের কাছে যখন সত্য (কুরআন) আসে,

لَمَّا جَاۤءَهُمْ ۙ اِنْ هٰذَاۤ اِلَّا سِحْرٌ مُّبِيْنٌ ﴿٤٣﴾ وَمَاۤ اٰتَيْنٰهُمْ مِّنْ كُتُبٍ يَّدْرُسُوْنَهَا

লাম্মা- জ্বা—আহুম্, ইন্ হা-যা~ইল্লা- সিহ্বরুম্ মুবীন। ৪৪। ওয়ামা~আ-তাইনা-হুম্ মিন্ কুতুবিইঁ ইয়াদ্‌রুসূনাহা-
তখন তারা সে সম্পর্কে বলে, এটা তো স্পষ্ট যাদু ছাড়া আর কিছুই নহে। (৪৪) আমি তো তাদেরকে (মক্কাবাসীকে) কোন কিতাব, দিয়ে রাখেনি যা তারা পাঠ করত

وَمَاۤ اَرْسَلْنَاۤ اِلَيْهِمْ قَبْلَكَ مِنْ نَّذِيْرٍ ﴿٤٤﴾ وَكَذَّبَ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ ۙ وَمَا

ওয়ামা~আর্‌সাল্না~ইলাইহিম ক্বাব্লাকা মিন্ নাযীর। ৪৫। ওয়া কায্যাবাল্লাযীনা মিন্ ক্বাব্লিহিম ওয়া মা-
এবং আপনার পূর্বে তাদের কাছে কোন ভীতি প্রদর্শনকারীও প্রেরণ করিনি। (৪৫) এবং তাদের পূর্ববর্তীরাও মিথ্যা বলেছিল, অথচ তাদেরকে আমি যা দিয়েছিলাম (সে তুলনায়)

بَلَغُوْا مِعْشَارَ مَاۤ اٰتَيْنٰهُمْ فَكَذَّبُوْا رُسُلِيْ قف فَكَيْفَ كَانَ نَكِيْرِ ﴿٤٥﴾ قُلْ اِنَّمَاۤ اَعِظُكُمْ

বালাগূ 'মিশা-রা মা~আ-তাইনা-হুম ফাকায্যাবূ রুসুলী, ফাকাইফা কা-না নাকীর। ৪৬। ক্বুল্ ইন্নামা~আ'ইজুকুম
এদের তার দশ ভাগের এক ভাগও পৌছেনি, এরপরেও তারা আমার রাসূলকে অস্বীকার করেছিল। অতঃপর কেমন হয়েছিল (প্রত্যাখ্যানের) শাস্তি। (৪৬) বলুন, আমি তোমাদেরকে

بِوَاحِدَةٍ ۚ اَنْ تَقُوْمُوْا لِلّٰهِ مَثْنٰى وَفُرَادٰى ثُمَّ تَتَفَكَّرُوْا قف مَا بِصَاحِبِكُمْ

বিওয়া-হ্বিদাতিন্, আন্ তাক্বূমূ লিল্লা-হি মাছ্না- ওয়া ফুরা-দা-ছুম্মা তাতাফাক্কারূ, মা- বিস্বা-হ্বিবিকুম
শুধু একটি কথারই উপদেশ দিতেছি যে, তোমরা আল্লাহর (সন্তুষ্টির) জন্য দুজন, বা একজন করে (নবীর মজলিস থেকে) দাঁড়িয়ে চিন্তা করে দেখ! দেখবে, তোমাদের সাথী

○ বিশ্লেষণ (আঃ ৪২) ঃ 'ظلموا' – জালিম হচ্ছে তারা, যারা আল্লাহ ব্যতীত অন্যকে শরীক করে শিরক' হলো বড় জুলুম। এ কারণে মুশরিকরা বড় জালিম। (কুঃ কারীম) ○ টীকা (আঃ ৪৩) ঃ তাদের বক্তব্য এই যে, এই ব্যক্তি নবী নহে এবং ধর্মের প্রতি তার আহ্বানও আল্লাহর তরফ হতে নয়; বরং তারা ইচ্ছা আমাদের উপর নেতৃত্ব করা। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৪৪) ঃ অর্থাৎ, এই কাফেরদের প্রতি এই নবী এবং এই কোরআন, সম্পূর্ণরূপে নূতন। বনীইসরাঈলের ন্যায় এদের উপর কোন কিতাবও নাযিল করা হয় নি এবং কোন নবীরও আগমন হয় নি। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৪৫) ঃ অর্থাৎ তাদের ন্যায় শক্তি, আয়ু, এবং ধন-সম্পদ এরা প্রাপ্ত হয় নি; যদ্বারা মানুষ সাধারণতঃ প্রতারিত হয়ে থাকে এবং যা সাধারণতঃ অহংকারের বিষয়। (বঃ কোঃ)

৫ রুকু ১১ রুকু

مِّن جِنَّةٍ ۚ إِنْ هُوَ إِلَّا نَذِيرٌ لَّكُم بَيْنَ يَدَيْ عَذَابٍ شَدِيدٍ ۝ قُلْ مَا سَأَلْتُكُم

মিন্ জিন্নাতিন্ ; ইন্ হুওয়া ইল্লা- নাযীরুল্লাকুম্ বাইনা ইয়াদাই 'আযা-বিন্ শাদীদ্। ৪৭। কুল্ মা- সাআলতুকুম্

উন্মাদ নহে। সে তো তোমাদের সামনে এক কঠিন শাস্তি আসার পূর্বে সে সম্পর্কে তোমাদেরকে শুধু সাবধানকারী। (৪৭) বলুন, তোমাদের কাছে আমি যদি কিছু

مِّنْ أَجْرٍ فَهُوَ لَكُمْ ۖ إِنْ أَجْرِيَ إِلَّا عَلَى اللَّهِ ۖ وَهُوَ عَلَىٰ كُلِّ شَيْءٍ شَهِيدٌ ۝ قُلْ

মিন্ আজ্‌রিন্ ফাহুওয়া লাকুম ; ইন্ আজ্‌রিয়া ইল্লা- 'আলাল্লা-হি, ওয়া হুওয়া 'আলা- কুল্লি শাইয়িন্ শাহীদ্। ৪৮। কুল্

পারিশ্রমিক বাবদ, চেয়ে থাকি তা তোমাদেরই জন্য। আমার পরিশ্রমিক তো আল্লাহরই কাছে এবং তিনি সব বিষয়ের প্রত্যক্ষদর্শী। (৪৮) বলুন,

إِنَّ رَبِّي يَقْذِفُ بِالْحَقِّ عَلَّامُ الْغُيُوبِ ۝ قُلْ جَاءَ الْحَقُّ وَمَا يُبْدِئُ الْبَاطِلُ

ইন্না রাব্বী ইয়াক্বযিফু বিল্ হাক্বক্বি, 'আল্লা-মুল্ গুয়ূব্। ৪৯। কুল্ জা—আল্ হাক্বক্বু ওয়া মা-ইউব্‌দিউল্ বা-ত্বিলু

নিশ্চয়ই আমার রব সত্য (ওহী) নাযিল করেন। তিনি অদৃশ্য বিষয়ে মহাজ্ঞানী। (৪৯) বলুন, সত্য এসেছে এবং মিথ্যা না পারে প্রথমে কিছু সৃষ্টি এবং না পারে কোন কিছুর

وَمَا يُعِيدُ ۝ قُلْ إِن ضَلَلْتُ فَإِنَّمَا أَضِلُّ عَلَىٰ نَفْسِي ۖ وَإِنِ اهْتَدَيْتُ فَبِمَا

ওয়ামা- ইউ'ঈদ। ৫০। কুল্ ইন্ দ্বালালতু ফাইন্নামা~আদিল্লু 'আলা- নাফ্‌সী ওয়া ইনিহ্ তাদাইতু ফাবিমা-

পুনরুত্থান ঘটাতে। (৫০) বলুন, যদি আমি বিভ্রান্ত হয়ে যাই, তবে আমার বিভ্রান্তির দায় আমার নিজের উপরই। আর যদি আমি (সত্য) পথে থাকি, তবে তার কারণ, আমার

يُوحِي إِلَيَّ رَبِّي ۚ إِنَّهُ سَمِيعٌ قَرِيبٌ ۝ وَلَوْ تَرَىٰ إِذْ فَزِعُوا فَلَا فَوْتَ وَأُخِذُوا

ইউহী~ইলাইয়া রাব্বী ; ইন্নাহূ সামী'উন্ ক্বারীব্। ৫১। ওয়া লাও তারা~ই্য ফাযি'উ ফালা- ফাওতা ওয়া উখিযূ

রবের সে ওহী, যা তিনি আমার কাছে প্রেরণ করেন। নিশ্চয়ই তিনি সর্বশ্রোতা, অতি নিকটতম। (৫১) আর আপনি যদি (সে দৃশ্য) দেখতেন, যখন তারা আতঙ্কিত হয়ে পড়বে, তারা কোথাও ভাগতে পারবে না এবং তাদেরকে

مِن مَّكَانٍ قَرِيبٍ ۝ وَقَالُوا آمَنَّا بِهِ وَأَنَّىٰ لَهُمُ التَّنَاوُشُ مِن مَّكَانٍ بَعِيدٍ

মিম্ মাকা-নিন্ ক্বারীব্। ৫২। ওয়া ক্বা-লূ~আ-মান্না- বিহী, ওয়া আন্না- লাহুমুত্ তানা-উশু মিম্ মাকা-নিম্ বা'ঈদ্।

নিকটবর্তী জায়গা হতে পাকড়াও করা হবে। (৫২) তারা বলবে, আমরা এতে বিশ্বাস আনলাম, কিন্তু এত দূরবর্তী জায়গা হতে (কাঙ্ক্ষিত বস্তু) কিভাবে হাতে পাওয়া সম্ভব?

۝ وَقَدْ كَفَرُوا بِهِ مِن قَبْلُ ۖ وَيَقْذِفُونَ بِالْغَيْبِ مِن مَّكَانٍ بَعِيدٍ ۝ وَحِيلَ بَيْنَهُمْ

৫৩। ওয়া ক্বাদ্ কাফারূ বিহী মিন্ ক্বাব্‌লু, ওয়া ইয়াক্বযিফূনা বিলগাইবি মিম্ মাকা-নিম্ বা'ঈদ ৫৪। ওয়া হ্বীলা বাইনাহুম্

(৫৩) তারা তো একে পূর্বে অবিশ্বাস করেছিল এবং তারা দূরবর্তী স্থান হতে (বিনা প্রমাণে) অদৃশ্যভাবে (অনুমান করে) মন্তব্য ছুঁড়ে দিত। (৫৪) তাদের ও তাদের কামনার

وَبَيْنَ مَا يَشْتَهُونَ كَمَا فُعِلَ بِأَشْيَاعِهِم مِّن قَبْلُ ۚ إِنَّهُمْ كَانُوا فِي شَكٍّ مُّرِيبٍ ۝

ওয়া বাইনা মা- ইয়াশ্‌তাহূনা কামা- ফু'ইলা বিআশ্‌ইয়া-'ইহিম্ মিন্ ক্বাব্‌লু ; ইন্নাহুম কা-নূ ফী শাক্‌কিম্ মুরীব্।

বস্তুর মধ্যে আড়াল করে দেয়া হয়েছে, যেমন করা হয়েছিল এর পূর্বে তাদের অনুসারীদের জন্য! তারাও সন্দেহের মধ্যে পড়ে ইতস্তত করছিল।

৬ ১২ রুকূ

○ বিশ্লেষণ (আঃ ৪৯) ঃ جاء الحق - সত্য দ্বারা কুরআন, ইসলাম অথবা নবীর (সা) আগমনকে বুঝানো হয়েছে এবং মিথ্যা দ্বারা ইবলিস অথবা মূর্তিকে বুঝানো হয়েছে। (তাঃ কাদেরী) ○ টীকা (আঃ ৫০) ঃ এর অর্থ এই নয় যে, বাতিল পন্থীদের আড়ম্বর চিরতরে বিলুপ্ত হয়েছে; বরং অর্থ এই যে, সত্য ধর্মের আবর্ভাবের পূর্বে যেমন কোন কোন সময় মিথ্যার প্রতি সত্য হওয়ার সন্দেহ হত, এখন হতে মিথ্যার সেই গুণটি চিরতরে বিলুপ্ত হয়ে গেল। আর কখনও একে সত্য বলে সন্দেহ হবে না। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৫২) ঃ অর্থাৎ, কার্যক্ষেত্র হিসাবে পৃথিবীই ছিল ঈমান আনয়নের স্থান, যা এখন পরলোকে তা তাদের হতে বহু দূরে। পক্ষান্তরে পৃথিবীতে প্রত্যাবর্তনের আর কোন সম্ভাবনাও নেই। তদুপরি অদৃশ্যের প্রতিই ঈমান আনয়ন করার নির্দেশ ছিল; স্বচক্ষে দর্শন করে নয়। অতএব, এখন পরলোকে ঈমান গৃহীত হবে না। (বঃ কোঃ)

সূরা ফা-ত্বির
মক্কী

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

আয়াত ঃ ৪৫
রুকূ ঃ ৫

۝ الْحَمْدُ لِلَّهِ فَاطِرِ السَّمَاوَاتِ وَالْأَرْضِ جَاعِلِ الْمَلَائِكَةِ رُسُلًا أُولِي أَجْنِحَةٍ

১। আলহ্বাম্‌দু লিল্লা-হি ফা-ত্বিরিস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্বি জা-'ইলিল্ মালা—ইকাতি রুসুলান্ উলী~আজ্‌নিহ্বাতিম্

(১) সব প্রশংসা আকাশ ও পৃথিবীর সৃষ্টিকর্তা আল্লাহর জন্য, যিনি ফিরিশতাগণকে সংবাদ বাহক হিসেবে নিয়োগকারী, যাদের

مَّثْنَىٰ وَثُلَاثَ وَرُبَاعَ ۚ يَزِيدُ فِي الْخَلْقِ مَا يَشَاءُ ۚ إِنَّ اللَّهَ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ ۝

মাছ্না- ওয়া ছুলা-ছা ওয়া রুবা-'আ, ইয়াযীদু ফিল্ খাল্‌ক্বি মা- ইয়াশা—উ ; ইন্নাল্লা-হা 'আলা- কুল্লি শাইয়িন্ ক্বাদীর।

দু' দু', তিন তিন ও চার চারটি পাখা আছে তিনি (আল্লাহ) সৃষ্টির মধ্যে যত ইচ্ছা (আরও পাখা) বাড়িয়ে দেন; আল্লাহ সব বিষয়ের উপর পূর্ণ ক্ষমতাবান।

۝ مَّا يَفْتَحِ اللَّهُ لِلنَّاسِ مِن رَّحْمَةٍ فَلَا مُمْسِكَ لَهَا ۖ وَمَا يُمْسِكْ فَلَا مُرْسِلَ لَهُ

২। মা- ইয়াফ্‌তাহ্বিল্লা-হু লিন্না-সি মির্ রাহ্‌মাতিন্ ফালা- মুম্‌সিকা লাহা-, ওয়া মা- ইউম্‌সিক্, ফালা- মুর্‌সিলা লাহূ

(২) আল্লাহ মানুষের জন্য যে রহমত খুলে দেন, কেউ তা বন্ধ করতে পারে না আর যা তিনি বন্ধ করেন, তার পর তা কেউ

مِن بَعْدِهِ ۚ وَهُوَ الْعَزِيزُ الْحَكِيمُ ۝ يَا أَيُّهَا النَّاسُ اذْكُرُوا نِعْمَتَ اللَّهِ عَلَيْكُمْ ۚ

মিম্ বা'দিহী ; ওয়া হুওয়াল্ 'আযীযুল্ হ্বাকীম। ৩। ইয়া~আইয়্যুহান্ না-সুয্‌কুরূ নি'মাতাল্লা-হি 'আলাইকুম্ ;

জারী করতে পারে না। তিনি মহা শক্তিশালী, প্রজ্ঞাবান। (৩) হে মানুষ! তোমাদেরকে আল্লাহ যে নেয়ামত দান করেছেন তা স্মরণ কর। আল্লাহ

هَلْ مِنْ خَالِقٍ غَيْرُ اللَّهِ يَرْزُقُكُم مِّنَ السَّمَاءِ وَالْأَرْضِ ۚ لَا إِلَٰهَ إِلَّا هُوَ ۖ فَأَنَّىٰ

হাল্ মিন্ খা-লিক্বিন্ গাইরুল্লা-হি ইয়ারযুক্বুকুম মিনাস্ সামা—ই ওয়াল্ আরদ্বি ; লা~ইলা-হা ইল্লা- হুওয়া, ফাআন্না-

ব্যতীত অন্য আর কোন কি সৃষ্টিকর্তা আছে, যে তোমাদেরকে আকাশ ও পৃথিবী হতে? রিযিক দেয়? তিনি ছাড়া আর কোন মাবুদ নেই। সুতরাং তোমরা কোথায় ফিরে

تُؤْفَكُونَ ۝ وَإِن يُكَذِّبُوكَ فَقَدْ كُذِّبَتْ رُسُلٌ مِّن قَبْلِكَ ۚ وَإِلَى اللَّهِ تُرْجَعُ

তু'ফাকূন। ৪। ওয়া ইঁয় ইউকায্‌যিবূকা ফাক্বাদ্ কুয্‌যিবাত্ রুসুলুম্ মিন্ ক্বাব্‌লিকা ; ওয়া ইলাল্লা-হি তুরজা'উল্

যাচ্ছ? (৪) যদি তারা আপনাকে মিথ্যাবাদী বলে তবে তাতে দুঃখ পাবেন না, কেননা আপনার পূর্বেও রাসূলগণকে। মিথ্যাবাদী বলা হয়েছিল আল্লাহর দিকেই সব কিছু

الْأُمُورُ ۝ يَا أَيُّهَا النَّاسُ إِنَّ وَعْدَ اللَّهِ حَقٌّ ۖ فَلَا تَغُرَّنَّكُمُ الْحَيَاةُ الدُّنْيَا ۖ

উমূর। ৫। ইয়া~আইয়্যুহান্ না-সু ইন্না ওয়া'দাল্লা-হি হ্বাক্বক্বুন্ ফালা- তাগুর্‌রান্নাকুমুল্ হ্বাইয়া-তুদ্ দুন্‌ইয়া-,

প্রত্যাবর্তিত হবে। (৫) হে মানুষ! নিশ্চয়ই আল্লাহর ওয়াদা সত্য। সুতরাং এ পার্থিব জীবন যেন তোমাদেরকে ধোঁকায় না ফেলতে পারে

○ বিশ্লেষণ (আঃ ১) ঃ جاعل الملئكة - ফিরিশতাগণ দ্বারা জিবরাইল (আ), মিকাইল (আ), ইস্রাফীল (আ) এবং আযরাইল (আ) গণকে বুঝানো হয়েছে। তাদেরকে নবীগণের (আ) কাছে বাণী বাহক হিসাবে আল্লাহ পাঠাতেন। তাঁদের মধ্যে কতক দু', কতক তিন এবং কতক চার পাখা বিশিষ্ট ছিলেন। তারা যা দিয়ে যমীনে উঠা নামা করতেন। কতক ফিরিশতা এর চেয়ে অধিক পাখা বিশিষ্ট হত। (কুঃ কারীম)

○ টীকা (আঃ ১) ঃ এস্থলে ফেরেশতাদের বার্তাবাহী হওয়ার কথা উল্লেখ করার মধ্যে রহস্য সম্ভবতঃ এই যে, মুশরেকদের মধ্যে কেহ কেহ ফেরেশতাগণকেও উপাস্য মনে করিত। সুতরাং তাহাদের বার্তাবাহী হওয়া বুঝান হয়েছে যে, তারা তো আল্লাহর আজ্ঞাবহ মাত্র। অতএব, তাদেরকে উপাস্য হিসাবে মান্য করা ভিত্তিহীন। (বঃ কোঃ)

وَلَا يَغُرَّنَّكُم بِاللَّهِ الْغَرُورُ ۝৫ إِنَّ الشَّيْطَانَ لَكُمْ عَدُوٌّ فَاتَّخِذُوهُ عَدُوًّا ۚ إِنَّمَا

ওয়ালা- ইয়াগুর্রান্নাকুম্ বিল্লা-হিল্ গারূর। ৬। ইন্নাশ্ শাইত্বা-না লাকুম 'আদুওয়্যুন্ ফাত্তাখিযূহু আ'দুওয়্যান ; ইন্নামা-
এবং ধোঁকাবাজ শয়তান যেন তোমাদেরকে আল্লাহ সম্পর্কে ধোঁকায় না ফেলে। (৬) নিশ্চয়ই শয়তান তোমাদের শত্রু, সুতরাং তোমরা তাকে শত্রু বলেই জান।

يَدْعُو حِزْبَهُ لِيَكُونُوا مِنْ أَصْحَابِ السَّعِيرِ ۝৬ الَّذِينَ كَفَرُوا لَهُمْ عَذَابٌ

ইয়াদ্'উ হিয্‌বাহূ লিইয়াকূনূ মিন্ আস্বহা-বিস্ সা'ঈর। ৭। আল্লাযীনা কাফারূ লাহুম 'আযা-বুন্
সে তো তার দলকে (শুধু) এজন্যই ডাকে, যাতে (তারা) জাহান্নামের অধিবাসী হয়ে যায়। (৭) যারা কাফির তাদের জন্য

شَدِيدٌ ۖ وَالَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ لَهُم مَّغْفِرَةٌ وَأَجْرٌ كَبِيرٌ ۝৭ أَفَمَن

শাদীদুন ; ওয়াল্লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুস্ব স্বা-লিহা-তি লাহুম্ মাগ্‌ফিরাতুঁও ওয়া আজ্‌রুন্ কাবীর। ৮। আফামান্
রয়েছে কঠিন শাস্তি। আর যারা ঈমান আনে ও নেক কাজ করে তাদের জন্য রয়েছে ক্ষমা ও মহা পুরস্কার। (৮) যার সামনে তার

زُيِّنَ لَهُ سُوءُ عَمَلِهِ فَرَآهُ حَسَنًا ۖ فَإِنَّ اللَّهَ يُضِلُّ مَن يَشَاءُ وَيَهْدِي مَن يَشَاءُ ۖ

যুইয়্যিনা লাহূ সূ—উ 'আমালিহী ফারাআ-হু হাসানান্ ; ফাইন্নাল্লা-হা ইউদ্বিল্লু মাই ইয়াশা—উ ওয়া ইয়াহ্‌দী মাই ইয়াশা—উ,
খারাপ কাজগুলো শোভাময় করে দেখান হয় এবং সেগুলো সে উত্তম হিসেবে দেখে, (সেকি পূণ্যবানদের সমান)? আল্লাহ যাকে চান বিভ্রান্ত করেন এবং যাকে চান সঠিক পথ

فَلَا تَذْهَبْ نَفْسُكَ عَلَيْهِمْ حَسَرَاتٍ ۚ إِنَّ اللَّهَ عَلِيمٌ بِمَا يَصْنَعُونَ ۝৮ وَاللَّهُ

ফালা- তায্‌হাব্ নাফ্‌সুকা 'আলাইহিম্ হাসারা-তিন ; ইন্নাল্লা-হা 'আলীমুম্ বিমা- ইয়াস্বনা'উন। ৯। ওয়াল্লা-হুল্
প্রদর্শন করেন। সুতরাং তাদের (বিভ্রান্তির) ব্যাপারে দুঃখ করে আপনি নিজ জীবনকে ধ্বংসের দিকে নিবেন না। তারা যা কিছু করে, আল্লাহ তা ভাল করেই জানেন। (৯) আল্লাহ

الَّذِي أَرْسَلَ الرِّيَاحَ فَتُثِيرُ سَحَابًا فَسُقْنَاهُ إِلَىٰ بَلَدٍ مَّيِّتٍ فَأَحْيَيْنَا بِهِ الْأَرْضَ

লাযী~আর্‌সালার্ রিয়া-হা ফাতুছীরু সাহা-বান্ ফাসুক্বনা-হু ইলা-বালাদিম্ মাইয়্যিতিন্ ফাআহ্‌ইয়াইনা- বিহিল্ আর্দ্বা
যিনি বায়ু চালিয়ে (তা দ্বারা) মেঘসমূহ উত্তোলন করেন। অতঃপর আমি মেঘমালাকে শুষ্ক যমীনের দিকে (চালিয়ে) নিয়ে যাই এবং তা দ্বারা যমীনকে

بَعْدَ مَوْتِهَا ۚ كَذَٰلِكَ النُّشُورُ ۝৯ مَن كَانَ يُرِيدُ الْعِزَّةَ فَلِلَّهِ الْعِزَّةُ جَمِيعًا ۚ إِلَيْهِ

বা'দা মাওতিহা-; কাযা-লিকান্ নুশূর। ১০। মান্ কা-না ইউরীদুল্ 'ইয্‌যাতা ফালিল্লা-হিল্ 'ইয্‌যাতু জ্বামী'আন্ ; ইলাইহি
তার শুষ্কতার পর; জীবিত (সতেজ) করি পুনরুত্থান অনরূপ ভাবেই হবে। (১০) যে ব্যক্তি সম্মান অর্জন করতে চায় (তাকে বলুন) সব সম্মান আল্লাহরই (কাছে)।

يَصْعَدُ الْكَلِمُ الطَّيِّبُ وَالْعَمَلُ الصَّالِحُ يَرْفَعُهُ ۚ وَالَّذِينَ يَمْكُرُونَ السَّيِّئَاتِ

ইয়াস্ব'আদুল্ কালিমুত্ব ত্বাইয়্যিবু ওয়াল্ 'আমালুস্ব স্বা-লিহু ইয়ার্‌ফা'উহূ ; ওয়াল্লাযীনা ইয়াম্‌কুরূনাস্ সাইয়্যিআ-তি
তাঁর দিকে আরোহন করলে পবিত্র বাক্যসমূহ এবং নেক কাজ আরো উন্নত করে। আর যারা খারাপ কাজের ষড়যন্ত্র করে,

○ টীকা (আঃ ৮) ঃ প্রথমোক্ত ব্যক্তি কাফের। যে ব্যক্তি শয়তানের কুমন্ত্রণার ফলে মিথ্যাকে সত্য এবং অনিষ্টকারীকে উপকারী মনে করছে। আর অপর ব্যক্তি মু'মেন, যে নবীগণের আনুগত্য এবং শয়তানের বিরোধিতার ফলে মিথ্যাকে মিথ্যা এবং সত্যকে সত্য বলে জানে। এই উভয় ব্যক্তি কখনও সমান হতে পারে না। এজন্যই বলছি শয়তানের ধোঁকায় পড়িও না। শয়তান তোমাদের শত্রু। (বঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ১০) ঃ الكلم الطيب -পবিত্র বাক্য দ্বারা বুঝানো হয়েছে, তাসবীহ, তিলাওয়াত, নেককাজের উপদেশ ও অসৎকাজের নিষেধ। "আরোহণ" অর্থ কবুল করা। অর্থাৎ, ফিরিশতাগণ বান্দার উল্লিখিত নেক কাজগুলো নিয়ে আকাশে আরোহণ করেন। যাতে আল্লাহ বড় প্রতিদান দেন। (কুঃ কাঃ)

لَهُمْ عَذَابٌ شَدِيدٌ ۖ وَمَكْرُ أُولَٰئِكَ هُوَ يَبُورُ ۝১০ وَاللَّهُ خَلَقَكُم مِّن تُرَابٍ

লাহুম 'আযা-বুন্ শাদীদুন ; ওয়া মাক্‌রু উলা—ইকা হুওয়া ইয়াবূর। ১১। ওয়াল্লা-হু খালাক্বাকুম্ মিন্ তুরা-বিন্
তাদের জন্য রয়েছে কঠিন শাস্তি এবং তাদের (এ) ষড়যন্ত্র ব্যর্থ হয়ে যাবে। (১১) আল্লাহ তোমাদেরকে মাটি হতে, পরে বীর্য হতে সৃষ্টি করেছেন,

ثُمَّ مِن نُّطْفَةٍ ثُمَّ جَعَلَكُمْ أَزْوَاجًا ۚ وَمَا تَحْمِلُ مِنْ أُنثَىٰ وَلَا تَضَعُ إِلَّا بِعِلْمِهِ ۚ

ছুম্মা মিন্ নুত্বফাতিন্ ছুম্মা জ্বা'আলাকুম্ আয্‌ওয়া-জ্বান ; ওয়ামা- তাহ্‌মিলু মিন্ উন্‌ছা- ওয়ালা- তাদ্বা'উ ইল্লা- বি'ইল্‌মিহী ;
অতঃপর তোমাদেরকে বানিয়েছেন জোড়া জোড়া (পুরুষ, নারী)। তাঁর অজ্ঞাতে কোন নারী গর্ভ ধারণ করে না এবং (সন্তান) প্রসব করে না এবং কোন

وَمَا يُعَمَّرُ مِن مُّعَمَّرٍ وَلَا يُنقَصُ مِنْ عُمُرِهِ إِلَّا فِي كِتَابٍ ۚ إِنَّ ذَٰلِكَ عَلَى اللَّهِ

ওয়া মা- ইউ'আম্মারু মিম্ মু'আম্মারিঁও ওয়ালা- ইউন্‌ক্বাস্বু মিন্ 'উমুরিহী~ইল্লা- ফী কিতা-বিন ; ইন্না যা-লিকা 'আলাল্লা-হি
বয়স্ক ব্যক্তির বয়স বাড়ানো হয় না এবং কমানোও হয় না তার বয়স থেকে। তা সবই কিতাবে (লাওহে মাহফুজে) রয়েছে নিশ্চয়ই এটা আল্লাহর জন্য

يَسِيرٌ ۝১১ وَمَا يَسْتَوِي الْبَحْرَانِ هَٰذَا عَذْبٌ فُرَاتٌ سَائِغٌ شَرَابُهُ وَهَٰذَا مِلْحٌ

ইয়াসীর। ১২। ওয়া মা- ইয়াস্‌তাওয়িল্ বাহ্‌রা-নি, হা-যা- 'আয্‌বুন্ ফুরা-তুন সা—ইগুন্ শারা-বুহূ ওয়া হা-যা- মিল্‌হুন্
খুবই সহজ। (১২) দুটি সমুদ্র সমান নহে- এর একটি মিষ্টি সুস্বাদু (পানি) যা তৃপ্তিদায়ক। আর অন্যটি লোনা পানি। তোমরা (এ দুটি সমুদ্রের) প্রত্যেকটি

أُجَاجٌ ۖ وَمِن كُلٍّ تَأْكُلُونَ لَحْمًا طَرِيًّا وَتَسْتَخْرِجُونَ حِلْيَةً تَلْبَسُونَهَا ۖ وَتَرَى

উজ্বা-জুন ; ওয়া মিন্ কুল্লিন্ তা'কুলূনা লাহ্‌মান্ ত্বারিয়্যাওঁ ওয়া তাস্‌তাখ্‌রিজুনা হিল্‌ইয়াতান্ তাল্‌বাসূনাহা-, ওয়া তারাল্
হতেই, তাজা গোশত খাও (অর্থাৎ মাছ) এবং তোমরা বের কর (মণি-মুক্তার) গহনাদি, যা তোমরা পরে থাক। তোমরা দেখতেছ যে, বড় বড় নৌকা (উভয়) সমুদ্রের মধ্যে

الْفُلْكَ فِيهِ مَوَاخِرَ لِتَبْتَغُوا مِن فَضْلِهِ وَلَعَلَّكُمْ تَشْكُرُونَ ۝১২ يُولِجُ اللَّيْلَ فِي

ফুল্‌কা ফীহি মাওয়া-খিরা লিতাব্‌তাগূ মিন্ ফাদ্বলিহী ওয়া লা'আল্লাকুম্ তাশ্‌কুরূন। ১৩। ইউলিজুল্ লাইলা ফিন্
পানি ভেদ করে (তীরে) চলাচল করে, যাতে তোমরা তাঁর অনুগ্রহ অন্বেষণ করতে পার এবং যেন তোমরা কৃতজ্ঞতা প্রকাশ কর। (১৩) তিনি (আল্লাহ) রাতকে দিবসে এবং

النَّهَارِ وَيُولِجُ النَّهَارَ فِي اللَّيْلِ وَسَخَّرَ الشَّمْسَ وَالْقَمَرَ كُلٌّ يَجْرِي

নাহা-রি ওয়া ইউলিজুন্ নাহা-রা ফিল্ লাইলি, ওয়া সাখ্‌খারাশ্ শাম্‌সা ওয়াল্ ক্বামারা, কুল্লুই ইয়াজ্বরী
দিবসকে রাতের মধ্যে প্রবেশ করান এবং সূর্য ও চন্দ্রকে কাজে লাগিয়ে দিয়েছেন, তারা প্রত্যেকেই (তার) নির্দিষ্ট সময়

لِأَجَلٍ مُّسَمًّى ۚ ذَٰلِكُمُ اللَّهُ رَبُّكُمْ لَهُ الْمُلْكُ ۚ وَالَّذِينَ تَدْعُونَ مِن دُونِهِ

লিআজ্বালিম্ মুসাম্মান ; যা-লিকুমুল্লা-হু রাব্বুকুম্ লাহুল্ মুল্‌কু ; ওয়াল্লাযীনা তাদ্'উনা মিন্ দুনিহী
কাল পর্যন্ত চলে। তিনি আল্লাহই তোমাদের প্রতিপালক। রাজত্ব (কর্তৃত্ব) একমাত্র তাঁরই। তোমরা আল্লাহ ব্যতীত যাদেরকে ডাক।

○ টীকা (আঃ ১০) ঃ কুরাইশ ও মক্কার কাফেরদের একটি পরামর্শ গৃহ ছিল। যার নাম ছিল দারুন নুদওয়াহ্। মুসলমানদেরকে কিভাবে নির্যাতন করা যায় এবং নির্যাতনের মাত্রা কতটুকু নির্মম করা যায়- তারা এসব বিষয় নিয়ে সেখানে আলোচনা করতো। একবার তারা সেই দারুন নুদওয়াতে রাসূল (স)-এর ব্যাপারে পরামর্শ করে। পরামর্শ শেষে সেখানে তারা তিনটি বিষয়ের সুপারিশ করে বলে, এর মধ্যে থেকে তোমাদেরকে যেকোন একটি বেছে নিতে হবে। এক, তাঁকে স্বীকৃতি দেয়া। দুই, তাঁকে হত্যা করা (নাউযুবিল্লাহ)। তিন, তাঁকে দেশান্তারিত করা। অত্র আয়াতে তাদের এসব চক্রান্তের প্রতিই ইংগিত করা হয়েছে। (শাঃ হিঃ)

مَا يَمْلِكُوْنَ مِنْ قِطْمِيْرٍ ۝١٤ اِنْ تَدْعُوْهُمْ لَا يَسْمَعُوْا دُعَآءَكُمْ ۚ وَلَوْ سَمِعُوْا

মা- ইয়াম্‌লিকূনা মিন্ ক্বিত্বমীর। ১৪। ইন্ তাদ্‌'উহুম্ লা-ইয়াস্‌মা'উ দু'আ—আকুম্, ওয়ালাও সামি'উ

তারা তো খেজুর বীচিরও মালিক নয়। (১৪) যদি তোমরা তাদেরকে ডাক, তারা তোমাদের সে ডাক শোনবে না; আর (ধরে নাও) যদিও শোনে, তবু তোমাদের

مَا اسْتَجَابُوْا لَكُمْ ؕ وَيَوْمَ الْقِيٰمَةِ يَكْفُرُوْنَ بِشِرْكِكُمْ ؕ وَلَا يُنَبِّئُكَ مِثْلُ

মাস্‌তাজ্বা-বূ বলাকুম ; ওয়া ইয়াওমাল্ ক্বিয়া-মাতি ইয়াক্‌ফুরূনা বিশির্‌কিকুম ; ওয়া লা-ইউনাব্বিউকা মিছ্‌লু

(ডাকের) জবাব দিতে পারবে না। বরং কিয়ামতের দিন তোমাদের এ শরীক নির্ধারণের ব্যাপারটিকে অস্বীকার করবে। আর তোমাকে কেউই সর্বজ্ঞ; (আল্লাহ) এর

خَبِيْرٍ ۝١٤ يٰٓاَيُّهَا النَّاسُ اَنْتُمُ الْفُقَرَآءُ اِلَى اللّٰهِ ۚ وَاللّٰهُ هُوَ الْغَنِيُّ الْحَمِيْدُ ۝

খাবীর। ১৫। ইয়া~আইয়্যুহান্ না-সু আন্‌তুমুল্ ফুক্বারা—উ ইলাল্লা-হি, ওয়াল্লা-হু হুওয়াল্ গানিয়্যুল্ হ্বামীদ্।

ন্যায় খবর দিবে না। (১৫) হে মানুষ! তোমরা তো আল্লাহর মুখাপেক্ষী এবং আল্লাহ-অমুখাপেক্ষী, মহা প্রশংসিত।

اِنْ يَّشَاْ يُذْهِبْكُمْ وَيَأْتِ بِخَلْقٍ جَدِيْدٍ ۝١٦ وَمَا ذٰلِكَ عَلَى اللّٰهِ بِعَزِيْزٍ ۝١٧ وَلَا

১৬। ইঁয় ইয়াশা' ইউয্‌হিব্‌কুম ওয়া ইয়া'তি বিখাল্‌ক্বিন্ জ্বাদীদ্। ১৭। ওয়া মা- যা-লিকা 'আলাল্লা-হি বি'আযীয্। ১৮। ওয়ালা-

(১৬) তিনি যদি চান তোমাদেরকে (ধ্বংস করে) নিয়ে যেতে পারেন এবং আনতে পারেন নূতন (এক) সৃষ্টি। (১৭) এ আল্লাহর জন্য কোনই মুশকিলের নয়। (১৮) কোন

تَزِرُ وَازِرَةٌ وِّزْرَ اُخْرٰى ؕ وَاِنْ تَدْعُ مُثْقَلَةٌ اِلٰى حِمْلِهَا لَا يُحْمَلْ مِنْهُ شَيْءٌ

তাযিরু ওয়া-যিরাতুওঁ ওয়িয্‌রা উখ্‌রা- ; ওয়াইন্ তাদ্‌'উ মুছ্‌ক্বালাতুন্ ইলা- হ্বিম্‌লিহা- লা-ইউহ্বমাল্ মিন্‌হু শাইউওঁ

বোঝা বহনকারী অন্যের বোঝা বহন করবে না। আর যদি কোন ভারার্পিত ব্যক্তি তার বোঝা বহন করার জন্য কাউকে ডাকে– তবে তা থেকে মোটেই বহন করা হবে না

وَّلَوْ كَانَ ذَا قُرْبٰى ؕ اِنَّمَا تُنْذِرُ الَّذِيْنَ يَخْشَوْنَ رَبَّهُمْ بِالْغَيْبِ وَاَقَامُوا

ওয়ালাও কা-না যা-ক্বুরবা-; ইন্নামা- তুন্‌যিরুল্ লাযীনা ইয়াখ্‌শাওনা রাব্বাহুম্ বিল্‌গাইবি ওয়া আক্বা-মুস্ব

যদিও সে নিকটতম আত্মীয় হয়। আপনি শুধু তাদেরকেই সতর্ক করে দিতে পারেন, যারা তাদের প্রতিপালককে অদৃশ্য ভাবে ভয় করে এবং

الصَّلٰوةَ ؕ وَمَنْ تَزَكّٰى فَاِنَّمَا يَتَزَكّٰى لِنَفْسِهٖ ؕ وَاِلَى اللّٰهِ الْمَصِيْرُ ۝١٨ وَمَا يَسْتَوِى

স্বালা-তা ; ওয়া মান্ তাযাক্কা- ফাইন্নামা- ইয়াতাযাক্কা- লিনাফ্‌সিহী ; ওয়া ইলাল লা-হিল্ মাস্বীর। ১৯। ওয়ামা- ইয়াসতাওয়িল্

নামাজ কায়েম করে। যে (গুনাহ থেকে) পবিত্র হয়, সে শুধু তার নিজের (কল্যাণের) জন্যই পবিত্র হয়। (সকলের) প্রত্যাবর্তন আল্লাহর কাছেই। (১৯) দৃষ্টিহীন (ব্যক্তি)

الْاَعْمٰى وَالْبَصِيْرُ ۝١٩ وَلَا الظُّلُمٰتُ وَلَا النُّوْرُ ۝٢٠ وَلَا الظِّلُّ وَلَا الْحَرُوْرُ ۝٢١ وَمَا

'আমা- ওয়াল্ বাস্বীর। ২০। ওয়ালাজ্ জুলুমা-তু ওয়ালান্ নূর। ২১। ওয়া লাজ্ জিল্‌লু ওয়ালাল্ হ্বারূর। ২২। ওয়ামা-

এবং দৃষ্টিসম্পন্ন (ব্যক্তি) সমান নয়। (২০) অন্ধকার ও আলো সমান নয়। (২১) এবং সমান নয় ছায়া ও (রোদের) তাপ। (২২) এবং

○ বিশ্লেষণ (আঃ ১৮) ঃ تزكى – অর্থ, শিরক ও অশ্লীল কাজ হতে পবিত্র থাকা।
○ বিশ্লেষণ (আঃ ১৯) ঃ اعمى...... – দৃষ্টিহীন দ্বারা কাফির এবং দৃষ্টিসম্পন্ন দ্বারা মুমিনকে বুঝানো হয়েছে।
○ বিশ্লেষণ (আঃ ২০) ঃ الظلمت – অন্ধকার দ্বারা বাতিল এবং আলো দ্বারা সত্যকে বুঝানো হয়েছে।
○ বিশ্লেষণ (আঃ ২১) ঃ الظل – ছায়া দ্বারা জান্নাত এবং তাপ দ্বারা জাহান্নামকে বুঝানো হয়েছে।
○ বিশ্লেষণ (আঃ ২২) ঃ احيا. – জীবিত দ্বারা, মুমিন এবং মৃত দ্বারা কাফির হে বুঝানো হয়েছে।

الْاَحْيَآءُ وَلَا الْاَمْوَاتُ ؕ اِنَّ اللّٰهَ يُسْمِعُ مَنْ يَّشَآءُ ۚ وَمَآ اَنْتَ بِمُسْمِعٍ يَسْتَوِى

ইয়াস্‌তাওয়িল্ আহ্বইয়া—উ ওয়ালাল্ আম্‌ওয়া-তু ; ইন্নাল্লা-হা ইউস্‌মি'উ মাইঁ ইয়াশা—উ, ওয়া মা~আন্‌তা বিমুস্‌মি'ইম্

জীবিত ও মৃত সমান নয়। আল্লাহ যাকে চান, শোনান। আপনি তাদেরকে শোনাতে পারবেন না, যারা কবরে

مَّنْ فِى الْقُبُوْرِ ۝٢٢ اِنْ اَنْتَ اِلَّا نَذِيْرٌ ۝٢٣ اِنَّآ اَرْسَلْنٰكَ بِالْحَقِّ بَشِيْرًا وَّنَذِيْرًا ؕ

মান্ ফিল্ ক্বুবূর। ২৩। ইন্ আন্‌তা ইল্লা- নাযীর। ২৪। ইন্না~আরসাল্‌না-কা বিল্‌হ্বাক্বক্বি বাশীরাওঁ ওয়া নাযীরান ;

রয়েছে। (২৩) আপনিতো শুধু সতর্ককারী, (২৪) আমি আপনাকে প্রেরণ করেছি সত্যসহ সুসংবাদদাতা ও সতর্ককারী রূপে। আর পূর্বে এমন কোন উম্মত ছিল না,

وَاِنْ مِّنْ اُمَّةٍ اِلَّا خَلَا فِيْهَا نَذِيْرٌ ۝٢٤ وَاِنْ يُّكَذِّبُوْكَ فَقَدْ كَذَّبَ الَّذِيْنَ

ওয়া ইম্মিন্ উম্মাতিন্ ইল্লা- খালা-ফীহা- নাযীর। ২৫। ওয়া ইঁয় ইউকায্‌যিবূকা ফাক্বাদ্ কায্‌যাবাল্ লাযীনা

যাদের কাছে কোন সতর্ককারী আগমন করেনি। (২৫) যদি তারা আপনাকে অস্বীকার করে, তবে তাদেরকেও তারা অস্বীকার করেছিল, যারা তাদের পূর্বে (নবী) ছিল

مِنْ قَبْلِهِمْ ۚ جَآءَتْهُمْ رُسُلُهُمْ بِالْبَيِّنٰتِ وَبِالزُّبُرِ وَبِالْكِتٰبِ الْمُنِيْرِ ۝

মিন্ ক্বাব্‌লিহিম, জ্বা—আত্‌হুম্ রুসুলুহুম্ বিল্‌বাইয়্যিনা-তি ওয়া বিয্‌যুবুরি ওয়া বিল্‌কিতা-বিল্ মুনীর।

তাদের কাছেও তাদের রাসূল স্পষ্ট নিদর্শন, সহীফা (আসমানী ছোট্ট কিতাব) এবং আলোকময় কিতাবসহ এসেছিল।

ثُمَّ اَخَذْتُ الَّذِيْنَ كَفَرُوْا فَكَيْفَ كَانَ نَكِيْرِ ۝٢٦ اَلَمْ تَرَ اَنَّ اللّٰهَ اَنْزَلَ مِنَ

২৬। ছুম্মা আখায্‌তুল্লাযীনা কাফারূ ফাকাইফা কা-না নাকীর্। ২৭। আলাম্ তারা- আন্নাল্লা-হা আন্‌যালা মিনাস্

(২৬) অতঃপর আমি সে কাফিরদেরকে পাকড়াও করলাম। কিরূপ ছিল আমার (প্রত্যাখ্যানের) শাস্তি! (২৭) আপনি কি (চিন্তা করে) দেখেন না! আল্লাহ

السَّمَآءِ مَآءً ۚ فَاَخْرَجْنَا بِهٖ ثَمَرٰتٍ مُّخْتَلِفًا اَلْوَانُهَا ؕ وَمِنَ الْجِبَالِ جُدَدٌ

সামা—ই মা—আন্, ফাআখ্‌রাজ্বনা-বিহী ছামারা-তিম্ মুখ্‌তালিফান্ আল্‌ওয়া-নুহা- ওয়া মিনাল্ জ্বিবা-লি জুদাদুম্

আকাশ থেকে পানি (বৃষ্টি) বর্ষণ করেন, অতঃপর আমি (আল্লাহ) তার দ্বারা বিভিন্ন রং এর ফল উৎপন্ন করি? এবং পাহাড়গুলোও

بِيْضٌ وَّحُمْرٌ مُّخْتَلِفٌ اَلْوَانُهَا وَغَرَابِيْبُ سُوْدٌ ۝٢٧ وَمِنَ النَّاسِ وَالدَّوَآبِّ

বীদুওঁ ওয়া হুম্‌রুম্ মুখ্‌তালিফুন্ আল্‌ওয়া-নুহা- ওয়া গারা-বীবু সূদ্। ২৮। ওয়া মিনান্ না-সি ওয়াদ্ দাওয়া—ব্বি

বিভিন্ন রং-এর– সাদা, লাল এবং একেবারে ঘনকাল গিরিপথ। (২৮) অনরূপভাবে মানুষ, জন্তু

وَالْاَنْعَامِ مُخْتَلِفٌ اَلْوَانُهٗ كَذٰلِكَ ؕ اِنَّمَا يَخْشَى اللّٰهَ مِنْ عِبَادِهِ الْعُلَمٰٓؤُا ؕ

ওয়াল্ আন্'আ-মি মুখ্‌তালিফুন্ আল্‌ওয়া-নুহূ কাযা-লিকা ; ইন্নামা- ইয়াখ্‌শাল্লা-হা মিন্ 'ইবা-দিহিল্ 'উলামা—উ ;

এবং গৃহপালিত পশুর মধ্যেও বিভিন্ন বর্ণ রয়েছে। আল্লাহকে শুধুমাত্র ভয় তারাই করে, যারা তাঁর বান্দাদের মধ্যে (আল্লাহর দ্বীন সম্পর্কে) জ্ঞান রাখে।

○ বিশ্লেষণ (আঃ ২৩) ঃ الا نذير – অর্থাৎ, নেককারী। আপনার দায়িত্বও আল্লাহর দিকে মানুষকে আহ্বান করা। হেদায়েত আল্লাহর ইচ্ছায়। (কুঃ কারীম) ○ টীকা (আঃ ২৭) ঃ কোন কোন সময় বিভিন্ন জন্তুর মধ্যে আর কোন কোন সময় একই প্রকারের প্রাণীর মধ্যে বিবিন্ন বর্ণ হয়ে থাকে। অতএব, যারা এসমস্ত প্রমাণের মধ্যে আল্লাহর মহান ক্ষমতার কথা গবীরভাবে চিন্তা করে, তারা আল্লাহ্ তায়ালার অপার মহিমা উপলব্ধি করতে পারে। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ২৮) ঃ এর থেকে জানা গেল মাত্র গ্রন্থ পাঠকারী বা কিতাবী বিদ্যা বিদ্বানকে 'আলেম' বলা যায় না; বরং আলেম তিনি যিনি আল্লাহ তায়ালাকে ভয় করেন। (বঃ কোঃ)

৩ রুকু ১৫

إِنَّ اللّٰهَ عَزِيزٌ غَفُورٌ ﴿٢٨﴾ إِنَّ الَّذِينَ يَتْلُونَ كِتٰبَ اللّٰهِ وَأَقَامُوا الصَّلٰوةَ وَأَنْفَقُوا

ইন্নাল্লা-হা 'আযীযুন্ গাফূর। ২৯। ইন্নাল্লাযীনা ইয়াত্লূনা কিতা-বাল্লা-হি ওয়া আক্বা-মুস্ব স্বালা-তা ওয়া আন্ফাকূ
আল্লাহ মহা শক্তিশালী, ক্ষমাশীল। (২৯) যারা আল্লাহর কিতাব (কুরআন মাজীদ) পাঠ করে এবং নামাজ কায়েম করে এবং যা কিছু আমি তাদেরকে প্রদান করেছি,

مِمَّا رَزَقْنٰهُمْ سِرًّا وَعَلَانِيَةً يَرْجُونَ تِجَارَةً لَنْ تَبُورَ ﴿٢٩﴾ لِيُوَفِّيَهُمْ أُجُورَهُمْ

মিম্মা- রাযাক্বনা-হুম্ সির্রাওঁ ওয়া'আলা-নিয়াতাই ইয়ার্জূনা তিজ্বারাতাল্ লান্ তাবূর। ৩০। লিইউওয়াফ্ফিয়াহুম্ উজ্বূরাহুম্
তা থেকে গোপনে ও প্রকাশ্যে ব্যয় করে, তারা এমন ব্যবসার প্রত্যাশী, যা কখনও লোকসান হবার নয়। (৩০) কারণ, আল্লাহ তাদের প্রতিদান পূর্ণভাবে দিবেন

وَيَزِيدَهُمْ مِنْ فَضْلِهٖ ۚ إِنَّهٗ غَفُورٌ شَكُورٌ ﴿٣٠﴾ وَالَّذِيٓ أَوْحَيْنَآ إِلَيْكَ مِنَ الْكِتٰبِ

ওয়া ইয়াযীদাহুম্ মিন্ ফাদ্বলিহী ; ইন্নাহূ গাফূরুন্ শাকূর। ৩১। ওয়াল্লাযী~আওহাইনা~ইলাইকা মিনাল্ কিতা-বি
এবং তাঁর নিজ রহমত থেকে তাদের আরও বাড়িয়ে দিবেন। নিশ্চয়ই তিনি ক্ষমাশীল, গুণগ্রাহী। (৩১) আর আমি যে কিতাব (কুরআন) তোমার প্রতি নাযিল করেছি

هُوَ الْحَقُّ مُصَدِّقًا لِمَا بَيْنَ يَدَيْهِ ۗ إِنَّ اللّٰهَ بِعِبَادِهٖ لَخَبِيرٌ بَصِيرٌ ﴿٣١﴾ ثُمَّ أَوْرَثْنَا

হুওয়াল্ হাক্কু মুস্বাদ্দিক্বাল্ লিমা- বাইনা ইয়াদাইহি ; ইন্নাল্লা-হা বি'ইবা-দিহী লাখাবীরুম্ বাস্বীর। ৩২। ছুম্মা আওরাছ্নাল্
তা সত্য, যে এর পূর্বের কিতাবসমূহের সত্যায়নকারী। নিশ্চয়ই আল্লাহ তাঁর বান্দাদের পূর্ণ খবর রাখেন ও দেখেন। (৩২) অতঃপর আমি সে কিতাব (কুরআন)-এর

الْكِتٰبَ الَّذِينَ اصْطَفَيْنَا مِنْ عِبَادِنَا ۚ فَمِنْهُمْ ظَالِمٌ لِنَفْسِهٖ ۚ وَمِنْهُمْ مُقْتَصِدٌ ۚ

কিতা-বাল্লাযীনাস্ব ত্বাফাইনা- মিন্ 'ইবা-দিনা- ফামিন্হুম্ জা-লিমুল্ লিনাফ্সিহী ওয়া মিন্হুম মুক্বতাস্বিদুন্,
অধিকারী তাদেরকে করেছি, যাদেরকে আমি আমার বান্দাদের মধ্যে বাছাই করেছি। তবে তার মধ্যে কতক নিজের প্রতি জুলুমকারী এবং কতক মধ্যম পন্থী

وَمِنْهُمْ سَابِقٌ بِالْخَيْرٰتِ بِإِذْنِ اللّٰهِ ۗ ذٰلِكَ هُوَ الْفَضْلُ الْكَبِيرُ ﴿٣٢﴾ جَنّٰتُ عَدْنٍ

ওয়া মিন্হুম সা-বিকুম্ বিল্খাইরা-তি বিইয্নিল্লা-হি ; যা-লিকা হুওয়াল্ ফাদ্বলুল্ কাবীর। ৩৩। জ্বান্না-তু 'আদ্নিই
এবং তাদের মধ্যে কতক আল্লাহর ইচ্ছায় (রহমতে) কল্যাণ কর কাজে অগ্রগামী। এটা (আল্লাহর) মহান দয়া। (৩৩) তারা সে অবিনশ্বর (স্থায়ী) জান্নাতে

يَدْخُلُونَهَا يُحَلَّوْنَ فِيهَا مِنْ أَسَاوِرَ مِنْ ذَهَبٍ وَلُؤْلُؤًا ۚ وَلِبَاسُهُمْ فِيهَا

ইয়াদ্খুলূনাহা- ইউহাল্লাওনা ফীহা- মিন্ আসা-ওয়িরা মিন্ যাহাবিওঁ ওয়া লু'লুওয়ান, ওয়া লিবা-সুহুম ফীহা-
প্রবেশ করবে, সেখানে তাদেরকে সজ্জিত করা হবে স্বর্ণের বালা (চুড়ি) ও মুক্তা (পরানো) দ্বারা এবং সেখানে তাদের পোশাক হবে রেশমী

حَرِيرٌ ﴿٣٣﴾ وَقَالُوا الْحَمْدُ لِلّٰهِ الَّذِيٓ أَذْهَبَ عَنَّا الْحَزَنَ ۖ إِنَّ رَبَّنَا لَغَفُورٌ

হারীর। ৩৪। ওয়া ক্বা-লুল্ হাম্দু লিল্লা-হিল্ লাযী~আয্হাবা 'আন্নাল্ হাযানা ; ইন্না রাব্বানা- লাগাফূরুন্
কাপড়ের। (৩৪) এবং তারা বলবে, সে (মহান) আল্লাহর জন্যই সব প্রশংসা, যিনি আমাদের থেকে পেরেশানী দূর করেছেন। নিশ্চয়ই আমার প্রতিপালক

○ টীকা (আঃ ২৯) ঃ কেননা, এই পণ্যের ক্রেতা সৃষ্টজীব নয় যে, সময়ে পণ্যের সমাদর করবে এবং সময়ে অবহেলা করবে। বরং এর খরিদ্দার স্বয়ং আল্লাহ, যিনি স্বীয় প্রতিশ্রুতি অনুযায়ী, তাদেরই হিতসাধনের উদ্দেশ্যেই উক্ত সওদার উপযুক্ত মূল্য দান করবেন, তাতে নিজের স্বার্থ বিন্দুমাত্রও নেই।
○ বিশ্লেষণ (আঃ ৩০) ঃ سرا علانية - অর্থাৎ, রাত, দিন, প্রকাশ্যে ও গোপনে, সর্বাবস্থায় আল্লাহর পথে ব্যয় করে। যাতে, গোপনে ব্যয় করা দ্বারা, নফল সদকা আর প্রকাশ্যে ব্যয় করা দ্বারা, ফরজ সদকা (অর্থাৎ, যাকাত) কে বুঝানো হয়েছে। ○ টীকা (আঃ ৩২) ঃ অর্থাৎ, মুসলমানগণ ঈমান আনয়নের ফলে সমগ্র জগতবাসীর মধ্যে তারাই আল্লাহর অধিক প্রিয়। অবশ্য তাদের মধ্যেও অন্যান্য কারণ যথা, মন্দ কাজ অবলম্বনের দরুন নিন্দার কারণও রয়েছে। ফলকথা, পছন্দনীয় হওয়ার ব্যাপারে সকল মু'মিন সমান সত্ত্বেও তারা আবার তিন ভাগে বিভক্ত হয়েছে। সম্মুখের দিকে তা-ই বর্ণনা করছেন। (বঃ কোঃ)

شَكُورٌ ﴿٣٤﴾ الَّذِيٓ أَحَلَّنَا دَارَ الْمُقَامَةِ مِنْ فَضْلِهٖ ۚ لَا يَمَسُّنَا فِيهَا نَصَبٌ وَلَا

শাকূর। ৩৫। নিল্লাযী~আহাল্লানা- দা-রাল্ মুক্বা-মাতি মিন্ ফাদ্বলিহী, লা-ইয়ামাস্সুনা- ফীহা- নাস্বাবুওঁ ওয়ালা-
ক্ষমাশীল, গুণগ্রাহী। (৩৫) যিনি তাঁর নিজ দয়ায় আমাদেরকে স্থায়ী বাসস্থানে (জান্নাতে) অবতরণ করায়েছেন। সেখানে স্পর্শ করবে না কোন

يَمَسُّنَا فِيهَا لُغُوبٌ ﴿٣٥﴾ وَالَّذِينَ كَفَرُوا لَهُمْ نَارُ جَهَنَّمَ ۚ لَا يُقْضٰى عَلَيْهِمْ

ইয়ামাস্সুনা- ফীহা- লুগূব। ৩৬। ওয়াল্লাযীনা কাফারূ লাহুম না-রু জ্বাহান্নামা, লা-ইউক্বদ্বা- 'আলাইহিম্
ক্লান্তি ও কোন (প্রকার) কষ্ট। (৩৬) আর যারা কাফির, তাদের জন্য রয়েছে জাহান্নামের অগ্নি। তাদের উপর এভাবে নির্দেশ দেয়া হবে না, যাতে

فَيَمُوتُوا وَلَا يُخَفَّفُ عَنْهُمْ مِنْ عَذَابِهَا ۗ كَذٰلِكَ نَجْزِي كُلَّ كَفُورٍ ﴿٣٦﴾

ফাইয়ামূতূ ওয়ালা- ইউখাফ্ফাফু 'আন্হুম মিন্ 'আযা-বিহা-; কাযা-লিকা নাজ্যী কুল্লা কাফূর।
তারা মারা যাবে (ও শাস্তি হতে মুক্তি পাবে) এবং তাদের থেকে জাহান্নামের শাস্তিও হালকা করা হবে; আমি কাফিরদেরকে এভাবেই শাস্তি দিব।

وَهُمْ يَصْطَرِخُونَ فِيهَا ۚ رَبَّنَآ أَخْرِجْنَا نَعْمَلْ صٰلِحًا غَيْرَ الَّذِي كُنَّا نَعْمَلُ ۗ

৩৭। ওয়া হুম্ ইয়াস্বতারিখূনা ফীহা-, রাব্বানা~আখ্রিজ্না- না'মাল্ স্বা-লিহান্ গাইরাল্লাযী কুন্না- না'মালু ;
(৩৭) সেখানে বসে তারা চীৎকার করে বলবে, হে আমাদের প্রতিপালক! আমাদেরকে বের করে নাও। আমরা নেক কাজ করব যে কাজ পূর্বে করেছিলাম তা করবনা।

أَوَلَمْ نُعَمِّرْكُمْ مَا يَتَذَكَّرُ فِيهِ مَنْ تَذَكَّرَ وَجَآءَكُمُ النَّذِيرُ ۖ فَذُوقُوا فَمَا لِلظّٰلِمِينَ

আওয়ালাম্ নু'আম্মির্কুম্ মা-ইয়াতাযাক্কারু ফীহি মান্ তাযাক্কারা ওয়া জ্বা—আকুমুন্ নাযীর ; ফাযূকূ ফামা- লিজ্জা-লিমীনা
(আল্লাহ বলবেন) আমি কি তোমাদেরকে এতো বয়স দেইনি যে, এ সময়ের মধ্যে (দ্বীনের) উপদেশ গ্রহণ করতে পারতে, যে উপদেশ গ্রহণ করতে চাইতে? এবং তোমাদের কাছে তো সতর্ককারী (নবী) ও এসেছিল; সুতরাং

مِنْ نَصِيرٍ ﴿٣٧﴾ إِنَّ اللّٰهَ عٰلِمُ غَيْبِ السَّمٰوٰتِ وَالْأَرْضِ ۚ إِنَّهٗ عَلِيمٌۢ بِذَاتِ

মিন্ নাস্বীর। ৩৮। ইন্নাল্লা-হা 'আ-লিমু গাইবিস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্দ্বি ; ইন্নাহূ 'আলীমুম্ বিযা-তিস্ব
(এখন শাস্তি) উপভোগ কর, জালিমদের কোন সাহায্যকারী নেই। (৩৮) নিশ্চয়ই আল্লাহ জানেন, আকাশ ও পৃথিবীর লুক্কায়িত বিষয়গুলো। নিশ্চয়ই তিনি জানেন, মনের

الصُّدُورِ ﴿٣٨﴾ هُوَ الَّذِي جَعَلَكُمْ خَلٰٓئِفَ فِي الْأَرْضِ ۚ فَمَنْ كَفَرَ فَعَلَيْهِ كُفْرُهٗ ۖ

স্বুদূর। ৩৯। হুওয়াল্লাযী জ্বা'আলাকুম্ খালা—ইফা ফিল্ আর্দ্বি ; ফামান্ কাফারা ফা'আলাইহি কুফ্রুহূ ;
সব কথা (৩৯) তিনি (আল্লাহ) তোমাদেরকে পৃথিবীতে উত্তরাধিকারী করেছেনই, সুতরাং যে অকৃতজ্ঞ হবে, তার অকৃতজ্ঞতার (প্রতিফলের) জন্য সে নিজেই দায়ী।

وَلَا يَزِيدُ الْكٰفِرِينَ كُفْرُهُمْ عِنْدَ رَبِّهِمْ إِلَّا مَقْتًا ۚ وَلَا يَزِيدُ الْكٰفِرِينَ كُفْرُهُمْ

ওয়ালা- ইয়াযীদুল কা-ফিরীনা কুফ্রুহুম 'ইন্দা রাব্বিহিম ইল্লা- মাক্বতান্, ওয়ালা- ইয়াযীদুল্ কা-ফিরীনা কুফ্রুহুম
অবিশ্বাসীদের অবিশ্বাস, তাদের প্রতিপালকের কাছে কেবল অসন্তুষ্টিই বৃদ্ধি করে এবং অবিশ্বাসীদের অবিশ্বাস, কেবল তাদের

৪ রুকূ ১৬

○ বিশ্লেষণ (আঃ ৩৭) ঃ النذير - রাসূলুল্লাহকে (স) বুঝানো হয়েছে।
○ টীকা (আঃ ৩৭) ঃ কেননা, আমি তাদের শিরক এবং কুফরের দরুন অসন্তুষ্ট থাকায় সাহায্য করবই না; আর অপর কেহ অক্ষমতার দরুন সাহায্য করতেই পারবে না। ○ টীকা (আঃ ৩৯) ঃ এবং এই সমস্ত প্রমাণ ও নেয়ামতের কারণে মানুষের উচিত ছিল প্রমাণ ও কৃতজ্ঞতাস্বরূপ আল্লাহ একত্বে বিশ্বাস করা ও তাঁর আনুগত্য করা; কিন্তু কতক লোক কুফর ও বিরুদ্ধাচরণের উপরই স্থির রয়েছে। (বঃ কোঃ)

إِلَّا خَسَارًا ۝٤٠ قُلْ أَرَءَيْتُمْ شُرَكَآءَكُمُ الَّذِينَ تَدْعُونَ مِن دُونِ اللَّهِ ط

ইল্লা- খাসা-রা-। ৪০। কুল্ আরাআইতুম্ শুরাকা—আ কুমুল্লাযীনা তাদ্'উনা মিন্ দূনিল্লা-হি ;
ক্ষতিই বৃদ্ধি করে। (৪০) আপনি বলুন, তোমরা কি তোমাদের সে (উপাসক) দের ব্যাপারে চিন্তা করে দেখছ, যাদেরকে তোমরা আল্লাহর পরিবর্তে ডাক?

أَرُونِي مَاذَا خَلَقُوا مِنَ الْأَرْضِ أَمْ لَهُمْ شِرْكٌ فِي السَّمٰوٰتِ ج أَمْ آتَيْنٰهُمْ

আরূনী মা-যা- খালাক্ব মিনাল্ আরদ্বি আম্ লাহুম্ শিরকুন্ ফিস্ সামা-ওয়া-তি, আম্ আ-তাইনা-হুম্
আমাকে বলতো, তারা পৃথিবীর কি (জিনিস) সৃষ্টি করেছে অথবা আকাশ (সৃষ্টি) এর মধ্যে তাদের কি কোন অংশিদারিত্ব আছে? অথবা তাদেরকে কি আমি (এমন) কোন

كِتٰبًا فَهُمْ عَلٰى بَيِّنَتٍ مِّنْهُ ج بَلْ إِن يَعِدُ الظّٰلِمُونَ بَعْضُهُم بَعْضًا إِلَّا غُرُورًا ۝

কিতা-বান্ ফাহুম্ 'আলা- বাইয়্যিনাতিম্ মিন্হু, বাল্ ইঁয়া 'ইদুজ্ জা-লিমূনা 'বাদ্বুহুম্ 'বাদ্বান ইল্লা- গুরূরা-।
কিতাব দিয়েছি যে, তা দিয়ে তারা (অংশিদারিত্বের) প্রমাণের উপর রয়েছে? বরং এ জালিমরা শুধু একে অন্যকে প্রবঞ্চনামূলক প্রতিশ্রুতি দিয়ে থাকে।

۝٤١ إِنَّ اللَّهَ يُمْسِكُ السَّمٰوٰتِ وَالْأَرْضَ أَن تَزُولَا ۚ وَلَئِن زَالَتَآ إِنْ أَمْسَكَهُمَا

৪১। ইন্নাল্লা-হা ইউম্‌সিকুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্বা আন্ তাযূলা-; ওয়া লাইন্ যা-লাতা~ইন আম্‌সাকাহুমা-
(৪১) আল্লাহই আকাশ ও পৃথিবীকে ধরে রেখেছেন, যাতে এ দুটো টলে না পড়ে। আর যদি এ দুটো টলে পড়ে, তারপরে আল্লাহ ব্যতীত আর অন্য কেউ

مِنْ أَحَدٍ مِّن بَعْدِهِ ط إِنَّهُ كَانَ حَلِيمًا غَفُورًا ۝٤٢ وَأَقْسَمُوا بِاللَّهِ جَهْدَ أَيْمٰنِهِمْ

মিন্ আহ্বাদিম্ মিম্ বা'দিহী ; ইন্নাহূ কা-না হ্বালীমান্ গাফূরা-। ৪২। ওয়া আক্বসামূ বিল্লা-হি জ্বাহ্‌দা আইমা-নিহিম্
এ দুটোকে ধরে রাখতে পারবে না। নিশ্চয়ই তিনি (আল্লাহ) মহা ধৈর্য্যশীল, ক্ষমাশীল। (৪২) আর তারা (কাফিরেরা) আল্লাহর নামে শক্ত শপথ করে বলত যে,

لَئِن جَآءَهُمْ نَذِيرٌ لَّيَكُونُنَّ أَهْدٰى مِنْ إِحْدَى الْأُمَمِ ج فَلَمَّا جَآءَهُمْ

লাইন্ জ্বা—আহুম্ নাযীরুল্ লাইয়াকূনুন্না আহ্‌দা- মিন্ ইহ্বদাল্ উমামি, ফালাম্মা- জ্বা—আহুম্
যদি তাদের কাছে কেন সতর্ককারী (নবী) আসে, তবে তারা (অন্যান্য) প্রত্যেক উম্মতের চেয়ে অধিকতর হেদায়েত কবুলকারী হবে। যখন তাদের কাছে সতর্ককারী

نَذِيرٌ مَّا زَادَهُمْ إِلَّا نُفُورًا ۝٤٣ اسْتِكْبَارًا فِي الْأَرْضِ وَمَكْرَ السَّيِّئِ ط

নাযীরুম্ মা-যা-দাহুম ইল্লা- নুফূরা- ৪৩। নিস্‌তিক্‌বা-রান্ ফিল্ আরদ্বি ওয়া মাক্‌রাস্ সাইয়্যিই ;
(নবী) আগমন করল, তখন কেবল (নবী থেকে) এদের দূরত্ব বৃদ্ধি করল– (৪৩) পৃথিবীতে নিজদেরকে (সবচেয়ে) বড় ধারণা করার কারণে

وَلَا يَحِيقُ الْمَكْرُ السَّيِّئُ إِلَّا بِأَهْلِهِ ط فَهَلْ يَنظُرُونَ إِلَّا سُنَّتَ

ওয়ালা- ইয়াহ্বীকুল মাক্‌রুস্ সাইয়্যিউ ইল্লা- বিআহ্‌লিহী ; ফাহাল্ ইয়ানজুরূনা ইল্লা- সুন্নাতাল্
এবং হীন চক্রান্তের কারণে। আর হীন চক্রান্ত, বেষ্টনী করে কেবলমাত্র সে চক্রান্ত সৃষ্টিকারীদেরকেই। তবে তারা কি প্রতীক্ষা করছে, পূর্ববর্তীদের উপর জারীকৃত

○ টীকা (আঃ ৪০) ঃ যার ফলে যৌক্তিক প্রমাণে তাদের উপাস্য হওয়ার যোগ্যতা প্রমাণিত হতে পারে। (বঃ কোঃ) কেননা তাদের পূর্ব পুরুষরা তাদেরকে ভিত্তিহীন ভুল কথা শিখিয়ে আসছিল যে, "এই মূর্তিসমূহ আল্লাহর সমীপে আমাদের জন্য সুপারিশকারী হবে।" অথচ সেগুলি সম্পূর্ণ ক্ষমতাহীন।

○ টীকা (আঃ ৪৩) ঃ অর্থাৎ, তাদের অহংকারের দরুন শুধু তাদের ঘৃণা বৃদ্ধি পেয়ে ক্ষান্ত হয় নি; বরং আপনাকে কষ্ট দেয়ার জন্য তারা ষড়যন্ত্রে লিপ্ত হয়ে গেল। তারা যাঁরা ক্ষতি করতে প্রবৃত্ত হয়েছে, সময় সময় অবশ্য তাঁদেরও কিছু ক্ষতি হত; কিন্তু তা পার্থিব ক্ষতি। পক্ষান্তরে অনিষ্টকারীরা পরলোকে এর কুফল ভোগ করবে অনন্ত কাল। ফলকথা, আল্লাহর প্রতিশ্রুতি রয়েছে যে, কাফেরদের শাস্তি হবে। বস্তুতঃ তাঁহার প্রতিশ্রুতি অতীব সত্য, সুতরাং তাদের শাস্তি না হওয়ার কোনই সম্ভাবনা নেই এবং তাদের পরিবর্তে অন্য কারও শাস্তি হওয়ার সম্ভাবনা নেই। তাদেরই শাস্তি হবে এবং অবশ্যই হবে। (বঃ কোঃ)

الْأَوَّلِينَ ج فَلَن تَجِدَ لِسُنَّتِ اللَّهِ تَبْدِيلًا ۚ وَلَن تَجِدَ لِسُنَّتِ اللَّهِ

আওয়্যালীনা, ফালান্ তাজ্বিদা লিসুন্নাতিল্লা-হি তাব্‌দীলান্, ওয়া লান্ তাজ্বিদা লিসুন্নাতিল্লা-হি
(সে) নিয়মের? (অর্থাৎ শাস্তির)। কিন্তু আপনি আল্লাহর নিয়মের কোনই পরিবর্তন পাবেন না এবং আপনি আল্লাহর নিয়মের কোন ব্যতিক্রম

تَحْوِيلًا ۝٤٤ أَوَلَمْ يَسِيرُوا فِي الْأَرْضِ فَيَنظُرُوا كَيْفَ كَانَ عٰقِبَةُ الَّذِينَ

তাহ্বওয়ীলা-। ৪৪। আওয়ালাম্ ইয়াসীরূ ফিল্ আরদ্বি ফাইয়ানজুরূ কাইফা কা-না- 'আ-ক্বিবাতুল্ লাযীনা
পাবেন না। (৪৪) তারা কি পৃথিবীতে ভ্রমণ করেনি? তবে তারা দেখত যে, তাদের পূর্ববর্তী (অবিশ্বাসী) দের পরিণাম কিরূপ হয়েছিল?

مِن قَبْلِهِمْ وَكَانُوا أَشَدَّ مِنْهُمْ قُوَّةً ط وَمَا كَانَ اللَّهُ لِيُعْجِزَهُ مِن شَيْءٍ فِي

মিন্ ক্বাব্‌লিহিম্ ওয়া কা-নূ~আশাদ্দা মিন্‌হুম্ কুওয়্যাতান ; ওয়া মা- কা-নাল্লা-হু লিই'উজ্বিযাহূ মিন্ শাইয়িন্ ফিস্
তারা তো শক্তিতে তাদের চেয়ে অধিক শক্তিশালী ছিল, আল্লাহ এমন নন যে, তাঁকে অপারগ করতে পারে,

السَّمٰوٰتِ وَلَا فِي الْأَرْضِ ط إِنَّهُ كَانَ عَلِيمًا قَدِيرًا ۝٤٥ وَلَوْ يُؤَاخِذُ

সামা-ওয়া-তি ওয়ালা- ফিল্ আরদ্বি ; ইন্নাহূ কা-না 'আলীমান্ ক্বাদীরা-। ৪৫। ওয়ালাও ইউআ-খিযুল
আকাশ ও পৃথিবীর কোন কিছুই। নিশ্চয়ই তিনি (আল্লাহ) মহাজ্ঞানী, মহাশক্তিশালী। (৪৫) যদি আল্লাহ মানুষকে তার

اللَّهُ النَّاسَ بِمَا كَسَبُوا مَا تَرَكَ عَلٰى ظَهْرِهَا مِن دَآبَّةٍ وَلٰكِن يُؤَخِّرُهُمْ

লাহুন্ না-সা বিমা- কাসাবূ মা- তারাকা 'আলা- জাহ্‌রিহা- মিন্ দা—ব্বাতিওঁ ওয়া লা-কিঁই ইউ আখ্‌খিরুহুম
কর্মের কারণে, পাকড়াও করতেন তবে ভূ-পৃষ্ঠের কোন জীব জানোয়ারকেই ছাড়তেন না। কিন্তু আল্লাহ তাদেরকে সুযোগ দিয়েছেন

إِلٰى أَجَلٍ مُّسَمًّى ج فَإِذَا جَآءَ أَجَلُهُمْ فَإِنَّ اللَّهَ كَانَ بِعِبَادِهِ بَصِيرًا ۝

ইলা~আজ্বালিম্ মুসাম্মান্, ফাইযা- জ্বা—আ আজ্বালুহুম ফাইন্নাল্লা-হা কা-না বি'ইবা-দিহী বাস্বীরা-।
একটি নির্ধারিত সময় পর্যন্ত। সুতরাং যখন তাদের সে নির্ধারিত সময় এসে যাবে (তখন আর দেরী করা হবে না), আল্লাহ তাঁর বান্দাগণের দ্রষ্টা।

সূরা ইয়া-সীন
মক্কী

بِسْمِ اللَّهِ الرَّحْمٰنِ الرَّحِيمِ
বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

আয়াত ঃ ৮৩
রুকূ ঃ ৫

يسٓ ۝١ وَالْقُرْآنِ الْحَكِيمِ ۝٢ إِنَّكَ لَمِنَ الْمُرْسَلِينَ ۝٣ عَلٰى صِرٰطٍ مُّسْتَقِيمٍ ۝٤

১। ইয়া-সী—ন্। ২। ওয়াল্ কুর্‌আ-নিল্ হ্বাকীম। ৩। ইন্নাকা লামিনাল্ মুরসালীন। ৪। 'আলা- স্বিরাত্বিম্ মুস্‌তাক্বীম।
(১) ইয়া-সী-ন, (২) শপথ বিজ্ঞানময় কুরআনের। (৩) নিশ্চয়ই আপনি রাসূলগণের মধ্য হতে একজন। (৪) আপনি সঠিক (সত্য) পথের উপর আছেন।

○ সূরা ইয়াসীনের ফযীলত ঃ সূরা ইয়াসীনের ফযীলত অপরিসীম। রাসূলুল্লাহ (স) বলেছেন, প্রত্যেক বস্তুর অন্তর বা দিল আছে। আর পবিত্র কুরআনের অন্তর হলো, সূরা ইয়াসীন। যে ব্যক্তি সওয়াবের উদ্দেশ্যে একবার সূরা ইয়াসীন পাঠ করবে, যে পূর্ণ কুরান শরীফ ১০ বার তিলাওয়াত করার সমান সওয়াব পাবে। (আঃ সালেহীন)

○ শানে নুযূল (আঃ ৩) ঃ انك لمن المرسلين - মক্কার মুশরিকরা রাসূলুল্লাহর (সা) নবুওয়াত সম্পর্কে সন্দেহ করত এবং তা অস্বীকার করছিল। আল্লাহ তায়ালা এ প্রেক্ষিতে এ সূরাটি অবতীর্ণ করেন। (তাঃ জালালাইন)

۝৪ تَنْزِيْلَ الْعَزِيْزِ الرَّحِيْمِ ۝৫ لِتُنْذِرَ قَوْمًا مَّآ اُنْذِرَ اٰبَآؤُهُمْ فَهُمْ غٰفِلُوْنَ ۝৬ لَقَدْ

৫। তানযীলাল্ 'আযীযির্ রাহ্বীম। ৬। লিতুনযিরা ক্বাওমাম্ মা~উনযিরা আ-বা—উহুম্ ফাহুম গা-ফিলূন। ৭। লাক্বাদ্

(৫) কুরআন আল্লাহ্র তরফ হতে নাযিলকৃত। যিনি মহা প্রভাবশালী, অসীম দয়ালু। (৬) যাতে আপনি ভয় দেখাতে পারেন সে সম্প্রদায়কে, যাদের পিতৃ পুরুষদেরকে ভয় দেখান হয়নি। সুতরাং এ কারণেই তারা গাফিল রয়েছে। (৭) তাদের

حَقَّ الْقَوْلُ عَلٰٓى اَكْثَرِهِمْ فَهُمْ لَا يُؤْمِنُوْنَ ۝৭ اِنَّا جَعَلْنَا فِيْٓ اَعْنَاقِهِمْ اَغْلٰلًا

হ্বাক্বক্বাল্ ক্বাওলু 'আলা~আক্স্বারিহিম্ ফাহুম্ লা-ইউ'মিনূন। ৮। ইন্না- জা'আল্না- ফী~আ'না-ক্বিহিম্ আগ্লা-লান

অধিকাংশ লোকদের উপর (শাস্তির) বাণী (আদেশ) নির্ধারিত হয়ে গেছে; সুতরাং তারা ঈমান আনবে না। (৮) আমি তাদের গর্দানে শিকল লাগিয়ে দিয়েছি,

فَهِيَ اِلَى الْاَذْقَانِ فَهُمْ مُّقْمَحُوْنَ ۝৮ وَجَعَلْنَا مِنْۢ بَيْنِ اَيْدِيْهِمْ سَدًّا وَّمِنْ

ফাহিয়া ইলাল্ আয্ক্বা-নি ফাহুম্ মুক্বমাহূন। ৯। ওয়া জা'আল্না- মিম্ বাইনি আইদীহিম সাদ্দাওঁ ওয়া মিন্

এবং তা চিবুক পর্যন্ত ঝুলে পড়েছে। ফলে তারা মাথা খাড়া করে রেখেছে। (৯) আর আমি তাদের সামনে একটি প্রাচীর এবং তাদের পিছনে একটি প্রাচীর স্থাপন করে

خَلْفِهِمْ سَدًّا فَاَغْشَيْنٰهُمْ فَهُمْ لَا يُبْصِرُوْنَ ۝৯ وَسَوَآءٌ عَلَيْهِمْ ءَاَنْذَرْتَهُمْ

খাল্ফিহিম সাদ্দান্ ফাআগ্শাইনা-হুম্ ফাহুম লা- ইউব্স্বিরূন। ১০। ওয়া সাওয়া—উন্ 'আলাইহিম্ আ আন্যারতাহুম

দিয়েছি, অতঃপর আমি তাদের (দৃষ্টিকে) আচ্ছাদিত করেছি, ফলে তারা দেখতে পাবে না। (১০) হে নবী! তাদেরকে আপনি ভয় দেখান বা না দেখান উভয়ই তাদের জন্য সমান।

اَمْ لَمْ تُنْذِرْهُمْ لَا يُؤْمِنُوْنَ ۝১০ اِنَّمَا تُنْذِرُ مَنِ اتَّبَعَ الذِّكْرَ وَخَشِيَ الرَّحْمٰنَ

আম্ লাম্ তুন্যির্হুম লা- ইউ'মিনূন। ১১। ইন্নামা- তুন্যিরু মানিত্ তাবা'আয্ যিক্রা ওয়া খাশিয়ার্ রাহ্মা-না

তারা (কখনও) ঈমান আনবে না। (১১) আপনি কেবল তাদেরকেই (আল্লাহ্র শাস্তির) ভয় দেখাতে পারেন, যারা উপদেশ (কুরআন) অনুযায়ী এবং রহমান (আল্লাহ) কে

بِالْغَيْبِ ۚ فَبَشِّرْهُ بِمَغْفِرَةٍ وَّاَجْرٍ كَرِيْمٍ ۝১১ اِنَّا نَحْنُ نُحْيِ الْمَوْتٰى وَنَكْتُبُ

বিল্গাইবি, ফাবাশ্শিরহু বিমাগ্ফিরাতিওঁ ওয়া আজ্রিন্ কারীম। ১২। ইন্না- নাহ্নু নুহ্ইল মাওতা- ওয়া নাক্তুবু

না দেখে ভয় করে। সুতরাং আপনি তাদেরকে সুসংবাদ দিন ক্ষমা ও উত্তম প্রতিদানের। (১২) নিশ্চয়ই আমি মৃতকে জীবিত করব এবং লিখে রাখি (লাওহে মাহ্ফুজে) সে

مَا قَدَّمُوْا وَاٰثَارَهُمْ ۗ وَكُلَّ شَيْءٍ اَحْصَيْنٰهُ فِيْٓ اِمَامٍ مُّبِيْنٍ ۝১২ وَاضْرِبْ لَهُمْ

মা- ক্বাদ্দামূ ওয়া আ-ছা-রাহুম ; ওয়া কুল্লা শাইয়িন্ আহ্স্বাইনা-হু ফী~ইমা-মিম্ মুবীন্। ১৩। ওয়াদ্বরিব্ লাহুম্

কৃতকর্মসমূহ যা লোকেরা আগে প্রেরণ করে এবং যা তারা পিছনে রেখে যায় এবং আমি প্রত্যেকটি জিনিস স্পষ্ট কিতাবে সুবিন্যস্ত করে রেখেছি। (১৩) (হে নবী!) আপনি

مَّثَلًا اَصْحٰبَ الْقَرْيَةِ ۘ اِذْ جَآءَهَا الْمُرْسَلُوْنَ ۝১৩ اِذْ اَرْسَلْنَآ اِلَيْهِمُ اثْنَيْنِ

মাছালান্ আস্বহ্বা-বাল্ ক্বার্ইয়াতি। ইয্- জা—আহাল্ মুর্সালূন। ১৪। ইয্ আর্সাল্না~ইলাইহিমুছ্ নাইনি

তাদের সামনে সে জনপদের বাসিন্দাদের উদাহরণ (কাহিনী) বর্ণনা করুন। সে জনপদে যখন এসেছিল রাসূলগণ। (১৪) যখন আমি তাদের কাছে দুজন রাসূল প্রেরণ করেছিলাম, তখন তারা দুজন রাসূলকে

○ টীকা (আঃ ১২) ঃ আল্লাহ্ তায়ালা অত্র আয়াতে মানুষের অগ্রে-পশ্চাদে পাপ-পূর্ণ সবকিছু লিপিবদ্ধ করেন, এর তাৎপর্য হলো মানুষ জীবিত কালে ঈমান গ্রহণ করলে যে যত সৎকর্ম করে পূন্য অর্জন করে অথবা কুফ্রী অবস্থায় পাপ অর্জন করে তাকে বলা হয় অগ্র কার্যকলাপ। তেমনি মৃত্যুর পর মুমিনগণ দ্বীন শিক্ষা দিয়ে থাকলে তার পূর্ণ সে পেতে থাকবে অপকর্মের ধারা রেখে গেলে তারও পাপ মৃত্যুর পর অব্যাহত থাকবে তাও লিপিবদ্ধ হতে থাকবে একে বলা হয় তাদের পশ্চাদবর্তী রেখে যাওয়া কর্মফল। (বঃ কোঃ)

فَكَذَّبُوْهُمَا فَعَزَّزْنَا بِثَالِثٍ فَقَالُوْٓا اِنَّآ اِلَيْكُمْ مُّرْسَلُوْنَ ۝১৪ قَالُوْا مَآ اَنْتُمْ

ফাকায্যাবূহুমা- ফা'আয্যায্না- বিছা-লিছিন্ ফাক্বা-লূ~ইন্না~ইলাইকুম্ মুর্সালূন। ১৫। ক্বা-লূ- মা~আন্তুম্

মিথ্যাবাদী বলল। অতঃপর আমি তৃতীয় একজন পাঠিয়ে তাদেরকে শক্তিশালী করেছিলাম। সুতরাং তারা (তিন জন) বলেছিল, নিশ্চয়ই আমরা তোমাদের কাছে (রাসূল হিসেবে) প্রেরিত হয়েছি। (১৫) তারা বলল,

اِلَّا بَشَرٌ مِّثْلُنَا ۙ وَمَآ اَنْزَلَ الرَّحْمٰنُ مِنْ شَيْءٍ ۙ اِنْ اَنْتُمْ اِلَّا تَكْذِبُوْنَ ۝

ইল্লা- বাশারুম্ মিছ্লুনা-, ওয়া মা~আন্যালার্ রাহ্মা-নু মিন্ শাইয়িন্, ইন্ আন্তুম্ ইল্লা- তাক্যিবূন।

তোমরাতো আমাদেরই মত মানুষ এবং রহমান (আল্লাহ্) কোন জিনিসই অবতীর্ণ করেন নি তোমরা শুধু মিথ্যা বলছ।

۝১৫ قَالُوْا رَبُّنَا يَعْلَمُ اِنَّآ اِلَيْكُمْ لَمُرْسَلُوْنَ ۝১৬ وَمَا عَلَيْنَآ اِلَّا الْبَلٰغُ الْمُبِيْنُ ۝

১৬। ক্বা-লূ রাব্বুনা- ইয়া'লামু ইন্না~ইলাইকুম্ লামুর্সালূন। ১৭। ওয়া মা- 'আলাইনা~ইল্লাল্ বালা-গুল্ মুবীন।

(১৬) তারা বলল, আমাদের প্রতিপালক জানেন, নিশ্চয়ই আমরা তোমাদের কাছে প্রেরিত হয়েছি। (১৭) আমাদের দায়িত্ব শুধু স্পষ্টভাবে পৌছান।

۝১৭ قَالُوْٓا اِنَّا تَطَيَّرْنَا بِكُمْ ۚ لَىِٕنْ لَّمْ تَنْتَهُوْا لَنَرْجُمَنَّكُمْ وَلَيَمَسَّنَّكُمْ

১৮। ক্বা-লূ~ইন্না তাত্বাইয়্যার্না- বিকুম, লাইল্লাম্ তান্তাহূ লানার্জুমান্নাকুম্ ওয়ালা- ইয়ামাস্ সান্নাকুম্

(১৮) তারা বলল, নিশ্চয়ই আমরা তোমাদেরকে অশুভ লক্ষণ মনে করছি, যদি তোমরা বিরত না থাক, তবে তোমাদেরকে অবশ্যই পাথর মেরে শেষ করে দেব এবং আমাদের

مِّنَّا عَذَابٌ اَلِيْمٌ ۝১৮ قَالُوْا طَاۤىِٕرُكُمْ مَّعَكُمْ ۗ اَىِٕنْ ذُكِّرْتُمْ ۗ بَلْ اَنْتُمْ

মিন্না- 'আযা-বুন আলীম। ১৯। ক্বা-লূ ত্বা—ইরুকুম্ মা'আকুম ; আইন্ যুক্কির্তুম ; বাল্ আন্তুম

পক্ষ থেকে যন্ত্রণাময় শাস্তি অবশ্যই পৌছবে। (১৯) তারা (রাসূলগণ) বলল, "তোমাদের অকল্যাণ তোমাদেরই সাথে" (তোমাদের একথা কি) এজন্য যে, তোমাদেরকে উপদেশ

قَوْمٌ مُّسْرِفُوْنَ ۝১৯ وَجَآءَ مِنْ اَقْصَا الْمَدِيْنَةِ رَجُلٌ يَّسْعٰى قَالَ يٰقَوْمِ

ক্বাওমুম্ মুস্রিফূন। ২০। ওয়াজা—আ মিন্ আক্বস্বাল্ মাদীনাতি রাজুলুঁই ইয়াস্'আ- ক্বা-লা ইয়া-ক্বাওমিত্

দেয়া হচ্ছে? বরং তোমরা সীমা অতিক্রমকারী এক সম্প্রদায়। (২০) শহরের দূরবর্তী স্থান হতে এক ব্যক্তি দৌড়ে আসল। সে বলল, হে আমার সম্প্রদায়! তোমরা

اتَّبِعُوا الْمُرْسَلِيْنَ ۝২০ اتَّبِعُوْا مَنْ لَّا يَسْـَٔلُكُمْ اَجْرًا وَّهُمْ مُّهْتَدُوْنَ ۝

তাবি'উল্ মুর্সালীন। ২১। ইত্তাবি'উ মাল্লা- ইয়াস্আলুকুম্ আজ্রাওঁ ওয়া হুম্ মুহ্তাদূন।

অনুসরণ কর রাসূলগণের। (২১) তোমরা এমন লোকের অনুসরণ কর, যে তোমাদের থেকে কিছু প্রতিদান চান না এবং তারা নিজেরা হেদায়েত প্রাপ্ত।

○ টীকা (আঃ ১৪) ঃ হযরত ঈসা (আ)-এর আসমানে আরোহণের পর তাঁহার খলীফাহযরত শামউনুসসাফা তাঁর সহকারী দু'জন নবীকে এন্তাকিয়া শহরের মূর্তিপূজকদিগকে হেদায়াতের জন্য প্রেরণ করেন। তারা তথায় পৌছিয়া শহর প্রান্তে হাবীব নাজ্জার নামক জনৈক মূর্তি নির্মাতাকে মেষ চরাতে দেখে নিজেদের আগমনের কারণ ব্যক্ত করেন। লোকটি তাঁদের সত্যতার প্রমাণ দাবী করলে তাঁরা তার কঠিন পীড়াগ্রস্ত পুত্রকে খোদার নিকট দো'আ করে ভাল করে দেন। এতে লোকটি ঈমান আনয়ন করে। পরে তাঁরা তথাকার রাজা আবৃতাহাশোর দরবারে গিয়ে নিজেদের বক্তব্য পেশ করলে রাজা তাঁদেরকে বন্দী করেন। সংবাদ পেয়ে হযরত শামউনও আসেন এবং কৌশলে রাজার সাথে সখ্যতা স্থাপনপূর্বক তাঁদেরকে মুক্ত করে লন। (মুঃ কোঃ)

○ টীকা (আঃ ২১) ঃ এখানে যে জনপদের কথা বলা হয়েছে, তাহলো শাম দেশের এক প্রাচীন নগরী। যার নাম ছিল এন্তাকিয়া। সেই শহরের অধিবাসীরা ধন সম্পদে ও স্থাপত্য শিল্পে অত্যন্ত সমৃদ্ধ ছিল। হযরত উবায়দা ইবনুল জাবরাহ (রা) এই শহরটি জয় করেছিলেন। এই শহরের অধিবাসীদেরকে সৎপথে পরিচালনার জন্য এর পূর্বে আল্লাহ্ তাআলা দুজন রাসূল প্রেরণ করেন। শহরে অধিবাসীরা তাদেরকে প্রত্যাখ্যান করলে আল্লাহ তাআলা তৃতীয় আরেকজন রাসুল সেখানে পাঠিয়ে তাদেরকে শক্তিশালী করেন। তাঁরা লোকদেরকে এক আল্লাহ্র দিকে আহবান করলে লোকেরা তাদেরকে মিথ্যা প্রতিপন্ন করে এবং তাদেরকে হত্যার প্রস্তুতি নিতে থাকে। সেই শহরের উপকূলীয় এলাকায় হাবীবে নাজ্জার নামক এক সৎ ব্যক্তি ছিলেন। তিনি রাসূলগণের বিপদের কথা শুনে দ্রুত ছুটে আসেন এবং শহরবাসীকে তা থেকে নিবৃত্ত করেন। (মাঃ কুঃ)

وَمَالِيَ لَآ أَعْبُدُ الَّذِي فَطَرَنِي وَإِلَيْهِ تُرْجَعُونَ ﴿٢٢﴾ ءَأَتَّخِذُ مِن دُونِهِ آلِهَةً

২২। ওয়ামা-লিয়া লা~আ'বুদুল্লাযী ফাত্বারানী ওয়া ইলাইহি তুর্জা'উন। ২৩। আ আত্তাখিযু মিন্ দূনিহী~আ-লিহাতান্
(২২) এবং আমার কি হয়েছে যে, আমি তাঁর ইবাদাত করব না, যিনি আমাকে সৃষ্টি করেছেন এবং যাঁর দিকেই তোমরা সব প্রত্যাবর্তিত হবে? (২৩) আমি কি আল্লাহ ভিন্ন অন্যকে মাবুদ হিসাবে গ্রহণ করব?

إِن يُرِدْنِ الرَّحْمَٰنُ بِضُرٍّ لَّا تُغْنِ عَنِّي شَفَاعَتُهُمْ شَيْئًا وَلَا يُنقِذُونِ ﴿٢٣﴾ إِنِّي

ইয় ইউরিদ্নির্ রাহ্মা-নু বিদ্বুর্রিল্ লা-তুগ্নি 'আন্নী শাফা-'আতুহুম শাইআওঁ ওয়ালা- ইউন্ক্বিযূন। ২৪। ইন্নী~
যদি রহমান আমাকে কোন ক্ষতি করতে চান, তবে তাদের সুপারিশ আমার কোনই উপকারে আসবে না এবং তারা আমাকে (শাস্তি হতে) রক্ষাও করতে পারবে না। (২৪) আমি

إِذًا لَّفِي ضَلَالٍ مُّبِينٍ ﴿٢٤﴾ إِنِّي آمَنتُ بِرَبِّكُمْ فَاسْمَعُونِ ﴿٢٥﴾ قِيلَ ادْخُلِ الْجَنَّةَ

ইযাল্লাফী দ্বালা-লিম্ মুবীন। ২৫। ইন্নী~আ-মানতু বিরাব্বিকুম ফাস্মা'উন। ২৬। ক্বীলাদ্ খুলিল্ জ্বান্নাতা ;
যদি এরূপ করি তবে অবশ্যই স্পষ্ট ভ্রান্তিতে পড়ব। (২৫) আমিতো তোমাদের রবের উপর ঈমান এনেছি, সুতরাং তোমরা আমার কথা শোন। (২৬) তাকে বলা হল তুমি জান্নাতে

قَالَ يَا لَيْتَ قَوْمِي يَعْلَمُونَ ﴿٢٦﴾ بِمَا غَفَرَ لِي رَبِّي وَجَعَلَنِي مِنَ الْمُكْرَمِينَ ﴿٢٧﴾

ক্বা-লা ইয়া-লাইতা ক্বাওমী ই'য়ালামূন। ২৭। বিমা- গাফারালী রাব্বী ওয়া জ্বা'আলানী মিনাল্ মুক্রামীন।
প্রবেশ কর। সে বলল, হায়! যদি আমার সম্প্রদায় জানতে পারত, (২৭) যে কারণে আমার প্রতিপালক আমাকে ক্ষমা করেছেন এবং আমাকে সম্মানিত করেছেন।

وَمَا أَنزَلْنَا عَلَىٰ قَوْمِهِ مِن بَعْدِهِ مِن جُندٍ مِّنَ السَّمَاءِ وَمَا كُنَّا مُنزِلِينَ ﴿٢٨﴾

২৮। ওয়ামা~আন্যাল্না- 'আলা- ক্বাওমিহী মিম্ বা'দিহী মিন্ জুন্দিম্ মিনাস্ সামা—ই ওয়ামা- কুন্না- মুন্যিলীন।
(২৮) তার সম্প্রদায়ের উপর তার মৃত্যুর পরে আকাশ থেকে কোন সৈন্যবাহিনী (তাদের ধ্বংস করার জন্য) প্রেরণ করিনি এবং আমি (ফিরিশতা) প্রেরণকারীও ছিলাম না।

إِن كَانَتْ إِلَّا صَيْحَةً وَاحِدَةً فَإِذَا هُمْ خَامِدُونَ ﴿٢٩﴾ يَا حَسْرَةً عَلَى الْعِبَادِ

২৯। ইন্ কা-নাত্ ইল্লা-স্বাইহ্বাতাওঁ ওয়া-হ্বিদাতান্ ফাইযা-হুম খা-মিদূন। ৩০। ইয়া-হ্বাস্রাতান্ 'আলাল্ 'ইবা-দি,
(২৯) (তাদের শাস্তি) সেটা একটি (ভীষণ) আওয়াজ ছাড়া আর কিছুই ছিল না। ফলে তারা নির্বাপিত হয়ে (শেষ হয়ে) গেল। (৩০) দুঃখ সে বান্দাদের উপর, তাদের কাছে

مَا يَأْتِيهِم مِّن رَّسُولٍ إِلَّا كَانُوا بِهِ يَسْتَهْزِئُونَ ﴿٣٠﴾ أَلَمْ يَرَوْا كَمْ أَهْلَكْنَا

মা- ইয়া'তীহিম্ মির্ রাসূলিন্ ইল্লা- কা-নূ বিহী ইয়াস্তাহ্যিউন। ৩১। আলাম্ ইয়ারাও কাম্ আহ্লাক্না-
এমন কোন রাসূল আগমন করেনি, যাদের সাথে তারা উপহাস করেনি। (৩১) তারা কি দেখে না যে, আমি তাদের পূর্বে বহু দলকে

قَبْلَهُم مِّنَ الْقُرُونِ أَنَّهُمْ إِلَيْهِمْ لَا يَرْجِعُونَ ﴿٣١﴾ وَإِن كُلٌّ لَّمَّا جَمِيعٌ لَّدَيْنَا

ক্বাব্লাহুম্ মিনাল্ ক্বুরূনি আন্নাহুম্ ইলাইহিম্ লা- ইয়ার্জ্বি'উন। ৩২। ওয়া ইন্ কুল্লুল্লাম্মা- জ্বামী'উল লাদাইনা-
ধ্বংস করে দিয়েছি। তারা তাদের কাছে (আর) ফিরে আসবে না। (৩২) এবং তাদের সকলকেই (পুনরায়) আমার সামনে উপস্থিত

মিম্ বাইনি ইয়াদাইহি ওয়ালা- মিন্ খাল্ফিহী ; তানযীলুম্ মিন্ হ্বাকীমিন্ হ্বামীদ। ৪৩। মা- ইউক্বা-লু লাকা ইল্লা-
আসতে না পারে। না সম্মুখ হতে না পশ্চাত হতে; এটি বিজ্ঞ মহা প্রশংসিত (আল্লাহ)-এর পক্ষ হতে অবতীর্ণ। (৪৩) (হে নবী!) আপনার ব্যাপারে

مَا قَدْ قِيْلَ لِلرُّسُلِ مِنْ قَبْلِكَ ؕ اِنَّ رَبَّكَ لَذُوْ مَغْفِرَةٍ وَّذُوْ عِقَابٍ اَلِيْمٍ ﴿٤٣﴾

মা-ক্বাদ্ ক্বীলা লির্‌রুসুলি মিন্ ক্বাব্লিকা ; ইন্না রাব্বাকা লাযূ মাগ্‌ফিরাতিওঁ ওয়া যূ 'ইক্বা-বিন্ আলীম।
তো সে সব বলা হয়, যা আপনার পূর্ববর্তী রাসূলগণ সম্পর্কে বলা হত। আপনার প্রতিপালক নিশ্চয়ই ক্ষমাশীল ও কষ্টদায়ক শাস্তি দাতা।

وَلَوْ جَعَلْنٰهُ قُرْاٰنًا اَعْجَمِيًّا لَّقَالُوْا لَوْلَا فُصِّلَتْ اٰيٰتُهٗ ؕ ءَاَعْجَمِيٌّ

৪৪। ওয়া লাও জ্বা'আল্না-হু কুরআ-নান্ 'আজ্বামিয়্যাল্ লাক্বা-লূ লাওলা-ফুস্বস্বিলাত আ-য়া-তুহূ ; আ 'আজ্বামিয়্যুওঁ
(৪৪) আমি যদি কুরআনকে 'অনারবী' ভাষায় অবতীর্ণ করতাম, তবে তারা বলত যে, এর আয়াতসমূহ স্পষ্টভাবে কেন বর্ণিত হয়নি? কি ব্যাপার কুরআন 'অনারবী'

وَّعَرَبِيٌّ ؕ قُلْ هُوَ لِلَّذِيْنَ اٰمَنُوْا هُدًى وَّشِفَآءٌ ؕ وَالَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ

ওয়া 'আরাবীয়্যুন ; কুল হুওয়া লিল্লাযীনা আ-মানূ হুদাওঁ ওয়া শিফা—উন ; ওয়াল্লাযীনা লা-ইউ'মিনূনা
এবং রাসূল আরবী? বলুন, মুমিনদের জন্য এ কুরআন সত্যের পথ নির্দেশক ও রোগ নিবারণকারী। আর যারা ঈমান আনে না, তাদের

فِيْۤ اٰذَانِهِمْ وَقْرٌ وَّهُوَ عَلَيْهِمْ عَمًى ؕ اُولٰٓئِكَ يُنَادَوْنَ مِنْ مَّكَانٍ بَعِيْدٍ ﴿٤٤﴾

ফী~আ-যা-নিহিম্ ওয়াক্বরুওঁ ওয়া হুওয়া 'আলাইহিম্ 'আমান উলা—ইকা ইউনা-দাওনা মিম্ মাকা-নিম্ বা'ঈদ।
কর্ণে রয়েছে বধিরতা আর কুরআন তাদের ওপর অন্ধত্বস্বরূপ। তারা এমন লোক যে, (মনে হয়) যেন তাদের ডাকা হচ্ছে অনেক দূর থেকে।

وَلَقَدْ اٰتَيْنَا مُوْسَى الْكِتٰبَ فَاخْتُلِفَ فِيْهِ ؕ وَلَوْلَا كَلِمَةٌ سَبَقَتْ

৪৫। ওয়া লাক্বাদ্ আ-তাইনা- মূসাল্ কিতা-বা ফাখ্তুলিফা ফীহি ; ওয়া লাওলা- কালিমাতুন্ সাবাক্বাত্
(৪৫) নিশ্চয়ই আমি মূসাকে কিতাব দিয়েছিলাম, অতঃপর তাতে মতানৈক্য করা হয়েছিল। যদি আপনার প্রতিপালকের তরফ হতে এ ব্যাপারে পূর্ব নির্ধারিত

مِنْ رَّبِّكَ لَقُضِيَ بَيْنَهُمْ ؕ وَاِنَّهُمْ لَفِيْ شَكٍّ مِّنْهُ مُرِيْبٍ ﴿٤٥﴾ مَنْ

মির রাব্বিকা লাকুদ্বিয়া বাইনাহুম ; ওয়া ইন্নাহুম লাফী শাক্কিম মিন্হু মুরীব। ৪৬। মান
সিদ্ধান্ত না থাকত, তবে তাদের মাঝে ফয়সালা হয়ে যেত। নিশ্চয়ই তারা এ ব্যাপারে সন্দেহের মধ্যে ইতস্ততকারী। (৪৬) যে নেক কাজ করে সে তা

عَمِلَ صَالِحًا فَلِنَفْسِهٖ وَمَنْ اَسَآءَ فَعَلَيْهَا ؕ وَمَا رَبُّكَ بِظَلَّامٍ لِّلْعَبِيْدِ ﴿٤٦﴾

'আমিলা স্বা-লিহ্বান্ ফালিনাফ্সিহী ওয়ামান্ আসা—আ ফা'আলাইহা-; ওয়ামা- রাব্বুকা বিজাল্লা-মিল্ লিল্'আবীদ।
নিজের উপকারের জন্যই করে, আর যে খারাপ কাজ করে তার প্রতিফল তার উপর আসবেই, আপনার প্রতিপালক বান্দাগণের প্রতি অবিচার করেন না।

اِلَيْهِ يُرَدُّ عِلْمُ السَّاعَةِ ؕ وَمَا تَخْرُجُ مِنْ ثَمَرٰتٍ مِّنْ اَكْمَامِهَا وَمَا تَحْمِلُ

৪৭। ইলাইহি ইউরাদ্দু 'ইল্মুস্ সা-'আতি ; ওয়া মা-তাখ্রুজু মিন্ ছামারা-তিম্ মিন্ আক্মা-মিহা- ওয়ামা- তাহ্বমিলু
(৪৭) কিয়ামতের জ্ঞান একমাত্র আল্লাহর কাছেই নিহিত। এবং কোন ফল তার কোষ হতে বের হয় না, কোন স্ত্রী গর্ভবতী হয় না এবং সন্তানও প্রসব করে না,

مِنْ اُنْثٰى وَلَا تَضَعُ اِلَّا بِعِلْمِهٖ ؕ وَيَوْمَ يُنَادِيْهِمْ اَيْنَ شُرَكَآءِيْ ۙ قَالُوْۤا اٰذَنّٰكَ ۙ

মিন্ উন্ছা- ওয়ালা- তাদ্বা'উ, ইল্লা- বি'ইল্মিহী ; ওয়া ইয়াওমা ইউনা-দীহিম্ আইনা শুরাকা—ঈ, ক্বা-লূ~আ-যান্না-কা,
আল্লাহর অবগতি ব্যতীত। যেদিন আল্লাহ, তাদেরকে ডেকে জিজ্ঞাসা করবেন, আমার শরীকেরা কোথায়? জওয়াবে তারা বলবে, আপনার কাছে আবেদন করেছি যে,

مَا مِنَّا مِنْ شَهِيْدٍ ﴿٤٧﴾ وَضَلَّ عَنْهُمْ مَّا كَانُوْا يَدْعُوْنَ مِنْ قَبْلُ وَظَنُّوْا مَا لَهُمْ مِّنْ

মা-মিন্না- মিন্ শাহীদ। ৪৮। ওয়া দ্বাল্লা 'আন্হুম্ মা-কা-নূ ইয়াদ্'ঊনা মিন্ ক্বাব্লু ওয়া জান্নূ মা-লাহুম্ মিম্
এ ব্যাপারে আমাদের মধ্যে কোন সাক্ষী নেই। (৪৮) এবং তারা এর পূর্বে যাদেরকে ডাকত, তারা সব অদৃশ্য হয়ে যাবে এবং তারা ধারণা করবে যে, এখন তাদের

مَّحِيْصٍ ﴿٤٨﴾ لَا يَسْئَمُ الْاِنْسَانُ مِنْ دُعَآءِ الْخَيْرِ ؗ وَاِنْ مَّسَّهُ الشَّرُّ فَيَئُوْسٌ

মাহ্বীস্ব। ৪৯। লা-ইয়াস্আমুল্ ইন্সা-নু মিন্ দু'আ—ইল্ খাইরি, ওয়াইম্ মাস্সাহুশ্ শার্‌রু ফাইয়াউসুন্
পরিত্রাণের কোন উপায় নেই। (৪৯) মানুষ (পার্থিব) কল্যাণ কামনায় কোন বিরক্ত হয় না, কিন্তু যদি তাকে কোন অমংগল স্পর্শ করে তখন সে হতাশ ও নিরুদ্যম

قَنُوْطٌ ﴿٤٩﴾ وَلَئِنْ اَذَقْنٰهُ رَحْمَةً مِّنَّا مِنْۢ بَعْدِ ضَرَّآءَ مَسَّتْهُ لَيَقُوْلَنَّ هٰذَا لِيْ ۙ

ক্বানূত্ব। ৫০। ওয়ালাইন্ আযাক্বনা-হু রাহ্বমাতাম্ মিন্না- মিম্ 'বাদি দ্বার্‌রা—আ মাস্সাত্হু লাইয়াকূলান্না হা-যা-লী,
হয়ে পড়ে। (৫০) আর যদি তাকে দুঃখ-কষ্ট স্পর্শ করার পর, আমি আমার তরফ থেকে অনুগ্রহের স্বাদ গ্রহণ করাই, তখন সে বলে যে, এ তো আমার জন্যই

وَمَاۤ اَظُنُّ السَّاعَةَ قَآئِمَةً ۙ وَّلَئِنْ رُّجِعْتُ اِلٰى رَبِّيْۤ اِنَّ لِيْ عِنْدَهٗ لَلْحُسْنٰى ۚ

ওয়ামা~আযুন্নুস্ সা-'আতা ক্বা—ইমাতাওঁ, ওয়ালাইর্ রু'জ্বিতু ইলা- রাব্বী~ইন্না লী 'ইন্দাহূ লালহুস্না-,
এবং আমি ধারণা করি না যে, কিয়ামত সংঘটিত হবে। আর যদি আমাকে প্রতিপালকের কাছে প্রত্যাবর্তন করা হয়, তবে নিশ্চয়ই তাঁর কাছে আমার জন্য কল্যাণ রয়েছে।

فَلَنُنَبِّئَنَّ الَّذِيْنَ كَفَرُوْا بِمَا عَمِلُوْا ؗ وَلَنُذِيْقَنَّهُمْ مِّنْ عَذَابٍ غَلِيْظٍ ﴿٥٠﴾ وَاِذَاۤ

ফালানুনাব্বিআন্নাল্ লাযীনা কাফারূ বিমা- 'আমিলূ, ওয়া লানুযীক্বান্নাহুম্ মিন্ 'আযা-বিন্ গালীজ্। ৫১। ওয়া ইযা~
আমি কাফিরদেরকে তাদের কৃতকর্মগুলো অবহিত করবই। এবং তাদেরকে কঠিন শাস্তি ভোগ করাব। (৫১) যখন আমি মানুষের প্রতি

اَنْعَمْنَا عَلَى الْاِنْسَانِ اَعْرَضَ وَنَاٰ بِجَانِبِهٖ ۚ وَاِذَا مَسَّهُ الشَّرُّ فَذُوْ دُعَآءٍ عَرِيْضٍ ﴿٥١﴾

আন্'আম্না- 'আলাল্ ইন্সা-নি 'আরাদ্বা ওয়া না-আ-বিজ্বা-নিবিহী, ওয়া ইযা- মাস্সাহুশ্ শার্‌রু ফাযূ দু'আ—ইন 'আরীদ্ব।
নেয়ামত দান করি, তখন সে (আমার থেকে) মুখ ফিরায় এবং দূরে চলে যায়, এবং যখন তাকে অমংগল স্পর্শ করে, তখন সে দীর্ঘ প্রার্থনা লিপ্ত হয়।

✪ বিশ্লেষণ (আঃ ৪৭) ঃ علم الساعة - আল্লাহ ব্যতীত কিয়ামতের জ্ঞান অন্য আর কার ও নেই। হযরত জিব্রাইল (আ) রাসূলুল্লাহ (স)-কে কিয়ামত সম্পর্কে জিজ্ঞাসা করায়, তিনি (স) বলেন, "এ ব্যাপারে আমার ততটুকু জ্ঞান আছে, যতটুকু জ্ঞান আপনার আছে" আমি এ ব্যাপারে আপনার চেয়ে বেশী জানি না।" ما منا من شهيد - অর্থাৎ আজ (কিয়ামতের দিন) একথা বলার কেউ নেই যে, আপনার কোন শরীক আছে।

✪ বিশ্লেষণ (আঃ ৪৯) ঃ دعا الخير - কল্যাণ কামনা অর্থাৎ মানুষ পৃথিবীর ধন-সম্পদ, সুস্বাস্থ্য মানসম্মান ও উঁচু মর্যাদা ইত্যাদি কামনায় বিরক্ত হয়না।

✪ বিশ্লেষণ (আঃ ৫০) ঃ هذا لى - আমি আল্লাহর অতি প্রিয় বান্দা। এজন্য তিনি খুশী হয়ে এ নেয়ামতসমূহ আমাকে দান করেছেন। অথচ পার্থিব ধন-সম্পদ শুধু বান্দার পরীক্ষার জন্য। অর্থাৎ অধিক ধন-সম্পদে, কে কৃতজ্ঞতা স্বীকার করে এবং কষ্টের মধ্যে কে ধৈর্য্য ধারণ করে? (কুঃ কারীম)

﴿٥٢﴾ قُلْ أَرَأَيْتُمْ إِنْ كَانَ مِنْ عِنْدِ اللَّهِ ثُمَّ كَفَرْتُمْ بِهِ مَنْ أَضَلُّ مِمَّنْ هُوَ

৫২। ক্বুল্ আরাআইতুম্ ইন্ কা-না মিন্ 'ইনদিল্লা-হি ছুম্মা কাফারতুম্ বিহী মান্ আদ্বাল্লু মিম্মান্ হুওয়া
(৫২) বলুন! তোমরা কি চিন্তা করে দেখেছ, যদি এ কুরআন আল্লাহর তরফ হতে অবতীর্ণ হয়ে থাকে, এরপরে অমান্য কর, তবে তার চেয়ে অধিক ভ্রান্ত আর কে আছে,

فِي شِقَاقٍ بَعِيدٍ ﴿٥٣﴾ سَنُرِيهِمْ آيَاتِنَا فِي الْآفَاقِ وَفِي أَنْفُسِهِمْ حَتَّى

ফী শিক্বা-ক্বিম্ বা'ঈদ। ৫৩। সানুরীহিম্ আ-য়া-তিনা ফিল্ আ-ফাক্বি ওয়া ফী~আন্ফুসিহিম্ হাত্তা-
যে (আল্লাহর) ঘোর দুশমনিতে লিপ্ত রয়েছে। (৫৩) আমি অতিশীঘ্র আমার নিদর্শনাবলী তাদের দেখাব, সুদূর প্রান্তে এবং তাদের নিজেদের অভ্যন্তরেও।

يَتَبَيَّنَ لَهُمْ أَنَّهُ الْحَقُّ ۗ أَوَلَمْ يَكْفِ بِرَبِّكَ أَنَّهُ عَلَى كُلِّ شَيْءٍ شَهِيدٌ

ইয়াতাবাইয়্যানা লাহুম্ আন্নাহুল্ হাক্ক্বু, আওয়ালাম্ ইয়াক্ফি বিরাব্বিকা আন্নাহূ 'আলা- কুল্লি শাইয়িন্ শাহীদ্।
অবশেষে তাদের কাছে প্রকাশ হয়ে যাবে সত্য। আপনার প্রতিপালক সম্পর্কে এটাই কি যথেষ্ট নয় যে, নিশ্চয়ই তিনি সর্ব বিষয়ের উপর সাক্ষী রয়েছেন।

﴿٥٤﴾ أَلَا إِنَّهُمْ فِي مِرْيَةٍ مِنْ لِقَاءِ رَبِّهِمْ ۗ أَلَا إِنَّهُ بِكُلِّ شَيْءٍ مُحِيطٌ

৫৪। আলা~ইন্নাহুম ফী মির্ইয়াতিম্ মিল্ লিক্বা—ই রাব্বিহিম্ ; আলা~ইন্নাহূ বিকুল্লি শাইয়িম্ মুহীত্ব।
(৫৪) জেনে রাখ! তারা তাদের প্রতিপালকের সাক্ষাৎ সম্পর্কে সংশয়ের মধ্যে রয়েছে। জেনে রাখো! আল্লাহ প্রতিটি বস্তুতেই পরিবেষ্টন করে আছেন।

রুকূ ৬

সূরা শুরা মক্কী

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

আয়াত ঃ ৫৩ রুকূ ঃ ৫

﴿١﴾ حم ﴿٢﴾ عسق ﴿٣﴾ كَذَٰلِكَ يُوحِي إِلَيْكَ وَإِلَى الَّذِينَ مِنْ قَبْلِكَ اللَّهُ

১। হ্বা-মী—ম ২। 'আই—ন্ সী—ন ক্বা—ফ্। ৩। কাযা-লিকা ইউহ্বী ~ ইলাইকা ওয়া ইলাল্লাযীনা মিন্ ক্বাব্লিকাল্ লা-হুল্
(১) হ্বা-মী-ম, (২) 'আইন-সী-ন ক্বা-ফ। (৩) মহাপ্রতাপশালী, মহাবিজ্ঞ আল্লাহ এভাবেই আপনার প্রতি এবং আপনার পূর্ববর্তীগণের

الْعَزِيزُ الْحَكِيمُ ﴿٤﴾ لَهُ مَا فِي السَّمَاوَاتِ وَمَا فِي الْأَرْضِ ۖ وَهُوَ الْعَلِيُّ الْعَظِيمُ

'আযীযুল্ হাকীম। ৪। লাহূ মা- ফিস্ সামা-ওয়া-তি ওয়া মা-ফিল্ আরদ্বি ; ওয়াহুয়াল্ 'আলিয়্যুল 'আজীম।
প্রতি ওহী প্রেরণ করেন। (৪) আকাশসমূহ ও পৃথিবীতে যা কিছু আছে সব সৃষ্টি তাঁরই (কর্তৃত্বে)। তিনি উচ্চতর, মহত্তম।

﴿٥﴾ تَكَادُ السَّمَاوَاتُ يَتَفَطَّرْنَ مِنْ فَوْقِهِنَّ ۚ وَالْمَلَائِكَةُ يُسَبِّحُونَ بِحَمْدِ رَبِّهِمْ

৫। তাকা-দুস্ সামা-ওয়া-তু ইয়াতাফাত্বত্বার্না মিন্ ফাওক্বিহিন্না ওয়াল্ মালা—ইকাতু ইউসাব্বিহূনা বিহ্বাম্দি রাব্বিহিম্
(৫) মনে হয় যেন আকাশ উপর হতে ফেটে পড়ে। আর ফিরিশতাগণ তাদের প্রতিপালকের প্রশংসাসহ তাসবীহ বর্ণনা করছে

✪ শানে নুযূল (আঃ ৫৩) ঃ ايتنا فى الافاق - আবূ জাহল রাসূলুল্লাহ (স)-এর কাছে এসে বললেন, আমাকে একটি মুজেযা দেখান। রাসূলুল্লাহ (স) চন্দ্রকে দু'টুকরা করে তাকে দেখান। আবু জাহল বলল, হে কুরাইশ! মুহাম্মদ (স) তোমাদের উপর যাদু করেছে। তোমরা মক্কা শরীফের সীমান্তে লোক প্রেরণ কর, তারা সেখানে গিয়ে লোকদেরকে জিজ্ঞাসা করবে যে, তারা কি চন্দ্রকে দু' টুকরা অবস্থায় দেখেছে? যদি সেখানকার লোকেরা দেখে থাকে, তবে বুঝা যাবে, এটা আল্লাহ প্রদত্ত। আর যদি না দেখে, তবে বুঝা যাবে এটা মুহাম্মদের (স) যাদু। যখন মক্কার সীমান্ত এলাকার লোকেরা এ চন্দ্র দু' টুকরা দেখেছে বলে সাক্ষ্য দিল, তখন আবু জাহল বলল, মুহাম্মদের (স) এ যাদু সর্বত্র ছড়িয়ে পড়েছে। তখন এ আয়াত অবতীর্ণ হয়। (তাঃ কাদেরী)

وَيَسْتَغْفِرُونَ لِمَنْ فِي الْأَرْضِ ۗ أَلَا إِنَّ اللَّهَ هُوَ الْغَفُورُ الرَّحِيمُ ﴿٦﴾ وَالَّذِينَ

ওয়া ইয়াস্তাগ্ফিরূনা লিমান্ ফিল্ আরদ্বি ; আলা~ইন্নাল্লা-হা হুওয়াল্ গাফূরুর্ রাহীম। ৬। ওয়াল্লাযীনাত্
এবং পৃথিবীর অধিবাসীদের জন্য ক্ষমা প্রার্থনা করছে, জেনে রাখ, নিশ্চয়ই আল্লাহ গুনাহ মার্জনাকারী, মহা করুণাময়। (৬) যারা আল্লাহ

اتَّخَذُوا مِنْ دُونِهِ أَوْلِيَاءَ اللَّهُ حَفِيظٌ عَلَيْهِمْ وَمَا أَنْتَ عَلَيْهِمْ بِوَكِيلٍ

তাখাযূ মিন্ দূনিহী~আওলিয়া—আল্লা-হু হ্বাফীজুন্ 'আলাইহিম্, ওয়ামা~আন্তা 'আলাইহিম্ বিওয়াকীল্।
ব্যতীত অন্যকে অভিভাবক হিসেবে গ্রহণ করে আল্লাহ তাদের প্রতি খুব দৃষ্টি রাখেন, (হে নবী!) আপনি তাদের ব্যবস্থাপক নন।

﴿٧﴾ وَكَذَٰلِكَ أَوْحَيْنَا إِلَيْكَ قُرْآنًا عَرَبِيًّا لِتُنْذِرَ أُمَّ الْقُرَىٰ وَمَنْ حَوْلَهَا

৭। ওয়া কাযা-লিকা আওহ্বাইনা ~ইলাইকা কুরআ-নান্ 'আরাবিয়্যাল্ লিতুন্যিরা উম্মাল্ কুরা- ওয়া মান্ হ্বাওলাহা-
(৭) এভাবে আমি কোরআনকে আরবী ভাষায় আপনার প্রতি ওহী হিসেবে প্রেরণ করেছি, যাতে মক্কাবাসীগণকে এবং এর চার পাশের অধিবাসীগণকে সতর্ক করে দিতে পারেন

وَتُنْذِرَ يَوْمَ الْجَمْعِ لَا رَيْبَ فِيهِ ۚ فَرِيقٌ فِي الْجَنَّةِ وَفَرِيقٌ فِي السَّعِيرِ

ওয়া তুন্যিরা ইয়াওমাল্ জ্বাম্'ই লা-রাইবা ফীহি ; ফারীকুন্ ফিল্ জ্বান্নাতি ওয়া ফারীকুন্ ফিস্ সা'ঈর।
এবং সতর্ক করতে পারেন সমবেত দিবস (কিয়ামত) সম্পর্কে। যাতে কোন সন্দেহ নেই। সেদিন এক দল জান্নাতে যাবে আর একদল জাহান্নামে যাবে।

﴿٨﴾ وَلَوْ شَاءَ اللَّهُ لَجَعَلَهُمْ أُمَّةً وَاحِدَةً وَلَٰكِنْ يُدْخِلُ مَنْ يَشَاءُ فِي رَحْمَتِهِ ۚ

৮। ওয়া লাও শা—আল্লা-হু লাজ্বা'আলাহুম উম্মাতাওঁ ওয়া-হ্বিদাতাওঁ ওয়ালা-কিঁই ইউদ্খিলু মাঁই ইয়াশা—উ ফী রাহ্মাতিহী ;
(৮) আল্লাহ যদি ইচ্ছা করতেন তবে, তাদের সবকে একই দলভুক্ত করে দিতে পারতেন। কিন্তু তিনি (আল্লাহ) যাকে চান তাকে তাঁর রহমতের অন্তর্ভুক্ত করে নেন।

وَالظَّالِمُونَ مَا لَهُمْ مِنْ وَلِيٍّ وَلَا نَصِيرٍ ﴿٩﴾ أَمِ اتَّخَذُوا مِنْ دُونِهِ أَوْلِيَاءَ ۖ

ওয়াজ্ জা-লিমূনা মা-লাহুম্ মিওঁ ওয়ালিয়্যিওঁ ওয়ালা- নাস্বীর। ৯। আমিত্তাখাযূ মিন্ দুনিহী~আওলিয়া—আ,
অত্যাচারীদের কোন বন্ধু নেই এবং কোন সাহায্যকারীও নেই। (৯) তারা (কাফিরেরা) কি আল্লাহ ছাড়া অন্যকে অভিভাবক হিসেবে গ্রহণ করেছে?

রুকূ ১

فَاللَّهُ هُوَ الْوَلِيُّ وَهُوَ يُحْيِي الْمَوْتَىٰ وَهُوَ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ ﴿١٠﴾ وَمَا اخْتَلَفْتُمْ

ফাল্লা-হু হুওয়াল্ ওয়ালিয়্যু ওয়া হুওয়া ইউহ্য়িল্ মাওতা-, ওয়া হুওয়া 'আলা- কুল্লি শাইয়িন্ ক্বাদীর। ১০। ওয়া মাখ্ তালাফ্তুম্
কিন্তু আল্লাহ (একমাত্র) তিনিইতো এবং তিনিই মৃতকে জীবিত করেন, তিনিই প্রতিটি বিষয়ের উপর পূর্ণ ক্ষমতাবান। (১০) যে বিষয়ে তোমরা

فِيهِ مِنْ شَيْءٍ فَحُكْمُهُ إِلَى اللَّهِ ۚ ذَٰلِكُمُ اللَّهُ رَبِّي عَلَيْهِ تَوَكَّلْتُ وَإِلَيْهِ

ফীহি মিন্ শাইয়িন্ ফাহুকমুহূ~ইলাল্লা-হি ; যা-লিকুমুল্লা-হু রাব্বী 'আলাইহি তাওয়াক্কালতু, ওয়া ইলাইহি
মতভেদ করছ, তার ফয়সালাতো আল্লাহর নিকট। তিনিই আল্লাহ, আমার প্রতিপালক। আমি ভরসা করি তাঁরই উপর এবং আমি তাঁর দিকেই

✪ বিশ্লেষণ (আঃ ৭) ঃ كذالك - (অনুরূপ) অর্থাৎ যেভাবে পূর্ববর্তী সব নবী (আ) গণের উপর তার সম্প্রদায়ের নিজ ভাষায় কিতাব অবতীর্ণ করেছি।
✪ বিশ্লেষণ (আঃ ৭) ঃ ام القرى - (উম্মুলকুরা) - মক্কার নাম। মক্কা শরীফকে শহরসমূহের মাতা এজন্য বলা হয় যে, এটা আরবের অতি প্রাচীন শহর। মনে হয় যেন, এটি গোটা শহরের মা। এর থেকেই অন্যান্য শহরগুলোর সৃষ্টি। এখানে এর দ্বারা মক্কাবাসীকে বুঝান হয়েছে। حولها দ্বারা এর পূর্ব পশ্চিমের সব এলাকাকে বুঝান হয়েছে। يوم الجمع - সমবেতের দিন "দ্বারা কিয়ামতের দিনকে বুঝান হয়েছে। (কুঃ কারীম)
✪ বিশ্লেষণ (আঃ ১০) ঃ اختلفتم - দ্বীনের মতানৈক্য। যেমন- ইয়াহুদ ও খৃষ্টান এবং মুসলমান ও অমুসলিমের মধ্যে দ্বীনী মতভেদ।

أُنِيبُ ⑩ فَاطِرُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ جَعَلَ لَكُمْ مِّنْ اَنْفُسِكُمْ اَزْوَاجًا

উনীব। ১১। ফা-ত্বিরুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্‌দ্বি ; জ্বা'আলা লাকুম্ মিন্ আন্‌ফুসিকুম্ আযওয়া-জ্বাও

প্রত্যাবর্তন করি। (১১) তিনি আকাশমন্ডলী এবং পৃথিবীর স্রষ্টা। তিনি তোমাদের জন্য সৃষ্টি করেছেন তোমাদের নিজেদের মধ্য হতে জোড়া (স্ত্রী)

وَّمِنَ الْاَنْعَامِ اَزْوَاجًا ۚ يَذْرَؤُكُمْ فِيْهِ ؕ لَيْسَ كَمِثْلِهٖ شَيْءٌ ۚ وَهُوَ السَّمِيْعُ

ওয়া মিনাল্ আন্'আ-মি আয্‌ওয়া-জ্বান্, ইয়ায্‌রাউকুম্ ফীহি ; লাইসা কামিছ্‌লিহী শাইউন্, ওয়া হুওয়াস্ সামী'উল্

এবং চতুষ্পদ জন্তুরও জোড়া, এ পদ্ধতিতে তিনি তোমাদেরকে পৃথিবীতে বিস্তার করেছেন। কোন বস্তুই তাঁর সমকক্ষ নেই। তিনি সব কিছু শোনেন ও

الْبَصِيْرُ ⑪ لَهٗ مَقَالِيْدُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۚ يَبْسُطُ الرِّزْقَ لِمَنْ يَّشَآءُ

বাছীর। ১২। লাহূ মাক্বা-লীদুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্‌দ্বি, ইয়াব্‌সুতুর্ রিয্‌ক্বা লিমাই ইয়াশা—উ

দেখেন। (১২) আকাশমন্ডলী ও পৃথিবীর চাবিগুলো তাঁরই কর্তৃত্বে। তিনি রিযিক প্রশস্ত করে দেন, যাকে ইচ্ছা করেন তাকে এবং যাকে চান সংকীর্ণ

وَيَقْدِرُ ؕ اِنَّهٗ بِكُلِّ شَيْءٍ عَلِيْمٌ ⑫ شَرَعَ لَكُمْ مِّنَ الدِّيْنِ مَا وَصّٰى بِهٖ نُوْحًا

ওয়া ইয়াক্বদিরু ; ইন্নাহূ বিকুল্লি শাইয়িন্ 'আলীম ১৩। শারা'আ লাকুম্ মিনাদ্ দীনি মা-ওয়াস্বস্বা- বিহী নূহাওঁ

করে দেন। নিশ্চয়ই তিনি সর্ব বিষয়ে অবহিত। (১৩) তিনি তোমাদের জন্য সে দ্বীন বর্ণনা করেছেন, যে সম্পর্কিত নির্দেশ নূহকেও করা হয়েছিল,

وَّالَّذِيْٓ اَوْحَيْنَآ اِلَيْكَ وَمَا وَصَّيْنَا بِهٖٓ اِبْرٰهِيْمَ وَمُوْسٰى وَعِيْسٰٓى اَنْ اَقِيْمُوا

ওয়াল্লাযী~আওহাইনা~ইলাইকা ওয়ামা- ওয়াস্বস্বাইনা- বিহী~ইবরা-হীমা ওয়া মূসা- ওয়া 'ঈসা~আন্ আক্বীমুদ্

এবং যা আমি আপনার কাছে প্রেরণ করেছি এবং যার নির্দেশ আমি দিয়েছিলাম ইব্রাহীম, মূসা ও ঈসাকেও, তা হল এই যে, তোমরা দ্বীনকে

الدِّيْنَ وَلَا تَتَفَرَّقُوْا فِيْهِ ؕ كَبُرَ عَلَى الْمُشْرِكِيْنَ مَا تَدْعُوْهُمْ اِلَيْهِ ؕ اَللّٰهُ يَجْتَبِيْٓ

দীনা ওয়ালা- তাতাফার্‌রাকূ ফীহি ; কাবুরা 'আলাল্ মুশ্‌রিকীনা মা-তাদ্'উহুম্ ইলাইহি ; আল্লা-হু ইয়াজ্‌তাবী~

কায়েম কর, এবং এ বিষয়ে কোন মতানৈক্য সৃষ্টি কর না; (হে নবী!) আপনি মুশরিকদেরকে যে দিকে দাওয়াত দিচ্ছেন, তা তাদের কাছে কঠিন মনে হচ্ছে। আল্লাহ যাকে

اِلَيْهِ مَنْ يَّشَآءُ وَيَهْدِيْٓ اِلَيْهِ مَنْ يُّنِيْبُ ⑬ وَمَا تَفَرَّقُوْٓا اِلَّا مِنْ بَعْدِ مَا

ইলাইহি মাই ইয়াশা—উ ওয়া ইয়াহ্‌দী~ইলাইহি মাই ইউনীব। ১৪। ওয়ামা- তাফার্‌রাকূ~ইল্লা- মিম্ বা'দি মা-

ইচ্ছা তাকে দ্বীনের প্রতি ঝুঁকিয়ে দেন এবং যে তাঁর দিকে প্রবর্তিত হয়, তাকে তিনি সত্য পথ প্রদর্শন করেন। (১৪) তারা নিজেদের মধ্যে মতানৈক্য সৃষ্টি

جَآءَهُمُ الْعِلْمُ بَغْيًۢا بَيْنَهُمْ ؕ وَلَوْلَا كَلِمَةٌ سَبَقَتْ مِنْ رَّبِّكَ اِلٰٓى اَجَلٍ مُّسَمًّى

জ্বা—আ হুমুল্ 'ইল্‌মু বাগ্‌ইয়াম্ বাইনাহুম; ওয়া লাওলা- কালিমাতুন্ সাবাক্বাত মির্ রাব্বিকা ইলা~আজ্বালিম্ মুসাম্মাল্

করেছে, তাদের কাছে জ্ঞান আসার পরে এবং সেটা শুধু তাদের পারস্পরিক বিদ্রোহের কারণে। যদি আপনার প্রতিপালকের সিদ্ধান্ত পূর্ব হতেই একটি নির্দিষ্ট সময় পর্যন্ত

○ বিশ্লেষণ (আঃ ১২) ঃ مقاليد - আকাশ ও পৃথিবীর ধনভান্ডার ও চাবি। আকাশের ধনভান্ডারের চাবি হচ্ছে- বৃষ্টি এবং পৃথিবীর চাবি হচ্ছে উৎপাদিত বস্তু। (তাঃ কাদেরী) ○ বিশ্লেষণ (আঃ ১৩) ঃ اقيموا الدين - (দ্বীনের উপর কায়েম থাক) দ্বীন দ্বারা বুঝানো হয়েছে- আল্লাহর প্রতি ঈমান, তাওহীদ, রাসূলের আনুগত্যতা এবং আল্লাহর শরীয়তকে মেনে চলা। নবীগণের উপরই এ দ্বীন জারী ছিল। তারা এ দ্বীনের দাওয়াত নিজ নিজ সম্প্রদায়কে দিয়েছিলেন। যদিও প্রত্যেক নবীর শরীয়ত এবং পদ্ধতিতে কতিপয় সামান্য মতপার্থক্য ছিল। কিন্তু উল্লেখিত মৌলিক ব্যাপারে সবার মধ্যে মিল ছিল।
○ বিশ্লেষণ (আঃ ১৪) ঃ وما تفرقوا ..... العلم - অর্থাৎ তারা মতভেদ তখন শুরু করে, যখন তাদের কাছে (দ্বীনী) জ্ঞান, হেদায়েত এবং প্রমাণাদি এসে পৌঁছে। এ মতভেদ ছিল শুধু তাদের আত্মম্ভরিতা ও হিংসার কারণে।

لَّقُضِيَ بَيْنَهُمْ ؕ وَاِنَّ الَّذِيْنَ اُوْرِثُوا الْكِتٰبَ مِنْ بَعْدِهِمْ لَفِيْ شَكٍّ مِّنْهُ

লাক্বুদ্বিয়া বাইনাহুম ; ওয়া ইন্নাল্লাযীনা উরিছুল্ কিতা-বা মিম্ বা'দিহিম লাফী শাক্কিম্ মিন্‌হু

না হত, তবে নিশ্চয়ই তাদের মাঝে ফয়সালা হয়ে যেত। তাদের পরে, যারা কিতাব প্রাপ্ত হয়েছে তারাও সে সম্পর্কে সন্দেহের মধ্যে

مُرِيْبٍ ⑭ فَلِذٰلِكَ فَادْعُ ۚ وَاسْتَقِمْ كَمَآ اُمِرْتَ ۚ وَلَا تَتَّبِعْ اَهْوَآءَهُمْ ۚ وَقُلْ

মুরীব্। ১৫। ফালিযা-লিকা ফাদ্'উ, ওয়াস্‌তাক্বিম্ কামা~উমির্‌তা ওয়ালা- তাত্তাবি' আহ্‌ওয়া—আহুম ওয়া কুল্

দ্বিধাগ্রস্ত। (১৫) সুতরাং আপনি এ দ্বীনের দিকে ডাকুন এবং কায়েম থাকুন, যেভাবে নির্দেশ দেয়া হয়েছে এবং অনুসরণ করবেন না তাদের প্রবৃত্তির এবং বলুন, যে কিতাব আল্লাহ

اٰمَنْتُ بِمَآ اَنْزَلَ اللّٰهُ مِنْ كِتٰبٍ ۚ وَاُمِرْتُ لِاَعْدِلَ بَيْنَكُمْ ؕ اَللّٰهُ رَبُّنَا وَرَبُّكُمْ ؕ

আ-মান্‌তু বিমা~আন্‌যালাল্লা-হু মিন্ কিতা-বিন্, ওয়া উমির্‌তু লি'আদিলা বাইনাকুম ; আল্লা-হু রাব্বুনা- ওয়া রাব্বুকুম ;

অবতীর্ণ করেছেন তা আমি বিশ্বাস করি, এবং আমি নির্দেশিত হয়েছি। যাতে আমি তোমাদের মাঝে ন্যায় বিচার কায়েম করি, আল্লাহই আমাদের রব এবং তোমাদেরও রব;

لَنَآ اَعْمَالُنَا وَلَكُمْ اَعْمَالُكُمْ ؕ لَا حُجَّةَ بَيْنَنَا وَبَيْنَكُمْ ؕ اَللّٰهُ يَجْمَعُ بَيْنَنَا ۚ

লানা~ 'আমা-লুনা- ওয়ালাকুম্ 'আমা-লুকুম ; লা-হুজ্জ্বাতা বাইনানা- ওয়া বাইনাকুম ; আল্লা-হু ইয়াজ্‌মা'উ বাইনানা-

আমাদের জন্য আমাদের কর্ম এবং তোমাদের জন্য তোমাদের কর্ম। আমাদের ও তোমাদের মাঝে কোন বিবাদ নেই; আল্লাহ আমাদের সকলকে সমবেত করবেন

وَاِلَيْهِ الْمَصِيْرُ ⑮ وَالَّذِيْنَ يُحَآجُّوْنَ فِي اللّٰهِ مِنْ بَعْدِ مَا اسْتُجِيْبَ لَهٗ

ওয়া ইলাইহিল্ মাস্বীর। ১৬। ওয়াল্লাযীনা ইউহা—জ্জুনা ফিল্লা-হি মিম্ 'বা'দি মাস্ তুজ্বীবা লাহূ

এবং তাঁর দিকেই সকলের প্রত্যাবর্তন। (১৬) যারা আল্লাহকে স্বীকার করার পরে আল্লাহর দ্বীন সম্পর্কে ঝগড়া করে, তাদের

حُجَّتُهُمْ دَاحِضَةٌ عِنْدَ رَبِّهِمْ وَعَلَيْهِمْ غَضَبٌ وَّلَهُمْ عَذَابٌ شَدِيْدٌ ⑯ اَللّٰهُ

হুজ্জ্বাতুহুম্ দা-হ্বিদ্বাতুন্ 'ইন্‌দা রাব্বিহিম্ ওয়া 'আলাইহিম গাদ্বাবুও ওয়া লাহুম 'আযা-বুন্ শাদীদ। ১৭। আল্লা-হুল্

প্রতিপালকের নিকট প্রমাণাদি অসত্য এবং তাদের উপর রয়েছে আল্লাহর ক্রোধ এবং তাদের জন্য রয়েছে কঠিন শাস্তি। (১৭) আল্লাহ,

الَّذِيْٓ اَنْزَلَ الْكِتٰبَ بِالْحَقِّ وَالْمِيْزَانَ ؕ وَمَا يُدْرِيْكَ لَعَلَّ السَّاعَةَ

লাযী~আন্‌যালাল্ কিতা-বা বিল্ হাক্বক্বি ওয়াল্ মীযা-না ; ওয়ামা- ইউদ্‌রীকা লা'আল্লাস্ সা-'আতা

যিনি অবতীর্ণ করেছেন, সত্যসহ কিতাব এবং দাঁড়িপাল্লা। আপনি কি জানেন, সম্ভবত কিয়ামত অতি

قَرِيْبٌ ⑰ يَسْتَعْجِلُ بِهَا الَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ بِهَا ۚ وَالَّذِيْنَ اٰمَنُوْا مُشْفِقُوْنَ

ক্বারীব। ১৮। ইয়াস্'তাজ্বিলু বিহাল্লাযীনা লা- ইউ'মিনূনা বিহা-, ওয়াল্লাযীনা আ-মানূ মুশ্‌ফিকূনা

নিকটবর্তী? (১৮) যারা এতে বিশ্বাস করে না, তারা এটা অতি দ্রুত কামনা করছে। আর যারা মুমিন, তারাতো এ (কিয়ামত) কে ভয়

○ বিশ্লেষণ (আঃ ১৫) ঃ ولا تتبع اهواءهم - অর্থাৎ কাফির মুশরিকদের মনগড়া কার্যক্রম, অনুরোধ ও প্রস্তাবের অনুসরণ করবেন না।
○ বিশ্লেষণ (আঃ ১৬) ঃ ما استجيب له - অর্থাৎ (যেদিন আল্লাহ সব রূহকে একত্রিত করে জিজ্ঞাসা করেছিলেন আমি কি তোমাদের প্রতিপালক নই" সবাই বলেছিল, হ্যাঁ) সে ওয়াদা দিবসে আল্লাহকে প্রতিপালক বলে স্বীকার করে নেয়ার পরেও এ ব্যাপারে ঝগড়া করে। অথবা, ইয়াহুদকে বুঝানো হয়েছে, যারা আল্লাহর কথা তাওরাতে মেনে ছিল। (তাঃ কাদেরী) ○ বিশ্লেষণ (আঃ ১৭) ঃ انزل الكتب - الكتاب - (কিতাব) দ্বারা এখানে সব নবীদের কিতাবকে বুঝানো হয়েছে যে, সব কিতাবই সত্য ও সঠিক। অথবা বিশেষভাবে কুরআনকে বুঝানো হয়েছে। الميزان - (দাঁড়ি পাল্লা) দ্বারা ন্যায় ইনসাফকে বুঝানো হয়েছে। لعل - ইমাম মাহেদী বলেন, لعل (সম্ভবতঃ) এখানে নিশ্চয়তা বুঝানো হয়েছে। অর্থাৎ নিশ্চয়ই কিয়ামত অতি নিকটবর্তী।

مِنْهَاۙ وَيَعْلَمُوْنَ اَنَّهَا الْحَقُّ ؕ اَلَاۤ اِنَّ الَّذِيْنَ يُمَارُوْنَ فِى السَّاعَةِ لَفِىْ

মিন্‌হা- ওয়া ই'য়ালামূনা আন্নাহাল্ হ্বাক্বক্ব ; আলা~ইন্নাল্লাযীনা ইউমা-রূনা ফিস্ সা-'আতি লাফী
করে এবং তারা জানে নিশ্চয়ই তা সত্য। জেনে রাখ! যারা কেয়ামত সম্পর্কে বিরোধ করে, তারা নিশ্চয়ই ঘোর ভ্রান্তির

ضَلٰلٍۭ بَعِيْدٍ ﴿١٨﴾ اَللّٰهُ لَطِيْفٌۢ بِعِبَادِهٖ يَرْزُقُ مَنْ يَّشَآءُ ۚ وَهُوَ الْقَوِىُّ الْعَزِيْزُ ﴿١٩﴾

দ্বালা-লিম্ বা'ঈদ। ১৯। আল্লা-হু লাত্বীফুম্ বি'ইবা-দিহী ইয়ারযুক্বু মাই ইয়াশা—উ, ওয়া হুওয়াল্ ক্বাওয়িয়্যুল্ 'আযীয।
মধ্যে রয়েছে। (১৯) আল্লাহ তাঁর বান্দাগণের প্রতি দয়াশীল। তিনি যাকে ইচ্ছা করেন রুজী দান করেন। তিনি ক্ষমতাবান, মহা প্রতাপশালী।

ع ২ ৩ রুকূ

مَنْ كَانَ يُرِيْدُ حَرْثَ الْاٰخِرَةِ نَزِدْ لَهٗ فِىْ حَرْثِهٖ ۚ وَمَنْ كَانَ يُرِيْدُ حَرْثَ

২০। মান্ কা-না ইউরীদু হ্বার্‌ছাল্ আ-খিরাতি নাযিদ্ লাহূ ফী হ্বার্‌ছিহী, ওয়ামান্ কা-না ইউরীদু হ্বার্‌ছাদ্
(২০) যে পরকালের ফসল কামনা করে, আমি তার জন্য ফসল বৃদ্ধি করি এবং যে ইহকালীন ফসল কামনা করে, আমি তাকে তার

الدُّنْيَا نُؤْتِهٖ مِنْهَا وَمَا لَهٗ فِى الْاٰخِرَةِ مِنْ نَّصِيْبٍ ﴿٢٠﴾ اَمْ لَهُمْ شُرَكٰٓؤُا شَرَعُوْا

দুন্‌ইয়া- নু'তিহী মিন্‌হা-ওয়ামা- লাহূ ফিল্ আ-খিরাতি মিন্ নাছীব। ২১। আম্ লাহুম্ শুরাকা—উ শারা'উ
থেকে কিছু দেই; এবং পরকালে তার জন্য কোন ভাগই থাকবে না। (২১) তাদের জন্য কি (আল্লাহর সাথে) এমন কতগুলো শরীক আছে,

لَهُمْ مِّنَ الدِّيْنِ مَا لَمْ يَاْذَنْۢ بِهِ اللّٰهُ ؕ وَلَوْلَا كَلِمَةُ الْفَصْلِ لَقُضِىَ بَيْنَهُمْ ؕ

লাহুম্ মিনাদ্ দীনি মা-লাম্ ইয়া'যান্ বিহিল্লা-হু ; ওয়া লাওলা- কালিমাতুল্ ফাস্বলি লাক্বুদ্বিয়া বাইনাহুম ;
যারা দ্বীনের এমন কিছু নির্দেশাবলী জারী করেছে, যার কোন অনুমতি আল্লাহ দেননি? যদি ফয়সালার বাণী না থাকত, তবে অবশ্যই তাদের মাঝে ফয়সালা করা হত।

وَاِنَّ الظّٰلِمِيْنَ لَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ﴿٢١﴾ تَرَى الظّٰلِمِيْنَ مُشْفِقِيْنَ مِمَّا كَسَبُوْا وَهُوَ

ওয়া ইন্নাজ্ জা-লিমীনা লাহুম 'আযা-বুন্ আলীম। ২২। তারাজ্ জা-লিমীনা মুশ্‌ফিক্বীনা মিম্মা- কাসাবূ ওয়া হুওয়া
নিশ্চয়ই অত্যাচারীদের জন্য রয়েছে কষ্টদায়ক শাস্তি। (২২) আপনি অত্যাচারী দেরকে তাদের কৃতকর্মের জন্য ভীত-শংকিত দেখতে

وَاقِعٌۢ بِهِمْ ؕ وَالَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ فِىْ رَوْضٰتِ الْجَنّٰتِ ۚ لَهُمْ

ওয়া-ক্বি'উম্ বিহিম ; ওয়াল্লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুস্ব স্বা-লিহ্বা-তি ফী রাওদ্বা-তিল্ জ্বান্না-তি, লাহুম্
পাবেন; আর এটাই (কর্মের শাস্তি) তাদের ওপর ঘটবে। আর যারা ঈমান আনে ও নেক কাজ করে তারা থাকবে জান্নাতের বাগিচায়। তারা

مَّا يَشَآءُوْنَ عِنْدَ رَبِّهِمْ ؕ ذٰلِكَ هُوَ الْفَضْلُ الْكَبِيْرُ ﴿٢٢﴾ ذٰلِكَ الَّذِىْ يُبَشِّرُ اللّٰهُ

মা- ইয়াশা—উনা 'ইন্‌দা রাব্বিহিম ; যা-লিকা হুওয়াল্ ফাদ্বলুল্ কাবীর। ২৩। যা-লিকাল্ লাযী ইউবাশ্‌শিরুল্লা-হু
যা কামনা করবে তা তাদের প্রতিপালকের কাছে (মওজুদ) পাবে। এটাই (আল্লাহর) অতি মেহেরবানী। (২৩) এই

○ বিশ্লেষণ (আঃ ২০) ঃ حرث - (ক্ষেত) অর্থ বীজ ক্ষেত। এখানে রূপকভাষা হিসেবে আমলের অর্থে ব্যবহার করা হয়েছে। অর্থাৎ পার্থিব জগতে যারা নেক আমল করবে ও পরিশ্রম করবে আল্লাহ তায়ালা তাদের পরকালের ক্ষেতকে বাড়িয়ে দিবেন। অর্থাৎ এক একটি আমলের বিনিময় দশগুণ বৃদ্ধি করে দিবেন। (কুঃ কারীম) ○ শানে নুযূল (আঃ ২৩) ঃ قل لا اسئلكم - হযরত কাতাদাহ (রা) বলেন, কতিপয় কাফির সমবেত হয়ে পরস্পরে বলতে লাগল যে, তোমরা কি জান, মুহাম্মদ (স) যে কাজ করতেছে, অর্থাৎ আল্লাহর (একত্ববাদের) দিকে লোকদেরকে আহ্বান করতেছে এর বিনিময় কি কিছু সে পারিশ্রমিক চায়? এ প্রেক্ষিতে এ আয়াত অবতীর্ণ হয়। (তাঃ কাদেরী)

عِبَادَهُ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ ؕ قُلْ لَّاۤ اَسْئَلُكُمْ عَلَيْهِ اَجْرًا اِلَّا

'ইবা-দাহুল্ লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুস্ব স্বা-হ্বিলা-তি, কুল্ লা~আস্‌আলুকুম্ 'আলাইহি আজ্‌রান ইল্লাল্
সুখবরই আল্লাহ তাঁর সে সব বান্দাগণকে দেন, যারা ঈমান আনে ও নেক কাজ করে, বলুন! আমি তোমাদের (দাওয়াতের বিনিময়),

الْمَوَدَّةَ فِى الْقُرْبٰى ؕ وَمَنْ يَّقْتَرِفْ حَسَنَةً نَّزِدْ لَهٗ فِيْهَا حُسْنًا ؕ اِنَّ اللّٰهَ غَفُوْرٌ

মাওয়াদ্দাতা ফিল্ কুরবা- ; ওয়া মাই ইয়াক্বতারিফ্ হ্বাসানাতান্ নাযিদ্ লাহূ ফীহা- হুস্‌নান ; ইন্নাল্লা-হা গাফূরুন্
আত্মীয়তার ভালবাসা ব্যতীত অন্য কোন পারিশ্রমিক চাইন না। যে নেক কাজ করে আমি তার নেকের সাথে আরও নেক বৃদ্ধি করি। নিশ্চয়ই আল্লাহ ক্ষমাশীল

شَكُوْرٌ ﴿٢٣﴾ اَمْ يَقُوْلُوْنَ افْتَرٰى عَلَى اللّٰهِ كَذِبًا ۚ فَاِنْ يَّشَاِ اللّٰهُ يَخْتِمْ عَلٰى قَلْبِكَ ؕ

শাকূর। ২৪। আম্ ইয়াকূলূনাফ্ তারা- 'আলাল্লা-হি কাযিবান্, ফাইঁয় ইয়াশাইল্লা-হু ইয়াখ্‌তিম্ 'আলা- ক্বাল্‌বিকা ;
গুণগ্রাহী। (২৪) তারা কি বলে যে, সে (নবী) আল্লাহ সম্পর্কে মিথ্যারোপ করেছে। যদি আল্লাহ ইচ্ছা করতেন, তবে আপনার অন্তরে মোহর লাগিয়ে দিতেন

وَيَمْحُ اللّٰهُ الْبَاطِلَ وَيُحِقُّ الْحَقَّ بِكَلِمٰتِهٖ ؕ اِنَّهٗ عَلِيْمٌۢ بِذَاتِ الصُّدُوْرِ

ওয়া ইয়াম্‌হুল্লা-হুল্ বা-ত্বিলা ওয়া ইউহ্বিক্বক্বুল্ হ্বাক্বক্বা বিকালিমা-তিহী ; ইন্নাহূ 'আলীমুম্ বিযা-তিস্ব সুদূর।
এবং আল্লাহ অসত্যকে মিটিয়ে দেন এবং নিজ বাণী দ্বারা সত্যকে কায়েম করেন। নিশ্চয়ই তিনি (আল্লাহ) অন্তরের খবরসম্পর্কে অবহিত।

وَهُوَ الَّذِىْ يَقْبَلُ التَّوْبَةَ عَنْ عِبَادِهٖ وَيَعْفُوْا عَنِ السَّيِّاٰتِ وَيَعْلَمُ مَا تَفْعَلُوْنَ ﴿٢٤﴾

২৫। ওয়া হুওয়াল লাযী ইয়াক্ববালুত্ তাওবাতা 'আন্ 'ইবা-দিহী ওয়া ইয়া'ফূ 'আনিস্ সায়্যিআ-তি ওয়া ই'য়ালামু মা-তাফ্'আলূন।
(২৫) তিনিই আল্লাহ, তাঁর বান্দাগণের তওবা কবুল করেন এবং পাপসমূহ মার্জনা করেন এবং তোমাদের কৃতকর্মগুলো সম্পর্কে তিনি খুব জানেন।

﴿٢٥﴾ وَيَسْتَجِيْبُ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ وَيَزِيْدُهُمْ مِّنْ فَضْلِهٖ ؕ

২৬। ওয়া ইয়াস্‌তাজ্বীবুল্ লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুস্ব স্বা-লিহা-তি ওয়া ইয়াযীদুহুম্ মিন্ ফাদ্বলিহী ;
(২৬) তিনি মুমিনগণের ও সৎকর্মশীলদের প্রার্থনা কবুল করেন। এবং তাদের প্রতি তাঁর রহমত বাড়িয়ে দেন;

وَالْكٰفِرُوْنَ لَهُمْ عَذَابٌ شَدِيْدٌ ﴿٢٦﴾ وَلَوْ بَسَطَ اللّٰهُ الرِّزْقَ لِعِبَادِهٖ لَبَغَوْا فِى

ওয়াল্ কা-ফিরূনা লাহুম 'আযা-বুন্ শাদীদ। ২৭। ওয়ালাও বাসাত্বাল্লা-হুর্ রিয্‌ক্বা লি'ইবা-দিহী লাবাগাও ফিল্
আর কাফিরদের জন্য রয়েছে কঠিন শাস্তি। (২৭) যদি আল্লাহ তাঁর বান্দাগণের জীবিকা প্রশস্ত করে দিতেন, তবে তারা পৃথিবীতে বিশৃংখলা সৃষ্টি করত, কিন্তু তিনি

الْاَرْضِ وَلٰكِنْ يُّنَزِّلُ بِقَدَرٍ مَّا يَشَآءُ ؕ اِنَّهٗ بِعِبَادِهٖ خَبِيْرٌۢ بَصِيْرٌ ﴿٢٧﴾ وَهُوَ الَّذِىْ

আর্‌দ্বি ওয়ালা- কিঁই ইউনায্‌যিলু বিক্বাদারিম্ মা-ইয়াশা—উ ; ইন্নাহূ বি'ইবাদিহী খাবীরুম্ বাস্বীর। ২৮। ওয়া হুওয়াল্লাযী
পরিমাণ মত, তাঁর ইচ্ছানুযায়ী প্রদান করেন। তিনি তাঁর বান্দাগণ সম্পর্কে পূর্ণ খবর রাখেন ও দেখেন। (২৮) তিনিই,

يُنَزِّلُ الْغَيْثَ مِنْۢ بَعْدِ مَا قَنَطُوْا وَيَنْشُرُ رَحْمَتَهٗ ؕ وَهُوَ الْوَلِىُّ الْحَمِيْدُ ﴿٢٨﴾ وَمِنْ

ইউনায্‌যিলুল্ গাইছা মিম্ 'বাদি মা-ক্বানাত্বূ ওয়া ইয়ান্‌শুরু রাহ্বমাতাহূ ; ওয়া হুওয়াল্ ওয়ালিইয়্যুল্ হ্বামীদ। ২৯। ওয়া মিন্
মানুষের হতাশ হয়ে যাবার পরে বৃষ্টি বর্ষণ করেন। এবং তাঁর রহমত বিস্তার করেন। তিনিই (আল্লাহ) অভিভাবক, প্রশংসিত। (২৯) তাঁর

اٰيٰتِهٖ خَلْقُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَمَا بَثَّ فِيْهِمَا مِنْ دَآبَّةٍ ؕ وَهُوَ عَلٰى جَمْعِهِمْ

আ-য়া-তিহী খাল্ক্বুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্বি ওয়ামা- বাছ্ছা ফীহিমা- মিন্ দা—ব্বাতিন ; ওয়া হুওয়া 'আলা- জাম্'ইহিম্

নিদর্শনাবলীর মধ্যে রয়েছে আকাশমন্ডলী ও পৃথিবীর সৃষ্টি এবং এ দুয়ের মধ্যে যে সব জীব-জন্তু ছড়িয়ে দিয়েছেন। তিনি যখন ইচ্ছা তখনই সেগুলো সমবেত

اِذَا يَشَآءُ قَدِيْرٌ ﴿٢٩﴾ وَمَآ اَصَابَكُمْ مِّنْ مُّصِيْبَةٍ فَبِمَا كَسَبَتْ اَيْدِيْكُمْ وَيَعْفُوْا

ইযা- ইয়াশা—উ ক্বাদীর। ৩০। ওয়ামা~আস্বা-বাকুম্ মিম্ মুস্বীবাতিন্ ফাবিমা- কাসাবাত্ আইদীকুম্ ওয়া ই'য়াফু

করতে সামর্থ্যবান। (৩০) এবং তোমাদের উপর যে সব বিপদাপদ এসে পৌছে, সেগুলো তোমাদের কৃতকর্মের পরিণাম। তিনিতো তোমাদের অনেক গুনাহ

عَنْ كَثِيْرٍ ﴿٣٠﴾ وَمَآ اَنْتُمْ بِمُعْجِزِيْنَ فِى الْاَرْضِ ۚۖ وَمَا لَكُمْ مِّنْ دُوْنِ اللّٰهِ مِنْ

'আন্ কাছীর। ৩১। ওয়ামা~আনতুম্ বি'মুজ্বিযীনা ফিল্ আর্‌দ্বি, ওয়ামা- লাকুম্ মিন্ দূনিল্লা-হি মিওঁ

মার্জনা করে দেন। (৩১) তোমরা কখনও পৃথিবীতে আল্লাহকে অপারগ করতে পারবে না এবং আল্লাহ ব্যতীত তোমাদের কোন অভিভাবক

وَّلِيٍّ وَّلَا نَصِيْرٍ ﴿٣١﴾ وَمِنْ اٰيٰتِهِ الْجَوَارِ فِى الْبَحْرِ كَالْاَعْلَامِ ﴿٣٢﴾ اِنْ يَّشَاْ يُسْكِنِ

ওয়ালিয়্যিওঁ ওয়ালা- নাস্বীর। ৩২। ওয়া মিন্ আ-য়া-তিহিল্ জ্বাওয়া-রি ফিল্ বাহ্‌রি কাল্ 'আলা-ম। ৩৩। ইঁয় ইয়াশা' ইউস্‌কিনির্

ও সাহায্যকারী নেই। (৩২) তাঁর নিদর্শনাবলীর মধ্যে রয়েছে, সমুদ্রে চলমান নৌযানগুলো যা পাহাড় সমতুল্য। (৩৩) যদি তিনি ইচ্ছা করেন, তবে বায়ুকে

الرِّيْحَ فَيَظْلَلْنَ رَوَاكِدَ عَلٰى ظَهْرِهٖ ؕ اِنَّ فِىْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّكُلِّ صَبَّارٍ شَكُوْرٍ ٥

রীহ্বা ফাইয়াজ্‌লাল্‌না রাওয়া-কিদা 'আলা- জাহ্‌রিহী ; ইন্না ফী যা-লিকা লাআ-য়া-তিল্ লিকুল্লি স্বাব্বা-রিন্ শাকূর।

থামিয়ে রাখতে পারেন, ফলে নৌযানগুলো সমুদ্রের উপরিভাগে গতিহীন হয়ে পড়বে। নিশ্চয়ই এতে নিদর্শনাবলী রয়েছে প্রত্যেক ধৈর্য্যশীল ও কৃতজ্ঞদের জন্য।

اَوْ يُوْبِقْهُنَّ بِمَا كَسَبُوْا وَيَعْفُ عَنْ كَثِيْرٍ ﴿٣٤﴾ وَّيَعْلَمَ الَّذِيْنَ يُجَادِلُوْنَ فِىْٓ

৩৪। আও ইউবিক্বহুন্না বিমা- কাসাবূ ওয়া ই'য়াফু 'আন্ কাছীর। ৩৫। ওয়া ই'য়ালামাল্ লাযীনা ইউজ্বা-দিলূনা ফী~

(৩৪) আল্লাহ যদি চান তবে সেগুলোকে তাদের কৃতকর্মের জন্য ধ্বংস করে দিতে পারেন এবং অনেককেই তিনি মার্জনাও করেন। (৩৫) আর, যারা আমার নিদর্শনাবলী সম্পর্কে

اٰيٰتِنَا ؕ مَا لَهُمْ مِّنْ مَّحِيْصٍ ﴿٣٥﴾ فَمَآ اُوْتِيْتُمْ مِّنْ شَىْءٍ فَمَتَاعُ الْحَيٰوةِ الدُّنْيَا ۚ

আ-য়া-তিনা- ; মা-লাহুম্ মিম্ মাহ্বীস্ব। ৩৬। ফামা~উতীতুম্ মিন্ শাইয়িন্ ফামাতা-'উল্ হ্বায়া-তিদ্ দুন্‌ইয়া-,

তর্ক করে, তারা জেনে নিবে যে, তাদের পলায়নের কোনই জায়গা নেই। (৩৬) তোমাদেরকে যা কিছু দেয়া হয়েছে, এগুলো পার্থিব জীবনের ভোগের সামগ্রী।

وَمَا عِنْدَ اللّٰهِ خَيْرٌ وَّاَبْقٰى لِلَّذِيْنَ اٰمَنُوْا وَعَلٰى رَبِّهِمْ يَتَوَكَّلُوْنَ ﴿٣٦﴾ وَالَّذِيْنَ

ওয়ামা- 'ইন্‌দাল্লা-হি খাইরুওঁ ওয়া আব্‌ক্বা- লিল্লাযীনা আ-মানূ ওয়া 'আলা- রাব্বিহিম্ ইয়াতাওয়াক্কালূন। ৩৭। ওয়াল্লাযীনা

এবং আল্লাহর নিকট যা রয়েছে তা সর্বোত্তম এবং চিরস্থায়ী, তাদের জন্য যারা ঈমান আনে এবং তাদের প্রতিপালকের উপর ভরসা করে, (৩৭) আর

০ টীকা (আঃ ৩০) ঃ অর্থাৎ, আল্লাহ তায়ালার নেয়ামত যেমন বিভিন্ন কারণে ও বিভিন্ন সময়ে নানান উপায় অবলম্বনের কারণে হাসিল হয়, অনুরূপ বিপদাপদও বিশেষ কিছু উপায় অবলম্বনের কারণে হয়। যেমন, মানুষ যখন কোন বিপদে আক্রান্ত হয় তখন তা হয় তার কোন আমলের নিকটতম অথবা দূরবর্তী প্রতিক্রিয়ার কারণে। যেমন খাওয়া-দাওয়ায় অসাবধানতার কারণে মারাত্মক অসুস্থতায় ভুগতে হয় কিংবা এতে মারাও যায় অনেকে। অনুরূপ মানুষের বিপদ আপদের ব্যাপারটিও অনুরূপ। পৃথিবীর সকল ধরনের সংকটই মানুষের অতীত কৃতকর্মের কারণে হয়ে থাকে। আর এতে ভবিষ্যতের জন্য সাবধানতার পথও অবলম্বন করা যায়। এর কারণে মানুষ অনেক পাপ থেকেও বাঁচতে পারে। (শাঃ হিঃ)

يَجْتَنِبُوْنَ كَبٰٓئِرَ الْاِثْمِ وَالْفَوَاحِشَ وَاِذَا مَا غَضِبُوْا هُمْ يَغْفِرُوْنَ ﴿٣٧﴾ وَالَّذِيْنَ

ইয়াজ্বতানিবূনা কাবা—ইরাল্ ইছ্‌মি ওয়াল্ ফাওয়া-হ্বিশা ওয়া ইযা- মা- গাদ্বিবূ হুম্ ইয়াগ্‌ফিরূন। ৩৮। ওয়াল্লাযীনাস্

যারা বেঁচে থাকে কবীরা গুনাহ হতে এবং অশ্লীল (খারাপ) কাজ হতে এবং ক্রোধের সময়ও ক্ষমা করে দেয়। (৩৮) আর যারা

اسْتَجَابُوْا لِرَبِّهِمْ وَاَقَامُوا الصَّلٰوةَ ۪ وَاَمْرُهُمْ شُوْرٰى بَيْنَهُمْ ۪ وَمِمَّا رَزَقْنٰهُمْ

তাজ্বা-বূ লিরাব্বিহিম্ ওয়া আক্বা-মুস্ব স্বালা-তা ওয়া আম্‌রুহুম্ শূরা- বাইনাহুম্, ওয়া মিম্মা- রাযাক্বনা-হুম্

তাদের প্রতিপালকের নির্দেশ পালন করে এবং নামাজ কায়েম করে এবং পারস্পরিক পরামর্শের মাধ্যমে যারা তাদের কাজগুলো করে এবং তারা আমার দেয়া রিযিক হতে

يُنْفِقُوْنَ ﴿٣٨﴾ وَالَّذِيْنَ اِذَآ اَصَابَهُمُ الْبَغْىُ هُمْ يَنْتَصِرُوْنَ ﴿٣٩﴾ وَجَزٰٓؤُا سَيِّئَةٍ سَيِّئَةٌ

ইউন্‌ফিক্বূন। ৩৯। ওয়াল্লাযীনা ইযা~আস্বা-বাহুমুল্ বাগ্‌ইউ হুম্ ইয়ান্‌তাস্বিরূন। ৪০। ওয়া জ্বাযা—উ সায়্যিআতিন্ সায়্যিআতুম্

ব্যয় করে (৩৯) এবং তারা নির্যাতিত হলে তারা তাদের থেকে প্রতিশোধ নেয়। (৪০) মন্দের বিনিময় অনুরূপ মন্দই, যে মাফ করে দেয়

مِّثْلُهَا ۚ فَمَنْ عَفَا وَاَصْلَحَ فَاَجْرُهٗ عَلَى اللّٰهِ ؕ اِنَّهٗ لَا يُحِبُّ الظّٰلِمِيْنَ ﴿٤٠﴾ وَلَمَنِ

মিছ্‌লুহা-, ফামান্ 'আফা-ওয়া আস্বলাহ্বা ফাআজ্‌রুহূ 'আলাল্লা-হি ; ইন্নাহূ লা- ইউহ্বিব্বুজ্ জা-লিমীন। ৪১। ওয়া লামানিন্

এবং পরস্পরে ফয়সালা করে, তার প্রতিদান আল্লাহরই নিকট। নিশ্চয়ই আল্লাহ পছন্দ করেন না অত্যাচারীদেরকে। (৪১) তবে যে ব্যক্তি

انْتَصَرَ بَعْدَ ظُلْمِهٖ فَاُولٰٓئِكَ مَا عَلَيْهِمْ مِّنْ سَبِيْلٍ ﴿٤١﴾ اِنَّمَا السَّبِيْلُ عَلَى الَّذِيْنَ

তাস্বারা 'বাদা জুল্‌মিহী ফাউলা—ইকা মা-'আলাইহিম্ মিন্ সাবীল। ৪২। ইন্নামাস্ সাবীলু 'আলাল্ লাযীনা

অত্যাচারিত হওয়ার পরে প্রতিশোধ গ্রহণ করে, তবে সে ব্যক্তির উপর (শাস্তিমূলক) ব্যবস্থা আরোপ করা হবে না। (৪২) শুধু মাত্র ব্যবস্থা নেয়া হবে তাদের

يَظْلِمُوْنَ النَّاسَ وَيَبْغُوْنَ فِى الْاَرْضِ بِغَيْرِ الْحَقِّ ؕ اُولٰٓئِكَ لَهُمْ عَذَابٌ

ইয়াজ্‌লিমূনান্ না-সা ওয়া ইয়াব্‌গূনা ফিল্ আর্‌দ্বি বিগাইরিল্ হ্বাক্বক্বি ; উলা—ইকা লাহুম্ 'আযা-বুন্

বিরুদ্ধে যারা মানুষের উপর অন্যায়ভাবে নির্যাতন করে এবং অন্যায়ভাবে পৃথিবীতে বিশৃংখলা সৃষ্টি করে। তাদের জন্য রয়েছে কষ্টদায়ক

اَلِيْمٌ ﴿٤٢﴾ وَلَمَنْ صَبَرَ وَغَفَرَ اِنَّ ذٰلِكَ لَمِنْ عَزْمِ الْاُمُوْرِ ﴿٤٣﴾ وَمَنْ يُّضْلِلِ اللّٰهُ

আলীম। ৪৩। ওয়া লামান্ স্বাবারা ওয়া গাফারা ইন্না যা-লিকা লামিন্ 'আয্‌মিল্ উমূর। ৪৪। ওয়া মাইঁ ইউদ্বলিলিল্লা-হু

শাস্তি। (৪৩) আর যে কেহ ধৈর্য্যধারণ করে এবং ক্ষমা করে, নিশ্চয়ই এটা দৃঢ় সংকল্পের কাজ। (৪৪) আল্লাহ যাদের

فَمَا لَهٗ مِنْ وَّلِيٍّ مِّنْۢ بَعْدِهٖ ؕ وَتَرَى الظّٰلِمِيْنَ لَمَّا رَاَوُا الْعَذَابَ يَقُوْلُوْنَ

ফামা-লাহূ মিওঁ ওয়া লিয়্যিম মিম্ বা'দিহী ; ওয়া তারাজ্ জা-লিমীনা লাম্মা- রাআউল্ 'আযা-বা ইয়াক্বূলূনা

পথভ্রষ্ট করেন, এরপরে তাদের কোন সাহায্যকারী নেই। আপনি দেখবেন, অত্যাচারীরা, যখন শাস্তি অবলোকন করবে, তখন তারা বলবে, আমাদের

هَلْ اِلٰى مَرَدٍّ مِّنْ سَبِيْلٍ ﴿٤٤﴾ وَتَرٰىهُمْ يُعْرَضُوْنَ عَلَيْهَا خٰشِعِيْنَ مِنَ الذُّلِّ

হাল্ ইলা- মারাদ্দিম্ মিন্ সাবীল। ৪৫। ওয়া তারা-হুম্ ইউ'রাদ্বূনা 'আলাইহা- খা-শি'ঈনা মিনায্ যুল্লি

ফিরে যাবার কোন পথ আছে কি? (৪৫) এবং আপনি তাদেরকে দেখবেন যে, তাদেরকে জাহান্নামের পার্শ্বে এমন অবস্থায় উপস্থিত করা হবে যে,

يَنظُرُونَ مِن طَرْفٍ خَفِيٍّ ۗ وَقَالَ الَّذِينَ آمَنُوا إِنَّ الْخَاسِرِينَ الَّذِينَ خَسِرُوا

ইয়ানজুরূনা মিন্ ত্বারফিন্ খাফিয়্যিন ; ওয়া ক্বা-লাল্ লাযীনা আমানূ~ইন্নাল্ খা-সিরীনাল্ লাযীনা খাস্বিরূ~
তারা লাঞ্ছনা-অপমাননায় মাথা নিচু করে বাঁকা চোখে তাকাচ্ছে। তখন মুমিনগণ তাদেরকে বলবে, ক্ষতিগ্রস্ত তারাই, যারা কিয়ামতের দিন

أَنفُسَهُمْ وَأَهْلِيهِمْ يَوْمَ الْقِيَامَةِ ۗ أَلَا إِنَّ الظَّالِمِينَ فِي عَذَابٍ مُّقِيمٍ ﴿٤٥﴾ وَمَا

আন্‌ফুসাহুম ওয়া আহ্‌লীহিম্ ইয়াওমাল্ ক্বিয়া-মাতি ; আলা~ইন্নাজ জা-লিমীনা ফী 'আযা-বিম্ মুক্বীম। ৪৬। ওয়ামা-
নিজেদেরকে এবং নিজেদের পরিবার-পরিজনদেরকে ক্ষতিগ্রস্ত করেছে। জেনে রাখুন! অত্যাচারীরা স্থায়ী শাস্তির মধ্যে থাকবেই। (৪৬) তাদের

كَانَ لَهُم مِّنْ أَوْلِيَاءَ يَنصُرُونَهُم مِّن دُونِ اللَّهِ ۗ وَمَن يُضْلِلِ اللَّهُ فَمَا لَهُ مِن

কা-না লাহুম্ মিন্ আওলিয়া—আ ইয়ানস্বুরূনাহুম্ মিন্ দূনিল্লা-হি ; ওয়া মাই ইউদ্বলিলিল্লা-হু ফামা- লাহূ মিন্
জন্য আল্লাহ ব্যতীত অন্য আর এমন কেউ সাহায্যকারী হবে না, যারা তাদেরকে সাহায্য করবে। আর আল্লাহ যাকে পথভ্রষ্ট করেন তাদের জন্য অন্য আর কোন

سَبِيلٍ ﴿٤٦﴾ اسْتَجِيبُوا لِرَبِّكُم مِّن قَبْلِ أَن يَأْتِيَ يَوْمٌ لَّا مَرَدَّ لَهُ مِنَ اللَّهِ ۚ

সাবীল। ৪৭। ইস্‌তাজীবূ লিরাব্বিকুম্ মিন্ ক্বাব্‌লি আই ই'য়াতিয়া ইয়াওমুল্ লা- মারাদ্দা লাহূ মিনাল্লা-হি ;
পথ নেই। (৪৭) তোমার প্রতিপালকের নির্দেশবলী মেনে নাও সেদিন উপস্থিত হওয়ার পূর্বে, যা আল্লাহ থেকে আনবার নয়।

مَا لَكُم مِّن مَّلْجَإٍ يَوْمَئِذٍ وَمَا لَكُم مِّن نَّكِيرٍ ﴿٤٧﴾ فَإِنْ أَعْرَضُوا فَمَا أَرْسَلْنَاكَ عَلَيْهِمْ

মা-লাকুম্ মিম্ মাল্‌জাই ইয়াওমাইযিও ওয়ামা- লাকুম্ মিন্ নাকীর্। ৪৮। ফাইন্ আ'রাদ্বূ ফামা~আর্‌সাল্‌না-কা 'আলাইহিম
সেদিন তোমাদের কোন আশ্রয় কেন্দ্র থাকবেনা এবং তোমাদের জন্য তা প্রতিরোধ করার কেউ থাকবে না। (৪৮) (এরপরেও) যদি তারা মুখ ফিরায়, তবে আমি আপনাকে

حَفِيظًا ۖ إِنْ عَلَيْكَ إِلَّا الْبَلَاغُ ۗ وَإِنَّا إِذَا أَذَقْنَا الْإِنسَانَ مِنَّا رَحْمَةً فَرِحَ بِهَا ۖ

হাফীজান ; ইন্ 'আলাইকা ইল্লাল্ বালা-গু ; ওয়া ইন্না~ইযা~আযাক্বনাল্ ইন্‌সা-না মিন্না- রাহ্‌মাতান্ ফারিহা বিহা-,
তাদের রক্ষক করে প্রেরণ করিনি ; আপনার দায়িত্ব শুধু পৌছিয়ে দেয়া। যখন আমি কোন মানুষকে আমার তরফ হতে অনুগ্রহের স্বাদ উপভোগ করাই,

وَإِن تُصِبْهُمْ سَيِّئَةٌ بِمَا قَدَّمَتْ أَيْدِيهِمْ فَإِنَّ الْإِنسَانَ كَفُورٌ ﴿٤٨﴾ لِّلَّهِ مُلْكُ

ওয়া ইন্ তুস্বিবহুম সায়্যিআতুম্ বিমা- ক্বাদ্দামাত্ আইদীহিম্ ফাইন্নাল্ ইন্‌সা-না কাফূর। ৪৯। লিল্লা-হি মুলকুস্
তখন সে তাতে অত্যন্ত খুশী হয় এবং যখন তাদের কৃতকর্মের কারণে, তাদের উপর কোন অমঙ্গল উপস্থিত হয়, তখন মানুষ অকৃতজ্ঞ হয়ে যায়। (৪৯) আকাশ ও

السَّمَاوَاتِ وَالْأَرْضِ ۚ يَخْلُقُ مَا يَشَاءُ ۚ يَهَبُ لِمَن يَشَاءُ إِنَاثًا وَيَهَبُ

সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্বি ; ইয়াখ্‌লুক্বু মা- ইয়াশা—উ ; ইয়াহাবু লিমাই ইয়াশা—উ ইনা-ছাওঁ ওয়া ইয়াহাবু
পৃথিবীর কর্তৃত্ব আল্লাহরই জন্য। তিনি সৃষ্টি করেন যা চান। যাকে ইচ্ছা তাকে তিনি কন্যা সন্তান দান করেন এবং যাকে ইচ্ছা তাকে তিনি

لِمَن يَشَاءُ الذُّكُورَ ﴿٤٩﴾ أَوْ يُزَوِّجُهُمْ ذُكْرَانًا وَإِنَاثًا ۖ وَيَجْعَلُ مَن يَشَاءُ

লিমাই ইয়াশা—উয্ যুকূর। ৫০। আও ইউযাওয়্যিজুহুম যুক্‌রা-নাওঁ ওয়া ইনা-ছান্, ওয়া ইয়াজ্‌'আলু মাই ইয়াশা—উ
পুত্র সন্তান দান করেন। (৫০) অথবা যাকে ইচ্ছা তাকে তিনি পুত্র, কন্যা উভয়ই দান করেন। এবং যাকে ইচ্ছা তাকে তিনি বন্ধ্যা

عَقِيمًا ۚ إِنَّهُ عَلِيمٌ قَدِيرٌ ﴿٥٠﴾ وَمَا كَانَ لِبَشَرٍ أَن يُكَلِّمَهُ اللَّهُ إِلَّا وَحْيًا أَوْ مِن

'আক্বীমান ; ইন্নাহূ 'আলীমুন ক্বাদীর। ৫১। ওয়ামা- কা-না লিবাশারিন্ আই ইউকাল্লিমাহুল্লা-হু ইল্লা- ওয়াহ্‌ইয়ান আও মিওঁ
করে রাখেন। নিশ্চয়ই আল্লাহ মহাজ্ঞানী, ক্ষমতাবান। (৫১) মানুষের জন্য এটা কখনই হতে পারে না যে, আল্লাহ তার সাথে কথা বলবে ওহী ব্যতিরেকে, বা পর্দার

وَرَاءِ حِجَابٍ أَوْ يُرْسِلَ رَسُولًا فَيُوحِيَ بِإِذْنِهِ مَا يَشَاءُ ۚ إِنَّهُ عَلِيٌّ

ওয়ারা—ই হিজ্বা-বিন্ আও ইউর্‌সিলা রাসূলান্ ফাইউহ্‌য়িয়া বিইয্‌নিহী মা- ইয়াশা—উ ; ইন্নাহূ 'আলিয়্যুন্
আড়াল ব্যতিরেকে বা কোন ফিরিশতা প্রেরণ ব্যতিরেকে, যে ফিরিশতা আল্লাহর অনুমতি সাপেক্ষে আল্লাহ যা চান তা-ই ওহী করেন। নিশ্চয়ই আল্লাহ মহান,

حَكِيمٌ ﴿٥١﴾ وَكَذَٰلِكَ أَوْحَيْنَا إِلَيْكَ رُوحًا مِّنْ أَمْرِنَا ۚ مَا كُنتَ تَدْرِي

হাকীম। ৫২। ওয়া কাযা-লিকা আওহাইনা~ইলাইকা রূহাম্ মিন্ আম্‌রিনা-; মা- কুন্‌তা তাদরী
বিজ্ঞ। (৫২) (হে নবী!) অনুরূপভাবে আমি আপনার নিকট রূহ (কুরআন) প্রেরণ করেছি, অর্থাৎ আমার নির্দেশ (প্রেরণ করেছি)।

مَا الْكِتَابُ وَلَا الْإِيمَانُ وَلَٰكِن جَعَلْنَاهُ نُورًا نَّهْدِي بِهِ مَن نَّشَاءُ مِنْ

মাল কিতা-বু ওয়ালাল্ ঈমা-নু ওয়ালা-কিন্ জ্বা'আলনা-হু নূরান্ নাহ্‌দী বিহী মান্ নাশা—উ মিন্
আপনি এরপূর্বে জানতেন না কিতাব কি এবং ঈমান (বিষয়টি) কি!? আমি কুরআনকে নূর বানিয়েছি। যার দ্বারা আমি আমার বান্দাদের মধ্য যাকে!

عِبَادِنَا ۚ وَإِنَّكَ لَتَهْدِي إِلَىٰ صِرَاطٍ مُّسْتَقِيمٍ ﴿٥٢﴾ صِرَاطِ اللَّهِ الَّذِي

'ইবা-দিনা-; ওয়া ইন্নাকা লা তাহ্‌দী~ইলা- স্বিরা-ত্বিম্ মুস্‌তাক্বীম্। ৫৩। স্বিরা-ত্বি ল্লা-হিললাযী
ইচ্ছা সঠিক পথ প্রদর্শন করি। এবং নিশ্চয়ই আপনিতো শুধু সরল সত্য পথ প্রদর্শন করছেন (৫৩) সে আল্লাহর পথ, যাঁর কর্তৃত্বে রয়েছে

لَهُ مَا فِي السَّمَاوَاتِ وَمَا فِي الْأَرْضِ ۗ أَلَا إِلَى اللَّهِ تَصِيرُ الْأُمُورُ ○

লাহূ মা-ফিস্ সা-মা-ওয়া-তি ওয়ামা- ফিল্ আরদ্বি ; আলা~ইলাল্লা-হি তাস্বীরুল্ উমূর।
আকাশ ও পৃথিবীর মধ্যস্থ সব কিছু। জেনে রাখুন! সব বিষয়গুলোই আল্লাহর দিকে প্রত্যাবর্তিত হয়ে থাকে।

সূরা যুখরুফ মক্কী	بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি	আয়াত ঃ ৮৯ রুকূ ঃ ৭

﴿١﴾ حم ﴿٢﴾ وَالْكِتَابِ الْمُبِينِ ﴿٣﴾ إِنَّا جَعَلْنَاهُ قُرْآنًا عَرَبِيًّا لَّعَلَّكُمْ تَعْقِلُونَ ○

১। হা-মী—ম্। ২। ওয়াল্ কিতা-বিল্ মুবীন। ৩। ইন্না- জ্বা'আল্‌না-হু কুরআ-নান্ 'আরাবিইয়্যাল্ লা'আল্লাকুম্ তা'ক্বিলূন।
(১) হা- মী-ম; (২) শপথ স্পষ্ট কিতাবের; (৩) আমি এ কিতাবকে (অবতীর্ণ) করেছি আরবী ভাষা কুরআন রূপে। যাতে তোমরা বুঝতে পার।

○ শানে নুযূল (আঃ ৫১) ঃ وما كان لبشر - ইয়াহুদীরা রাসূলুল্লাহ (স)-এর কাছে বলল, আপনার খোদা আপনার সাথে বিনা মাধ্যমে (সরাসরি) কেন কথা বলেন না? যেভাবে মূসা (আ) তাঁর সাথে কথাও বলেছেন ও সাক্ষাৎ করেছেন। আপনিও সেভাবে কথা বলবেন ও সাক্ষাৎ করবেন। রাসূলুল্লাহ (স) জবাবে বলেন, মূসা (আ) কথা বলেছেন কিন্তু সাক্ষাৎ করেননি। তখন এ আয়াত অবতীর্ণ হয়। (তাঃ কাদেরী)

○ বিশ্লেষণ (আঃ ৫২) ঃ روحا - রূহ দ্বারা কুরআন মাজীদকে বুঝানো হয়েছে। কুরআনকে রূহ (আত্মা) এজন্য বলা হয়েছে যে, রূহ (আত্মা) দ্বারা যেমন মানব জীবন লাভ করে, তেমনি কুরআন দ্বারা মানুষের 'আত্মা' সজীব হয়ে উঠে। (ফলে আল্লাহর প্রতি ঝুঁকে পড়ে)।

۝ وَاِنَّهٗ فِيْٓ اُمِّ الْكِتٰبِ لَدَيْنَا لَعَلِيٌّ حَكِيْمٌ ۝ اَفَنَضْرِبُ عَنْكُمُ الذِّكْرَ صَفْحًا

৪। ওয়া ইন্নাহূ ফী~উম্মিল্ কিতা-বি লাদাইনা- লা'আলিয়্যুন্ হ্বাকীম। ৫। আফানাদ্বরিবু 'আন্‌কুমুয্ যিক্‌রা স্বাফ্‌হান্
(৪) এবং নিশ্চয়ই এ কুরআন রয়েছে, আমার নিকট লওহে মাহফুজে। অবশ্যই এ কুরআন মর্যাদাবান, প্রজ্ঞাপূর্ণ। (৫) আমি কি তোমাদের থেকে ফিরিয়ে নিব কুরআনকে

اَنْ كُنْتُمْ قَوْمًا مُّسْرِفِيْنَ ۝ وَكَمْ اَرْسَلْنَا مِنْ نَّبِيٍّ فِي الْاَوَّلِيْنَ ۝ وَمَا يَاْتِيْهِمْ

আন্ কুন্‌তুম্ ক্বাওমাম্ মুস্‌রিফীন। ৬। ওয়া কাম্ আর্‌সাল্‌না- মিন্ নাবিয়্যিন্ ফিল্ আওয়্যালীন। ৭। ওয়ামা- ইয়া'তীহিম
এজন্য যে, তোমরা সীমালংঘনকারী সম্প্রদায়? (৬) আমি পূর্ববর্তীলোকদের মাঝে কতই না নবী প্রেরণ করেছিলাম। (৭) যত নবী তাদের

مِّنْ نَّبِيٍّ اِلَّا كَانُوْا بِهٖ يَسْتَهْزِءُوْنَ ۝ فَاَهْلَكْنَآ اَشَدَّ مِنْهُمْ بَطْشًا وَّمَضٰى مَثَلُ

মিন্ নাবিয়্যিন্ ইল্লা- কা-নূ বিহী ইয়াস্‌তাহ্‌যিউন। ৮। ফাআহ্‌লাক্‌না~আশাদ্দা মিন্‌হুম্ বাত্বশাওঁ ওয়া মাদ্বা-মাছালুল্
কাছে এসেছে, তাদেরকে তারা ঠাট্টা-বিদ্রূপ করেছে। (৮) অতঃপর আমি তাদেরকে ধ্বংস করে দিলাম, যারা এদের চেয়ে অধিক শক্তিশালী ছিল। আর চলে আসছে

الْاَوَّلِيْنَ ۝ وَلَئِنْ سَاَلْتَهُمْ مَّنْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ لَيَقُوْلُنَّ خَلَقَهُنَّ

আওয়্যালীন। ৯। ওয়া লাইন্ সাআল্‌তাহুম্ মান্ খালাক্বাস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্‌দ্বা লাইয়াক্বূলুন্না খালাক্বাহুন্নাল্
এভাবে পূর্ববর্তীদের ধ্বংসের দৃষ্টান্ত। (৯) আপনি তাদের কাছে জিজ্ঞাসা করেন, আকাশ মণ্ডলী ও পৃথিবীর স্রষ্টা কে? তবে অবশ্যই তারা বলবে, এগুলোর স্রষ্টা

الْعَزِيْزُ الْعَلِيْمُ ۝ الَّذِيْ جَعَلَ لَكُمُ الْاَرْضَ مَهْدًا وَّجَعَلَ لَكُمْ فِيْهَا سُبُلًا

'আযীযুল 'আলীম ১০। আল্‌লাযী জ্বা'আলা লাকুমুল্ আর্‌দ্বা মাহ্‌দাওঁ ওয়া জ্বা'আলা লাকুম্ ফীহা- সুবুলাল্
মহা প্রতাপশালী, বিজ্ঞ আল্লাহ। (১০) যিনি তোমাদের জন্য করেছেন পৃথিবীকে বিছানাস্বরূপ এবং তার মাঝে করেছেন তোমাদের জন্য রাস্তাসমূহ, যাতে তোমরা

لَّعَلَّكُمْ تَهْتَدُوْنَ ۝ وَالَّذِيْ نَزَّلَ مِنَ السَّمَآءِ مَآءًۢ بِقَدَرٍ ۚ فَاَنْشَرْنَا بِهٖ بَلْدَةً

লা'আল্লাকুম্ তাহ্‌তাদূন। ১১। ওয়াল্লাযী নায্‌যালা মিনাস্ সামা—ই মা—আম্ বিক্বাদারিন্, ফাআন্‌শার্‌না- বিহী বাল্‌দাতাম্
সঠিক রাস্তা পাও। (১১) তিনি (আল্লাহ) আকাশ হতে বারি বর্ষন করেন নির্দিষ্ট মাত্রায়। অতঃপর আমি সে পানি দ্বারা মৃত (শুষ্ক) ভূ-খণ্ডকে জীবিত

مَّيْتًا ۚ كَذٰلِكَ تُخْرَجُوْنَ ۝ وَالَّذِيْ خَلَقَ الْاَزْوَاجَ كُلَّهَا وَجَعَلَ لَكُمْ مِّنَ

মাইতান্, কাযা-লিকা তুখ্‌রাজুন। ১২। ওয়াল্লাযী খালাক্বাল্ আয্‌ওয়া-জ্বা কুল্লাহা- ওয়াজ্বা'আলা লাকুম্ মিনাল্
(সতেজ) করি। এভাবেই তোমাদেরকে উঠানো হবে। (১২) তিনি সব কিছুকে জোড়া করে সৃষ্টি করেছেন। এবং তিনি তোমাদের জন্য সৃষ্টি করেছেন, নৌযানসমূহ এবং

الْفُلْكِ وَالْاَنْعَامِ مَا تَرْكَبُوْنَ ۝ لِتَسْتَوٗا عَلٰى ظُهُوْرِهٖ ثُمَّ تَذْكُرُوْا نِعْمَةَ رَبِّكُمْ اِذَا

ফুল্‌কি ওয়াল্ আন্'আ-মি মা- তারকাবূন। ১৩। লিতাস্‌তাউ 'আলা- জুহূরিহী ছুম্মা তায্‌কুরূ নি'মাতা রাব্বিকুম্ ইযাস্
চতুষ্পদ জন্তুগুলোকে যাতে তোমরা আরোহণ করতে পার, (১৩) যাতে তোমরা তার পৃষ্ঠের উপর স্থির হয়ে বসে তোমাদের প্রতিপালকের অনুগ্রহের কথা স্মরণ কর,

✪ বিশ্লেষণ (আঃ ১০) ঃ لعلكم تهتدون - অর্থাৎ এক দেশ হতে অন্য দেশে, অথবা এক এলাকা হতে অন্য এলাকায় যাতায়াতের জন্য রাস্তা করে দিয়েছেন। যাতে তোমরা ব্যবসা-বাণিজ্য এবং অন্য উদ্দেশ্যের জন্য যেতে পার। (কুঃ কারীম) ✪ বিশ্লেষণ (আঃ ১২) ঃ خلق الازواج - অর্থাৎ প্রতিটি বস্তু জোড়া জোড়া সৃষ্টি করেছেন। পুরুষ, নারী, ফল, ফুল, জীব-জন্তু ইত্যাদিসহ পৃথিবীর প্রতিটির পুলিঙ্গ, স্ত্রীলিঙ্গ রয়েছে। কেহ বলেন, জোড়া দ্বারা বুঝান হয়েছে, বৈপরীত্য। অর্থাৎ একে অপরের বিপরীত। যেমন– আলো, আঁধার, রুগ্নতা-সুস্থতা, ইনসাফ-জুলুম, ভাল-মন্দ, ঈমান-কুফর এবং দুর্বল-সবল ইত্যাদি। কেহ বলেন, জোড়া দ্বারা শ্রেণীকে বুঝান হয়েছে। অর্থাৎ সব শ্রেণী ও ধরন আল্লাহ তায়ালারই সৃষ্টি। (কুঃ কারীম)

اسْتَوَيْتُمْ عَلَيْهِ وَتَقُوْلُوْا سُبْحٰنَ الَّذِيْ سَخَّرَ لَنَا هٰذَا وَمَا كُنَّا لَهٗ مُقْرِنِيْنَ ۙ

তাওয়াইতুম্ 'আলাইহি ওয়া তাক্বূলূ সুব্‌হ্বা-নাল্ লাযী সাখ্‌খারা লানা- হা-যা- ওয়ামা- কুন্না-লাহূ মুক্বরিনীন।
এবং বল, তিনি অতি পবিত্র ও মহান, যিনি এগুলোকে আমাদের অনুগত করে দিয়েছেন, আমরা কখনও এগুলোকে আমাদের অধীন করতে সক্ষম ছিলাম না।

وَاِنَّآ اِلٰى رَبِّنَا لَمُنْقَلِبُوْنَ ۝ وَجَعَلُوْا لَهٗ مِنْ عِبَادِهٖ جُزْءًا ۗ اِنَّ الْاِنْسَانَ لَكَفُوْرٌ

১৪। ওয়া ইন্না~ইলা- রাব্বিনা- লামুন্‌ক্বালিবূন। ১৫। ওয়া জ্বা'আলূ লাহূ মিন্ 'ইবা-দিহী জুয্‌আন ; ইন্নাল্ ইন্‌সা-না লাকাফূরুম্
(১৪) অবশ্যই আমরা আমাদের প্রতিপালকের দিকে প্রত্যাবর্তন করব। (১৫) আর তারা আল্লাহর কতিপয় বান্দাকে তার অংশ নির্ধারণ করে, নিশ্চয়ই মানুষ প্রকাশ্য

১ ع ১৫ ৭ রুকূ

مُّبِيْنٌ ۝ اَمِ اتَّخَذَ مِمَّا يَخْلُقُ بَنٰتٍ وَّاَصْفٰىكُمْ بِالْبَنِيْنَ ۝ وَاِذَا بُشِّرَ اَحَدُهُمْ

মুবীন। ১৬। আমিত্ তাখাযা মিম্মা- ইয়াখ্‌লুক্বু বানাতিওঁ ওয়া আস্বফা-কুম্ বিল্ বানীন। ১৭। ওয়া ইযা- বুশ্‌শিরা আহ্বাদুহুম
অকৃতজ্ঞ। (১৬) তবে কি তিনি তাঁর সৃষ্টি থেকে কন্যাসমূহ নিজের জন্য গ্রহণ করেছেন এবং তোমাদের জন্য পুত্রসন্তান মনোনীত করেছেন? (১৭) রহমান (আল্লাহ)-এর জন্য

بِمَا ضَرَبَ لِلرَّحْمٰنِ مَثَلًا ظَلَّ وَجْهُهٗ مُسْوَدًّا وَّهُوَ كَظِيْمٌ ۝ اَوَمَنْ يُّنَشَّؤُا فِي الْحِلْيَةِ

বিমা- দ্বারাবা লিররাহ্বমা-নি মাছালান্ জাল্লা ওয়াজ্বহুহূ মুস্‌ওয়াদ্দাওঁ ওয়া হুওয়া কাজীম। ১৮। আওয়া মাই ইউনাশ্‌শাউ ফিল্ হ্বিল্‌ইয়াতি
তারা যা নির্ধারণ করে, সে কন্যাসন্তান সম্পর্কে তাদের কাউকে সু-সংবাদ দেয়া হলে তাদের মুখমণ্ডল কালো হয়ে যায় এবং বিষণ্ন হয়ে পড়ে।
(১৮) তবে কি তারা আল্লাহর জন্য এমন কন্যা সন্তান নির্ধারণ করে যা

وَهُوَ فِي الْخِصَامِ غَيْرُ مُبِيْنٍ ۝ وَجَعَلُوا الْمَلٰٓئِكَةَ الَّذِيْنَ هُمْ عِبٰدُ الرَّحْمٰنِ

ওয়া হুওয়া ফিল্ খিস্বা-মি গাইরু মুবীন। ১৯। ওয়াজ্বা'আলুল্ মালা—ইকাতাল লাযীনা হুম্ 'ইবা-দুর্ রাহ্বমা-নি
লালিত-পালিত হয় গহনাপত্রে, এবং বিতর্ককালে যে স্পষ্ট বক্তব্য রাখতে অক্ষম? (১৯) তারা (মুশরিকরা) আল্লাহর বান্দা ফিরিশতাগণকে নারী স্থির

اِنَاثًا ۭ اَشَهِدُوْا خَلْقَهُمْ ۭ سَتُكْتَبُ شَهَادَتُهُمْ وَيُسْـَٔلُوْنَ ۝ وَقَالُوْا لَوْ شَآءَ الرَّحْمٰنُ

ইনা-ছান ; আশাহিদূ খাল্‌ক্বাহুম্, সাতুক্‌তাবু শাহা-দাতুহুম্ ওয়া ইউস্‌আলূন। ২০। ওয়া ক্বা-লূ লাও শা—আর্ রাহ্বমা-নু
করেছে। তারা কি তাদের সৃষ্টির সময় উপস্থিত ছিল? অতিশীঘ্রই লিখিত হবে তাদের এ দাবি এবং তাদেরকে জিজ্ঞাসা করা হবে। (২০) তারা বলে, যদি রহমান (আল্লাহ)

مَا عَبَدْنٰهُمْ ۭ مَا لَهُمْ بِذٰلِكَ مِنْ عِلْمٍ ۤ اِنْ هُمْ اِلَّا يَخْرُصُوْنَ ۝ اَمْ اٰتَيْنٰهُمْ

মা- 'আবাদ্‌না-হুম ; মা- লাহুম্ বিযা-লিকা মিন্ 'ইলমিন্ ইন্ হুম্ ইল্লা- ইয়াখ্‌রুস্বূন। ২১। আম্ আ-তাইনা-হুম্
ইচ্ছা না করতেন তবে আমরা তাদের ইবাদাত করতাম না। এ বিষয় তাদের কোন জ্ঞানই নেই। তারা শুধু মিথ্যাই বানিয়ে বলছে। (২১) আমি কি তাদেরকে এ কুরআনের পূর্বে

كِتٰبًا مِّنْ قَبْلِهٖ فَهُمْ بِهٖ مُسْتَمْسِكُوْنَ ۝ بَلْ قَالُوْٓا اِنَّا وَجَدْنَآ اٰبَآءَنَا عَلٰٓى اُمَّةٍ وَّاِنَّا

কিতা-বাম্ মিন্ ক্বাব্‌লিহী ফাহুম্ বিহী মুস্‌তাম্‌সিকূন। ২২। বাল্ ক্বা-লূ~ইন্না- ওয়াজ্বাদ্‌না~আ-বা—আনা- 'আলা~উম্মাতিওঁ ওয়া ইন্না-
কোন কিতাব দিয়েছি যা তারা আঁকড়ে ধরে আছে? (২২) বরং তারা বলে, আমরা আমাদের পিতৃপুরুষদেরকে একটি পদ্ধতির উপর পেয়েছি। নিশ্চয়ই আমরা

✪ বিশ্লেষণ (আঃ ১৮) ঃ اومن ينشؤا - কন্যাগণ পিতা-মাতার অতি আদর ও আহ্লাদে প্রতিপালিত হয়। এ কারণে তারা যুদ্ধ করার জন্য যুদ্ধক্ষেত্রে যাওয়ার শক্তি রাখে না। দ্বিতীয়তঃ কোন তর্কযুদ্ধে তারা দলীল-প্রমাণাদিসহ স্পষ্টভাষায় কথা বলতে অক্ষম। আল্লাহ তায়ালা বলেন, যে মহিলাদের বৈশিষ্ট্য এ ধরনের, আল্লাহ তাদেরকে কিভাবে তাঁর সন্তান হিসেবে গ্রহণ করেন? এ আয়াতের অপবাদকারীদের মূর্খতা ও অজ্ঞতা প্রকাশ করা হয়েছে। অর্থাৎ আল্লাহ সম্পর্কে এ ধরনের অপবাদ দেয়া আদৌ ঠিক নয় (নাউজু বিল্লাহ)। (তাঃ কাদেরী)

عَلٰۤى اٰثٰرِهِمْ مُّهْتَدُوْنَ ﴿٢٢﴾ وَكَذٰلِكَ مَاۤ اَرْسَلْنَا مِنْ قَبْلِكَ فِىْ قَرْيَةٍ مِّنْ نَّذِيْرٍ

'আলা~আ-ছা-রিহিম্ মুহ্তাদূন। ২৩। ওয়া কাযা-লিকা মা~আর্সাল্না- মিন্ ক্বাব্লিকা ফী ক্বার্ইয়াতিম্ মিন্ নাযীরিন্

তাদের পদাঙ্ক অনুসরণ করে তাদের পথেই চলছি। (২৩) অনুরূপভাবে আপনার পূর্বেও যখন আমি কোন সতর্ককারী (রাসূল) কোন জনপদে প্রেরণ করেছি, তখন

اِلَّا قَالَ مُتْرَفُوْهَاۤ ۙ اِنَّا وَجَدْنَاۤ اٰبَآءَنَا عَلٰۤى اُمَّةٍ وَّاِنَّا عَلٰۤى اٰثٰرِهِمْ مُّقْتَدُوْنَ ۝

ইল্লা- ক্বা-লা মুত্রাফূহা~, ইন্না- ওয়াজাদ্না~আ-বা—আনা 'আলা~উম্মাতিওঁ ওয়া ইন্না- 'আলা~আ-ছা-রিহিম্ মুক্বতাদূন।

তাদের বিলাস জীবন-যাপনকারীরাও বলত যে, আমরা আমাদের পিতৃপুরুষকে এক পদ্ধতির উপর পেয়েছি, আমরাতো তাদেরই পদাঙ্ক অনুসরণ করে চলছি।

﴿٢٤﴾ قٰلَ اَوَلَوْ جِئْتُكُمْ بِاَهْدٰى مِمَّا وَجَدْتُّمْ عَلَيْهِ اٰبَآءَكُمْ ؕ قَالُوْۤا اِنَّا بِمَاۤ

২৪। ক্বা-লা আওয়ালাও জ্বি'তুকুম বিআহ্দা- মিম্মা- ওয়াজ্বাত্তুম 'আলাইহি আ-বা—আকুম ; ক্বা-লূ~ইন্না- বিমা~

(২৪) নবীগণ বলতেন, তোমাদের পিতৃপুরুষদেরকে যার উপর তোমরা পেয়েছ, তার চেয়েও যদি অধিকতর সঠিক পথ তোমাদের কাছে নিয়ে আসি, (তবুও কি তাদের ভ্রান্ত পথে তোমরা চলবে?) তারা বলত, তোমরা যা

اُرْسِلْتُمْ بِهٖ كٰفِرُوْنَ ﴿٢٥﴾ فَانْتَقَمْنَا مِنْهُمْ فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُكَذِّبِيْنَ ۝

উর্সিল্তুম্ বিহী কা-ফিরূন। ২৫। ফান্তাক্বাম্না- মিন্হুম্ ফান্জুর্ কাইফা কা-না 'আ-ক্বিবাতুল্ মুকায্যিবীন।

সহ প্রেরিত হয়েছ আমরা তার অস্বীকারকারী। (২৫) অতঃপর আমি তাদের কাছ থেকে প্রতিশোধ নিলাম; অতঃপর দেখ, মিথ্যারোপকারীদের পরিণাম কি ঘটেছে?

﴿٢٦﴾ وَاِذْ قَالَ اِبْرٰهِيْمُ لِاَبِيْهِ وَقَوْمِهٖۤ اِنَّنِىْ بَرَآءٌ مِّمَّا تَعْبُدُوْنَ ﴿٢٧﴾ اِلَّا الَّذِىْ

২৬। ওয়া ইয্ ক্বা-লা ইব্রা-হীমু লিআবীহি ওয়া ক্বাওমিহী~ইন্নানী বারা—উম্ মিম্মা- 'তাবুদূন। ২৭। ইল্লাল্লাযী

(২৬) স্মরণ করুন! যখন ইব্রাহীম বললেন, তাঁর পিতা এবং সম্প্রদায়কে, নিশ্চয়ই আমার কোন সম্পর্ক নেই তাদের সাথে, যেগুলোর তোমরা উপাসনা করছ। (২৭) শুধুমাত্র যিনি আমাকে

فَطَرَنِىْ فَاِنَّهٗ سَيَهْدِيْنِ ﴿٢٨﴾ وَجَعَلَهَا كَلِمَةًۢ بَاقِيَةً فِىْ عَقِبِهٖ لَعَلَّهُمْ يَرْجِعُوْنَ ۝

ফাত্বারানী ফাইন্নাহূ সাইয়াহ্দীন্ ২৮। ওয়া জ্বা'আলাহা- কালিমাতাম্ বা-ক্বিইয়াতান্ ফী 'আক্বিবিহী লা'আল্লাহুম্ ইয়ারজ্বি'উন।

সৃষ্টি করেছেন। নিশ্চয়ই তিনি আমাকে সঠিক পথ দেখাবেন। (২৮) এ কথাটিকে রেখে গিয়েছেন একটি স্থায়ী বাণী হিসেবে, তাঁর বংশধরদের জন্য, যাতে তারা শিরক থেকে ফিরে থাকে।

﴿٢٩﴾ بَلْ مَتَّعْتُ هٰۤؤُلَآءِ وَاٰبَآءَهُمْ حَتّٰى جَآءَهُمُ الْحَقُّ وَرَسُوْلٌ مُّبِيْنٌ ۝

২৯। বাল্ মা'ত্তাতু হা~উলা—ই ওয়া আ-বা—আহুম্ হাত্তা- জ্বাআ—হুমুল্ হাক্কু ওয়া রাসূলুম মুবীন।

(২৯) বরং আমি তাদেরকে এবং তাদের পিতৃপুরুষদেরকে অনেক পার্থিব সম্পদ দিয়েছিলাম, অবশেষে তাদের কাছে আসল সত্য কুরআন এবং সু-স্পষ্ট বর্ণনাকারী রাসূল।

﴿٣٠﴾ وَلَمَّا جَآءَهُمُ الْحَقُّ قَالُوْا هٰذَا سِحْرٌ وَّاِنَّا بِهٖ كٰفِرُوْنَ ﴿٣١﴾ وَقَالُوْا لَوْلَا نُزِّلَ

৩০। ওয়া লাম্মা- জ্বা—আহুমুল্ হাক্কু ক্বা-লূ হা-যা- সিহ্রুওঁ ওয়া ইন্না-বিহী কা-ফিরূন। ৩১। ওয়া ক্বা-লূ লাওলা- নুয্যিলা

(৩০) [illegible] তাদের কাছে সত্য কুরআন, এসে পৌঁছল তখন তারা বলল, এটাতো যাদু, আমরা এর অবিশ্বাসী। (৩১) তারা বলে, এ কুরআন কেন অবতীর্ণ

○ বিশ্লেষণ (আঃ ২৯) ঃ حق - جاء هم الحق (সত্য) দ্বারা কুরআন এবং রাসূলুল্লাহর (স)-কে বুঝান হয়েছে। مبين (স্পষ্ট বর্ণনাকারী) রাসূলের (স) গুণ, (বৈশিষ্ট্য)।

○ বিশ্লেষণ (আঃ ৩১) ঃ من القريتين - দুটি শহর দ্বারা মক্কা এবং তায়েফকে বুঝান হয়েছে এবং গুরুত্বপূর্ণ ব্যক্তির দ্বারা, অধিকাংশ তাফসীর কারদের মতে, মক্কার ওয়ালীদ বিন মুগীরা এবং তায়েফের ওরওয়াহ বিন মাসউদ সাকফীকে বুঝান হয়েছে।

هٰذَا الْقُرْاٰنُ عَلٰى رَجُلٍ مِّنَ الْقَرْيَتَيْنِ عَظِيْمٍ ﴿٣١﴾ اَهُمْ يَقْسِمُوْنَ رَحْمَتَ رَبِّكَ ؕ

হা-যাল্ কুর্আ-নু 'আলা- রাজুলিম্ মিনাল্ ক্বার্ইয়াতাইনি 'আজীম। ৩২। আহুম্ ইয়াক্বসিমূনা রাহ্মাতা রাব্বিকা ;

হলনা, এ দুটি জনপদের মধ্য হতে যে কোন গুরুত্বপূর্ণ ব্যক্তির উপর? (৩২) (আল্লাহ তাদের জবাবে বলেন) তারা কি বন্টন করে আপনার প্রতিপালকের অনুগ্রহ

نَحْنُ قَسَمْنَا بَيْنَهُمْ مَّعِيْشَتَهُمْ فِى الْحَيٰوةِ الدُّنْيَا وَرَفَعْنَا بَعْضَهُمْ فَوْقَ بَعْضٍ

নাহ্নু ক্বাসাম্না- বাইনাহুম্ মা'ঈশাতাহুম্ ফিল্ হ্বায়া-তিদ্ দুন্ইয়া- ওয়া রা'ফানা- 'বাদ্বাহুম্ ফাওক্বা 'বাদ্বিন্

(নবুওয়াত) কে? আমি তাদের মাঝে তাদের জীবিকা বন্টন করি, তাদের পার্থিব জীবনে এবং পদমর্যাদায় কতিপয়কে কতিপয়ের উপর প্রাধান্য দিয়ে থাকি

دَرَجٰتٍ لِّيَتَّخِذَ بَعْضُهُمْ بَعْضًا سُخْرِيًّا ؕ وَرَحْمَتُ رَبِّكَ خَيْرٌ مِّمَّا يَجْمَعُوْنَ ۝

দারাজ্বা-তিল্ লিইয়াত্তাখিযা 'বাদ্বুহুম্ 'বাদ্বান্ সুখ্রিয়্যান ; ওয়া রাহ্মাতু রাব্বিকা খাইরুম্ মিম্মা-ইয়াজ্মা'উন।

যাতে একজন অন্যজনকে কাজে লাগাতে পারে এবং তারা যা জমা করে, সেগুলোর চেয়ে আপনার প্রতিপালকের অনুগ্রহ সর্বোত্তম।

﴿٣٣﴾ وَلَوْلَاۤ اَنْ يَّكُوْنَ النَّاسُ اُمَّةً وَّاحِدَةً لَّجَعَلْنَا لِمَنْ يَّكْفُرُ بِالرَّحْمٰنِ لِبُيُوْتِهِمْ

৩৩। ওয়া লাওলা~আই ইয়াকূনান্ না-সু উম্মাতাওঁ ওয়া- হ্বিদাতাল্ লাজ্বা'আল্না- লিমাঁই ইয়াক্ফুরু বির্রাহ্মা-নি লিবুয়ূতিহিম্

ফীহিম উসওয়াতুন হ্বাসানাতুল লিমান কা-না ইয়ার্জুল্লা-হা ওয়াল্ ইয়াওমাল্ আ-খিরা ; ওয়া মাই ইয়াতাওয়াল্লা ফাইন্নাল্লা-হা
তাদের মধ্যে রয়েছে উত্তম আদর্শ। তোমরা যারা আল্লাহ ও পরকালের (দর্শনের) আশা রাখ, আর যে প্রত্যাখ্যান করবে, (সে জেনে রাখুন) নিশ্চয়ই আল্লাহ

هُوَ الْغَنِيُّ الْحَمِيدُ ۝٦ عَسَى اللَّهُ أَنْ يَجْعَلَ بَيْنَكُمْ وَبَيْنَ الَّذِينَ عَادَيْتُمْ

হুওয়াল গানিয়্যুল্ হ্বামীদ্। ৭। 'আসাল্লা-হু আইঁ ইয়াজ্'আলা বাইনাকুম ওয়া বাইনাল্ লাযীনা 'আ-দাইতুম্;
অমুখাপেক্ষী, প্রশংসিত। (৭) হয়তো আল্লাহ তোমাদের মাঝে এবং তোমাদের শত্রুদের মাঝে বন্ধুত্ব সৃষ্টি করে দিবেন,

مِنْهُمْ مَوَدَّةً ۚ وَاللَّهُ قَدِيرٌ ۚ وَاللَّهُ غَفُورٌ رَحِيمٌ ۝٧ لَا يَنْهَاكُمُ اللَّهُ عَنِ الَّذِينَ

মিন্হুম্ মাওয়াদ্দাতান ; ওয়াল্লা-হু ক্বাদীরুন ; ওয়াল্লা-হু গাফূরুর রাহ্বীম। ৮। লা- ইয়ান্হা-কুমুল্লা-হু 'আনিল্ লাযীনা
আল্লাহ সব কিছু করতে সক্ষম। আল্লাহ ক্ষমাশীল (ও) দয়ালু। (৮) যারা তোমাদের সাথে দ্বীনের ব্যাপারে যুদ্ধ করেনি

لَمْ يُقَاتِلُوكُمْ فِي الدِّينِ وَلَمْ يُخْرِجُوكُمْ مِنْ دِيَارِكُمْ أَنْ تَبَرُّوهُمْ

লাম ইউক্বা-তিলূকুম ফিদ্ দীনি ওয়া লাম্ ইউখ্রিজূকুম্ মিন্ দিয়া-রিকুম আন্ তাবার্রূহুম
এবং তোমাদেরকে তোমাদের ঘরবাড়ি থেকে বের করেও দেয়নি, তাদের প্রতি উত্তম আচরণ ও ন্যায় বিচার করতে আল্লাহ তোমাদেরকে

وَتُقْسِطُوا إِلَيْهِمْ ۚ إِنَّ اللَّهَ يُحِبُّ الْمُقْسِطِينَ ۝٨ إِنَّمَا يَنْهَاكُمُ اللَّهُ عَنِ الَّذِينَ

ওয়া তুক্বসিত্বূ~ইলাইহিম ; ইন্নাল্লা-হা ইউহ্বিব্বুল মুক্বসিত্বীন। ৯। ইন্নামা- ইয়ান্হা-কুমুল্লা-হু 'আনিল্ লাযীনা
নিষেধ করেননি। নিশ্চয়ই আল্লাহ ভালোবাসেন ন্যায় পরায়ণদেরকে। (৯) আল্লাহ তোমাদেরকে শুধু তাদের সাথে বন্ধুত্ব করতে নিষেধ করেছেন,

قَاتَلُوكُمْ فِي الدِّينِ وَأَخْرَجُوكُمْ مِنْ دِيَارِكُمْ وَظَاهَرُوا عَلَى إِخْرَاجِكُمْ أَنْ

ক্বা-তালূকুম ফিদ্ দীনি ওয়া আখ্রাজূকুম্ মিন্ দিয়া-রিকুম ওয়া জা-হারূ 'আলা~ইখ্রা-জিকুম আন্
যারা দ্বীনের ব্যাপারে তোমাদের সাথে যুদ্ধ করেছে, তোমাদেরকে তোমাদের ঘরবাড়ি হতে বের করে দিয়েছে এবং তোমাদের বের করার ব্যাপারে

○ টীকা (আঃ ৫) ঃ অর্থাৎ, আমার এমন অধিকার নাই যে, প্রার্থনা মঞ্জুর করে নিব। অথবা ঈমান আনয়ন না করা সত্ত্বেও তোমাকে শাস্তি হতে রক্ষা করব। মূলতঃ এ ক্ষমা প্রার্থনা করার উদ্দেশ্য ছিল হেদায়াত প্রার্থনা করা। কাজেই এই হেদায়ত প্রার্থনা করার কারণেই ইবরাহীম (আ) কাফের পিতার সাথে সম্পর্ক রেখেছিলেন বলা যায় না। কেননা, হেদায়ত প্রার্থনা তো সকল কাফেরের জন্যই করা যায়। (বঃ কোঃ)

○ টীকা (আঃ ৫) ঃ অর্থাৎ, আমাদের এ সম্পর্ক ছিন্নতার দরুন কাফেররা যেন আমাদের প্রতি অত্যাচার করতে না পারে। (বঃ কোঃ)

○ টীকা (আঃ ৭) ঃ অর্থাৎ, আল্লাহ্ তাদেরকে মুসলমান করে দিতে পারেন, যাতে বর্তমান শত্রুতার পরিবর্তে বন্ধুত্বে পর্যবসিত হয়ে যেতে পারে। ফলতঃ মক্কা বিজয়ের দিন বহু লোক স্বেচ্ছায় ইসলাম গ্রহণ করেছিল। (বঃ কোঃ)

تَوَلَّوْهُمْ ۚ وَمَنْ يَّتَوَلَّهُمْ فَاُولٰٓئِكَ هُمُ الظّٰلِمُوْنَ ﴿٩﴾ يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اِذَا

তাওয়াল্লাওহুম, ওয়া মাইঁ ইয়াতাওয়াল্লাহুম ফাউলা—ইকা হুমুজ্ জা-লিমূন। ১০। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ~ইযা-
সহায়তা করেছে। তাদের সাথে যারা বন্ধুত্ব কায়েম করে, তারাতো মহাপাপী। (১০) হে মুমিনগণ! যখন তোমাদের কাছে

جَآءَكُمُ الْمُؤْمِنٰتُ مُهٰجِرٰتٍ فَامْتَحِنُوْهُنَّ ؕ اَللّٰهُ اَعْلَمُ بِاِيْمَانِهِنَّ ۚ فَاِنْ

জ্বা—আকুমুল্ মু'মিনা-তু মুহা-জ্বিরা-তিন্ ফাম্‌তাহ্বিনূহুন্না ; আল্লা-হু আ'লামু বিঈমা-নিহিন্না, ফাইন
কোন মুমিন নারী দেশ ত্যাগ করে চলে আসে, তখন তাদেরকে পরীক্ষা করে নাও; আল্লাহ তাদের ঈমান সম্পর্কে ভালোভাবেই জানেন যদি

عَلِمْتُمُوْهُنَّ مُؤْمِنٰتٍ فَلَا تَرْجِعُوْهُنَّ اِلَى الْكُفَّارِ ؕ لَا هُنَّ حِلٌّ لَّهُمْ وَلَا هُمْ

'আলিম্‌তুমূহুন্না মু'মিনা-তিন্ ফালা- তার্‌জ্বি'উহুন্না ইলাল্ কুফ্‌ফা-রি ; লা-হুন্না হ্বিল্‌লুল্ লাহুম ওয়ালা-হুম
বুঝ যে, সে মুমিন, তবে তাদেরকে কাফিরের নিকট ফিরিয়ে দিবে না। এ (মুমিন) নারীগণ কাফিরের জন্য বৈধ নয় এবং সে কাফিরেরাও

يَحِلُّوْنَ لَهُنَّ ؕ وَاٰتُوْهُمْ مَّآ اَنْفَقُوْا ؕ وَلَا جُنَاحَ عَلَيْكُمْ اَنْ تَنْكِحُوْهُنَّ اِذَآ

ইয়াহ্বিল্‌লূনা লাহুন্না ; ওয়া আ-তূহুম্ মা~আন্‌ফাক্বূ ; ওয়ালা- জুনা-হ্বা 'আলাইকুম আন্ তান্‌কিহ্বূহুন্না ইযা~
তাদের জন্য বৈধ নয়। এবং কাফিরদেরকে দিয়ে দাও তারা যা ব্যয় করেছে। তোমাদের জন্য তাদেরকে বিবাহ করা গুনাহ নয়, যদি

اٰتَيْتُمُوْهُنَّ اُجُوْرَهُنَّ ؕ وَلَا تُمْسِكُوْا بِعِصَمِ الْكَوَافِرِ وَسْئَلُوْا مَآ اَنْفَقْتُمْ

আ-তাইতুমূহুন্না উজূরাহুন্না; ওয়ালা- তুমসিকূ বি'ইস্বামিল্ কাওয়া-ফিরি ওয়াস্‌আলূ মা~আন্‌ফাক্বতুম
তোমরা তাদেরকে তাদের মহর দিয়ে দাও। তোমরা কাফির স্ত্রীদের সাথে সম্পর্ক কায়েম রেখনা। আর যা তোমরা ব্যয় করেছ তা চেয়ে নিবে

وَلْيَسْئَلُوْا مَآ اَنْفَقُوْا ؕ ذٰلِكُمْ حُكْمُ اللّٰهِ ؕ يَحْكُمُ بَيْنَكُمْ ؕ وَاللّٰهُ عَلِيْمٌ

ওয়ালইয়াস্‌আলূ মা~আন্‌ফাক্বূ ; যা-লিকুম হুক্‌মুল্লা-হি ; ইয়াহ্বকুমু বাইনাকুম ; ওয়াল্লা-হু 'আলীমুন
এবং কাফিরেরা চেয়ে নিবে যা তারা ব্যয় করেছে। এটা আল্লাহর ফয়সালা। যা তিনি তোমাদের মাঝে ফয়সালা করেন। আল্লাহ মহাজ্ঞানী

حَكِيْمٌ ﴿١٠﴾ وَاِنْ فَاتَكُمْ شَيْءٌ مِّنْ اَزْوَاجِكُمْ اِلَى الْكُفَّارِ فَعَاقَبْتُمْ فَاٰتُوا

হ্বাকীম। ১১। ওয়া ইন্ ফা-তাকুম শাইউম্ মিন্ আয্‌ওয়া-জ্বিকুম ইলাল্ কুফ্‌ফা-রি ফা'আ-ক্বাব্‌তুম ফাআ-তুল্
প্রজ্ঞাময়। (১১) আর যদি তোমাদের স্ত্রীদের মধ্যে কেউ কাফিরের কাছে চলে যায় এবং তোমাদের যদি (প্রতিশোধ নেয়ার) সুযোগ

○ **টীকা (আঃ ১০) ঃ** হোদায়বিয়া সন্ধির একটি শর্ত ছিল এই যে, মুসলমানদের নিকট হতে কেউ কাফেরদের নিকট গেলে তাকে ফেরত দিতে হবে না; পক্ষান্তরে কাফেরদের নিকট হতে কেউ মুসলমানদের কাছে আসলে তাকে ফিরায়ে দিতে হবে। কিন্তু এই শর্ত নারীদের প্রতি যে প্রযোজ্য নয়, তৎসম্পর্কে এ আয়াতটি অবতীর্ণ হয়েছে। এবং পরবর্তী আয়াতসমূহে এতদসংশ্লিষ্ট বিস্তারিত বিবরণ প্রদত্ত হয়েছে। এ আয়াত দ্বারা সন্ধিশর্ত আংশিকভাবে প্রত্যাহৃত হয়েছে- ভঙ্গ করা হয় নাই। কারণ এতে প্রতিপক্ষের সম্মতি ছিল। আর প্রতিপক্ষের সম্মতি নিয়ে সন্ধির ব্যতিক্রম করলে সন্ধি ভঙ্গ হয় না। হোদায়বিয়ার সন্ধিতে মুসলমানদেরকে ফেরৎ দেয়ার একতরফা শর্ত মুসলমানদের পক্ষে প্রথমতঃ ক্ষতিকর মনে হলেও পরে দেখা গেল, তা কাফেরদের পক্ষ হতে বিপরীত হয়েছিল। কারণ ফেরৎযোগ্য মুসলমানগণ মদীনায়ও রইলেন না, মক্কায় গেলেন না- তাঁরা মাঝপথে এক জায়গায় বাস করতে লাগলেন এবং কাফেরদের চলাচলে দারুণ বিঘ্নের সৃষ্টি করলেন। এতে অতিষ্ট হয়ে কাফেরগণ হযরতের নিকট উক্ত শর্তটি প্রত্যাহারের আবেদন জানাতে বাধ্য হয়। (বুখারী)

○ **শানে নুযূল (আঃ ১১) ঃ** যখন পূর্ববর্তী আয়াতটি নাযিল হয়, তখন মুসলমানরা বলেন, আল্লাহ যেহুকুম দিয়েছেন, তাতে আমরা সকলে সন্তুষ্ট। এরপর তাঁদের মধ্যে যাদের অধীনে মুশরিক সত্রী ছিল, তাদেরকে তাঁরা ছেড়ে দেন। হযরত উমর (রা)-এর দুজন মুশরিক স্ত্রী মক্কায় ছিল। এ আয়াত নাযিল হলে তিনি তাদের সাথে সম্পর্কচ্ছেদ করেন। এরই পরপ্রেক্ষিতে এ আয়াত নাযিল হয়েছে। (কুরতুবী)

الَّذِيْنَ ذَهَبَتْ اَزْوَاجُهُمْ مِّثْلَ مَآ اَنْفَقُوْا ؕ وَاتَّقُوا اللّٰهَ الَّذِيْٓ اَنْتُمْ بِهٖ

লাযীনা যাহাবাত্ আয্‌ওয়া-জুহুম মিছ্‌লা মা~আন্‌ফাক্বূ ; ওয়াত্তাক্বুল্লা-হাল্ লাযী~আন্‌তুম বিহী
আসে, তবে যাদের স্ত্রী চলে গেছে, তারা যত ব্যয় করেছে তার সম-পরিমাণ তাদেরকে দিয়ে দাও। আল্লাহকে ভয় কর, যার প্রতি তোমরা

مُؤْمِنُوْنَ ﴿١١﴾ يٰٓاَيُّهَا النَّبِيُّ اِذَا جَآءَكَ الْمُؤْمِنٰتُ يُبَايِعْنَكَ عَلٰٓى اَنْ

মু'মিনূন। ১২। ইয়া~আইয়্যুহান্ নাবিইয়্যু ইযা- জ্বা—আকাল মু'মিনা-তু ইউবা-ই'নাকা 'আলা~আল্
ঈমান এনেছ। (১২) হে নবী! যখন কোন মুমিন নারী আপনার কাছে বয়াত করে, এ কথার ওপরে যে,

لَّا يُشْرِكْنَ بِاللّٰهِ شَيْـًٔا وَّلَا يَسْرِقْنَ وَلَا يَزْنِيْنَ وَلَا يَقْتُلْنَ اَوْلَادَهُنَّ

লা-ইউশ্‌রিক্‌না বিল্লা-হি শাইআওঁ ওয়ালা- ইয়াস্‌রিক্বনা ওয়ালা- ইয়ায্‌নীনা ওয়ালা- ইয়াক্বতুল্‌না আওলা-দাহুন্না
তারা আল্লাহর সাথে কাউকে শরীক করবে না, চুরি করবে না, ব্যাভিচার করবে না, নিজ সন্তানদেরকে হত্যা করবে না,

وَلَا يَاْتِيْنَ بِبُهْتَانٍ يَّفْتَرِيْنَهٗ بَيْنَ اَيْدِيْهِنَّ وَاَرْجُلِهِنَّ وَلَا يَعْصِيْنَكَ

ওয়ালা- ইয়া'তীনা বিবুহ্‌তা-নিইঁ ইয়াফ্‌তারীনাহূ বাইনা আইদীহিন্না ওয়া আর্‌জুলিহিন্না ওয়ালা- ইয়া'স্বীনাকা
তারা নিজেদের হাতগুলো ও পাগুলোর সম্মুখে মিথ্যা অপবাদ রটাবে না এবং নেক কাজে তোমার নাফরমানী করবে না,

فِيْ مَعْرُوْفٍ فَبَايِعْهُنَّ وَاسْتَغْفِرْ لَهُنَّ اللّٰهَ ؕ اِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ○

ফী মা'রূফিন ফাবা-ই'হুন্না ওয়াস্তাগ্‌ফির লাহুন্নাল্লা-হা ; ইন্নাল্লা-হা গাফূরুর রাহ্বীম।
তখন তাদের বয়াত করাবেন এবং তাদের জন্য (আল্লাহর দরবারে) ক্ষমা প্রার্থনা করবেন, নিশ্চয়ই আল্লাহ ক্ষমাশীল (ও) দয়াবান।

﴿١٣﴾ يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَتَوَلَّوْا قَوْمًا غَضِبَ اللّٰهُ عَلَيْهِمْ قَدْ

১৩। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ লা-তাতাওয়াল্লাও ক্বাওমান্ গাদ্বিবাল্লা-হু 'আলাইহিম ক্বাদ্
(১৩) হে মুমিনগণ! তাদের সাথে বন্ধুত্ব করনা, যাদের প্রতি আল্লাহ (চরমভাবে) অসন্তুষ্ট। তারাতো

يَّئِسُوْا مِنَ الْاٰخِرَةِ كَمَا يَئِسَ الْكُفَّارُ مِنْ اَصْحٰبِ الْقُبُوْرِ ○

ইয়াইসূ মিনাল্ আ-খিরাতি কামা- ইয়াইসাল্ কুফ্‌ফা-রু মিন্ আস্বহ্বা-বিল কুবূর।
পরকাল সম্পর্কে এমনভাবে নিরাশ হয়েছে, যেমন কাফিরেরা কবরবাসীদের থেকে নিরাশ হয়েছে।

সূরা ছাফ
মাদানী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ○

বিসমিল্লা-হির রাহ্বমা-নির রাহ্বীম
পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

আয়াত ঃ ১৪
রুকূ ঃ ২

﴿١﴾ سَبَّحَ لِلّٰهِ مَا فِى السَّمٰوٰتِ وَمَا فِى الْاَرْضِ ۚ وَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ﴿٢﴾ يٰٓاَيُّهَا

১। সাব্বাহ্বা লিল্লা-হি মা- ফিস্ সামা-ওয়া-তি ওয়ামা- ফিল্ আরদ্বি, ওয়া হুওয়াল 'আযীযুল হ্বাকীম। ২। ইয়া~আইয়্যুহাল্
(১) আকাশমণ্ডলী ও পৃথিবীতে যা কিছু আছে, সবই আল্লাহর তাসবীহ বর্ণনা করে, তিনি (আল্লাহ) মহা প্রতাপশালী (ও) বিজ্ঞ। (২) হে

الَّذِيْنَ اٰمَنُوْا لِمَ تَقُوْلُوْنَ مَا لَا تَفْعَلُوْنَ ﴿٢﴾ كَبُرَ مَقْتًا عِنْدَ اللّٰهِ اَنْ تَقُوْلُوْا مَا لَا

লাযীনা আ-মানূ লিমা তাক্বূলূনা মা- লা- তাফ'আলূন। ৩। কাবুরা মাক্বতান্ 'ইন্দাল্লা-হি আন্ তাক্বূলূ মা- লা-

মুমিনগণ! মুখ দিয়ে এমন কথা কেন বল, যা তোমরা (কার্যে পরিণত) করনা। (৩) আল্লাহর কাছে এটা অত্যন্ত অপছন্দনীয় কাজ যে, তোমরা যা বল, তা

تَفْعَلُوْنَ ﴿٣﴾ اِنَّ اللّٰهَ يُحِبُّ الَّذِيْنَ يُقَاتِلُوْنَ فِيْ سَبِيْلِهٖ صَفًّا كَاَنَّهُمْ بُنْيَانٌ

তাফ'আলূন। ৪। ইন্নাল্লা-হা ইউহিব্বুল্লাযীনা ইউক্বা-তিলূনা ফী সাবীলিহী স্বাফ্ফান কাআন্নাহুম্ বুন্ইয়া-নুম

তোমরা করনা। (৪) নিশ্চয়ই আল্লাহ সে সব ব্যক্তিদের ভালোবাসেন, যারা সারিবদ্ধভাবে আল্লাহর রাস্তায় যুদ্ধ করে, সীসা নির্মিত প্রাচীরের মত, দৃঢ়তার সাথে

مَّرْصُوْصٌ ﴿٤﴾ وَاِذْ قَالَ مُوْسٰى لِقَوْمِهٖ يٰقَوْمِ لِمَ تُؤْذُوْنَنِيْ وَقَدْ تَّعْلَمُوْنَ

মারস্বস্ব। ৫। ওয়া ইয্ ক্বা-লা মূসা- লিক্বাওমিহী ইয়া-ক্বাওমি লিমা তু'যূনানী ওয়া ক্বাত্ তা'লামূনা

দাঁড়িয়ে। (৫) যখন মূসা তাঁর সম্প্রদায়কে বললেন, হে আমার সম্প্রদায়! তোমরা আমাকে কেন কষ্ট দিচ্ছ, অথচ তোমরা জান যে, আমি

اَنِّيْ رَسُوْلُ اللّٰهِ اِلَيْكُمْ ؕ فَلَمَّا زَاغُوْۤا اَزَاغَ اللّٰهُ قُلُوْبَهُمْ ؕ وَاللّٰهُ لَا يَهْدِي

আন্নী রাসূলুল্লা-হি ইলাইকুম ; ফালাম্মা- যা-গূ~আযা-গাল্লা-হু কুলূবাহুম ; ওয়াল্লা-হু লা- ইয়াহ্দিল

তোমাদের কাছে আল্লাহর পক্ষ থেকে (নবী হিসেবে) প্রেরিত। অতঃপর যখন তারা বিচ্যুত হল, তখন আল্লাহ তাদের অন্তরগুলোকে বিচ্যুত করে দিলেন।

الْقَوْمَ الْفٰسِقِيْنَ ﴿٥﴾ وَاِذْ قَالَ عِيْسَى ابْنُ مَرْيَمَ يٰبَنِيْۤ اِسْرَآءِيْلَ اِنِّيْ

ক্বাওমাল ফা-সিক্বীন। ৬। ওয়া ইয্ ক্বা-লা 'ঈসাব্নু মারইয়ামা ইয়া-বানী~ইস্রা-ঈলা ইন্নী

আল্লাহ পাপিষ্ঠদের সঠিক পথ প্রদর্শন করেন না। (৬) যখন মরিয়ম পুত্র ঈসা বলল, হে বনী ইসরাঈল! আমি তোমাদের নিকট

رَسُوْلُ اللّٰهِ اِلَيْكُمْ مُّصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَيَّ مِنَ التَّوْرٰىةِ وَمُبَشِّرًا بِرَسُوْلٍ يَّاْتِيْ

রাসূলুল্লা-হি ইলাইকুম মুস্বাদ্দিক্বাল্ লিমা- বাইনা ইয়াদাইয়্যা মিনাত তাওরা-তি ওয়া মুবাশ্শিরাম বিরাসূলিঁই ইয়া'তী

আল্লাহর পক্ষ থেকে প্রেরিত। আমার পূর্বের যে তাওরাত, তার আমি সত্যায়নকারী এবং আমি একজন রাসূলের সু-সংবাদ প্রদানকারী, যিনি আগমন

مِنْۢ بَعْدِي اسْمُهٗۤ اَحْمَدُ ؕ فَلَمَّا جَآءَهُمْ بِالْبَيِّنٰتِ قَالُوْا هٰذَا سِحْرٌ مُّبِيْنٌ ﴿٦﴾ وَمَنْ

মিম্ বা'দিস মুহূ~আহ্মাদু ; ফালাম্মা- জা—আহুম বিল বাইয়্যিনা-তি ক্বা-লূ হা-যা- সিহ্রুম্ মুবীন। ৭। ওয়া মান্

করবেন আমার পরে, তাঁর নাম আহমদ। যখন তাদের কাছে স্পষ্ট নিদর্শনাবলি নিয়ে আসল, তখন তারা বলল, এ তো প্রকাশ্য যাদু। (৭) তার চেয়ে

اَظْلَمُ مِمَّنِ افْتَرٰى عَلَى اللّٰهِ الْكَذِبَ وَهُوَ يُدْعٰۤى اِلَى الْاِسْلَامِ ؕ وَاللّٰهُ لَا يَهْدِي

আজলামু মিম্মানিফ তারা- 'আলাল্লা-হিল কাযিবা ওয়া হুওয়া ইউদ্'আ~ইলাল ইস্লা-মি ; ওয়াল্লা-হু লা- ইয়াহ্দিল্

অধিক পাপিষ্ঠ আর কে আছে, যে আল্লাহ সম্পর্কে মিথ্যারোপ করে, অথচ তাকে ইসলামের দিকে আহ্বান করা হয়? আল্লাহ পাপিষ্ঠ সম্প্রদায়কে সঠিক

○ টীকা (আঃ ৬) ঃ مبشرا - শব্দ দ্বারা হযরত ঈসা (আ) তাঁর শরীয়াতের শেষ সীমা বলে দিলেন, অর্থাৎ, আমার পরে 'আহ্মদ' নামক যে নবী আসবেন, তাঁর আগমন পর্যন্ত আমার শরীয়ত চালু থাকবে। শেষ নবী সম্বন্ধে হযরত ঈসা (আ)-এর বর্ণিত গুণাবলি হতে বুঝা যায়, তিনি একজন স্বতন্ত্র নবী। সুতরাং তাঁর শরীয়ত পূর্ববর্তী সমস্ত শরীয়তকে রহিতকারী হওয়া অবধারিত। এর উদ্দেশ্য নিজেদের উম্মতগণকে হেদায়াত করা। পাছে এমন না হয় যে, মানুষ ঈসা (আ)-এর উপর ঈমান এনে পরে পরবর্তী নবীকে অবিশ্বাস করে কাফের হয়ে যায়। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৬) ঃ অর্থাৎ, আল্লাহ্ যে বস্তুকে বাতেল সাব্যস্ত করেছেন, তাকে সত্য এবং যে বস্তুকে সত্য সাব্যস্ত করেছেন তাকে মিথ্যা সাব্যস্ত করে। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৭) ঃ এতে তাদের নিন্দনীয়তা আরও প্রকট হয়ে পড়েছে। কেননা, তারা নিজেরা তো সতর্ক হয়নি। সতর্ক করে দেয়ার পরেও সতর্কতা অবলম্বন করেনি। (বঃ কোঃ)

الْقَوْمَ الظّٰلِمِيْنَ ﴿٧﴾ يُرِيْدُوْنَ لِيُطْفِـُٔوْا نُوْرَ اللّٰهِ بِاَفْوَاهِهِمْ وَاللّٰهُ مُتِمُّ نُوْرِهٖ

ক্বাওমাজ্ জা-লিমীন। ৮। ইউরীদূনা লিইউত্বফিউ নূরাল্লা-হি বিআফওয়া-হিহিম, ওয়াল্লা-হু মুতিম্মু নূরিহী

পথ প্রদর্শন করেন না। (৮) তারা (কাফিরেরা) আল্লাহর নূরকে ফুৎকার দিয়ে নিভাতে চায়, কিন্তু আল্লাহ তাঁর নূরকে পরিপূর্ণভাবে বিস্তার করবেন,

وَلَوْ كَرِهَ الْكٰفِرُوْنَ ﴿٨﴾ هُوَ الَّذِيْۤ اَرْسَلَ رَسُوْلَهٗ بِالْهُدٰى وَدِيْنِ الْحَقِّ لِيُظْهِرَهٗ

ওয়ালাও কারিহাল কা-ফিরূন। ৯। হুওয়াল্লাযী~আরসালা রাসূলাহূ বিল্হুদা- ওয়া দীনিল্ হাক্বক্বি লিউজ্হিরাহূ

যদিও কাফিরের কাছে তা মনঃপূত নয়। (৯) তিনিই তাঁর রাসূলকে সঠিক পথ ও সত্য দ্বীন সহ (পৃথিবীতে) প্রেরণ করেছেন,

রুকূ ৯

عَلَى الدِّيْنِ كُلِّهٖ وَلَوْ كَرِهَ الْمُشْرِكُوْنَ ﴿٩﴾ يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا هَلْ اَدُلُّكُمْ

'আলাদ দীনি কুল্লিহী ওয়া লাও কারিহাল মুশ্রিকূন। ১০। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ হাল আদুল্লুকুম

সব ধর্মের ওপর তা বিজয়ী করার জন্য, যদিও মুশরিকদের কাছে তা মনঃপূত নয়। (১০) হে মুমিনগণ! আমি কি তোমাদেরকে এমন এক ব্যবসার কথা

عَلٰى تِجَارَةٍ تُنْجِيْكُمْ مِّنْ عَذَابٍ اَلِيْمٍ ﴿١٠﴾ تُؤْمِنُوْنَ بِاللّٰهِ وَرَسُوْلِهٖ وَتُجَاهِدُوْنَ

'আলা- তিজ্বা-রাতিন্ তুন্জ্বীকুম মিন্ 'আযা-বিন আলীম। ১১। তু'মিনূনা বিল্লা-হি ওয়া রাসূলিহী ওয়া তুজ্বা-হিদূনা

বলে দিবনা, যা তোমাদেরকে যন্ত্রণাময় শাস্তি থেকে রক্ষা করবে? (১১) তা এই যে, তোমরা আল্লাহ ও তাঁর রাসূলের ওপর ঈমান আনবে এবং আল্লাহর

فِيْ سَبِيْلِ اللّٰهِ بِاَمْوَالِكُمْ وَاَنْفُسِكُمْ ؕ ذٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ اِنْ كُنْتُمْ تَعْلَمُوْنَ ۙ

ফী সাবীলিল্লা-হি বিআম্ওয়া-লিকুম ওয়া আন্ফুসিকুম ; যা-লিকুম খাইরুল লাকুম ইন্ কুনতুম তা'লামূন।

রাস্তায় জিহাদ করবে, তোমাদের ধনসম্পদ দিয়ে এবং নিজ জীবন দিয়ে। এটাই তোমাদের জন্য কল্যাণকর, যদি তোমরা বুঝতে।

يَغْفِرْ لَكُمْ ذُنُوْبَكُمْ وَيُدْخِلْكُمْ جَنّٰتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ وَمَسٰكِنَ ﴿١١﴾

১২। ইয়াগ্ফির্লাকুম যুনূবাকুম ওয়া ইউদ্খিল্কুম জ্বান্না-তিন্ তাজ্বরী মিন্ তাহ্তিহাল্ আন্হা-রু ওয়া মাসা-কিনা

(১২) আল্লাহ তোমাদের গুনাহগুলো মাফ করে দিবেন এবং তোমাদেরকে জান্নাতে যার তলদেশে নহরসমূহ প্রবাহিত এবং স্থায়ী জান্নাতের

طَيِّبَةً فِيْ جَنّٰتِ عَدْنٍ ؕ ذٰلِكَ الْفَوْزُ الْعَظِيْمُ ﴿١٢﴾ وَاُخْرٰى تُحِبُّوْنَهَا ؕ نَصْرٌ

ত্বাইয়্যিবাতান ফী জ্বান্না-তি 'আদ্নিন ; যা-লিকাল্ ফাওযুল্ 'আজীম। ১৩। ওয়া উখ্রা- তুহিব্বূনাহা-; নাস্বরুম্

উত্তম বাসস্থানে প্রবেশ করাবেন। এটাই (মুমিনগণের জন্য) মহাসফলতা। (১৩) আর তিনি তোমাদেরকে অন্য আরও (কিছু) দিবেন, যা

مِّنَ اللّٰهِ وَفَتْحٌ قَرِيْبٌ ؕ وَبَشِّرِ الْمُؤْمِنِيْنَ ﴿١٣﴾ يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا كُوْنُوْۤا

মিনাল্লা-হি ওয়া ফাত্হুন ক্বারীব ; ওয়া বাশ্শিরিল মু'মিনীন। ১৪। ইয়া~আয়্যুহাল্ লাযীনা আ-মানূ কূনূ~

তোমাদের মনঃপূত। নিশ্চয়ই আল্লাহর সাহায্য এবং বিজয় অতি আসন্ন। (এ) খোশ-খবর মুমিনগণকে শোনান। (১৪) হে মুমিনগণ! তোমরা

○ টীকা (আঃ ১০) ঃ ব্যবসায়ে মানুষ মুনাফা অর্জনের জন্য নিজের অর্থ, সময়, শ্রম, বুদ্ধি ও যোগ্যতা নিয়োগ করে থাকে। এ হিসেবে এখানে ঈমান ও আল্লাহর পথে জিহাদকে ব্যবসায় বলা হয়েছে। মর্ম হচ্ছে– যদি এ পথে নিজেদের সবকিছু নিয়োগ কর তবে তোমরা সে লাভপ্রাপ্ত হবে যা পরে বর্ণনা করা হয়েছে। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ১১) ঃ একদা রাসূল (স) জুমআর খোৎবা পাঠকালে একদল বণিক মদিনায় আগমন করতঃ বাদ্য বাজিয়ে তাদের আগমনবার্তা ঘোষণা করে। তখন সমবেত মুসল্লীদের মধ্য হতে ১২ জন ব্যতীত আর সকলে বের হয়ে পড়ে। এ ঘটনা সম্পর্কে এই আয়াতটি অবতীর্ণ। দুররে মনসুর প্রভৃতি আবু দাউদ হতে উদ্ধৃত করে বলেন, তৎকালে নামাজান্তে খুতবা হত ও সাধারণ লোক খুতবাকে গৌণ বলে মনে করত। তাই উক্ত ঘটনা সংঘটিত হয়। (বঃ কোঃ)

أَنْصَارَ اللّٰهِ كَمَا قَالَ عِيسَى ابْنُ مَرْيَمَ لِلْحَوَارِيِّنَ مَنْ أَنْصَارِيٓ إِلَى اللّٰهِ ط

আন্স্বা-রাল্লা-হি কামা- ক্বা-লা 'ঈসাব্নু মারইয়ামা লিল্ হাওয়া-রিয়্যীনা মান আন্স্বা-রী~ইলাল্লা-হি ;
আল্লাহর (দ্বীনের) সাহায্যকারী হও, যেভাবে মরিয়ম পুত্র ঈসা তাঁর সাথীদেরকে বলেছিল, কে আছ আল্লাহর জন্য আমার সাহায্যকারী?

قَالَ الْحَوَارِيُّونَ نَحْنُ أَنْصَارُ اللّٰهِ فَاٰمَنَتْ طَّآئِفَةٌ مِّنْ بَنِيٓ إِسْرَآءِيلَ

ক্বা-লাল হ্বাওয়া-রিয়্যূনা নাহ্নু আন্স্বা-রুল্লা-হি ফাআ-মানাত ত্বা—ইফাতুম মিম বানী~ইস্রা—ঈলা
সাথীরা বলল, আমরা আল্লাহর জন্য (আপনার) সাহায্যকারী। অতঃপর বনী ইসরাঈলের এক দল ঈমান আনল,

وَكَفَرَتْ طَّآئِفَةٌ ج فَأَيَّدْنَا الَّذِينَ اٰمَنُوا عَلَى عَدُوِّهِمْ فَأَصْبَحُوا ظٰهِرِينَ ۝

ওয়া কাফারাত্ ত্বা—ইফাতুন, ফাআইয়্যাদ্নাল্ লাযীনা আ-মানূ 'আলা- 'আদুওয়িহিম ফাআস্বাবাহূ জা-হিরীন।
এবং একদল কুফরী করেছিল। অতঃপর আমি মুমিনগণকে তাদের শত্রুদের ওপর সাহায্য করলাম, ফলে তারা জয়ী হল।

ع ২ ১০ রুকূ

সূরা জুমু'আ মাদানী	بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيمِ ۝ বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি	আয়াত ঃ ১১ রুকূ ঃ ২

﴿١﴾ يُسَبِّحُ لِلّٰهِ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْأَرْضِ الْمَلِكِ الْقُدُّوسِ الْعَزِيزِ الْحَكِيمِ ۝

১। ইউসাব্বিহু লিল্লা-হি মা- ফিস্ সামা-ওয়া-তি ওয়ামা- ফিল্ আর্দ্বিল্ মালিকিল্ কুদ্দূসিল্ 'আযীযিল্ হ্বাকীম।
(১) আকাশমণ্ডলী ও পৃথিবীতে যা কিছু আছে, সব আল্লাহরই তাসবীহ বর্ণনা করে, যিনি বাদশাহ, মহা প্রতাপশালী এবং বিজ্ঞ।

﴿٢﴾ هُوَ الَّذِي بَعَثَ فِي الْأُمِّيِّنَ رَسُولًا مِّنْهُمْ يَتْلُوا عَلَيْهِمْ اٰيٰتِهٖ وَيُزَكِّيهِمْ

২। হুওয়াল্ লাযী বা'আছা ফিল্ উম্মিয়্যীনা রাসূলাম্ মিন্হুম ইয়াত্লূ 'আলাইহিম আ-য়া-তিহী ওয়া ইউযাক্কীহিম
(২) তিনিই উম্মী আরবদের মধ্যে, তাদের একজনকে রাসূল (হিসাবে) প্রেরণ করেছেন, যিনি তাদের কাছে আবৃত্তি করে, তাঁর আয়াতসমূহ এবং

وَيُعَلِّمُهُمُ الْكِتٰبَ وَالْحِكْمَةَ ق وَإِنْ كَانُوا مِنْ قَبْلُ لَفِي ضَلٰلٍ مُّبِينٍ ۝

ওয়া ইউ'আল্লিমুহুমুল্ কিতা-বা ওয়াল হ্বিক্মাতা, ওয়া ইন্ কা-নূ মিন্ ক্বাব্লু লাফী দ্বালা-লিম্ মুবীন।
তাদের পরিশুদ্ধ করেন এবং তিনি শেখান তাদেরকে কিতাব, এবং হিকমত (দ্বীনী জ্ঞান)। এর পূর্বে তারা স্পষ্ট বিভ্রান্তির মধ্যে ছিল।

﴿٣﴾ وَاٰخَرِينَ مِنْهُمْ لَمَّا يَلْحَقُوا بِهِمْ ط وَهُوَ الْعَزِيزُ الْحَكِيمُ ﴿٤﴾ ذٰلِكَ فَضْلُ اللّٰهِ

৩। ওয়া আ-খারীনা মিন্হুম্ লাম্মা- ইয়াল্হ্বাকূ বিহিম্ ; ওয়া হুওয়াল্ 'আযীযুল্ হ্বাকীম। ৪। যা-লিকা ফাদ্বলুল্লা-হি
(৩) এবং (এ রাসূল প্রেরিত হয়েছেন) তাদের অন্যান্যদের জন্যও, যারা এখনও তাদের সাথে এসে মিলেনি, তিনি মহা প্রতাপশালী (ও) বিজ্ঞ। (৪) এটা

يُؤْتِيهِ مَنْ يَّشَآءُ ط وَاللّٰهُ ذُو الْفَضْلِ الْعَظِيمِ ﴿٥﴾ مَثَلُ الَّذِينَ حُمِّلُوا التَّوْرٰىةَ ثُمَّ

ইউ'তীহি মাই ইয়াশা—উ ; ওয়াল্লা-হু যুল্ ফাদ্বলিল্ 'আজীম। ৫। মাছালুল্ লাযীনা হুম্মিলুত্ তাওরা-তা ছুম্মা
আল্লাহর করুণা তিনি যাকে ইচ্ছা তাকে দান করেন। আল্লাহ মহা করুণাময়। (৫) যাদেরকে তাওরাতের দায়িত্ব অর্পণ করা হয়েছিল, অতঃপর তারা

لَمْ يَحْمِلُوهَا كَمَثَلِ الْحِمَارِ يَحْمِلُ أَسْفَارًا ط بِئْسَ مَثَلُ الْقَوْمِ الَّذِينَ كَذَّبُوا

লাম্ ইয়াহ্বমিলূহা- কামাছালিল্ হ্বিমা-রি ইয়াহ্বমিলু আস্ফা-রান ; বি'সা মাছালুল্ ক্বাওমিল্ লাযীনা কায্যাবূ
সে দায়িত্ব পালন করেনি, তাদের উদাহরণ, সে গাধার মত, যে পুস্তকের বোঝা বহন করে চলে। সে সবলোকদের উদাহরণ কতইনা জঘন্য। যারা

بِاٰيٰتِ اللّٰهِ ط وَاللّٰهُ لَا يَهْدِي الْقَوْمَ الظّٰلِمِينَ ﴿٦﴾ قُلْ يٰٓأَيُّهَا الَّذِينَ هَادُوٓا إِنْ زَعَمْتُمْ

বিআ-য়া-তিল্লা-হি ; ওয়াল্লা-হু লা- ইয়াহ্দিল্ ক্বাওমায্ জা-লিমীন। ৬। কুল্ ইয়া~আইয়্যুহাল্ লাযীনা হা-দূ~ইন্ যা'আম্তুম্
আল্লাহর আয়াতকে মিথ্যারোপ করে। আল্লাহ পাপিষ্ঠ লোকদের সঠিক পথ প্রদর্শন করেন না। (৬) হে ইয়াহুদীগণ! যদি তোমরা ধারণা কর যে,

أَنَّكُمْ أَوْلِيَآءُ لِلّٰهِ مِنْ دُونِ النَّاسِ فَتَمَنَّوُا الْمَوْتَ إِنْ كُنْتُمْ صٰدِقِينَ ﴿٧﴾ وَلَا

আন্নাকুম্ আওলিয়া—উ লিল্লা-হি মিন্ দূনিন্ না-সি ফাতামান্নাউল্ মাওতা ইন্ কুন্তুম্ স্বা-দিক্বীন। ৭। ওয়ালা-
তোমরাই আল্লাহর বন্ধু, অন্য সব মানুষ ব্যতীত। তবে তোমরা মৃত্যু কামনা কর, যদি তোমরা সত্যবাদী হও। (৭) (কিন্তু) তারা কখনই

يَتَمَنَّوْنَهٗٓ أَبَدًا بِمَا قَدَّمَتْ أَيْدِيهِمْ ط وَاللّٰهُ عَلِيمٌ بِالظّٰلِمِينَ ﴿٨﴾ قُلْ إِنَّ الْمَوْتَ

ইয়াতামান্নাওনাহূ~আবাদাম্ বিমা- ক্বাদ্দামাত্ আইদীহিম ; ওয়াল্লা-হু 'আলীমুম্ বিজ্জা-লিমীন। ৮। কুল্ ইন্নাল্ মাওতাল্
মৃত্যু কামনা করবে না, তাদের সে কৃতকর্মগুলোর কারণে, যা তারা অগ্রে প্রেরণ করেছে। আল্লাহ্ পাপিষ্ঠদেরকে ভালোভাবে জানেন। (৮) বলুন, যে মৃত্যু থেকে

الَّذِي تَفِرُّونَ مِنْهُ فَإِنَّهٗ مُلٰقِيكُمْ ثُمَّ تُرَدُّونَ إِلَى عٰلِمِ الْغَيْبِ وَالشَّهَادَةِ فَيُنَبِّئُكُمْ

লাযী তাফির্রূনা মিন্হু ফাইন্নাহূ মুলা-ক্বীকুম্ ছুম্মা তুরাদ্দূনা ইলা- 'আ-লিমিল্ গাইবি ওয়াশ্ শাহা-দাতি ফাইউনাব্বিউকুম্
তোমরা পলায়ন কর, সে তোমাদের সাথে অবশ্যই সাক্ষাৎ করবে। অতঃপর তুমি ফিরে যাবে, অদৃশ্য ও প্রকাশ্য বিষয়ের মহাজ্ঞানী (আল্লাহ)-এর কাছে। তখন তোমাদেরকে

بِمَا كُنْتُمْ تَعْمَلُونَ ﴿٩﴾ يٰٓأَيُّهَا الَّذِينَ اٰمَنُوٓا إِذَا نُودِيَ لِلصَّلٰوةِ مِنْ يَّوْمِ الْجُمُعَةِ فَاسْعَوْا

ع ১ ১১ রুকূ

বিমা- কুন্তুম্ তা'মালূন। ৯। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ~ইযা- নূদিয়া লিস্বস্বালা-তি মিইঁ ইয়াওমিল্ জুমু'আতি ফাস্'আও
তোমাদের কৃতকর্মগুলো জানিয়ে দেয়া হবে। (৯) হে মুমিনগণ! যখন জুম'আর নামাজের জন্য আহ্বান করা হয়; তখন তোমরা আল্লাহর স্মরণের

إِلَى ذِكْرِ اللّٰهِ وَذَرُوا الْبَيْعَ ط ذٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ إِنْ كُنْتُمْ تَعْلَمُونَ ﴿١٠﴾ فَإِذَا قُضِيَتِ

ইলা- যিক্রিল্লা-হি ওয়া যারুল্ বাই'আ ; যা-লিকুম্ খাইরুল্লাকুম ইন্ কুন্তুম্ তা'লামূন। ১০। ফাইযা- কুদ্বিয়াতিস্ব
(ইবাদাতের) দিকে দ্রুতভাবে চলে যাও এবং বন্ধ কর ক্রয়-বিক্রয়। এটাই তোমাদের জন্য কল্যাণকর, যদি তোমরা বুঝতে। (১০) যখন তোমাদের

✪ টীকা (আঃ ৬) ঃ ইয়াহুদীরা দাবি করতো যে, আখিরাতের বাসস্থান, জান্নাত তাদের জন্যই নির্দিষ্ট। যদি তাদের এ দাবি সত্য হতো তবে জান্নাত লাভ করার জন্য তারা মৃত্যু কামনা করতো। কিন্তু তারা তা করে না। (কুঃ কারীম) ✪ টীকা (আঃ ৮) ঃ কোন এক যুদ্ধে মুহাজির ও আনসারগণের মধ্যে বিবাদ হয়। তখন সুযোগ সন্ধানী মোনাফেক সর্দার আবদুল্লাহ ইবনে উবাই আনসারগণকে মুহাজিরদের বিরুদ্ধে প্ররোচনা ও উৎসাহ দিতে লাগল। সে বলল, "মুহাজিরগণ তোমাদের সাহায্যে বেঁচে আছে। এখন হতে তাদেরকে সাহায্য বন্ধ কর; অভাবের তাড়নায়ই তারা মদীনা ত্যাগ করবে; আর আমরা মদীনার বিশিষ্ট ব্যক্তিগণও সে নগণ্য লোকদেরকে বিতাড়িত করব।" যায়েদ ইবনে আকরাম সাহাবী তা শুনতে পেয়ে হযরতের খেদমতে ব্যক্ত করেন। হযরত (স) আবদুল্লাহ ইবনে উবাইকে ডেকে জিজ্ঞাসা করলে সে কসম খেয়ে সম্পূর্ণ অস্বীকার করে। তখন যায়েদ মিথ্যাবাদী বলে তিরস্কৃত হতে থাকে। তখন এ আয়াতসহ পূর্ববর্তী আয়াতগুলো অবতীর্ণ হয়। (ছিহাহ) ✪ টীকা (আঃ ৯) ঃ জুমুআর প্রথম আযান দেওয়া মাত্র যাবতীয় কাজ-কর্ম ত্যাগ করে জুমুআর নামাযের প্রতি ধাবিত হওয়া ওয়াজেব। (বঃ কোঃ) ✪ শানে নুযূল (আঃ ১০) ঃ এক সময়ে হুযূর (স) জুমুআর নামাযের খোৎবা পাঠ করছিলেন, সে সময় একদল বনিক খাদ্যশস্য নিয়ে মদীনায় আগমন করল। সে সংবাদ প্রচারিত হয়ে পড়লে বহু মুছল্লী খোৎবা শ্রবণ ত্যাগ করে শস্য খরিদ করতে চলে গেল। মাত্র বারজন মুছল্লী খোৎবা শুনবার জন্য অবশিষ্ট রইল। এ সম্বন্ধে এ আয়াতটি নাযিল হয়। কোন কোন তাফসীরে দেখা যায়, তৎকালে নামাযের পরে খোৎবা পাঠ করা হত। কাজেই মুছল্লীগণ মনে করেছিল, আসল উদ্দেশ্য নামায তখন সমাপ্ত হয়েছে এখন খোৎবা না শুনলেও ক্ষতি হবে না। আর যদি নামাযের আগে খোৎবা পাঠ করা প্রমাণিত হয়, তবে বলতে হবে যে, তারা তৎক্ষণাৎ ফিরবে মনে করে বের হয়েছিল। (বঃ কোঃ)

الصلوة فانتشروا في الارض وابتغوا من فضل الله واذكروا الله كثيرا

স্বালা-তু ফানতাশিরূ ফিল্ আরদ্বি ওয়াব্‌তাগূ মিন্ ফাদ্বলিল্লা-হি ওয়ায্‌কুরুল্লা-হা কাছীরাল্
নামাজ পড়া শেষ হবে, তখন যমীনে ছড়িয়ে পড়বে, এবং আল্লাহর রহমত (জীবিকা) অন্বেষণ করবে এবং আল্লাহকে স্মরণ করবে বেশি পরিমাণ, যাতে

لعلكم تفلحون ⑪ واذا راوا تجارة او لهوا انفضوا اليها وتركوك قائما

লা'আল্লাকুম্ তুফ্‌লিহূন। ১১। ওয়া ইযা- রাআও তিজা-রাতান্ আও লাহ্‌ওয়া নিন্‌ফাদ্বদ্বূ~ইলাইহা- ওয়া তারাকূকা ক্বা—ইমান ;
তোমরা কৃতকার্য হও। (১১) আর যখন তারা দেখল ব্যবসা বা খেল-তামাসা, তখন তারা তার দিকে ছুটে যায় এবং আপনাকে দাঁড়ানো অবস্থায় রেখে যায়।

قل ما عند الله خير من اللهو ومن التجارة والله خير الرزقين

কুল্ মা-'ইন্‌দাল্লা-হি খাইরুম্ মিনাল্লাহ্‌ওয়ি ওয়া মিনাত্ তিজা-রাতি ; ওয়াল্লা-হু খাইরুর্ রা-যিক্বীন।
আপনি বলুন, আল্লাহর কাছে যা (মওজুদ) আছে তা, খেল-তামাসা এবং ব্যবসার চেয়ে অতি উত্তম। আল্লাহ সর্বোত্তম রিযিক দাতা।

১২ রুকূ

সূরা মুনা-ফিকূন মাদানী	بسم الله الرحمن الرحيم বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি	আয়াত ঃ ১১ রুকূ ঃ ২

اذا جاءك المنفقون قالوا نشهد انك لرسول الله م والله يعلم انك

১। ইযা- জা—আকাল মুনা-ফিকূনা ক্বা-লূ নাশ্‌হাদু ইন্নাকা লারাসূলুল্লা-হি। ওয়াল্লা-হু ইয়া'লামু ইন্নাকা
(১) যখন মুনাফিকেরা আপনার কাছে আসে, তখন তারা বলে, আমরা সাক্ষ্য দিচ্ছি যে, নিশ্চয়ই আপনি আল্লাহর রাসূল। আল্লাহ জানেন যে, নিশ্চয়ই আপনি

لرسوله والله يشهد ان المنفقين لكذبون ② اتخذوا ايمانهم جنة

লারাসূলুহূ ; ওয়াল্লা-হু ইয়াশ্‌হাদু ইন্নাল মুনা-ফিক্বীনা লাকা-যিবূন। ২। ইত্তাখাযূ~আইমা-নাহুম জুন্নাতান
তাঁর রাসূল। আল্লাহ সাক্ষ্য দিচ্ছেন যে, নিশ্চয়ই মুনাফিকেরা মিথ্যাবাদী। (২) তারা তাদের শপথকে ঢাল হিসেবে রেখেছে, তারা

فصدوا عن سبيل الله انهم ساء ما كانوا يعملون ③ ذلك بانهم امنوا ثم

ফাস্বাদ্দূ 'আন্ সাবীলিল্লা-হি ; ইন্নাহুম সা—আ মা- কা-নূ ইয়া'মালূন। ৩। যা-লিকা বিআন্নাহুম আ-মানূ ছুম্মা
আল্লাহর রাস্তা থেকে (লোকদেরকে) বাধা দেয়। তারা যে কাজগুলো করছে, তা খুবই নিকৃষ্ট। (৩) এর কারণ, তারা ঈমান আনার পরে অস্বীকার করেছে,

كفروا فطبع على قلوبهم فهم لا يفقهون ④ واذا رايتهم تعجبك اجسامهم

কাফারূ ফাতুবি'আ 'আলা- কুলূবিহিম ফাহুম লা-ইয়াফ্‌ক্বাহূন। ৪। ওয়া ইযা- রাআইতাহুম তু'জিবুকা আজ্‌সা-মুহুম ;
ফলে তাদের অন্তরে মোহর অংকিত করা হয়েছে। সুতরাং তারা বুঝতেছেনা। (৪) যখন আপনি তাদেরকে দেখবেন, তখন তাদের দেহের গঠন আপনার কাছে ভালোই লাগবে

○ বিশ্লেষণ (আঃ ১) ঃ جاءك المنافقون - মুনাফিক দ্বারা আবদুল্লাহ বিন উবাই এবং তার সাথীদের কথা বলা হয়েছে।

○ শানে নুযূল (আঃ ২) ঃ কোন এক যুদ্ধে আনছার ও মুহাজেরদের মধ্যে বচসা হয়। এ সুযোগে আবদুল্লাহ্ ইবনে উবাই আনছারদেরকে এ বলে উত্তেজিত করতে লাগল, "তোমরা এ বিদেশী লোকদেরকে আহার জোগে গর্বিত করে তুলেছ, মদীনায় প্রত্যাবর্তন করে তাদের জন্য বরাদ্দকৃত ব্যয় বন্ধ করে দাও, ফলে খেতে না পেয়ে নিজেরাই সরে পড়বে। আর আমরা এ ছোট লোকদেরকে মদীনা হতে তাড়িয়ে দিব।" হুযূর (স) তা জানতে পেরে ইবনে উবাইকে জিজ্ঞাসা করলে সে অস্বীকার করল। এ সম্পর্কে মুনাফেকদের নিন্দাবাদে সূরার প্রথম দিকের আয়াতগুলো নাযিল হয়েছে। (বঃ কোঃ)

وان يقولوا تسمع لقولهم كانهم خشب مسندة يحسبون كل صيحة

ওয়া ই ইয়াকূলূ তাস্‌মা' লিক্বাওলিহিম ; কাআন্নাহুম খুশুবুম মুসান্নাদাতুন ; ইয়াহ্‌সাবূনা কুল্লা স্বাইহাতিন
এবং যদি তারা কথা বলে, তখন তাদের কথা আপনি শ্রবণ করবেন, মনে হয় যেন তারা দেয়ালে ঠেকানো কাঠ। তারা প্রতিটি আওয়াজকে তাদের বিরুদ্ধে ধারণা

عليهم هم العدو فاحذرهم قتلهم الله انى يؤفكون ⑤ واذا قيل لهم

'আলাইহিম ; হুমুল্ 'আদুওয়্যু ফাহ্‌যারহুম ; ক্বা-তালা হুমুল্লা-হু আন্না- ইউ'ফাকূন। ৫। ওয়া ইযা- ক্বীলা লাহুম
করে। ওরাই শত্রু, তাদের থেকে সাবধান থাকুন। আল্লাহ তাদেরকে ধ্বংস করুন! তারা (বিভ্রান্ত হয়ে) কোথায় ফিরে যাচ্ছে? (৫) যখন বলা হয় তাদেরকে

تعالوا يستغفر لكم رسول الله لووا رءوسهم ورايتهم يصدون وهم

তা'আ-লাও ইয়াস্তাগ্‌ফির্ লাকুম রাসূলুল্লা-হি লাওয়্যাও রুঊসাহুম ওয়া রাআইতাহুম ইয়াস্বুদ্দূনা ওয়া হুম
আস, তোমাদের জন্য আল্লাহর রাসূল ক্ষমা প্রার্থনা করবেন, তখন তারা তাদের মাথা অন্য দিকে ফিরিয়ে নেয় এবং আপনি তাদেরকে দেখবেন যে, তারা অহংকার করে

مستكبرون ⑥ سواء عليهم استغفرت لهم ام لم تستغفر لهم لن يغفر الله

মুস্তাক্‌বিরূন। ৬। সাওয়া—উন 'আলাইহিম আস্তাগ্‌ফার্‌তা লাহুম আম লাম তাস্তাগ্‌ফির্‌লাহুম ; লাই ইয়াগ্‌ফিরাল্লা-হু
বিরত থাকছে। (৬) তাদের জন্য আপনার ক্ষমা প্রার্থনা করা আর না করা উভয়ই সমান কথা; আল্লাহ কখনও তাদেরকে ক্ষমা করবেন না।

لهم ان الله لا يهدي القوم الفسقين ⑦ هم الذين يقولون لا تنفقوا على

লাহুম ; ইন্নাল্লা-হা লা- ইয়াহ্‌দিল ক্বাওমাল ফা-সিক্বীন। ৭। হুমুল্লাযীনা ইয়াকূলূনা লা- তুন্‌ফিকূ 'আলা-
আল্লাহ নাফরমান লোকদেরকে সঠিক পথ প্রদর্শন করেন না। (৭) এরাই বলে, রাসূলুল্লাহর কাছে যারা থাকে,

من عند رسول الله حتى ينفضوا ولله خزائن السموت والارض

মান্ 'ইন্দা রাসূলিল্লা-হি হ্বাত্তা- ইয়ান্‌ফাদ্বদ্বূ ; ওয়া লিল্লা-হি খাযা—ইনুস্ সামা-ওয়া-তি ওয়াল আরদ্বি
তাদের জন্য (কিছু) ব্যয় করনা, যতক্ষণ না তারা সরে যায়, আল্লাহর কর্তৃত্বেই রয়েছে আকাশমণ্ডলী ও পৃথিবীর ধনভাণ্ডার,

ولكن المنفقين لا يفقهون ⑧ يقولون لئن رجعنا الى المدينة ليخرجن

ওয়ালা-কিন্নাল মুনা-ফিক্বীনা লা- ইয়াফ্‌ক্বাহূন। ৮। ইয়াকূলূনা লাইর্ রাজা'না~ইলাল মাদীনাতি লাইউখ্‌রিজান্নাল্
কিন্তু মুনাফিকেরা তা বুঝে না। (৮) তারা বলে, আমরা যদি মদীনায় ফিরে যাই, তবে অবশ্যই সেখান হতে প্রবল

الاعز منها الاذل ولله العزة ولرسوله وللمؤمنين ولكن المنفقين

আ'আয্‌যু মিন্‌হাল আযাল্লা ; ওয়া লিল্লা-হিল্ 'ইয্‌যাতু ওয়া লিরাসূলিহী ওয়া লিলমু'মিনীনা ওয়ালা-কিন্নাল মুনা-ফিক্বীনা
শক্তিশালীগণ, অধিক দুর্বলগণকে বের করে দিবেই। সম্মান তো আল্লাহরই এবং তাঁর রাসূলের এবং মুমিনগণের। কিন্তু মুনাফিকেরা

○ বিশ্লেষণ (আঃ ৪) ঃ خشب مسندة - অর্থাৎ মুনাফিকরা রাসূলুল্লাহর (স) মজলিসে এভাবে বসত যে, যেমন- দেয়ালের সাথে লাগানো কাঠ। যে কাঠ কোন কথা বুঝে না। তেমনি ওরাও উপদেশ বাণী বুঝার মন নিয়া বসে না ও বুঝে না। (কুঃ কারীম)

○ টীকা (আঃ ৮) ঃ অতএব, তারা যে নিজেদেরকে প্রতিপত্তিশালী মনে করছে, তা তাদের মূর্খতা। (বঃ কোঃ) কেননা, আল্লাহ্ এবং রাসূলের সাথে সম্পর্ক থাকায় প্রকৃত সম্মান এবং প্রতিপত্তি মুসলমানদেরই। (বঃ কোঃ) কেননা, তারা নশ্বর জগতের অস্থায়ী বস্তুসমূহের সম্মানের উৎস এবং উপকরণ মনে কর। (বঃ কোঃ) অর্থাৎ, পার্থিব মোহে এত মশগুল হয়ো না, যাতে ধর্ম কর্মের ক্ষতি হয়। (বঃ কোঃ)

لَا يَعْلَمُونَ ⑧ يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تُلْهِكُمْ اَمْوَالُكُمْ وَلَآ اَوْلَادُكُمْ

লা- ইয়া'লামূন। ৯। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ লা-তুল্হিকুম আম্ওয়া-লুকুম ওয়ালা~আওলা-দুকুম
তা জানে না। (৯) হে মুমিনগণ! তোমাদের ধনসম্পদ এবং সন্তান-সন্ততি, আল্লাহর স্মরণ থেকে যেন

عَنْ ذِكْرِ اللّٰهِ ۚ وَمَنْ يَّفْعَلْ ذٰلِكَ فَاُولٰٓئِكَ هُمُ الْخٰسِرُوْنَ ⑨ وَاَنْفِقُوْا

'আন্ যিক্‌রিল্লা-হি, ওয়া মাইঁ ইয়াফ্'আল যা-লিকা ফাউলা—ইকা হুমুল্ খা-সিরূন। ১০। ওয়া আন্‌ফিক্ব
গাফিল না করে, আর যারা এভাবে (গাফিল) হবে, তারাই হবে ভীষণ ক্ষতিগ্রস্ত। (১০) আমি তোমাদেরকে যে

مِنْ مَّا رَزَقْنٰكُمْ مِّنْ قَبْلِ اَنْ يَّاْتِيَ اَحَدَكُمُ الْمَوْتُ فَيَقُوْلَ رَبِّ

মিম্মা- রাযাক্বনা-কুম্ মিন্ ক্বাব্‌লি আইঁ ইয়া'তিয়া আহ্বাদাকুমুল মাওতু ফাইয়াক্বূলা রাব্বি
রিযিক দিয়েছি, তোমাদের (মৃত্যু) আসার আগেই তা থেকে (আল্লাহর পথে) ব্যয় করবে। না হলে (মৃত্যুর সময়) তারা বলবে, হে আমার প্রতিপালক!

لَوْلَآ اَخَّرْتَنِيْٓ اِلٰٓى اَجَلٍ قَرِيْبٍ ۙ فَاَصَّدَّقَ وَاَكُنْ مِّنَ الصّٰلِحِيْنَ ○

লাওলা~আখ্খার্‌তানী~ইলা~আজ্বালিন ক্বারীবিন ফাআস্বস্বাদ্দাক্বা ওয়া আকুম মিনাস্ব ছা-লিহীন।
যদি আমাকে অল্প সময়ের জন্য (একটু) সুযোগ দিতেন, তবে আমি (আপনার পথে) ব্যয় করতাম এবং হয়ে যেতাম পুণ্যবান।

⑪ وَلَنْ يُّؤَخِّرَ اللّٰهُ نَفْسًا اِذَا جَآءَ اَجَلُهَا ۚ وَاللّٰهُ خَبِيْرٌۢ بِمَا تَعْمَلُوْنَ ○

১১। ওয়া লাইঁ ইউআখ্খিরাল্লা-হু নাফ্‌সান্ ইযা- জ্বা—আ আজ্বালুহা ; ওয়াল্লা-হু খাবীরুম্ বিমা- তা'মালূন।
(১১) আর আল্লাহ কাউকে কোনই সুযোগ দিবেন না, যখন তার নির্দিষ্ট সময় এসে যায়। আল্লাহ তোমাদের কৃতকর্ম সম্পর্কে পূর্ণ খবর রাখেন।

সূরা তাগা-বুন মাদানী	بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি	আয়াত ঃ ১৮ রুকূ ঃ ২

① يُسَبِّحُ لِلّٰهِ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ ۚ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ ز

১। ইউসাব্বিহু লিল্লা-হি মা- ফিস্ সামা-ওয়া-তি ওয়ামা- ফিল আর্‌দ্বি, লাহুল্ মুল্‌কু ওয়া লাহুল হাম্‌দু
(১) আকাশমণ্ডলী ও পৃথিবীতে যা কিছু আছে সবই আল্লাহর তাসবীহ (পবিত্রতা) বর্ণনা করে, তাঁরই রাজত্ব এবং তাঁরই সকল প্রশংসা,

وَهُوَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ② هُوَ الَّذِيْ خَلَقَكُمْ فَمِنْكُمْ كَافِرٌ وَّمِنْكُمْ مُّؤْمِنٌ ۚ

ওয়া হুওয়া 'আলা- কুল্লি শাইয়িন ক্বাদীর। ২। হুওয়াল্লাযী খালাক্বাকুম ফামিন্‌কুম কা-ফিরুঁও ওয়া মিন্‌কুম মু'মিনুন ;
তিনি প্রতিটি বিষয়ের ওপর ক্ষমতাবান। (২) তিনিই তোমাদেরকে সৃষ্টি করেছেন, অতঃপর তোমাদের মধ্য হতে কেউ হয় কাফির এবং কেউ হয় মুমিন।

○ টীকা (আঃ ১১) ঃ অতএব, তার এ কামনা ও আফসোস কোন কাজে আসবে না। কেননা, নির্দিষ্ট আয়ুষ্কাল পূর্ণ হয়ে গেলে আর তাকে কোন অবকাশ দেওয়া হবে না। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ১) ঃ অর্থাৎ, তিনি সর্বশক্তিমান। তিনি যা ইচ্ছা তা করতে পারেন, কোন শক্তিই তাঁর ক্ষমতাকে রোধ করতে পারবে না। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ২) ঃ অতএব, তিনি যখন এমন পূর্ণ গুণাবলির অধিকারী, তখন তাঁর আদেশানুবর্তী হওয়া ওয়াজেব এবং তাঁর অবাধ্যতাচারণ নিন্দনীয়। (বঃ কোঃ)

وَاللّٰهُ بِمَا تَعْمَلُوْنَ بَصِيْرٌ ③ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ بِالْحَقِّ وَصَوَّرَكُمْ

ওয়াল্লা-হু বিমা- তা'মালূনা বাস্বীর। ৩। খালাক্বাস্ সামা-ওয়া-তি ওয়াল আর্‌দ্বা বিল্ হাক্কি ওয়া ছাওয়্যারাকুম ফাআহ্‌সানা স্বুওয়ারাকুম,
তোমরা যা কর আল্লাহ তা সবই জানেন। (৩) তিনি সৃষ্টি করেছেন আকাশমণ্ডলী এবং পৃথিবী সঠিকভাবে এবং তোমাদের গঠন করেছেন সুন্দর রূপে

فَاَحْسَنَ صُوَرَكُمْ ۚ وَاِلَيْهِ الْمَصِيْرُ ④ يَعْلَمُ مَا فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَيَعْلَمُ

ওয়া ইলাইহিল মাস্বীর। ৪। ইয়া'লামু মা- ফিস্ সামা-ওয়া-তি ওয়াল আর্‌দ্বি ওয়া ইয়া'লামু
এবং তাঁরই দিকে সবার প্রত্যাবর্তন। (৪) তিনি জানেন আকাশমণ্ডলী ও পৃথিবীতে যা কিছু আছে সবই এবং তিনি জানেন

مَا تُسِرُّوْنَ وَمَا تُعْلِنُوْنَ ۚ وَاللّٰهُ عَلِيْمٌۢ بِذَاتِ الصُّدُوْرِ ⑤ اَلَمْ يَاْتِكُمْ نَبَؤُا

মা- তুসির্‌রূনা ওয়ামা- তু'লিনূনা ; ওয়াল্লা-হু 'আলীমুম বিযা-তিস্ব স্বুদূর। ৫। আলাম্ ইয়া'তিকুম নাবাউল
তোমরা যা গোপন রাখ এবং প্রকাশ কর; এবং তিনি তোমাদের অন্তরের (গোপন) খবর জানেন। (৫) তোমাদের কাছে কি পূর্ববর্তী

الَّذِيْنَ كَفَرُوْا مِنْ قَبْلُ ز فَذَاقُوْا وَبَالَ اَمْرِهِمْ وَلَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ○

লাযীনা কাফারূ মিন ক্বাব্‌লু, ফাযা-ক্বূ ওয়া বা-লা আম্‌রিহিম ওয়া লাহুম 'আযা-বুন আলীম।
কাফিরদের খবর পৌছেনি? তারা তাদের কর্মের পরিণাম (শাস্তি) ভোগ করেছিল এবং তাদের জন্য রয়েছে (পরকালে) যন্ত্রণাময় শাস্তি।

⑥ ذٰلِكَ بِاَنَّهُ كَانَتْ تَّاْتِيْهِمْ رُسُلُهُمْ بِالْبَيِّنٰتِ فَقَالُوْٓا اَبَشَرٌ يَّهْدُوْنَنَا ز

৬। যা-লিকা বিআন্নাহূ কা-নাত্ তা'তীহিম রুসুলুহুম্ বিল্‌বাইয়্যিনা-তি ফাক্বা-লূ~আবাশারুই ইয়াহ্‌দূনানা-,
(৬) এজন্য যে, তাদের কাছে তাদের রাসূল সুস্পষ্ট নিদর্শন নিয়ে আসত, অতঃপর তারা বলত, আমাদেরকে কি মানুষ সঠিক পথ প্রদর্শন করবে? অতঃপর তারা

فَكَفَرُوْا وَتَوَلَّوْا وَّاسْتَغْنَى اللّٰهُ ۚ وَاللّٰهُ غَنِيٌّ حَمِيْدٌ ⑦ زَعَمَ الَّذِيْنَ كَفَرُوْٓا

ফাকাফারূ ওয়া তাওয়াল্লাও ওয়াস্তাগ্‌নাল লা-হু ; ওয়াল্লা-হু গানিইয়্যুন হ্বামীদ। ৭। যা'আমাল্ লাযীনা কাফারূ~
অস্বীকার করল এবং পৃষ্ঠ প্রদর্শন করতঃ ফিরে গেল। আল্লাহ তাদের থেকে বে-পরওয়া, আল্লাহ অমুখাপেক্ষী, প্রশংসিত। (৭) কাফিরেরা মনে করে যে, তারা কখনই

اَنْ لَّنْ يُّبْعَثُوْا ۚ قُلْ بَلٰى وَرَبِّيْ لَتُبْعَثُنَّ ثُمَّ لَتُنَبَّؤُنَّ بِمَا عَمِلْتُمْ ۚ وَذٰلِكَ

আল্ লাইঁ ইউব্'আছূ ; কুল বালা- ওয়া রাব্বী লাতুব্'আছুন্না ছুম্মা লাতুনাব্বাউন্না বিমা- 'আমিল্‌তুম ; ওয়া যা-লিকা
পুনরায় জীবিত হবে না, আপনি বলুন, কেন নয়, আমার প্রতিপালকের শপথ! তোমাদেরকে অবশ্যই পুনরায় (জীবিত করে) উঠানো হবে। অতঃপর তোমাদের কৃতকর্মগুলো তোমাদেরকে জানিয়ে দেয়া হবে। আর এটা

عَلَى اللّٰهِ يَسِيْرٌ ⑧ فَاٰمِنُوْا بِاللّٰهِ وَرَسُوْلِهٖ وَالنُّوْرِ الَّذِيْٓ اَنْزَلْنَا ۚ وَاللّٰهُ بِمَا تَعْمَلُوْنَ

'আলাল্লা-হি ইয়াসীর। ৮। ফাআ-মিনূ বিল্লা-হি ওয়া রাসূলিহী ওয়ান্নূরিল্লাযী~আন্‌যাল্‌না- ; ওয়াল্লা-হু বিমা- তা'মালূনা
আল্লাহর জন্য খুবই সহজ। (৮) সুতরাং তোমরা ঈমান আন, আল্লাহ ও তাঁর রাসূলের প্রতি এবং সে নূর (কুরআন)-এর প্রতি, যা আমি অবতীর্ণ করেছি। আল্লাহ তোমাদের সব কৃতকর্ম সম্পর্কে

○ টীকা (আঃ ৩) ঃ কেননা, মানব জাতির অঙ্গ-প্রত্যঙ্গের মধ্যে পরস্পর যেমন সুন্দর মিল রয়েছে, এমন সুন্দর মিল আর কোন প্রাণীর অঙ্গ-প্রত্যঙ্গের মধ্যে নাই। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৪) ঃ এ সমস্ত কারণে তাঁর অনুগত ও আদেশানুবর্তী হওয়া তোমাদের জন্য অপরিহার্য কর্তব্য। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৭) ঃ কাজেই কারও নাফরমানীও তাঁর কোন ক্ষতি করতে পারে না এবং কারও আনুগত্য এবং বশ্যতাও তাঁর কোন উপকার করতে পারে না; বরং তাতে নাফরমান ব্যক্তিরই ক্ষতি এবং ফরমাঁবরদার ব্যক্তিরই উপকার রয়েছে। (বঃ কোঃ)

خَبِيرٌ ۝ يَوْمَ يَجْمَعُكُمْ لِيَوْمِ الْجَمْعِ ذَٰلِكَ يَوْمُ التَّغَابُنِ ۗ وَمَنْ يُؤْمِنْ بِاللَّهِ

খাবীর। ৯। ইয়াওমা ইয়াজ্মা'উকুম লিইয়াওমিল জ্বাম'ই যা-লিকা ইয়াওমুত্তাগা-বুনি, ওয়া মাই ইউ'মিম্ বিল্লা-হি

খবর রাখেন। (৯) স্মরণ কর! যেদিন তিনি তোমাদেরকে একত্রিত করবেন সমবেত করার দিবসে, সে-দিবসটি হবে, হার-জিতের দিবস। যে আল্লাহর প্রতি ঈমান রাখে

وَيَعْمَلْ صَالِحًا يُكَفِّرْ عَنْهُ سَيِّئَاتِهِ وَيُدْخِلْهُ جَنَّاتٍ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ

ওয়া ইয়া'মাল্ স্বা-লিহ্বাই ইউকাফ্ফির 'আন্হু সাইয়্যিআ-তিহী ওয়া ইউদ্খিল্হু জ্বান্না-তিন্ তাজ্বরী মিন্ তাহ্বতিহাল্ আনহা-রু

এবং নেক কাজ করে তিনি তার (আমলনামা) থেকে তার গুনাহগুলো মিটিয়ে দিবেন এবং তাকে প্রবেশ করাবেন জান্নাতে, যার তলদেশে নহরসমূহ প্রবাহিত,

خَالِدِينَ فِيهَا أَبَدًا ۚ ذَٰلِكَ الْفَوْزُ الْعَظِيمُ ۝ وَالَّذِينَ كَفَرُوا وَكَذَّبُوا بِآيَاتِنَا

খা-লিদীনা ফীহা~আবাদান ; যা-লিকাল্ ফাওযুল্ 'আজীম। ১০। ওয়াল্লাযীনা কাফারূ ওয়া কায্যাবূ বিআ-য়া-তিনা~

সেখানে তারা চিরস্থায়ীভাবে থাকবে; এটাই তাদের পূর্ণ সফলতা। (১০) আর যারা কুফরী করেছে এবং আমার আয়াতসমূহকে অস্বীকার করেছে,

أُولَٰئِكَ أَصْحَابُ النَّارِ خَالِدِينَ فِيهَا ۖ وَبِئْسَ الْمَصِيرُ ۝ مَا أَصَابَ مِنْ

উলা—ইকা আস্বহা-বুন না-রি খা-লিদীনা ফীহা-, ওয়া বি'সাল্ মাস্বীর। ১১। মা~আছা-বা মিম্

তারা হল জাহান্নামের অধিবাসী। সেখানে তারা চিরদিন পড়ে থাকবে। (তা) কতইনা নিকৃষ্ট ঠিকানা। (১১) আল্লাহর নির্দেশ ব্যতীত

১ ع ১৫ রুকূ

مُصِيبَةٍ إِلَّا بِإِذْنِ اللَّهِ ۗ وَمَنْ يُؤْمِنْ بِاللَّهِ يَهْدِ قَلْبَهُ ۚ وَاللَّهُ بِكُلِّ شَيْءٍ عَلِيمٌ ۝

মুস্বীবাতিন্ ইল্লা- বিইয্নিল্লা-হি ; ওয়া মাই ইউ'মিম বিল্লা-হি ইয়াহ্দি ক্বাল্বাহূ ; ওয়াল্লা-হু বিকুল্লি শাইয়িন 'আলীম।

কোন বিপদই পৌছে না। যে আল্লাহর প্রতি ঈমান আনে, আল্লাহ তার অন্তরকে সঠিক পথে পরিচালিত করেন। আল্লাহ সর্ব বিষয়ই জ্ঞানবান।

وَأَطِيعُوا اللَّهَ وَأَطِيعُوا الرَّسُولَ ۚ فَإِنْ تَوَلَّيْتُمْ فَإِنَّمَا عَلَىٰ رَسُولِنَا الْبَلَاغُ

১২। ওয়া আত্বী'উল্লা-হা ওয়া আত্বী'উর রাসূলা, ফাইন্ তাওয়াল্লাইতুম ফাইন্নামা- 'আলা- রাসূলিনাল্ বালা-গুল

(১২) আল্লাহ ও তাঁর রাসূলের নির্দেশ পালন কর, যদি তা তোমরা উপেক্ষা কর, আমার রাসূলের ওপর দায়িত্ব হল শুধু (আমার বাণী) সু-স্পষ্টভাবে

الْمُبِينُ ۝ اللَّهُ لَا إِلَٰهَ إِلَّا هُوَ ۚ وَعَلَى اللَّهِ فَلْيَتَوَكَّلِ الْمُؤْمِنُونَ ۝ يَا أَيُّهَا الَّذِينَ

মুবীন। ১৩। আল্লা-হু লা~ইলা-হা ইল্লা- হুওয়া ; ওয়া 'আলাল্লা-হি ফালইয়াতাওয়াক্কালিল মু'মিনূন। ১৪। ইয়া~আইয়্যুহাল্লাযীনা

পৌছিয়ে দেয়া। (১৩) আল্লাহ, তিনি ব্যতীত কোন মাবুদ নেই। সুতরাং মুমিনগণের উচিৎ (সর্ব কাজে) আল্লাহর ওপর ভরসা করা। (১৪) হে

○ টীকা (আঃ ৯) ঃ 'একত্রিত হওয়ার দিন ঃ এর অর্থ– কিয়ামত। সকলের একত্র করার অর্থ– সৃষ্টির আদি থেকে কিয়ামত পর্যন্ত দুনিয়ায় যত মানুষ পয়দা হয়েছে তাদের সকলকে একই সময়ে পুনরুজ্জীবিত করে একত্রিত করা। অর্থাৎ, আসল হার-জিত কিয়ামতের দিন হবে। সেখানে গিয়ে জানা যাবে প্রকৃতপক্ষে কে ক্ষতিগ্রস্ত হয়েছে ও কে লাভবান হয়েছে; প্রকৃতপক্ষে কে প্রতারিত হয়েছে ও কে বুদ্ধিমান ছিল। প্রকৃতপক্ষে কে নিজের সমস্ত জীবনের পুঁজি এক মিথ্যা কারবারে লাগিয়ে নিজেকে সর্বস্বান্ত করে দিয়েছে এবং কে নিজের শক্তি, সামর্থ্য, চেষ্টা, সময় ও সম্পদকে লাভজনক ব্যবসায়ে নিয়োগ করে সমস্ত মুনাফা লুটে নিয়েছে,– যা প্রথম ব্যক্তিও অর্জন করতে পারতো যদি সে দুনিয়ার হাকীকত (প্রকৃত তত্ত্ব) বোঝার ক্ষেত্রে প্রতারিত না হত।

○ টীকা (আঃ ১৩) ঃ যথাসম্ভব উপকরণসহ সক্রিয় চেষ্টা করাকালে উপকরণকে ফললাভের মূল কারণ মনে করাকে তাওয়াক্কাল বলে। তাওয়াক্কাল একটি প্রবল শক্তি। কেননা, কারণ যত প্রবল হয়, তার উপর নির্ভরজনিত মনোবলরূপ শক্তিও ততই প্রবল হয়। আর আল্লাহর মত প্রবল কারণ আর কিছুই নয়। অপর সবকারণই তাঁর সৃষ্ট। এ শক্তিবলেই আরবের নগণ্য সংখ্যক দরিদ্র মুসলমান তৎকালীন বৃহত্তম সাম্রাজ্য রোম ও পারস্যের সম্রাটদ্বয়কে পরাজিত করেছিলেন, এ শক্তিবলেই ইয়ারমুক যুদ্ধে মাত্র ৩০ জন মুজাহিদ বীরত্বসহকারে ৩০ হাজার শত্রুসৈন্যের সম্মুখীন হয়েছিলেন; এ শক্তিই মানুষকে মানসিক, দৈহিক, আর্থিক প্রভৃতি ব্যাপারে এত অধিক শান্তি দান করে, যা শতগুণ অধিক সম্পদশালী তাওয়াক্কালহীন ব্যক্তির পক্ষে দুর্লভ। উপকরণ ব্যতীত নিষ্ক্রিয় ফললাভের জন্য আল্লাহর উপর নির্ভর করা তাওয়াক্কাল নয়– তা দুর্বলতা ও অকর্মণ্যতা। এটা ইসলামের আদর্শ বিরোধী। অসংসারী ফকীর দরবেশগণ এ পর্যায়ে পড়েন না। কারণ এরা শুধু আল্লাহকে চাহেন তজ্জন্য ইবাদতও করেন; অন্য কিছুর জন্য এমনকি দীর্ঘকাল অনাহারে থাকলেও তাঁরা ব্যস্ত বা বাধিত হন না। যেসব ফকীর দ্বিপ্রহরের খাওয়ার জন্য সকাল হতে হাক-ডাক শুরু করে তাদের সাথে এঁদের তুলনা কাঁচ ও হীরা সদৃশ।

آمَنُوا إِنَّ مِنْ أَزْوَاجِكُمْ وَأَوْلَادِكُمْ عَدُوًّا لَكُمْ فَاحْذَرُوهُمْ ۚ وَإِنْ

আ-মানূ~ইন্না মিন আযওয়া-জ্বিকুম ওয়া আওলা-দিকুম 'আদুওওয়াল্লাকুম ফাহ্যারূহুম, ওয়া ইন্

মুমিনগণ! তোমাদের কতিপয় স্ত্রী এবং কতিপয় সন্তান-সন্ততি তোমাদের শত্রু। সুতরাং তাদের থেকে সাবধান থাক। আর যদি তোমরা

تَعْفُوا وَتَصْفَحُوا وَتَغْفِرُوا فَإِنَّ اللَّهَ غَفُورٌ رَحِيمٌ ۝ إِنَّمَا أَمْوَالُكُمْ

তা'ফূ ওয়া তাস্বফাহূ ওয়া তাগ্ফিরূ ফাইন্নাল্লা-হা গাফূরুর রাহীম। ১৫। ইন্নামা~আমওয়া-লুকুম

ক্ষমা কর এবং তাদের প্রতি উদারতা প্রদর্শন কর এবং তাদের মাফ কর, তবে নিশ্চয়ই আল্লাহ মহা ক্ষমাশীল ও অসীম দয়ালু। (১৫) তোমাদের ধন সম্পদ

وَأَوْلَادُكُمْ فِتْنَةٌ ۚ وَاللَّهُ عِنْدَهُ أَجْرٌ عَظِيمٌ ۝ فَاتَّقُوا اللَّهَ مَا اسْتَطَعْتُمْ

ওয়া আওলা-দুকুম ফিত্নাতুন; ওয়াল্লা-হু 'ইন্দাহূ~আ জ্বরুন্ 'আজীম। ১৬। ফাত্তাকুল্লা-হা মাস্তাত্বা'তুম

এবং সন্তান সন্ততি তোমাদের জন্য পরীক্ষা স্বরূপ; আল্লাহর নিকটই রয়েছে মহা প্রতিদান। (১৬) সুতরাং তোমরা আল্লাহকে সাধ্যানুযায়ী ভয় কর

وَاسْمَعُوا وَأَطِيعُوا وَأَنْفِقُوا خَيْرًا لِأَنْفُسِكُمْ ۗ وَمَنْ يُوقَ شُحَّ نَفْسِهِ

ওয়াস্মা'উ ওয়া আত্বী'উ ওয়া আন্ফিকূ খাইরাল লিআন্ফুসিকুম ; ওয়া মাই ইউক্বা শুহ্বা নাফ্সিহী

(আল্লাহর কথা) শোন, (তাঁর নির্দেশ) মেনে চল এবং ব্যয় কর, তোমাদের নিজেদের কল্যাণের জন্য, যারা আত্মার প্রলোভন হতে

فَأُولَٰئِكَ هُمُ الْمُفْلِحُونَ ۝ إِنْ تُقْرِضُوا اللَّهَ قَرْضًا حَسَنًا يُضَاعِفْهُ لَكُمْ

ফাউলা—ইকা হুমুল মুফ্লিহূন। ১৭। ইন্ তুক্বরিদুল্লা-হা ক্বারদ্বান হ্বাসানাই ইউদ্বা-'ইফ্হু লাকুম

মুক্ত রয়েছে তারাই কৃতকার্য। (১৭) যদি তোমরা আল্লাহকে উত্তম কর্জ (ঋণ) দান কর, তবে তিনিই তার দ্বিগুণ তোমাদেরকে বাড়িয়ে দিবেন,

২ ع ১৬ রুকূ

وَيَغْفِرْ لَكُمْ ۚ وَاللَّهُ شَكُورٌ حَلِيمٌ ۝ عَالِمُ الْغَيْبِ وَالشَّهَادَةِ الْعَزِيزُ الْحَكِيمُ ۝

ওয়া ইয়াগ্ফির্লাকুম ; ওয়াল্লা-হু শাকূরুন হ্বালীম। ১৮। 'আ-লিমুল গাইবি ওয়াশ্শাহা-দাতিল 'আযীযুল হ্বাকীম।

এবং তোমাদের ক্ষমা করবেন। আল্লাহ গুণজ্ঞ, ধৈর্যশীল। (১৮) তিনি অদৃশ্য ও প্রকাশ্য বিষয়ের মহাজ্ঞানী, মহা প্রতাপশালী বিজ্ঞ।

সূরা ত্বালা-ক্ব মাদানী

আয়াত ঃ ১২ রুকূ ঃ ২

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি

يَا أَيُّهَا النَّبِيُّ إِذَا طَلَّقْتُمُ النِّسَاءَ فَطَلِّقُوهُنَّ لِعِدَّتِهِنَّ وَأَحْصُوا الْعِدَّةَ ۚ

১। ইয়া~আইয়ুহান নাবিয়্যু ইযা- ত্বাল্লাক্বতুমুন্ নিসা—আ ফাত্বাল্লিক্বূহুন্না লি'ইদ্দাতিহিন্না ওয়া আহ্স্বুল 'ইদ্দাতা,

(১) হে নবী! আপনি বলুন, তোমরা যখন স্ত্রীদেরকে তালাক দিবে, তখন তাদেরকে তালাক দিবে, তাদের ইদ্দতের দিক খেয়াল করে, ইদ্দতের হিসাব রেখ;

○ শানে নুযূল (আঃ ১) ঃ হযরত আবদুল্লাহ ইবনে উমর (রা) থেকে বর্ণিত, তিনি বলেন, তাঁর স্ত্রীকে তিনি হায়েয তথা ঋতুবর্তী অবস্থায় তালাক দেন। হযরত উমর (রা) একথা রাসূল (স)-কে জানালে রাসূল (স) অত্যন্ত ক্রুদ্ধ হয়ে বলেন, তাকে বল, সে যেন তার স্ত্রীকে হায়েয অবস্থায় প্রত্যাহার করে নেয় এবং তাকে নিজ বিবাহে রেখে দেয়। এরপর তার স্ত্রী হায়েয থেকে পবিত্র হওয়ার পর তাকে তালাক দিতে চাইলে সহবাসের পূর্বে পবিত্র অবস্থায় তালাম দেবে। রাসূল (স)-এর নির্দেশিত এই ইদ্দতের আদেশই আল্লাহ তায়ালা এই সূরার মাধ্যমে নাযিল করেছেন। অন্য রেওয়ায়েতে হযরত আনাস (রা) বলেন, রাসূল (স) কোন কারণে হযরত হাফসা (রা)-কে তালাক দিলে আল্লাহ তায়ালা হাফসা (রা)-কে ফিরিয়ে নেয়ার জন্য রাসূল (স)-কে নির্দেশ করে বলেন, সে জান্নাতেও আপনার সঙ্গিনী হবে। তখন এ সূরার কয়েকটি আয়াত নাযিল করেন। (বুখারী)

وَاتَّقُوا اللّٰهَ رَبَّكُمْ ۚ لَا تُخْرِجُوهُنَّ مِنْ بُيُوتِهِنَّ وَلَا يَخْرُجْنَ إِلَّا أَنْ يَأْتِينَ

ওয়াত্তাকুল্লা-হা রাব্বাকুম, লা- তুখ্‌রিজূহুন্না মিম বুইয়ূতিহিন্না ওয়ালা- ইয়াখ্‌রুজ্‌না ইল্লা~আইঁ ইয়া'তীনা

এবং আল্লাহকে ভয় কর, যিনি তোমাদের প্রতিপালক। তোমরা তাদেরকে তাদের গৃহ থেকে বের কর না এবং তারাও যেন বের না হয়। তবে যদি তারা প্রকাশ্য

بِفَاحِشَةٍ مُبَيِّنَةٍ ۚ وَتِلْكَ حُدُودُ اللّٰهِ ۚ وَمَنْ يَتَعَدَّ حُدُودَ اللّٰهِ فَقَدْ ظَلَمَ نَفْسَهُ ۚ

বিফা-হ্বিশাতিম্ মুবাইয়্যিনাতিন ; ওয়া তিল্‌কা হুদূদুল্লা-হি ; ওয়া মাইঁ ইয়াতা'আদ্দা হুদূদাল্লা-হি ফাক্বাদ্ জালামা নাফসাহূ ;

অশ্লীল কাজে জড়িত হয়, তবে সে কথা ভিন্ন। এটা আল্লাহর নির্ধারিত। আর যে আল্লাহর নির্ধারিত বিধানে বাড়াবাড়ি করে, সে তার নিজের ওপরই জুলুম করে।

لَا تَدْرِي لَعَلَّ اللّٰهَ يُحْدِثُ بَعْدَ ذٰلِكَ أَمْرًا ﴿٢﴾ فَإِذَا بَلَغْنَ أَجَلَهُنَّ فَأَمْسِكُوهُنَّ

লা- তাদ্‌রী লা'আল্লাল্লা-হা ইউহ্বদিছু বা'দা যা-লিকা আম্‌রা-। ২। ফাইযা- বালাগ্‌না আজ্বালাহুন্না ফাআম্‌সিকূহুন্না

তুমি জান না আল্লাহ হয়তো এরপরে নতুন এক ব্যবস্থা করে দিবেন। (২) যখন তাদের ইদ্দতের নির্দিষ্ট সময় পৌঁছে যাবে, তখন তাদেরকে হয় তোমরা

بِمَعْرُوفٍ أَوْ فَارِقُوهُنَّ بِمَعْرُوفٍ وَأَشْهِدُوا ذَوَيْ عَدْلٍ مِنْكُمْ وَأَقِيمُوا

বিমা'রূফিন আও ফা-রিক্বূহুন্না বিমা'রূফিওঁ ওয়া আশ্‌হিদূ যাওয়াই 'আদ্‌লিম মিন্‌কুম ওয়া আক্বীমুশ

(শরীয়তের) বিধি অনুযায়ী রেখে দিবে, না হয় বিধি অনুসারে ছেড়ে দিবে, এবং তোমাদের থেকে দুজন বিশ্বস্ত ব্যক্তিকে সাক্ষী হিসেবে রাখবে।

الشَّهَادَةَ لِلّٰهِ ۚ ذٰلِكُمْ يُوعَظُ بِهِ مَنْ كَانَ يُؤْمِنُ بِاللّٰهِ وَالْيَوْمِ الْآخِرِ ۚ

শাহা-দাতা লিল্লা-হি ; যা-লিকুম ইউ'আজু বিহী মান কা-না ইউ'মিনু বিল্লা-হি ওয়াল্ ইয়াওমিল্ আ-খিরি ;

তোমরা আল্লাহর জন্য সঠিক সাক্ষী দাও। এ দ্বারা উপদেশ দেয়া হচ্ছে তাকে, যে ঈমান এনেছে আল্লাহ ও পরকালের দিবসে,

وَمَنْ يَتَّقِ اللّٰهَ يَجْعَلْ لَهُ مَخْرَجًا ﴿٣﴾ وَيَرْزُقْهُ مِنْ حَيْثُ لَا يَحْتَسِبُ ۚ

ওয়া মাইঁ ইয়াত্তাক্বিল্লা-হা ইয়াজ্ব'আল লাহূ মাখ্‌রাজ্বা-। ৩। ওয়া ইয়ার্‌যুক্বহু মিন্ হ্বাইছু লা- ইয়াহ্বতাসিবু ;

যে আল্লাহকে ভয় করে, আল্লাহ তার জন্য শান্তির পথ বের করে দেন, (৩) এবং তাকে এমন ভাবে রিযিক প্রদান করবেন, যা সে ধারণাও করতে

وَمَنْ يَتَوَكَّلْ عَلَى اللّٰهِ فَهُوَ حَسْبُهُ ۚ إِنَّ اللّٰهَ بَالِغُ أَمْرِهِ ۚ قَدْ جَعَلَ اللّٰهُ لِكُلِّ

ওয়া মাইঁ ইয়াতাওয়াক্কাল 'আলাল্লা-হি ফাহুওয়া হ্বাস্‌বুহূ ; ইন্নাল্লা-হা বা-লিগু আম্‌রিহী ; ক্বাদ্ জ্বা'আলাল্লা-হু লিকুল্লি

পারবে না। যে আল্লাহর প্রতি ভরসা রাখে, আল্লাহই তার জন্য যথেষ্ট। নিশ্চয়ই আল্লাহ তাঁর প্রতিটি কাজই সু-সম্পন্ন করে থাকেন। আল্লাহ

شَيْءٍ قَدْرًا ﴿٤﴾ وَاللَّائِي يَئِسْنَ مِنَ الْمَحِيضِ مِنْ نِسَائِكُمْ إِنِ ارْتَبْتُمْ

শাইয়িন ক্বাদরা-। ৪। ওয়াল্ লা—ঈ ইয়াইস্‌না মিনাল্ মাহ্বীদ্বি মিন্ নিসা—ইকুম্ ইনির্ তাব্‌তুম

প্রতিটি বস্তুরই রেখেছেন পরিমাপ। (৪) যে সব স্ত্রী ঋতুস্রাব হতে হতাশ হয়ে গেছে, যদি তোমাদের সন্দেহ হয়ে থাকে, তবে তাদের

فَعِدَّتُهُنَّ ثَلَاثَةُ أَشْهُرٍ وَاللَّائِي لَمْ يَحِضْنَ ۚ وَأُولَاتُ الْأَحْمَالِ أَجَلُهُنَّ

ফা'ইদ্দাতুহুন্না ছালা-ছাতু আশ্‌হুরিওঁ ওয়াল্লা—ঈ লাম ইয়াহ্বিদ্বনা ; ওয়া উলা-তুল আহ্বমা-লি আজ্বালুহুন্না

ইদ্দত হল তিন মাস। আর যাদের এখনও ঋতুস্রাব শুরু হয়নি, তাদেরও (অনুরূপ ইদ্দত) এবং গর্ভবর্তী নারীদের ইদ্দতের সময়কাল

أَنْ يَضَعْنَ حَمْلَهُنَّ ۚ وَمَنْ يَتَّقِ اللّٰهَ يَجْعَلْ لَهُ مِنْ أَمْرِهِ يُسْرًا ﴿٤﴾ ذٰلِكَ أَمْرُ اللّٰهِ

আইঁ ইয়াদ্বা'না হ্বাম্‌লাহুন্না ; ওয়া মাইঁ ইয়াত্তাক্বিল্লা-হা ইয়াজ্ব'আল লাহূ মিন্ আম্‌রিহী ইউস্‌রা-। ৫। যা-লিকা আম্‌রুল্লা-হি

(গর্ভের) সন্তান প্রসব পর্যন্ত। আল্লাহকে যে ভয় করে, আল্লাহ (তার জন্য) সব কাজগুলোকে অতি সহজ করে দেন। (৫) এ সব আল্লাহর নির্দেশ,

أَنْزَلَهُ إِلَيْكُمْ ۚ وَمَنْ يَتَّقِ اللّٰهَ يُكَفِّرْ عَنْهُ سَيِّئَاتِهِ وَيُعْظِمْ لَهُ أَجْرًا ﴿٥﴾ أَسْكِنُوهُنَّ

আন্‌যালাহূ~ইলাইকুম ; ওয়া মাইঁ ইয়াত্তাক্বিল্লা-হা ইউকাফ্‌ফির 'আন্‌হু সাইয়্যিআ-তিহী ওয়া ইউ'জিম লাহূ~আজ্বরা-। ৬। আস্‌কিনূহুন্না

যা তিনি তোমার কাছে অবতীর্ণ করেছেন। যে আল্লাহকে ভয় করে, তিনি তার গুনাহগুলো তার (আমলনামা) থেকে মিটিয়ে দিবেন এবং তাকে দিবেন মহা প্রতিদান। (৬) এবং

مِنْ حَيْثُ سَكَنْتُمْ مِنْ وُجْدِكُمْ وَلَا تُضَارُّوهُنَّ لِتُضَيِّقُوا عَلَيْهِنَّ ۚ وَإِنْ كُنَّ

মিন্ হ্বাইছু সাকান্‌তুম মিওঁ উজ্বদিকুম ওয়ালা- তুদ্বা—ররূহুন্না লিতুদ্বাইয়্যিক্বূ 'আলাইহিন্না ; ওয়া ইন্ কুন্না

তাদেরকে তোমরা তোমাদের সাধ্যানুযায়ী যেখানে তোমরা বাস কর, তাদেরকেও সেখানে রাখ। তাদেরকে সঙ্কটে ফেলার উদ্দেশ্যে কষ্ট দিও না, যদি সে

أُولَاتِ حَمْلٍ فَأَنْفِقُوا عَلَيْهِنَّ حَتّٰى يَضَعْنَ حَمْلَهُنَّ ۚ فَإِنْ أَرْضَعْنَ لَكُمْ فَآتُوهُنَّ

উলা-তি হ্বাম্‌লিন্ ফাআন্‌ফিক্বূ 'আলাইহিন্না হ্বাত্তা- ইয়াদ্বা'না হ্বাম্‌লাহুন্না, ফাইন্ আর্‌দ্বা'না লাকুম ফাআ-তূহুন্না

গর্ভবতী হয়, তবে সন্তান প্রসব পর্যন্ত তার জন্য ব্যয় করবে, যদি সে তোমার সন্তানকে স্তন্য পান করায়, তবে তাকে তার বিনিময় প্রদান কর

أُجُورَهُنَّ ۚ وَأْتَمِرُوا بَيْنَكُمْ بِمَعْرُوفٍ ۚ وَإِنْ تَعَاسَرْتُمْ فَسَتُرْضِعُ لَهُ أُخْرَىٰ ﴿٦﴾

উজূরাহুন্না, ওয়া'তামিরূ বাইনাকুম বিমা'রূফিন, ওয়া ইন তা'আ-সার্‌তুম ফাসাতুরদ্বি'উ লাহূ~উখরা-।

এবং তোমরা পরস্পরে সৌহার্দপূর্ণ আলোচনা করে নিবে। আর তোমাদের পারস্পরিক আলোচনা যদি অসঙ্গতি পূর্ণ হয় তবে অন্য মহিলা তার পক্ষে স্তন্য পান করাবে।

﴿٧﴾ لِيُنْفِقْ ذُو سَعَةٍ مِنْ سَعَتِهِ ۚ وَمَنْ قُدِرَ عَلَيْهِ رِزْقُهُ فَلْيُنْفِقْ مِمَّا آتَاهُ اللّٰهُ ۚ

৭। লিইউন্‌ফিক্ব যূ সা'আতিম্ মিন সা'আতিহী ; ওয়া মান্ কুদিরা 'আলাইহি রিয্‌ক্বুহূ ফাল্‌ইউন্‌ফিক্ব মিম্মা~আ-তা-হুল্লা-হু;

(৭) সামর্থ্যবান ব্যক্তি নিজ সামর্থ্য অনুযায়ী ব্যয় করবে। আর যার ওপর রিযিক সঙ্কুচিত করে দেয়া হয়েছে (অর্থাৎ গরীব) সে যেন ব্যয় করে, আল্লাহ যা

لَا يُكَلِّفُ اللّٰهُ نَفْسًا إِلَّا مَا آتَاهَا ۚ سَيَجْعَلُ اللّٰهُ بَعْدَ عُسْرٍ يُسْرًا ﴿٨﴾ وَكَأَيِّنْ مِنْ

লা- ইউকাল্লিফুল্লা-হু নাফ্‌সান ইল্লা- মা~আ-তা-হা- ; সাইয়াজ্ব'আলুল্লা-হু বা'দা 'উস্‌রিইঁ ইউস্‌রা-। ৮। ওয়া কাআইয়্যিম্ মিন্

দিয়েছেন তার থেকে আল্লাহ কোন বান্দাকে তার প্রদত্ত সামর্থ্যের বাইরে কোন কষ্ট দেন না। আল্লাহ দুঃখের পর দেন সুখ। (৮) কত জনপদ, তার

১ ৬(৭) ১৭ রুকূ

قَرْيَةٍ عَتَتْ عَنْ أَمْرِ رَبِّهَا وَرُسُلِهِ فَحَاسَبْنَاهَا حِسَابًا شَدِيدًا وَعَذَّبْنَاهَا

ক্বার্‌ইয়াতিন 'আতাত্ 'আন্ আম্‌রি রাব্বিহা-ওয়া রুসুলিহী ফাহ্বা-সাব্‌না-হা- হ্বিসা-বান শাদী-দাওঁ ওয়া 'আয্‌যাব্‌না-হা-

প্রতিপালক ও তাঁর রাসূলগণের নির্দেশের অবাধ্য হয়েছে। ফলে আমি তাদের থেকে কঠিন হিসাব নিয়েছিলাম এবং তাদেরকে এমন শাস্তি দিয়েছিলাম,

○ টীকা (আঃ ৬) ঃ অর্থাৎ, তালাক প্রদত্তা স্ত্রীকে ইদ্দতকালে বাসস্থান দেয়া ওয়াজেব। কিন্তু তালাকে বায়েন দিলে উভয়ের এক ঘরে নির্জনবাস জায়েয নয়। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৬) ঃ স্ত্রীও যেন এত অধিক দাবি না করে, যা দেওয়া স্বামীর পক্ষে কষ্টসাধ্য হয়, আর স্বামীও যেন এত কম না দেয়, যাতে স্ত্রীর কার্য অচল হয়ে পড়ে বরং উভয়ে চিন্তা করবে যে, শিশুর মাতাই যেন শিশুকে দুধ পান করাতে পারে। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৭) ঃ অর্থাৎ, অপর একজন ধাত্রী তালাশ করে নিবে ; শিশুর মাতাকে বাধ্য করা যাবে না এবং পিতাকেও না। এখানে পিতাকে তিরস্কার করার উদ্দেশ্য, অন্যকে বেশি বিনিময় দিতে পারলে শিশুর মাতাকে কেন দিবে না? আর স্ত্রীকে তিরস্কার করার উদ্দেশ্য, তুমি অধিক বিনিময়ের জন্য সন্তানকে দুধ পান করালে না, পৃথিবীতে কি আর দুগ্ধবতী স্ত্রী লোক নাই? (বঃ কোঃ)

عَذَابًا نُّكْرًا ۝ فَذَاقَتْ وَبَالَ أَمْرِهَا وَكَانَ عَاقِبَةُ أَمْرِهَا خُسْرًا ۝١٠ أَعَدَّ اللّٰهُ

'আযা-বান নুক্‌রা-। ৯। ফাযা-ক্বাত্ ওয়া বা-লা আমরিহা- ওয়া কা-না 'আ-ক্বিবাতু আম্‌রিহা- খুস্‌রা-। ১০। আ'আদ্দাল্লা-হু
যা ছিল ভয়ঙ্কর। (৯) অতঃপর তারা তাদের কর্মের পরিণাম (শাস্তি) ভোগ করেছে; আর তাদের কর্মের পরিণাম খুবই ক্ষতিকর ছিল। (১০) আল্লাহ তাদের

لَهُمْ عَذَابًا شَدِيدًا ۙ فَاتَّقُوا اللّٰهَ يٰٓأُولِي الْأَلْبَابِ ۚ الَّذِينَ آمَنُوا ۚ قَدْ

লাহুম 'আযা-বান্ শাদীদান্ ফাত্তাকুল্লা-হা ইয়া~উলিল আলবা-বিল লাযীনা আ-মানূ ; ক্বাদ
○ সূরা আদ্ দোহা-এর শানে নুযূল : এ সূরাটি অবতীর্ণ হবার কারণ এই যে, যখন রাসূলুল্লাহ (স) মক্কা শরীফে ইসলামের দাওয়াত দিতে ছিলেন তখন মক্কা শরীফের লোকেরা, মদীনা শরীফের, ইয়াহুদীগণের নিকট এ বলে খবর প্রেরণ করে যে, আমাদের মধ্যে একজন লোক নবুওয়াতির দাবী করছেন। এ ব্যাপারে তোমাদের কিতাবের মধ্যে কি লেখা আছে, তা আমাদেরকে জানাও। যাতে আমরা তাকে যাচাই করতে পারি। ইয়াহুদীগণ বলে পাঠাল যে, তাঁর কাছে 'জুলকার নাইন' ও 'আসহাবে কাহাফের' বিবরণ ও ইতিহাস জিজ্ঞাসা কর। এর দ্বারা তার সত্যতা প্রকাশ পাবে। মক্কার লোকেরা রাসূলুল্লাহর (স)-এর কাছে এ সম্পর্কে জিজ্ঞাসা করল। তদুত্তরে তিনি (স) বললেন যে, "আমি আগামীকাল জবাব দিব।" কিন্তু তিনি ভুলে 'ইনশাআল্লাহ' (আল্লাহর ইচ্ছায়) বলেননি। এ কারণে দশ, পনের, অথবা চল্লিশ দিন পর্যন্ত তাঁর প্রতি কুরআন শরীফ অবতীর্ণ হয়নি। রাসূলুল্লাহ (স) তজ্জন্য দুঃখে মর্মাহত হলেন। আবু জাহল ও কাফিরগণ এতে এ বলে ঠাট্টা, উপহাস করতে লাগল। "তোমার খোদা তোমাকে পরিত্যাগ করেছেন।" এ প্রেক্ষিতে এ সূরাটি অবতীর্ণ হয়। (তাঃ আঃ হাই সিদ্দিকী)

فَتَرْضٰى ﴿٦﴾ اَلَمْ يَجِدْكَ يَتِيْمًا فَاٰوٰى ﴿٧﴾ وَوَجَدَكَ ضَآلًّا

ফাতারদ্বা-। ৬। আলাম ইয়াজিদ্‌কা ইয়াতীমান ফাআ-ওয়া-। ৭। ওয়া ওয়াজাদাকা দ্বা—ল্লান
আর আপনি খুশী হবেন। (৬) তিনি কি আপনাকে ইয়াতীমরূপে পেয়ে আশ্রয় দেননি? (৭) তিনি আপনাকে অনবহিত পেয়ে, আপনাকে (দিন সম্পর্কে) সঠিক পথ

فَهَدٰى ﴿٨﴾ وَوَجَدَكَ عَآئِلًا فَاَغْنٰى ﴿٩﴾ فَاَمَّا الْيَتِيْمَ فَلَا تَقْهَرْ

ফাহাদা-। ৮। ওয়া ওয়াজাদাকা 'আ—ইলান্ ফাআগ্‌না-। ৯। ফাআম্মাল্ ইয়াতীমা ফালা- তাক্বহার।
প্রদর্শন করলেন (জানিয়ে দিলেন), (৮) তিনি আপনাকে দরিদ্র অবস্থায় পেয়ে, অভাবমুক্ত করলেন। (৯) অতএব, আপনি ইয়াতীমদের প্রতি কঠোর হবেন না।

﴿١٠﴾ وَاَمَّا السَّآئِلَ فَلَا تَنْهَرْ ﴿١١﴾ وَاَمَّا بِنِعْمَةِ رَبِّكَ فَحَدِّثْ

১ রুকূ ২১ / ১৮ রুকূ

১০। ওয়া আম্মাস সা—ইলা ফালা- তান্‌হার। ১১। ওয়া আম্মা- বিনি'মাতি রাব্বিকা ফাহাদ্দিছ্।
(১০) এবং আপনি ভিক্ষুককে ধমক দিবেন না। (১১) আপনি আপনার প্রতিপালকের অনুগ্রহের কথা বর্ণনা করুন।

সূরা আলাম নাশরাহ
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

আয়াত ৪ ৮
রুকূ ৪ ১

﴿١﴾ اَلَمْ نَشْرَحْ لَكَ صَدْرَكَ ﴿٢﴾ وَوَضَعْنَا عَنْكَ وِزْرَكَ ﴿٣﴾ الَّذِىْۤ اَنْقَضَ

১। আলাম নাশ্‌রাহ্ লাকা স্বাদ্‌রাকা। ২। ওয়া ওয়াদ্বা'না- 'আন্‌কা ওয়িয্‌রাক্ ৩। আল্লাযী~আন্‌ক্বাদ্বা
(১) আমি কি আপনার জন্য আপনার বক্ষ প্রসারিত করিনি? (২) আপনার থেকে আপনার ভার সরিয়ে দিয়েছি। (৩) যে ভার আপনার পৃষ্ঠকে

ظَهْرَكَ ﴿٤﴾ وَرَفَعْنَا لَكَ ذِكْرَكَ ﴿٥﴾ فَاِنَّ مَعَ الْعُسْرِ يُسْرًا ﴿٦﴾ اِنَّ مَعَ

জাহ্‌রাক। ৪। ওয়া রাফা'না- লাকা যিক্‌রাক্। ৫। ফাইন্না মা'আল্ 'উস্‌রি ইউস্‌রান। ৬। ইন্না মা'আল
বাঁকা করে দিয়েছিল। (৪) আর আমি আপনার স্মরণ (নাম) সমুন্নত করেছি, (৫) দুঃখের সাথেই আছে শান্তি। (৬) নিশ্চয়ই

الْعُسْرِ يُسْرًا ﴿٧﴾ فَاِذَا فَرَغْتَ فَانْصَبْ ﴿٨﴾ وَاِلٰى رَبِّكَ فَارْغَبْ

১ রুকূ ৪ / ১৯ রুকূ

'উস্‌রি ইউস্‌রা-। ৭। ফাইযা- ফারাগ্‌তা ফান্‌স্বাব্। ৮। ওয়া ইলা- রাব্বিকা ফার্‌গাব।
দুঃখের সাথেই আছে শান্তি। (৭) যখন অবসর পাও তখন ইবাদাতে মেহনত (কষ্ট) করো। (৮) আর আপনার প্রতিপালকের দিকে মন নিবিষ্ট করুন।

○ সূরা ইনশিরাহ-এর শানে নুযূল : রাসূলুল্লাহ (স) একবার আল্লাহ তায়ালার দরবারে আরজ করেন, হে আল্লাহ! আপনি হযরত ইব্রাহীম (আ)-কে খলীলুল্লাহ (আল্লাহর বন্ধু) উপাধিতে ভূষিত করেছেন। হযরত মূসা (আ)-কে কালিমুল্লাহ (আল্লাহর সাথে কথোপকথনকারী) নামে অভিহিত করেছেন। হযরত দাউদ (আ)-এর জন্য লোহা ও পর্বত বশীভূত করে দিয়েছেন এবং হযরত সোলায়মান (আ)-এর জন্য বায়ু, জ্বীন ও অগ্নিকে বশীভূত করে দিয়েছেন। অনুরূপভাবে আপনি আপনার পক্ষ থেকে আমার জন্য বিশেষভাবে কি দান করেছেন? তখন এ সূরাটি অবতীর্ণ হয়। (তাঃ আঃ হাই সিদ্দিকী) ○ টীকা (আঃ ১) : অর্থাৎ, আমি আপনাকে ব্যাপক ধর্মজ্ঞান, প্রচুর সহিষ্ণুতা এবং ধৈর্য দান করেছি, যেন প্রতিপক্ষ হতে আগত প্রতিবন্ধকতায় ও অত্যাচারে অস্থির না হন। (বঃ কোনঃ) ○ টীকা (আঃ ২) : অর্থাৎ, গুনাহজনিত চিন্তার বোঝা। হুযূর (স) নিষ্পাপ ছিলেন, কিন্তু কোন কোন মোবাহ্ কাজ তিনি সঙ্গত বলে করতেন, পরে তা অসঙ্গত প্রতিপন্ন হলে তাতে তিনি চিন্তিত হতেন। তিনি আল্লাহর হাবীব, তাঁর অস্বস্তির দরুন আল্লাহ বলেন, আপনার উক্ত বোঝা অপসারিত করেছি। (বঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ৪) : ورفعنا لك ذكرك, অর্থাৎ হে নবী! যেখানে আল্লাহ তায়ালার নাম স্মরণ করা হয়, সেখানে আপনার নামও স্মরণ করা হয়। যেমন আজান, নামাজের তাশাহুদ পাঠে। (কুঃ কারীম) ○ টীকা (আঃ ৬) : হাদীসে কুদসীতে আছে, আমার নামের সঙ্গে আপনার নামও উচ্চারিত হয়। আর খোৎবা, তাশাহহুদ, নামায, আযান ও একামত ইত্যাদিতে আল্লাহর নামের সাথেই হুযূর (স)-এর নাম উচ্চারণের বিধান রয়েছে। সুতরাং আল্লাহর পরেই তাঁর মর্যাদা সর্বোচ্চ। (বঃ কোঃ)

সূরা তীন
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ৮
রুকূ ঃ ১

وَالتِّيْنِ وَالزَّيْتُوْنِ ۝١ وَطُوْرِ سِيْنِيْنَ ۝٢ وَهٰذَا الْبَلَدِ الْاَمِيْنِ ۝٣

১। ওয়াত্তীনি ওয়ায্‌যাইতূনি ২। ওয়া তূরি সীনীনা। ৩। ওয়া হা-যাল্ বালাদিল্ আমীন।
(১) শপথ তীনের ও যয়তুনের, (২) শপথ সিনাই পাহাড়ের, (৩) আর শপথ এ নিরাপদ (মক্কা) শহরের;

لَقَدْ خَلَقْنَا الْاِنْسَانَ فِيْٓ اَحْسَنِ تَقْوِيْمٍ ۝٤ ثُمَّ رَدَدْنٰهُ اَسْفَلَ سٰفِلِيْنَ ۝٥

৪। লাক্বাদ্ খালাক্বনাল্ ইন্‌সা-না ফী~আহ্‌সানি তাক্বওয়ীম। ৫। ছুম্মা রাদাদ্‌না-হু আস্‌ফালা সা-ফিলীন।
(৪) নিশ্চয়ই আমি মানুষকে সৃষ্টি করেছি, অতি উৎকৃষ্ট আকৃতিতে, (৫) অতঃপর তাকে আমি নীচুর থেকে নীচু করে দেই।

اِلَّا الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ فَلَهُمْ اَجْرٌ غَيْرُ مَمْنُوْنٍ ۝٦

৬। ইল্লাল লাযীনা আ-মানূ ওয়া'আমিলুস্ব স্বা-লিহ্বা-তি ফালাহুম আজ্‌রুন্ গাইরু মামনূন।
(৬) কিন্তু যারা ঈমান আনে ও নেক আমল করে, তারা ব্যতীত তাদের জন্য রয়েছে অফুরন্ত প্রতিদান,

فَمَا يُكَذِّبُكَ بَعْدُ بِالدِّيْنِ ۝٧ اَلَيْسَ اللّٰهُ بِاَحْكَمِ الْحٰكِمِيْنَ ۝٨

৭। ফামা- ইউকায্‌যিবুকা বা'দু বিদ্দীন। ৮। আলাইসাল্লা-হু বিআহ্‌কামিল্ হা-কিমীন।
(৭) অতএব বিচার দিবস কিয়ামত সম্পর্কে অবিশ্বাস করতে তোমাকে উদ্বুদ্ধ করে? (৮) আল্লাহ কি সব ফয়সালাকারীর চেয়ে শ্রেষ্ঠ ফয়সালাকারী নন?

সূরা 'আলা-ক্ব
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ১৯
রুকূ ঃ ১

اِقْرَاْ بِاسْمِ رَبِّكَ الَّذِيْ خَلَقَ ۝١ خَلَقَ الْاِنْسَانَ مِنْ عَلَقٍ ۝٢ اِقْرَاْ وَرَبُّكَ

১। ইক্বরা' বিস্‌মি রাব্বিকাল্ লাযী খালাক্ব। ২। খালাক্বাল্ ইন্‌সা-না মিন্ 'আলাক্ব। ৩। ইক্বরা', ওয়া রাব্বুকাল্
(১) পাঠ করুন, আপনার সে রবের নামে, যিনি আপনাকে সৃষ্টি করেছেন। (২) যিনি মানুষ সৃষ্টি করেছেন জমাটবদ্ধ রক্ত হতে। (৩) পাঠ করুন আর আপনার রব

الْاَكْرَمُ ۝٣ الَّذِيْ عَلَّمَ بِالْقَلَمِ ۝٤ عَلَّمَ الْاِنْسَانَ مَا لَمْ يَعْلَمْ ۝٥ كَلَّآ اِنَّ

আক্‌রামুল্ ৪। লাযী 'আল্লামা বিল্‌ক্বালাম। ৫। 'আল্লামাল্ ইন্‌সা-না মা-লাম্ ই'য়ালাম। ৬। কাল্লা~ইন্নাল্
হচ্ছেন অতি মহান। (৪) তিনি কলমের দ্বারা শিখায়েছেন। (৫) যিনি মানুষকে তা শিখায়েছেন, যা সে জানত না। (৬) কিন্তু না

✪ সূরা আলাকের শানে নুযূল ঃ অধিকাংশ আলেমের মতে, কুরআন মাজীদের প্রথম অবতীর্ণ আয়াত, এ সূরার প্রথম পাঁচ আয়াত। এ আয়াতসমূহ অবতীর্ণের প্রেক্ষাপট এই যে, রাসূলুল্লাহ (স) হেরা পর্বতে বসা অবস্থায়, বা দাঁড়ান অবস্থায় ছিলেন। অকস্মাৎ হযরত জিবরাঈল (আ) রাসূলুল্লাহ (স)-এর কাছে হাজির হলেন এবং বললেন, হে মুহাম্মদ! (স) আল্লাহ তায়ালা আমাকে আপনার কাছে প্রেরণ করেছেন। আপনি আল্লাহর রাসূল, এ উম্মতের জন্য। অতঃপর বললেন, "ইক্বরা'! (পড়ুন!) রাসূলুল্লাহ (স) বললেন, আমি পড়তে জানি না। অতঃপর জিবরাঈল (আ) খুবজোরে রাসূলুল্লাহ (স)-কে আলিঙ্গন করেন, (বুকে জড়িয়ে ধরেন) এবং ছেড়ে দিলেন। তারপর বললেন, 'পড়ুন' তিনি অনুরূপ জবাব দিলেন। পুনরায় জিবরাঈল (আ) তাঁকে বুকে জড়িয়ে ধরলেন এবং ছেড়ে দিলেন এবং বললেন, اقرا باسم ربك الذي خلق অর্থাৎ পড়ুন, আপনার প্রতিপালকের নামে, যিনি সৃষ্টি করেছেন। (তাঃ কাদেরী)

الْاِنْسَانَ لَيَطْغٰٓى ۝٦ اَنْ رَّاٰهُ اسْتَغْنٰى ۝٧ اِنَّ اِلٰى رَبِّكَ الرُّجْعٰى ۝٨ اَرَءَيْتَ

ইন্‌সা-না লাইয়াত্বগা~৭। আর্‌রাআ-হুস্ তাগ্‌না-। ৮। ইন্না ইলা- রাব্বিকার্ রুজ্'আ-। ৯। আরাআইতাল
বরং মানুষতো সীমা অতিক্রম করেই চলছে, (৭) কারণ সে নিজেকে স্বয়ংসম্পূর্ণ মনে করছে। (৮) আপনার রবের কাছে সবাইকেই ফিরে যেতে হবে। (৯) আপনি কি তাকে

الَّذِيْ يَنْهٰى ۝٩ عَبْدًا اِذَا صَلّٰى ۝١٠ اَرَءَيْتَ اِنْ كَانَ عَلَى الْهُدٰٓى ۝١١ اَوْ اَمَرَ

লাযী ইয়ানহা- ১০। 'আব্‌দান ইযা- স্বাল্লা-। ১১। আরাআইতা ইন কা-না 'আলাল্ হুদা~। ১২। আও আমারা
দেখেছেন, যে বারণ করে, (১০) এক বান্দাকে যখন সে নামাজ আদায় করে? (১১) আচ্ছা আপনি কি চিন্তা করে দেখেছেন, যদি সে সঠিক পথে থাকে। (১২) অথবা নির্দেশ দেয়

بِالتَّقْوٰى ۝١٢ اَرَءَيْتَ اِنْ كَذَّبَ وَتَوَلّٰى ۝١٣ اَلَمْ يَعْلَمْ بِاَنَّ اللّٰهَ يَرٰى ۝١٤

বিত্তাক্বওয়া-। ১৩। আরাআইতা ইন্ কায্‌যাবা ওয়া তাওয়াল্লা-। ১৪। আলাম ই'য়ালাম্ বিআন্নাল্লা-হা ইয়ারা-।
পরহেজগারির? (১৩) আপনি কি চিন্তা করে দেখেছেন, যদি সে মিথ্যা বলে। আর সত্য প্রত্যাখান করে? (১৪) সে কি জানে না যে, নিশ্চয়ই আল্লাহ সব কিছু দেখেন?

كَلَّا لَئِنْ لَّمْ يَنْتَهِ ۙ لَنَسْفَعًا بِالنَّاصِيَةِ ۝١٥ نَاصِيَةٍ كَاذِبَةٍ خَاطِئَةٍ ۝١٦ فَلْيَدْعُ

১৫। কাল্লা- লাইল্ লাম ইয়ান্‌তাহি লানাস্‌ফা'আম্ বিন্না-স্বিয়াহ্। ১৬। না-ছিয়াতিন্ কা-যিবাতিন্ খা-ত্বিআহ্। ১৭। ফাল্‌ইয়াদ্'উ
(১৫) কিন্তু না, সে যদি তার অন্যায় কাজ থেকে বিরত না হয়, তবে আমি মাথার সম্মুখস্থ চুল ধরে সজোরে অবশ্যই টানব, (১৬) যা মিথ্যাবাদী ও পাপিষ্ঠের মাথার সম্মুখস্থ চুল। (১৭) তারপর সে যেন তার সাথীদেরকে

সিজদাহ

نَادِيَهٗ ۝١٧ سَنَدْعُ الزَّبَانِيَةَ ۝١٨ كَلَّا ؕ لَا تُطِعْهُ وَاسْجُدْ وَاقْتَرِبْ ۝١٩

না-দিয়াহ্, ১৮। সানাদ্'উয্ যাবা-নিয়াহ্ ১৯। কাল্লা; লা-তু'ত্বিহ্ ওয়াস্‌জুদ্ ওয়াক্বতারিব্।
ডাক, (১৮) আমি তখন ডাকব জাহান্নামের প্রহরীকে, (১৯) কখনই না, আপনি তার কথা শোনবে না এবং আপনি সিজদা করুন। আর (আল্লাহর) নৈকট্য অর্জন করুন।

সিজদাহ্ ঃ ১৪ — ১ রুকূ ২১ রুকূ

সূরা ক্বাদর
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ৫
রুকূ ঃ ১

اِنَّآ اَنْزَلْنٰهُ فِيْ لَيْلَةِ الْقَدْرِ ۝١ وَمَآ اَدْرٰىكَ مَا لَيْلَةُ الْقَدْرِ ۝٢

১। ইন্না~আন্‌যাল্‌না-হু ফী লাইলাতিল্ ক্বাদ্‌রি। ২। ওয়ামা~আদ্‌রা-কা মা- লাইলাতুল্ ক্বাদ্‌রি।
(১) নিশ্চয়ই আমি কদরের সম্মানিত রাতে কুরআন অবতীর্ণ করেছি। (২) আপনি কি জানেন, কদরের রাত কি?

لَيْلَةُ الْقَدْرِ ۙ خَيْرٌ مِّنْ اَلْفِ شَهْرٍ ۝٣ تَنَزَّلُ الْمَلٰٓئِكَةُ وَالرُّوْحُ

৩। লাইলাতুল্ ক্বাদ্‌রি খাইরুম্ মিন্ আল্‌ফি শাহ্‌রিন। ৪। তানায্‌যালুল্ মালা—ইকাতু ওয়ার্‌রূহ
(৩) কদরের রাত হাজার মাসের চেয়ে শ্রেষ্ঠ। (৪) সে রাতে প্রতিটি কাজের (সুষ্ঠু ব্যবস্থাপনার) জন্য ফেরেশতা ও রূহ

৪ ওয়াক্বফুন নবী (সাঃ)

১ বিশ্লেষণ (আঃ ৯) ঃ ينهى عبدا ..... - তফসীরকারদের মতে, বাধা প্রদানকারী আবু জাহল, যে ইসলামের দুশমন। আর عبدا - বান্দা দ্বারা রাসূলুল্লাহ (স)-কে বুঝানো হয়েছে (তুঃ কারীম) ✪ সূরা কদরের শানে নুযূল ঃ একবার রাসূলুল্লাহ (স) বনী ইসরাইলের একজন সাধকের কথা আলোচনা করেন। যিনি একহাজার মাস যাবত দিনের বেলা রোজা রেখে আল্লাহর রাস্তায় যুদ্ধ করতেন এবং রাত জেগে আল্লাহর ইবাদাত করতেন। এ কথা শুনে সাহাবা (রা)-গণ খুব নিরাশ হয়ে পড়লেন। তারা বললেন, আমাদের বয়স পূর্বের উম্মতগণের তুলনায় খুবই কম। আমরা কিভাবে তাঁদের মত নেকআমল করে সওয়াব অর্জন করব। এ প্রেক্ষিতে এ সূরাটি অবতীর্ণ হয়। যাতে রাসূলুল্লাহ (স)-এর উম্মতগণের মর্যাদার কথা আল্লাহ ঘোষণা করেন। (আসহাবুন নুযূল)

فِيهَا بِإِذْنِ رَبِّهِمْ مِنْ كُلِّ أَمْرٍ ۝ سَلَامٌ هِيَ حَتَّىٰ مَطْلَعِ الْفَجْرِ ۝

ফীহা- বিইয্নি রাব্বিহিম, মিন্ কুল্লি আমরিন। ৫। সালা-মুন্, হিয়া হাত্তা- মাত্লা'ইল্ ফাজ্রি।
(জিবরাঈল) তাদের প্রতিপালকের আদেশে অবতীর্ণ হয়। (৫) শান্তি (আল্লাহর বিশেষ অনুগ্রহ) সে রাতে ফজর পর্যন্ত।

সূরা বাইয়্যিনাহ্ মাদানী

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

আয়াত ঃ ৮ রুকূ ঃ ১

لَمْ يَكُنِ الَّذِينَ كَفَرُوا مِنْ أَهْلِ الْكِتَابِ وَالْمُشْرِكِينَ مُنْفَكِّينَ

১। লাম ইয়াকুনিল্ লাযীনা কাফারূ মিন্ আহ্লিল্ কিতা-বি ওয়াল্ মুশ্রিকীনা মুন্ফাক্কীনা
(১) কিতাবীগণের মধ্যে যারা অবিশ্বাসী (কাফির) এবং মুশরিকরা, তারা তাদের পথ থেকে বিচ্ছিন্ন হয়ে (সরে) যাবার মতো ছিলনা

حَتَّىٰ تَأْتِيَهُمُ الْبَيِّنَةُ ۝ رَسُولٌ مِنَ اللَّهِ يَتْلُو صُحُفًا مُطَهَّرَةً ۝ فِيهَا

হাত্তা- তা'তিয়াহুমুল বাইয়্যিনাহ্। ২। রাসূলুম মিনাল্লা-হি ইয়াত্লূ সুহুফাম মুত্বাহ্হারাহ্। ৩। ফীহা-
যতক্ষণ না তাদের কাছে প্রকাশ্য প্রমাণ উপস্থিত হয়, (২) আল্লাহর পক্ষ হতে একজন রাসূল যিনি পাঠ করেন পবিত্র কিতাব, (৩) যাতে

كُتُبٌ قَيِّمَةٌ ۝ وَمَا تَفَرَّقَ الَّذِينَ أُوتُوا الْكِتَابَ إِلَّا مِنْ بَعْدِ مَا جَاءَتْهُمُ

কুতুবুন ক্বায়্যিমাহ্। ৪। ওয়ামা- তাফার্রাক্বাল্ লাযীনা উতুল কিতা-বা ইল্লা- মিম্ 'বা'দি মা- জ্বা—আত্হুমুল্
থাকবে সঠিক বিধানাবলি (৪) যাদেরকে কিতাব দেয়া হয়েছিল, তাদের কাছে প্রকাশ্য প্রমাণ পৌঁছার পরে তারা বিভক্ত

الْبَيِّنَةُ ۝ وَمَا أُمِرُوا إِلَّا لِيَعْبُدُوا اللَّهَ مُخْلِصِينَ لَهُ الدِّينَ حُنَفَاءَ

বাইয়্যিনাহ্। ৫। ওয়ামা~উমিরূ~ইল্লা- লি'য়া'বুদুল্লা-হা মুখ্লিস্বীনা লাহুদ্দীনা, হুনাফা—আ
হয়ে পড়ল। (৫) তাদেরকে শুধু এ নির্দেশই দেয়া হয়েছিল যে, তারা যেন আন্তরিকভাবে আল্লাহর ইবাদাত করে, তাঁরই আনুগত্যে একনিষ্ঠ হয়,

وَيُقِيمُوا الصَّلَاةَ وَيُؤْتُوا الزَّكَاةَ ۚ وَذَٰلِكَ دِينُ الْقَيِّمَةِ ۝ إِنَّ الَّذِينَ

ওয়া ইউক্বীমুস্ব স্বালা-তা ওয়া ইউ'তুয্ যাকা-তা ওয়া যা-লিকা দীনুল্ ক্বাইয়্যিমাহ্। ৬। ইন্নাল্লাযীনা
এবং নামাজ কায়েম করে এবং যাকাত আদায় করে। আর এটাই হচ্ছে সঠিক দ্বীন (বিধান)। (৬) কিতাবীগণের মধ্যে যারা

كَفَرُوا مِنْ أَهْلِ الْكِتَابِ وَالْمُشْرِكِينَ فِي نَارِ جَهَنَّمَ خَالِدِينَ فِيهَا ۚ أُولَٰئِكَ

কাফারূ মিন্ আহ্লিল্ কিতা-বি ওয়াল্ মুশ্রিকীনা ফী না-রি জ্বাহান্নামা খা-লিদীনা ফীহা- ; উলা—ইকা
অবিশ্বাসী (কাফির) তারা, আর মুশরিকরা চিরদিন জাহান্নামের আগুনে জ্বলবে, তারাই

○ সূ। বাইয়্যেনার শানে নুযুল ঃ রাসূলুল্লাহ (স)-এর নবুওয়াতের পূর্বে ইয়াহুদ ও নাসারা এ কামনা করেছিল যে, যদি সর্বশেষ নবী আগমন করেন, তবে আমরা সবাই তাঁর উপর ঈমান আনব। কিন্তু যখন রাসূলুল্লাহ (স) আগমন করেন, তখন তাদের মধ্য হতে কতিপয় ব্যক্তি ছাড়া, আর কেউই রাসূলুল্লাহ (স)-এর প্রতি ঈমান আনেনি। তাদের অবস্থার বর্ণনার জন্য এ সূরাটি অবতীর্ণ হয়। (আসবাব) ○ টীকা (আঃ ৪) ঃ ইহুদী নাছারাগণ সত্যধর্ম সম্বন্ধে তো মতভেদে লিপ্ত আছেই, তৎসঙ্গে তাদের পুরাতন মতভেদসমূহও বহাল রয়েছে, সত্যধর্মের আলোকে তারা এই মতভেদসমূহ দূর করে নেই। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৬) ঃ এর ভিতরে কোরআন এবং হযরত মোহাম্মদ (স)-এর উপর ঈমান আনাও শামিল রয়েছে, পূর্ববর্তী গ্রন্থসমূহে এসমস্ত আহকাম ছিল, এবং কোরআনের শিক্ষাও এটাই এবং একেই "কুতুবুন কাইয়্যিমাহ্" বলা হয়েছে। (বঃ কোঃ)

هُمْ شَرُّ الْبَرِيَّةِ ۝ إِنَّ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ أُولَٰئِكَ هُمْ خَيْرُ

হুম শার্রুল্ বারিয়্যাহ্। ৭। ইন্নাল্লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুস্ব স্বা-লিহা-তি উলা—ইকাহুম খাইরুল্
সৃষ্টির (মধ্যে) অতি নিকৃষ্ট। (৭) নিশ্চয়ই যারা ঈমান আনে এবং নেক আমল করে, তারা সৃষ্টির (মধ্যে)

الْبَرِيَّةِ ۝ جَزَاؤُهُمْ عِنْدَ رَبِّهِمْ جَنَّاتُ عَدْنٍ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ

বারিয়্যাহ্। ৮। জ্বাযা—উহুম 'ইন্দা রাব্বিহিম জ্বান্না-তু 'আদ্নিন্ তাজ্রী মিন্ তাহ্তিহাল্ আন্হা-রু
সর্বোত্তম। (৮) তাদের পুরস্কার রয়েছে, তাদের রবের নিকট স্থায়ী জান্নাত, যার তলদেশে নহরসমূহ প্রবাহিত, সেখানে তারা

خَالِدِينَ فِيهَا أَبَدًا ۖ رَضِيَ اللَّهُ عَنْهُمْ وَرَضُوا عَنْهُ ۚ ذَٰلِكَ لِمَنْ خَشِيَ رَبَّهُ ۝

খা-লিদীনা ফীহা~আবাদা-; (৯) রাদ্বিয়াল্লা-হু 'আনহুম ওয়া রাদ্বূ 'আনহু ; যা-লিকা লিমান খাশিয়া রাব্বাহূ।
সর্বদা বসবাস করবে। (৯) আল্লাহ তাদের প্রতি সন্তুষ্ট এবং তারাও আল্লাহর প্রতি খুশী। এটি তার জন্যই যে আল্লাহকে ভয় করে।

সূরা যিলযা-ল মাদানী

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

আয়াত ঃ ৮ রুকূ ঃ ১

إِذَا زُلْزِلَتِ الْأَرْضُ زِلْزَالَهَا ۝ وَأَخْرَجَتِ الْأَرْضُ أَثْقَالَهَا ۝ وَقَالَ

১। ইযা- যুল্যিলাতিল্ আরদ্বু যিল্যা-লাহা-। ২। ওয়া আখ্রাজ্বাতিল্ আরদ্বু আছ্ক্বা-লাহা-। ৩। ওয়া ক্বা-লাল্
(১) যখন পৃথিবী তার কম্পনে কম্পিত হতে থাকবে। (২) আর যখন পৃথিবী তার বোঝা বের করে দিবে, (৩) আর মানুষ

الْإِنْسَانُ مَا لَهَا ۝ يَوْمَئِذٍ تُحَدِّثُ أَخْبَارَهَا ۝ بِأَنَّ رَبَّكَ أَوْحَىٰ

ইন্সা-নু মা-লাহা-। ৪। ইয়াওমাইযিন্ তুহাদ্দিছু আখ্বা-রাহা-। ৫। বিআন্না রাব্বাকা আওহা-
(এ ভয়ানক অবস্থা দেখে) বলবে, এর হল কী? (৪) সেদিন সে তার বিবরণ বর্ণনা করবে, (৫) কারণ, তোমার প্রতিপালক তাকে সেভাবে

لَهَا ۝ يَوْمَئِذٍ يَصْدُرُ النَّاسُ أَشْتَاتًا لِيُرَوْا أَعْمَالَهُمْ ۝ فَمَنْ

লাহা-। ৬। ইয়াওমাইযিঁই ইয়াস্বদুরুন্ না-সু আশ্তা-তাল্ লিইউরাও আ'মা-লাহুম। ৭। ফামাই
আদেশ দিবেন। (৬) সেদিন মানুষ নানা দলে বিভক্ত হয়ে ফিরে আসবে, কারণ তাদেরকে তাদের আমলসমূহ দেখান হবে। (৭) যে

يَعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ خَيْرًا يَرَهُ ۝ وَمَنْ يَعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ شَرًّا يَرَهُ ۝

ই'য়ামাল মিছ্ক্বা-লা যার্রাতিন খাইরাঁই ইয়ারাহূ। ৮। ওয়া মাই ই'য়ামাল মিছ্ক্বা-লা যার্রাতিন শার্রাই ইয়ারাহ্।
অণু পরিমাণ নেক কাজ করে তা সে দেখতে পাবে। (৮) আর যে অণু পরিমাণ খারাপ কাজ করে, সেও তা দেখতে পাবে।

○ বিশ্লেষণ (আঃ ৪) ঃ يومئذ تحدث اخبارها - হাদীস শরীফে বর্ণিত, রাসূলুল্লাহ (স) এ আয়াত পাঠ করেন এবং সাহাবাগণকে জিজ্ঞাসা করেন, তোমরা কি জান, পৃথিবীর বিবরণ দেয়ার অর্থ কি? সাহাবা (রা)-গণ জবাব দিলেন যে, আল্লাহ ও তাঁর রাসূল এ ব্যাপারে ভাল জানেন। রাসূলুল্লাহ (স) বলেন, বান্দা (পুরুষ ও নারী) পৃথিবীতে বসে যা কিছুই করবে, কিয়ামতে পৃথিবী তার সাক্ষী দিবে। বলবে, অমুক অমুক ব্যক্তি অমুক অমুক সময়ে অমুক অমুক কাজ করেছে। (কুঃ কাঃ) ○ বিশ্লেষণ (আঃ ৫) ঃ ربك اوحى لها - অর্থাৎ পৃথিবীকে কথা বলার শক্তি আল্লাহ দান করবেন। এতে আশ্চর্য হবার কিছুই নাই। যেভাবে আল্লাহ মানুষের অঙ্গ প্রত্যঙ্গকে কথা বলার শক্তি দান করবেন, অনুরূপভাবে পৃথিবীকেও কথা বলার শক্তি দান করবেন। (কুঃ কারীম)

সূরা 'আদিয়া-ত
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ১১
রুকূ ঃ ১

وَالْعٰدِيٰتِ ضَبْحًا ﴿١﴾ فَالْمُوْرِيٰتِ قَدْحًا ﴿٢﴾ فَالْمُغِيْرٰتِ صُبْحًا ﴿٣﴾ فَاَثَرْنَ

১। ওয়াল্ 'আ-দিয়া-তি দ্বাব্হান। ২। ফাল্ মূরিয়া-তি ক্বাদ্হান। ৩। ফাল্ মুগীরা-তি সুব্হা-। ৪। ফাআছারনা

(১) শপথ সে ঘোড়াগুলোর যারা দীর্ঘশ্বাসে দ্রুত বেগে দৌড়ায়। (২) আর শপথ যারা পদাঘাতে প্রস্তরের উপর আগুনের ফুলকি ছুটায়, (৩) আর শপথ তাদের যারা প্রভাতে হামলা চালায়। (৪) আর

بِهٖ نَقْعًا ﴿٤﴾ فَوَسَطْنَ بِهٖ جَمْعًا ﴿٥﴾ اِنَّ الْاِنْسَانَ لِرَبِّهٖ لَكَنُوْدٌ ﴿٦﴾ وَاِنَّهٗ عَلٰى ذٰلِكَ

বিহী নাক্ব'আন্ ৫। ফাওয়াসাত্বনা বিহী জ্বাম্'আ-। ৬। ইন্নাল্ ইন্‌সা-না লিরাব্বিহী লাকানূদ্। ৭। ওয়া ইন্নাহূ 'আলা- যা-লিকা

তার সাথে তারা ধুলোবালি উড়ায়। (৫) আর তারা শত্রু বাহিনীর মাঝে প্রবেশ করে। (৬) নিশ্চয়ই মানুষ তার প্রতিপালকের প্রতি অকৃতজ্ঞ। (৭) আর এ সম্পর্কে

لَشَهِيْدٌ ﴿٧﴾ وَاِنَّهٗ لِحُبِّ الْخَيْرِ لَشَدِيْدٌ ﴿٨﴾ اَفَلَا يَعْلَمُ اِذَا بُعْثِرَ مَا فِى

লাশাহীদ। ৮। ওয়া ইন্নাহূ লিহুব্বিল্ খাইরি লাশাদীদ্। ৯। আফালা- ই'য়ালামু ইযা- 'বুছিরা মা-ফিল্

সে নিজেই সাক্ষী। (৮) আর নিশ্চয়ই সে (মানুষ) সম্পদের ভালোবাসায় বিভোর। (৯) সে কি জানে না যে, যখন কবরে যা আছে তা বের

الْقُبُوْرِ ﴿٩﴾ وَحُصِّلَ مَا فِى الصُّدُوْرِ ﴿١٠﴾ اِنَّ رَبَّهُمْ بِهِمْ يَوْمَئِذٍ لَّخَبِيْرٌ ﴿١١﴾

কুবূর। ১০। ওয়া হুস্বস্বিলা মা- ফিস্ব স্বুদূর, ১১। ইন্না রাব্বাহুম বিহিম ইয়াওমাইযিল্ লাখাবীর।

হয়ে আসবে (১০) আর অন্তরে যা আছে তা প্রকাশ করা হবে? (১১) নিশ্চয়ই সেদিন তাদের প্রতিপালক তাদের ব্যাপারে পূর্ণ অবগত আছেন।

ع ১ ২৫ রুকূ

সূরা ক্বা-রিয়াহ
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ১১
রুকূ ঃ ১

اَلْقَارِعَةُ ﴿١﴾ مَا الْقَارِعَةُ ﴿٢﴾ وَمَآ اَدْرٰىكَ مَا الْقَارِعَةُ ﴿٣﴾ يَوْمَ يَكُوْنُ النَّاسُ

১। আল্ ক্বা-রি'আতু ২। মাল্ ক্বা-রি'আহ্। ৩। ওয়ামা~আদ্‌রা-কা মাল্ ক্বা-রি'আহ্। ৪। ইয়াওমা ইয়াকূনুন্ না-সু

(১) মহা প্রলয়, (২) মহা প্রলয় কি? (৩) আপনি কি জানেন মহা প্রলয় কি? (৪) সেদিন মানুষ হবে

كَالْفَرَاشِ الْمَبْثُوْثِ ﴿٤﴾ وَتَكُوْنُ الْجِبَالُ كَالْعِهْنِ الْمَنْفُوْشِ ﴿٥﴾

কাল্ ফারা-শিল মাব্‌ছূছ। ৫। ওয়া তাকূনুল্ জ্বিবা-লু কাল্ 'ইহ্‌নিল্ মান্‌ফূশ্।

ছড়িয়ে পড়া পতঙ্গের মত; (৫) আর পাহাড়গুলো হবে ধুনিত রঙিন পশমের মত,

✪ সূরা আ-দিয়াহ্-এর শানে নুযূল ঃ রাসূলুল্লাহ (স) মানযার বিন আমর আনসারী (রা)-কে এক (অশ্বারোহী) সৈন্যবাহিনী সহ 'বনিকানানা' সম্প্রদায়ের প্রতি যুদ্ধ করার জন্য প্রেরণ করেন এবং এ নির্দেশ প্রদান করেন যে, "অমুক দিন তাদের উপর আক্রমণ করবে এবং অমুক দিন ফিরে আসবে।" তারা সেভাবেই করল। পথিমধ্যে পানির প্লাবন হওয়াতে তাদের পৌঁছতে বিলম্ব হল। এ সময়ে মুনাফিকরা পরস্পরে বলাবলি করতে লাগল যে, মুসলমানগণ সমূলে ধ্বংস হয়েছে। এ খবর মুসলমানগণ শুনে অত্যন্ত দুঃখিত হন। তখন আল্লাহ তায়ালা এ সূরাটি অবতীর্ণ করে, মুসলমানগণকে তাদের অবস্থান জানিয়ে দেন। ✪ টীকা (আঃ ৫) ঃ আর ধুনিত পশমের সাথে পাহাড়গুলো উপমা সহজে বুঝা যায় যে, সিঙ্গায় ফুৎকারের সঙ্গে সঙ্গে বিভিন্ন রং-এর হালকা পশমের ন্যায় হয়ে পাহাড়গুলোও উড়তে থাকবে। (বঃ কোঃ)

فَاَمَّا مَنْ ثَقُلَتْ مَوَازِيْنُهٗ ﴿٦﴾ فَهُوَ فِيْ عِيْشَةٍ رَّاضِيَةٍ ﴿٧﴾ وَاَمَّا مَنْ خَفَّتْ

৬। ফাআম্মা- মান্ ছাক্বুলাত্ মাওয়া-যীনুহ্। ৭। ফাহুওয়া ফী 'ঈশাতির্ রা-দ্বিয়াহ্। ৮। ওয়া আম্মা- মান্ খাফ্‌ফাত্

(৬) তখন যার (নেকের) পাল্লা ওজনে ভারী হবে। (৭) সে পাবে এক সুখী (আরামদায়ক) জীবন। (৮) আর যার (নেকের) পাল্লা ওজনে

مَوَازِيْنُهٗ ﴿٨﴾ فَاُمُّهٗ هَاوِيَةٌ ﴿٩﴾ وَمَآ اَدْرٰىكَ مَا هِيَهْ ﴿١٠﴾ نَارٌ حَامِيَةٌ ﴿١١﴾

মাওয়া-যীনুহূ ৯। ফাউম্মুহূ হা-ওয়ীয়াহ্। ১০। ওয়ামা~আদ্‌রা-কা মা-হিয়াহ। ১১। না-রুন্ হ্বা-মিয়াহ্।

হালকা হবে (৯) তার (অবস্থানের) জায়গা হবে হাবিয়া। (১০) আপনি কি জানেন, হাবিয়া কি? (১১) তা (হাবিয়া) হচ্ছে অতি উত্তপ্ত অগ্নি।

ع ১ ২৬ রুকূ

সূরা তাকাছুর
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ৮
রুকূ ঃ ১

اَلْهٰىكُمُ التَّكَاثُرُ ﴿١﴾ حَتّٰى زُرْتُمُ الْمَقَابِرَ ﴿٢﴾ كَلَّا سَوْفَ تَعْلَمُوْنَ ﴿٣﴾ ثُمَّ

১। আল্‌হা-কুমুত তাকা-ছুরু ২। হাত্তা- যুর্‌তুমুল্ মাক্বা-বির। ৩। কাল্লা- সাওফা 'তালামূন। ৪। ছুম্মা

(১) সম্পদের অধিক আসক্তি তোমাদেরকে গাফিল রেখেছে। (২) যতক্ষণ না তোমরা কবরে যাও। (৩) না, এভাবে ঠিক নয়, শীঘ্রই তোমরা জানতে পারবে। (৪) আবার বলছি,

كَلَّا سَوْفَ تَعْلَمُوْنَ ﴿٤﴾ كَلَّا لَوْ تَعْلَمُوْنَ عِلْمَ الْيَقِيْنِ ﴿٥﴾ لَتَرَوُنَّ الْجَحِيْمَ ﴿٦﴾

কাল্লা- সাওফা 'তালামূন। ৫। কাল্লা- লাও 'তালামূনা 'ইল্‌মাল ইয়াক্বীন। ৬। লাতারাউন্নাল্ জ্বাহ্বীমা

না এভাবে ঠিক নয়, শীঘ্রই তোমরা জানতে পারবে। (৫) কিছু না, যদি তোমরা নিশ্চিত জ্ঞান জানতে। (৬) নিশ্চয়ই তোমরা জাহান্নাম দেখবে।

ثُمَّ لَتَرَوُنَّهَا عَيْنَ الْيَقِيْنِ ﴿٧﴾ ثُمَّ لَتُسْـَٔلُنَّ يَوْمَئِذٍ عَنِ النَّعِيْمِ ﴿٨﴾

৭। ছুম্মা লাতারা উন্নাহা- 'আইনাল্ ইয়াক্বীন। ৮। ছুম্মা লাতুস্‌আলুন্না ইয়াওমাইযিন্ 'আনিন্ না'ঈম।

(৭) আবার বলছি, তোমরা অবশ্যই তা দেখবে, প্রত্যয় দৃষ্টিতে। (৮) আর নিশ্চয়ই সেদিন তোমদেরকে জিজ্ঞাসা করা হবে, আল্লাহর নেয়ামত সম্পর্কে।

ع ১ ২৭ রুকূ

✪ বিশ্লেষণ (আঃ ৯) ঃ هاوية - একটি জাহান্নামের নাম। এটিকে هاوية (হাবিয়া) এজন্য বলা হয় যে, জাহান্নামী এটির তলদেশে পতিত হবে এবং ام (মা) এজন্য বলা হয়েছে। যেমন– মা সন্তানের জন্য আশ্রয় স্থল, অনুরূপভাবে এটিও জাহান্নামীদের আশ্রয় স্থল (ঠিকানা)। (ইবন কাসীর) ✪ বিশ্লেষণ (আঃ ১১) ঃ نار حامية - (প্রজ্জ্বলিত অগ্নি) হাদীস শরীফে বর্ণিত 'মানুষ পৃথিবীতে যে অগ্নি প্রজ্জ্বলিত করে, এটি জাহান্নামের অগ্নির সত্তরভাগের এক ভাগ। জাহান্নামের অগ্নি পৃথিবীর অগ্নির চেয়ে ৬৯ গুণ বেশী।' হাদীস শরীফে বর্ণিত জাহান্নাম তার রবের কাছে অভিযোগ জানাল যে, আমার এক অংশ অন্য অংশকে ভক্ষণ করছে। আল্লাহ তায়ালা জাহান্নামকে দুটি শ্বাস গ্রহণের নির্দেশ দিলেন। একটি গ্রীষ্মকালে আর একটি শীত কালে। পৃথিবীতে যে ভীষণ ঠান্ডা অনুভব হয়, তা জাহান্নামের শীতল শ্বাসেরই প্রভাব। আর যে প্রচন্ড গরম অনুভব হয়, তাও জাহান্নামের গরম শ্বাসেরই প্রভাব। (কুঃ কারীম)

✪ সূরা তাকাছুরের শানে নুযূল ঃ এ সূরাটি কুরায়শ বংশের দুটি গোত্র, বনী আবদ মান্নাফ এবং বনী সাহমদ্বয়ের ব্যাপারে অবতীর্ণ হয়েছে। তারা উভয়ই একে অপরের উপর বংশের ও গোত্রের জনবলের এবং সম্পদের অহংকার করত। তারা একবার উভয় গোত্র জনবলের বড়াই করায়, নিজেদের গোত্রের লোকদের গণনা করল। গণনায় আবদে মান্নাফের লোক সংখ্যা অধিক হল। তখন সাহম গোত্রের লোকেরা বলল যে, আমাদের অনেক লোক যুদ্ধে নিহত হয়েছে। এজন্য প্রকৃত ও সঠিক গণনার জন্য জীবিত ও মৃত সবাইকেই গণনা করতে হবে এবং এ উদ্দেশ্যে তারা মৃতদেরকে গণনার জন্য কবরস্থানে উপস্থিত হয়েছিল। এ গণনায় বনী সাহম গোত্রের লোক অধিক হয়েছিল। এ প্রেক্ষিতে এ সূরাটি অবতীর্ণ হয়। (তাঃ কাদেরী, আসবাব) ✪ টীকা (আঃ ২) ঃ কেনইবা ভুলাইয়া রাখিবে না? তোমরা তো পরকালের কথায় বিশ্বাসই কর না। বরং পার্থিব সম্পদে তোমাদের আত্মগরিমা হতেই বুঝা যায় যে, তোমাদের আসক্তি এবং ধন অর্জনের জন্য তোমাদের মনে অত্যাধিক আগ্রহ রয়েছে। ✪ টীকা (আঃ ৮) ঃ সূরার প্রথমাংশের আয়াতগুলো কাফেরদিগকে লক্ষ্য করে বলা হয়েছে। আর শেষ আয়াতটি কাফের ও মু'মেন উভয়কে লক্ষ করে বলা হয়েছে। এক হাদীসে দেখা যায়, হুযূর (স) হযরত আবু বকর (রা) ও ওমর (রা)-কে লক্ষ্য করে বলেছিলেন, "তোমরা অবশ্যই এই নেয়ামত সম্বন্ধে জিজ্ঞাসিত হবে।" (বঃ কোঃ)

সূরা 'আছর
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ৩
রুকূ ঃ ১

وَالْعَصْرِ ① اِنَّ الْاِنْسَانَ لَفِىْ خُسْرٍ ② اِلَّا الَّذِيْنَ اٰمَنُوْا وَ

১। ওয়াল্ 'আস্বরি। ২। ইন্নাল্ ইন্সা-না লাফী খুস্‌রিন। ৩। ইল্লাল্লাযীনা আ-মানূ ওয়া
(১) সময়ের শপথ, (২) নিশ্চয়ই মানুষ ক্ষতির মধ্যে রয়েছে, (৩) কিন্তু তারা ব্যতীত যারা ঈমান আনে ও

عَمِلُوا الصّٰلِحٰتِ وَتَوَاصَوْا بِالْحَقِّ ۙ وَتَوَاصَوْا بِالصَّبْرِ ③

'আমিলুস্ব স্বা-লিহা-তি ওয়া তাওয়া-স্বাওবিল্ হাক্বক্বি ওয়া তাওয়া-স্বাও বিস্বস্বাবরি।
নেক আমল করে, আর পরস্পরে একে অপরকে ন্যায়ের (নেক কাজের) উপদেশ দেয় এবং পরস্পরে ধৈর্য ধারণের উপদেশ দেয়।

১ রুকূ ২৮

সূরা হুমাযাহ্
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ৯
রুকূ ঃ ১

وَيْلٌ لِّكُلِّ هُمَزَةٍ لُّمَزَةِ ① الَّذِىْ جَمَعَ مَالًا وَّعَدَّدَهٗ ②

১। ওয়াইলুল্ লিকুল্লি হুমাযাতিল্ লুমাযাহ্। ২। আল্লাযী জ্বামা'আ মা-লাওঁ ওয়া 'আদ্দাদাহূ।
(১) কঠিন বিপদ তাদের প্রত্যেকের জন্য, যে গিবতকারী ও অগোচরে দুর্নাম রটনাকারী। (২) যে অর্থ জমা করে আর বার বার তা গণনা করে,

يَحْسَبُ اَنَّ مَالَهٗۤ اَخْلَدَهٗ ③ كَلَّا لَيُنْۢبَذَنَّ فِى الْحُطَمَةِ ④

৩। ইয়াহ্‌সাবু আন্না মা-লাহূ~আখ্‌লাদাহূ। ৪। কাল্লা- লাইউমবাযান্না ফিল্ হুত্বামাতি।
(৩) আর সে মনে করে যে, তার অর্থ তাকে চিরস্থায়ী করে রাখবে। (৪) না, তা ঠিক নয়। নিশ্চয়ই তাকে হুতামায় নিক্ষেপ করা হবে।

وَمَاۤ اَدْرٰىكَ مَا الْحُطَمَةُ ⑤ نَارُ اللّٰهِ الْمُوْقَدَةُ ⑥ الَّتِىْ تَطَّلِعُ

৫। ওয়ামা~আদ্‌রা-কা মাল্ হুত্বামাহ্। ৬। না-রুল্লা-হিল্ মূক্বাদাতুল্ ৭। লাতী তাত্ত্বালি'উ
(৫) আপনি কি জানেন 'হুতামা কি? (৬) তা (হুতামা) হচ্ছে, আল্লাহর প্রজ্জ্বলিত অগ্নি। (৭) যা অন্তরের উপর

عَلَى الْاَفْـِٕدَةِ ⑦ اِنَّهَا عَلَيْهِمْ مُّؤْصَدَةٌ ⑧ فِىْ عَمَدٍ مُّمَدَّدَةٍ ⑨

'আলাল্ আফ্‌ইদাহ্। ৮। ইন্নাহা- 'আলাইহিম্ মু'স্বাদাতুন ৯। ফী 'আমাদিম্ মুমাদ্দাদাহ্।
(পর্যন্ত) পৌঁছে যাবে। (৮) আর তাদেরকে পরিবেষ্টন করে রাখবে। (৯) দীর্ঘায়িত স্তম্ভসমূহে।

১ রুকূ ২৯

○ সূরা আছরের শানে নুযূল ঃ কালাদাহ নামক এক মুশরিক হযরত আবু বকর (রা)-এর ইসলাম গ্রহণের পূর্বে তার কাছে আসা-যাওয়া করত। হযরত আবু বকর (রা)-এর ইসলাম গ্রহণের পরে একবার কালাদা তাঁর কাছে এসে বলল, হে আবু বকর (রা)! তুমি কি নির্বোধ। তুমি পিতৃ পুরুষদের ধর্ম ছেড়ে দিয়ে ব্যবসা বাণিজ্য বর্জন করে একি কাজ করছ। যাতে তোমার ধর্মও চলে যাচ্ছে এবং পার্থিবও ক্ষতি হচ্ছে। হযরত আবু বকর (রা) জবাবে বললেন, হে কালাদাহ! নির্বোধ তুমি। যে আল্লাহ ও তাঁর রাসূলের (স) কথা শোনে এবং নেক আমল করে, সে কখনও ক্ষতিগ্রস্ত হয় না এবং সেই প্রকৃত জ্ঞানী। আর যে, প্রতিমা পূজা করে আল্লাহ ও তাঁর রাসূলের (স) কথা শোনে না এবং শয়তানের অনুসরণ করে, সেই প্রকৃত ক্ষতিগ্রস্ত এবং নির্বোধ। হযরত আবু বকরের (রা) কথার সত্যতায় আল্লাহ তায়ালা এ সূরাটি অবতীর্ণ করেন। (তাঃ কাদেরী)

সূরা ফীল
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ৫
রুকূ ঃ ১

اَلَمْ تَرَ كَيْفَ فَعَلَ رَبُّكَ بِاَصْحٰبِ الْفِيْلِ ① اَلَمْ يَجْعَلْ

১। আলাম তারা কাইফা ফা'আলা রাব্বুকা বিআস্বহা-বিল্ ফীল। ২। আলাম ইয়াজ্ব'আল্
(১) আপনি কি দেখেননি (অবগত হননি), আপনার প্রতিপালক হস্তীবাহিনীর সাথে কিরূপ আচরণ করেছিলেন? (২) তিনি কি তাদের

كَيْدَهُمْ فِىْ تَضْلِيْلٍ ② وَّاَرْسَلَ عَلَيْهِمْ طَيْرًا اَبَابِيْلَ ③

কাইদাহুম ফী তাদ্বলীল ৩। ওয়া আর্‌সালা 'আলাইহিম ত্বাইরান্ আবা-বীল।
ষড়যন্ত্র ব্যর্থ (বিফল) করে দেননি? (৩) তিনি তাদের উপর ঝাঁকে ঝাঁকে আবাবীল পাখী প্রেরণ করেন,

تَرْمِيْهِمْ بِحِجَارَةٍ مِّنْ سِجِّيْلٍ ④ فَجَعَلَهُمْ كَعَصْفٍ مَّاْكُوْلٍ ⑤

৪। তার্‌মীহিম্ বিহ্বিজ্বা-রাতিম্ মিন্ সিজ্জ্বীল। ৫। ফাজ্বা'আলাহুম কা'আস্বফিম্ মা'কূল।
(৪) যারা তাদের উপর নিক্ষেপ করেছিল পাথরের কুচি। (৫) তারপর তিনি তাদেরকে করলেন ভক্ষিত ঘাসের ন্যায়।

১ রুকূ ৩০

সূরা ক্বোরাইশ
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ৪
রুকূ ঃ ১

لِاِيْلٰفِ قُرَيْشٍ ① اٖلٰفِهِمْ رِحْلَةَ الشِّتَآءِ وَالصَّيْفِ ② فَلْيَعْبُدُوْا رَبَّ

১। লিঈলা-ফি কুরাইশিন ২। ঈলা-ফিহিম রিহ্‌লাতাশ্ শিতা—ই ওয়াস্বস্বাঈফ। ৩। ফালইয়া'বুদূ রাব্বা
(১) কুরাইশদের আগ্রহের জন্য, (২) (অর্থাৎ) তাদের শীত গ্রীষ্মকালে (ব্যবসায়ী) সফরের আগ্রহের জন্য। (৩) তারা যেন (কাবা) ঘরের

هٰذَا الْبَيْتِ ③ الَّذِىْۤ اَطْعَمَهُمْ مِّنْ جُوْعٍ ۙ وَّاٰمَنَهُمْ مِّنْ خَوْفٍ ④

হা-যাল্ বাইত্ ৪। আল্লাযী~আত্ব'আমাহুম্ মিন্ জু'ইওঁ ওয়া আ-মানাহুম্ মিন্ খাওফ্।
মালিকের ইবাদাত করে। (৪) যিনি তাদেরকে ক্ষুধায় আহার দান করেছেন, আর ভয় হতে নিরাপদ রেখেছেন।

১ রুকূ ৩১

○ হাতী ওয়ালাদের কাহিনী ঃ ৫৭০ খ্রীষ্টাব্দে রাসূলুল্লাহ (স)-এর জন্মের আনুমানিক দুমাস পূর্বে ইয়েমেনে আবিসিনিয়ার গর্ভনর আবরাহা আশরাম মক্কায় অবস্থিত কাবাগৃহ ধ্বংস করার জন্য এক অভিযান পরিচালনা করেন। তার বাহিনীতে হাতীও ছিল। এজন্য এই কাহিনীকে আসহাবুলফীল বা হাতীওয়ালা বলা হয়েছে। আবরাহা ছিল উচ্চাভিলাষী। কাবার গৌরব ও সুখ্যাতি তার সহ্য হয়নি। তাই সে তা ধ্বংস করতে আসে। কিন্তু আরবরা বিশ্বাস করত, কাবাঘর আল্লাহর ঘর। আল্লাহ তাঁর ঘর রক্ষা করবেন। তারা নিজেরা আবরাহার বিরুদ্ধে কোন প্রতিরোধ ব্যবস্থা নিলেন না। আরববাসীদের বিশ্বাস সত্যে পরিণত হল। ক্ষুদ্র ক্ষুদ্র পাখীর মুখের কংকরাঘাতে বিশাল হস্তী বাহিনী ভক্ষিত তৃণের মত হয়ে গেল। (কুরআন পরিচিতি)

○ সূরা কুরাইশের শানে নুযূল ঃ মক্কার কুরায়শগণ বছরে দুবার ব্যবসার উদ্দেশ্যে দেশের বাইরে সফরে বের হত। সেখান হতে ব্যবসা বাণিজ্যের জন্য প্রচুর মালামাল নিয়ে আসত। শীতকালে ইয়ামনে সফর করত, সেটি ছিল, শীত প্রধান দেশ এবং গ্রীষ্মকালে (সিরিয়া) সফর করত সেটি ছিল গ্রীষ্ম প্রধান দেশ। তারা পবিত্র কাবাঘরের খাদিম (তত্ত্বাবয়ক) হবার কারণে গোটা আরবগণ তাদেরকে সম্মান করত। এ কারণেই তাদের ব্যবসায়ী কাফেলা বিনা বাধায় সব জায়গায় যাতায়াত করতে পারত। আল্লাহ তায়ালা এ সূরাটিতে কুরায়শগণকে বলছেন যে, এ সকল সহজ লাভবান হবার এবং সবার কাছে সম্মান পাবার একমাত্র কারণ হল তোমরা মক্কার অধিবাসী এবং কাবাঘরের খাদিম। আর তোমাদের মক্কা অধিবাসী হওয়ার এবং কাবাঘরের খেদমত করার সুযোগ আমিই করে দিয়েছি। এজন্য তোমাদের কর্তব্য হল সে কাবাঘরের মালিকের একমাত্র ইবাদাত করা। (কুঃ কারীম)

সূরা মা-'উন
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি

আয়াত ঃ ৭
রুকূ ঃ ১

① أَرَءَيْتَ الَّذِىْ يُكَذِّبُ بِالدِّيْنِ ② فَذٰلِكَ الَّذِىْ يَدُعُّ الْيَتِيْمَ

১। আরাআইতাল্ লাযী ইউকায্যিবু বিদ্দীন। ২। ফাযা-লিকাল্ লাযী ইয়াদু'য়্যুল্ ইয়াতীম।

(১) আপনি কি তাকে দেখেছেন, যে বিচার দিবসকে মিথ্যা জানে? (২) সে তো সে (ব্যক্তি) যে, ইয়াতীমকে ধমক দিয়ে তাড়িয়ে দেয়,

③ وَلَا يَحُضُّ عَلٰى طَعَامِ الْمِسْكِيْنِ ④ فَوَيْلٌ لِّلْمُصَلِّيْنَ ⑤ الَّذِيْنَ هُمْ

৩। ওয়ালা- ইয়াহুদ্দু 'আলা- ত্বা'আ-মিল্ মিস্কীন। ৪। ফাওয়াইলুল্ লিল্ মুস্বাল্লীন। ৫। আল্লাযীনা হুম

(৩) আর মিসকীনকে আহার দিতে (মানুষকে) উৎসাহিত করে না। (৪) কঠিন দুর্ভাগ্য সে সব নামাজীদের জন্য। (৫) যারা তাদের নামাজের

عَنْ صَلَاتِهِمْ سَاهُوْنَ ⑥ الَّذِيْنَ هُمْ يُرَآءُوْنَ ⑦ وَيَمْنَعُوْنَ الْمَاعُوْنَ

'আন স্বালা-তিহিমি সা-হূন। ৬। আল্লাযীনা হুম ইউরা-উনা ৭। ওয়া ইয়াম্না'উনাল্ মা-'উন।

ব্যাপারে অমনোযোগী, (৬) আর যারা লোক দেখানোর জন্য (নেক) কাজ করে, (৭) আর যারা প্রয়োজনীয় জিনিসপত্র দিতে বিরত থাকে।

ع ১ ৩২ রুকূ

সূরা কাওছার
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি

আয়াত ঃ ৩
রুকূ ঃ ১

① إِنَّا أَعْطَيْنٰكَ الْكَوْثَرَ ② فَصَلِّ لِرَبِّكَ وَانْحَرْ

১। ইন্না~'আত্বাইনা- কাল্কাওছার। ২। ফাস্বাল্লি লিরাব্বিকা ওয়ান্হার।

(১) নিশ্চয়ই আমি তোমাকে কাওসার দান করেছি। (২) সুতরাং তোমার প্রতিপালকের উদ্দেশ্যে নামাজ পড় এবং কুরবানী কর।

③ إِنَّ شَانِئَكَ هُوَ الْأَبْتَرُ

৩। ইন্না শা-নিআকা হুওয়াল আব্তার।

(৩) নিশ্চয়ই তোমার প্রতি ঈর্ষা পোষণকারীরাই হবে নিঃসন্তান।

ع ১ ৩৩ রুকূ

○ শানে নুযূল (আঃ ২) ঃ এক রেওয়াতে আছে, এ আয়াত নাযিল হয়েছে আবু জেহেল সম্পর্কে। তার কাছে এক ইয়াতীম বালকের কিছু সম্পদ ছিল। সে বিবস্ত্র হয়ে তা চাইতে আসলে সে তাকে দূর দূর করে তাড়িয়ে দেয়। কারো মতে আবু সুফিয়ান (মুসলমান হওয়ার পূর্বে) সম্পর্কে নাযিল হয়েছে। এক ইয়াতীম তাঁর কাছে গোশত চাইলে তিনি তাকে লাঠি দ্বারা আঘাত করেন। কারো মতে, ওয়ালীদ ইবনে মুগীরা কিংবা আস ইবনে ওয়াইল আস্ সাহমী সম্পর্কে নাযিল হয়েছে। (আবুসসাউদ)

○ শানে নুযূল (আঃ ৪) ঃ فويل للمصلين - এ আয়াত মুনাফিকদের ব্যাপারে অবতীর্ণ হয়েছে। মুসলমানগণের সামনে তাদের দেখানোর জন্য মুনাফিকেরা নামাজ পড়ত। কিন্তু অন্য সময়ে মুসলমানগণের অনুপস্থিতিতে নামাজ পড়ত না। আর প্রয়োজনীয় জিনিসপত্র তোমাদেরকে (দেয়ার সামর্থ্য থাকতেও) দিতনা। (লুবাব)

○ টীকা (আঃ ৫) ঃ যেহেতু মুনাফেকদের উদ্দেশ্য দুর্নাম হতে বেঁচে থাকা। অতএব, তারা লোক দেখান কার্যই করে থাকে। লোকে দেখে না বলে তারা যাকাত মোটেই দেয় না। নামায লোকে দেখে, কাজেই তারা লোক দেখান নামায পড়ে। (বঃ কোঃ)

○ সূরা কাওছারের শানে নুযূল ঃ যখন রাসূলুল্লাহ (স)-এর পুত্র কাসেম ইন্তেকাল করেন, তখন কতিপয় কাফের, রাসূলুল্লাহ (স)-কে নির্বংশ (নিঃসন্তান) বলে উপহাস করতে থাকে। তখন রাসূলুল্লাহ (স)-কে সান্ত্বনা দেয়ার জন্য আল্লাহ্ তায়ালা এ সূরাটি অবতীর্ণ করেন।

সূরা কা-ফিরূন
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি

আয়াত ঃ ৬
রুকূ ঃ ১

① قُلْ يٰٓأَيُّهَا الْكٰفِرُوْنَ ② لَآ أَعْبُدُ مَا تَعْبُدُوْنَ ③ وَلَآ أَنْتُمْ

১। ক্বুল্ ইয়া~আইয়্যুহাল কা-ফিরূন। ২। লা~'আবুদু মা- 'তাবুদূন। ৩। ওয়ালা~আন্তুম

(১) আপনি বলুন, হে কাফিরগণ। (২) তোমরা যার ইবাদাত করছ, আমি তার ইবাদাত করি না। (৩) আর তোমরাও তাঁর ইবাদাতকারী নও।

عٰبِدُوْنَ مَآ أَعْبُدُ ④ وَلَآ أَنَا عَابِدٌ مَّا عَبَدْتُّمْ ⑤ وَلَا

'আ-বিদূনা মা~'আবুদ্। ৪। ওয়ালা~আনা 'আ-বিদুম্ মা-'আবাত্তুম, ৫। ওয়ালা~

আমি যাঁর ইবাদাত করছি। (৪) এবং আমি ও তার ইবাদাতকারী নই। যার ইবাদাত তোমরা করছ। (৫) আর তোমরাও

أَنْتُمْ عٰبِدُوْنَ مَآ أَعْبُدُ ⑥ لَكُمْ دِيْنُكُمْ وَلِىَ دِيْنِ

আন্তুম 'আ-বিদূনা মা~'আবুদ। ৬। লাকুম দীনুকুম ওয়া লিয়া দীন।

তাঁর ইবাদাতকারী নও। যাঁর ইবাদাত আমি করছি। (৬) তোমাদের জন্য তোমাদের দ্বীন (প্রতিফল) আর আমার জন্য আমার দ্বীন।

ع ১ ৩৪ রুকূ

সূরা নাছর
মাদানী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি

আয়াত ঃ ৩
রুকূ ঃ ১

① إِذَا جَآءَ نَصْرُ اللّٰهِ وَالْفَتْحُ ② وَرَأَيْتَ النَّاسَ يَدْخُلُوْنَ فِىْ دِيْنِ اللّٰهِ

১। ইযা- জ্বা—আ নাস্বরুল্লা-হি ওয়াল্ ফাত্হু। ২। ওয়া রাআতান্ না-সা ইয়াদ্খুলূনা ফী দীনিল্লা-হি

(১) এখন আল্লাহর সাহায্য এবং বিজয় আসবে, (২) আর লোকদেরকে দলে দলে আল্লাহর দ্বীনে প্রবেশ করতে

أَفْوَاجًا ③ فَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ وَاسْتَغْفِرْهُ إِنَّهٗ كَانَ تَوَّابًا

আফ্ওয়া-জ্বা-। ৩। ফাসাব্বিহ্ বিহাম্দি রাব্বিকা ওয়াস্তাগ্ফির্হু ; ইন্নাহু কা-না তাওয়্যা-বা-।

দেখবেন, (৩) তখন আপনার প্রতিপালকের প্রশংসাসহ তাসবীহ বর্ণনা করুন। আর তাঁর কাছে ক্ষমা প্রার্থনা করুন, তিনি তো মহা ক্ষমাশীল।

ع ১ ৩৫ রুকূ

○ সূরা কাফিরূনের শানে নুযূল ঃ কুরাইশ সরদারদের একদল একবার রাসূল (স)-এর কাছে এসে প্রস্তাব করে, আপনি একবছর আমাদের দেব-দেবীদের ইবাদত করবেন এবং আমরা এক বছর আপনার প্রভুর ইবাদত করব। রাসূল (স) বলেন, আল্লাহ তা'আলার সাথে কোন কিছুকে শরীক করা থেকে তাঁর কাছে আশ্রয় প্রার্থনা করছি। তারা তখন বলে, তাহলে আপনি আমাদের কিছু দেব-দেবীকে স্পর্শ করে দিন। তাহলে আমরা আপনাকে সত্য নবী বলে মেনে নেব এবং আপনার প্রভুর প্রতি ঈমান আনব। তখনই আল্লাহতাআলা এই সূরা নাযিল করেন। পর দিন রাসূল (স) মসজিদে হারামে এসে দেখেন, মসজিদে মানুষে পরিপূর্ণ। রাসূল (স) তখন সেখানে দাঁড়িয়ে এই সূরা পাঠ করলে সকলে চরমভাবে হতাশ হয়ে পড়ে। ইবনে আব্বাসের (রা) রেওয়াতে আছে, রাসূল (স)-এর কাছে কুরাইশদের মধ্যে ওয়ালীদ ইবনে মুগীরা, আস ইবনে ওয়ায়েল, উমাইয়া ইবনে খালফ ও আসওয়াদ ইবনে আবদুল মুত্তালিবও এসেছিল। (কুরতুবী)

○ সূরা নাছরের শানে নুযূল ঃ সূরা অবতীর্ণের দিক দিয়ে এটি শেষ নাযিলকৃত সূরা। যখন এ সূরাটি অবতীর্ণ হয়েছে, তখন কতিপয় সাহাবা (রা) ধারণা করেন যে, রাসূলুল্লাহ (স)-এর এখন শেষ সময়। এজন্য আল্লাহ তায়ালা তাঁর রাসূল (স)-কে তাসবীহ, তাহমীদ ও ইস্তেগফারের নির্দেশ দিয়েছেন। ○ বিশ্লেষণ (আঃ ১) ঃ نصر الله والفتح - আল্লাহর সাহায্য দ্বারা, ইসলাম ও মুসলমানগণের কুফর ও কাফিরদের উপর বিজয় বুঝানো হয়েছে এবং 'বিজয়' দ্বারা মক্কা বিজয়কে বুঝান হয়েছে। (কুঃ কারীম)

সূরা লাহাব
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ৫
রুকূ ঃ ১

(১) تَبَّتْ يَدَآ أَبِىْ لَهَبٍ وَّتَبَّ (২) مَآ أَغْنٰى عَنْهُ مَالُهٗ وَمَا كَسَبَ

১। তাব্বাত্‌ ইয়াদা~আবী লাহাবিওঁ ওয়া তাব্বা। ২। মা~আগ্‌না- 'আন্‌হু মা- লুহূ ওয়ামা- কাসাব্‌।
(১) আবু লাহাবের দু হস্ত বিনষ্ট হোক এবং বিনাশ হোক সে নিজেও। (২) তার ধনসম্পদ এবং সে যা উপার্জন করেছে তা কোনই উপকারে আসেনি।

(৩) سَيَصْلٰى نَارًا ذَاتَ لَهَبٍ (৪) وَّامْرَاَتُهٗ ۭ حَمَّالَةَ الْحَطَبِ

৩। সাইয়াস্বলা- না-রান যা-তা লাহাবিওঁ ৪। ওয়াম্‌রাআতুহূ ; হাম্মা- লাতাল হাত্বাব।
(৩) অতিশীঘ্রই সে প্রবেশ করবে (জ্বলবে) শিখাযুক্ত (লেলিহান) অগ্নিতে। (৪) আর তার স্ত্রীও সে ইন্ধন (জ্বালানী কাঠ) বহনকারিণী।

(৫) فِىْ جِيْدِهَا حَبْلٌ مِّنْ مَّسَدٍ

৫। ফী জ্বীদিহা- হাবলুম মিম মাসাদ।
(৫) তার (স্ত্রীর) গলায় রয়েছে খেজুর আঁশের রজ্জু।

সূরা ইখলা-স
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ৪
রুকূ ঃ ১

(১) قُلْ هُوَ اللّٰهُ اَحَدٌ (২) اَللّٰهُ الصَّمَدُ (৩) لَمْ يَلِدْ ۙ وَلَمْ يُوْلَدْ

১। কুল্‌ হুওয়াল্লা-হু আহাদ্‌। ২। আল্লা-হুস্ব স্বামাদ্‌। ৩। লাম ইয়ালিদ্‌ ওয়া লাম ইউলাদ্‌।
(১) আপনি বলুন, তিনিই আল্লাহ এক। (২) আল্লাহ অমুখাপেক্ষী, (৩) তিনি (আল্লাহ) কাউকেই জন্ম দান করেন না।

(৪) وَلَمْ يَكُنْ لَّهٗ كُفُوًا اَحَدٌ

৪। ওয়া লাম ইয়াকুল লাহূ কুফুওয়ান্‌ আহাদ্‌।
(৪) আর তাঁকেও কেউ জন্ম দান করেনি। তাঁর সমতুল্য কেউই নেই।

○ সূরা লাহাবের শানে নুযূল ঃ যখন রাসূলুল্লাহ (স)-কে নির্দেশ দেয়া হল যে, "হে রাসূল! আপনি আপনার নিজ আত্মীয়-স্বজনদের কাছে ইসলামের দাওয়াত পৌঁছান।" তখন রাসূলুল্লাহ (স) সাফা পাহাড়ে উঠে "ইয়া সাবা-হা" বলে আওয়াজ দিলেন। তখন এ ধরনের আওয়াজ ছিল, অশুভ সংকেত ধ্বনি। সুতরাং সবাই এ আওয়াজে পাহাড়ের নীচে এসে সমবেত হল। তখন রাসূলুল্লাহ (স) বললেন, তোমরা বল, আমি যদি তোমাদেরকে বলি যে, এ পাহাড়ের পশ্চাতে এক অশ্বারোহী বাহিনী অবস্থান করছে, যারা তোমাদের উপর আক্রমণ করবে। তবে সে কথাটি তোমরা বিশ্বাস করবে? তারা বলল, কেন করবনা? আমরা আপনাকে কখনও মিথ্যাবাদী রূপে পাইনি। তখন রাসূলুল্লাহ (স) বললেন, আমি তোমাদেরকে এক ভীষণ শাস্তির ভয় প্রদর্শন করছি। (যদি তোমরা কুফর ও শিরকের মধ্যে নিমজ্জিত থাক।) একথা শুনে আবু লাহাব বলল, تَبًّا لَكَ তোমার ধ্বংস হোক। তুমি কি আমাদেরকে একথা শোনাবার জন্য সমবেত করেছ? যে প্রেক্ষিতে আল্লাহ এ সূরাটি অবতীর্ণ করেন। (কুঃ কারীম) আবু লাহাব ঃ তার প্রকৃত নাম আব্দুল উজ্জা। তার চেহারা ছিল সুন্দর এবং অগ্নির মত। তাই তাকে আবু লাহাবা (অগ্নি শিখার পিতা) বলা হত। (কুঃ কারীম) ○ সূরা ইখলাছের শানে নুযূল ঃ মুশরিকরা রাসূলুল্লাহ (স)-কে বলল, আমাদেরকে আপনার প্রতিপালকের বংশ পরিচিতি বলে শুনান। এ প্রেক্ষিতে এ সূরাটি অবতীর্ণ হয়। (আসবাব)

সূরা ফালাক্ব
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ৫
রুকূ ঃ ১

(১) قُلْ اَعُوْذُ بِرَبِّ الْفَلَقِ (২) مِنْ شَرِّ مَا خَلَقَ (৩) وَمِنْ شَرِّ غَاسِقٍ اِذَا

১। কুল আ'উযু বিরাব্বিল ফালাক্ব, ২। মিন্‌ শারূরি মা- খালাক্ব। ৩। ওয়া মিন্‌ শাররি গা-সিক্বিন ইযা-
(১) আপনি বলুন, আমি আশ্রয় চাচ্ছি প্রভাতের স্রষ্টার, (২) তিনি যা সৃষ্টি করেছেন তার অপকার হতে, (৩) আঁধার রাতের অপকার হতে, যখন তা আঁধারে

وَقَبَ (৪) وَمِنْ شَرِّ النَّفّٰثٰتِ فِى الْعُقَدِ (৫) وَمِنْ شَرِّ حَاسِدٍ اِذَا حَسَدَ

ওয়াক্বাব্‌। ৪। ওয়া মিন্‌ শারূরিন্‌ নাফ্‌ফা-ছা-তি ফিল্‌ 'উক্বাদ্‌। ৫। ওয়া মিন্‌ শারূরি হ্বা-সিদিন্‌ ইযা- হ্বাসাদ্‌।
আচ্ছন্ন হয়ে যায়। (৪) আর (যাদু পাঠ করে) গিরাসমূহে ফুঁক প্রদানকারিণীদের অপকার হতে। (৫) আর হিংসুকের অপকার হতে, যখন সে হিংসা করে।

সূরা না-স
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ৬
রুকূ ঃ ১

(১) قُلْ اَعُوْذُ بِرَبِّ النَّاسِ (২) مَلِكِ النَّاسِ (৩) اِلٰهِ النَّاسِ (৪) مِنْ شَرِّ الْوَسْوَاسِ

১। কুল্‌ আ'উযু বিরাব্বিন্‌ না-স, ২। মালিকিন্‌ না-স, ৩। ইলা-হিন্‌ না-স্‌। ৪। মিন্‌ শারূরিল্‌ ওয়াস্‌ ওয়া-সিল্‌
(১) আপনি বলুন, আমি মানুষের প্রতিপালকের কাছে আশ্রয় চাই। (২) যিনি মানুষের বাদশাহ, (৩) যিনি মানুষের মাবুদ, (৪) আশ্রয় চাই লুকিয়ে থাকা শয়তানের

الْخَنَّاسِ (৫) الَّذِىْ يُوَسْوِسُ فِىْ صُدُوْرِ النَّاسِ (৬) مِنَ الْجِنَّةِ وَالنَّاسِ

খান্না-স্‌। ৫। আল্লাযী ইউওয়াস্‌ওয়িসু ফী স্বুদূরিন্‌ না-স্‌। ৬। মিনাল্‌ জ্বিন্নাতি ওয়ান্না-স্‌।
কুমন্ত্রণার অপকার হতে, (৫) যে মানুষের অন্তরে কুমন্ত্রণা প্রদান করে, (৬) জ্বীন ও মানুষের ভিতর থেকে।

○ সূরা ফালাক্ব ও নাসের শানে নুযূল ঃ রাসূলুল্লাহ (স) একবার কঠিন রোগে আক্রান্ত হন। তিনি নিদ্রাবস্থায় দেখতে পান যে, দুজন ফেরেশতা তাঁর কাছে আসেন। একজন তাঁর শিরোদেশে, অন্যজন্য তাঁর পাদদেশে দাঁড়িয়ে পরস্পরে কথোপকথন করছেন। শিরোদেশের ফেরেশতা, পাদদেশে অবস্থানকারী ফেরেশতার কাছে জিজ্ঞাসা করেন যে, আচ্ছা রাসূলুল্লাহ (স)-এর রোগ সম্পর্কে তোমার ধারণা কি? তিনি বললেন, তিনি (স) যাদুতে আক্রান্ত হয়েছেন। তিনি (ফেরেশতা) জিজ্ঞাসা করেন, যাদু কে করেছে? ফেরেশতা বললেন, লোবায়েদ বিন আ'সম ইয়াহুদী। ফেরেশতা পুনরায় সে ফিরিশতার কাছে জিজ্ঞাসা করেন, সে যাদুটি কোথায়? জবাব দিল যে, অমুক (জোরযান) কূপের মধ্যে একটি খেজুরের খোসার আবরণের মধ্যে পাথরের নীচে চাপা রয়েছে। এখন তা নষ্ট করার পদ্ধতি হচ্ছে, সে কূপের পানি ফেলে দিয়ে পাথরের নীচে থেকে খেজুরের খোসার আবরণটি বের করে সেটি জ্বালিয়ে দিতে হবে।

রাসূলুল্লাহ (স) এ কথা শুনে, ভোর বেলা, আম্মার বিন ইয়াসিরকে (রা) কতিপয় সাহাবা (রা)-সহ কূয়ার কাছে প্রেরণ করেন। তাঁরা কূয়ার পানি উঠিয়ে ফেললেন এবং পাথর উঠিয়ে খেজুরের খোসাটি বের করে যখন জ্বালিয়ে দিলেন, তখন তাঁরা দেখতে পেলেন যে, তাতে একটি তাগের (সূতায়) এগারটি গিরা দেয়া রয়েছে। এ প্রেক্ষিতে এ সূরা দুটি অবতীর্ণ হয়। রাসূলুল্লাহ (স) এক এক আয়াত পাঠ করেন সাথে সাথে এক একটি গিরা খুলে যায়। যখন এগারটি আয়াত পাঠ করা হল, গিরা এগারটিও খুলে গেল। (আসবাবুন নুযূল)

ক্বোরআন শরীফ খতমের দোয়া

ক্বোরআন শরীফ খতমকালে সূরা নাস পর্যন্ত তিলাওয়াত করার পর পুনরায় সূরা ফাতিহা ও "আলিফ-লাম-মীম" থেকে "মুফলিহুন" পর্যন্ত তিলাওয়াত করে নিম্নের দোয়া পাঠ করে মোনাজাত করবে।

صَدَقَ اللّٰهُ الْعَلِيُّ الْعَظِيْمُ ۝ وَصَدَقَ رَسُوْلُهُ النَّبِيُّ الْكَرِيْمُ ۝ وَنَحْنُ

ছাদাক্বাল্লা-হুল্ 'আলিইয়ুল্ 'আজীম। ওয়া ছাদাক্বা রাসূলুহুন্ নাবিইয়ুল্ কারীম। ওয়া নাহ্নু

মহান আল্লাহতাআলা অবশ্যই সত্য বলেছেন। আর তাঁর সম্মানিত নবী ও রাসূল (সাঃ) ও সত্য বলেছেন

عَلٰى ذٰلِكَ مِنَ الشّٰهِدِيْنَ ۝ اَللّٰهُمَّ ارْزُقْنَا بِكُلِّ حَرْفٍ مِّنَ الْقُرْاٰنِ حَلَاوَةً

'আলা- যা-লিকা মিনাশ্ শা-হিদীন্। আল্লা-হুম্মার্ যুক্বনা- বিকুল্লি হার্‌ফিম মিনাল্ কুরআ-নি হালা-ওয়াতাও

আমি এর সাক্ষী। হে আল্লাহ! আপনি আমাদেরকে পবিত্র কুরআনের প্রতিটি হরফের স্বাদ আস্বাদন করান

وَّبِكُلِّ جُزْءٍ مِّنَ الْقُرْاٰنِ جَزَاءً ۝ اَللّٰهُمَّ ارْزُقْنَا بِالْاَلِفِ اُلْفَةً وَّبِالْبَاءِ

ওয়া বিকুল্লি জুয্‌ইম মিনাল কুর্‌আনি জ্বাযা—আ। আল্লা-হুম্মার যুক্বনা বিল্‌আলিফি উল্‌ফাতাও ওয়াবিল্‌বা—ই

এবং কুরআনের প্রতিটি অংশের বদলে প্রতিদান প্রদান করুন। হে আল্লাহ! আমাদেরকে আলিফের বিনিময়ে ভালবাসা, 'বা' এর

بَرَكَةً وَّبِالتَّاءِ تَوْبَةً وَّبِالثَّاءِ ثَوَابًا وَّبِالْجِيْمِ جَمَالًا وَّبِالْحَاءِ حِكْمَةً

বারাকাতাও ওয়াবিত্তা—ই তাওবাতাও ওয়াবিছ্‌ছা—ই ছাওয়া-বাও ওয়াবিল্‌জীমি জ্বামা-লাও ওয়াবিল্‌হা—ই হিক্‌মাতাও

বিনিময়ে বরকত, 'তা' এর বিনিময়ে তওবা, 'ছা' এর বিনিময়ে সওয়াব, 'জীম' এর বিনিময়ে সৌন্দর্য, 'হা' এর বিনিময়ে হিকমত-প্রজ্ঞা,

وَّبِالْخَاءِ خَيْرًا وَّبِالدَّالِ دَلِيْلًا وَّبِالذَّالِ ذَكَاءً وَّبِالرَّاءِ رَحْمَةً

ওয়াবিল্‌খা—ই খাইরাও ওয়াবিদ্দা-লি দালীলাও ওয়াবিয্ যা-লি যাকা—আও ওয়াবির্‌রা—ই রাহ্‌মাতাও

'খা' এর বিনিময়ে কল্যাণ, 'দাল' এর বিনিময়ে দলিল-প্রমাণ, 'যাল' এর বিনিময়ে তীক্ষ্ণ বুদ্ধি, 'রা' এর বিনিময়ে দয়া,

وَّبِالزَّاءِ زَكٰوةً وَّبِالسِّيْنِ سَعَادَةً وَّبِالشِّيْنِ شِفَاءً وَّبِالصَّادِ صِدْقًا

ওয়াবিয্‌যা—ই যাকা-তাও ওয়াবিস্‌সীনি সা'আ-দাতাও ওয়াবিশ্‌শীনি শিফা—আও ওয়াবিছ্‌ছাদি ছিদ্‌ক্বাও

'যা' এর বিনিময়ে পরিশুদ্ধতা, 'সীন' এর বিনিময়ে সৌভাগ্য, 'শীন' এর বিনিময়ে আরোগ্য, 'ছায়াদ' এর বিনিময়ে সত্যবাদিতা,

وَّبِالضَّادِ ضِيَاءً وَّبِالطَّاءِ طَرَاوَةً وَّبِالظَّاءِ ظَفَرًا وَّبِالْعَيْنِ عِلْمًا

ওয়াবিদ্বা-দ্বি দ্বিয়া—আও ওয়াবিত্বা—য়ি ত্বারা ওয়া তাও ওয়াবিজ্‌জা—ই জাফারাও ওয়াবিল 'আইনি 'ইলমাও

'দ্বাদ' এর বিনিময়ে আলো, 'ত্বোয়া' এর বিনিময়ে সজীবতা, 'জোয়া' এর বিনিময়ে সাফল্য, 'আইন' এর বিনিময়ে জ্ঞান,

وَّبِالْغَيْنِ غِنًى وَّبِالْفَاءِ فَلَاحًا وَّبِالْقَافِ قُرْبَةً وَّبِالْكَافِ كَرَامَةً

ওয়াবিল্‌গাইনি গিনাও ওয়াবিলফা—ই ফালা-হাও ওয়াবিলক্বা-ফি কুরবাতাও ওয়াবিলকা-ফি কারা-মাতাও

'গাইন' এর বিনিময়ে ঐশ্বর্যময়, 'ফা' এর বিনিময়ে সাধনায় সাফল্য লাভ, 'ক্বাফ' এর বিনিময়ে নৈকট্য, 'কাফ' এর বিনিময়ে মর্যাদা,

وَّبِاللَّامِ لُطْفًا وَّبِالْمِيْمِ مَوْعِظَةً وَّبِالنُّوْنِ نُوْرًا وَّبِالْوَاوِ وُصْلَةً

ওয়া বিল্‌লা-মি লুত্বফাও ওয়া বিলমীমি মাও'ইজাতাও ওয়া বিন্‌নূনি নূরাও ওয়া বিল্‌ওয়াই উছলাতাও

লাম এর বিনিময়ে বিনম্রতা, 'মীম' এর বিনিময়ে উপদেশ, 'নূন' এর বিনিময়ে নূর, 'ওয়াও' এর বিনিময়ে মিলন, 'হা' এর বিনিময়ে

وَّبِالْهَاءِ هِدَايَةً وَّبِالْيَاءِ يَقِيْنًا ۝ اَللّٰهُمَّ انْفَعْنَا بِالْقُرْاٰنِ الْعَظِيْمِ ۝

ওয়াবিলহা—ই হিদা-য়াআও ওয়াবিলইয়া—ই ইয়াক্বীনা-। আল্লাহুম মান্‌ফা'না- বিল্‌কুরআ-নিল্ 'আজীম।

হেদায়াত ও 'ইয়া' এর বিনিময়ে দৃঢ় বিশ্বাস নছীব করুন। হে আল্লাহ! পবিত্র কুরআনের মাধ্যমে আমাদেরকে উপকৃত করুন।